

pproved by the University of Calcutta  
( Calcutta Gazette 18. 11. 43. )

নব প্রবর্তিত সিলেবাস অনুসারে লিখিত

# বিজ্ঞান

[ প্রবেশিকা পরীক্ষার্থীদের পাঠ্য ]

বিজ্ঞান-সোপান, বিজ্ঞান ( পঞ্চম ও ষষ্ঠ শ্রেণী ),

প্রভৃতি পুস্তক প্রণেতা

বাগনান উচ্চ ইংবাজী বিদ্যালয়ের ভূতপূর্ব সহকারী প্রধান শিক্ষক,

ক্যালকাটা ব. জ. ( ইউবোপীষ ) স্কুলের প্রধান গণিত ও

বিজ্ঞান শিক্ষক, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের

'ট্রেনিং সার্টিফিকেট' প্রাপ্ত

শ্রীবিজয়কৃষ্ণ পাল, বি. এম্-সি.

প্রণীত

এজেন্ট

চক্রবর্তী চ্যাটার্জী এণ্ড কোং  
লিমিটেড্

১৫ কলেজ স্কোয়ার

দি বুক কোম্পানি  
লিমিটেড্

৪১৩ বি কলেজ স্কোয়ার

কলিকাতা

মূল্য ২।০ আনা

## মুদ্রণ

শ্রীসমবেন্দ্র ভৃষণ মল্লিক  
বাণী প্রেস  
১৬নং হেমেন্দ্র সেন ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীঅমবেন্দ্র নাথ মুখার্জী  
এম. আই. প্রেস  
৩০নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা

## প্রকাশক

শ্রীজগদানন্দ দে, বি এ., বি. এন্.,  
৩০নং গোরাচাঁদ বোস বোড,  
কলিকাতা।

# সূচী

## পদার্থ-বিদ্যা

| বিষয়                     | পৃষ্ঠা | বিষয়                   | পৃষ্ঠা |
|---------------------------|--------|-------------------------|--------|
| <b>প্রথম পরিচ্ছেদ</b>     |        | থার্মমিটার              | ৫৮     |
| পদার্থের অবস্থা           | ১      | তাপ চলাচল               | ৬৪     |
| প্রথম প্রশ্নমালা          | ৮      | মেঘ ও বৃষ্টি            | ৭২     |
| <b>দ্বিতীয় পরিচ্ছেদ</b>  |        | বায়ু উপর তাপের ক্রিয়া | ৮১     |
| বায়ু ও তাহাব সাধারণ ধর্ম | ৯      | পৃথিবীর উপর বায়ু ও     |        |
| বায়ুমণ্ডলের চাপ          | ১৪     | তাপের ক্রিয়া           | ৮২     |
| ব্যাবোমিটার               | ১৯     | চতুর্থ প্রশ্নমালা       | ৯৩     |
| দ্বিতীয় প্রশ্নমালা       | ২৩     | <b>পঞ্চম পরিচ্ছেদ</b>   |        |
| <b>তৃতীয় পরিচ্ছেদ</b>    |        | দোলকবিশিষ্ট ঘড়ি        | ৯৬     |
| জলের ধর্ম                 | ২৫     | দোলক যন্ত্রের প্রসারণ ও |        |
| তরল পদার্থের চাপ          | ২৮     | তাহাব প্রতিকাব          | ৯৮     |
| পাম্প                     | ৩৬     | পঞ্চম প্রশ্নমালা        | ১০০    |
| ট্যান্টালাসের বাটি        | ৩৮     | <b>ষষ্ঠ পরিচ্ছেদ</b>    |        |
| কঠিন ও তরল পদার্থের ঘনত্ব | ৪০     | শক্তি ও তাহার রূপান্তর  | ১০১    |
| তরল পদার্থের প্রাণিতা ও   |        | ষষ্ঠ প্রশ্নমালা         | ১০৫    |
| আর্কিমিডিসের সিদ্ধান্ত    | ৪২     | <b>সপ্তম পরিচ্ছেদ</b>   |        |
| তৃতীয় প্রশ্নমালা         | ৫০     | আলোক                    | ১০৪    |
| <b>চতুর্থ পরিচ্ছেদ</b>    |        | আলো ও ছায়া আলোব        |        |
| তাপ                       | ৫৩     | গতি                     | ১০৪    |
| তাপের প্রভাব              | ৫৩     | সপ্তম প্রশ্নমালা        | ১১২    |

| বিষয়                 | পৃষ্ঠা | বিষয়                 | পৃষ্ঠা |
|-----------------------|--------|-----------------------|--------|
| <b>অষ্টম পরিচ্ছেদ</b> |        | <b>দশম পরিচ্ছেদ</b>   |        |
| আলোক প্রতিফলন ও       |        | চুম্বক-তত্ত্ব         | ১৩৬    |
| প্রতিসরণ              | ১১৩    | দশম প্রশ্নমালা        | ১৪৪    |
| অষ্টম প্রশ্নমালা      | ১২৭    |                       |        |
| <b>নবম পরিচ্ছেদ</b>   |        | <b>একাদশ পরিচ্ছেদ</b> |        |
| বর্ণ ও রামধনু         | ১২৯    | তড়িৎ                 | ১৪৬    |
| নবম প্রশ্নমালা        | ১৩৪    | একাদশ প্রশ্নমালা      | ১৬০    |

### রাসায়ন-বিদ্যা

|                          |    |                                  |    |
|--------------------------|----|----------------------------------|----|
| <b>প্রথম পরিচ্ছেদ</b>    |    | <b>পঞ্চম পরিচ্ছেদ</b>            |    |
| মিশ্র পদার্থ ও দ্রবণ     | ১  | অক্সিজেন, নাইট্রোজেন, কার্বনডাই- |    |
| দ্রবণ                    | ৪  | অক্সাইড ও হাইড্রোজেন             | ৩২ |
| পাতন                     | ৯  | নাইট্রোজেন                       | ৩৪ |
| প্রথম প্রশ্নমালা         | ১৪ | কার্বন-ডাই-অক্সাইড               | ৩৫ |
|                          |    | হাইড্রোজেন                       | ৩৬ |
| <b>দ্বিতীয় পরিচ্ছেদ</b> |    | পঞ্চম প্রশ্নমালা                 | ৪১ |
| মরিচা ধরা ও দহন          | ১৬ | <b>ষষ্ঠ পরিচ্ছেদ</b>             |    |
| দ্বিতীয় প্রশ্নমালা      | ২০ | জলের উপাদান, স্বভাবজ ও           |    |
| <b>তৃতীয় পরিচ্ছেদ</b>   |    | বাতাস্বিত জল, মৃৎ ও ধর           |    |
| যৌগিকের বিশেষত্ব         | ২২ | জল                               | ৪২ |
| তৃতীয় প্রশ্নমালা        | ২৭ | জলের উপাদান                      | ৪২ |
| <b>চতুর্থ পরিচ্ছেদ</b>   |    | স্বভাবজ জল                       | ৪৬ |
| বায়ুর উপাদান            | ২৯ | বাতাস্বিত জল                     | ৪৪ |
| চতুর্থ প্রশ্নমালা        | ৩১ | ধর ও মৃৎ জল                      | ৪৬ |
|                          |    | ষষ্ঠ প্রশ্নমালা                  | ৪৮ |

## জ্যোতিষবিদ্যা

| বিষয়                     | পৃষ্ঠা | বিষয়                            | পৃষ্ঠা |
|---------------------------|--------|----------------------------------|--------|
| <b>*প্রথম পরিচ্ছেদ</b>    |        | <b>*পঞ্চম পরিচ্ছেদ</b>           |        |
| আকাশ ও জ্যোতিষ            | ১      | সৌর বৎসর ও ঋতু                   | ৪৪     |
| প্রথম প্রশ্নমালা          | ২৪     | ঋতু পরিবর্তন                     | ৪২     |
|                           |        | পঞ্চম প্রশ্নমালা                 | ৫৬     |
| <b>*দ্বিতীয় পরিচ্ছেদ</b> |        | <b>*ষষ্ঠ পরিচ্ছেদ</b>            |        |
| গ্রহ চিনিবাব জন্ম পঞ্জিকা | ২৬     | চন্দ্র, চন্দ্রকলা ও চান্দ্র বৎসর | ৫৮     |
| দ্বিতীয় প্রশ্নমালা       | ২৮     | ষষ্ঠ প্রশ্নমালা                  | ৬৬     |
| <b>তৃতীয় পরিচ্ছেদ</b>    |        | <b>সপ্তম পরিচ্ছেদ</b>            |        |
| সূর্য ...                 | ২৯     | চন্দ্র গ্রহণ ও সূর্য গ্রহণ       | ৬৮     |
| তৃতীয় প্রশ্নমালা         | ৩৪     | চন্দ্র গ্রহণ                     | ৬৮     |
|                           |        | সূর্য গ্রহণ                      | ৬৯     |
| <b>চতুর্থ পরিচ্ছেদ</b>    |        | সপ্তম প্রশ্নমালা                 | ৭৩     |
| গ্রহজগৎ                   | ৩৬     | <b>*অষ্টম পরিচ্ছেদ</b>           |        |
| চতুর্থ প্রশ্নমালা         | ৪২     | ধূমকেতু ও উল্কা                  | ৭৪     |
|                           |        | অষ্টম প্রশ্নমালা                 | ৭৮     |

## ভূ-বিদ্যা

|                            |    |                        |    |
|----------------------------|----|------------------------|----|
| <b>প্রথম পরিচ্ছেদ</b>      |    | দ্বিতীয় প্রশ্নমালা    | ১৪ |
| পৃথিবীর জন্ম               | ১  | <b>তৃতীয় পরিচ্ছেদ</b> |    |
| প্রথম প্রশ্নমালা           | ৫  | ভূ-চাকলা               | ১৬ |
| <b>দ্বিতীয় পরিচ্ছেদ</b>   |    | ভূমিকম্প               | ১৮ |
| ভূ-ত্বক, শিলা ও *পৃথিবীর   |    | আগ্নেয়গিরি            | ২০ |
| আভ্যন্তরীণ অবস্থা          | ৬  | তৃতীয় প্রশ্নমালা      | ২৪ |
| *পৃথিবীর অভ্যন্তরের অবস্থা | ১১ |                        |    |

| বিষয়                   | পৃষ্ঠা | বিষয়                 | পৃষ্ঠা |
|-------------------------|--------|-----------------------|--------|
| <b>*চতুর্থ পরিচ্ছেদ</b> |        | <b>পঞ্চম পরিচ্ছেদ</b> |        |
| মাটি                    | ২৫     | কয়লা ও খনিজ তৈল      | ৩২     |
| চতুর্থ প্রশ্নমালা       | ৩০     | পঞ্চম প্রশ্নমালা      | ৩৮     |

### উদ্ভিদ-বিদ্যা

|                                 |    |                            |    |
|---------------------------------|----|----------------------------|----|
| <b>প্রথম পরিচ্ছেদ</b>           |    | কাণ্ড                      | ২১ |
| উদ্ভিদের শ্রেণী বিভাগ           | ১  | পত্র                       | ২৫ |
| প্রথম প্রশ্নমালা                | ৪  | ফুল                        | ৩৭ |
| <b>দ্বিতীয় পরিচ্ছেদ</b>        |    | ফল                         | ৪৩ |
| অঙ্কুরোদগম                      | ৫  | বীজ                        | ৪৯ |
| দ্বিতীয় প্রশ্নমালা             | ১৩ | <b>চতুর্থ পরিচ্ছেদ</b>     |    |
| <b>তৃতীয় পরিচ্ছেদ</b>          |    | ধান ও মটর গাছের জীবনেতিহাস | ৫৩ |
| মূল, কাণ্ড, পত্র, ফুল, ফল ও বীজ | ১৫ | মটর                        | ৫৮ |
| মূল                             | ১৫ | চতুর্থ প্রশ্নমালা          | ৬২ |

### প্রাণী-বিদ্যা

|                          |    |                        |    |
|--------------------------|----|------------------------|----|
| <b>প্রথম পরিচ্ছেদ</b>    |    | পিপীলিকা               | ১৯ |
| জীব ও জীবন লক্ষণ         | ১  | মোমাছি                 | ২২ |
| প্রথম প্রশ্নমালা         | ৪  | মশা                    | ২৪ |
| <b>দ্বিতীয় পরিচ্ছেদ</b> |    | প্রজাপতি               | ২৭ |
| প্রাণীদের শ্রেণী বিভাগ   | ৫  | মাকড়সা                | ৩০ |
| দ্বিতীয় প্রশ্নমালা      | ১৩ | তৃতীয় প্রশ্নমালা      | ৩৫ |
| <b>তৃতীয় পরিচ্ছেদ</b>   |    | <b>চতুর্থ পরিচ্ছেদ</b> |    |
| কয়েকটি কীট পতঙ্গ        | ১৪ | মাছ ও ব্যাঙ            | ৩৭ |
| কঁচো                     | ১৪ | মাছ                    | ৩৭ |

| বিষয় <sup>০</sup>      | পৃষ্ঠা | বিষয়                       | পৃষ্ঠা |
|-------------------------|--------|-----------------------------|--------|
| ব্যাঙ                   | ৪৪     | নির্ভবশীলতা ও পারিপার্শ্বিক |        |
| চতুর্থ প্রশ্নমালা       | ৫০     | অবস্থাবসহিত সামঞ্জস্য রক্ষা | ৫১     |
|                         |        | নির্ভবশীলতা                 | ৫১     |
| পঞ্চম পরিচ্ছেদ          |        | সামঞ্জস্য বক্ষা             | ৫৩     |
| প্রাণীও উদ্ভিদেব পবম্পব |        | পঞ্চম প্রশ্নমালা            | ৫৬     |

### শারীর-বিদ্যা

|                        |    |                     |    |
|------------------------|----|---------------------|----|
| প্রথম পরিচ্ছেদ         |    | পাচন তন্ত্র         | ১৫ |
| মাদব দেহেব উপাদান      | ১  | বক্ত সংবহন তন্ত্র   | ১৯ |
| প্রথম প্রশ্নমালা       | ৬  | শ্বাসতন্ত্র         | ২৪ |
|                        |    | চর্ম                | ২৬ |
| দ্বিতীয় পরিচ্ছেদ      |    | দ্বিতীয় প্রশ্নমালা | ২৮ |
| নবদেহের বিভিন্ন যন্ত্র | ৭  | তৃতীয় পরিচ্ছেদ     |    |
| কঙ্কাল                 | ৭  | খাদ্য               | ২৯ |
| নার্ভতন্ত্র            | ১৩ | তৃতীয় প্রশ্নমালা   | ৩৪ |

\*চিহ্নিত অংশগুলি বঙ্গদেশের শিক্ষা বিভাগেব ডিরেক্টোব মহোদয় প্রবর্তিত নহে, কেবলমাত্র কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষার নব প্রবর্তিত সিলেবাসের অন্তর্গত প্রয়োজন ।

# SYLLABUS

1. The three states of matter Physical properties of air and water. Buoyancy and Archimedes' principle. Pressure of atmosphere. Effect of heat on water Effect of heat on air. Ventilation Effect of heat on solid bodies Pendulum Clock and Thermometer. Transference of heat. Simple ideas regarding energy and its transformation with examples. Rectilinear propagation of light. Phenomena of reflection and refraction of light, colour and rainbow, Lodestone, magnetisation, terrestrial magnetism and compass Simple Electric Cell Conductors and insulators Effects of current : (a) heating and lighting, (b) chemical (c) magnetic Electro-magnet and Electric Bell Telegraphy

2 Separation of Mixtures—solution, filtration, crystallisation, distillation sublimation Rusting of iron and burning of candle, magnesium and sulphur in a closed volume of air over water Air—its composition Properties of Oxygen Nitrogen and Carbon dioxide, Water—its composition Properties of Hydrogen, Natural and aerated waters Properties of hard and soft water Characteristics of chemical compounds

3 \* Observation and identification of the principal constellations, major stars and planets throughout the year at night The Sun—its dimension and distance from the earth Planetary system—relative positions \* Solar year and seasons. Eclipses of sun and moon \* Comets and meteors.

4. The Earth—condensation from a hot gaseous state—its crust—igneous and sedimentary rocks \* Probable condition of the interior of the earth Earth movements (earthquake) \* folding, \*landslide Volcano. Varieties of soil and their bearing on plant life and agricultural operations The Story of the formation of coal and mineral oil.

\* Not laid down by the D. P. I., Beegal,—required only for the matriculation Examination of the Calcutta University

---



## শিক্ষাগুরু



স্বর্গীয় অধ্যাপক **রুজনীকান্ত দে** এম এ., বি এম-সি., বি এল.

মাহাব অপবিমেয় মহানুভবতায় আমি পাঠ্য পুস্তক বচনায়

অসামান্য সাহায্য পাই তাহাব উদ্দেশ্যে

—উৎসর্গ কবিলাম—

“বিজয়”



# বিজ্ঞান

( পদার্থ-বিদ্যা )

## প্রথম পরিচ্ছেদ

### পদার্থের অবস্থা

ওই যে বই, খাতা, পেন্সিল ইত্যাদি পড়িয়া আছে,—চেযাব, বেঞ্চ ইত্যাদি এই ঘরে বহিয়াছে, ইহাদের সকলকে আমরা দেখিতে পাইতেছি। ভাত, ডাল, চিনি, মিছবি ইত্যাদি দেখিতেও পাই এবং খাইয়াও ইহাদের আস্বাদ পাই। ফুলের গন্ধ পাই, আতবেব গন্ধ পাই, পুকুবেব পচা জলের গন্ধ পাই। আবার বায়ু দেখিতে পাই না বা খাইয়াও ইহাব আস্বাদ বুঝিতে পারি না বটে, তথাপি বায়ু বহিলে আনাদের শরীরে আসিয়া লাগে—তখন ইহাব অস্তিত্ব বুঝিতে পারি ; বায়ু বহিলে গাছপালা নড়ে, ইহাও দেখিতে পাই। উত্তাপও আমরা স্পর্শ-শক্তি দ্বারা অনুভব করিতে পারি।

এই বস্তু সকল ইন্দ্রিয়গ্রাহ্য রূপ, বস, গন্ধ, স্পর্শ এবং স্বাদকে আমরা দুইটি প্রধান ভাগে বিভক্ত করিতে পারি। ইহাদের কতকগুলি ওজন আছে এবং কতকগুলি নাই। এ জগতে যাহাব ওজন আছে তাহাই পদার্থ (Matter)। অধিকাংশ পদার্থই আমরা ইন্দ্রিয় দ্বারা অনুভব করিতে পারি। কিন্তু এমন পদার্থ আছে যাহাকে আমরা প্রত্যক্ষভাবে ইন্দ্রিয় দ্বারা বুঝিতে পারি না। অতিশয় মৃদু বায়ু অথবা অনেক বায়বীয় বস্তু আমরা চোখে দেখিতে পাই না, স্পর্শশক্তি বা অন্য কোন ইন্দ্রিয় দ্বারা ইহাদের অস্তিত্ব উপলব্ধি করিতে পারি না, অথচ ইহাদের ওজন আছে বলিয়া বায়ু বা বায়বীয় বস্তুগুলি পদার্থ। অন্তর্দিকে আবার

শব্দ শুনিতে পাই, আলো দেখিতে পাই—কিন্তু ইহাদের ওজন নাই বলিয়া ইহা বা পদার্থ নহে। অথচ ইহাদের প্রভাবে পদার্থের যে পরিবর্তন ঘটে তাহাতেই ইহাদের ক্রিয়াশীলতা ও অস্তিত্ব অনুভব করি—ইহা বা শক্তি। শক্তি ও পদার্থের সম্পর্ক অবিচ্ছেদ্য। পদার্থের উপর শক্তির বিকাশ হয়, কিন্তু শক্তি বহিত পদার্থ কল্পনা করা যায় না।

বস্তুত পদার্থ মাত্রেরই নিম্নলিখিত গুণগুলি আছে—

১। **ওজন (Weight) :**—যে পরিমাণ শক্তিতে পৃথিবী পদার্থ নিচয়কে আপন কেন্দ্রের অভিমুখে টানে তাহাই পদার্থের ওজন।

২। **বিস্তৃতি (Extension) :**—প্রত্যেক পদার্থই থাকিবার জায় কিছু না কিছু স্থান অধিকার করিবেই, এই গুণের নাম বিস্তৃতি।

৩। **অভেদ্যতা (Impenetrability)**—একই সময়ে একই স্থানে একাধিক পদার্থ থাকিতে পারে না। এই গুণের নাম অভেদ্যতা। কাঠ পেন্সেল মাঝে পেন্সেল ইহার মধ্যে চলিয়া যায়। কিন্তু পেন্সেল যে স্থান অধিকার করে সে স্থান হইতে কাঠ সরিয়া যায়। অতএব একই সময়ে একই জায়গায় কাঠ এবং পেন্সেলের স্থান হয় না। কাঠকয়লা জলে ডুবাইলে উহার মধ্যে জল প্রবেশ করে, কিন্তু কদাচ মনে করিও না কয়লায় অণু ও জলের অণু একই স্থান অধিকার করিয়া থাকে। ফলত কয়লায় অণুর ফাঁকে যে স্থানে পূর্বে বায়ু ছিল তাহা দিগকে সবাইয়া সে স্থানে জল প্রবেশ করে। তাই কাঠ কয়লা জলে ডুবাইলে বুদবুদ উঠিতে দেখা যায়।

৪। **জড়তা বা নিষ্ক্রিয়তা (Inertia) :**—যে পদার্থ চলিতেছে তাহা চিবকাল চলিতে থাকিবে এবং যাহা স্থির আছে তাহা চিবকালই স্থির থাকিবে যতক্ষণ না অন্য কোন শক্তি তাহাকে বাধা দেয়। এই গুণের জন্তই চলন্ত গাড়ী হঠাৎ থামিয়া গেলে গাড়ীর ভিতরের মানুষ বা মালপত্র ধাক্কা খায়। অসাবধান হইয়া চলন্ত গাড়ী হইতে নামিবার সময় মাটিতে পা ঠেকিলে শরীর ঝাঁকিয়া যায়।

৫। মহাকর্ষ (Gravitation) :—এই গুণেব জন্ম প্রত্যেক পদার্থ প্রত্যেক পদার্থকে আকর্ষণ কবিতেকে। আয়তন (Volume) এবং ভব (Mass) হিসাবে এই আকর্ষণ শক্তি কম বেশী হইয়া থাকে। পৃথিবীর আয়তন পার্থিব সকল পদার্থ অপেক্ষা অধিক। পৃথিবী সকল বস্তুকেই অন্ম সকল বস্তু অপেক্ষা অধিক জোবে আকর্ষণ কবিতেকে, সেইজন্ম সকল পদার্থই পৃথিবীর কেন্দ্রেব দিকে নামিতে চেষ্টা কবে এবং যে কোন জিনিষ উপবে ছাডিয়া দিলে পৃথিবীতে পড়ে।

৬। বিভাজ্যতা (Divisibility) :—প্রত্যেক পদার্থকে সূক্ষ্মতিসূক্ষ্ম অংশে ভাগ কবা যায়। এক বালতি জলে বিন্দুমাত্র ম্যাজেন্টা বং দিলে সমস্ত বালতির জল লাল হইয়া যায়। তাহা হইলে এক বিন্দু বং আবার বিভক্ত হইয়া এক বালতি জলেব মধ্যে ছড়াইয়া পড়ে। বংএব অণুগুলি ইগ হইতে আবও সূক্ষ্ম ভাবে বিভক্ত হইতে পাবে।

৭। সরঞ্জতা (Porosity) :—সকল পদার্থেব অণুব মধ্যে কিছু না কিছু ফাঁক থাকিয়া যায়, যদিও এই ফাঁক আমবা খুব ভাল অণুবীক্ষণ যন্ত্র সাহায্যে দেখিতে পাঈ না। কাঠ কযলাব জল শোষণ এই গুণেব প্রত্যক্ষ প্রমাণ।

৮। স্থিতিস্থাপকতা (Elasticity) :—চাপ দিয়া সকল পদার্থকেই অল্প বিস্তব চূপ্‌সাইতে পাবা যায় এবং চাপ সবাইলে ঐ সকল পদার্থ পূবেব আয়তন ফিরাইয়া লইতে চেষ্টা কবে। কঠিন ও তবলপদার্থে এই গুণ বিশেষ পবিস্কুট নয়।

৯। সংশক্তি (Cohesion) :—এই গুণেব জন্ম পদার্থেব অণুগুলি পবস্পব আপনাদিগকে জড়াইয়া ধবিয়া বাখে।

১০। রোধ (Resistance) :—এই গুণেব জন্ম প্রত্যেক পদার্থ অপব পদার্থকে ইহাব ভিতব প্রবেশ কবিতে দেয় না।

এতদ্ভিন্ন কঠিন, তবল ও বায়বীয় পদার্থেব প্রত্যেকেব আবার বিশেষ বিশেষ গুণ আছে।

পৃথিবীর যাবতীয় পদার্থকে আমরা তিন বকম অবস্থায় দেখিতে পাই—  
কঠিন, তরল ও গ্যাসীয়। পাথর, ইট, কাঠ প্রভৃতি কঠিন পদার্থ, জল,  
তেল, দুধ ইত্যাদি তরল পদার্থ এবং বায়ু, হাইড্রোজেন ইত্যাদি গ্যাসীয়  
পদার্থ।

বৈজ্ঞানিকগণ বলেন পদার্থ মাত্রই অসংখ্য অণুর সমষ্টি এবং সেই অণুগুলি  
সর্বদা পবম্পব টানাটানি করিতেছে, ফলে অণুগুলি সর্বদাই স্পন্দিত হইতেছে।  
অবশ্য এ কথাও ঠিক যে এই স্পন্দন আমরা চোখে দেখিতে পাই না, এমনকি  
খুব ভাল অণুবীক্ষণযন্ত্র দ্বারাও এই স্পন্দন দেখিতে পাওয়া যায় না। পদার্থের  
অণুগুলির পবম্পব এই আকর্ষণের জন্যই তাহাদের তিন বকম অবস্থা। কঠিন  
পদার্থের অণুগুলির পবম্পব আকর্ষণ অতীব অধিক, তরল পদার্থ কিছু কম এবং  
বায়বীয় পদার্থে একপ আকর্ষণ একেবারেই নাই বলিলেও চলে।

৯। **কঠিন পদার্থে** অণুগুলির আকর্ষণ এত অধিক যে অণুগুলি  
একস্থান হইতে অন্য স্থানে সহজে যাইতে পারে না, কেবলমাত্র যে যেখানে  
থাকে সে সেইখানে থাকিয়া পাশের অণুগুলিকে টানাটানি করিতে থাকে  
এবং স্পন্দিত হইতে থাকে। অবশ্য জোব করিয়া পদার্থটিকে ভাঙ্গিয়া ইহাব  
অণুগুলি পৃথক্ করিতে পারা যায়। এই আকর্ষণের জন্য অণুগুলি  
একত্র এত অধিক জোবে জমাট বাঁদিয়া থাকে যে কঠিন পদার্থে হাত  
দিয়া বেশ বরা যায় ইহাবা শক্ত। কোন পাত্রে রাখিলে নিজ ভাবহতু ইহাবা  
কেবলমাত্র পাত্রের তলদেশে চাপ দেয়। ইহাদের একটি নির্দিষ্ট আকার ও  
আয়তন থাকে—তাহাদিগকে সহজে নষ্ট করা যায় না। সে জন্য ইহাদিগকে  
যে কোন আকারের বা আয়তনের পাত্রের ভিতর রাখিতে পারা যায় না।  
একটি কঠিন পদার্থের ভিতর আর একটি কঠিন পদার্থ সহজে প্রবেশ করান  
যায় না।

**তরল পদার্থে** অণুগুলির আকর্ষণ তত প্রবল নয়। কাজেই অণুগুলি অল্প  
জোব পাত্রে ইহাব মধ্যেই একস্থান হইতে অন্যস্থানে স্বচ্ছন্দে সরিয়া যাইতে

পাবে। এইজন্য তবল পদার্থের নির্দিষ্ট আকার থাকে না – যখন যে পাত্রে বাখা যায় তখন সেই পাত্রেই আকার ধারণ করে। যে পাত্রে বাখা যায় তরল পদার্থ সেই পাত্রেই তলদেশে এবং পাশে চাপ দিতে পারে। তবল পদার্থের উপবিতল সমান। ইহাদের ভিতর অন্য কোন কঠিন পদার্থ সহজে প্রবেশ করান যায়। তবল পদার্থ নবম। চালিলে ইহারা নিম্নদিকে গড়াইয়া যায়।

তবল পদার্থ পাশে চাপ দেয় কিন্তু কঠিন পদার্থ পাশে চাপ দেয় না। কিন্তু একটি পাত্রে সূক্ষ্ম বালি ও আর একটি পাত্রে জল বাগিয়া পাত্র দুইটির পাশে ছিদ্র করিয়া দিলে দেখা যাইবে বালি ও জল পড়িয়া যাইতেছে। তাই বলিয়া বালি বা অন্য কঠিন পদার্থ যে তবল পদার্থের ন্যায় পাশে চাপ দিতে পারে একথা মনে করিলে চলিবে না। সকল পদার্থকেই সূক্ষ্মতিসূক্ষ্ম ভাবে চূর্ণ করিলে ইহাদের ঐক্য কিছু ক্ষমতা আসিয়া থাকে।

গ্যাসীয় পদার্থের অণুগুলির পরস্পর আকর্ষণ নাই বলিলেও চলে, অধিকন্তু ইহাদের মধ্যে বিকর্ষণ আছে বলিয়া মনে হয়। তাই ইহাদের অণুগুলি পরস্পর দূর হইতে অধিক দূরে থাকিতে চায়। তাই ইহাদিগকে একটি ছোট পাত্রে রাখিলে যেমন ইহারা সমস্ত পাত্রটি পূর্ণ করিয়া থাকে, আবার একটি বড় পাত্রে রাখিলেও ইহাদের অণুগুলি তেমনি সমস্ত পাত্রময় ছড়াইয়া থাকে। তাই গ্যাসীয় পদার্থের কোন আকার বা আয়তন নাই এবং যে পাত্রে ইহাদিগকে বাখা যায় সে পাত্রেই সকল দিকেই ইহারা চাপ দিতে সমর্থ হয়। গ্যাসীয় পদার্থের উপবিতল সমান থাকিতে পারে না। গ্যাসীয় পদার্থের মধ্যে অন্য কোন পদার্থ অতি সহজেই প্রবেশ করান যায়।

তবল পদার্থ ও গ্যাসীয় পদার্থের অনেকগুলি গুণের সামঞ্জস্য থাকায় বিজ্ঞান-বিদগণ এই দুই প্রকার পদার্থকে fluid বলিয়া একটি সাধারণ নামে অভিহিত করেন।

পর পৃষ্ঠায় কঠিন তবল ও গ্যাসীয় পদার্থের গুণগুলি পাশাপাশি রাখিয়া সংক্ষেপে বলা হইল।

| কঠিন  | তরল  | গ্যাসীয় °   |
|---|--|--|
| ১। আগবিক আকর্ষণ<br>অত্যধিক।   | আগবিক আকর্ষণ<br>অপেক্ষাকৃত কম।   | আগবিক আকর্ষণ নাই<br>বলিলেই চলে।  |
| ২। নির্দিষ্ট আকার ও<br>আয়তন আছে।   | আয়তন সমান থাকিলেও<br>নির্দিষ্ট আকার নাই।  | নির্দিষ্ট আকার বা আয়তন<br>নাই।  |
| ৩। বৃহৎ পাত্রে অথবা মাপ-<br>মত পাত্রেব ভিতবই রাখা<br>যায়—ছোট পাত্রে রাখা<br>যায় না। | বৃহৎ পাত্রে, মাপমত পাত্রে<br>এবং ছোট পাত্রেও রাখা<br>যায়। তবে ছোট পাত্র<br>পূর্ণ হইবাব পব বাকী<br>অংশ উব্চিয়া পড়ে গ্রাব<br>বড পাত্রেব মাত্র তল-<br>দেশে থাকে। | সকল রকম পাত্রে রাখা<br>সম্ভব।  |
| ৪। কেবল মাত্র নিম্নদিকে<br>চাপ দেয়।  | পাশে ও নিচে চাপ দেয়।  | সকলদিকেই চাপ দেয়।   |
| ৫। কঠিন পদার্থেব ভিতর<br>অন্য কঠিন পদার্থ<br>প্রবেশ করাইতে বিশেষ<br>কষ্ট কবিতে হয়।   | তরল পদার্থে কোন কঠিন<br>পদার্থ প্রবেশ কইতে<br>বিশেষ জোর লাগে না।<br>ঢোলিলে নিম্নদিকে<br>গড়াইয়া যায়।   | গ্যাসীয় পদার্থেব মাধ্য<br>অতি সহজেই অন্য<br>পদার্থ প্রবেশ<br>করান যায়। |

উত্তাপ পাইয়া উষ্ণতাবুদ্ধি হইলে পদার্থেব অণুগুলিব আকর্ষণ শক্তি কমিয়া যায়। কাজেই উষ্ণতাবুদ্ধি হইলে কোন কোন পদার্থেব এই আকর্ষণ হ্রাসেব জন্য অবস্থান্তর ঘটিতে পাবে। বরফ, জল এবং জলীয় বাষ্প একই পদার্থ, কেবল মাত্র ইহাদেব অণুগুলিব মধ্যে পবষ্পব আকর্ষণ শক্তিব হ্রাস বুদ্ধিব জন্য ইহাদেব বিভিন্ন অবস্থা। বরফ কঠিন পদার্থ, কিন্তু উত্তাপ পাইয়া ইহাব অণুগুলিব আকর্ষণ শিথিল হইয়া যায় এবং তরল জলে পবিণত হয়; পবে আবও উত্তাপ দিলে ইহাদেব আগবিক আকর্ষণ আবও কমিয়া যায় এবং গ্যাসীয়



আকার ধারণ করে। অতএব একই পদার্থ বিভিন্ন অবস্থায় থাকিতে পারে।

কপূর্ব কঠিন পদার্থ। ইহাতে উত্তাপ দিলে তবল না হইয়া একেবারে গ্যাসীয় হইয়া যায়। এমন আৰণ্ড অনেক কঠিন পদার্থ আছে যাহাৰা উত্তাপ পাইলে তবল না হইয়া একেবারে গ্যাসীয় আকার ধারণ কৰে।

পদার্থে উত্তাপ প্রয়োগ কবিলে ইহাৰ অণুগুলি দূৰ হইতে দূৰে চলিয়া যায়। তাই ঘি ঠাণ্ডা থাকিলে ইহাৰ গন্ধ বেশী দূৰ হইতে পাওয়া যায় না বটে, কিন্তু ঐ ঘি গবম কবিলে ইহাৰ অণুগুলি ক্রমশ দূৰে ছড়াইয়া পড়ে, তখন দূৰ হইতে ইহাৰ গন্ধ পাওয়া যায়।

এমন অনেক পদার্থ আছে যাহাদিগকে সব সময়ে নিঃসন্দেহে কঠিন কিংবা তবল বলা যায় না। ঘি, গুড ইত্যাদি গাঢ় তবল বস্তু—উত্তাপ পাইলে অধিকতর তবল হয়। নাবিকেল তেল গ্রীষ্মকালে বেশ তবল থাকে কিন্তু শীতকালে জমিয়া কঠিন হয়। সহবেব বাস্তায় যে পিচ দেওয়া থাকে তাহা সাধাৰণত কঠিন, কিন্তু ছপ্বেব বোদে ইহা কিকপ নবম হইয়া যায় তাহাও অনেকৰ জানা আছে। মোম কঠিন কিন্তু একটু বোদে বাথিলে তবল হইয়া যায়। এসব ক্ষেত্রে উষ্ণতাৰ মাত্রা জানা না থাকিলে কোন পদার্থ তবল বা কোন পদার্থ কঠিন তাহা নির্দিষ্ট কবিয়া বলা কঠিন। তবে ইহাও দেখা যায়, কোন কোন কঠিন পদার্থকে সহজেই তবল এবং কোন কোন তবল পদার্থকে সহজেই গ্যাসীয় অবস্থায় পবিণত কবিতে পাৰা যায়। আবার কোন কোন গুলিকে তত সহজে অবস্থান্তবিত কবা যায় না। এক ফোঁটা এসেন্স যত সহজে উবিয়া গ্যাসীয় আকার ধারণ কৰে এক ফোঁটা জল তত সহজে বাষ্প হয় না। একগণ্ড ববফ যত সহজে তবল হয় একখণ্ড লোহা তত সহজে তবল হয় না।

**সংক্ষেপ :**—যাহাদের ওজন আছে তাহারা পদার্থ। অগ্নিশিখা, শব্দ, ছায়া, আলো প্রভৃতি পদার্থ নয, কিন্তু, ইট, কাঠ, জল বায়ু ইত্যাদি পদার্থ। উত্তাপ, আলো, শব্দ প্রভৃতি শক্তি। তাপ পাইলে পদার্থ কঠিন হইতে ক্রমে তরল ও গ্যাসীয় আকার ধারণ করে, পক্ষান্তরে

শীতল হইলে গ্যাসীয় হইতে ক্রমে তরল পরে কঠিন হইয়া যায়। কঠিন পদার্থ নিম্নে চাপ দেয়, তরল পদার্থ পার্শ্বে ও নিচে চাপ দেয়, গ্যাসীয় পদার্থ সকল দিকেই চাপ দেয়। কঠিন পদার্থের আকার ও আয়তন নির্দিষ্ট থাকে, তরল পদার্থের মাত্র আয়তন নির্দিষ্ট থাকে, গ্যাসীয় পদার্থের আকার বা আয়তন কিছুই নির্দিষ্ট থাকে না।

### প্রথম প্রশ্নমালা

১। পদার্থ কাকে বলে? পদার্থের কি কি বিভিন্ন অবস্থা হইতে পাবে উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও। ( Define matter what are the different states of matter? give an example of each )

২। তিনটি শক্তি ও পাঁচটি পদার্থের নাম কর। ( Name three energies and five matters )

৩। এমন একটি পদার্থের নাম কর যাহা সহজেই কঠিন অবস্থা হইতে উত্তাপ পাঠিয়া ক্রমে তরল ও গ্যাসীয় পদার্থে পরিণত হইতে পারে। ( Name such a matter which on being heated may become a liquid and finally a gas from a solid state )

৪। কঠিন, তরল ও গ্যাসীয় পদার্থের পার্থক্য কি? ( Distinguish a solid, a liquid and a gas )

৫। তরল পদার্থ ও গ্যাসীয় পদার্থে কি কি সদৃশ্য পরিলক্ষিত হয় লিখ। ( Show the similarity of properties of a liquid and a gas )

৬। অনুল্ল পদ পূরণ কর :—

কঠিন পদার্থে—প্রয়োগ করিলে তরল পদার্থ হইতে পাবে, আবার গ্যাসীয় পদার্থকে —করিলে তরল পদার্থ হইতে পারে।

( Fill up the gaps - If —be applied to a solid, it may be changed into a liquid and if a gas be—, it may be changed into a liquid )

## দ্বিতীয় পরিচ্ছেদ

### বায়ু ও তাহার সাধারণ ধর্ম


বালকগণ। তোমরা জান, জল ও বায়ু আমাদের জীবনধারণের দুইটি প্রধান অত্যাৱশ্যকীয় বস্তু। জলাভাবে বরং আমরা দুই একদিন বাঁচিতে পারি, কিন্তু বায়ু অভাবে দুই চারি মুহূর্তও বাঁচিয়া থাকিতে পারি না। ইহাদের বিষয় কিছু জানা তোমাদের প্রথমেই আবশ্যক। আজ তোমাদিগকে বায়ু সম্বন্ধে কয়েকটি কথা বলিব।

জল যেমন পৃথিবীপৃষ্ঠে সমুদ্রের আকার ধারণ করিয়া আছে, আর তাহাতে কত জলজ উদ্ভিদ, জীবজন্তু, পাহাড়পর্বত ডুবিয়া আছে, পৃথিবীর উপবিভাগে বায়ুসমুদ্রে আমরা ও অন্যান্য জীবজন্তু, গাছপালা ও পাহাড় পর্বত তেমনই ডুবিয়া আছি।

কোন স্থানে যদি তোমরা কোনও বস্তু দেখিতে না পাও, তবে তোমরা সে স্থানটি শূন্য বল, যেমন—যে কলসীতে কোন দৃশ্যমান বস্তু নাই, সেই কলসীটিকে, যে ঘবে লোকজন আসবাবপত্রাদি নাই সেই ঘবটিকে শূন্য বল, কিন্তু প্রকৃতই কি তাই? না, তোমরা যাহাকে শূন্য বলিতেছ, তাহা প্রকৃতপক্ষে বায়ু দ্বারা পূর্ণ। বায়ুকে চক্ষু দিয়া দেখিতে পারিয়া যায় না বলিয়াই একপ ভ্রম হয়। তবে পাখা নাড়িলে বা ঝড় বহিলে বায়ুর অস্তিত্ব অনুভব করা যায়। নিমল বায়ু বর্ণ-স্বাদ-গন্ধ বিহীন। তবে যে বাতাস বহিলে তোমরা কোন স্তগন্ধ বা দুর্গন্ধ পাও, তাহা বায়ুর গন্ধ নহে। বায়ু কোনও স্তগন্ধ দ্রব্যের বা পচা দ্রব্যের গন্ধ তোমাদের কাছে বহিয়া আনে, তাই তোমরা গন্ধ পাও, এইজন্য বায়ুর আর এক নাম গন্ধবহ। বাতাস বহিলে বায়ু চঞ্চল হয় একথা তোমরা সকলেই স্বীকার করিবে, কিন্তু বায়ু প্রকৃতপক্ষে সর্বদাই চঞ্চল। যখন ইহাকে একেবারে শান্ত ও স্থির বলিয়া বোধ হয়, তখনও বাস্তবিক ইহা ধীবে ধীবে চলিয়া বেড়াইতেছে, কারণ, তোমরা জান, ঘরের মধ্যে একটু এসেঙ্গ পড়িয়া গেলে সমস্ত ঘর গন্ধে ভরিয়া উঠে। আবার

কাচের ভিতর দিয়া আমবা যেমন সকল দ্রব্যই দেখিতে পাই, বায়ুর ভিতর দিয়াও সেইরূপ প্রত্যেক দ্রব্য স্পষ্ট দেখিতে পাই, অতএব বায়ু স্বচ্ছ।

বাটি, কলসী বা যে কোনও জিনিষ প্রকৃতপক্ষে বায়ুপূর্ণ কিনা পরীক্ষা করিলেই ইহার সত্যতা উপলব্ধি করিতে পারিবে। একটি শূন্য ঘটি বা কলসী জলে উপুড় করিয়া ডুবাইতে থাক। দেখিবে ঘটি ডুবাইতে কিছু জোব লাগিতেছে এবং কলসীটি ডুবাইতে তদপেক্ষা অধিক জোব লাগিতেছে। এইরূপ পাত্র যত বড় হইবে, তাহাকে জলে ডুবাইতে তোমার জোবও তত অধিক প্রয়োজন হইবে। তাহার পর এই জলে উপুড় করা পাত্রটির তলা ফুটা করিয়া একটি হাত ঠিক সেই



১নং চিত্র—বায়ুর  
অবস্থিতি

ফুটার বিছু উপরে রাখ, দেখিবে একটি সূক্ষ্ম বাতাসের স্রোত আসিয়া তোমার হাতে লাগিতেছে (১নং চিত্র)। অতএব বুঝিতেছি, এই বায়ু নিশ্চয়ই ঐ ডুবান পাত্রটির ভিতর ছিল। পাত্রটি ফুটা করিবার পর দেখিবে, ইহাকে ডুবাইতে অধিক জোব লাগিবে না। কেন একপক্ষীয় তোমরা বলিতে পার কি? পূর্বে পাত্রের ভিতর বায়ু ছিল, তাই উপুড় করিয়া ধরিলেও জল তাহার মধ্যে প্রবেশ

করিতে পারে নাই। কিন্তু যখন কলসীগাত্রে ছিদ্র করিয়া বায়ুর বাহিরে যাইবার পথ করিয়া দেওয়া হইল, তখন জল ইহার মধ্যে প্রবেশ করিতে পারিল। অতএব বায়ু স্থান অধিকার করিয়া থাকে।

বায়ু না থাকিলে আমবা কোন শব্দ শুনিতে পাইতাম না। বায়ু স্থিতিস্থাপক বলিয়াই ইহা শব্দশোনা কাজে সহায়তা করিতে পারে।


তোমরা দেখিয়াছ, একটুকু বা সোলা বা কাঠ জলে ফেলিয়া দিলে তাহা ভাসে, আবার একখণ্ড ইট, একটুকু বা লোহা জলে ফেলিয়া দিলে ডুবিয়া যায়। এমনই যে জিনিষগুলি জলের উপর ভাসে, তাহাদিগকে আমবা জল অপেক্ষা লঘু বা

হালকা বলি এবং যেগুলি ডুবিয়া যায় তাহাদিগকে গুরু বা ভারী বলি। সেইরূপ অধিকাংশ জিনিষ বায়ুতে ছাড়িয়া দিলে দেখিবে, তাহা নীচে পড়িয়া ভূমি স্পর্শ কবে। তুল্য মত হালকা জিনিষও বায়ুতে ছাড়িয়া দিলে কিছুক্ষণ ইতস্তত উড়িবার পব মাটিতে পড়িয়া যায়। অতএব দেখা যায়, বহু পার্থিব দ্রব্য অপেক্ষা বায়ু লঘু; তাই বলিয়া শকুন, কাক, চিল প্রভৃতি জীব কিংবা এবোপ্লেন প্রভৃতি যন্ত্র যে বায়ু অপেক্ষা হালকা, তাহা তোমরা মোটেই মনে কবিও না। কাবণ তোমরা জান, লোহা জলাপেক্ষা ভারী হইলেও লোহাব কড়া জলে ভাসে, লোহার প্রস্তুত বড় বড় ষ্টিমার ও জাহাজ জলে ভাসে। সেইরূপ পক্ষিগণ বা এবোপ্লেন প্রভৃতি যন্ত্র বাস্তবিক বায়ু অপেক্ষা গুরু, তবে তাহাদের বায়ুতে ভাসিবার কাবণ অল্প, পবে তাহা জানিতে পারিবে।

অন্যান্য দ্রব্যের ন্যায় বায়ুও ওজন আছে।

কঠিন ও তবল পদার্থের ওজন সহজেই নির্ণয় করা যায়, কিন্তু বায়ু বা বাষ্পীয় পদার্থের ওজন সহজে নির্ণয় করা যায় না। নিম্নলিখিত উপায়ে বায়ুর ওজন আছে বলিয়া প্রমাণ করা যায়।

**পরীক্ষা** :—একটি কাচকুপী (flask) লও। একটি স্পিবিট লক্ষের শিখায় আল্পে আল্পে ইহাকে উত্তপ্ত কব। বেশী উত্তপ্ত হইলে কমালে ইহার গলা ধবিয়া তলাব দিকে উত্তাপ দাও। পবে একটি ভাল ছিপি দিয়া কাচকুপীটির মুখ উত্তমরূপে বন্ধ কবিয়া দাও যেন বায়ু ইহার ভিতর যাতায়াত কবিত্তে না পাবে। এইবাব কাচকুপীটিকে শীতল কবিয়া একটি সূক্ষ্ম বাসায়নিক তুলাদণ্ডে ওজন কব।




২নং চিত্র—বায়ুর ওজন

পবে ছিপি খুলিয়া ছিপি সমেত পুনর্বাষ কাচকুপীটি ওজন কব। দেখিবে এই ওজন

পূর্বের ওজন অপেক্ষা অধিক। কাবণ সর্বপ্রথমে কাচকৃপীৰ ভিতৰ বায়ু ছিল। যখন তাহাকে উত্তপ্ত কৰা হয় তখন ইহাৰ ভিতৰ হইতে কিছু বায়ু হাৰ্কা হইয়া বাহিৰ হইয়া যায়। সেৱে অবস্থায় মুখ অঁটিয়া ওজন কৰা হয়। পৰে যখন ছিপি খুলিয়া দেওয়া হয় তখন পুনৰায় বাহিৰেৰ বায়ু ভিতৰে প্ৰবেশ কৰায় ওজন বাডিয়া যায়। এতদ্ভিন্ন আৰও বহুপ্ৰকাৰে প্ৰমাণ কৰা যায় বায়ু বা বায়বীয় পদাৰ্থেৰ ওজন আছে।

৩নং চিত্ৰেৰ গ্ৰায একটি বড কাচকৃপীতে কিছু জল লইয়া মুখটি ছিপি (cork) দিয়া বন্ধ কৰ। ছিপিৰ মধ্য দিয়া একটি সৰু ছুই মুখ খোলা কাচেৰ ফাঁপা নল লাগাইয়া দাও। দেখিও কাচেৰ নল যেন কাচকৃপী ভিতৰে প্ৰবেশ কৰে মাত্ৰ এবং জল না লাগে। ছিপিটি কাচকৃপীৰ মুখে জোৰে অঁটিয়া দিলে, কেবলমাত্ৰ নলেৰ মধ্য দিয়া ভিন্ন বায়ু যাতায়াত কৰিবাব অশ্ৰু কোন পথ থাকিব না। পৰে এই কাচনলেৰ বাহিৰেৰ মুখে একটি বৰাবেৰ নল লাগাইয়া তাহাতে একটি চিমটা (clip) লাগাইয়া চিমটাটি আলগা বাখিয়া কাচকৃপীৰ তলদেশে উত্তাপ দাও। উত্তাপ পাইয়া জল বাষ্পাকাৰে পাত্ৰ হইতে বাহিৰে




৩নং চিত্ৰ—বায়ুৰ ওজন

আসিবে এবং সঙ্গে সঙ্গে ভিতৰেৰ বায়ুও বাহিৰ হইয়া যাইবে। অতঃপৰ কিছুক্ষণ জল ফুটাইবাব পৰ, চিমটা দিয়া বৰাবেৰ নল চাপিয়া দাও, এবং পাত্ৰটি ঠাণ্ডা কৰিয়া একটি সূক্ষ্ম তুলাদণ্ডে ওজন কৰ। পৰে চিমটাটি খুলিয়া দিলে দেখিবে, তুলাদণ্ডেৰ যে বাহুতে পাত্ৰটি ছিল, তাহা নিচেৰ দিকে নামিয়া যাইতেছে। প্ৰথমে উত্তাপে বায়ু প্ৰসাৰিত হইয়া জলীয় বাষ্পেৰ সহিত বাহিৰ হইয়া গিয়াছিল, এবং বায়ুৰ স্থান জলীয় বাষ্প

অধিকাৰ কৰিয়াছিল। শীতলতা পাইয়া জলীয় বাষ্প জমিয়া জল হইয়া যাওয়াৰ বায়ুৰ স্থান প্ৰায় শূন্য ছিল। কাজেই তখন ওজন কম ছিল। পৰে চিমটাটি

খুলিয়া দিলে বাহিবেব বায়ু ভিতবে প্রবেশ কবায় ওজন বৃদ্ধি পাইল। যতটুকু ওজন বাড়িল, তাহা ঐ পাত্রে জলের উপর হইতে মুখ পর্যন্ত যতটুকু বায়ু ঢুকিল, তাহাব ওজন। এই পৰীক্ষাটি বায়ু-নিষ্কাশন যন্ত্রেব সাহায্যে অতি সহজেই দেখান যাইতে পাবে। এই যন্ত্র দ্বাৰা যে কোনও পাত্র হইতে বায়ু বাহিব কবিয়া লওয়া যায়। চিত্রে প্রদর্শিত গোলকটি এই উদ্দেশ্যে ব্যবহাব কবা বিশেষ সুবিধা জনক, কাবণ ইহাব নলে একটি চাবি লাগান আছে। বায়ু বাহিব কবিবাব পব পাত্রটিব ওজন, বায়ুপূর্ণ পাত্রেব ওজন অপেক্ষা বেশ কিছু কম হয়। বায়ুব ওজন আছে বলিযাই এইরূপ



৪নং চিত্র—বায়ুব ওজন

হয়। বৈজ্ঞানিকগণ স্থির কবিযাছেন যে সাধাবণ অবস্থায় পৃথিবী পৃষ্ঠে এক ঘন ফুট বায়ুব ওজন আধছটাকের কিছু বেশী।

ফুটবল খেলিবাব সময় লক্ষ্য কবিয়া থাকিবে শক্ত চর্মাবৃত ববাবেব খলিব ভিতব বায়ু প্রবেশ কবাইয়া ফুটবলটিকে শক্ত কবিলেও যখন ইহাকে জোবে টেপা যায় তখন সঙ্কচিত হয় অথচ জোব সবাইয়া লইলে পুনবায় ফুলিয়া উঠে। বালব ভিতব বায়ু থাকে বলিযা একপ হয়। তাহা হইলে দেখা যায় বায়ুব **সংনম্যতা** ও **প্রসারণশীলতা** ( Compressibility and expansibility ) আছে। পথম পৰীক্ষাব ত্রায় জলে কলসী উপুড কবিয়া জলেব এই ধর্ম দুইটি সহজেই প্রমাণ কবা যায়।

অতএব দেখা গেল বায়ু বর্ণ, স্বাদ, গন্ধহীন, সঙ্কচন ও প্রসারণশীল স্বচ্ছ পদার্থ। ইহা সতত চঞ্চল এবং পৃথিবীব বহু পদার্থ অপেক্ষা লঘু।

## বায়ু মণ্ডলের চাপ


পূর্বেই বলা হইয়াছে যে আমরা বায়ুসমুদ্রে ডুবিয়া আছি ও তাহারই ভিতর চলাফেরা করিতেছি। আমাদের মাথার উপরে এই বায়ুসমুদ্র বহুদূর পর্যন্ত বিস্তৃত আছে। কিন্তু তাহা হইলেও তাহার একটা সীমা আছে। বিজ্ঞানবিদগণ অনুমান করেন যে ভূপৃষ্ঠ হইতে একশত কিংবা দেড়শত মাইল অর্ধ এই বায়ু বিদ্যমান আছে। পৃথিবীর সর্বোচ্চ পর্বত হিমালয়ের উচ্চতা প্রায় সাড়ে পাঁচ মাইল, তাহাও বায়ুবাশির উচ্চতার কাছে তুচ্ছ। পৃথিবী বেষ্টিত করিয়া এই যে গভীর বায়ুর আবরণ বহিয়াছে তাহাকে **বায়ুমণ্ডল (Atmosphere)** বলে।

বায়ুর যে ওজন আছে ইহা তোমরা দেখিয়াছ। এখন মনে করা যাউক, বায়ুমণ্ডলের বায়ুবাশি যেন স্তরে স্তরে সজ্জিত আছে। ভূপৃষ্ঠের সহিত সংলগ্ন সর্বনিম্নস্তরকে উপরের বায়ুস্তরগুলির ভার বহিত হইয়া উঠা সর্বাপেক্ষা ঘন। এই কারণেই ভূপৃষ্ঠ হইতে যত উর্ধ্ব উঠা যায় ততই বায়ু লঘু হইতে লঘুতর হইয়া আইসে। উচ্চ পর্বতের চূড়ায় বায়ু এত লঘু হয় যে, তাহাতে শ্বাসপ্রশ্বাসের কার্য চালান অতিশয় কষ্টকর।

এই বায়ুমণ্ডল ভূপৃষ্ঠের উপর ও পৃথিবীর যাবতীয় দ্রবোব উপর নিজের ভারহেতু যে চাপ দেয় তাহাকে বায়ুমণ্ডলের চাপ বলে। কিন্তু কঠিন পদার্থ যেকোন কেবল নিম্নদিকেই চাপ দিয়া থাকে, বায়ু বা কোন বাষ্পীয় পদার্থ যেকোন এক দিকে চাপ দেয় না। উহারা উপরে, নিচে, পার্শ্বে, অর্থাৎ সকল দিকেই সমান ভাবে চাপ দিয়া থাকে। কোনও একটি পাত্রের বাহিরের বায়ু যেমন তাহার উপরে ভিতরের দিকে চাপ দেয় তেমনই উহার ভিতরের বায়ু ও বাহিরের দিকে সমান চাপ দিতে থাকে। কোনও উপায়ে একদিকের বায়ু সবাইয়া লইলেই অপর দিকের বায়ুর চাপ সুস্পষ্ট হইয়া পড়ে। নিম্নলিখিত পরীক্ষা কয়টি হইতে ইহা তোমরা বেশ বুঝিতে পারিবে।




একটি বিয়োজী ফানেল (separating funnel)কে চিত্রের ন্যায় বাঁকাইয়া ফোঁদলের মুখটি পাতলা ববাবের চাদবে ঢাকিয়া বেণ কবিয়া বাঁধ, যেন এই মুখ দিয়া ইহাব মধ্যে বায়ু চলাচল কবিতেনা পাবে। পবে অপব দিকেব নলটি চুষ্টিয়া ইহাব ভিতব হইতে বায়ু বাহিব কবিলে দেখা যাইবে ববাবের চাদব ক্রমশ ভিতব দিকে ঢুকিয়া যাইতেছে। ভিতবে যে বায়ু ছিল



৫নং চিত্র—বায়ুব নিম্নচাপ


তাহাব অধিকাংশ চুষ্টিয়া বাহিব কবিয়া লওয়ায বাহিবের বায়ুমণ্ডলের নিম্নচাপে ববাবটি নিচে ঝুলিয়া পড়ে। চিত্রে ফানেলটির চমাবৃত তলকে ভূ-সমান্তবাল বাখা হইয়াছে। ইহাকে খাড়া বাগিয়া বা ফানেলের মুখ নিচে কবিয়া পরীক্ষা কবিলে একই ফল পাওয়া যাইবে।

বায়ু-নিষ্কাশন যন্ত্রব থালিব (disk) উপব একটি ফুটবন্ ব্লাডাবেব মুখ বাপিয়া ফেলিয়া বাখ। দেখিও যেন থালিব মধ্যস্থলে যে ছিদ্রপথে বায়ু বাহিব




৬নং চিত্র

বায়ুব চাপ



৭নং চিত্র

বায়ুমণ্ডলের নিম্নচাপ



৮নং চিত্র—বায়ুমণ্ডলের


নিম্নচাপে হাতে চাপ লাগিতেছে

হয়, তাহা যেন বন্ধ হইয়া না যায়। পবে ৬নং চিত্রব ন্যায় একটি বৃহৎ কাচপাত্র উপুড কবিয়া ব্লাডাবটি ঢাকা দাও। এই পাত্রের প্রান্ত দিয়া যাগাতে বাহিবের বায়ু ভিতবে না আসিতে পারে, তজ্জন্য ইহাব ধাবে ধাবে কিছু চর্বি লাগাইয়া

চাপিয়া দাও। পবে যন্ত্রের সাহায্যে কাচপাত্রেব বায়ু নিষ্কাশিত কবিত্তে আবৃত্ত কবিলেই দেখা যাইবে যে, ব্লাডাৰটি ফুলিয়া উঠিতেছে। কেন একপ হয় দেখা যাউক; যন্ত্রেব দ্বাৰা বায়ু নিষ্কাশন কবিবাব পূৰ্বে ব্লাডাবেব বাহিবেব বায়ু উহাব উপৰ ভিতবেব দিকে যে পৰিমাণ চাপ দিতেছিল, উহাব ভিতবেব বায়ুও বাহিবেব দিকে ঠিক সেই পৰিমাণ চাপ দিতেছিল। কাচপাত্রেব মধ্যেব বায়ু যখন খানিকটা বাহিব কবিয়া দেওয়া হইল, তখন তাহাব ভিতবেব অবশিষ্ট বায়ু প্রসাবিত হইয়া পূৰ্বেব আয়তন প্রাপ্ত হওয়ায লঘু হইল এবং ইহাব চাপ কমিয়া গেল। ফলে ব্লাডাবেব ভিতবে বায়ুৰ বহিমুখী চাপ বাহিবেব বায়ুৰ অন্তিমুখী চাপ অপেক্ষা বেশী দাঁড়াইল। এইকপে কাচপাত্রেব বায়ু যতই বাহিব কৰা যাইবে, ব্লাডাবেব দুই দিকেব চাপেব পার্থক্য ততই বাড়িতে থাকিবে, এবং ব্লাডাৰটিও ক্রমাগত ফুলিতে থাকিবে।

এক্ষণে বায়ুমণ্ডল যে নিম্নচাপ দেখ, তাহাব প্রত্যক্ষ পৰীক্ষা কৰা যাউক। ৭নং চিত্রেব ন্যায একটি দুইমুখ খোলা কাচপাত্রেব উপবেব মগাটি একটি ববাবেব চাদৰ দিয়া শক্ত কবিয়া বাঁধ। অন্য মুখটি বায়ু নিষ্কাশনযন্ত্রেব পেটেব উপৰ আঁটিয়া বসাও। এইবাব কাচপাত্রেব ভিতবেব বায়ু অল্পে অল্পে বাহিব কবিয়া লইলেই দেখা যাইবে যে, ববাবেব চাদৰ ক্রমে ক্রমে ভিতবে ঢুকিয়া যাইতেছে। পাত্রেব ভিতবেব বায়ু লঘু হওয়ায বাহিবেব বায়ুমণ্ডলেব নিম্ন-চাপে একপ হইল। যন্ত্রটি কিছুক্ষণ চালাইলে ববাবটি ফাটিয়া যাইবে। কাচপাত্রেব উপৰ ববাবেব পৰিবর্তে হাত বাখিয়া ভিতবেব বায়ু নিষ্কাশিত কবিলে হাতেব উহাব বায়ুৰ নিম্ন-চাপেব জন্য এত ভাব লাগে যে, হাতটি গুলিয়া লওয়া যায় না। কোন বালকেব হাত এইকপ কাচপাত্রেব উপৰ চাপাইয়া বায়ু নিষ্কাশন যন্ত্রেব দ্বাৰা বায়ু টানিয়া লইলে সে সহজে হাত তুলিতে পারিবে না। এইকপে ভোমবা বেষণ কোঁতুক দেখাইতে পাব (৮নং চিত্র)। বায়ু-নিষ্কাশন যন্ত্র না থাকিলে এই পৰীক্ষাটি নিম্নলিখিত উপায়ে কৰা যাইতে পাবে। একটি বড হাঁড়িতে (৯নং চিত্র) কিছু জল লইয়া কিছুক্ষণ উত্তমরূপে ফুটাইতে থাক। পবে একটি ববাবেব চাদৰ পাত্রেব মুখে এমন ভাবে

শক্ত কবিত্ব বাঁধ, যেন ইহাব মধ্যে বায়ু কিছুতেই প্রবেশ করিতে না পারে। পবে পাত্রটি শীতল হইলে দেখা যাইবে যে, ববাবটি নিচেব দিকে নামিয়া গিষাছে। জল ফুটাইলে ইহাব বাষ্পেব সহিত হাঁডিবে ভিতবেব বায়ু অনেকটা বাহিব হইয়া যায়। হাঁডি শীতল হইলে অধিকাংশ বাষ্প জমিয়া জল হয়। ভিতবে যেটুকু বায়ু ছিল, তাহা লঘু হওয়ার চাপ খুব কমিয়া যায়, স্তববাং বাহিবের বায়ুমণ্ডলের নিম্নচাপে ববাবটি ঝুলিয়া পড়ে। এখানে একটি প্রশ্ন তোমাদেব মনে উঠিতে পাবে যে, ববাবেব উপবে বহুদূব বিস্তৃত বায়ুমণ্ডল যে চাপ দিতেছে, উহা পাত্রেব ভিতব অত্যল্প পরিমাণ বায়ুৰ চাপেব সমান কি না। হাঁ, নিশ্চয়ই সমান। কাৰণ বায়ু বাহিব কবিত্বা লইবাব পূবে ববাবটি সমতল ছিল। আবও দেখ পাত্রেব ভিতব যে বায়ু ছিল, তাতা তো বাহিবের বায়ুৰই অংশ ছিল এবং তাহাদেব ঘনত্ব একই ছিল।



৯নং চিত্র—বায়ুমণ্ডলের নিম্নচাপ




১০নং চিত্র—বায়ুমণ্ডলের উর্ধ্বচাপ

একটি কাচের গ্লাস সম্পূর্ণরূপে জলপূর্ণ কবিত্বা তাহাব মুখে একটি পাতলা কাগজ চাপা দাও। আন্তে আন্তে কাগজ সমেত গ্লাসটি উপুড কবিত্বা দিলে দেখিবে যে গ্লাসেব জল পড়িয়া যাইতেছে না (১০নং চিত্র)। কাগজেব উপব বায়ুমণ্ডলেব উর্ধ্বচাপ গ্লাসেব জলেব ভাব অপেক্ষা বেশী হওয়ার কাগজটিকে পড়িতে দেষ না।

একটি পাতলা টিনের কোটার কিছু জল বাখিষা আন্তে উত্তমরূপে ফুটাও। পবে কোটাটিব মুখ উত্তমরূপে বন্ধ কবিত্বা শীতল

কবিত্বাব জন্ত কোটাৰ গায়ে জল সেচন কব। শীতল হইলে দেখিবে


বাহিবেব বায়ুৰ সৰ্বদিকে চাপেৰ জন্য কোটাৰ চতুৰ্দিক চূপসাইয়া গিয়াছে (১১নং চিত্ৰ)।



১১নং চিত্ৰ—বায়ুৰ  
সৰ্বদিকে চাপ

বায়ুৰ চাপেৰ একটা আশ্চৰ্যজনক পরীক্ষা ১৬৫৪ খৃষ্টাব্দে জাৰ্মান সম্ৰাটেৰ সন্মুখে অটো ভন গ্যাৰিক (Auto Von Guericke) কৰ্তৃক সম্পাদিত হইয়াছিল। বালাযুক্ত দুইটি ধাতু নিৰ্মিত ফাঁপা অৰ্ধগোলক বোটাৰ মত এমনভাবে প্ৰস্তুত কৰা হয় যেন কোটাৰ মত বন্ধ কৰিলে কোন ফাঁক দিয়া ইহাৰ মध्ये বায়ু চলাচল কৰিতে না পাবে। একটা অৰ্ধগোলকে একটা প্যাচকল যুক্ত নল লাগানো থাকে।


প্যাচকল ঘূৰাইয়া ইহাৰ ভিতৰ বায়ু চলাচলেৰ পথ বন্ধ কৰা বা খোলা যায়। এই নলেয মূখ পাম্পৰ সহিত যোগ কৰিয়া ইহাৰ মধ্যস্থ বায়ু বাহিব কৰা যায়।



১২নং চিত্ৰ—অটোভন গ্যাৰিক

পৰীক্ষাত দেখা গিয়াছিল ইহাৰ ভিতৰেব বায়ু বাহিব কৰিবাব পূৰ্ব দুইদিকে চাবিটি কৰিয়া আটটি ঘোড়ায় অৰ্ধগোলক দুইটাক খুলিয়া পৃথক কৰিতে পাবে নাই, অথচ প্যাচকল খুলিয়া যখন ইহাৰ মৰো বায়ু প্ৰবেশ কৰান হইল তখন একটা শিশুও

অনায়াসে ইহাদিগকে পৃথক কৰিতে পাৰিয়াছিল। ম্যাগ-



১৩নং চিত্ৰ


ম্যাগডেবাৰ্গ গোলাধ

ডেবাৰ্গ সহবে এই পৰীক্ষা হয় বলিয়া যন্ত্ৰটিৰ নাম দেওবা হয় ম্যাগডেবাৰ্গ গোলাধ (Magdeburgh Hemisphere)।

একটি কাগজের ঠোঙ্গাকে হাত দিয়া ফুলাইয়া তাহাব মুখটি মুঠা কবিয়া চুপ-সাইয়া দিলে ঠোঙ্গাটি ফুলিয়া থাকিবে। কিন্তু ঠোঙ্গাব মুখে মুখ দিয়া ভিতবেব বায়ু বাহিব কবিয়া দিলে ঠোঙ্গাটি চাবিদিক হইতে চুপসাইয়া যায়। ইহাব কাবণ ঠোঙ্গাব ভিতবেব বায়ু চুষিয়া লইলে চাপ কমিয়া যায়, কিন্তু বাহিরেব বায়ুব চাপ সমান থাকায় ইহাকে চাবিদিক হইতে চাপিয়া ধবে।

### ব্যারোমিটার

কোন স্থানে বায়ুমণ্ডল কি পরিমাণ চাপ দেয়, তাহা স্থির কবিবাব জন্য যে যন্ত্র ব্যবহার করা হয়, তাহাকে ব্যারোমিটার (Barometer) বলে। এক মুখ বন্ধ, প্রায় ৩০ ইঞ্চি লম্বা একটি কাচের সরু নল ন (১৫নং চিত্র) লইয়া তাহাকে সম্পূর্ণ কাপে পানদপূর্ণ কর। দেগিও যেন পানদপূর্ণ কবিবাব সময় নলের মধ্যে সামান্য মাত্রাও বায়ু না থাকিয়া যাব। এখন পানদপূর্ণ নলের মুখটি অঙ্গুলির দ্বারা দৃঢ়ভাবে চাপিয়া ধর এবং একটি পানদপূর্ণ পাত্রেব উপর এমন ভাবে উল্টাইয়া ধর যেন অঙ্গুলির দ্বারা বন্ধ মুখটি দ্বিতীয় পাত্রেব পানদেব মধ্যে আসিয়া পড়ে। এখন অঙ্গুলি পানদেব মধ্য হইতে সাবধানে বাহিব কবিয়া লও। অঙ্গুলি সবাইবাব সঙ্গে সঙ্গে দেখিবে যে, নলের ভিতর পানদ কিঞ্চিৎ নামিয়া আসিয়াছে। এখন নলটিকে লম্বাভাবে খাড়া করিয়া রাখ এবং পাত্রেব পানদপৃষ্ঠ হইতে নলের ভিতর




১৪নং চিত্র—ব্যারোমিটার

দণ্ডায়মান পানদস্তম্ভেব উচ্চতা অর্থাৎ কথ্য দূবত্ব (১৫ নং চিত্র) একটি স্কেলেব

দ্বারা মাপিলে দেখিবে যে, ইহা প্রায় ৩০ ইঞ্চি। নলের ভিতর পাবদের উপর প্রায় দুই ইঞ্চি পবিমিত যে স্থানটুকু বহিল, তাহা একেবারে বায়ুশূন্য। বৈজ্ঞানিক টবিসেলিব নামানুসাবে উহাকে 'টবিসেলিব শূন্য স্থান' বলা হয়। এইরূপ একটি পাবদপূর্ণ পাত্রেব উপর উপুড় কবা পাবদপূর্ণ নলই মোটামুটি ব্যারোমিটার। ইহাব পাত্রস্থ পাবদের উপর বায়ু যে চাপ দিতেছে, তাহাই ঐ নলের পাবদ-স্তম্ভকে পড়িতে দিতেছে না।

এখন যদি পাবদপূর্ণ নলটিকে আন্তে আন্তে হেলাইয়া ধরা হয় তবে দেখা যাইবে টবিসেলিব শূন্য স্থান কমিয়া যাইতেছে। যত বেশী হেলান হইবে ততই




১৫নং চিত্র—টবিসেলিব শূন্য স্থানের হ্রাস

ঐ টবিসেলিব শূন্য স্থান কমিতে থাকিবে। নলটি খুব বেশী হেলাইয়া ধরিলে তখন সমস্ত নলটিই পাবদপূর্ণ হইয়া যাইবে—টবিসেলিব শূন্যস্থান আব থাকিবে না। মোট কথা নিচের পাত্রেব পাবদ-তল হইতে পাবদস্তম্ভের উচ্চতা খাড়া ভাবে ৩০" পর্যন্ত থাকিবে। হেলাইলে ঐ খাড়া উচ্চতা কমিয়া যায় বলিয়া উপবোক্তরূপ ঘটনা ঘটে। ১৫নং চিত্রে ব্যাপাবটি দেখান হইল।

যদি কোনও কারণে বায়ুমণ্ডলের চাপ কমে বাড়ে, তবে নলমধ্যস্থ পাবদস্তম্ভের উচ্চতাও কমিবে বাডিবে। সমুদ্রপৃষ্ঠে এই পাবদস্তম্ভের উচ্চতা ৩০ ইঞ্চি। সমুদ্র-পৃষ্ঠ হইতে যতই উপরে উঠা যায়, বায়ুমণ্ডলের চাপ ততই কমিতে থাকে এবং পাবদস্তম্ভের উচ্চতাও তত হ্রাস পাইতে থাকে। পাহাড়ের উপর ব্যারোমিটার এবং পাবদস্তম্ভের উচ্চতা লক্ষ্য করিলে ইহা প্রমাণিত হইবে। পাহাড়ের উপর না উঠিয়াও বায়ু-নিষ্কাশনযন্ত্রের সাহায্যে ইহা সহজেই পরীক্ষা করিতে পারা যায়। ১৬নং চিত্রে দেখ, একটি ব্যারোমিটারের কাচনলটি একটি কাচপাত্রেব মুখে

ছিপিব ভিতৰ দিয়া উপবে উঠিয়াছে। কাচপাত্ৰটি একটা নল সংযুক্ত প্লেটেৰ উপৰ বসান আছে। এখন কাচপাত্ৰেৰ ভিতবে বায়ুৰ চাপ বাহিৰেৰ বায়ুৰ চাপেৰ সমান। এইবাব নলে মুখ দিয়া কাচপাত্ৰেৰ বায়ু কতকটা টানিয়া লইলে পাবদ স্তম্ভ দ্ৰুত নামিতে থাকিবে। সমুদ্রপৃষ্ঠ হইতে মোটামুটি প্ৰতি নয শত ফুট উচ্চতায় বায়ুৰ চাপ পাবদস্তম্ভেৰ উচ্চতা এক ইঞ্চি কমাইয়া দেখ। পৰীক্ষা কৰিয়া দেখা গিয়াছে যে, সাড়ে তিন মাইল উৰ্ধে বায়ুৰ চাপ ১৫ ইঞ্চি পাবদ-স্তম্ভেৰ সমান এবং দশ মাইল উচ্চ মাত্ৰ ৩ ৭৫ ইঞ্চি। অতএব কোনও স্থানে ব্যাৰোমিটাৰএৰ সাহায্যে বায়ুৰ চাপ দেখিয়া সমুদ্রপৃষ্ঠ হৈতে সেই স্থানেৰ মোটামুটি উচ্চতা নিৰ্ণয় কৰিতে পাৰা যায়। যে স্থানে বায়ুমণ্ডলেৰ চাপ সমুদ্রপৃষ্ঠেৰ বায়ুমণ্ডলেৰ চাপ হইতে দুই ইঞ্চি কম, সে স্থান সমুদ্রপৃষ্ঠ হইতে মোটামুটি ১৮০০ ফুট উচ্চে



১৬নং চিত্ৰ—বায়ুচাপেৰ হামে পাবদ স্তম্ভেৰ নিম্নগমন

এখন বোধ হয় তোমৰা জিজ্ঞাসা কৰিবে যে, ব্যাৰোমিটাৰে কেবল পাবদ ব্যবহাৰ কৰা হয় কেন। তাহাৰ উত্তৰ এই যে, পাবদেৰ পৰিবাহত জল বা অন্য কোনও তৰল পদাৰ্থ দ্বাৰা কাচনলটি পূৰ্ণ কৰিয়া ব্যাৰোমিটাৰ প্ৰস্তুত হইতে পাৰে, কিঞ্চি কাচনলটিৰ দৈৰ্ঘ্য এককপ হইবে না। পাবদ জল অপেক্ষা ১৩ ৬ গুণ ভারী। অতএব বায়ুমণ্ডলেৰ যে চাপ ৩০ ইঞ্চি পৰিমিত পাবদস্তম্ভক দাঁড কৰাইয়া বাখিত পাৰে, তাহা  $\frac{30 \times 13.6}{12}$  অৰ্থাৎ প্ৰায় ৩৪ ফুট উচ্চ জলস্তম্ভ দাঁড কৰাইয়া বাখিবে। কাজেই নলে জল ব্যবহাৰ কৰিতে হইলে, অন্তত ৩৫ ফুট লম্বা নল লইতে লইবে। একপ প্ৰকাণ্ড নল লইয়া পৰীক্ষা কৰা অসুবিধাজনক। ইহা ছাড়া আৰু কতকগুলি অসুবিধাৰ জন্য জল বা অন্য তৰল পদাৰ্থ ব্যাৰোমিটাৰে ব্যবহাৰ হয় না।

মনে কব নলেৰ ছিদ্ৰেৰ ক্ষেত্ৰফল ১ বৰ্গ ইঞ্চি ও পাবদস্তম্ভেৰ উচ্চতা ৩০ ইঞ্চি।

সুতবাং ৩০ ঘনইঞ্চ পাবদস্তন্ত বাহিবের বায়ুমণ্ডলের চাপে নলের ভিতর দাঁড়াইয়া বহিল। কিন্তু ৩০ ঘন ইঞ্চ পাবদেব ওজন প্রায় সাড়ে সাত সেব। সুতবাং বায়ুমণ্ডল ভূতলে প্রতি বর্গ ইঞ্চ পবিমিত স্থানে প্রায় সাড়ে সাত সেব ওজনেব চাপ দেষ।

আমাদেব শবীবেব উপবকাব ক্ষেত্রফল যদি মোটেব উপব ১৬ বর্গফুট ধবা যায়, তাহা হইলে বায়ুমণ্ডল সর্বদা আদাদেব শবীবেব উপব  $\frac{16 \times 199 \times 9}{80}$  বা ৯৩২

মণ চাপ দিতেছে। একমণ বোঝা মাগায় বহিয়া আনিত্তে কষ্ট হয়, কিন্তু আশ্চর্যেব বিষয় যে, বায়ুমণ্ডলেব এই গুরুভাব সর্বদাই আমাদেব দেহেব উপব বহিয়াছে, অথচ তাহা আমবা মোটেই টেব পাই না। তাহাব কাবণ বাহিবের বায়ু চাবিদিক হইতেই সমভাবে চাপ দিতেছে। আমাদেব শবীবেব ভিতবেও বায়ু বহিয়াছে, নাসিকা, ফসফুস, লোমকুপ ইত্যাদি দিয়া সেই বায়ুব সহিত বাহিবের বায়ুব যোগ বহিয়াছে। অতএব শবীবাভ্যন্তরবস্ত বায়ুব চাপও বাহিবের বায়ুব চাপেব সমান। এখানে আব একটি প্রশ্ন উঠিত্তে পাবে যে, আমবা এই দুইটি বিপবীতাভিমুখী চাপে পিষ্ট হইবা কই না কেন। বিজ্ঞানবিদগণ বলেন, যে আমাদেব শবীব এই পবিমাণ চাপ বহন কবিবাব উপযোগী কবিয়াই গঠিত হইয়াছে। এই চাপ কোনও কাবণে বাড়িলে বা কমিলে আমাদেব অনভ্যন্ততা হেতু বড কষ্ট হয়। উচ্চ পর্বত-শৃঙ্গ আবোহণ কালে অথবা এবোপেনে কবিয়া উপবে উঠিলে বায়ুমণ্ডলেব কম চাপেব জন্ম দেহাভ্যন্তরবস্ত বায়ু প্রসাবিত হইবাব চেষ্টা কবে, ফলে প্রায়ই নাক, কান দিয়া বক্ত বাহিব হয়।

**সংক্ষেপ :**—বায়ু, বর্গ, স্বাদ, গন্ধহীন, সঙ্কোচন ও প্রসাবণশীল স্বচ্ছ পদার্থ। ইহা সতত চঞ্চল এবং পৃথিবীর বহু পদার্থ অপেক্ষা লঘু। নিজ ভাবহেতু ইহা পদার্থে, উর্ধ্ব নিম্ন ও সকল দিকে চাপ দিয়া থাকে। সে চাপেব পবিমাণ সমুদ্রপৃষ্ঠে প্রতি বর্গ ইঞ্চ পবিমিত স্থানে সাড়ে সাত সেব। যত উর্ধ্ব উঠা যায় ত্র চাপ তত কমিয়া থাকে। প্রতি ৯০০ ফুট উচ্চতায় ব্যারোমিটারের পারদ ১ ইঞ্চ নামিয়া যায়। অধিক উচ্চে উঠিলে বায়ু মণ্ডলেব চাপ কমিয়া যায় বলিয়া আমবা সেখানে স্থস্থ থাকিত্তে পাবি না। নিচে আমাদেব দেহের সকল দিকে বায়ুমণ্ডল অত্যধিক চাপ দিলেও



আমরা পিষ্টে হইয়া যাই না তাহার কারণ, আমাদের দেহ এই চাপ সহিবার মত করিয়া প্রস্তুত হইয়াছে।

### দ্বিতীয় প্রশ্নমালা

১। বায়ুর গুণেব উল্লেখ কর এবং উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও। ( Explain with example the properties of air )

২। দৃশ্যমান পদার্থ শূন্য একটি ঘটি যে প্রকৃতপক্ষে বায়ুপূর্ণ তাহা কিকপে বুঝাইবে? (How would you show that a pitcher is full of air ? )

৩। বায়র ওজন আছে, তাহা কিকপে প্রমাণ কবা যায়? (How it can be proved that air has weight ? )

৪। বায়ুমণ্ডলের চাপ বলিতে কি বুঝায়? এই চাপের অস্তিত্ব প্রমাণ কবিবাব জন্ত দুইটি পরীক্ষা বর্ণনা কর। ( What do you mean by the pressure of air ? Describe experiments by which the existence of this pressure may be proved ) [কঃ বিঃ ১৯৪১]

৫। বায়ুমণ্ডলের চাপের পরিমাণ কিকপে নির্ণীত হয়? হাতের চেটোর ক্ষেত্রফল মোটামুটি ১২ বর্গ ইঞ্চি ধরা হয়, তবে ইহার উপর বায়ুর চাপের পরিমাণ নির্ণয় কর। (How atmospheric pressure is determined? If the area of the palm of a hand be 12 square inches, find the amount of atmospheric pressure on it )

৬। নিম্নলিখিত ঘটনাগুলিতে কি হইবে বল ও তাহার কারণ দেখাও :—

(ক) ঠোঁটে একটি ছোট চাবি লাগাইয়া উহার মধ্যস্থ বায়ু মুখ দিয়া চুষিয়া লওয়া হইল।

(খ) একটি সাধারণ পিচ্কাবীর মুখ জলে ডুবাইয়া পিষ্টনদণ্ডটি উপর দিকে টানা হইল।

(গ) দুষ্কপূর্ণ বাটিতে চুম্বক দেওয়া হইল।

(ঘ) দুই মুখ খোলা কাচনল জলপূর্ণ কবিয়া উপরের মুখটি আঙ্গুল দিয়া চাপিয়া রাখা হইল।

(ঙ) ২০ ইঞ্চি লম্বা একমুখবন্ধ একটি কাচনল পানদপূর্ণ করিয়া একটি পানদপূর্ণ পাত্রে উপর উপুড় করিয়া ধরা হইল।

(Say what will happen in the following cases and state reasons —

(a) A small hollow key is put on a lip and the air is sucked out of it ,

(b) the mouth of an ordinary water syringe is put into water and the

piston is drawn upwards , c) air is drawn from the edge of a cup full of

milk by mouth , (d) a tube, full of water is held up with upper end closed and lower end open , (d) a glass tube 20 inches long and closed at one end is filled with mercury and then carefully immersed into a cup of mercury with other end up )

৭। ফাউন্টেন পেনের কালি-তোলা যন্ত্রের সাহায্যে পেনটিতে কিকপে কালি ভরা হয় ?  
(How a fountain pen is filled with the help of a dropper ? )

৮। ব্যারোমিটার বর্ণনা কর। এই যন্ত্রে পারদের পরিবর্তে জল ব্যবহার করিলে কি অসুবিধা হয় ? (Describe a Barometer , what will be the disadvantages if it is made with water instead of mercury ? )

৯। সমুদ্রতল হইতে কোন স্থানের মোটামুটি উচ্চতা ব্যারোমিটার দ্বারা কিকপে নির্ণয় করা যায় ? ( How the height of a place from the sea level can be determined by the help of a Barometer ? )

দার্জিলিংয়ের উচ্চতা যদি ৭০০০ ফিট্ ধরা হয়, তবে সেখানে ব্যারোমিটারের পাবদস্তস্ত কত হইবে ? (If the height of Darjeling be 7000 ft above the sea level, what will be the Barometer reading there ? )

১০। আমাদের শরীরের উপর বায়ু নিয়ত গুরুভার দিলেও

(ক) আমরা সে ভার মোটেই বুঝিতে পার না কেন ?

(খ) আমাদের শরীর পিষ্ট হইয়া যায় না কেন ?

( Why do we not realise the pressure of atmosphere on our bodies and why our bodies are not pressed by such a great pressure ? )

---

# তৃতীয় পরিচ্ছেদ


## জল

### জলের ধর্ম

বায়ব পবেই জল আমাদের জীবন ধারণের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় বস্তু। জল না পাইলে প্রাণী ও গাছ পাল্লা কিছুই বাঁচিত না, ভূমিতে চাষ আবাদ হইত না। এই জন্য মকভূমিতে জলাভাবে প্রাণী কিংবা গাছপালা কিছুই থাকিতে পাবে না।

জল তবল পদার্থ এবং ইহা আমাদের কাছে প্রায় বায়ব মতই সহজ প্রাপ্য। তবল পদার্থের কথা মনে হইলে জলের কথা যত সহজে মনে পড়ে তেমন আব কোন পদার্থের কথা নয়। জল বায়ু অপেক্ষা অনেক ভারী। ইহাও স্বচ্ছ, তবে বায়ব মত অধিক নহে। বায়ব ভিত্তি দিয়া বহুদূর পর্যন্ত পদার্থকে যত স্পষ্ট দেখায় জলের ভিত্তি তত স্পষ্ট দেখা যায় না। জলেরও স্বাদ, বর্ণ, গন্ধ নাই। জল বর্ণহীন হইলেও সমুদ্রে জল নীল বর্ণ দেখায়। বর্ণহীন বায়ু স্তবে স্তবে সজ্জিত থাকায় আকাশকে যেমন নীল দেখায় সমুদ্রে বর্ণহীন জল একপ সজ্জিত থাকে বলিয়া সমুদ্রে জল নীল দেখায়। জলের আকাশ নাই। যখন যেকপ পাত্রে বাখা যায় তখন সেই পাত্রের আকাশ ধারণ করে। ইহাকে প্রায় সঙ্কচিত কবিত্তে পাওয়া যায় না বলিলেই চলে, কাজেই ইহা সঙ্কোচনশীলও নয়। একটি পিচকাবীতে জল লইয়া পিচকাবীর মুখ আঙ্গুল দিয়া চাপিয়া বন্ধ কবিয়া পিষ্টন দণ্ডটি যত জোবেই ঠেলা যাউক না কেন কিছুতেই ভিতবে বাইতে চাহে না। জল যদি সঙ্কোচনশীল হইত তবে পিষ্টন দণ্ডটির জোবে সঙ্কচিত হইয়া যাইত এবং পিষ্টন দণ্ডটি ভিতবে ঢুকিত এবং পবে জোব কমাইয়া দিলে উহা যদি প্রসাধন

শীল হইত তবে পিষ্টন দণ্ডটি পুনর্বাধ বাহিব হইয়া আসিত। জল সকল সময়ে নিচের দিকে গড়াইয়া যাইতে চায়। মেঝের জল ঢালিলে দেখিয়াছ কেমন ইহা নিচের দিকে ক্রমশ গড়াইয়া পড়ে। এই ধর্মের জন্ত নদীতে স্রোত বহে।




১৭নং চিত্র—জলতল সমতল ও ভূসমা প্তবাল

জলের উপবিতল সকল সময়েই সমতল এবং অনুভূম বা ভূমিব সহিত সমান্তরাল (horizontal) থাকে। গ্লাস, বলসী, চৌবাচ্চা, পুকুর প্রভৃতির জলের উপবিভাগ যে ভূ-সমান্তরাল তাহা তোমরা নিশ্চয় লক্ষ্য করিয়াছ। এমনকি কোন পাত্রকে কাত করিয়া রাখিলেও তাহাব মধ্যস্থ জলের উপবিতল সমতল ও অনুভূম থাকিবে। চিত্রে দেখ পাত্রটি কাত করিয়া রাখিলেও ইহাব মধ্যস্থ জলের উপবিতল কেমন সমতল

অথচ অনুভূম বহিয়াছে।

চিত্রে দেখ ক ও খ দুইটি পাত্র একটি নল দ্বারা পরস্পর সংযুক্ত। ইহাদের মধ্যে খ পাত্রটি ক পাত্রের তুলনায় আকারে অনেক ছোট। নলের চাৰিটি বন্ধ করিয়া দুইটি পাত্রে জল একপ ভাবে ঢাল যেন খ পাত্রের জলতল ক পাত্রের জলতল অপেক্ষা উচ্চ থাকে। এক্ষণে নলের চাৰিটি খুলিয়া দিলে দেখিবে যে খ পাত্রের জলতল নামিয়া যাইতেছে ও ক পাত্রের জলতল




১৮নং চিত্র—জল চলাচল

ক্রমশ উচ্চ হইতেছে। অবশেষে পাত্র দুইটির জলতল এক সমতলে আসিবে। তখন আৰ চলাচল হইবে না। অতএব দেখা যাইতেছে যে খ পাত্রের জল পরিমাণে কম হইলেও ইহাব তলের উচ্চতা হেতু ক পাত্রে আসিল।

যদি বড় পাত্রটির জলতল উচ্চতর হইত তবে দেখিতে ইহাব জলই ছোট পাত্রে আসিত। জলের চলাচল জলতলের উচ্চতার উপর নির্ভর করে, পরিমাণের উপর নির্ভর করে না।


জলের এই ধর্মের উপর নির্ভর করিয়া সহবে কলের জল সবববাহ হইয়া থাকে। বহু উচ্চে একটি অতি বৃহৎ পাত্রে জল পাম্প করিয়া তুলিয়া সঞ্চিত রাখা হয়। পবে বড় নল দ্বারা সেই পাত্র হইতে জল নিচে সবববাহ করা হয়। এই বড় নলের সঙ্গে আবার ছোট ছোট নল, শাখা প্রশাখা হিসাবে বাহিব হইয়া সহবের চতুর্দিকে ছড়াইয়া থাকে। যে কল গুলি হইতে আমরা জল পাই তাহার উচ্চতা



১৯নং চিত্র—সহবে জল সবববাহ

যদি বৃহৎ পাত্রস্থ জলতলের অপেক্ষা নিচু হয় তবে সর্বদাই আমরা জল পাইতে পাবি কিন্তু যদি এই কলগুলি উচ্চে স্থাপিত হয় এবং বৃহৎ পাত্রস্থ জলতলের উচ্চে বা সমান হয় তবে ইহা হইতে জল পাওয়া যাইবে না—নিচু হইলে পাওয়া যাইবে। কিন্তু যত নিচু হইবে তত অধিক জোবে জল পাওয়া যাইবে। এই জন্ত সহবের বাডীর একতলাব কলের জল যত জোবে পড়ে দোতলাব বা তেতলাব কলের জল তত জোবে পড়ে না। চিত্রে দেখ স নামক নদী, পুকুর বা সমুদ্র হইতে জল হু পাম্প দ্বারা টানিয়া আ নামক আধাবে বঞ্চিত হইয়াছে। সেখান হইতে জল আনিয়া ফ নামক ফোয়াবা দিয়া বাহিব হইতে পাবে। আবার একটি বাডীর উপরে ট নামক স্থানে অনায়াসে আপনি উঠিতে পাবে।

বিভিন্ন আকাবেব বহু শাখা বিশিষ্ট একটি পাত্রেব একটি শাখায় জল ঢালিলে দেখা যায় জল ঢালা বন্ধ হইলে যতক্ষণ না সকল কটি শাখাব জলতল সমান



২০নং চিত্র—জলতলের সমতা

উচ্চতা প্রাপ্ত হইবে ততক্ষণ জল স্থির হইবে না। ইংবাজিতে সেজন্য বলে “Water finds its own level”। চিত্রে বিভিন্ন আকৃতিব বহু শাখা


বিশিষ্ট একটি কাচ পাত্রে জলতলের সমতা দেখা গেল। জলের সকল বাহু ধর্ম অগ্ৰান্ত তবল পদার্থে দৃষ্ট হয়।

### তরল পদার্থের চাপ

বায়ুমধ্যস্থ কোন স্থানে বায়ু যে চাপদিকেই চাপ দেয়, তাহা তোমরা পূর্বেই দেখিয়াছ। তবল পদার্থ উহাব অভ্যন্তরস্থ সকল স্থানে চাপদিকেই চাপ দিয়া থাকে। মনে কবা যাউক, জলের ভিতর জলতলের সমান্তরাল একটি ছোটতল বহিষাছে। এই তলের উপর জলের উপবিতল পর্যন্ত যে জলটুকু দাঁড়াইয়া আছে, তাহাব ভাবেব দক্ষণ সে নিম্নদিকে চাপ দিবে, ইহাই জলের নিম্নচাপ। এইজন্য এই তলটিকে জলের ভিতর যতই নিচের দিকে লওয়া যাইবে, ততই ভাববৃদ্ধিতে জলের চাপও বেশী হইবে। আবার এই তল যত বিস্তৃত হইবে, উহাব উপর মোট চাপও তত অধিক হইবে। সুতরাং কোনও জলপূর্ণ পাত্রেব তলায় যে মোট চাপ পড়ে, তাহাব পরিমাণ ঐ তলাব বর্গফল ও জলে গভীরতা উপর নির্ভব কবে, জলের পরিমাণেব উপর নির্ভব কবে না। পরীক্ষা কবিবাব জন্য চিত্রে প্রদর্শিত একটি যন্ত্র ব্যবহার কবিতে হয়। ক খ গ ঘ প্রভৃতি কতকগুলি বিভিন্ন আকাব

ও আয়তন বিশিষ্ট পাত্র ; কিন্তু ইহাদের সকলগুলির তলদেশের ক্ষেত্রফল সমান । একটি লেভাল পাত্র এক বাহুতে একটি পান্না প ও অপর বাহুতে একটি বাটি এমন ভাবে লাগান থাকে যে, পান্নায় বাটকাবা দিয়া ছাড়িয়া দিলে অপর বাহুর বাটিটি জোবে উপর দিকে উঠিবার কালে পূর্বোক্ত যে কোন একটি পাত্রেব তলদেশে গিয়া লাগে । বলা বাহুল্য যে

পাত্রগুলির তলদেশ ফাঁকা এবং যদি উহাদিগকে যন্ত্রে লাগান যায় তবেই বাটিটি গিয়া ইহাদের তলদেশ বন্ধ করিবে । পাশে একটি প্রদর্শক চ থাকে , তদ্বারা পাত্রেব জল কতদূর উঠিল তাহা স্থির করা যায় । এখন পান্নায় কিছু বাটকাবা দিয়া কোন একটি পাত্র যন্ত্রে লাগাইয়া




২১নং চিত্র—জলচাপের সমতা

তাহাতে এমনভাবে জল ঢালিতে থাক যেন আব একটু জল দিলে উক্ত জলের নিম্ন চাপ হেতু লেভালের বাটিতে যে চাপ পড়িবে তাহাতে বাটিটি নিচের দিকে নামিয়া যাইবে এবং পাত্র হইতে জল পড়িতে আবস্ত হইবে । ঠিক এইরূপ অবস্থায় প্রদর্শকটিকে জলের উপবিতলে স্থির রাখ । এখন বিভিন্ন পাত্রগুলি লাগাইয়া দেখিলে বুঝিবে যদি জলতল পূর্বোক্ত স্থান পর্য্যন্ত পৌঁছায় তবে সকল পাত্রগুলির অবস্থা একই রূপ হইবে । পাত্রেব আকার বা আয়তনের উপর কিছুই যায় আসে না ।

জলের এই গুণের উপর নিভব করিয়া অতি আশ্চর্যজনক একটি পরীক্ষা করিতে পাওয়া যায় । একটি বড় মজবুত পিপা জলপূর্ণ করিয়া তাহার মুখটি বন্ধ

কবিতা একটি সরু ছুইমুখ খোলা নল এমনভাবে লাগাইয়া দিতে হইবে যেন ঐ নলে জল ঢালিলে পিপাব মধ্যে চলিয়া যায় এবং কোন পথ দিয়া বাহির হইতে




২২নং চিত্র—অল্প মাত্র জলের চাপে পিপা কাটিয়া যাইতেছে

২৩নং চিত্রে দেখ, একটি লম্বা নলের গায়ে কয়েকটি ছিদ্র আছে। নলের মধ্যে জল ঢালিলে ছিদ্রপথে ফিনকি দিয়া জল বাহির হইতে থাকিবে। নলটির পাশে জলের চাপ পড়িতেছে বলিয়াই এরূপ হয়। তাহা ছাড়া আরও দেখ, সকলের নিচের ছিদ্র দিয়া জল যত জোবে বাহির হইতেছে, উপরের ছিদ্র দিয়া তত জোবে বাহির হইতেছে না। ইহা

পাশ না। এমত অবস্থায় ঐ নলের ভিতর দিয়া অল্পমাত্র জল ঢালিয়া দিলে পিপাটি ফাটিয়া যায়। তাহাব কাবণ আব কিছু নহে, পিপার তলাব ক্ষেত্র ফল অধিক থাকায় এবং নল পথে জলের উচ্চতা অধিক হওয়ায় জলের চাপ বহু গুণ বাড়িয়া গেল। পিপাটি ববাবব যদি একই রূপ মোটা হইত তবে তাহাতে যে জল ধবিত তাহাব চাপ যত হইত এক্ষণে ঐ অল্প মাত্র জলের দরুণ চাপ ঠিক তাহাব সমান হওয়ায় একরূপ হইল।


কঠিন পদার্থ আপন ভাবের জন্ত কেবল মাত্র নিম্নদিকেই চাপ দেয়, কিন্তু তরল পদার্থ যেমন নিম্নদিকে চাপ দেয়, তেমনই পাশেও চাপ দেয়। সামান্য পর্বাঙ্গ দ্বারা জলের পার্শ্ব-চাপের অস্তিত্ব বুঝান যাইতে পারে।



২৩নং চিত্র—জলের পার্শ্বচাপ




হইতে বুঝা যায় যে, ছিদ্রস্থানে জলের গভীরতা যত অধিক, তথাকার পার্শ্বচাপও তত অধিক। অতএব তরল পদার্থের পার্শ্ব-চাপ (Lateral pressure) ইহার গভীরতার সহিত বৃদ্ধি পায়। এই পবীক্ষাটি আব এক ভাবে করা যাইতে পারে। টিনের নলের গায়ে বা তলায় কতকগুলি ফুটা কর। বন্ধমুখ অর্থাৎ তলা নিচের দিকে রাখিয়া নলটি সোজাভাবে জলের ভিতর খানিকটা ডুবাইলে দেখা যাইবে যে জলের পার্শ্বচাপ বা উর্ধ্বচাপ হেতু সমস্ত ছিদ্র দিয়া জল জোরে ভিতর দিকে প্রবেশ করিতেছে (২৩নং চিত্র)।




২৩ নং চিত্র—জলের পার্শ্বচাপ ও উর্ধ্বচাপ

নিচে প্যাচ বল বিশিষ্ট একটি পাতলা টিনের পাত্রকে এমন একটি কর্কের উপর আঁটিয়া বসান যায় যেন ঐ কর্ক সমেত পাত্রটিতে জল ঢালিয়া আব এক জল পূর্ণ পাত্রে ছাডিয়া দিলে উহা ভাসিতে পারে। এখন টিনের পাত্রটির প্যাচ বল খুলিয়া দিলে উহা হইতে জল নির্গত হইয়া



২৪ নং চিত্র—জল নির্গমনের ফলে পাত্রের পশ্চাদপসরণ

বৃহত্তর পাত্রের জলে পড়ে এবং দেখা যায় কর্ক-সমেত পাত্রটি পশ্চাদিকে সরিয়া নাহিতছে। ইহার কারণ পাত্রের যে দিক দিয়া জল নির্গত হইয়া যাইতেছে সেই দিকের পার্শ্বচাপ কমিয়া যায়, অথচ তাহার বিপরীত দিকে পার্শ্বচাপ পূর্ববৎ থাকায় উহার গতির অন্ত-




২৫নং চিত্র—বাক্যের যন্ত্র

বায় কেহ থাকে না; কাজেই পাত্রটি বিপরীত দিকে সরিয়া যায়। এই

গুণের উপর নির্ভর করিয়া বার্কাব সাহেব কেমন একটি কোতুক জনক যন্ত্রের আবিষ্কার করিয়া ছিলেন চিত্রে দেখ। ইহাব দুই পাশের দুইটি নল একই দিকে বাকান থাকায় জলের চাপ কমিয়া যাওয়ায় জল পাত্রটি ঘুৰিতে থাকে।

উপরের পরীক্ষায় ঐ নলটির তলার ফুটা থাকায় দেখিয়াছ যে, জল ফিন্‌কি দিয়া নলটির ভিতরে উপর দিকে উঠিতেছে। ইহাব দ্বারা বুঝা যায় যে জলের



২৭নং চিত্র

জলের উর্ধ্বচাপ

উর্ধ্বচাপও আছে। জলের উর্ধ্বচাপ (Upward thrust) বুঝিব'ব জন্য আর একটি পরীক্ষা করা যাউক।

দুইমুখ খোলা একটি কাচের নল লও এবং তাহার মুখ ঠিক ঢাকিয়া রাখিতে পাবে এমন একটি টিনের চাক্‌তি লইয়া

উর্ধ্ব মাঝে একটি লম্বা সূতা আটকাইয়া রাখ। এখন নলের মুখে চাক্‌তি লাগাইয়া উর্ধ্ব সূতাটি নলের মধ্য দিয়া

অন্য মুখে টানিয়া ধরিয়া রাখ (২৭নং চিত্র)। এইরূপ অবস্থায় নলটিকে একটি জলপূর্ণ গ্লাসের মধ্যে ধীরে ধীরে খানিকটা

ডুবাইয়া দাও, দেখিবে সূতা ছাড়িয়া টিনের চাক্‌তিটি নলের মুখে লাগিয়া আছে, পড়িয়া বাহিতেছে না। ইহা হইতে বুঝা গেল যে চাক্‌তির

নিম্নস্থ জলের উর্ধ্বচাপ দ্বারাই ইহা নল-মুখে আটকাইয়া আছে। এইরূপ নলের খোলামুখ দিয়া ভিতরে জল ঢালিতে থাকিলে দেখিবে যে, নলের


জল যখন বাহিরের জলের সহিত প্রায় এক সমতলে আসিয়াছে, তখন চাক্‌তিটি নলের মুখ হইতে পড়িয়া পড়িল। এখন চাক্‌তির উপর গ্লাসের

জলের উর্ধ্বচাপ ও তাহার উপর নলমধ্যস্থ জলের নিম্নচাপ সমান হওয়াতে চাক্‌তি নিজেব ভাবেব জন্য পড়িয়া পড়িল। এই পরীক্ষা হইতে বুঝা গেল,

জলমধ্যস্থ যে কোনও স্থানে জলের উর্ধ্বচাপ ও নিম্নচাপ সমান থাকে। জলের গ্রায অণুত্ব ত্বলপদার্থও এইরূপ নিম্নচাপ, পার্শ্বচাপ ও উর্ধ্ব-


চাপ দেয়।

একটি দুইমুখ খোলা সব কাচের নলের একমুখ, পাতলা ববাবের বেলুনের নলের মধ্যে ঢুকাইয়া ববাব নলটি কাচ নলের উপর উত্তমরূপে সূতা দিয়া বাঁধ, যেন কাচ নলের ভিতর দিয়া বেলুনের মধ্যে জল ঢালিলে সে জল ঐস্থান দিয়া বাহির হইতে না পারে। পরে কিছু বড়িন জল কাচনল মধ্য দিয়া বেলুনের ভিতর ঢাল যেন সমস্ত বেলুন পূর্ণ হইয়া ঐ বড়িন জল কাচনলের মধ্যেও কিছু উঠিয়া থাকে। এমতাবস্থায় যদি কাচনলটি ধরিয়া বেলুনটিকে জলে ডুবান যায় তবে দেখা যায় বেলুনটি যত অধিকজলে ডুবান যাইবে ইহার মধ্যস্থ বড়িন জল ততই কাচনলে উপরে উঠিতে থাকিবে। তাহা হইলে বুঝা যায় যত জলের গভীরতা বাড়িবে ততই ইহার চাপ অধিক হইবে।



২৮নং চিত্র—জলের গভীরতা বৃদ্ধির সহিত চাপ বৃদ্ধি

তবল 'ও বায়ব্য পদার্থের আব একটি ধর্ম' এই যে উহাদের যে কোনও এক স্থানে




২৯নং চিত্র—জলের সব'দিকে চাপ

চাপ দিলে, সেই চাপ সকল দিকে সমান ভাবে চালিত হয়। ইহাকে **পাঙ্কাল** সাহায্যের নিয়ম বলে। পার্শ্বস্থ চিত্রে ববাবের বলটির গায়ে একটি বড় ও অল্প কতকগুলি ক্ষুদ্র ছিদ্র আছে।

বলটিকে টিপিয়া উহার ভিতরের বায়ু বাহির করিয়া দিয়া জলের ভিতর ডুবাইয়া ধর। হাতের চাপ সবাইয়া লইলে জল বলের ভিতর প্রবেশ করিবে। জলপূর্ণ বলটি জল হইতে বাহির কর। পরে বড় ছিদ্রটি আঙ্গুল দিয়া বন্ধ করিয়া বলের উপর চাপ দিলে জল বিভিন্ন ছিদ্র পথে চাৰিদিকেই সমান জোরে ছিটকাইয়া পড়িবে।

৩০ নং চিত্রে প্রদর্শিত যন্ত্র সাহায্যে প্রমাণ করা যাইতে পারে জলের ভিতর কোন স্থানের নিম্নচাপ যত, উর্ধ্ব বা পার্শ্বচাপ ঠিক তত। গ একটি মাপিবাব

গজ . ইহাব গাষে ংকটি ববাবেব নল ন সংযুক্ত ংকটি কাচ নল ভূ-সমাত্ত্ববাল কবিয়া বাগা হইয়াছে । ববাবেব নলেব ংক প্রান্ত শুষিয়া কাচেব নলেব ভিতর ংক ফোঁটা কালি লওয়া হইয়াছে । মনে কবা যাউক ফ ইহাব অবস্থান নির্দেশ



৩০নং চিত্র—তবল পদার্থে ংকস্থানের সকল  
বকম চাপ সমান

কবিতেছে । ববাবেব নলেব ংপব প্রান্তে ংকটি কাচেব ফানেলেব ডাঁটি প্রবেশ কবাইয়া ফানেলেব মুখ পাতলা ববাব দিষা উত্তমরূপে বাধা হইয়াছে, যেন ইহাব ভিতর জল

প্রবেশ কবিত্তে না পাবে । ংকপ অবস্থায় ফানেলটি প পাত্রেব জল মধ্যে যে কোন স্থানে, মান কব চতে ংছে । ংক চ বিন্দুতে ফানেলেব মুখেব কেন্দ্র বাগিয়া ফানেলকে উপুড বব, দক্ষিণে, বামে ,যে দিকে ইচ্ছা যুবাও কাচনলে কালিব অবস্থান ংক থাকিবে । কিন্তু ফানেলটি ংবও নিচে নামাইলে বা উপবে তুলিলে দেখা যাইবে কালিবু ফোঁটা কাচনলেব যথাক্রমে বাহিবেব দিকে বা ভিতবেব দিকে যাইতে চেষ্টি কবিবে ।


জল ংবং বায়ুব ধর্মেব উপর নিভব করিষা বহু ংশ্চর্যজনক ংবং কৌতুক জনক যন্তেব ংবিষ্কার হইয়াছে । তাগাদেব কয়েকটিব সংক্ষিপ্ত পবিচয ংখানে দেওয়া হইল ।

কাউণ্টেন পেনেব কালিতোলা যন্ত্র ( Dropper ) ং—উহাব ববাবটি টিপিলে ভিতর হইতে কিছু বায়ু বাহিবে চলিষা ংসে । ংই অবস্থায় ইহাব মুখটি কালিতে ডুবাইয়া ববাব ংলগা কবিষা দিলে যন্তেব ভিতবেব ংল বায়ু ছড়াইয়া পড়ে , কাজেই ভিতবে বায়ুব চাপ কমিষা যায় । কিন্তু কালিব পাত্রেব উপব বায়ুমণ্ডল সবদাই ংধিক চাপ দিতে থাকে—সেই চাপে পাত্র হইতে কালি যন্তেব মধ্যে চলিষা যায় । ংইবাব সমস্ত যন্ত্রটি বাহিবে ংনিয়া ( যেন ববাবে


চাপ না পড়ে ) উহাৰ মুখটি ফাউণ্টেন পেনেৰ খোলেৰ ভিতৰ বাথিয়া বৰাবটি টিপিযা দিলে চাপে ভিতৰেৰ কালি ফাউণ্টেন পেনেৰ খোলেৰ মধ্যে চলিয়া যায় ।

এখন তোমৰা নিশ্চয় বুঝিতে পাৰিবে একটি বাটি বা গেলাস মুখে লাগাইয়া মুখ দিয়া ইহাদেৰ ভিতৰ হইতে বায়ু শুষিয়া লইলে কেন ঐগুলি আমাদেৰ মুখে আটকাইয়া যায় । একটি ফাঁপা চাবিকাটি কিংবা হোমিওপ্যাথিক ঔষধেৰ ছোট শিশিও এইৰূপে জিহ্বাষ কিংবা ঠোটে আটকান যায় ।

**যাত্ৰ বোতল ( Magic Bottle )**—প্রথম প্রকাৰ :—একটি সৰু মুখ ও সচ্ছিদ্রতলা বিশিষ্ট পাত্রে জল লইয়া মুখটি আঙ্গুল দিয়া টিপিযা তুলিলে ইহা হইতে জল পড়িবে না । অথচ মুখেৰ আঙ্গুল ছাড়িয়া দিলে ঝবণাব শ্রায ছিদ্র দিয়া জল নিচে পড়িতে থাকিব ।



৩১নং চিত্র—যাত্ৰ বোতল, প্রথম প্রকাৰ




৩২নং চিত্র—যাত্ৰ বোতল, দ্বিতীয় প্রকাৰ

দ্বিতীয় প্রকাৰ —উপর্যুক্ত বোতলেৰ শ্রায একটি পাত্রেৰ ভিতৰে বিভিন্ন প্রকোষ্ঠ থাকে । প্রত্যেক প্রকোষ্ঠেৰ কিন্তু একটি মগ এবং তলাদশে একটি ছিদ্র থাকে । সৰল প্রবোষ্ঠগুলিব মগ কিন্তু বোতলটিৰ মগে আসিয়া সেকিয়াছে এবং তলাৰ ছিদ্রে একটি বল লাগাইয়া বোতলেৰ গায়ে লাগান আছে এবং তাহাৰ মুখে একটি কবিয়া বোতাম আছে । বিভিন্ন বোতাম টিপিযা বিভিন্ন প্রকোষ্ঠেৰ তলাৰ ছিদ্র খুলিয়া দিতে পাৰা যায় । এইরূপে বিভিন্ন প্রকোষ্ঠে চা, জল, সৰবং প্রভৃতি বিভিন্ন তৰল পদার্থ পূৰ্ণ কৰিয়া উহাদেৰ প্রত্যেকটিৰ তলা বন্ধ কৰিয়া উপুড় কৰিয়া ধৰিলে প্রকোষ্ঠগুলিব ভিতৰ হইতে তৰল পদার্থ-গুলি পড়িয়া যায় না । এমতাবস্থায় যদি পাশেৰ কোন একটি নির্দিষ্ট বোতাম

টেপা হয় তবে ঐ প্রকোষ্ঠে যে তরল পদার্থ থাকিবে তাহা পড়িয়া যাইবে। এইরূপে ইচ্ছামত চা, জল ও সববৎ ইত্যাদি পড়িতে পারে। এইরূপ পাত্রের সাহায্যে গাছের খেলা দেখাইয়া তোমাদের নিকট হইতে সময় সময় কত পয়সা আদায় করে। তোমরা ইহার কারণ জান না বলিয়া কতই আশ্চর্যান্বিত হও। এইরূপ জগতে কত আশ্চর্য ব্যাপ্যের কারণ তোমরা পুস্তক পাঠ করিলে জানিতে পারিবে। 'Read and you will learn' এই ইংরাজী প্রবাদ বাক্যটি সর্বদা স্মরণ রাখিও।

**পাম্প ( Pump )** :—নলরূপ হইতে জল তুলিবার সময় তোমাদিগকে পাম্পের হাতল টানিতে হয় বা চাকা ঘুরাইতে হয়, কিন্তু ঐরূপ করিলে কেন যে জল আসে এবং কিরূপে আসে তাহা তোমরা অনেকেই জান না। চিত্রে দেখ কথ্য একটি পাম্পের খোল (Cylinder)। ইহার ভিতরে ছ একটি বায়ুপথ বক্রকারী পিষ্টন দণ্ড উঠা-নামা করে। খোলটির তলদেশে নলদ্বারা কোন রূপ বা নিয়ন্ত্র কোন জল ভাণ্ডারের সহিত সংযুক্ত। উক্ত খোলের তলদেশ



৩৩নং চিত্র—পাম্প

ও নলের উপরে গ একটি কপাটিকা (Valve) এবং পিষ্টনদণ্ডটির সহিত সংযুক্ত প একটি বপাটিকা। চ ইহার পাশস্থ নল—এই পথে জল বাহির হয়। দুইটি কপাটিকার পাংক্য এই যে যখন পিষ্টন দণ্ডটি নিচে নামিতে থাকে তখন প কপাটিকা খুলিয়া যায় ও জল চলাচলের পথ


পরিষ্কার করিয়া দেয় অথচ গ কপাটিকা বন্ধ হইয়া জলপথ রোধ করে, আবার

যখন পিষ্টন দণ্ডটি উপবে উঠে তখন গা খুলিয়া যায় অথচ প বন্ধ হইয়া যায়। মনে কব প্রথম অবস্থায় পিষ্টন দণ্ডটি উপবদিকে টানা হইল। তখন প বন্ধ হইয়া যাওয়ায় খোলটির প্রায়-বায়ু-শূন্য অংশ বৃদ্ধি পাইতে থাকে। সুতবাং ইহাব ভিতবে বায়ব চাপ কম হওয়ায় খোলা কপাটিকা অতিক্রম কবিয়া নিচেব জল উপবে উঠিতে থাকে। এইবাব যদি পিষ্টন দণ্ডটি নামিতে থাকে তবে গা বন্ধ হইয়া যায় এবং প খুলিয়া যায়। কাজেই খোলের ভিতব যতটুকু জল প্রবেশ কবিয়াছিল তাহা সমস্তই প অতিক্রম কবিয়া খোলের উপবদিকে উঠিতে থাকে। এইবাব পিষ্টন দণ্ডটি উঠাইলে পুনবায় নিচেব নলের জল উপবে উঠিতে থাকিবে এবং পূবে উত্তোলিত খোলের জল চ পথ দিয়া বাহিবে আসিতে থাকিবে। এইকপ ক্রমাগত পিষ্টন দণ্ডের উঠা-নামাব ফলে আমবা চ পথ দিয়া ক্রমাগত জল পাইয়া থাকি।

ফুটবল ফ্লাইবাব জনা যে পাম্প ব্যবহার কব তাহাতে বায়ু মণ্ডলের বায়ু লইয়া ফুটবলের ব্লাডাবেব ভিতব পোবা হয়। উপবোক্ত ক্ষেত্রে জল টানা হয়, এক্ষেত্রে বায়ু ঠেলিয়া দেওয়া হয়। কপাটিকাৰ অবস্থান অনুসাবে পাম্পের সাহায্যে কোন পাত্র হইতে তবল পদার্থ বা বায়বীয় পদার্থ যেমন টানিয়া বাহিব কবা বায়ু তেমনই ইহাদেব সাহায্যে একটি নিদিষ্ট পাত্রেব তল বা বায়বীয় পদার্থ ভবাও যায়। ফাগ গেলিবাব সময় যে পিচকাবি ব্যবহার কব তাহাও এক প্রকাৰ পাম্প।

**সাইফোন (Syphon) :**—কোন একটি পাত্র হইতে অপব পাত্রে কোন তবল পদার্থ ঢালাঢালি কবিবাব সময় যদি ঢালাঢালি কবা সম্ভব না হয় অথবা পাত্রস্থ তবল পদার্থেব সবত্র আন্দোলন কবা ক্ষতিজনক হয় তবে এই বস্তু ব্যবহার কবিয়া তবল পদার্থটি পাত্রান্তর কবিত্তে পাৰা যায়। দুই মুখ খোলা একটি নলকে বাঁকাইয়া এই বস্তু প্রস্তুত কবা হয় যেন একটি বাহু অপব বাহু হইতে দীর্ঘতব হয়। যে পাত্রেব তবল পদার্থ অন্য পাত্রে চালিত কবিত্তে হয় সেই পাত্রে ছোট বাহু এবং যে পাত্রে তবল পদার্থ চালিত কবিত্তে হইবে সেই পাত্রে অপব বাহু

বাধিতে হয়, কিন্তু তৎপূর্বেই সাইফোনটি উক্ত তরল পদার্থে পূর্ণ কবিয়া




৩৪নং চিত্র—সাইফোন

খ পাত্রের জলতল নিচে আছে। চগ দূরত্ব যদি উ দ্বারা নির্দিষ্ট হয় তবে যতক্ষণ উ', উ এর চেয়ে বড় থাকিলে ততক্ষণ জল চলাচল সম্ভব হইবে।

ট্যান্টালাসের বাটি (Tantalus' Cup) :- ইহা সাইফোনের কপাস্তর

বলিলেও চলে। চিত্রে একটি ট্যান্টালাসের বাটি দেখান হইল। একটি কাচের ফাঁপা নল বাকাইয়া একটি বাহু ভিতরের দিকে তলার আনা হয় এবং ঐ নলের অপর প্রান্ত বাটির তলার একটি ফুটা দিয়া বাহির হইয়া যায়। কিন্তু যে ফুটা দিয়া নলটি বাহির হইয়া যায় সেই ফুটাটি বিশেষরূপে বন্ধ কনিয়া দেওয়া হয় যেন বাটির জল এই ফুটা দিয়া বাহির হইয়া যাইতে না পারে। এখন বাটিতে জল ঢালিলে দেখা



যায় যতক্ষণ নলের উপর অংশ পর্যন্ত ডুবিয়া না

যায় ততক্ষণ বাটি হইতে জল কোথাও যায় না, কিন্তু যেই উপর পর্যন্ত জল উঠে,

তমনি বাকা নল দিয়া বাটির জল বাহির হইয়া যাইতে থাকে। যদি বাটিতে

নূতন কবিয়া জল না ঢালা হয় তবে যতক্ষণ বাটির ভিতর জল তলের

সহিত বাটির ভিতরের নলের প্রান্তের যোগ ছিন্ন না হয় ততক্ষণ বাটির প্রায়


৩৫নং চিত্র—ট্যান্টালাসের বাটি




সমস্ত জলই এইরূপে বাহিব হইয়া যায়। বাটিটিকে কৌতুকাবহ কবিবাব জন্য ভিতবেব নলটির চাবিদিক ঘেবিয়া একটি মানুষেব মূর্তি প্রস্তুত কবা হয়, মূর্তিটি বাজা ট্যাণ্টালাসেব মূর্তি বলিয়া কল্পিত হয়। এই উপায়েই বড বড সহবেব সাধাবণ পাযথানাগুলি জল ছাৰা আপনা আপনি মাঝে মাঝে ধোত হইয়া যাইতে দেখা যায়।

জলেব শক্তি অপৰিসীম। সেই শক্তিবলে জল পবতশীর্ষ হইতে অজস্র ধাবায় পাগলেব মত সাগবে ছুটিয়া আসে। সে অমিত তেজ কত বিশাল প্রস্তুবগু চূর্ণ বিচূর্ণ হইয়া বালুকণায় পবিণত হয়। মানুষ কিন্তু প্রকৃতিব সে ছুবান শক্তিকেও পবাজিত কবিয়া আপনাৰ কাজে লাগাইয়াছে। জলচক্র তাহাব একটি উদাহৰণ। ৩৬ নং চিত্রে দুইটি জলচক্র (Water mill) দেখান হইল। জলধাবা ছুটিয়া চলিয়া যাইবাব সময় বড বড চাকাৰ পাগায় ধাক্কা দিয়া উগ্রদিগকে ঘুৰাইয়া দেয়, ফলে ঐ চাকাৰ সহিত অন্য চাকাৰ যোগ কবিয়া মানুষ বড বড কাবখানা চালায়।

(ক) চিত্রে দেখ শক্ত দেওয়াল দিয়া একটি বৃহৎ জলাশয়েব জল আটকাইয়া বাখা হইয়াছে। ঐ দেওয়ালেব তলায় থানিকটা ফাঁক আছে। ঐ পথ দিয়া জল বাহিবে আসে। এই পথেব সম্মুখেই কাবখানাৰ একটি বৃহৎ পাখাওয়ানি



৩৬নং চিত্র—(ক) জলচক্র



৩৬নং চিত্র—(খ) জলচক্র

চাকা থাকে। এই চাকাটির পাখায় ধাক্কা লাগিলে ইহা ইহাব ধুবাব (Axle) চাবিদিকে ঘুৰিতে পাৰে। প্রাচীৰ দিয়া আটকান জলেব গভীৰতা যত অধিক

হইবে নিচের পথ দিয়া জল তত অধিক জোবে বহির্গত হইয়া চাকার পাখাৰ ধাক্কা মাৰে . ফলে চাকাটি ঘূৰিতে থাকে । চাকার ধাক্কা দিয়া জলের অপব দিকে অণু নিম্নস্থানে গড়াইয়া যাইবাব বন্দোবস্ত আছে ।

(খ) চিত্রে দেখ জলপ্রপাত দ্বাৰা বৃহৎ চাকাটি কেমন ঘূৰান হয় । কোন একটি উচ্চ স্থান হইতে জল যখন পড়ে তখন তাহা যাহাতে ইতস্তত বিক্ষিপ্ত না হইয়া ঠিক চাকার পাখাৰ উপৰ পড়ে তাহাব জন্ম জলের পথ বাধিয়া ঠিক তাহাব নিচেই চাকার পাখাগুলি যাহাতে ঘূৰিতে পাবে তাহাব ব্যবস্থা কৰা হয় । এস্থলে জলপ্রপাতেৰ জোব যত অধিক হয় চাকাটি সেইকপ অধিক শক্তিতে ঘূৰিতে থাকে ।

### কঠিন ও তৰল পদার্থেৰ ঘনত্ব

সমাযতনবিশিষ্ট একটি লৌহখণ্ড ও একটি কাষ্ঠখণ্ড হাতে কবিলে বুঝা যাইবে যে, লৌহ কাষ্ঠ অপেক্ষা অনেক ভাবী । এইজন্ম আমবা লৌহকে কাষ্ঠ অপেক্ষা



৩৭নং চিত্র

বিভিন্ন তরল পদার্থেৰ  
গুরুত্ব হিসাবে অবস্থান

ঘন বা গুরু বলি । একটি বাটি জলপূৰ্ণ কবিলে তাহাব যত ওজন হয়, বাটিটি পাবদপূৰ্ণ কবিলে তাহাব ওজন তদপেক্ষা অনেক বেশী হইবে . আবার ঐ বাটিটি তৈলপূৰ্ণ কবিলে তাহাব ওজন জলপূৰ্ণ বাটিৰ ওজন অপেক্ষা কম হইবে । এই কাৰণে পাবদ জল অপেক্ষা এবং জল, তৈল অপেক্ষা ঘন । এইজন্মই তৈল জলেৰ উপৰ ভাসে । এক সঙ্গে একটি পাত্রে পাবদ, জল তৈল এবং স্পিৰিট বাধিয়া দিলে ভাবী জিনিষগুলি নিচে এবং হালকা জিনিষগুলি কিৰূপে উপবে ভাসিতে থাকে দেখ । সব'নিম্নে পাবদ, পবে জল, তাহাব পবে তৈল এবং সব' উপবে স্পিৰিট ভাসিতে থাকে । বস্তুৰ ঘনত্ব (Density) তাহাব এক ঘন ইঞ্চ বা এক

ঘন ফুট আয়তনের ওজনের দ্বারা সূচিত হয়। সুতরাং কোনও বস্তুর ওজন ও ঘনফল জানা থাকিলে তাহার ঘনত্ব বাহির করা যায়, যথা—

$$\text{বস্তুর ঘনত্ব} = \frac{\text{তাহার ওজন}}{\text{তাহার ঘনফল}}$$

ওজন ও ঘনফলে যে যে একক ব্যবহৃত হয়, ঘনত্ব প্রকাশ করিবার সময় তাহা স্পষ্ট করিয়া উল্লেখ করিতে হয়, যথা—জলের ঘনত্ব প্রতি ঘন ফুটে ৬২ ৫ পাউণ্ড।

সাধারণত, কঠিন বা তরল পদার্থের ঘনত্ব জলের ঘনত্বের সহিত তুলনা করা হয়। কোনও বস্তু তাহার সমায়তন জল অপেক্ষা কত গুণ ভারী, তাহা যে সংখ্যা দ্বারা প্রকাশিত হয়, তাহাকে ঐ বস্তুর আপেক্ষিক গুরুত্ব (Specific gravity) বলে। স্বর্ণের আপেক্ষিক গুরুত্ব ১৯ ৩, লৌহের ৭ ৮ এবং কপার ১০ ৫ ইত্যাদি।

তরল পদার্থের আপেক্ষিক ঘনত্ব নিম্নলিখিত উপায়ে সহজেই নির্ণয় করিতে পাওয়া যায়। ধর, সবিষাব তৈলের আপেক্ষিক ঘনত্ব বাহির করিতে হইবে। একটি খালি বোতল লইয়া তুলাদণ্ডের সাহায্যে তাহার ওজন বাহির কর। পরে ইহাকে জলপূর্ণ করিয়া ওজন কর। বোতলের জল ফেলিয়া দিয়া উহাকে সবিষাব তৈল দিয়া পূর্ণ কর এবং উহার ওজন বাহির কর। ইহা হইতে বোতলটিকে পূর্ণ করিতে যে জল বা তৈল লাগিয়াছে, তাহাদের ওজন স্থির কর। ধর,

|                          |                                   |
|--------------------------|-----------------------------------|
| খালি বোতলের ওজন          | = ক                               |
| জলপূর্ণ ,, ,,            | = খ                               |
| তৈলপূর্ণ ,, ,,           | = গ                               |
| অতএব বোতলের জলের ওজন     | = খ—ক                             |
| এবং ,, তৈলের ,,          | = গ—ক                             |
| ∴ তৈলের আপেক্ষিক গুরুত্ব | = $\frac{\text{গ—ক}}{\text{খ—ক}}$ |

এইকপে দেখা গিয়াছে, পান্নদেব আপেক্ষিক গুরুত্ব ১৩ ৫, তেলেব ০ ৯ এবং সমুদ্রজলেব ১ ০২ ইত্যাদি। সমুদ্রজলে লবণ মিশ্রিত থাকায় উহা বিশুদ্ধ জল অপেক্ষা গুরু বা ভারী। মকসাংগব নামক হুদে লবণেব পৰিমাণ অধিক বলিয়া উহাব জল সমুদ্রজল অপেক্ষাও গুরু।


কঠিন পদার্থেব আপেক্ষিক গুরুত্ব আৰ্কিমিডিসেব নিয়মানুসাবে স্থিৰ কৰিতে পাৰা যায়, তাহা তোমাংগিকে পবে বলিতেছি।

কঠিন ও তৰল সকল পদার্থই উষ্ণ হইলে আয়তনে বৰ্ধিত হয়, কিন্তু ওজনেব কোন পৰিবৰ্তন হয় না বলিয়া ইহাদেব ঘনত্ব কমিয়া যায়। তবে দুই একটি ক্ষেত্রে ইহাবও ব্যতিক্রম দেখা যায়। জলে ০° সেণ্টিগ্রেড্ হইতে ৭° সেণ্টিগ্রেড্ পৰ্যন্ত তাপ প্ৰয়োগ কৰিলে দেখা যায়, ইহাব আয়তন না বাডিয়া কমিয়া যায়, স্নতবাং ঘনত্ব বাডিয়া যায়। তবে ৭° সেণ্টিগ্রেডেব পৰ জলেব ঘনত্ব অন্ত্যন্ত বস্তুবই মত উষ্ণতাৰুদ্ধিব সঙ্গে সঙ্গে কমিতে থাকে। এইজন্য ৪° সেণ্টিগ্রেড্ উষ্ণতায় জল সৰ্বাপেক্ষা ঘন। ফলে, শীতপ্ৰধান দেশে সমুদ্রজলেব উপৰিতল ০° সেণ্টিগ্রেড্ হইলেও নিচেব জল ৪° সেণ্টিগ্রেড্ থাকায় অপেক্ষাকৃত উষ্ণ থাকে। এই জন্ত বৰফ জলে ভাসে।

### তৰল পদার্থেব প্লাবিতা ও আৰ্কিমিডিসেব সিদ্ধান্ত

একটি জলপূৰ্ণ বডা জলেব ভিতৰ অতি সহজেই নাডাচাডা কৰিতে পাৰা যায়, কিন্তু জল হইতে বাহিব কৰিলেই উহা বেশ ভারী বোধ হয়। পুষ্কৰিণী বা নদীৰ জলে স্নান কৰিবাব সময় তোমবা হযত লক্ষ্য কৰিয়াছ যে, তোমাদেব শৰীৰ জলেব ভিতৰ যেন হালকা বলিয়া বোধ হয়। কোনও বস্তু জলে ডুবাইলে তাহাব ভাব কমে। এক টুকুৰা লোহাব ওজন তুলাদণ্ডেব সাহায্যে বাহিব কৰ। পবে উহাকে স্নতায় বাধিয়া জলে ডুবাইয়া ঐ অবস্থায় উহাব ওজন বাহিব কৰিলে দেখা যায় যে, জলেব ভিতৰ তাহাব ওজন কমিয়া গিয়াছে। এই


ওজন কমিবার কারণ কি? জলের উর্ধ্বচাপ ও নিম্নচাপের কথা তোমরা পূর্বেই শুনিয়াছ। এই লোহা টুকুবাটির উপরতলে জলের নিম্নচাপ তাহাকে নিচে নামাইতে চায় এবং উর্ধ্ব নিচের তলে জলের উর্ধ্বচাপ উহাকে উপর দিকে ঠেলিয়া দেয়। কিন্তু কোন তলের উপর জলচাপের পরিমাণ, ঐ স্থানে জলের গভীরতার উপর নির্ভর করে। সেইজন্য লোহাটির তলায় উর্ধ্বচাপ উর্ধ্ব উপর নিম্নচাপ অপেক্ষা অধিক। এই উর্ধ্বচাপ হইতে নিম্নচাপ বাদ দিলে যে পরিমাণ উর্ধ্বচাপ অবশিষ্ট থাকে, তাহাকে উর্ধ্বচাপাবশেষ (Resultant upward thrust) বলে, এবং ইহাই নিমজ্জিত বস্তুকে উপরদিকে ঠেলে এবং তাহার ভার কমাইয়া দেয়। তরল পদার্থের এই ধর্মকে উর্ধ্ব প্লাবিতা (Buoyancy) নাম দেওয়া যাইতে পারে।



৩৮নং চিত্র - নিমজ্জমান বস্তুর ওজন হ্রাস

নিমজ্জিত বস্তুর উপর জলের উর্ধ্বচাপাবশেষ কত, তাহা পরীক্ষা দ্বারা নির্ণয় করা যাইতে পারে। একখণ্ড লোহাকে তুলাদণ্ডে ওজন করিয়া তাহা লিখিয়া রাখ। লৌহ খণ্ডটিকে একটি সূতাব দ্বারা ঝুলাইয়া জলের

মধ্যে ডুবাই এবং এই অবস্থায় তাহার ওজনও লিখিয়া লও (৩৮নং চিত্র)।




৩৯নং চিত্র - নিমজ্জমান বস্তুর জলাপসারণ

ওজন পূর্ব ওজন অপেক্ষা কত কম হইল, তাহা বাহির কর। এইবার একটি থালাব উপর একটি জলপূর্ণ বাটি রাখিয়া উহাতে লৌহখণ্ডটি ডুবাইয়া দাও। লৌহখণ্ডের সমান আয়তনের জল উপ্ছাইয়া থালাব উপর পড়িবে (৩৯নং চিত্র)। এই জলটুকুর ওজন

বাহির করিলে দেখা যাইবে যে, ইহা জলে নিমজ্জিত হওয়ায় লৌহখণ্ডের যে

ওজনের হ্রাস হইয়াছিল, ঠিক তাহার সমান। অতএব কোনও দ্রব্যকে জলে ডুবাইলে তাহা যে পবিমাণ জল সবাইয়া দেয়, সেই জলের যত ওজন, পদার্থটির নিমজ্জমান অবস্থার ওজন ঠিক তত কম হয়। এই সত্যটিকে আর্কিমিডিসের নিয়ম বা সিদ্ধান্ত (Archimede's principle) বলে। আর্কিমিডিসের সিদ্ধান্ত আবও সূক্ষ্মতরুপে প্রমাণ করিতে হইলে নিম্ন লিখিত পরীক্ষাটি করা যাইতে পারে।

প্রথমে একটি সূক্ষ্ম তুলাদণ্ডে একখণ্ড পাথর সূতায় বাঁধিয়া ওজন কর। পরে ইহাকে ঐ সূতায় দ্বারা তুলাদণ্ডের একটি বাহুতে ঝুলাইয়া জলে ডুবাইয়া ওজন কর। দেখিবে পূর্বাপেক্ষা এইবার ওজন কমিয়া গিয়াছে। যে পবিমাণ ওজন কমিয়াছে তাহা লিখিয়া রাখ। এইবার একটি কাচের পাত্র ঐ তুলাদণ্ডে ওজন কর। পরে চিত্রে যেমন গা-নলওয়ালা একটি পাত্র দেখান হইয়াছে ঐরূপ একটি পাত্রে জল ঢালিয়া দাও। দেখিবে যতই জল ঢাল না কেন



৪০নং চিত্র—আর্কিমিডিসের সিদ্ধান্ত

পাত্রটি ভর্তি হইবে না, পাশের নল দিয়া ইহার জল বাহির হইয়া যাইবে। এইরূপে খানিকক্ষণ জল বাহির হইয়া গেলে যদি আর জল না ঢালা হয় তবে আপনা আপনি ইহা হইতে জল পড়া বন্ধ হইবে। ঠিক এই সময় পাত্রটিতে জল গলায় গলায় ভর্তি থাকিবে, একটু

মাত্র নাড়িলে বা অতি ক্ষুদ্র একটি কোন বস্তু ইহাতে ফেলিয়া দিলেও ইহা হইতে জল বাহির হইয়া যাইবে। এইবার কাচ পাত্রটি ইহার গা-নলটির নিচে বসাইয়া পাথর খণ্ডটি সূতা দ্বারা অতি সাবধানে আস্তে আস্তে পাত্রটির ভিতরে ডুবাইয়া ধর। তাহা হইলে পাথর খণ্ডটির আঘতন মত জল উপছাইয়া বাহির হইয়া পাত্রটিতে জমিবে। এখন যদি এই জল সমেত পাত্রটি ওজন

কবা যায তবে দেপা যাইবে পাত্রটির ওজন বৃদ্ধি এবং নিমজ্জমান অবস্থায় প্রস্তুত খণ্ডটির ওজন হ্রাস, সমান।

উপবোক্ত নিয়মটির সম্বন্ধে একটি কিম্বদন্তী শোনা যায়। সাষবাকিউজের রাজা হিবো এক স্বর্ণকাবের দ্বারা একটি মুকুট প্রস্তুত করান। সুন্দর কারুকার্য-খচিত মুকুটটি দেখিয়া রাজা অত্যন্ত সন্তুষ্ট হইলেন, কিন্তু তাঁহার মনে সন্দেহ হইল যে মুকুটটি বিশুদ্ধ স্বর্ণ হইতে প্রস্তুত হইয়াছে কিংবা উহাতে কিছু খাদ মিশ্রিত আছে। তিনি দেখিলেন যে প্রদত্ত স্বর্ণের ওজন ও মুকুটটির ওজন এক। মুকুট ভাঙ্গিয়া স্বর্ণের বিশুদ্ধতা পরীক্ষা করিবার উপায় নাই। তখনকার বিখ্যাত



৪১নং চিত্র—আর্কিমিডিস

বৈজ্ঞানিক আর্কিমিডিসকে ডাকিয়া রাজা তাঁহার উপর এই বিষয়ে মীমাংসার ভার দিলেন। প্রথম কয়েকদিন আর্কিমিডিস কোনও উপায় স্থির করিতে না পারিয়া মহাচিন্তায় পড়িলেন। একদিন চৌবাচ্চায় স্নান করিতে যাইয়া দেখিলেন যে, চৌবাচ্চাটি কাণায় কাণায় জলপূর্ণ। তিনি চিন্তিত মনে জলে অবগাহন করিবামাত্র লক্ষ্য করিলেন যে, চৌবাচ্চা হইতে জল উপ্‌ছাইয়া পড়িল এবং তাঁহার

শরীরও কিছু লঘু বোধ হইল। তিনি বুঝিলেন যে তাঁহার শরীর জলে নিমজ্জিত হওয়ার সময়তন জল স্থানান্তরিত হইল। তিনি সিদ্ধান্ত করিলেন যে মুকুটের ঘনফলও এইরূপে বাহির করা যাইতে পারে এবং মুকুটের ওজনপরিমিত বিশুদ্ধ স্বর্ণকে জলে ডুবাইলেও একই পরিমাণ জল উপ্‌ছাইয়া পড়া উচিত। এইরূপে সমস্যা সনাধানের উপায় পাইয়া আনন্দে আত্মহারা হইয়া তিনি চৌবাচ্চা হইতে

লাফাইয়া পড়িলেন এবং “পাইয়াছি পাইয়াছি” বলিতে বলিতে বাস্তাব দিকে ছুটিলেন।

আর্কিমিডিসের সিদ্ধান্ত আবারও একটি উপায়ে প্রমাণ করা যাইতে পারে। একটি গোল নিবেট ধাতব স্তম্ভক ও তাহার খাপ (Cylinder and Bucket) এমনভাবে প্রস্তুত করা যায় যে ধাতুদণ্ডের আকার ও আয়তন এবং খাপটির খোলের আকার ও আয়তন একেবারে অনুকূপ এবং ধাতুদণ্ডটি খোলের ভিতর ঠিক যাতায়াত করিতে পারে মাত্র। প্রথমে ধাতুদণ্ডটি খোলের ভিতর পুঁথিয়া দুইটিকে এক সঙ্গে ওজন কর। পরে ধাতুদণ্ডটিকে জলে ডুবাইয়া এবং খোলটি জলের উপর রাখিয়া পুনরায় ওজন কর। দেখ কিছু ওজন কমিয়াছে। এইবার আন্তে আন্তে খোলটি জলপূর্ণ কর। দেখ পূর্বের ওজন ফিবিয়া আসিয়াছে।

যে সকল কঠিন পদার্থ জলে ডুবে, তাহাদের আপেক্ষিক গুরুত্ব আর্কিমিডিসের নিয়ম দ্বারা অতি সহজই বাহির করা যায়। একটি লৌহখণ্ড লইয়া নিম্নলিখিত উপায়ে ইহার আপেক্ষিক ঘনত্ব বাহির করঃ—

$$\text{মনে কর লৌহখণ্ডের ওজন} = k$$

$$\text{জলে নিমজ্জিত অবস্থায় উহার ওজন} = x$$

$$\therefore \text{জলে লৌহখণ্ডের ওজন হ্রাস} = k - x$$

কিন্তু আর্কিমিডিসের নিয়মানুসারে এই ওজন-হ্রাস, লৌহখণ্ডের সমায়তন জলের ওজনের সমান। আবার—

$$\text{বস্তুর আপেক্ষিক গুরুত্ব} = \frac{\text{উহার ওজন}}{\text{উহার সমায়তন জলের ওজন}}$$


$$\text{অতএব লৌহের আপেক্ষিক গুরুত্ব} = \frac{k}{k - x}$$

**ভাসা ও ডোবা**—একটুকু লোহা জলে ফেলিয়া দিলে তাহা জলে ডুবিয়া যায় দেখিয়াছ। ইহার কারণ, নিমজ্জিত অবস্থায় লৌহখণ্ডের ভার উহাকে নিচের দিকে টানিতেছে এবং জলের উর্ধ্বচাপাবশেষ ইহাকে উপরের দিকে



ঠেলিতেছে। আর্কিমিডিসের সিদ্ধান্ত অনুসারে এই উর্ধ্বচাপাবশেষ লৌহখণ্ডের সমায়তন জলের ওজনের সমান। আবার, লৌহ জল অপেক্ষা ঘন, অর্থাৎ লৌহখণ্ডের ভাব তাহার সমায়তন জলের ভার অপেক্ষা বেশী। অতএব উপরের দিকের চাপ কাটাইয়া লৌহের টুকুবাটি জলে ডুবিয়া যায়। ঐকপ ইট, পাথর প্রভৃতি গুরু জিনিষ জলে ছাড়িয়া দিলে ডুবিয়া যায়। অতএব যে জিনিষের ওজন তাহার সমায়তন জলের ওজন অপেক্ষা অধিক, তাহা জলে ফেলিলেই ডুবিয়া যাইবে।


কিন্তু দেখ, একটুকু কাঠ কিংবা সোলা জলে ফেলিলে উহা ভাসিতে থাকে। কাঠটিকে ধরিয়া জলমধ্যে ডুবাইলে ইহার সমায়তন জল সবিয়া যাইবে এবং উক্ত স্থানান্তরিত জলের ওজন পরিমিত চাপ ইহাকে উপর দিকে ঠেলিবে কিন্তু কাঠের ভাব এই উর্ধ্বমুখ চাপ অপেক্ষা কম বলিয়া হাত ছাড়িয়া দিলেই কাঠটি উপরে উঠিতে থাকে। অতএব যে সকল বস্তুর ভাব



৪২নং চিত্র—ভাসা ও ডোবা

সমায়তন জলের ভাব অপেক্ষা কম, তাহা জলে ভাসে। আবার দেখ, ভাসমান বস্তুর কতকংশ জলের ভিতর থাকে (৪২নং চিত্র)। ইহাতে স্পষ্ট বুঝা যায় যে, এই অবস্থায় যতটুকু জল সবিয়া গিয়াছে, তাহার ওজন ঐ ভাসমান বস্তুটির ওজনের সমান, অর্থাৎ যতটুকু অংশ জলের ভিতরে থাকিলে নিজেই ভাবের সমান জল অপসারিত হয়, বস্তুটি তাহার ঠিক ততটুকু অংশ ডুবাইয়া ভাসিতে থাকে। এইজন্য ভাসমান বস্তু জলে ইহার যতটুকু ডুবাইয়া ভাসে, জলাপেক্ষা লঘু তরল পদার্থে তাহা অপেক্ষা বেশী অংশ ডুবাইয়া ভাসিবে। এইকপ ভাসা ডোবা লইয়া তরল পদার্থের আপেক্ষিক গুরুত্ব, **হাইড্রোমিটার (Hydrometer)** নামক যন্ত্র সাহায্যে অতি সহজেই নির্ণয় করা যায়। চিত্রে হাইড্রোমিটার দেখান হইল। সমস্ত যন্ত্রটি কাচনির্মিত এবং প্রধানত তিনটি অংশে বিভক্ত। নিচের ফাঁপা গোলকটি পাবদপূর্ণ, পরের অংশ অপেক্ষাকৃত

মোট নল এবং উপর অংশ সরু নল। পানির ভবিষ্যৎ যন্ত্রটিকে একপ ভাবী কবা হয় যে জলে ছাড়িয়া দিলে ইহার প্রথম দুই অংশ এবং উপরের নলেরও




কিয়দংশ জলে ডুবিয়া থাকে। জল অপেক্ষা ভারি তবল পদার্থে ডুবাইলে কিছু কম অংশ ডুবে এবং জল অপেক্ষা লঘু তবল পদার্থে ডুবাইলে ইহার অধিকতর অংশ ডুবিয়া যায়। আপেক্ষিক গুরুত্ব জানা কয়েকটি তবল পদার্থে ইহার যতদূর পর্যন্ত ডুবিয়া যায় সেই সেই স্থানে সেইরূপ দাগ দেওয়া থাকে। একপে সমস্ত যন্ত্রটির দাগ কাটা থাকে। পবে ইহাকে আপেক্ষিক গুরুত্ব না জানা কোন তরল পদার্থে ডুবাইলে যে পর্যন্ত ডুবিয়া যায় সেখানকার দাগ দেখিয়া তবল পদার্থটির আপেক্ষিক গুরুত্ব জানা যায়। সুবিধার জন্য দুধ খাঁটি কি জল মিশ্রিত তাহা ঠিক করিবার নিমিত্ত হাইড্রোমিটারের এক

৪৩নং চিত্র—হাইড্রোমিটার নিশিষ্ট শ্রেণী ব্যবহৃত হয়, তাহা বা ল্যাক্টো-মিটার (Lactometer) নামে অভিহিত। বলা বাহুল্য ল্যাক্টোমিটার গাটি দুগ্ধে যতটা ডুবে, জলমিশ্রিত দুগ্ধে তদপেক্ষা অধিক ডুবিয়া যায়। সকল তবল পদার্থ সম্বন্ধেই এই মন্তব্য পাটে।

এইজন্য এক তবল পদার্থে যে বস্তু ভাসে, অন্য তবল পদার্থে তাহা না ভাসিতেও পারে। লোহা জলে ডুবিয়া যায় কিন্তু পানিতে ভাসে। তেল জলে ভাসে, কিন্তু মেথিলেটেড্ স্পিরিটে ডুবিয়া যায় পূর্বে দেখিয়াছ।

লোহা জল অপেক্ষা ভারী। তাহা হইলে লোহা জাহাজ জলে ভাসে কিরূপে? লোহার কড়া যে কাবণে জলে ভাসে, জাহাজও ঠিক সেই কাবণে জলে ভাসে। মনে কর, কচখ একটি লোহার খোল। (৩৩নং চিত্র)। খোলটি জলে ছাড়িয়া দিলে ইহার ভাবের জন্য খোলটি যতই জলে নামিতে থাকিবে, ততই

অধিক জল সবাইয়া দিবে এবং জলের উৎপ্লাবনীশক্তিও ততই প্রবল হইবে। যখন খোলটির নিমজ্জিত অংশ দ্বারা অপসারিত জলের ওজন খোলটির




৪৪নং চিত্র--লোহাব জাহাজ জলে

ভাসিবার কারণ

ওজনের সমান হইবে, তখন খোলটি আব নিচে নামিবে না এবং সেই অবস্থায় ভাসিতে থাকিবে। খোলটির ভিতরে মাল বোঝাই করিলে উহা আব একটু ডুবিয়া উক্ত নিয়মানুসারে ভাসিতে থাকিবে। এখন জাহাজ কেন ভাসে তাহা তোমরা বুঝিতে পাবিলে।

আমাদের শরীর সম-পরিমাণ জল

অপেক্ষা লঘু, এইজন্য আমরা জলে ভাসিয়া থাকিতে পাবি, কিন্তু আমাদের মাথা শরীরের অন্যান্য অংশ অপেক্ষা ভারী বলিয়া ডুবিয়া যায়। শ্বাস-প্রশ্বাসের



৪৫নং চিত্র—মানুষের সাঁতার

জন্য মাথাটি জলের উপর

বাখিবার অভ্যাস করিতে

পাবিলেই সন্তুর্ন শিক্ষা হয়।

এই উদ্দেশ্যে প্রথম সন্তুর্ন

শিক্ষাগীদিগের একটি খালি

কলসী জলে উপুড় করিয়া তাহা

ধরিয়া সাঁতার দেওয়া কিংবা লাইফ বেল্ট (Life-belt) ব্যবহার করা বিশেষ সুবিধাজনক। গরু, ঘোড়া, কুকুর ইত্যাদি প্রাণীর মাথা দেহের তুলনায় ভারী নয় বলিয়া তাহাদিগের সাঁতার শিখিবার প্রয়োজন হয় না।

**সংক্ষেপ :-** জল বর্ণ, স্বাদ, গন্ধবিহীন স্বচ্ছ, তরল পদার্থ। ইহা সঙ্কোচন ও প্রসারণশীল নয় বলিলেই চলে। কোন স্থানে ঢালিলে ইহা নিম্ন দিকে গড়াইয়া যায়। ইহা উপবিভল সকল সময়ে ভূ-সমান্তরাল থাকে। জলের নিম্নচাপ আছে, পার্শ্বচাপ আছে এবং ভিতরে উর্ধ্বচাপ আছে। এই উর্ধ্বচাপের জন্ত কোন পদার্থ সহজে জলের মধ্যে প্রবেশ

কবাইতে পাবা যায় না। ইহাকে বিভিন্ন পাত্রে ঢালিয়া পাত্রগুলি যোগ করিয়া যাত্নাত্নেব ব্যবস্থা করিলে দেখা যায় সকল পাত্রেব জলতল একই হইবে। জলতল হইতে গভীরতা যত অধিক হইবে ততই উর্ধ্ব, নিম্ন ও সকল দিকের চাপ বেশী হইবে। কোন বস্তুর ওজনকে তাহার ঘনফল দিয়া ভাগ করিয়া উহার ঘনত্ব বাহিব করা হয়। কোন পদার্থ জল অপেক্ষা যতদূর ভারী তাহাই তাহার আপেক্ষিক গুরুত্ব। জলাপেক্ষা ভারী জিনিস জলে ডুবিয়া যায়, হালকা জিনিস জলে ভাসে। আর্কিমিডিস স্থির করিয়াছেন জলে ডুবাইলে পদার্থ যে পবিমাণ জলাপসাবণ কবে সেই জলের ওজনের সমান পদার্থটির ওজন কমিয়া যাইবে। এই সিদ্ধান্তেব উপর নির্ভর করিয়া হাইড্রোমিটার ও ল্যাক্টোমিটার নির্মিত হইয়াছে। উর্ধ্বচাপ অপেক্ষা নিম্নচাপ কম হইলে পদার্থ সকল ভাসে। তাই লোহার খোলে প্রস্তুত জাহাজ জলে ভাসে।

### তৃতীয় প্রশ্নমালা

১। জলের বর্মগুলি সবিস্তার বর্ণনা কর। জলের কোন্ ধর্মের উপর নির্ভর করিয়া সহরে জল সরবরাহ করা হয়? (Describe in detail the properties of water. On which of its properties does the supply of water in a town depend?)

২। কোন্ কোন্ পরীক্ষায় জলের পাশ্চাত্ত, উর্ধ্বচাপ ও সর্বাঙ্গিক চাপ প্রমাণ করিতে পাবা যায় লিখ। (By which experiments it can be proved that water exerts pressure upwards, downwards and on all directions.)

৩। শূন্য স্থান পূর্ণ কর:—জলের উপরিতল হইতে যত নিচে নামা যাইবে জলের উর্ধ্বচাপ তত—হইবে।

(Fill up the gaps. —The greater is the depth of water the——will be its upward pressure.)

৪। একটি পবাক্ষা নলের তলার দিক জলে গুঁজিয়া ছাড়িয়া দিলে উহা লাফাইয়া উঠে কেন? একটি জলের বালুতি তলা নিচে করিয়া সোজাভাবে জলে ডুবাতে চেষ্টা করিলে বাধা পাওয়া যায় কেন? (Why does a test tube leap up when it is pushed into water? Why resistance is experienced when a bucket is pushed into water with its bottom downwards?)

## তরল পদার্থের প্লাবিতা ও আর্কিমিডিসের সিদ্ধান্ত ৫১

৫। পদার্থের ঘনত্ব ও আপেক্ষিক গুরুত্ব, ইহাদের মধ্যে প্রভেদ কি? তরল পদার্থের আপেক্ষিক গুরুত্ব কিসে বাহির করা যায়? (What is the difference between the density and the specific gravity of a matter? How can the sp gravity of a liquid be determined?)

৬। উষ্ণতা বৃদ্ধি পাইলে জলের ঘনত্বের কি পরিবর্তন হয়? জলের এই গুণের জন্ত মেরু-সমুদ্রের জীবগুলির কি সুবিধা হয় লিখ। (What is the effect of temp on the density of water? Explain how the behaviour of water in this regard helps marine animals in the Arctic seas) [কঃ বিঃ ১৯৪১]

৭। পিতলের আপেক্ষিক গুরুত্ব ৮৫, এক বনফুট জলের ওজন ৬২.৫ পাউণ্ড। এক ঘন ইঞ্চি পিতলের ওজন কত? (The sp gr of brass is 85, a cubic ft of water weighs 62.5 lbs. How much is the weight of a cubic inch of brass?)

৮। একটি বোতলের ওজন ১০ ছটাক, ইহাব ওজন, জলপূর্ণ করিলে ১ সেব ৬ ছটাক হয় ও গ্লিসারিন পূর্ণ করিলে ১ সেব ৯ ছটাক হয়। গ্লিসারিনের আপেক্ষিক ঘনত্ব বাহির কর। (The wt of a bottle is 10 chataks, when it is filled with water it weighs 151.6 ch and when it is filled with glycerine it weighs 151.9 ch. Find the sp gr of glycerine)

৯। একটি ঘটিতে আড়াই সের জল ধবে। ঐ ঘটিতে কতটা দুধ ধবিবে? দুধের আপেক্ষিক গুরুত্ব ১.০৩, (A pot can hold 2½ sers of water. How much milk can it hold? The sp gr of milk is 1.03)

১০। পদার্থ যত ঠাণ্ডা হয় তত ঘন ও ভারী হয়। জল কখন এ নিয়ম লঙ্ঘন করে উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। (When a substance is cooled it becomes dense and heavy. When is there an exception to this in case of water?)

১১। তরল পদার্থের চাপ নব্বন্ধে আর্কিমিডিস্ কি তথ্য আবিষ্কার করিয়াছেন? (State the principle of Archimedes)

একতাল স্বর্ণে কিছু বৌপা মিশ্রিত আছে। তালটির বায়ুতে ওজন ৪০ গ্রাম ও জলে ওজন ৩৭ গ্রাম। তালটিতে কতটুকু স্বর্ণ আছে বাহির কর। স্বর্ণের ও বৌপ্যের আপেক্ষিক গুরুত্ব যথাক্রমে ১৯.৩ ও ১০.৫। (A lump of gold contains some silver. The lump

weighs 40 gms in air and 37 gms in water. How much gold is there in the lump? The sp gravities of gold and silver are 19.3 and 10.5 respectively.)

১২। কোন কোন পদার্থ জলে ভাসে কেন আবার কোন কোন পদার্থ জলে ডুবিয়া যায় কেন? ( Why do some bodies float on water and some sink in it? )

১৩। লোহা জলাপেক্ষা ভারী হইলেও লোহার জাহাজ জলে ভাসে কেন? কারণ বুঝাইবার জন্য একটি পরীক্ষা বর্ণনা কর। Why does a ship made of iron float on water, though iron is heavier than water? Describe an experiment to illustrate the principle involved.) [ কঃ বিঃ ১৯৪০ ]

---

# চতুর্থ পরিচ্ছেদ

## তাপ

### তাপের প্রভাব

তাপের সহিত তোমাদের কিছু না কিছু পরিচয় আছে। সকালে উঠিয়াই তোমরা চাষের জল গরম করিবার জন্য জলন্ত উনানে বেটলী বসাইতে দেখিয়াছ, শীতের সকালে বোদে বসিলে গা গরম হয় জান, বান্নাঘরে নিত্য কাঠ বা কয়লা জালিয়া সেই উত্তাপে বান্না করিতে দেখিয়াছ, আবার প্রকাণ্ড কয়লাব উনানের তাপে বেলের এঞ্জিন, জাহাজের এঞ্জিন ও কলকাবখানার এঞ্জিন চলে, হয়'ত তাহাও জান।

এই তাপ যে কি, তাহার সম্বন্ধে তোমাদিগকে একটু বলিয়া রাখি। বৈজ্ঞানিকগণ বলেন যে পদার্থ মাত্রই অসংখ্য অণুব সমষ্টি। তাহারা আবও অনুমান করেন যে, এই অণুগুলি সর্বদাই স্পন্দিত হইতেছে, যদিও এই অণুগুলি কিংবা তাহাদের স্পন্দন আমরা খুব ভাল অণুবীক্ষণযন্ত্র দ্বারাও দেখিতে পাই না। অণুগুলির স্পন্দন যখন কোনও এক নির্দিষ্ট মাত্রার ভিতর থাকে, তখন সেই কম্পন হইতে তাপের উৎপত্তি হয়। বস্তু-উষ্ণতা এই কম্পনের বেগের উপর নির্ভর করে। বাস্তব হইতে কোনও বস্তুতে তাপ লাগিলে এই কম্পন আবও বাড়িয়া যায়, কাজেই বস্তুর উষ্ণতা বাড়িয়া যায়।

**তাপ প্রয়োগ করিলে সকল পদার্থেই—**

(১) আয়তন বৃদ্ধি পায়,

(২) উষ্ণতা বৃদ্ধি ঘটে,

(৩) এবং সময় সময় অবস্থান্তর ঘটিয়া থাকে, যেমন বরফ গলিয়া

জল হয়, জল আবার বাষ্পে পরিণত হয়।

তাপ পাইলে সকল পদার্থ আয়তনে বর্ধিত হয় এবং তাপ কমাইলে সঙ্কুচিত হয়। তোমাদের মধ্যে যাহা বা কামাবশালে গরুর গাড়ীর চাকার বেড় পবাইতে দেখিয়াছ, তাহা বা বোধ হয় লক্ষ্য করিয়াছ যে প্রথমত লোহা বা বেড়টি কাঠের চাকার পবিধি অপেক্ষা কিছু ছোট করিয়া নির্মাণ করা হয়; সেইজন্য শীতল অবস্থায় বেড়টি কিছুতেই চাকায় লাগে না। কিন্তু লোহা বা বেড়টি উত্তমরূপে উত্তপ্ত করিয়া কামা বা কাঠের চাকার চাবিদিকে ইহাকে অনায়াসে লাগাইয়া দেয়, শীতল হইলে দেখা যায় কাঠের চাকার উপর ইহা দৃঢ়ভাবে চাপিয়া বসিয়াছে। অনেক সময় দেখিয়াছ, গাড়োয়ান গাড়ীর চাকায় জল ঢালে, পাছে বোধ পাইয়া বা মাটির ঘর্ষণে গরম হইয়া চাকার বেড় খুলিয়া


যায়, তাই গাড়োয়ান একপ করে।

ইহা হইতে তোমরা বুঝিতে পার

বে, চাকার বেড়টি উত্তাপ পাইয়া

বর্ধিত হয়, এবং শীতল হইলে

সঙ্কুচিত হয়। এই জন্যই বেলবাস্তাব




৪৬নং চিত্র—বেলবাস্তাব সংযোগস্থল

লোহা বা বেলগুলি একেবারে গাষেগাষে জুড়িয়া বসান হয় না, দুই দুইটির মাঝে একটু করিয়া ফাঁক রাখা হয়, কারণ তাহা না হইলে বোর্ডে বা গাড়ীর চাকার ঘর্ষণে উষ্ণতা-বৃদ্ধি হেতু যখন বেলগুলি দৈর্ঘ্যে কিঞ্চিৎ বাড়ে, তখন পবম্পব ধাক্কা খাইয়া বাঁকিয়া যাইতে পারে। তাপজনিত বৃদ্ধি কেবলমাত্র চাকার বেড় বা লোহা বা বেলের ধর্ম নহে, বস্তুত, জগতে যাবতীয় কঠিন, তবল ও গ্যাসীয় পদার্থ তাপ পাইলে বাড়িয়া থাকে।

ধাতব পদার্থ যে এই গুণবিশিষ্ট, তাহা তোমরা সহজেই নানা উপায়ে পরীক্ষা করিয়া দেখিতে পার।

একটি ধাতব গোলক ও একটি গোল বেড় নাও; বেড়টির ঘেব একরূপ হয়



৪৭নং চিত্র—তাপে


কঠিন পদার্থের বৃদ্ধি



যেন উহা ভিতর দিয়া শীতল অবস্থায় ধাতব গোলকটি কেবল যাতায়াত কবিত্তে পাবে মাত্র। পবে গোলকটি উত্তপ্ত কবিয়া দেখ, ইহা আব বেডটির ভিতর দিয়া যাইতেছে না (৪৭নং চিত্র)। গোলকটি বেডের উপর বাখিয়া শীতল জল ঢালিলে উহা সঙ্কুচিত হইয়া বেডটির ভিতর দিয়া নিচে পড়িয়া যাইবে।

এতদ্বিন্ন আরও বহুবিধ উপায়ে প্রমাণ কবিত্তে পাবা যায় যে, কঠিন দ্রব্য উত্তাপ পাইয়া প্রসারিত হয় এবং শীতল হইয়া সঙ্কুচিত হয়।

একটি শাখা-বিশিষ্ট একটি খুঁটির শাখাটিতে একটি লম্বা বাখাবি বা অণ্ড কোন একটি সবল দণ্ডের একদিকে সূতা বাঁধিয়া ঝুলাইয়া রাখ। পবে ছবিতে যেমন দেখান হইয়াছে সেইরূপ ভাবে বাঁখানিটির ঐ প্রান্তেই একটি ধাতব তাব বাঁধিয়া ঐ তাব টানিয়া এমন ভাবে বাঁধিয়া দাও যেন বাখানিটি ভূমির সহিত




৪৮নং চিত্র—তাপে কঠিন পদার্থের প্রসারণ

সমান্তবাল থাকিত্তে পাবে। এখন দণ্ডটির অপর প্রান্তে একটি গজ খাড়া কবিয়া রাখ যেন বাঁখানিটি উঁচু নিচু হইলে বুঝিত্তে পাবা যায় কতটুকু উচ্ছে উঠিল বা কতটা নিচে নামিল। এইবাব এই ধাতব তাবে স্পিবিট লম্ফের সাহায্যে উত্তাপ দিলে দেখা যাইবে বাঁখানিটির যে প্রান্ত গজের পাশে ছিল

তাহা নামিয়া যাইতেছে এবং স্পিবিট লক্ষ্য সবাইয়া লইলে আবার উঠিয়া যাইতেছে। ইহাতে আমরা এইকপ বুঝিতে পারি,—উত্তাপ পাইয়া ধাতব তাব বর্ধিত হয় এবং আল্গা হইয়া যাওয়ায় বাঁখাবিব যে প্রান্তে ইহা বাঁধা ছিল সেই প্রান্ত উঠিয়া যায়, ফলে অপব প্রান্ত নামিয়া যায়। কিন্তু স্পিবিট লক্ষ্য সবাইয়া লইলে পুনরায় ধাতব তাব শীতল হইয়া সঙ্কচিত হয় এবং তাবটিতে টান পড়ায় বাঁখাবিব অপব প্রান্ত উঠিয়া যায়।

৪৯নং চিত্রের মত একটি সরু ও লম্বা নলবিশিষ্ট কাচের ফ্লাস্ক (Flask) বড়িন্ জলে পূর্ণ করিয়া ইহার নলের যে পর্ষন্ত বড়িন্ জল উঠিল, সেইখানে



৪৯নং চিত্র—তাপে তরল  
পদার্থের বৃদ্ধি

একটি দাগ দাগ, মনে কর চিত্রের ক স্থানে সেই দাগ। পরে ফ্লাস্কটিতে তাপ প্রয়োগ করিলে দেখিবে, বড়িন্ জল প্রথমত সেই দাগ হইতে নিচে খ স্থানে নামিয়া আসিয়া আবার উপরে উঠিয়া যাইতেছে। ইহার কারণ, কাচপাত্র প্রথমেই উত্তাপ গ্রহণ করিয়া আয়তনে বর্ধিত হয়, সেইজন্য বড়িন্ জল ক দাগের নিচে আসে, কিন্তু তাহার পরে জলও তাপ গ্রহণ করিয়া আয়তনে বর্ধিত হয় এবং পূর্বোক্ত দাগ ছাড়িয়া উঠে। এই পরীক্ষায় বুঝিতে

পাওয়া যায় যে, উত্তাপ পাইয়া কঠিন ও তরল পদার্থ প্রসারিত হয়, এবং তরল পদার্থের প্রসারণ কঠিন পদার্থের প্রসারণ অপেক্ষা অধিক।

এক্ষণে গ্যাসীয়পদার্থ উত্তাপ পাইয়া প্রসারিত হয় কিনা দেখা যাউক। একটি কাচের ফ্লাস্কের কিসদংশ জলপূর্ণ করিয়া মুখটি উত্তমরূপে ছিপি বন্ধ কর। ছিপির মধ্য দিয়া একটি দুইমুখ খোলা, সরু ও লম্বা কাচের নল প্রবেশ করাইয়া উহার একমুখ জলে ডুবাইয়া দাও (৫০নং চিত্র)। পরে এই পাত্রটি গরমজলে ডুবাইলে দেখিবে যে, সরু নলটির ভিতরে পাত্রস্থ জল উঠিতেছে। তাহার কারণ, পাত্রস্থ বহুবায়ু তাপে প্রসারিত হইয়া বাহির হইতে না পারায়

জলে চাপ দেয়, এইজন্য জল উপবে উঠিতে থাকে। একটি ফুটবল ব্লাডাবেব মুখ বাঁধিয়া গবম জলে ফেলিয়া দিলে দেখিবে, ব্লাডাবটি ফুলিয়া উঠিতেছে। বস্তুত অল্পমাত্র উত্তাপেই গ্যাসীয় পদার্থ অত্যধিক প্রসারিত হয়। অতএব দেখা গেল যে, কঠিন পদার্থ অপেক্ষা তবল পদার্থ এবং তবল পদার্থ অপেক্ষা গ্যাসীয় পদার্থ, অধিক প্রসারিত হয়।

পূর্বেই বলা হইয়াছে যে উত্তাপ প্রয়োগ করিলে পদার্থ মাত্রই উষ্ণ হয়, কিন্তু এখানে বলিয়া বাখি যে, পদার্থের তাপ (Heat) ও পদার্থের উষ্ণতা

(Temperature) একার্থবোধক নহে। পদার্থে তাপ প্রয়োগ করিলে, তাহার তাপধারণ-ক্ষমতার উপর

তাহার উষ্ণতা নির্ভর করে। পদার্থ আয়তনে বড় হইলে তাহার তাপধারণ-ক্ষমতা মোটামুটি বাড়িয়া যায়। একটি ছোট পাত্রে কিছু জল লইয়া তাহাতে একটি স্পির্বিট ল্যাম্প দ্বারা তাপ প্রয়োগ কর এবং মধ্যে মধ্যে উহাতে হাত ডুবাইয়া দেখ উহার উষ্ণতা কিরূপ বৃদ্ধি পাইতেছে। অন্য একটি বৃহৎ পাত্রে অধিক জল লইয়া তাহাতেও ঐরূপ কর। কিছুক্ষণ পরে দেখিবে যে, ছোট পাত্রটির জল শীঘ্র উষ্ণ হইতেছে, অথচ বড় পাত্রের জলের উষ্ণতা প্রায় পূর্বমতই আছে। ইহাতে বুঝা যাইতেছে যে, সমপরিমাণ উত্তাপে সকল পদার্থ সমপরিমাণ উষ্ণ হয় না, বৃহৎ পদার্থ অল্প ও ক্ষুদ্র পদার্থ অধিক উষ্ণ হয়। আর একটি তৃতীয় পাত্রে এই দুই পাত্রের জল কিছু কিছু মিশাইয়া মিশ্রিত জলে হাত ডুবাইয়া দিলে বুঝিবে, এই জল ছোট পাত্রের জল অপেক্ষা শীতল, কিন্তু বড় পাত্রের জল অপেক্ষা উষ্ণ। ইহাতে প্রমাণিত হয় যে, উষ্ণতর জল কিছু তাপ ত্যাগ করিয়াছে এবং সেই তাপ অপর জল গ্রহণ করিয়া পূর্বাপেক্ষা উষ্ণ হইয়াছে। এই বিষয়টি তরল পদার্থের চলাচলের সহিত তুলনা করিলে বেশ বুঝিতে পারিবে।



৫০নং চিত্র—তাপে গ্যাসীয় পদার্থের বৃদ্ধি


১৮নং চিত্রে দেখ ক ও খ দুইটি পাত্রে একটি নল দ্বারা পবম্পব সংযুক্ত ; ইহাদের মধ্যে খ পাত্রে ক পাত্রেব তুলনায় আকাবে অনেক ছোট। নলের চাৰিটি বন্ধ কৰিয়া দুইটি পাত্রে জল একপভাবে ঢাল, যেন খ পাত্রেব জলতল ক পাত্রেব জলতল অপেক্ষা উচ্চ থাকে। এক্ষণে নলের চাৰিটি খুলিয়া দিলে দেখিব যে, খ পাত্রেব জলতল নামিয়া যাইতেছে ও ক পাত্রেব জলতল ক্রমশ উচ্চ হইতেছে, অবশেষে পাত্রে দুইটিব জলতল এক সমতলে আসিবে। অতএব দেখা যাইতেছে যে খ পাত্রেব জল পৰিমাণে কম হইলেও ইহাব তলেব উচ্চতা-হেতু ক পাত্রে আসিল। যদি বড় পাত্রেটিব জলতল উচ্চতৰ হইত, তবে দেখিতে ইহাব জনাই ছোট পাত্রে আসিত। জলেব চলাচল যেমন জল-তলেব উচ্চতাৰ উপৰ নিৰ্ভৰ কৰে, পৰিমাণেব উপৰ নিৰ্ভৰ কৰে না, তেমনই পদার্থ হইতে পদার্থান্তৰে তাপ-চলাচল তাপেব পৰিমাণেব উপৰ নিৰ্ভৰ না কৰিয়া কেবলমাত্র তাহাদেব উষ্ণতাৰ উপৰ নিৰ্ভৰ কৰে। কোনও বস্তুকে তদাপেক্ষা উষ্ণতৰ বস্তুব সহিত সংলগ্ন কৰিয়া দিলে শেযোক্ত বস্তু হইতে তাপ অপৰ বস্তুটিতে আসে, এবং শেষে দুইটি বস্তুই এককপ উষ্ণতা প্ৰাপ্ত হয়।

### থাম'মিটার

একটি পাত্রে জল লইয়া ইহাব নিচে উত্তাপ দিতে থাক, মধ্যে মধ্যে জলে হাত ডুবাইলে বুঝিবে, জল ক্রমশ উষ্ণ হইতেছে। অবশেষে এমন অবস্থা আসিবে যে, জলে হাত ডুবানই কষ্টকৰ হইবে। সেইকপ একটি লৌহদণ্ডেব একপ্রান্তে তাপ প্ৰয়োগ কৰিলে উহা ক্রমশ উষ্ণতৰ হইতে থাকে। দেখ তাপ পাইয়া সকল পদার্থ উষ্ণ হয় এবং ঐ উষ্ণতা আমবা স্পর্শশক্তিৰ দ্বারা অনুভব কৰি।

এখন দেখা যাউক, এই স্পর্শশক্তি দ্বারা পদার্থেব উষ্ণতা সম্বন্ধে আমবা সঠিক জ্ঞান পাই কি না। একটি গ্লাসে সাধাৰণ জল ও অপৰ দুইটি গ্লাসে যথাক্রমে

ববফ-জল ও উষ্ণজল লইয়া (৫১ নং চিত্র) শেষোক্ত দুইটি গ্লাসে দুই হাত কিছুক্ষণ ডুবাইয়া, পবে তৃতীয় গ্লাসে দুইটি হাতই একসঙ্গে ডুবাইলে বুঝিবে, যে হাত ববফ-জলে ডুবান ছিল, সেই হাতে এই গ্লাসেব জল গরম ও অপব হাতে শীতল বলিয়া বোধ হইতেছে।



৫১ নং চিত্র—উষ্ণতাব আপেক্ষিকত্ব

বাস্তবিক গরম বা ঠাণ্ডা তুলনার কথা। যে জিনিষ একজনেব কাছে ঠাণ্ডা, তাহাই অপবেব কাছে গরম বলিয়া বোধ

হইতে পবে। বিলাত হইতে সাহেববা এদেশে শীতকালে আসিলেও তাঁহাবা খুব গরম বোধ করিয়া থাকেন, যদিও আমবা সে সময় অতিশয় শীত অনুভব করি। অতএব দেখা গেল, স্পর্শশক্তি দ্বাৰা পদার্থেব উষ্ণতা সম্বন্ধে আমাদেব যে জ্ঞান, তাহা সকল সময় ঠিক নহে।

পদার্থেব উষ্ণতা সঠিক নিরূপণেব জন্ত বৈজ্ঞানিকগণ যে যন্ত্র প্রস্তুত করিয়াছেন, তাহাব নাম থার্মমিটার।


এই যন্ত্র নির্মাণেব মূলেব কথাটি তোমাদিগকে মোটামুটি বুঝাইতেছি। পদার্থেব উপব তাপ-প্রয়োগেব ফলে যেমন তাহাব উষ্ণতা বাড়ে, তেমনই সঙ্গে সঙ্গে তাহাব আয়তনও বৃদ্ধি পাইতে থাকে। উষ্ণতাবৃদ্ধি চোখে ধবা যায় না, কিন্তু আয়তনবৃদ্ধি ধবা যায়। অতএব আয়তনবৃদ্ধিৰ পৰিমাণ দ্বাৰা পৰোক্ষ উপায়ে উষ্ণতাবৃদ্ধি মাপ কবা যাইতে পাবে। দেখা যাউক, একটি লৌহদণ্ডকে এই উদ্দেশ্যে ব্যবহাৰ কবা যায় কিনা।

কোনও এক উত্তপ্ত বস্তুব উষ্ণতা মাপিবাব জন্ত লৌহদণ্ডটি তাহাব সহিত সংযুক্ত কবা হইল। উষ্ণ বস্তু হইতে কিছু তাপ লৌহদণ্ডে আসিয়া উহাব আয়তনবৃদ্ধি করিল, এই বৃদ্ধি অতি সামান্য, চোখে ধবা যায় না। কিন্তু কঠিন পদার্থ অপেক্ষা তবল পদার্থেব তাপজনিত বৃদ্ধি বেশী। সেইজন্ত থার্মমিটার

প্রস্তুত কবিতো তবল পদার্থেব ব্যবহাবই স্তবিধাজনক । আবাব তবল পদার্থেব মধ্যে জল, তেল ইত্যাদি অপেক্ষা পাবদ ব্যবহাব করায় অনেক স্তবিধা আছে । তন্মধ্যে প্রধান স্তবিধা এই যে, যে উষ্ণতায় তেল, জল ইত্যাদি বাষ্পীভূত হয়, সেই উষ্ণতায় পাবদ তবলই থাকে, আবাব যে শৈতো তেল, জল ইত্যাদি জমিয়া কঠিন হইয়া যায়, সেই শৈতোও পাবদ তবল থাকে । এতদ্ব্যতীত তেল, জল ইত্যাদি অপেক্ষা পাবদ ভাঙাতাডি গবম হয় ।

সাধাবণত থার্মমিটার একটি লম্বা সূক্ষ্ম-ছিদ্রবিশিষ্ট নল দ্বারা প্রস্তুত । ইহাব একপ্রান্তে একটি অপেক্ষাকৃত বৃহদায়তনেয ফাঁপা কুণ্ড ( Bulb ) আছে । কুণ্ড ও নলেব কিয়দংশ পাবদপূর্ণ থাকে । নির্মাণকালে যন্ত্রটি বায়ুশূন্য ও পাবদ পূর্ণ কবিয়া নলেব অপর মুখটি অঁটিয়া দেওয়া হয় । কুণ্ডটি আকাবে বৃহত্তর

থাকায় উত্তাপ পাঠিয়া পাবদেব যে বৃদ্ধি হয়, তাহাতে ইহা নলেব সূক্ষ্ম ছিদ্রপথে বহুদূর যাইতে পাবে ।




৫২নং চিত্রে দুইটি থার্মমিটার দেখান হইয়াছে । যন্ত্র দুইটি আকাবে একইরূপ হইলেও ইহাদেব গায়েব দাগগুলি একরূপ নয । যন্ত্র দুইটিকে যদি ববফগলা জলেব মধ্যে ডুনাইয়া বাখা হয়, তবে দেখা যায়, পাবদ সঙ্কচিত হইয়া একটি যন্ত্রেব ০ দাগে ও দ্বিতীয়টিব ৩২ দাগে আসিয়া স্থিব হয়, ইহাকে **হিমাঙ্ক** (Freezing point) বলে । পুনবায় যদি যন্ত্র দুইটিকে ফুটন্ত জলেব বাষ্পেব মধ্যে ডুবান হয়, তবে দেখা যাইবে পাবদ প্রসাবিত হইয়া প্রথম

৫২ নং চিত্র—থার্মমিটার যন্ত্রেব ১০০ দাগে এবং দ্বিতীয় যন্ত্রেব ২১২ দাগে আসিয়া স্থিব থাকে, ইহাকে **ফুটনাঙ্ক** (Boiling point) বলা হয় । এই দুইটি দাগেব মধ্যবর্তী স্থানকে যথাক্রমে ১০০ ও ১৮০ ভাগ করা হয় এবং এক একটি অংশকে **ডিগ্রী** (Degree) বলা হয় । প্রথম যন্ত্রটিকে **সেন্টিগ্রেড** (Centigrade)


ও তৃতীয়টিকে ফারেনহাইট (Fahrenheit) বলা হয়। তাহা হইলে সেন্টিগ্রেড্ মতে  $0^{\circ}$  ডিগ্রীতে ও ফারেনহাইট মতে  $32^{\circ}$  ডিগ্রীতে জল জমিয়া বরফ হয় এবং সেন্টিগ্রেড্ মতে  $100^{\circ}$  ডিগ্রীতে ও ফারেনহাইট মতে  $212^{\circ}$  ডিগ্রীতে জল ফুটিয়া বাষ্প হইয়া যায়। বলা বাহুল্য যে, হিমাঙ্ক নিচে কিংবা স্ফুটনাঙ্ক উপরে কাচনলের অংশকে সমানুপাতে ভাগ করা হয়।

থার্মমিটারে হিমাঙ্ক বাহির করিবার জন্য একটি ফানেলের উপর উহাৰ কুণ্ড বাথিয়া তাহাৰ চানিধাবে বরফ দিয়া ফানেলটি বরফ পূর্ণ করা হয়। ইহাতে থার্মমিটারের নলের পানদ নামিয়া একটি স্থানে স্থির হয়। ইহাই হিমাঙ্ক। ফানেল হইতে বরফ গলা জল ধরিবার জন্য নিচে একটি পাত্র রাখা হয়।



৫৩নং চিত্র—হিমাঙ্ক স্থিরীকরণ

হিপসোমিটার (Hypsometer) নামক যন্ত্র সাহায্যে স্ফুটনাঙ্ক বাহির করা



৫৪নং চিত্র—হিপসোমিটার

উঠিয়া ঐ আটক পান হইয়া গা নল দিয়া বাহিরে চলিয়া যায়। ঘনীভূত হইয়া বাষ্পে যে অংশ জল হয় তাহা

হয়। একটি পাত্রে জল ফুটান হয়, তাহাৰ উপরে এই হিপসোমিটার বসান হয়। ইহাৰ মধ্যস্থল দিয়া উচ্চতামান যন্ত্রটি উ এমন ভাবে প্রবেশ করাওয়া দেওয়া হয় যেন এই হিপসোমিটারে থাকা কালে পানদ যত দূবেই উঠুক না কেন উহাৰ মাত্র শেষ বিন্দুটি আমাদের দৃষ্টিগোচরে থাকে। ইহা একটি ধাতব পাত্র। ইহাৰ দুইদিকে দেওয়ালের গাষ আটক থ আছে। এই আটকগুলি কিন্তু মাথা পর্যন্ত যায় নাই। জলীয় বাষ্প ইহাৰ মধ্যস্থল হইতে

ধবিবাব জন্ত হিপসোমিটারেব নলেব মুখে আব একটি পাত্র বৃসান থাকে ।

কোনও একপ্রকাব থার্মিটার সাহায্যে পঠিত উষ্ণতা জানা থাকিলে, অপব যন্তে তাহা কত হইবে বলিতে পাৰা যায় । ইহাদেব যোগ-সূত্র এই—

$$\frac{f-32}{2} = \frac{s}{5}$$

এখানে 'ফ' অর্থে ফারেনহাইট যন্তে পঠিত উষ্ণতা ও 'স' অর্থে সেন্টিগ্রেড্ যন্তে পঠিত উষ্ণতা বৃঝিতে হইবে । অতএব ফারেনহাইট যন্তে নির্ণীত উষ্ণতা হইতে ৩২ বিয়োগ কৰিয়া বিয়োগফলকে  $\frac{5}{9}$  দিয়া গুণ কৰিলে সেন্টিগ্রেড্ ডিগ্রী ও সেন্টিগ্রেড্ যন্তে নির্ণীত উষ্ণতাকে  $\frac{9}{5}$  দিয়া গুণ কৰিয়া ৩২ যোগ দিলে ফারেনহাইট্ ডিগ্রী পাওয়া যায় । সকল সময় মনে রাখিও, কোনও বস্তুব উষ্ণতা বলিবাব সময় তাহা সেন্টিগ্রেড্ বা ফারেনহাইট্ কোন যন্তে নির্ণীত হইয়াছে, তাহাব উল্লেখ কৰিতে হয় ।

ধব, প্রচণ্ড গ্রীষ্মে বায়ব উষ্ণতা ১১৩ ডিগ্রী ফারেনহাইট্ উঠিল । ইহা সেন্টিগ্রেড্ যন্তে কত হইবে ?

$$s = (f - 32) \times \frac{5}{9}$$

$$= (113 - 32) \times \frac{5}{9} = 81 \times \frac{5}{9} = 45^{\circ}$$

অতএব সেন্টিগ্রেড্ যন্তে ইহা ৪৫ ডিগ্রী হইবে ।

সাধাবণত বিজ্ঞান সম্বন্ধীয় সমস্ত কার্যে সেন্টিগ্রেড্ যন্তই ব্যবহৃত হয় । ডাক্তাবেবা শবীবেব উষ্ণতা মাপিবাব জন্ত ফারেনহাইট্ যন্ত ব্যবহাব কবেন । তাহাবা যে যন্ত ব্যবহাব কবেন, তাহাব একটু বিশেষত্ব আছে । ইহাতে ৯৫ ডিগ্রী ফাঃ হইতে ১১০ ডিগ্রী ফাঃ পর্যন্ত দাগ দেখিতে পাওয়া যায় (৫৫ নং চিত্র) ; কাবণ সাধাবণত মানুষেব স্তস্ত দেহেব উষ্ণতা ৯৮.৫ ডিগ্রী ফাঃ । ৯৫ ডিগ্রীব নিচেব উষ্ণতায় কিংবা ১১০ ডিগ্রীব উপবেব উষ্ণতায় মানুষ বাঁচিয়া থাকিতে




পাবে না। শারীর থার্মমিটার (Clinical thermometer) যন্ত্রের প্রধান বিশেষত্ব এই যে, ফাঁপা কুণ্ড ও সৰু নলের সংযোগস্থলে ছিদ্রটি



৫৫নং চিত্র—শারীর থার্মমিটার

একটু বেশী সূক্ষ্ম ও বক্রাকার করা হইয়াছে। ইহাতে সুবিধা এই যে, শরীর হইতে থার্মমিটারটি বাহির করিয়ামাত্রই বাহিরের বায়ুর সংস্পর্শে নলের পান্দ সঙ্কুচিত হইয়া কুণ্ডে দিবিয়া আসিতে চায়, কিন্তু ঐ বাকের জন্ত আসিতে পাবে না, অথচ শরীরের তাপ পাঠয়া পান্দ এখন আঘতনে বাড়ে, তখন উহা ঐ বুদ্ধির জোবে সেই বাক পান হইয়া নলে উঠে। এইজন্ত দেহের উষ্ণতা পুনরায় মাপিবাব পূর্বে যন্ত্রটিকে ঝাড়িয়া লইয়া পান্দসূত্রটিকে নামাইয়া দিতে হয়।

দিন ও রাত্রির মধ্যে বায়ুর সর্বোচ্চ উষ্ণতা নির্দেশ করিবাব জন্ত একপ্রকার যন্ত্র ব্যবহৃত হয়, তাহাকে গরিষ্ঠ থার্মমিটার (Maximum Thermometer) বলে (৫৬নং চিত্র), ঐরূপ লঘিষ্ঠ থার্মমিটারের দ্বারা বায়ুর সর্বনিম্ন উষ্ণতাও



৫৬নং চিত্র—গরিষ্ঠ ও লঘিষ্ঠ থার্মমিটার

মাপা যায়। গরিষ্ঠ থার্মমিটার একটি সাধারণ ফাৰেণহাইট যন্ত্র বাতীত অন্য কিছু নহে। চিত্রে দেখ, কেবলমাত্র উহাব কাচনলটি সোজাভাবে না তুলিয়া ঝাঁকাইয়া দেওয়া হইয়াছে এবং নলের ভিতবে একটি লোহাব কাঁটা বহিয়াছে।

## বিজ্ঞান

বায়ু উষ্ণ হইলে পাবদ প্রসারিত হইয়া এই লোহাব কাঁটাটিকে সম্মুখে ঠেলিয়া দেয় এবং বায়ু শীতল হইলে পাবদ সঙ্কুচিত হইয়া কুণ্ডের দিকে ফিবিয়া আসে এবং কাঁটাটি যে স্থানে ছিল সেই স্থানেই থাকিয়া যায়। কাঁটার অবস্থান দেখিয়া দাগের সাহায্যে বায়ুর সর্বোচ্চ উষ্ণতা জানিতে পাওয়া যায়।

**লঘিষ্ঠ থার্মমিটারে (Minimum Thermometer)** পাবদের পবিবর্তে সূবাসাব ব্যবহৃত হয়। ইহাও একটি ফারেনহাইট যন্ত্র। ইহাও বাচনের ভিতবেও একটি লোহাব কাঁটা থাকে। বায়ু উষ্ণ হইলে সূবাসাব প্রসারিত হইয়া কাঁটা পাব হইয়া চলিয়া যায় এবং শীতল বায়ু উষ্ণ হইলে যখন উহা সঙ্কুচিত হয় তখন সূবাসাবের শেষ প্রান্তের তলটি লোহাব কাঁটাকে টানিয়া আনে। এই কাঁটার অবস্থান দেখিয়া বায়ুর সর্বনিম্ন উষ্ণতা নির্ণীত হয়।

## তাপ-চলাচল

সাধারণত তিনটি উপায়ে এক পদার্থ হইতে অন্য পদার্থে উত্তাপ চালিত হইয়া থাকে। যথা :—


- (১) পবিবহন
- (২) পবিচলন
- (৩) বিকিরণ

একটি লৌহদণ্ডের এক প্রান্ত আগুনে ধরিলে অপর প্রান্তটিও শীঘ্র গরম হইয়া উঠে। আগুনের ভিতর লৌহদণ্ডের যে প্রান্ত থাকে, সেই প্রান্তের অণুগুলির স্পন্দন বাড়িয়া যায়। এই স্পন্দনের ফলে পার্শ্বের অণুগুলিতে ধাক্কা লাগিয়া তাহাদেরও স্পন্দন বাড়ে। ক্রমে ক্রমে লৌহদণ্ডের অপর প্রান্তের অণুগুলিরও স্পন্দন বাড়ে অর্থাৎ তাহাও উত্তপ্ত হয়। এইরূপে কোনও বস্তুর অণুগুলিরও স্পন্দনের সাহায্যে এক অংশের তাপ অন্য অংশে আসা-যাওয়াকে **পবিবহন (Conduction)** বলে। মনে রাখিও এই তাপ-পবিবহনে বস্তুর অণুগুলি

একস্থান হইতে অন্যস্থানে চালিত হয় না, যাহা চালিত হয়, তাহা তাহাদের বর্ধিত স্পন্দনের ধাক্কা মাত্র।

যখন কোনও পদার্থকে তদপেক্ষা উষ্ণতর পদার্থের সহিত সংলগ্ন করিয়া দেওয়া হয়, তখন উষ্ণতর পদার্থ হইতে তাপ এই পবিবহন ক্রিয়ার দ্বারা অন্য পদার্থে বহিয়া আসে, ফলে কিছুক্ষণ পবে দুইটি বস্তুই একই উষ্ণতা প্রাপ্ত হয়। কঠিন পদার্থে তাপ-চলাচল পবিবহনক্রিয়ার দ্বাৰাই সম্পন্ন হইয়া থাকে। পদার্থমাত্রেই কিছু না কিছু তাপ পবিবহন কবে; তবে ধাতব পদার্থ সৰ্বাপেক্ষা উত্তম তাপ-পবিবাহী।

এক কেটলী জল উনানের উপর বসাইলে কিছুক্ষণ পবে গবম হইয়া উঠে। কেটলীর তলায় জল তাপ পাইয়া প্রসারিত হওয়ায় লঘু হয়। কিন্তু তরল পদার্থের কণাগুলি ইতস্তত নড়িয়া চড়িয়া বেড়াইতে পাবে। সুতরাং কেটলীর তলায় উত্তপ্ত এবং লঘু জলকণাগুলি উপরের দিকে উঠিতে থাকে। পাশের শীতল জল আসিয়া উহাদের স্থান অধিকার কবে। তাহাবপব এই জলও পুনৰায় গবম হইয়া উপরের জল অপেক্ষা যখন লঘু হয়, তখন ইহাও উপরে উঠে এবং উপরের জল পাশ দিয়া নিচে নামিয়া আসিতে বাধ্য হয়। এইরূপ ববাবব উঠা-নামাব ফলে কেটলীর সমস্ত জল গবম হইয়া শেষে ফুটিতে আবন্ত কবে। এতএব দেখা গেল, তরল পদার্থে তাপ-চলাচল উহাব কণাগুলিব ক্রমাগত উঠানামাব ফলে হইয়া থাকে, ইহাকে **পরিচলন (Convection)** বলে।



৫৭নং চিত্র—পরিচলন

উপবে যাহা বলা হইল, পৰীক্ষা দ্বারা তাহা সহজেই প্রমাণ কবিতে পাব। একটি কাচকূপীর তলায় একটু ম্যাঙ্গেটা বং ফেলিয়া দিয়া কাচকূপী জলে পূর্ণ কর

এবং ইহাব তলার স্পিবিট ল্যাম্প দ্বারা তাপ প্রয়োগ কর। কিছুক্ষণ পবে দেখিবে যে পাত্রের তলার ম্যাজেস্টা হইতে কয়েকটি সূক্ষ্ম বিন্দু স্রোত উপবদিকে উঠিয়া পবে পাশ দিয়া নিচে নামিতেছে (৫৭নং চিত্র)।

তবল পদার্থের মত গ্যাসীয় পদার্থেও পবিচলন-ক্রিয়া দ্বারাই তাপ চলাচল করিয়া থাকে, জলন্ত উনানের উপবেব বায়ু গবম হইয়া লঘু হয় এবং উপবে উঠিতে থাকে, সঙ্গে সঙ্গে পাশের বাতাস নিচে নামিয়া ঐ শূন্য স্থান পূর্ণ কবে। এইরূপে গবম ও ঠাণ্ডা বাতাসের আনাগোনার বাতাস বেশ গবম হইয়া উঠে। গ্রীষ্মকালে ছপুবে গ্রাম হইতে মাঠে আসিয়া পড়িলে দেখা যায়, যেন মাঠের উপব হইতে শাদা আঙনের হকা উঠিতেছে। বাস্তবিক উহা উর্ধ্বগামী গবম বায়ু স্রোত ভিন্ন আব কিছুই নহে। প্রথমে রোদ্রে মাটি খুব গবম হইয়া উঠে, মাটির উপবেব বাতাস ঐ গবম মাটির সংস্পর্শে খুব গবম হয় এবং হাকা হইয়া উপবে উঠিবার সময় এইরূপ দেখায়।

এই তাপ-পবিচলন-ক্রিয়া তবল ও গ্যাসীয় পদার্থেই হওয়া সম্ভব, বঠিন পদার্থে সম্ভব নয়, কাবণ কঠিন পদার্থের কণাগুলি তবল ও গ্যাসীয় পদার্থের কণার মত ইতস্তত চলাফেরা করিতে পাবে না।


এইবাব তাপ-চলাচলের তৃতীয় প্রক্রিয়ার কথা বুঝা যাউক। সূর্য পৃথিবী হইতে প্রায় নয় কোটি মাইল দূবে থাকিয়াও নিত্য আমাদিগকে উত্তাপ দিতেছে। পৃথিবীর উপরে বায়ুমণ্ডল মাত্র একশত কি দেড়শত মাইল পর্যন্ত বিস্তৃত, তাবপব মহাশূন্য। সুতবাং এখানে পরিবহন বা পবিচলন কোনটিও সম্ভব নয়। তাহা হইলে সূর্যের তাপ পৃথিবীতে কিকপে আইসে? ইহা বুঝাইবাব জন্য বৈজ্ঞানিকগণ কল্পনা করিয়াছেন যে, এই বিশ্বব্রহ্মাণ্ড ব্যাপিয়া এক অতি সূক্ষ্ম, অতীন্দ্রিয় বস্তু রহিয়াছে, ইহাকে তাঁহাবা ঈথার (Ether) কহেন। উত্তপ্ত সূর্যের অণুগুলিব স্পন্দন এই ঈথাবে বিভিন্ন প্রকাবের ঢেউ তুলিয়া দেয়। ঢেউগুলি ঈথারের মধ্য দিয়া চারিদিকে ছড়াইয়া পড়ে। ইহাদের মধ্যে একপ্রকাবের ঢেউ কোনও বস্তুতে আসিয়া বাধা পাইলে তাহাকে উত্তপ্ত করে। ঈথার-তরঙ্গের সাহায্যে

তাপের একস্থান হইতে অন্যস্থানে গমনাগমনের নাম বিকিরণ (Radiation) বিকিরিত তাপ উষ্ণ বস্তু হইতে উহার চতুর্দিকে সবল বেখাক্রমে ছড়াইয়া পড়ে। উনানের ধাৰে বসিয়া থাকিলে আমরা যে তাপ পাই, বিকিরণই তাহার কারণ। উত্তপ্ত বস্তু মাত্রই তাপ বিকিরণ দ্বারা ক্রমশ শীতল হয়। বায়ু ঈশাব-তবঙ্গকে বিশেষ বাধা দেয় না, এইজন্য বিকিরণ দ্বারা তাপ-চলাচলের সময় ইহা উত্তপ্ত হয় না।

তাপ যে তিনটি বিভিন্ন উপায়ে এক বস্তু হইতে অন্য বস্তুতে গমনাগমন কবে তাহা বলিলাম। এখন সেগুলির সম্বন্ধে একটু আলোচনা করা যাউক। সকল জিনিসের তাপ পরিবাহিতা (Conductivity) সমান নয়। বাধা কবিবাব সময় হবত দেখিয়াছ, লোহা বা পিতলের হাতা, খুস্তি দিয়া দুই একবাব কডাব গবম জিনিস নাডিলে উহাৰা এত উত্তপ্ত হইয়া যায় যে, তাহাদিগকে অধিকক্ষণ ধবিয়া বাখা কষ্টকব হয়, কিন্তু যে কাঠের একপ্রান্ত বহুক্ষণ ধবিয়া উনানে জলিতেছে, তাহাবও অপবপ্রান্ত অনাযাসে বহুক্ষণ ধবিয়া বাখা যায়। ইহাতে বুঝা যায়, লোহা ও পিতল উত্তম তাপ-পবিবাহী কিন্তু কাঠ তাহা নহে। তুলা, ফ্লানেল, পশম, বেশম, কাগজ, বেত, চামড়া, জল ইত্যাদি তাপ পবিবাহী নয় বলিলেই চলে। সেইজন্য উনান হইতে গবম কড়া, হাঁডি ইত্যাদি নামাইতে হইলে দুই হাতে কাপড় বা কাগজ ইত্যাদির টুকুৰা লইয়া পাত্রগুলি ধবিতে হয়। তোমবা বোধ হয় দেখিয়াছ, অনেক কেটলীব হাতলে বেত জড়ানো থাকে। বেতের তাপপবিবাহিতা কম বলিয়াই একপ করা হইয়া থাকে। বেতজড়ানো হাতলটি ধবিয়া উনান হইতে গবম কেটলীটিকে নামাইতে কোন কষ্ট হয় না। এই একই কারণে অনেক পাত্রের হাতলে কাঠ লাগানো থাকে। বাঙালার মিজিকে তাতাল গবম কবিতে দেখিয়াছ, উহাব হাতলটিতেও কাঠ লাগানো থাকে।

মার্বেলপাথর, প্লেট, মাটি ইত্যাদি অল্প পবিমাণে তাপ পবিবহন কবিয়া থাকে। একটি স্যালুমিনিয়মের হাঁডি যত শীঘ্র গবম হয়, একটি মাটির হাঁডি তত শীঘ্র গবম হয় না।

ধাতু মাত্রই উত্তম তাপপরিবাহী বটে, কিন্তু তাই বলিয়া সকল ধাতু সমান পরিবাহী নহে। এই পরিবহন শক্তি তুলনা করিয়া দেখিবার জন্য



৫৮নং চিত্রের দ্বারা একটি পাত্র লইয়া তাহার গাত্রস্থিত ছিদ্রগুলিতে বিভিন্ন ধাতবদ্রব্যের সমদীর্ঘ দণ্ড লাগাও। খানিকটা মোম গলাইয়া তাহার সাহায্যে দণ্ডগুলির গায়ে সমদূরে এক একটি লোহার গুলি আঁটিয়া দাও। পরে

৫৮নং চিত্র—বিভিন্ন বস্তুর তাপ পরিবহন

পাত্রটিতে ফুটন্ত জল ঢালিয়া কিছুক্ষণ


রাখিলে দেখা যাইবে যে এক এক করিয়া গুলি কয়টি পড়িয়া যাইতেছে, যেটির গুলি আগে পড়বে সেই দণ্ডটি সবচেয়ে বেশী তাপ পরিবাহী। এইরূপ পরীক্ষা করিলে দেখা যায়, বৌপ্যের তাপপরিবাহিতা সর্বাপেক্ষা অধিক, তাহার পর যথাক্রমে তাম্র, স্বর্ণ, অ্যালুমিনিয়াম, পিতল, টিন এবং লোহা ইত্যাদি। এজন্য লোহার পাত্র অপেক্ষা অ্যালুমিনিয়ামের পাত্রে এবং অ্যালুমিনিয়াম অপেক্ষা তাম্রের পাত্রে বোধিতে সুবিধা হয়।

শীতকালে আমরা শীত নিবারণের জন্য গবম কাপড়, গবম জামা, মোজা, শাল ইত্যাদি ব্যবহার করি। এগুলি সাধারণত ফ্লানেল, পশম, মেকন প্রভৃতি হইতে প্রস্তুত। এগুলিকে গবম বলা হয় বলিয়া সত্য সত্যই যে উহারা উষ্ণ, তাহা মনে করিও না। প্রকৃতপক্ষে ইহাদের তাপপরিবাহিতা খুবই কম, তাই ইহাদের দ্বারা দেহ ঢাকিয়া রাখিলে দেহের স্বাভাবিক তাপ বাহিরের ঠাণ্ডা বায়ুতে আসিতে পারে না, সেইজন্য শরীর গবম থাকিলা যায়।

একটি ব্যাপার হইত তোমরা লক্ষ্য করিয়া থাকিবে যে, শীতকালে পিতল কাঁসা প্রভৃতি স্পর্শ করিলে তাহাদিগকে কাপড়-চোপড় ইত্যাদি অপেক্ষা শীতল বলিয়া মনে হয়, যদিও একঘরের ভিতর থাকিয়া তাহাদের কোন-একটি অপব্যব দ্রব্য অপেক্ষা উষ্ণতার কম বেশী থাকিতে পারে না। শীতকালে

আমাদের শরীরের উষ্ণতা চতুর্দিকের দ্রব্যগুলির উষ্ণতা অপেক্ষা অধিক ; আবার ধাতব পদার্থগুলি উত্তম তাপ-পরিবাহী ; সুতরাং তাহারা আমাদের শরীর হইতে তাপ তাড়াতাড়ি টানিয়া লয় । এইজন্য ইহাদিগকে ঠাণ্ডা বলিয়া বোধ হয় , কিন্তু কাপড়-চোপড় অপরিবাহী বলিয়া তাহা পাবে না ।

তবল পদার্থ পরিচলনক্রিয়ার দ্বারা উত্তপ্ত হয় । সাধারণত **তরলপদার্থের তাপ-পরিবাহিতা** খুবই অল্প । উহাদের মধ্যে কেবল পানিরই ধাতব পদার্থের ন্যায় উত্তম পরিবহন-শক্তি আছে । একটি বড় পবীক্ষানল লইয়া উহা তিন-চতুর্থাংশ জলপূর্ণ করিয়া জলের পরিবহন-শক্তি পরীক্ষা কর । নলটির নিচে তাপ প্রয়োগ করিলে পরিচলন ক্রিয়ার জন্য পরিবহন কিছু হইতেছে কিনা বঝা যাইবে না । এইজন্য জলের উপর দিকে একটি স্পির্ডিট ল্যাম্পের সাহায্যে উত্তাপ দিলে (৫৯নং চিত্র) দেখিবে উপরের জল উষ্ণ



৫৯নং চিত্র—জলের তাপ পরিবহন পরীক্ষা

হইয়া ফুটিতে থাকিলেও তলাব জল বেশ শীতল আছে । তোমরা বোধ হয় দেখিয়াছ যে, গ্রীষ্মকালে পুকুরের উপরের জল খুব গরম লাগিলেও ডুব দিলে নিচের ঠাণ্ডা জল বেশ আবার পাওয়া যায় ।

**গ্যাসীয় পদার্থের পরিবাহিতা** তবল পদার্থ অপেক্ষাও কম । তুলা, ফ্লানেল, পশম ইত্যাদির আঁশের মধ্যে অনেক বায়ু আবদ্ধ হইয়া থাকে , এই বায়ু ও তুলা শরীরের তাপ রক্ষা করে । এইজন্য সূতার পোষাক অপেক্ষা তুলা বা ফ্লানেলের পোষাকে বেশী শীত ভাঙ্গে । ব্যবহৃত লেপের তুলা চাপিয়া বসিয়া গেলে তাহাতে ভাল শীত ভাঙ্গে না , তখন পুনর্বার তুলা ধুনাইয়া লইতে হয় । ঐকপ করিলে তুলাব ফাঁকগুলি বড় হয় এবং ঐ ফাঁকে অনেক বায়ু আটকাইয়া যায় । শীতের সকালে তোমরা হয়'ত দেখিয়া থাকিবে যে, কোঁচার কাপড় খুলিয়া খালিগায়ে জড়াইলে অনেকটা শীত নিবারণ হয় , কারণ কাপড়

ও শবীবেব মধ্যে যে বায়ু থাকে, তাহাই শবীবেব তাপ-বহির্গমন অনেকটা বন্ধ কৰিয়া দেয়। ইহাও বোধ হয় তোমরা জান যে, ওয়াড দেওয়া লেপ ব্যবহাৰ কৰিলে যতটা শীত ভাঙ্গে, ওয়াড়হীন লেপে তত ভাঙ্গে না; কাৰণ লেপ ও তাহাব ওয়াডেব মধ্যে যে ছুই স্তৰ বায়ু আবদ্ধ থাকে, তাহা শীতভাঙ্গা কাজে যথেষ্ট সহায়তা কৰে।


গ্রীষ্মকালে দিনেব বেলায় টিনেৰ ঘৰ, খডেব ঘৰ অপেক্ষা চেব বেশী গৰম হয়। বৌদ্রেব তাপে টিন শীঘ্ৰই গৰম হইয়া যায় এবং ঘৰেব ভিতৰদিকে সেই তাপ বিকিবণ কৰিয়া ঘৰকে উত্তপ্ত কৰে, কিন্তু খড তাপ-পৰিবাহী নহে বলিয়া ঘৰকে ঠাণ্ডা বাখে। শীতকালে ঠিক ইহাব উ-টা হয়; ঘৰেব গৰম টিনেব ভিতৰ দিয়া বাহিৰে ছড়াইয়া পড়ে, কিন্তু খড ঘৰেব উত্তাপ একপ ভাবে নষ্ট হইতে না দিয়া ঘৰকে গৰম বাখে। আৰু দেখা যায়, অত্যন্ত গৰম দুধ পান কৰিতে অসুবিধা বোধ কৰিলে মেঘেবা উহা কাল পাথৰ বাটিতে ঢালিয়া ঠাণ্ডা কৰিয়া লয়েন। ইহাব কাৰণ, কাল বাটিব মধ্য দিয়া তাপ দ্ৰুতবেগে বিকিবিত হইতে থাকে। শাদা বাটিব বিকিবণ ক্ষমতা কম বলিয়া ঐ গৰম দুধ শাদা বাটিতে ঢালিলে ঠাণ্ডা হইতে অনেক বিলম্ব হয়। একটা কাল বংএব এনামেল্ কবা কেট্‌লী ও শাদা বংএব এনামেল্ কবা কেট্‌লীতে সমপৰিমাণ ফুটন্ত জল বাখিলে দেখা যায়, কাল কেট্‌লীব জলই আগে ঠাণ্ডা হইতেছে। কাল বংএব পদার্থ শাদা বংএব পদার্থ অপেক্ষা দ্ৰুত তাপ গ্ৰহণ কৰে ও বিকিবণ কৰে। এইজন্য গ্ৰীষ্মকালে শাদা জামা ব্যবহাৰ কৰাই সুবিধা। ইহা সূৰ্যকিবণ প্ৰতিফলিত কৰে এবং নিজে শীঘ্ৰ গৰম হয় না। এই কাৰণেই কেহ কেহ গ্ৰীষ্মকালে ছাতাব কাল কাপডেৰ উপৰ আৰু একটা শাদা কাপড় বসাইয়া লন।

কোন দ্ৰব্য হইতে যদি উপযুক্ত তিনটি উপায়ে তাপ নিৰ্গত হওয়া বন্ধ কৰা যায় তবে দ্ৰব্যটি একই বকম উষ্ণ বা শীতল থাকিয়া যাইবে। থাৰ্মস ফ্লাস্কে (Thermos flask) এই তিন উপায়ে যাহাতে তাপ চলাচল কৰিতে না পাবে তাহাব অনেকটা ব্যবস্থা কৰা হইয়াছে। একেবারে উক্ত প্ৰক্ৰিয়া কৰাটিক পথ



বন্ধ করা কোন প্রকারে সম্ভব নয়। ফলে ইহাতে কোন দ্রব্য রাখিলে ২৪ ঘণ্টা পর্যন্ত দ্রব্যটি এক রকম উষ্ণতার থাকিতে পারে।

দুইটি দেওয়ালবিশিষ্ট একটি কাচের বড় মুখওয়াল বোতল—দেওয়াল দুইটির মধ্যবর্তী স্থানে বায়ু আবদ্ধ আছে। বাহিবেব বায়ুর সহিত এই বায়ুর কোনও রূপে সংযোগ নাই। কাচের দেওয়ালগুলি আয়নার মত চক্চকে করিয়া পালিশ করা। একটি টিনের পাত্রে কর্কেব উপর এই কাচের পাত্রটি আবদ্ধ থাকে এবং চাবিদিকেই কর্ক দিয়া টিনের পাত্রের সহিত উহাব ব্যবধান বন্ধ করা হয়। টিনের পাত্রটির মুখ প্যাচ ওয়াল টিনের ঢাকনি দিয়া বন্ধ করা যায় এবং ভিতবেব কাচের পাত্রটির মুখ কর্ক দিয়া বন্ধ রাখা হয়। ইহাই হইল থার্ম'স ফ্লাস্ক।



৬০নং চিত্র—থার্ম'স ফ্লাস্ক

যখন কাচ পাত্রের ভিতর কোন পদার্থ থাকে তখন ইহাব কাচের দেওয়াল ভেদ করিয়া সহজে তাপ পরিবাহিত হইতে পারে না। কারণ কাচ এবং বায়ু উভয়ে ভাল তাপ পরিবাহী নহে। তদুপরি কাচ পাত্রের গা চক্চকে হওয়ায় ভিতবেব তাপ ভিতবে এবং বাহিবেব তাপ বাহিবেই বিকিৰিত হবে। কাজেই সহসা ভিতবেব তাপ বাহিবে এবং বাহিবেব তাপ ভিতবে আসিতে পারে না। ফলে ভিতবেব দ্রব্য অনেকক্ষণ ধরিয়া একরূপ উষ্ণ থাকিয়া যায়।

তোমরা সকলেই জান, ছপুবে যখন সূর্য আমাদের মাথার উপরে উঠে, তখন তাহাব তেজ যেমন প্রখর, সকালে পূর্বাকাশে ইহা যখন উঠিতে থাকে কিংবা বৈকালে পশ্চিমাকাশে যখন ঢলিয়া পড়ে, তখন তেমন প্রখর নয়। সূর্য বিভিন্ন সময়ে যে বিভিন্ন পরিমাণ তাপ দিতেছে, তাহা নহে; ইহা সকল সময়েই সমভাবে তাপ দেয়, কিন্তু পৃথিবী উহাব যে অংশ পাইতেছে, তাহা সকল সময় সমান নয়।

এই সূর্যোত্তাপে এবং ইহার হ্রাস বৃদ্ধির জন্তু নানা প্রাকৃতিক ঘটনা ঘটিয়া থাকে ।

পূর্বে উল্লিখিত হইয়াছে যে, কোনও পদার্থে তাপ প্রয়োগ করিলে সময় সময় তাহার অবস্থান্তর ঘটয়া থাকে । কঠিন বস্তুতে তাপ প্রয়োগ করিলে সময়বিশেষে উহা তরল পদার্থে পরিণত হয়, আবার তরল পদার্থেও তাপ দিলে উহা একসময়ে বাষ্পাকারে পরিণত হয় । এক টুকু বা ববফে তাপ প্রয়োগ করিলে উহা শীঘ্র গলিয়া জল হয় এবং সেই জলে উত্তাপ দিলে বাষ্প হয় ।

**বাষ্পীভবন ও ঘনীভবন**—একটি কড়ায় খানিকটা জল লইয়া উত্তাপ দিতে থাক, দেখিবে জল ক্রমশই কমিয়া যাইতেছে এবং সেই পাত্রের উপর শাদা ধোঁয়ার স্রাব কি উঠিতেছে । এই শাদা ধোঁয়ার উপর যদি একখানি শ্লেট ধর,—দেখিবে শ্লেটখানির উপর বিন্দু বিন্দু জল জমিয়া আছে । এ জল কোথা হইতে আসিল ? উত্তাপে কড়ার জল বাষ্পের আকার ধারণ করিয়া বায়ুমণ্ডলের সহিত মিশিয়া যাইতেছিল । শ্লেটের শীতল গাত্র লাগিয়া তাহার বিয়দংশ জমিয়া পুনরায় জল হইয়া গিয়াছে । উত্তাপ পাইয়া জলের বাষ্পাকার ধারণ



৬১নং চিত্র—জলীয় বাষ্পের ঘনীভবন

করাকে **বাষ্পীভবন (Vaporisation)** কহে এবং যে কোনও কারণে বায়ুর উষ্ণতা যথেষ্ট কমিয়া গেলে বায়ুমধ্যস্থ জলীয় বাষ্পের জমিয়া যাওয়াকে **ঘনীভবন (Condensation)** বলে ।

কেটলীতে জল গবম করিবার সময় ঠিক এইরূপ ব্যাপার দেখা যায় । জলীয় বাষ্প কেটলীর নল হইতে জোবে নির্গত হইয়া কিছু দূরে শীতল বায়ুর সংস্পর্শে আসিয়া জমিয়া যায় ও কুয়াসার

স্রাব দেখায় (৬১নং চিত্র) । কিন্তু কেটলীর ঠিক নলমুখে উহা উষ্ণ থাকে বলিয়া

দৃষ্টিগোচর হয় না। কেবল আগুনের তাপ পাইলেই যে জল বাষ্পে পবিণত হয়, তাহা নহে; সবদাই জল হইতে বাষ্পোদগম হইতেছে। একটা বেকাবীতে অল্প একটু জল লইয়া ঘবের মেঝের বাথিয়া দাও। ২।৩ দিন পবে দেখা যাইবে যে, জল শুকাইয়া গিয়াছে ও পাত্রটি খালি পডিযা আছে। ভিজা কাপড হাওয়ায় মেলিয়া দিলে শুকাইয়া যায়। তোমবা গ্রীষ্মকালে ছোট ছোট পুকুৰ, ডোবা, জলামাঠ প্রভৃতি শুকাইতে দেখিয়াছ। এই সব ক্ষেত্রে সূর্যের তাপে ও বায়ুৰ তাপে জল ধীবে ধীবে বাষ্পাকাৰে অদৃশ্য হয়।

তাহা হইলে দেখা গেল জলকে বাষ্পে পবিণত কবিত্তে তাপের আবশ্যক। বাহিব হইতে আগুনের তাপ দিলে বাষ্পোদগম দ্রুত হয়, তাহা না হইলে বাষ্পোদগম ধীবে ধীবে হইতে থাকে। ধীবে বাষ্পোদগম ক্রিয়ায় তাপ-হরণ হেতু কিঞ্চিৎ শৈত্যের উৎপত্তি হয়। গ্রীষ্মে যখন আমাদের শবীর ঘৰ্মাক্ত হয়, তখন পাখাব বাতাস খাইলে শবীর শীতল হয়, ইহাব কারণ পাখাব বাতাসে যখন ঘাম বাষ্পাকাৰে উডিযা যায়, তখন বাষ্পে পবিণত হইতে গেলে যে তাপের প্রয়োজন, তাহাব কিয়দংশ আমাদের শবীর হইতে গৃহীত হয়, সেইজন্য আমবা ঠাণ্ডা বোধ কবি। জল ঠাণ্ডা কবিত্তে আমবা বালিমাটীৰ কলসী পছন্দ কবি, কারণ এইকপ কলসীৰ সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্রপথে জলকণা বাহিবে আসে ও কলসী হইতে তাপ শোষণ কৰিয়া বাষ্পাকাৰে পবিণত হয়।

জল হইতে নিম্নতই যে বাষ্পোদগম হয়, তাহাব দ্রুততা জলের উষ্ণতাব উপব নির্ভব কবে। এক কড়া জল উনানে চাপাইলে দ্রুত বাষ্পোদগম হওয়ায় জল শীঘ্র কমিয়া যায়, কিন্তু একটী ছোট বেকাবীতে সামান্য পবিমাণ জল বাথিলেও তাহা শুকাইযা যাইতে যথেষ্ট সময় লাগে। তোমবা বোধ হয় জান না যে, সহবে অনেক স্থানে আজকাল কলের সাহায্যে কাপড কাচিবাব ব্যবস্থা আছে। ঘোব বর্ষাব দিনেও এক দিনে কাপড কাচিযা শুকাইয়া লওয়া যায়। কাচা কাপডগুলি শুকাইবাব জন্য বাষ্পপূৰ্ণ নল দ্বাবা উত্তপ্ত বন্ধ-গৃহেব মধ্যে টাঙ্গাইয়া রাখা হয়। ইহাতে ১০।১২ মিনিটের ভিতর উহাবা শুকাইয়া যায়।

আবাব জল তলেব আয়তন যতই বড় হয় অর্থাৎ জলপাত্র যতই প্রশস্ত হয়, বাষ্পীভবনও তত দ্রুত হয়। গবম চা প্লেটে ঢালিলে ঠাণ্ডা হয়; তাহাব কাবণ, ওরূপ কবায় বিস্তৃত তল হইতে এককালে যথেষ্ট বাষ্পোদগম হয়। এই জন্তই বাটির দুধ অত্যন্ত গবম থাকিলে মেয়েবা এক বাটি হইতে অল্প এক বাটিতে তাহা ঢালাঢালি কবিয়া ঠাণ্ডা কবেন।

বাতাস বহিলেও বাষ্পোদগম দ্রুত হয়। তাহাব কাবণ এই যে, জলীয়-বাষ্প-সিক্তবায়ু বাতাসে সবিয়া যায় ও পার্শ্ব হইতে শুষ্ক বায়ু আসিয়া বাষ্প গ্রহণ কবিত্তে থাকে। আবাব বাতাস যতই শুষ্ক হইবে, উহাব দ্বাবা বাষ্পশোষণও ততই দ্রুত হইবে। এই কাবণে শীতকালেব শুষ্ক বাতাসে ভিজা কাপড় শীঘ্রই শুকায়, আমাদেব গা ঠোঁট প্রভৃতি ফাটে।

**বাতাসে জলীয় বাষ্প**—উপবে বলা হইয়াছে যে, ক্ষুদ্র ও বৃহৎ সকল জলাশয় যথা—খালবিল, নদনদী ও সমুদ্র হইতে প্রতিনিয়ত প্রভূত জল বাষ্পাকাবে উঠিতেছে। এতদ্ব্যতীত প্রাণীদিগেব শরীর হইতে এবং গাছপালা হইতেও নিয়ত জলীয় বাষ্প উঠিতেছে। এই সকল বাষ্প যায় কোথায়? ইহাদেব সমস্তই বায়ুৰ মধ্যে অদৃশ্য হইয়া মিশিয়া থাকে। কিন্তু বায়ুৰ বাষ্প-ধাবণ-ক্ষমতাবও একটা সীমা আছে। নির্দিষ্ট পবিমাণ বায়ু একটা নির্দিষ্ট পবিমাণ জলীয় বাষ্প অদৃশ্য অবস্থায় ধাবণ কবিত্তে পাবে। যখন কোন স্থানেব বায়ু সেই নির্দিষ্ট পবিমাণ জলীয় বাষ্প ধাবণ কবে, তখন সে বায়ুকে **সংপূর্ণ** বায়ু কহে। বর্ষায় বৃষ্টিব সময় ভিজা কাপড় সহজে শুকাইতে চায় না, ইহাব কাবণ স্থানীয় বায়ু ইতিপূর্বে প্রায় পবিগর্ভিত হইয়া আছে। শীতে ঠিক ইহাব বিপবীত ব্যাপাব হয়। সূর্য-তাপেব অল্পতা হেতু জল হইতে বাষ্প অল্প পরিমাণে উখিত হয়; সেইজন্তই অপেক্ষাকৃত শুষ্ক বায়ু ভিজা কাপডেব জল শীঘ্রই টানিয়া লয়।

বাতাসে যে সর্বদাই জলীয় বাষ্প আছে, তাহা অতি সহজেই প্রমাণ করা যায়। একটি কাচের গ্লাসে খানিকটা জল লও এবং উহাতে কয়েক টুকরা

ববফ<sup>০</sup> ফেলিয়া দাও। লক্ষ্য কবিয়া দেখ, গ্লাসেব বাহিরেব গায়ে ক্ষুদ্র ক্ষুদ্র জলকণা জমিয়াছে। এই জল বাষ্পাকারে গ্লাসেব চাৰিদিকেব বায়ুতে মিশিয়া ছিল, ঠাণ্ডা গ্লাসেব সংস্পর্শে আসিয়া জলবিন্দুতে পরিণত হইয়াছে।

**উষ্ণ ও শীতল বায়ুর জলীয় বাষ্পধারণ ক্ষমতা**—ইতিপূর্বেই উল্লিখিত হইয়াছে যে, ভূপৃষ্ঠেব বিভিন্নরূপ জলাধার হইতে সৰ্বদা যে জলীয় বাষ্প উত্থিত হইতেছে তাহা বায়ুমণ্ডলে অদৃশ্যভাবে মিশিয়া আছে এবং বায়ুরও জলীয় বাষ্প ধারণ কবিতাব একটা নির্দিষ্ট সীমা আছে। যখন কোনস্থানেব বায়ু যতটুকু বাষ্প ধারণ কবিতে পাবে, ঠিক ততটুকু ধারণ কবে, তখন সেই বায়ুকে সম্পৃক্ত বায়ু বলে। এই সম্পৃক্ততা বায়ুৰ উষ্ণতাৰ উপৰ নিৰ্ভৰ কবে। বায়ু শীতল অবস্থায় যে পৰিমাণ জলীয় বাষ্প ধারণ কবিতে পাবে, উষ্ণ হইলে তদপেক্ষা অনেক অধিক পৰিমাণ বাষ্প ধারণ কবিয়া বাখে। শীতকালেব ভোৰ বেলায় যে কুয়াসা দেখা যায়, বেলা হইলে তাহা আৰ দেখা যায় না। ইহাৰ কাৰণ, বেলা বাড়িবাব সঙ্গে সঙ্গে বায়ুৰ উষ্ণতা বাড়ে এবং উহা অধিক বাষ্প ধারণ কবিতে সক্ষম হয়। স্মৃতবাং কুয়াসাৰ আকাৰে যে ক্ষুদ্র ক্ষুদ্র জলকণা ভোৰেব ঠাণ্ডায় দেখা গিয়াছিল, তাহা বাষ্পে পৰিণত হইয়া অদৃশ্য হয়।

ঐরূপ আৰাব গৰম বায়ু যতটা বাষ্প ধৰিয়া বাখে, শীতল হইলে উহাই আৰ তত বাষ্প অদৃশ্যভাবে ধৰিয়া বাখিতে পাবে না। উপবে এক পৰীক্ষায় দেখিয়াছ, শীতল জলপূৰ্ণ গ্লাসেব বাহিৰেব গায়ে বিন্দু বিন্দু জল জমিয়া থাকে। উহাৰ কাৰণ, গ্লাসেব চতুপার্শ্বস্থ বায়ু শীতল গ্লাসেব সংস্পর্শে শীতল হয় ও ইহাৰ বাষ্প-ধারণ-ক্ষমতা কমিয়া যায়। যে বাষ্পটুকু ইহা আৰ ধৰিয়া বাখিতে পাবিল না, তাহাই জলবিন্দুৰ আকাৰ ধারণ কবে।

বায়ু গৰম হইলে অধিক বাষ্প ধারণ কবে কেন? বায়ু যতই গৰম হয়, ততই উহাৰ আয়তন বৰ্ধিত হয়, অর্থাৎ বায়ুৰ অণুগুলিৰ মধ্যে পৰস্পৰেব ব্যবধান ততই বৃদ্ধি পায়। স্মৃতবাং পূর্বে অণুগুলিৰ ফাঁকে যে পৰিমাণ বাষ্প

থাকিতে পাবিত, আয়তন বৃদ্ধি পাইলে তদপেক্ষা অধিক পবিমাণ বাষ্প থাকিতে পাবে।

জলীয় বাষ্প বায়ু অপেক্ষা অনেক হাল্কা। সেই জন্তই উহা উপবে উঠিয়া বায়ুব সহিত মিশ্রিত হয়, অতএব জলীয় বাষ্প মিশ্রিত বায়ু শুষ্ক বায়ু অপেক্ষা লঘু হয় এবং উপবে উঠিতে থাকে। আবার বায়ু যতই লঘু হয়, উহাব চাপও ততই কমিয়া যায়। সুতবাং যখন যেস্থানে বায়ুতে বহুল পবিমাণে জলীয় বাষ্প মিশ্রিত থাকে, তখন সেই স্থানে ব্যাবোমিটারে পাবদস্তম্ভের উচ্চতা কমিয়া যায়। এইজন্ত বর্ষাকালে ব্যাবোমিটারে পাবদ নামিয়া যায়। যন্তেব পাবদ অত্যধিক নামিয়া গেলে বৃষ্টিতে হইবে যে, স্থানীয় বায়ুমণ্ডলের চাপ অত্যন্ত কমিয়া গিয়াছে এবং অগ্ন্যস্থান হইতে অপেক্ষাকৃত শুষ্ক ও ভারী বায়ু ছুটিয়া আসিয়া ঝড় তুলিতে পাবে। মানমন্দিবে প্রত্যহ নিষমিত ভাবে ব্যাবোমিটারেব সাহায্যে বায়ুব চাপ দেখা হয় এবং তাহা হইতে আবহাওয়া সম্বন্ধীয় ঝড়বৃষ্টি প্রভৃতির পূর্বাভাস সাধাবণেব অবগতির জন্ত প্রচাৰিত হইয়া থাকে।

উষ্ণ বাতাসেব জলীয় বাষ্প প্রাকৃতিক কাৰণে ঠাণ্ডা হইলে কি হয় এইবাব বলিতেছি।

পূর্বেই তোমাদিগকে বলা হইয়াছে যে উষ্ণ বায়ু যত বাষ্প ধারণ কৰিয়া বাগিতে পাবে, শীতল হইলে তাহা আৰ ততটা বাষ্প অদৃশ্যভাবে ধৰিয়া বাগিতে পাবে না। ইহাব উদাহৰণও তোমবা পূর্বে পাইয়াছ, ফুটন্ত জলেব বাষ্পেব উপব ধৃত প্লেটে ও শীতল জলেব প্লাসেব গায়ে বাষ্প জমিয়া জলবিন্দুব আকাৰে দেখা দেয়, কেটলীৰ মুখ হইতে ফুটন্ত জলেব বাষ্প শীতল বায়ুব সংস্পর্শে জলকণাতে পবিণত হইয়া কুয়াসাৰ মত দেখায় (৬১ নং চিত্র দেখ)। প্রাকৃতিক উপায়ে বাতাস যখন শীতল হয়, তখন বায়ুব জলীয় বাষ্প এইভাবেই জলকণাব আকৃতি পায়। এই জলকণাকেই আমবা শিশিব, কুয়াসা, মেঘ ও বৃষ্টিব আকাৰে দেখি। এখন এইগুলিব সম্বন্ধে তোমাদিগকে একে একে বলিতেছি।

**শিশিৰ**—দিনেৰ বেলায় সূৰ্য কিবণে বিভিন্ন জলাধাৰ হইতে প্ৰচুব পৰিমাণে বাষ্প উঠিয়া বায়ুমণ্ডলে ভাসিষা থাকে। বাত্ৰে আকাশ পৰিষ্কাৰ থাকিলে ভূপৃষ্ঠ ও তদুপৰিস্থ দ্ৰব্যাদি তাপ বিকিৰণ কৰিয়া শীতল হয়। ঐ সকল শীতল বস্তুৰ সংস্পৰ্শে আসিয়া তন্নিকটস্থ বায়ুও শীতল হয়। তখন সেই বায়ু আৰু পূৰ্বেৰ গ্ৰাষ অধিক জলীয় বাষ্প ধৰিয়া বাখিতে পাবে না, এবং উহাৰ উদ্ভূত জলীয় বাষ্প ঘনীভূত হইয়া শীতল বস্তুৰ গাষে জলবিন্দুৰ আকাৰে দেখা দেয়, ইহাৰই নাম শিশিৰ। অতএব দেখ, শিশিৰেৰ জল বৃষ্টিৰ ফোঁটাৰ মত আকাশ হইতে পড়ে না, শীতল বস্তুৰ চাৰিপাৰ্শ্বস্থ জলীয় বাষ্পই বাত্ৰিৰ ঠাণ্ডায় জমিয়া শিশিৰেৰ আকাৰ ধাৰণ কৰে।

তবেই দেখা যাইতেছে, যে সকল বস্তু বাত্ৰিকালে শীঘ্ৰ শীঘ্ৰ তাপ ত্যাগ কৰিয়া শীতল হয় তাহাদেৰই গাষে শিশিৰ অধিক পৰিমাণে জমে। এইজগ্ৰই ছৰ্বাঘাস, গাছেৰ পাতা, কাল পাথৰ, ঘৰেৰ চালেৰ টিন প্ৰভৃতিতে প্ৰচুব পৰিমাণে শিশিৰ দেখা যায়। ইট, কাঠ প্ৰভৃতি শীঘ্ৰ তাপ ত্যাগ কৰিয়া ঠাণ্ডা হইতে পাবে না, কাজেই উহাদেৰ উপৰ তেমন শিশিৰ জমে না।

মেঘলা বাত্ৰিতে বেশী শিশিৰ পড়ে না। আকাশে মেঘ থাকিলে পৃথিবী হইতে যে তাপ বিকিৰিত হয়, তাহা মেঘে বাধা পাইষা পুনৰায় পৃথিবীতে ফিৰিয়া আসে, তাই মেঘলা দিনে আমবা গৰম বোধ কৰি, চলতি কথাৰ ইহাকে গুমট্ বলে। ফলে তখন কোন জিনিষ অধিক ঠাণ্ডা হইতে পাবে না। বলিষা কোনও পদাৰ্থে শিশিৰ জমে না। অনুৰূপ কাৰণেই গাছতলাষ বা ঝোপেৰ ভিতৰ শিশিৰ দেখা যায় না।

আৰাৰ প্ৰবল বাতাস বহিলেও বেশী শিশিৰ পড়ে না। কাৰণ, ঘাস প্ৰভৃতি তাপ বিকিৰণ দ্বাৰা শীতল হইলেও উহাদেৰ উপৰকাল বায়ু, বাতাসেৰ জন্ত্ৰ এক স্থানে স্থিৰ থাকিয়া শীতল হইতে পায় না, তজ্জন্ত্ৰ জলীয় বাষ্পগুলি ঘনীভূত হইবাৰ সুযোগ পায় না।

শীতকালে পৌষ মাঘ মাসে বায়ু খুব শীতল হওয়া সত্বেও শিশিৰ যথেষ্ট

পরিমাণে দেখা যায় না। ইহাব কারণ শীতকালের সূর্যতাপের অল্পত্ব হেতু বাতাসে জলীয় বাষ্প কম থাকে। আবার গ্রীষ্মকালে বায়ুর মধ্যে যথেষ্ট জলীয় বাষ্প থাকিলেও বাত্রে ভূপৃষ্ঠ যথোচিত শীতল হইতে না পাবার শিশির জমিতে পাবে না। এখন তোমরা বুঝিতে পারিবে যে, কেন ভাদ্র আশ্বিন মাসে প্রচুর শিশির পড়ে।

ইহাও হয়ত লক্ষ্য করিয়া থাকিবে যে অন্যান্য পদার্থ অপেক্ষা গাছপালাব পাতায় অধিক পরিমাণে শিশির জমিয়া থাকে। এই শিশির যে শুধু বায়ুদ্বারা বাষ্প হইতে জমে তাহা নহে; গাছের পাতা হইতেও কিয়ৎ পরিমাণে বাষ্প উঠিয়া থাকে। এই বাষ্প এবং বায়ুর বাষ্প উভয়ে ঘনীভূত হইয়া শিশিবের আকারে দেখা দেয়।

মোটের উপর দেখা গেল, বায়ু জলীয়-বাষ্প-বহুল হইলে, আকাশ মেঘশূন্য থাকিলে, স্থির বায়ুতে উন্নত স্থানে, উত্তম তাপবিকিবণকারী পদার্থের উপর শিশির অধিক পরিমাণে জমে।

**কুয়াসা**—(mist) সাধারণত শীতের শেষে, প্রত্যুষে, মধ্যে মধ্যে কুয়াসা দেখা যায়। সময় সময় ইহা এত নিবিড় হয় যে, দূর বাবো হাত দুবের বস্তুও দেখিতে পাওয়া যায় না। তোমরা বোধ হয় দেখিয়াছ, কুয়াসায় বাহির হইলে জামাকাপড় ভিজিয়া যায়, তাহাতে নিশ্চয় বুঝিয়াছ যে, কুয়াসা খুব ছোট ছোট জলকণা ব্যতীত আর কিছুই নয়।

যখন ভূপৃষ্ঠের নিকটবর্তী বায়ুবাণি, বায়ুগুণের উপরকার বায়ু অপেক্ষা অধিক শীতল হয়, তখন ইহাব জলীয় বাষ্প ঘনীভূত হইয়া কুয়াসার সৃষ্টি করে। কখনও কখনও জলীয়বাষ্পপূর্ণ গরম বাতাস, শীতল জল বা ভূমির সংস্পর্শে কুয়াসার উৎপত্তি করে।

বিস্তীর্ণ জলাশয় কিংবা জলাভূমির বায়ুতে কুয়াসা বেশী জন্মে। রাত্রে জল, বায়ু ও স্থল অপেক্ষা উষ্ণ থাকে, সেইজন্য ঐ সময় জল হইতে যথেষ্ট বাষ্প উঠিত হইয়া উপরিস্থিত বায়ুকে প্রায় সম্পৃক্ত করিয়া বাখে। ভোরেব দিকে যখন




বাতাস খুব বেশী ঠাণ্ডা হয়, তখন ঐ বাষ্প শীতল হইয়া কুয়াসাব সৃষ্টি করে। বেলা বাড়িবাব সঙ্গে সঙ্গে সূর্যোত্তাপে বায়ু ক্রমশ উত্তপ্ত হয়। উত্তপ্ত বায়ুর বাষ্পধাবণক্ষমতা বেশী, সুতরাং কুয়াসা আকারেব জলকণা পুনরায় বাষ্পাকাবে বায়ুব সহিত মিশিয়া যায় বলিয়া আমবা কুয়াসাকে ধীবে ধীবে অন্তর্হিত হইতে দেখি।

**মেঘ ও বৃষ্টি**—মেঘ ও কুয়াসাব মধ্যে বিশেষ কোনও পার্থক্য নাই। ভূপৃষ্ঠ হইতে কিছু উপবে বায়ুবাশিব জলীয় বাষ্প ঘনীভূত হইলে মেঘেব আকাবে দেখা যায়। নানাবিধ জলাশয় হইতে যখন জলীয় বাষ্প উত্থিত হইয়া বায়ুব সহিত মিশ্রিত হয়, তখন এই জলীয়বাষ্পমিশ্রিত বায়ু লঘু হওয়ায় উপব দিকে উঠিতে থাকে। উপবেব বায়ু নিচেব বায়ু অপেক্ষা শীতল, তাহা তোমবা পূর্বেই শিখিয়াছ। এই জন্ম জলীয়বাষ্পমিশ্রিত বায়ু যতই উপবে উঠিতে থাকে, ততই শীতল হইতে শীতলতব হয়। অধিকন্তু, উপবেব বায়ু লঘু ও ইহাব চাপ কম বলিয়া উর্ধ্বগামী বাষ্পপূর্ণ বায়ু প্রসারিত হয়, তাহাতেও কিছু শীতল হয়। এই শীতল বায়ুর বাষ্পধাবণক্ষমতা কমিয়া যাওয়ায় সম্পূর্ণ হইবাব পব যে অতিবিক্ত জলীয় বাষ্প থাকে, তাহাই জলকণায় পবিণত হইয়া মেঘেব আকাব ধাবণ কবে। এই সকল জলকণা বায়ু অপেক্ষা গুরু বলিয়া নিচেব দিকে পড়িতে থাকিলে ভূপৃষ্ঠ হইতে উত্থিত উর্ধ্বগামী উষ্ণ বায়ুব সংস্পর্শে আসিয়া পুনরায় বাষ্পাকাবে উপবে উঠে। উপবে উঠিযা শীতল হইয়া আবাব মেঘে পবিণত হয়। এইকপ ক্রমাগত উঠানামা কবাব ফলে সহজে ইহাবা মাটিতে পড়িযা যায না। অধিকন্তু ইহাবা আকাবে এত ক্ষুদ্র যে, বায়ুবাশিতে ভাসিযাও বেড়াইতে পারে।

যখন এই ভাসমান জলকণাগুলি পবস্পব মিলিত হইয়া জলবিন্দুতে পবিণত হয়, তখন কিন্তু আর বায়ুতে ভাসিতে পারে না, নিচে পড়িতে থাকে। ইহাকেই আমরা **বৃষ্টি-পাত** বলি। যখন এই জলবিন্দু বায়ুব উচ্চস্তব হইতে পড়িতে থাকে, তখন পতনকালে নিচেব বায়ুস্তবগুলি হইতে জলীয় বাষ্প সংগ্রহ করিয়া আকাবে

বর্ধিত হয় ; এই কাৰণে আমবা বড বড বৃষ্টিৰ ফোঁটা পড়িতে দেখি । কখনও কখনও বা জলীয় বাষ্পপূৰ্ণ বায়ু, বাতাস দ্বাৰা চালিত হইয়া উচ্চ পৰ্বতগাত্ৰে প্ৰতিহত হইলে তাহাৰ জলীয় বাষ্প ঘনীভূত হইয়া মেঘে পৰিণত হয় ; ক্ৰমে উহা হইতে বৃষ্টিপাত হয় । বৰ্ষাকালে ভাৰতমহাসাগৰ হইতে আগত মৌসুমী বায়ু যখন আসামেৰ পৰ তমালাষ বাধা পায়, তখন ইহা আসাম, উত্তৰবঙ্গ ও পূৰ্ববঙ্গে প্ৰচুৰ পৰিমাণে বাৰি-বৰ্ষণ কৰে । পৃথিবীতে আসিতে আসিতে যদি জলেৰ ফোঁটা হঠাৎ বায়ুমণ্ডলেৰ এমন স্তৰে আসিয়া পৌঁছায় যেখনকাৰ বায়ু কোনও বিশেষ কাৰণবশত অধিক শীতল হইয়া গিয়াছে, তখন জলেৰ ফোঁটা শীতলতা পাইয়া জমিয়া বৰফ হইয়া পড়ে । কখনও বা উপবেৰ বায়ু এত বেশী ঠাণ্ডা হয় যে, বাষ্প জলবিন্দুতে পৰিণত হইবাব সঙ্গে সঙ্গেই বৰফেৰ আকাৰ ধারণ কৰিয়া ভূপৃষ্ঠে পড়ে , ইগাকেই শিলাবৃষ্টি বলে ।

কোনও দেশেৰ আৰ্থিক অবস্থা সেই দেশে বৃষ্টিপাতেৰ উপৰ বহুল পৰিমাণে



৬২ নং চিত্ৰ—বৃষ্টিমান যন্ত্ৰ

নিভব কৰে । কাৰণ, বৃষ্টিৰ অভাব হইলে শস্যাদি জন্মিতে পাবে না, নদনদী শুকাইয়া যায় এবং জলপথে বাণিজ্য হ্রাস হইয়া উঠে । আৰাব অতি বৃষ্টিতেও মানুষেৰ নানাকৰ্ম কষ্ট হয় । এই সব অসুবিধাৰ প্ৰতিবিধান কৰিতে হইলে কোথায় কি পৰিমাণ বৃষ্টি হয়, তাহা প্ৰথমেই জানা উচিত ।

বৃষ্টিৰ পৰিমাণ নিৰ্ণয় কৰিবাব জন্তু যে যন্ত্ৰ ব্যবহৃত হয়, তাহাৰ নাম **বৃষ্টিমান যন্ত্ৰ** ( Rain gauge ) ( ৬২ নং চিত্ৰ )

সাধাৰণত একটা বড বোতল, একটা মাপিবাব গ্লাস ও একটা ফানেল, এই তিনিটিৰ সমষ্টিকে বৃষ্টিমানযন্ত্ৰ ধৰা হয় । বোতলটিৰ মুখে ফানেলটি বসাইয়া যে

স্থানে বৃষ্টি পড়িতে কোনও বাধা পায় না, এমন ফাঁকা জায়গায় বসাইয়া বাধা হয়। যাহাতে অগ্নিস্থানের জল কোনওরূপে ছিটকাইয়া ফানেলে পড়িতে না পাবে এবং যাহাতে কেবলমাত্র মেঘ হইতে যে জলের ফোঁটাগুলি পড়ে, তাহা একেবারে ফানেলে পড়ে, সে বিষয় লক্ষ্য রাখা উচিত। পরে বোতলে সঞ্চিত জল মাপিবাব গ্লাসে ঢালিয়া কত উচ্চ হয়, তাহা স্থির করা হয়। মাপিবাব গ্লাসের মুখ ও ফানেলের মুখ যদি সমান হইত, তবে গ্লাসে যত ইঞ্চি জল দাড়াইত, তাহাই ফানেলের মুখেব ক্ষেত্রফল পবিমিত স্থানের উপব বৃষ্টির পবিমাণ হইত। কিন্তু সুবিধাব জন্ত মাপেব গ্লাসটিকে একপ লওয়া হয় যে, উহাব মুখেব ক্ষেত্রফল এক বর্গইঞ্চি এবং ফানেলের মুখেব ক্ষেত্রফল পাঁচ বর্গইঞ্চি। তাহা হইলে এক ইঞ্চি পবিমাণ বৃষ্টি, মাপেব গ্লাসে পাঁচ ইঞ্চি উচ্চ হইবে, কিন্তু মাপেব গ্লাসেব সেখানে ১ ইঞ্চি দাগ দেওয়া থাকে। ইহাতে সুবিধা হয় যে এক ইঞ্চিব শতাংশ পবিমাণ বৃষ্টিও ইচ্ছা হইতে সহজে নির্ণয় করা যাইতে পাবে। এই যন্ত্রেব সাহায্যে প্রত্যেক দিনেব হইতে প্রত্যেক মাসেব ও প্রত্যেক মাসেব হইতে সাবা বৎসেবব গড় বৃষ্টিপাতেব পবিমাণ পাওয়া যায়।


দেখা গিয়াছে যে, ভারতবর্ষেব চেবাপুঞ্জী নামক স্থানে এবং প্রশান্ত মহাসাগবেব হাউই দ্বীপে অগ্নাগ্ন স্থান অপেক্ষা বেশী বৃষ্টি হয়। কবমগুল উপকূলে ও মাদ্রাজেও যথেষ্ট বৃষ্টি হইয়া থাকে।

## বায়ুর উপর তাপের ক্রিয়া

জলন্ত উনানেব তাপে উহাব উপবেব বায়ুতে পবিচালন ক্রিয়া আবস্ত হয়, একথা পূর্বেই বালিয়াছি। উনানেব উপব উষ্ণ বায়ুব স্রোত কয়লাব কণিকা সঙ্গে লইয়া ধোঁযাব আকাবে উপবে উঠিতে থাকে, পাশেব শীতল বায়ু আসিয়া তাহাব স্থান অধিকার কবে

এইরূপে টেবিল ল্যাম্পেব চিমনীতেও বায়ুব পরিচালন ক্রিয়া চলে। চিমনী মধ্যস্থ বায়ু আলোর শিখাব তাপে উত্তপ্ত হয় ও লঘু হইয়া উপরে উঠে। চিমনী

তলাব ছিদ্রপথ দিয়া (৬৩নং চিত্র) বাহিবেব শীতল ঘন বায়ু চিমনীৰ মধ্যে প্রবেশ



৬৩নং চিত্র চিমনীৰ মধ্যে  
বায়ু-প্রবাহ

কবে ও দীপ শিখাকে প্রজ্জ্বলিত বাখে। যদি ছিদ্রগুলি কোনওকপে বন্ধ কৰিয়া দেওয়া হয় তবে আলো নিভিয়া যায়। চিমনীৰ গৰম বায়ু যে উর্ধ্বে উঠে, তাহা পৰীক্ষা কৰিবাব উত্ত চিমনীৰ কিছু উপবে হাত বাখিলে উর্ধ্বেগামী উষ্ণবায়ু প্রবাহে হাতে তাপ লাগিবে। খুব পাতলা কাগজেব ছোট ছোট টুকৰা চিমনীৰ উপবে ছাডিয়া দিলেও দেখিবে যে, তাহাবা এই বায়ুশ্রোতে উপব দিকে উঠিয়া যাইতেছে।

বলকাবখানাতে বড বড এঞ্জিনেব ধোঁয়াও এইকপে লম্বা লম্বা চিমনী দিয়া বাহিব হইয়া যায়।

উত্তপ্ত হইলে বায়ুতে কিকপ শ্রোত জন্মে তাহা পবেব পৰীক্ষা হইতে জানা যাইবে। একটি অগভীৰ পাত্রে, কিছু জল, একটি মোমবাতি, একটি কাচেব চিমনী, Tএব মত ভাবে কাটা একটি বোর্ডেব খণ্ড, ত্রাকডাব বা কাগজেব সলিতা ও দেশলাই ইত্যাদি লইয়া নিম্নে বর্ণিত ভাবে পৰীক্ষাটি কৰ (৬৪নং চিত্র)।

### পরীক্ষা :-

যাহা করিতে হইবে

১। অগভীৰপাত্রে বাতি জালিয়া আঁটিয়া বসাইতে হইবে ও পবে ঐ পাত্রে জল ঢালিয়া দিতে হইবে।

২। বাতিটির উপর দিয়া চিমনীটি ঢুকাইয়া জল পর্যন্ত ডুবাইয়া বসাও এবং কিছুক্ষণ অপেক্ষা কর।

যাহা দেখা যাইবে

বাতি জ্বলিতে থাকিবে।

বাতির শিখা ক্রমে নিম্নপ্রভ হইতে থাকিবে।

মন্তব্য

চিমনীৰ ভিতরের বায়ু উত্তপ্ত হইয়া বাহিবে আসিতে থাকিবে এবং সেই একই পথে বাহিরের বায়ু ভিতরে প্রবেশ করিতে পায় না। কাজেই অক্সিজেন গ্যাসের অভাব ঘটে

যাহা করিতে হইবে

৩। এইবার কার্ড বোর্ডটি এমনভাবে চিম্নীর মুখে বসাই যেন উহার পা চিম্নীর ভিতরে এবং বাহ্য দুইটি চিম্নীর উপরে থাকে।

৪। শ্রাকড়া বা কাগজের সলিতা পোড়া চিম্নীর মুখে ধব।

যাহা দেখা যাইবে

বাতিটি উজ্জল হইয়া আসিবে।

উহার ধোঁয়া কার্ড বোর্ডের এক পাশ দিয়া চিম্নীর ভিতর প্রবেশ করিবে। অপর দিক দিয়া বাহির হইয়া আসিবে।


মন্তব্য

বায়ু হইতে অক্সিজেন বাতির নিকটে আসিতে থাকিবে।

যে দিক দিয়া সলিতার ধোঁয়া চিম্নীর ভিতরে যায় সেই দিক দিয়া বাহিরের শীতল বায়ু উহার মধ্যে প্রবেশ করে এবং অপর দিক দিয়া উত্তপ্ত বায়ু বাহির হইয়া আসে।

নিম্নে পবীক্ষাটির চিত্র দেওয়া হইল।

পূর্ব পৃষ্ঠার পবীক্ষাটি দুইটি চিম্নীওয়ালা একটি বদ্ধ কাঠের বাস্তের




সার্থায়েও দেখান যায় ( ৬৫ নং চিত্র )। জলন্তবাতিটি দেখিবাব জন্তু কাঠের বাস্তের একটি দিক কাচ দিয়া প্রস্তুত করিয়া লইতে হয়। এইরূপ বাস্তের চিত্র দেওয়া গেল

আগুন না থাকিলেও ঘরের মধ্যে এইরূপে একটি বায়ুপ্রবাহ চলে। ঘরের লোকজনের শ্বাসপ্রশ্বাসে বায়ু উত্তপ্ত হয় এবং লঘু হইয়া উপরে উঠে। এই উষ্ণ বায়ুর বহির্গমনের জন্তু পাকাবাড়ীতে কড়ির কাছে দেওয়ালে বড় বড় চিহ্ন রাখা


৬৪নং চিত্র—বায়ু প্রবাহ

হয়। বাহিরের অপেক্ষাকৃত শীতল ও ঘন বায়ু দববজা-জানালাব ফাঁক দিয়া

ভিতরে প্রবেশ করে। এইরূপে ঘরে বায়ু চলাচল করে। ইহাও তোমরা



৬৫নং চিত্র—বায়ুপ্রবাহ




৬৬নং চিত্র—ঘরে বায়ুচলাচল

পরীক্ষা করিয়া দেখিতে পার। ঘরের সমস্ত দরজা, জানালা বন্ধ করিয়া দরজার একটি কপাট তিন চাবি আঙ্গুল ফাঁক করিয়া রাখ। একটি জলন্ত বাতি ঐ কপাটটির উপর দিকে ফাঁকের কাছে ধর। দেখিবে, দীপশিখাটি গোলা দরজার বাহিরের দিকে বাকিয়া গিয়াছে। পরে বাতিটি কপাটের তলায় ফাঁকের কাছে ধরিলে দেখিবে, ইহার শিখা বাকিয়া ঘরের ভিতরদিকে হেলিয়া বহিয়াছে ( ৬৬নং চিত্র ) কেন একপ হয় তোমরা সহজেই বুঝিতে পারিতেছ।

কোনও বাড়ীতে আগুন লাগিলে সেই স্থানে বাতাস প্রবলবেগে বহিতে থাকে। এবং ঐ প্রবল বাতাসের জন্ত ঘর বাড়ী এত শীঘ্রই পুড়িয়া যায় যে, তাহাকে বন্ধা করিবার অবসর খুব কমই পাওয়া যায়। বাতাস প্রবল হইবার কারণ, এক সঙ্গে অনেকখানি স্থান ব্যাপিয়া বায়ু গরম হইয়া উপরে উঠিতে থাকে। এই বিস্তীর্ণ স্থান পূর্ণ করিবার জন্ত চাবিদিকের বায়ু প্রবল বেগে ছুটিয়া আসে।

যেমন আগুনের তাপে বায়ু প্রবাহের সৃষ্টি হয়, সূর্যের তাপেও পৃথিবীর উপর সেইরূপ বহুদূরব্যাপী বায়ুপ্রবাহ উৎপন্ন হয়। এই বায়ুপ্রবাহ ভিন্ন ভিন্ন নামে অভিহিত, যথা—বাণিজ্যবায়ু, মৌসুমীবায়ু, স্থলবায়ু ও সমুদ্রবায়ু।

সূর্যের বশি নিরক্ষপ্রদেশে খাড়া হইয়া পড়ে এবং উহাৰ দুই পার্শ্বে নাতিশীতোষ্ণ প্রদেশে ও মেরুপ্রদেশে তির্যকভাবে পড়ে, সুতবাং শেবোক্তস্থান অপেক্ষা নিরক্ষ-প্রদেশে অধিকতর উষ্ণ হয়। এইজন্য নিরক্ষপ্রদেশের বায়ু উত্তপ্ত হইয়া উপর দিকে উত্থিত হয় এবং দুই পার্শ্ববর্তী দেশ হইতে বায়বাশি নিরক্ষপ্রদেশে ছুটিয়া আসে, কিন্তু পৃথিবীর নিজের আবর্তন আছে বলিয়া আমরা উহাদিগকে ঠিক উত্তর ও দক্ষিণ দিক হইতে আসিতে দেখি না। পৃথিবী নিজের মেরুদণ্ডের উপর পশ্চিম হইতে পূর্ব দিকে ঘূর্ণিত হইতেছে



৬৭নং চিত্র—বাণিজ্যবায়ু

এবং সঙ্গে সঙ্গে পৃথিবীর উপবিস্তৃত বায়ু ঘূর্ণিত হইতেছে। কিন্তু নিরক্ষ-প্রদেশের বায়ু বেবেগে ঘূর্ণিত হইতেছে, তাহাৰ উত্তর ও দক্ষিণ-দিকের বায়ু তদপেক্ষা কম বেগে ঘূর্ণিত হইতেছে। ফলে উত্তর ও দক্ষিণদিক হইতে আগত বায়ু যথাক্রমে উত্তরপূর্ব ও দক্ষিণপূর্ব কোণ হইতে আসিতেছে বলিয়া মনে হয় (৬৭নং চিত্র)। বহুপূর্বে যখন কালের জাহাজ আবিষ্কৃত হয় নাই, তখন নাবিকগণ এই বায়ুতে পাল তুলিয়া দিয়া জাহাজ চালাইত। তাহাতে বাণিজ্যের সুবিধা হইত বলিয়া, এই বায়ুৰ নাম বাণিজ্য-বায়ু (Trade wind)। ইহা বৎসরের প্রায় সকল সময়েই বহে।

মৌসুমী বায়ু (Monsoon) নামে একপ্রকার সাময়িক বায়ু ভারতবর্ষের উপর দিয়া প্রবাহিত হয়। ইহা সাধারণত গ্রীষ্মের শেষে জ্যৈষ্ঠ আষাঢ় মাসে এবং পুনর্বার শীতকালে বহিয়া থাকে। গ্রীষ্মকালে সূর্য কৰ্কটক্রান্তির নিকটবর্তী স্থানের উপর লম্বভাবে কিরণ দেয়। সুতবাং মধ্যএসিয়া ও ভারতবর্ষের ভূভাগ, দক্ষিণে ভারতমহাসাগরের জল অপেক্ষা অনেক বেশী উত্তপ্ত হয়। ইহাৰ ফলে ভারতমহাসাগর হইতে বায়ুপ্রবাহ উক্ত ভূভাগের দিকে অগ্রসর হয়; কিন্তু

পৃথিবীর আফ্রিকগতির জন্ত উক্ত বায়ুকে দক্ষিণপশ্চিম দিক হইতে প্রবাহিত হইতে দেখা যায়। ইহা ভাবতমহাসাগরের উপর দিয়া আসিবাব সময় প্রচুব জলীয় বাষ্প সংগ্রহ করে এবং ভাবতবর্ষের দক্ষিণ-পশ্চিম উপকূলে পশ্চিমঘাট পর্বতশ্রেণীতে বাধা পাইয়া মালাবাব উপকূলে প্রচুব বাবি-বর্ষণ করে। বঙ্গোপসাগরের উপর দিয়া প্রবাহিত মৌসুমী বাতাস আমাদের বঙ্গদেশে প্রবেশ করে এবং পবে আসামের পর্বতমালায় প্রতিহত হইয়া আসাম, উত্তরবঙ্গ ও পূর্ববঙ্গে বথেষ্ট বৃষ্টিপাত করে। বঙ্গত অসামের চেবাপুঞ্জী প্রদেশে যত বৃষ্টিপাত হয়, ভাবতবর্ষের আব বোনও স্থানে তত বৃষ্টি হয় না।


শীতকালে সূর্যের দক্ষিণাধনে অবস্থিতি বশত ঠিক উত্তর বিপবীত ব্যাপাব ঘটিয়া থাকে। সূর্য মকবক্রান্তির নিকটবর্তী স্থানে প্রায় মাথান উপবে থাকে। স্নুতবাং এই সময়ে মধ্যাশিয়া হইতে শীতল বায়ু সমুদ্রের দিকে বহিতে থাকে। আমাদের উত্তরে বিস্তীর্ণ জলভাগ নাই বলিয়া এই বায়ু শুষ্ক। এইজন্য শীতকালের ঠাণ্ডা উত্তরে হাওয়ায় আমাদের দেশে বৃষ্টি হয় না, কিন্তু এই বায়ুই বঙ্গোপসাগরের উপর দিয়া গিয়া পূর্বঘাট পর্বতশ্রেণীতে বাধা পাইয়া মাদ্রাজ প্রদেশের দক্ষিণপূর্ব উপকূলে ও সিংহলে বাবিবর্ষণ করে।

সূর্যের কিরণ সমুদ্র ও ভূমির উপর পতিত হইয়া উভয়কেই উত্তপ্ত করে। কিন্তু স্থলভাগ যত শীঘ্র উত্তপ্ত হয়, জল তেমন হয় না, এবং একবার উত্তপ্ত হইলে জল শীঘ্র তাপত্যাগ করিয়া শীতল হইতে চায় না। ফলে আমবা সমুদ্রের নিকটবর্তী স্থানে প্রতিদিনই সমুদ্রবায়ু ও স্থলবায়ু নামে দুইপ্রকার বায়ুপ্রবাহ দেখিতে পাই।

প্রায় মধ্যাহ্নকাল হইতে সন্ধ্যাব পৰ কিছুক্ষণ পর্যন্ত স্থলভাগ সমুদ্র অপেক্ষা অধিক উত্তপ্ত হইয়া থাকে। উত্তপ্ত স্থলভাগের সংস্পর্শে উত্তর উপবিস্ত বায়ু উত্তপ্ত হয় এবং লঘু হইয়া উপবে উঠিয়া যায়। উহার স্থান পূর্ণ করিবাব জন্ত সমুদ্রের উপবিস্ত অপেক্ষাকৃত শীতল এবং ঘন বায়ু স্থলভাগের দিকে ধাবিত হয় (৬৮নং চিত্র), এই বায়ুকে সমুদ্রবায়ু (Sea-breeze) বলে। কলিকাতা সমুদ্র হইতে প্রায় ৭০৮০ মাইল দূবে অবস্থিত হইলেও বসন্ত এবং গ্রীষ্মকালে



তথায় দক্ষিণদিক হইতে যে স্নিগ্ধ সন্ধ্যাবায়ু প্রত্যহ প্রবাহিত হয়, তাহা সমুদ্রবায়ু ভিন্ন আব কিছু নহে। বাত্রি আসিলে স্থলভাগ বিকিবণ দ্বারা শীঘ্র শীঘ্র তাপ ত্যাগ করিতে থাকে, এবং প্রায় মধ্যরাত্রি হইতে প্রাতে কিছুক্ষণ পর্যন্ত সমুদ্র স্থলাপেক্ষা গরম থাকে। এইজন্য স্থলভাগ হইতে সমুদ্রাভিমুখী যে বায়ুপ্রবাহেব



৬৮নং চিত্র—সমুদ্র বায়ু

সৃষ্টি হয়, তাহাকে স্থলবায়ু (Land-breeze) বলে। ৬৮নং চিত্রে তীব্রগুলিব মুখ ঠিক বিপবীত দিকে উন্টাইয়া দিলে স্থলবায়ুব গতিচিত্র পাওয়া যাইবে। সমুদ্রোপকূলে দাঁড়াইলে এই স্থলবায়ু, কাপড়, চাদর প্রভৃতি সমুদ্রাভিমুখে উড়াইয়া লইয়া যায়। (৬৯নং চিত্র)।

ভূভাগেব নিকট সমুদ্র ভিন্ন বড় হ্রদ বা নদ নদী প্রভৃতি বিস্তীর্ণ জলাশয় থাকিলেও এই একই কাবণে সেখানেও এইরূপ বায়ু প্রবাহ হইয়া থাকে।

চৈত্র বৈশাখ মাসে পথ চলিতে চলিতে তোমবা দেখিয়াছ, বেলা ১০টা বাজিতে না বাজিতেই মাটি এত উত্তপ্ত হয় যে, খালি পায়ে চলিলে পা যেন পুড়িয়া যায়, অথচ পুকুরেব জল তখন বিশেষ গরম হয় না। কিন্তু সন্ধ্যাব সময় ইহাব বিপবীত ব্যপাব দেখা যায়। মাটি তখন ঠাণ্ডা হইয়া আসে, কিন্তু গা ধুইবাব জন্য পুকুরে নামিলে জল বেশ গরম লাগে। জল ও স্থল উভয়েই সূর্য কিবণ পাইয়া গরম হয় কিন্তু জল অপেক্ষা স্থল শীঘ্র উত্তপ্ত হয়।

তোমরা খানিকটা মাটি, এক আঁচলা বালি ও এক আঁচলা জল এক একটি পাত্রে লইয়া বোদ্রে রাখিয়া দাও। আধঘণ্টা পরে পরীক্ষা করিলে দেখিবে যে,



৬৯নং চিত্র—স্থলবায়ু

মাটি যত গরম হইয়াছে, বালি তদপেক্ষা অধিক গরম হইয়াছে, জল কিন্তু বিশেষ গরম হয় নাই। সাধারণত কঠিন পদার্থ তবল পদার্থ অপেক্ষা শীঘ্র উত্তপ্ত হয়।

আবার, যে দ্রব্য তাড়াতাড়ি তাপশোষণ করিয়া গরম হয়, তাহা তেমনি তাড়াতাড়ি তাপবিকিরণ করিয়া ঠাণ্ডাও হয়। স্থলবাং মাটি জলাপেক্ষা যেমন তাড়াতাড়ি গরম হয়, তেমনই জলাপেক্ষা তাড়াতাড়ি তাপ-ত্যাগ করিয়া ঠাণ্ডা হয়। পক্ষান্তরে, জল গরম হইতে যেমন বেশী সময় লয়, একবার গরম হইলে ঠাণ্ডা হইতেও উহা তেমনই বেশী সময় লয়। এইজন্য ডাক্তারবেদা নিউমোনিয়া রোগীর বৃকে তাপ দিবার জন্য রুবাবেব খলি গরম জলে পূর্ণ করিয়া সেক দিতে ব্যবস্থা দেন, বহুক্ষণ ধরিয়া মৃদু তাপ দিবার ইহাই প্রশস্ত উপায়।

জল যে স্থল অপেক্ষা বিলম্বে উত্তপ্ত হয়, তাহার কারণ কি? প্রথমত বিভিন্ন

পদাৰ্থৰ তাপ-শোষণ-ক্ষমতা বিভিন্ন। যদি সমান ওজনেৰ বিভিন্ন দ্ৰব্য সমপৰিমাণ তাপে উত্তপ্ত কৰা যায়, তাহা হইলে দেখা যায় যে বিভিন্ন দ্ৰব্য বিভিন্ন পৰিমাণে উষ্ণ হয়। এক সেৰ জলকে এক ডিগ্রী উষ্ণ কৰিতে যে তাপেৰ প্ৰয়োজন হয়, সেই তাপেই এক সেৰ লোহা প্ৰায় নষ ডিগ্রী উষ্ণ হয়। দ্বিতীয়ত জল হইতে যে বাষ্পোদগম হয়, তাহাতেও সূৰ্যোত্তাপেৰ কিয়দংশ ব্যয়িত হয়। তৃতীয়ত সূৰ্যকিবণ যে তাপ দিতেছে, তাহাব কিয়দংশ জলতল হইতে প্ৰতিফলিত হইয়া যায়, কিন্তু স্থলে তাহাব অতি অল্লাংশই প্ৰতিফলিত হয়।

সমুদ্ৰনিকটবৰ্তী স্থানে গ্ৰীষ্মকালে যখন স্থলভাগ উত্তপ্ত থাকে, তখন সমুদ্ৰ শীতল এবং শীতকালে স্থলভাগ যখন শীতল, তখন সমুদ্ৰ উষ্ণ থাকে। এইজন্য সমুদ্ৰনিকটবৰ্তী স্থান নাতিশীতোষ্ণ, অর্থাৎ গ্ৰীষ্মে খুব গৰম হয় না, এবং শীতে তত শীতল হয় না। এইজন্য পূৰ্বী, ওয়ান্টেয়াব, গোপালপুৰ প্ৰভৃতি স্থানে কি শীত কি গ্ৰীষ্ম সকল সময়েই লোক বায়ু-পৰিবৰ্তনে যাইয়া থাকে।

মাটি অপেক্ষা পাথৰ শীঘ্ৰ উত্তপ্ত ও শীতল হয় বলিয়া পাথুৰে দেশ শীতকালে যেমন ঠাণ্ডা গ্ৰীষ্মকালে তেমনই গৰম।

স্থল ও জল সূৰ্যকিবণে বিভিন্ন পৰিমাণে উত্তপ্ত হওয়ায় যে বায়ু-প্ৰবাহেৰ সৃষ্টি কৰে, তাহাব বিষয় তোমাদিগকে এইবাব বলিব।

## পৃথিবীৰ উপৰ বায়ু ও তাপেৰ ক্ৰিয়া

সমুদ্ৰ হইতে সূৰ্যোত্তাপে বহুলপৰিমাণে জলীয় বাষ্প উত্থিত হইয়া বাতাসেৰ সাহায্যে স্থলভাগেৰ দিকে চালিত হইয়া ঠাণ্ডা হইলে বৃষ্টিপাত কৰে। সেই বৃষ্টিতে কত দেশ শস্যশ্যামল ও উৰ্বৰ হয়, নদনদী পুষ্ট হয় ও স্থানীয় আবহাওয়া শীতল হয়। বাতাস না থাকিলে বাষ্প চালিত হইত না, যেখান হইতে উঠিত কেবল সেইখানেই বৃষ্টিপাত কৰিত। পৃথিবীৰ ভূভাগ বৃষ্টি অভাবে মৰুভূমিতে পৰিণত হইয়া মনুষ্যবাসেৰ অযোগ্য হইত।

বায়ুপ্রভাবে সমুদ্র এবং অগ্ন্যাগ্নি বিস্তীর্ণ জলাশয়ে তবঙ্গ উৎপন্ন হয়। বায়ু যতই বেগে বহে, তবঙ্গও তত প্রবল হয়। তোমরা নদীর ঢেউ দেখিয়াছ, স্রবিধা পাইলে সমুদ্রের ঢেউ কিরূপ বড় হয় দেখিও।

তাপ ও বাতাসের সমবেত ক্রিয়ায় সমুদ্রে এক প্রকার স্রোতের সৃষ্টি হয়, তাহাকে **সমুদ্রস্রোত** (Ocean current) বলে। গ্রীষ্মমণ্ডলে প্রথমে সূর্যকিরণে সমুদ্রের জল উত্তপ্ত হইয়া ফাঁপিয়া উঠে, আবার মেরুপ্রদেশে দাক্ষিণ্যে শীতে সমুদ্রজল শীতল ও গুরু হইয়া থাকে। বাতাসের সহযোগে গরম সমুদ্রজল গ্রীষ্মমণ্ডল হইতে মেরু-প্রদেশের দিকে চালিত হয় এবং মেরুপ্রদেশের শীতল জল সমুদ্রগর্ভ হইতে মেরু-প্রদেশের দিকে চালিত হয় এবং মেরুপ্রদেশের শীতল জল সমুদ্রগর্ভ দিয়া গ্রীষ্ম-মণ্ডলের দিকে আইসে। এই উপরের ও নিচের সমুদ্রস্রোত সাধারণত মন্থ-গতিতে চলিয়া থাকে। কিন্তু আমেরিকার মেক্সিকো প্রদেশ হইতে যে জলস্রোত আটলান্টিক মহাসাগর পার হইয়া, ইউরোপের পশ্চিমদিক দিয়া মেরুপ্রদেশের দিকে আইসে তাহা অতিশয় প্রবল। দক্ষিণ আটলান্টিক মহাসাগরের উপর দিয়া যে মোসুমী বায়ু মেক্সিকো প্রদেশাভিমুখে ধাবিত হয়, তাহা মেক্সিকো উপসাগরের জলবাণিকে সমধিক উচ্চ করিয়া তোলে। সঙ্গে সঙ্গে ঐ জল সূর্যের প্রথম কিরণে গরম হইয়া উঠে। এতদুভয় কাৰণে ঐ জলবাণি আটলান্টিক মহাসাগরের ভিতর দিয়া সবেগে বহিয়া যায়। তখন এই উচ্চ জলস্রোতকে সমুদ্রমধ্য দিয়া প্রবাহিত একটি প্রশস্ত নদীবই মত মনে হয়। পার্শ্বস্থ জলবাণি হইতে ইহার স্বাদ, বর্ণ ও উচ্চতা বিভিন্ন।

তাপ ও বায়ু-প্রবাহের ফলে পৃথিবীর ভূভাগেও নানা পরিবর্তন সাধিত হয়। ভূভাগকে আমরা বৃক্ষলতাাদিশোভিত সমতলভূমি, সু-উচ্চ পর্বত-ভূমি ও উষ্ণ মরুভূমি এই তিন ভাগে মোটামুটি ভাগ করিতে পারি।

সূর্যের তাপে শিলাবাণি যখন উত্তপ্ত হয়, তখন ইহার প্রস্তর সমূহ অগ্ন্যাগ্নি পদার্থেবই ত্রায় উত্তপ্ত ও প্রসাধিত হয়, আবার শীতে শীতল ও সঙ্কুচিত হয়। কিন্তু প্রস্তর উত্তম তাপ-পরিবাহক নহে এবং বিভিন্ন খনিজ পদার্থে গঠিত

বলিয়া ইহাব সকল অংশ সমান প্রসারিত বা সঙ্কুচিত হয় না, ফলে উভয় সময়েই ইহা ফাটিয়া যায়। আবার এই ফাটলের মধ্যে যখন জল প্রবেশ করিয়া শীতে বরফ হয়, তখন জলাপেক্ষণ বরফের আয়তনবৃদ্ধি হেতু ফাটল আবার বাড়িতে থাকে। এইরূপে পাহাড়ের প্রস্তব খণ্ড ক্রমশ ভাঙ্গিয়া ও খসিয়া নিচে পড়িতে থাকে। কালে প্রস্তবখণ্ড গুলি সূক্ষ্ম সূক্ষ্ম অংশে বিভক্ত হইয়া বালুকণায় পরিণত হয়। ইহাব কতকাংশ মাটির সহিত মিশিয়া যায়, কতকাংশ বায়ু দ্বারা চালিত হইয়া অন্তস্থানে নীত হয়।

বৃক্ষলতাবহুল সমতলভূমিতে একপ ভাবে ভাঙ্গন হয় না। বৃষ্টির জল এখানকার ভূমি ন্যূনাধিক আর্দ্র থাকে এবং গাছপালায় ভূমি আবৃত থাকে। এইজন্য বাতাসে ইহাব ধূলিকণা সহজে ইতস্তত বিক্ষিপ্ত হইতে পারে না। কিন্তু বায়ু যখন ঝড়ের আকারে জোবে বহিতে থাকে, তখন ইহা গাছপালা উপড়াইয়া, ঘনবাড়ী ভাঙ্গিয়া ও ধূলি উড়াইয়া ক্রুদ্ধ দৈত্যের মত প্রলয় কাণ্ড করিয়া থাকে।

উন্মুক্ত মরুভূমিতে ঝড় উঠিলেই বৃক্ষলতাদিৰ অভাবে প্রভূত বালুকণা একস্থান হইতে স্থানান্তরে নীত হয়। এইরূপে মরুভূমির মধ্যে এবং তাহার নিকটবর্তী স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র বালির পাহাড় জমিতে দেখা যায়। কখনও কখনও মরুভূমি বা সমুদ্রতীর হইতে বাহিত বালুকণা শস্ত-শ্যামল প্রান্তরে পড়িয়া তাহাকে মরুভূমিতে পরিণত করে। আবার কখনও বা এই বালুবাণি প্রবল ঝড়ের দ্বারা বাহিত হইয়া পর্বতগাত্রে প্রতিহত এবং উভয়ের সংঘর্ষে পাহাড়েরও ক্রমশ ক্ষয় হইতে থাকে।

বাহিরের তাপের দ্বারা পৃথিবীর উপরিভাগে যেকপ পরিবর্তন হয়, তাহা দেখিলে। আবার পৃথিবীর অভ্যন্তরিক তাপের দ্বারাও ভূস্তরে নানা পরিবর্তন সাধিত হয়। পাণ্ডুতেবা বলেন যে, পৃথিবী তাহার জন্মসময়ে একটি জলন্ত বাষ্প-গোলকের আকারে ছিল। ক্রমে তাপ বিকিরণ করিয়া উহার উর্বিভাগ শীতল ও কঠিন হইয়া পড়িয়াছে, কিন্তু অভ্যন্তরভাগ উত্তপ্তই বহিয়াছে। ভূপৃষ্ঠের কঠিন আবরণের চাপে ইহার অভ্যন্তরে সকল পদার্থই তবল অবস্থায় আছে।

উপব হইতে নিচে পর্যন্ত কোনকপ পথ পাইলেই গলিত ধাতবপদার্থ, কঁদম ইত্যাদি নির্গত হয়। আগ্নেয়গিবির অগ্ন্যুৎপাতের সময় গলিত ধাতবপদার্থাদি প্রবলবেগে নির্গত হইয়া থাকে। কখনও বা গলিত-ধাতু-প্রবাহ পর্বতগাত্র বাহিষা নামিষা আসিয়া গ্রামের পব গ্রাম ধ্বংস কবিষা ফেলে। অ'বাব সময় সময় ভূগর্ভস্থ এই গলিত পদার্থ উপবে আসিবাব পথ না পাইলে প্রবলবেগে আলোড়িত হইষা ভূতল কম্পিত কবে, ভূকম্পনেব ইহা অগ্রতম কাষণ। ইহা দ্বাবাও ভূপৃষ্ঠেব কত আকস্মিক পবিবর্তন হয়, কত স্থানে সমুদ্রগর্ভ উন্নত হইষা উচ্চ স্থলভূমিতে পবিণত হয়, আবাব কোথাও পর্বত বসিষা গিষা সমুদ্রেব সৃষ্টি কবে। এই সকল বিষয় ভূ-তত্ত্বে পডিবে।

**সংক্ষেপ :**—পদার্থেব অণুগুলিব স্পন্দনেব বেগেব উপব উহাব উষ্ণতা নির্ভব কবে। তাপ প্রয়োগ করিলে পদার্থেব আয়তন বৃদ্ধি পায়, উষ্ণতা বৃদ্ধি ঘটে ও অবস্থাস্তর ঘটিতে পাবে। বিভিন্ন পবিমাণে উষ্ণ দুইটি পদার্থ যোগ কবিষা দিলে যতক্ষণ না দুইটি বস্তু একই উষ্ণতা প্রাপ্ত হয় ততক্ষণ অধিকতর উষ্ণপদার্থ হইতে কম উষ্ণ পদার্থে তাপ চলিতে থাকে। তাপ ও উষ্ণতা একার্থ-বোধক নহে। তাপেব ফলে উষ্ণতা বৃদ্ধি হয়। উষ্ণতা কম বা বেশী স্পর্শশক্তি দ্বারা সকল সময় ধরা যায় না বলিয়া থার্ম'মিটার সাহায্যে উহাব পবিমাণ জ্ঞানিতে হয়। থার্ম'মিটার বিভিন্ন প্রকার ব্যবহাবেব জন্ম বিভিন্ন ভাবে গঠিত—উহাদের উষ্ণতাসূচক অঙ্কগুলি তিন প্রকারেব, তন্মধ্যে সেন্টিগ্রেড্ ও কারেনহিট মত অধিক প্রচলিত। পবিবহন পবি'লন, এবং বিকিরণ এই তিন প্রকার উপায়ে তাপ চলাচল করে। সকল পদার্থেব তাপ পবিবাহিতা সমান নহে। তাই শীতকালে একই অবস্থায় রক্ষিত ধাতব পদার্থ অপেক্ষা তুলা, কাঠ নির্মিত পদার্থগুলি উষ্ণতর বলিষা মনে হয়।

সূর্যোত্তাপে প্রতিনিষত জলাশয় হইতে বাষ্পীভবন হইতেছে এবং শীতলতা পাইয়া ঐ বাষ্প আবাব ঘনীভূত হইষা মেঘ, কুয়াশা, বৃষ্টি প্রভৃতিরূপে পরিণত হয়। বায়ু উষ্ণ হইলে ইহার জলীয় বাষ্প ধারণ ক্ষমতা বৃদ্ধি পায়। কোন স্থানে কত পরিমাণ বৃষ্টি হয় তাহা বৃষ্টিমান যন্ত্ৰেব সাহায্যে নির্ণয় করা যায়। বায়ুর উপর তাপেব ক্রিয়াব ফলে বায়ু প্রবাহ হয়। এই বায়ু প্রবাহ বিভিন্ন নামে প্রসিদ্ধ। যে সকল পদার্থ সহজে গরম হয় তাহারা সহজে ঠাণ্ডা হয়—এবং বাহারা সহজে গরম হয় না তাহারা সহজে ঠাণ্ডাও হয় না। ধাতব পদার্থ ও জল উক্ত দুই প্রকার পদার্থেব প্রকৃষ্ট উদাহরণ। ভূপৃষ্ঠে তাপেব ক্রিয়ার ফলে বহু পরিবর্তন সাধিত হইতেছে।

### চতুর্থ প্রশ্নমালা

১। তাপে পদার্থের নিম্নলিখিত গুণের কি কি পরিবর্তন হয় লিখ :—আয়তন, ওজন, ঘনত্ব। (When heat is applied to a matter, what happens regarding the following —Volume, weight, temperature and density ?)

২। তাপ ও উষ্ণতা কি একার্থ-বোধক ? উদাহরণ দ্বারা বুঝাও। (Do heat and temperature bear the same meaning ? Explain with examples)

৩। স্পর্শ-শক্তি দ্বারা বস্তুর উষ্ণতামাপ কি নির্ভুল হয় ? (Does sense of touch correctly measure heat ?)

৪। থার্মমিটার বর্ণনা কর। এই যন্ত্রে পারাদর পরিবর্তে জল ব্যবহার করিলে কি অসুবিধা হয় ? এই যন্ত্রকে তাপমান-যন্ত্র বলিলে কি ভুল হয় ? (Describe a thermometer. What will the disadvantages if water is substituted for mercury ? What mistake will be there if it is called a calorimeter ?)

৫। জ্বর দেখিতে যে থার্মমিটার ব্যবহার হয়, তাহার বিশেষত্ব কি ? সুস্থ মানবদেহের সাধারণ উষ্ণতা কত ? ইহাকে সেন্টিগ্রেড্ মতে প্রকাশ কর। (What is the speciality of a clinical thermometer ? What is the normal temperature of a human body ? Express in the Fahrenheit scale)

৬। ভূপৃষ্ঠে দিনরাত্রির মধ্যে সর্বোচ্চ ও সর্বনিম্ন বায়ুর উষ্ণতা কিরূপে নির্ণয় করা যায় ? (How the maximum and minimum temperature of the atmosphere is determined ?)

৭। তাপ কি কি প্রকারে এক স্থান হইতে অণুস্থানে যায় তাহা উদাহরণ সমেত বুঝাও। একটি কাঁসার বাটিতে গরম দুগ্ধ ঢালিয়া বাটিটি মেঝের উপর রাখা হইল, কিছুক্ষণ পবে দেখা গেল যে, উহা ঠাণ্ডা হইয়া গিয়াছে। তাপ কি কি উপায়ে উহা হইতে বাহির হইল বুঝাও। (Explain the different modes of transmission of heat. A cup containing a quantity of hot milk was found to be cooled when kept on the floor. Explain in how many ways heat was dissipated)

৮। তাপ সুপরিবাহী কয়েকটি বস্তুর নাম কর। তরল পদার্থ তাপ-পরিবাহক কি না,

কিভাবে পরীক্ষা করিবে ? ( Name some good conductors of heat How could you test whether a liquid is a conductor of heat or not )

৯। নিম্নলিখিত ঘটনাগুলির কাবণ নির্দেশ কর :—

(ক) শিশিতে কাচের ছিপি আঁটিয়া গেলে শিশির গলাব উপর একটু গরম জল ঢালিয়া ছিপি খোলা হইল।

(খ) পুঙ্তলা-বিশিষ্ট একটি কাচের গ্লাসে গরম চা ঢালিলে গ্লাসের তলা ফাটিয়া যাইতে দেখা গেল।

(গ) গরম চা এনামেলের কাপ অপেক্ষা চীনা মাটির কাপে খাইতে সুবিধা।

(ঘ) বরফ বাধিতে হইলে তাহা কাঠের গুঁড়ার ভিতর বাধিয়া কয়ল জড়াইয়া দেওয়া হয়।

(ঙ) শবাব ঘর্মাক্ত হইলে পাখাব বাতাসে বসিলে আবাম হয়।

(চ) জ্ব-বোগীর গাষেব উষ্ণতা অত্যধিক হইলে কপালে জলপটী দেওয়া হয়। আবাব বোগীর হাত পা ঠাণ্ডা হইয়া আসিলে বোতলে গরম জল পুবিয়া হাতে ও পায়ে সেক দেওয়া হয়।

(ছ) একটি গ্লাসেব জলে বরফ ফেলিয়া দিলে গ্লাসের গায়ে জলবিন্দু দেখা যায়।

(জ) শীতকালে হাই তুলিলে মুখের কাছে ধোঁয়ার মত দেখা যায়।

( State reasons of the following cases —(a) A tight glass cork of a bottle is taken out after pouring some hot water on the mouth of the bottle (b) The thick bottom of a glass pot was found cracked when hot water was put in it (c) It is convenient to drink hot tea in a China clay pot than in an enamel cup (d) To preserve ice it is packed with saw dust and a blanket is wrapped round it (e) We feel comfortable when we sit under a fan after being perspired (f) When temperature rises a wet piece of cloth is put on the forehead of a patient but hot water bottle is applied on the palms of hands and feet of a collapsing patient (g) Water particles are found on the outside wall of a glass when a piece of ice is put inside it (h) In the winter we find a cloudy substance in front of our mouth when we yawn

১০। শীত ও গ্রীষ্মভেদে আমাদের পোষাকের রঙের কিবাপ পার্থক্য থাকে উচিত এবং কেন ?



(What should be the colour of our dresses in summer and in the winter and why ?)

১১। গ্রীষ্মকালে বিষুবরেখার নিকটবর্তী ভূভাগ, নাতিশীতোষ্ণ প্রদেশ অপেক্ষা অধিক উত্তপ্ত হয় কেন ? উহার কারণ যে যে বায়ুপ্রবাহ হইয়া থাকে, তাহাদের পরিচয় দাও। ( Why the equatorial region is hotter than the temperate zones in the summer ? Describe the different kinds of winds caused by the same reason )

১২। ‘শিশির আকাশ হইতে পড়ে’ এই বাক্যটি কি বিজ্ঞান-সম্মত ? কোন্ কোন্ অবস্থায় শিশির যথেষ্ট পরিমাণে ডমে। ( ‘The dew-drops fall from the sky’ is this scientifically true ? under what circumstances dew-drops are deposited in large quantities ? )

---

## পঞ্চম পরিচ্ছেদ

### দোলক বিশিষ্ট ঘড়ি

বহু পূর্বে যখন আমাদের দেশে ঘড়ির প্রচলন হয় নাই তখন আকাশে সূর্যের অবস্থান, অথবা সূর্য কিবণে কোন জিনিসের ছায়াব দৈর্ঘ্যের দ্বারা বুদ্ধি দেখিয়া সময় নির্ণয় করা হইত। কিন্তু মেঘলা দিনে সূর্যের ছায়া পাওয়া যায় না— অতএব সময় নির্ধারণের অসুবিধা হইত। তাহা ছাড়া আরও অনেক অসুবিধা

ছিল। কাজেই সূর্য সাহায্যে সময় নির্ধারণ

সকল সময়ে সুবিধামত 'ঘটিয়া উঠিত না।

এই অসুবিধা দূর করিবার নিমিত্ত **জল ঘড়ি**

(Water clock) নির্মাণ করা হয়। একটি

বড় পাত্রে জল রাখিয়া তাহার তলদেশে

একটি সূক্ষ্ম ছিদ্র করা হইত। পাত্রটিতে

দাগ কাটা থাকিত। ছিদ্র পথ দিয়া জল

বাহির হইয়া গেলে বড় পাত্রের জল তলে


অবস্থান দেখিয়া সময় কত অতিবাহিত

হইয়াছে ঠিক করা হইত। কিন্তু ইহাতেও

ছিদ্রের আয়তন পাত্রের আয়তন প্রভৃতি

লইয়া বড় অসুবিধা উপস্থিত হইল। কাজেই

আরও উন্নত প্রণালীর সময় জ্ঞাপক যন্ত্র



৭০নং চিত্র—জলঘড়ি

উদ্ভাবন করিতে মানুষের বুদ্ধি রুত্তি চালিত করিতে হইল। বর্তমান ঘড়ি

সেই প্রচেষ্টার একটি সফল সন্দেহ নাই। ঠিক এই সময়ে একদিন


গির্জায় যাইবার সময় অনবধানতা বশত ইটালির খ্যাতনামা বৈজ্ঞানিক

গ্যালিলিওর মাথাব গির্জাব সম্মুখে দোহুলামান লণ্ঠনটি লাগিয়া যাওয়ায় তিনিও কেমন একটু ঔৎসুক্য বশত ইহাব দোলনের দিকে নিবিষ্ট চিত্তে লক্ষ্য কবিত্তে লাগিলেন। ফলে মনে কবিলেন, লণ্ঠনটি বত জোবেই ছলুকনা কেন বা যতই আস্তে ছলুকনা কেন, ইহাব একটি সম্পূর্ণ দোলন কাল সব সময়ে একই বহিয়াছে। সঙ্গে সঙ্গে তিনি নিজেব নাড়ি টিপিয়া এবং লণ্ঠনের দোলন গণনা কবিয়া জানিলেন তাঁহাব এ ধারণা ভুল নহে। এই সম্ভাব উপর নিভব কবিয়া গবেষণাব ফলে বর্তমান দোলক-বিশিষ্ট ঘড়িব



৭১নং চিত্র—গ্যালিলিও

প্রচলন সম্ভব হইয়াছে। এই সকল ঘড়িব দোলকগুলি ধাতু নির্মিত, এবং সূক্ষ্ম ধাতু দণ্ডেব সাহায্যে উপবেব একটি বিন্দু হইতে বিলম্বিত থাকে।




৭২নং চিত্র—দোলক

তোমবাও একটি ছোট কার্ট বা ধাতু খণ্ডকে সূতায় ঝুলাইয়া দোলক প্রস্তুত কবিত্তে পাব।

৭২নং চিত্রে ক দোলকটি হ বিন্দু হইতে একটি সূক্ষ্ম সূতায় ঝুলান বহিয়াছে। দোলকটি যদি এক দিকে সবাইয়া ছাড়িয়া দাও, তবে দেখিবে যে ইহা ক বিন্দুর ছুই দিকে ছলিতেছে। ক হইতে খ এবং খ হইতে গ হইয়া পুনবায ক এ ফিবিয়া আসিত্তে দোলক যে সময় লয় তাহাকে উহাব দোলনকাল

(Period) বলে। হ হইতে দোলকেব ভব-কেন্দ্র পর্যন্ত দূরত্বকে ঐ দোলকযন্ত্রেব

দৈর্ঘ্য (Length) কহে এবং ক হ খ কোণ বা ক হ গ কোণ উহাব বিস্তার (Amplitude)। এখন পরীক্ষা করিয়া দেখা যায় যে, বিস্তার কম অর্থাৎ  $8^\circ$  ডিগ্রীর অনধিক হইলে দোলকযন্ত্রের দৈর্ঘ্য সমান বাখিয়া দোলকটিকে দোলাইলে ইহাব দোলনকাল একই থাকিবে। এই উদ্দেশ্যে ২০।২৫টি দোলনের মোট সময় ঘড়ির সাহায্যে জানিয়া তাহা হইতে একটি দোলনের সময় বাহির কবাই সমীচীন। আবার দেখ, দোলক-যন্ত্রের দৈর্ঘ্য বাড়াইয়া বা কমাইয়া দিলে দোলনকালও দীর্ঘ বা হ্রস্ব হইবে, তজ্জন্ম এইরূপ দোলক-যন্ত্র-বিশিষ্ট



৭৩ নং চিত্র—ঘড়ির দোলক

ঘড়ি 'শ্লো' বা 'ফাস্ট' যাইবে। অতএব দোলক-যন্ত্রের দৈর্ঘ্য যতক্ষণ সমান থাকে, ততক্ষণ ঘড়িও ঠিক সময় বাখিয়া চলে, কিন্তু কোনও কারণে যদি তাহা না হয়, তবে ঘড়ি ধীরে বা দ্রুত চলিতে থাকে।


ঘড়িতে দোলক দণ্ডের উপবদিকে দুইটি দাঁত বিশিষ্ট স্ক্রু ও ঈষৎ বক্র আঁক একটি দণ্ড লাগান আছে। দোলকের দোলনের সঙ্গে সঙ্গে উহাব একমুখ উঠিতে ও পড়িতে থাকে এবং একটি দাঁতওয়ালা চাকার দাঁতের উপর খেলিতে থাকে (৭৩নং চিত্র)। দাঁতওয়ালা চাকাটি দম দেওয়া স্প্রিংএব সহিত সংযুক্ত বলিয়া নিম্নত ঘূরিয়া যাইবার চেষ্টা কবে, কিন্তু বক্রদণ্ডের প্রান্তের উঠা নামাব সহিত ইহা কেবল একদাঁত একদাঁত করিয়া

নিয়মিত ভাবে ঘুরিতে পাবে। পবে এই চাকাটির ঘূর্ণন আঁক কতকগুলি চাকার সাহায্যে ঘড়ির কাঁটাকে ঘুরাইয়া থাকে।

**দোলক-যন্ত্রের প্রসারণ ও তাহার প্রতিকার :-** উপবে বলা হইয়াছে যে দোলক-যন্ত্রের দৈর্ঘ্য যতক্ষণ ঠিক থাকে, ততক্ষণ ঘড়িও ঠিক সময় রাখে।

তোমরা জান তাপে সকল বস্তুই প্রসারিত হয়। এইজন্য গ্রীষ্মকালে সাধারণ ঘড়ির ধাতব দোলকদণ্ডের দৈর্ঘ্য বাড়িয়া যায়; ফলে ঘড়ি কিছু ধীবে (slow) চলে। শীতকালে আবার ঠিক ইহাব বিপরীত হয়; শৈত্যে সঙ্কোচের জন্য দোলকদণ্ডের দৈর্ঘ্য কমিয়া যায় বলিয়া ঘড়ি দ্রুত (fast) চলে। অতএব ঘড়ি যাহাতে ঠিক সময় বাখে, সেজন্য গ্রীষ্মকালে দোলকটি দণ্ডের উপরে একটু তুলিয়া দিতে হয় এবং শীতকালে নামাইয়া দিতে হয়। যাহাতে ঋতুভেদে দোলকযন্ত্রের দৈর্ঘ্যের পার্থক্য না হয়, তজ্জন্য ভাল ঘড়ির দোলকযন্ত্র একটু ভিন্ন বকমে গঠিত হয়। তোমাদিগকে এখন এই প্রকার সংশোধিত দোলক-যন্ত্রের কথা বলিব।

তোমরা জান তাপে সকল ধাতু সমান প্রসারিত হয় না। সমান দৈর্ঘ্যের লৌহদণ্ড ও পিত্তলদণ্ডের উষ্ণতা সমপরিমাণে বাড়াইলে পিত্তলদণ্ড লৌহদণ্ড অপেক্ষা অধিক বর্ধিত হয়। এই সত্যের উপর নির্ভর কবিয়া ভাল ঘড়ির দোলক-যন্ত্র গঠিত হয়। এখানে এইরূপ একটি দোলকযন্ত্রের চিত্র প্রদর্শিত হইল (৭৪নং চিত্র)। ইহাব মধ্যে দ এবং এক এক পার্শ্বে ক, খএব মত দুইটি লৌহদণ্ড এবং গ ও চএব মত দুইটি পিত্তলদণ্ড, ইহাদিগকে ঝাঁজবীর মত কবিয়া এমনভাবে সাজান হয় যে, লৌহদণ্ডগুলি নিম্নদিকে এবং পিত্তলদণ্ডগুলি উপর দিকে বাডিতে পাবে। লৌহ ও পিত্তলের দণ্ডগুলির দৈর্ঘ্য একপভাবে লওয়া হয় যে, লৌহদণ্ডগুলি প্রসারিত হইয়া দোলকটিকে যে পরিমাণ নামাইয়া দেয়, পিত্তলদণ্ড গুলি প্রসারিত হইয়া গোলককে ঠিক সেই পরিমাণে উপরে তুলে, ফলে দোলকের দৈর্ঘ্য সমান থাকে। কাজেই দোলকটির দোলনকাল বাড়েও না, কমেও না। এইরূপ দোলক-যন্ত্রযুক্ত ঘড়ি শীত গ্রীষ্মে ঠিক সময় দিয়া থাকে।



৭৪নং চিত্র—সংশোধিত দোলক

**সংক্ষেপ :**—জল ঘড়ির ছিদ্র ছোট বড় হইলে সময়েব পার্থক্য হইয়া যায়। সকল সময় পৃথক ক্রমে কোন পদার্থের ছায়া দেখিয়া সময় নির্ণয় করাও সম্ভবপর নয়। গ্যালিলিও দোলক যন্ত্র আবিষ্কৃত করিয়া দোলক যন্ত্রবিশিষ্ট ঘড়ি নির্মাণ করিবার সুবিধা কবিয়া দিয়াছেন। দোলন কাল, বিস্তার এবং দৈর্ঘ্যের বিভিন্নতা একটি নিয়মে নিয়ন্ত্রিত হইয়া থাকে। ঘড়ির দোলক দীর্ঘ হইলে ঘড়ি মন্থ হইবে এবং দোলক সঙ্কুচিত হইলে ঘড়ি দ্রুত চলে। শীত এবং তাপে দোলকযন্ত্র বিস্তার লাভ কবে বলিয়া প্রতিবিহিত দোলক যন্ত্র নির্মিত হইয়াছে।

### পঞ্চম প্রশ্নমালা

১। জল ঘড়িতে কি অসুবিধা ছিল? (What were the inconveniences of a water clock?)

২। দোলক যন্ত্রের দৈর্ঘ্য এবং দোলন কালের সম্বন্ধটি কি বল এবং বিকসে উহা প্রমাণ করা যায় কি? (State the laws of pendulum regarding its length and period and how it can be proved.)

৩। সংজ্ঞা দাও :—দোলকের দোলনকাল, দৈর্ঘ্য ও বিস্তার।

(Define —Period, length and amplitude of a pendulum.)

৪। দোলক-যন্ত্র-বিশিষ্ট ঘড়ি গ্রীষ্ম ও শীত ভেদে 'স্লো' ফাস্ট' হয় কেন এবং তাহার প্রতিবিধানের জন্য ভাল ঘড়িতে কি বন্দোবস্ত করা হয়? (Why does a pendulum clock go slow in summer and fast in winter and what arrangements may be made for their remedy?)

---

## ষষ্ঠ পরিচ্ছেদ

### শক্তি ও তাহার রূপান্তর

অনন্ত ব্রহ্মাণ্ডে যে লক্ষকোটি গ্রহ, উপগ্রহ—তাঁহারা যথাক্রমে এক একটি বৃহত্তর জ্যোতিষ্কেব চতুর্দিকে ঘুরিয়া কাজ করিতেছে। বেলগাডী ছুটিতেছে, এবোপ্লন উড়িতেছে, ইহারা সকলেই কাজ করিতেছে—আবাব তোমরা বগন হাঁট, পাও, বস, তখনও তোমরা কাজ কর। অনেক সময় দেখা যায় কোন পদার্থ বর্তমানে কাজ না করিলেও কালে তাহারা কাজ করিতে পাবে। এ সকল ক্ষেত্রে দেখা যায় ইহাদের পশ্চাতে এমন কিছু আছে যাহাদের প্রভাবে জগতে সকল কাজ সাধিত হইতেছে, ইহাব নাম শক্তি (Energy)। পদার্থ মাত্রই শক্তির আশ্রয়; যাহারা কাজ করিতেছে তাহারা তো শক্তির সাহায্যে কাজ করিতেছে, কিন্তু যাহারা কাজ করিতেছে না তাহাদেরও শক্তি আছে—যাহা দ্বারা পবে ইহারা কাজ করিতে পারবে। কাজ করিতে হইলেই পদার্থটিকে নড়িতে হইবে অথবা অন্য পদার্থকে নড়াইতে হইবে। তাহা হইলে গতি ও স্থিতি লইয়া যখন জগতের সকল কার্যের সম্বন্ধ তখন উহারা শক্তির প্রধান দুইটি রূপ।

এমন অনেক পদার্থ আছে, যাহাদিগের অস্তিত্ব আমরা সহজে উপলব্ধি করিতে পারি না, পর্বাক্রমে বুঝিয়া লইতে হয়। তেমনই সকল শক্তি সকল সময়ে ইন্দ্রিয়গ্রাহ্য নয়, কিন্তু তাহাদের প্রভাব অনেক সময় প্রত্যক্ষভাবে ইন্দ্রিয়গ্রহণ হইতে পারে। উত্তাপ আমরা চোখে দেখিতে পাই না, হাতে ধরিতে পারি না, কানে শুনিতে পাই না বটে, কিন্তু উত্তপ্ত বস্তুতে হাত দিলে আমরা ইহাদের অস্তিত্ব উপলব্ধি করিতে পারি। শব্দ কানে শুনিতে পাই, আলো চোখে দেখিতে পাই। বিদ্যুতের প্রবাহে আমরা পেশী সমূহের সঙ্কোচন জনিত বেদনা অনুভব করিতে পারি, চুম্বকের আকর্ষণ শক্তির প্রভাব আমরা চোখে দেখিতে পাই। কোনও বস্তুকে উপবে তুলিয়া ধরিয়া থাকিলে তাহা কোন

শক্তি আছে বলিয়া মনে হয় না—অথচ ছাডিয়া দিলে পড়িয়া যায়—ইহাতে সে কাজ কবে ; অতএব ইহাবও শক্তি নিশ্চয় ছিল, নতুবা ইহা কাজ কবে কেমন কবিয়া ? উত্তাপ, আলো, শব্দ, বিদ্যুৎ, চুম্বকের আকর্ষণ প্রভৃতি সকলেই এক একটি শক্তি । চলন্ত পদার্থেব যে শক্তি তাহা গতি (Kinetic) শক্তি এবং স্থির পদার্থেব যে শক্তি থাকে তাহা স্ট্রেটিক (Potential) শক্তি নামে অভিহিত । এই দুইটি শক্তি যান্ত্রিক ( Mechanical ) শক্তি , কাৰণ যন্ত্রেব কাৰ্য কবিবাব সময় উহাতে প্রত্যক্ষভাবে উক্ত দুইটি শক্তিৰ প্রভাবই পৰিলক্ষিত হয় । অবশ্য ইহাও সত্য যে, সকল প্রকাৰ শক্তিই, হয় গতিশক্তি নতুবা স্ট্রেটিক শক্তিৰ প্রভাবেই উদ্ভূত । বাসায়নিক শক্তিৰ ফলে পদার্থেব বাসায়নিক পৰিবর্তন ঘটে । ইহা পবে বুঝাইতেছি ।

তাহা হইলে আমবা নিম্নলিখিত কয় প্রকাৰেব শক্তিৰ অস্তিত্ব উপলব্ধি কৰিতে পাৰি :—(১) যান্ত্রিক—স্ট্রেটিক ও গতি, (২) তাপ, (৩) আলো, (৪) শব্দ, (৫) বিদ্যুৎ, (৬) চুম্বক, (৭) বাসায়নিক ।

মানুষেব পৈশীক শক্তিৰ দ্বাৰাও বহু কাৰ্য সাধিত হয় ।

**যান্ত্রিক শক্তি**—উদাহৰণ স্বৰূপ একটা ঘড়িৰ যন্ত্ৰেব কথা বলা যাউক । আমাদেব পৈশীক শক্তিৰ বলে ঘড়িৰ চাৰি ঘুৰাইয়া দম দিলে ইহাব কলকজাব স্ট্রেটিক শক্তি পৰিবৰ্তিত হইয়া গতি শক্তি প্রাপ্ত হয় এবং ঘড়িৰ কাঁটাকে চলাইয়া দেয় । এইকপ বহু যান্ত্রিক শক্তিই পৰিবৰ্তিত হইয়া ক্ৰমে গতি, স্ট্রেটিক এবং অন্তৰ্গত শক্তিতে পৰিণত হয় । উচুতে একটা ভাবী জিনিস তুলিয়া ধৰিলে মনে হয় ভাবী জিনিসটি যেন কিছুই কৰিতে পাৰে না—স্থিৰভাবে থাকে , কিন্তু ছাডিয়া দিলে উহা গতি শক্তি প্রাপ্ত হইয়া ভূমিতে পড়িয়া যায় এবং মাটিৰ সহিত ঘৰ্ষিত হইয়া উত্তাপ ও শব্দ শক্তিতেও পৰিণত হয় । যান্ত্রিক শক্তিৰ বহুবিধ কাজ আমবা প্রত্যহ দেখিতে পাই ।

**তাপ শক্তি**—কাঠ জ্বলাইয়া, কয়লা পুড়াইয়া আমবা তাপ শক্তি পাই এবং ইহাব প্রভাবে আমবা ভাত তৰকাৰি বাঁধি, জল গৰম কৰি, ইঞ্জিন চলাই



ইহা পূর্বেই জানিয়াছ। কিন্তু মনে বাখিও কাঠ বা কয়লা হইতে বাসায়নিক শক্তিবলে তাপশক্তি জন্মাইয়াছে; অবশ্য ইহাও ঠিক যে বাসায়নিক শক্তিই পবিবর্তিত হইয়া তাপ শক্তিতে পবিণত হইয়াছে। গতিশক্তিবলে ঘর্ষণ জনিত তাপেব উদ্ভব আমবা বহু ক্ষেত্রেই দেখিতে পাই। পূর্বে তোমবা দেখিয়াছ উত্তাপ পাইলে পদার্থেব অণুগুলিব কম্পন বাড়িয়া যায়—অর্থাৎ অণুগুলি গতিশক্তি সম্পন্ন হয়।

**আলোক শক্তি**—অতীন্দ্রিয় পদার্থ ঈথাবেব তবঙ্গ আমাদের চক্ষুতে আঘাত কবিলে আলোক শক্তিব উন্মেষ অনুভূত হয়। এখানেও তাহা হইলে দেখা যাইতেছে ঈথাবেব গতিশক্তিব প্রভাবে আলোক শক্তিব সৃষ্টি। যান্ত্রিক শক্তি বা তাপ শক্তিব কাষগুলি আমাদের কাছে যত পবিচিত আলোক শক্তিব কাজ আমাদের নিকট তত পবিচিত নয়। কিন্তু ফটোগ্রাফিতে আলোক শক্তিব কাজেব পবিচয় পাই।

**শব্দ শক্তি**—কর্ণপটে বায়ু-তবঙ্গেব আঘাতে শব্দশক্তিব অনুভূতি পাই। এক্ষেত্রেও বায়ুব গতিশক্তি হইতে শব্দ শক্তিব জন্ম। আবাব নিপবীত দিক হইতে ধবিলে দেখা যায় কোন প্রকাবে উখিত শব্দশক্তি হইতে বায়ুতে যে তবঙ্গ উঠে তাহার বলে অনেক কার্য হয়। জোবে শব্দ হইলে জানালা কপাট কাঁপিয়া উঠিতে দেখা যায় এবং আমাদের কর্ণপটহ ছিঁড়িয়া যাইতে পাবে—এমন কি মানুষ চিব বধিব হইতে পাবে।

**চুম্বক, তড়িৎ, রাসায়নিক প্রভৃতি শক্তি** কিরূপে উদ্ভূত হয় এখন তোমবা সহজেই বুঝিতে পাবিতেছ, এক একটি শক্তি রূপান্তরিত হইয়া অন্তরূপে দেখা দেয়, বস্তুতঃ শক্তিব বিনাশ নাই।

**তড়িৎ-সেল (Electric Cell)**—তড়িৎ-সেল হইতে তড়িৎ-প্ৰবাহ সহজেই উৎপন্ন কৰিতে পাবা যায় । তড়িৎ-সেল প্ৰস্তুত কৰিতে হইলে জলমিশ্ৰিত সাল্ফিউৰিক অ্যাসিডেৰ প্ৰয়োজন । একটি ছোট কাচেৰ গ্লাসে খানিকটা সাল্ফিউৰিক অ্যাসিড্ লও , আৰু একটি বড় কাচেৰ গ্লাসে ইহাৰ ৮ গুণ পৰিমাণ জল লও । পৰে ঐ অ্যাসিড্ জলেৰ গ্লাসে আন্তে আন্তে ঢালিয়া একটি কাচদণ্ডেৰ দ্বাৰা নাড়িতে থাক । সাবধান, যেন অ্যাসিডেৰ উপৰ জল ঢালিও না ; তাহা হইলে

পাত্ৰটি গৰম হইয়া ফাটিয়া যাইতে পাবে। ঢালিবার সময় দেখিও যেন অ্যাসিড কোন ঠাতে কাপড়-চোপড়ে না লাগে, কাৰণ অ্যাসিড লাগিলেই কাপড় পুড়িয়া যায়। এই যে জল মিশ্ৰিত অ্যাসিড প্রস্তুত হইল, ইহাকে একটি বোতলে বাখিয়া দাও; প্রয়োজন মত ঢালিয়া লইবে।

একটি কাচ বা চীনা মাটির পাত্রে ঐ জলমিশ্ৰিত সালফিউবিক্ অ্যাসিডের খানিকটা লও এবং পাত্ৰের একধাৰে একখানি তামাব ও অপবধাৰে একখানি দস্তাব পাত একপ ভাবে ডুবাইয়া ধব, যেন উহাদের কিয়দংশ অ্যাসিডের উপৰ জাগিয়া থাকে এবং পাত দুইটি যেন পবম্পব লাগিয়া না থাকিতে পায় পাত দুইটির উপবে একটি কৰিয়া তামাব তাব লাগাইয়া দাও ( ১০৯ চিত্ৰ )। পাত্ৰস্থ অ্যাসিডের সহিত দস্তাব বাসায়নিক ক্ৰিয়াৰ ফলে দস্তাব গায়ে বৃহুদ্ উঠিবে। এইবাব যদি তাব দুইটির অপবপ্রান্ত একত্ৰ কবা হয়, তাহা হইলে এই বৃহুদ্গুলি দস্তাব পাতেব উপৰ জমিতে থাকিবে এবং তাবেব মধ্য দিয়া তড়িৎ-প্রবাহ চলিতে থাকিবে। অল্পক্ষণ পরেই দেখিবে যে তড়িৎ-প্রবাহেব ফলে তামাব তাব গবম হইয়া উঠিয়াছে, এই অবস্থায় তাবটি লৌহচূর্ণেব মধ্যে ডুবাইয়া উঠাইলে দেখিবে ইহাতে লৌহচূর্ণ লাগিয়া বহিয়াছে। তাব দুইটি পৃথক্




১০৯নং চিত্ৰ—সাধাৰণ তড়িৎ সেল

কবিলে তড়িৎ-প্রবাহ বন্ধ হইবে, সঞ্জে সঞ্জে লৌহচূর্ণও ঝবিয়া পড়িবে। তড়িতোৎপাদনেব এই বস্তুটিকে সাধাৰণ তড়িৎ সেল (Simple Electric Cell) বলে। তড়িৎ-প্রবাহ তামাব পাত দিয়া দস্তাব পাতে চালিত হয়। এইজন্ত তামাব পাতেব সে প্রান্ত অ্যাসিডের মধ্য হইতে বাহিৰে থাকে, তাহাকে পজিটিভ মেক বা + মেক ( Positive pole ) ও দস্তাব এইরূপ অংশকে নেগেটিভ মেক বা - মেক ( Negative pole ) বলে। মনে রাখিও যে, তড়িৎ সৰ্বদা পজিটিভ মেক হইতে নেগেটিভ মেকের দিকে প্রবাহিত হয়।

এইরূপ একটি তড়িৎ-সেলের দুইটি প্রান্ত তাব দিয়া যোগ করিয়া বাথিলে তাহার পাতের উপর বৃদ্ধ ক্রমশ অধিক জমিতে থাকিবে এবং তড়িৎ-প্রবাহ করিয়া বিচুক্ষণ পবে বন্ধ হইয়া যাইবে। তখন তাহার পাতের উপর একটি বৃক্ষ বুলাইয়া বৃদ্ধগুলি দূর করিলেই পুনর্বার তড়িৎ-প্রবাহ আবশ্য হইবে। তড়িৎ-সেলটিকে কার্যকরী বাথিতে হইলে এইরূপে মধ্য মধ্য তাহার পাতটি পরিষ্কার করিয়া লইতে হয়।

উপবোক্ত অম্লবিধা দূর করিবার জন্য নানা প্রকারের তড়িৎ-সেল উদ্ভাবিত হইয়াছে। সহজেই প্রস্তুত করিতে পাওয়া যায় এমন একটি তড়িৎ-সেলের কথা তোমাদিগকে বলিতেছি। সেই তড়িৎ-সেলের নাম লেকলান্স সেল (Lec-lanche's Cell)। ইহাতে দুইটি পাত্র ব্যবহৃত হয়। বাহিরের কাচপাত্রটির আকার সাধারণত নিম্নের চিত্রে যেকপ দেখান হইল, ঐরূপ ধরণের হয়। এই পাত্রটিতে নিশাদলের (Sal ammoniacএর) ঘনদ্রবণ ঢালা থাকে এবং একটি দস্তার দণ্ড ঐ দ্রবণের মধ্যে দাঁড় করান থাকে। দস্তাদণ্ডের উপর প্রান্তই এই সেলের নেগেটিভ-প্রান্ত। ভিতরের পাত্রটি খসখসে চীনা মাটির তৈয়ারী একটি তলাবন্ধ চোঙ ও জলের কুঁজার গায় সছিদ্র। ইহাতে 'ম্যাঙ্গানিজ ডাই-অক্সাইড' (Manganese Dioxide) নামক


এক প্রকার কাল গুঁড়া, কয়লাবগুঁড়ার সহিত মিশ্রিত করিয়া ঠাসিয়া দেওয়া হয়। এই গুঁড়ার মধ্যে একটি কার্বনের (Gas Carbon) চেপ্টা দণ্ড বসান থাকে। এই দণ্ডের উপর প্রান্তই পজিটিভ প্রান্তের কার্য কবে। তাবের দ্বারা দুইটি প্রান্ত সংযুক্ত হইলে তড়িৎ প্রবাহিত হইতে থাকে। তড়িৎ-প্রবাহ-কালে দস্তার সহিত নিশাদলের বাসায়নিক



১১০নং চিত্র—লেকল্যান্স সেল

ক্রিয়ায় যে বাষ্প বাহির হইতে থাকে, তাহা ভিতরের পাত্রের ছিদ্রপথে আসিয়া

কালশুঁড়ার গায়ে লাগে এবং ঐ শুঁড়া ইহাকে অল্প পদার্থে পবিত্রত করে; বৈদ্যুতিক ঘণ্টা বাজাইতে এই কোষ ব্যবহার কবাই বিশেষ সুবিধাজনক ; কাবণ ইহা একবার প্রস্তুত হইলে কয়েক মাস চলে। টেলিফোনের কার্যে এই সেল বহুল পরিমাণে ব্যবহৃত হয়।




১১১নং চিত্র—ড্রাইসেল

আজকাল 'টর্চলাইটে' যে তড়িৎ-সেল ব্যবহৃত হয়, তাহাকে **ড্রাই সেল** (Dry Cell বলে। (১১১ নং চিত্র)। ইহা উপবে বর্ণিত লেক্‌ল্যান্স সেল ব্যতীত আর কিছুই নহে। কেবল মাত্র ইহাতে নিশাদলের দ্রবণের পরিবর্তে শুঁড়া নিশাদল বা ঐ শুঁড়ার সহিত অল্প জল দিয়া কাঁদাব মত কবিয়া

ভিতরের পাত্রটিতে পুবিয়া দেওয়া হয় ; ইহাবই মধ্যস্থলে অক্ষার দণ্ডটি প্রোথিত থাকে। বাহিরের কাচপাত্রের পরিবর্তে একটি দস্তাব চোঙ ব্যবহার করা হয়। এই দস্তাব উপরপ্রান্ত নেগেটিভপ্রান্তের কাজ করে। সমস্ত সেলটি একটি পিস্‌বোর্ড দিয়া মোড়া থাকে। টর্চলাইটের পাশের চাবি টিপিয়া ধরিলে সেলের তড়িৎ-প্রবাহ টর্চের আলো জ্বালায়।

ড্রাই সেলের ভিতর কোন পদার্থ কিরূপে আছে তাহা বুঝাইবার জন্য একটি চিত্র দেওয়া হইল। অ ইহাব অক্ষারদণ্ড, ক ভিতরের পাত্রস্থ ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড, খ নিশাদল ইত্যাদির মিশ্রণ এবং ঘ ইহাব দস্তাব খোল।



১১২নং চিত্র—ড্রাই সেলের ভিতর

উপবে যে তড়িৎ-সেলের বর্ণনা করা হইল, তাহা হইতে উৎপন্ন তড়িৎের শক্তি খুব অল্প। সহবে আলো জ্বালাইতে, পাখা ঘুরাইতে কিংবা ট্রামগাড়ী চালাইতে এবং কলকাবখানাতেও অধিক শক্তিসম্পন্ন তড়িৎের প্রয়োজন হয়। উক্ত তড়িৎ বৃহদাকার ডায়নামো

(Dynamo) নামক যন্ত্র দ্বারা উৎপন্ন হয়, এবং যে স্থানে ডায়নামো চলে, তাকে 'পাওয়ার হাউস' (Power House) বলা হয়। ষ্টীমার ও জাহাজে ব্যবহৃত তড়িৎ ডায়নামো হইতে উৎপন্ন হয়।

**বিদ্যুৎপরিবাহী ও বিদ্যুৎদ্রবুরক**—জন্মস্থান হইতে তড়িৎ-প্রবাহকে স্থানান্তরে লইয়া যাইতে হইলে একটি বাহন প্রয়োজন। সাধারণত ধাতব তাবই এই উদ্দেশ্য সাধন করিয়া থাকে। ধাতু ছাড়া অল্প পদার্থও তড়িৎ-প্রবাহের বাহনের কার্য করিতে পারে। কিন্তু সকল পদার্থের মধ্য দিয়া প্রবাহ সহজে যাতায়াত করিতে পারে না। যে পদার্থগুলির মধ্য দিয়া তড়িৎ-প্রবাহ সহজে যাতায়াত করিতে পারে তাহাদিগকে **তড়িৎপরিবাহী (Conductor)** এবং যাহাদের মধ্য দিয়া তড়িৎ যাতায়াত করিতে পারে না তাহাদিগকে **তড়িদ্রবুরক (Non-Conductor)** বলে। ধাতু, কাঠ কয়লা, জল, জীব-দেহ, পৃথিবী প্রভৃতি তড়িৎপরিবাহী এবং কাচ, চীনা মাটি (Porcelain) বেশম, পশম, ববাব, তৈল, আবলুস, গন্ধক, মোম প্রভৃতি তড়িদ্রবুরক, কিন্তু মার্বেল পাথর, কাগজ, তুলা প্রভৃতি কঠকগুলি পদার্থ আছে যাহাদের মধ্য দিয়া তড়িৎ অল্প অল্প যাতায়াত করে।

মানবদেহ যে তড়িৎ পরিবাহী তাহা সহবেব ছেলেদের মধ্যে অনেকেই কখনও না কখনও বেশ উপলব্ধি করিয়াছে। বিজলী বাতি জ্বালিবার সময় যদি 'সুইচ' খাবাপ থাকে তবে মাটিতে দাঁড়াইয়া ঐ সুইচ টিপিতে গেলে 'শক' (Shock) লাগে। কিন্তু শুকনা কাঠ বা ববাবের উপর দাঁড়াইয়া ঐ সুইচই টিপিলে উহা তড়িদ্রবুরক বলিয়া শক লাগে না।

তড়িৎবাহন যত মোটা হয় তত সহজেই ইহা ভিতর দিয়া তড়িৎ যাতায়াত করিতে পারে; পক্ষান্তরে তড়িৎবাহন যত সরু হইবে ইহা ভিতর দিয়া তত অল্প তড়িৎ যাতায়াত করিবে।


ধাতুর মধ্যে বৌপাই সর্বাধিক সু-পরিবাহী; কিন্তু ইহা মূল্যবান ধাতু বলিয়া তড়িৎ পরিবাহী হিসাবে ইহা প্রচলন নাই। তাহার সু-পরিবাহী অথচ



ইহা সস্তা। সেইজন্য তড়িৎ-প্রবাহের বাহনরূপে তামাব তার অধিক ব্যবহৃত হইয়া থাকে। লৌহ আবার তামা অপেক্ষা সস্তা বলিয়া পৃথিবী ব্যাপিয়া টেলি-গ্রাফের তাবের জন্য লোহাব তারের ব্যবহার সর্বাপেক্ষা অধিক।

**তড়িৎ-প্রবাহের ফল :**—(১) তড়িৎ-সেল হইতে পরিবাহী তাব দিয়া প্রবাহ চালাইলে পরিবাহী তাবটি ক্রমেই উষ্ণ হইতে থাকে, হাত দিয়া অনুভব করা যায়। বৈদ্যুতিক ষ্টোভ, কেটলী বা ইঞ্জীতে বিদ্যুৎ প্রবাহিত হইলে উহা ক্রমশ গরম হইয়া উঠে তাহা তোমরা অনেকেই জান। তাহা হইলে **বিদ্যুৎপ্রবাহের ফলে তাপের সৃষ্টি** হয়।

(২) পরিবাহী তাব খুব সৰু অথচ প্রবাহের শক্তি প্রবল হইলে অনেক সময় তাব ক্রমশ উত্তপ্ত হইতে হইতে এত অধিক উত্তপ্ত হয় যে তখন ইহা লাল হইয়া উঠে এবং আলোক দেয়। বৈজ্ঞানিক উপায়ে ইহাকে আবণ্ড উত্তপ্ত করিলে ঐ আলো ক্রমে সাদা হইয়া অধিকতর উজ্জ্বল হয়। অধিক উত্তপ্ত তাব



১১৩নং চিত্র—বৈদ্যুতিক আলোর টুনি

বায়ু সংস্পর্শে পুড়িয়া ছাই হইয়া যাইতে পারে বলিয়া বিজলী বাতির সূক্ষ্মতাটি একটি বায়ুশূন্য টুনিব (Bulb) মধ্যে রাখা হয়। ইহা হইতে বলা যায় **বৈদ্যুতিক প্রবাহে আলোকের সৃষ্টি** হয়।

বৈদ্যুতিক আলোর টুনিব ভিতর সূক্ষ্ম তাবের মধ্যে বিদ্যুৎ প্রবাহের ফলে ইহা উত্তপ্ত হইয়া কেমন মনোমম আলো দেয় তাহা প্রায় সকলেই দেখিয়াছ।

(৩) একটি কাচ পাত্রে জল লইয়া তাহাতে একটু সালফিউরিক অ্যাসিড মিশাইয়া একটি তড়িৎ-সেলের দুই প্রান্তের তাব ঐ জলে ডুবাইয়া ধবিলে তাব দুইটির গা দিয়া বৃষ্ণদ উঠিতে দেখা যায়। পূর্বে ভন্টা মিটারের সাহায্যে জল বিশ্লেষণ কালে


বিস্তৃতভাবে বুঝান হইয়াছে দুইটি তাবের গা দিয়া দুইটি বিভিন্ন প্রকারের গ্যাস

উঠে। অ্যাসিড মিশ্রিত জলে বিদ্যুৎ-প্রবাহের ফলে জলে বাসায়নিক ক্রিয়া হয় এবং জল বিশ্লিষ্ট হইয়া হাইড্রোজেন ও অক্সিজেন নামক দুইটি বাষ্পের সৃষ্টি কবে।

আবও বহুবিধ উপায়ে দেখান যায় বিদ্যুৎ প্রবাহের ফলে পদার্থে অনেক প্রকার রাসায়নিক পরিবর্তন ঘটে।


তড়িৎপ্রবাহের ফলে যে বাসায়নিক ক্রিয়া ঘটে তাহার উপর নির্ভর করিয়া লোহা, তামা প্রভৃতি ধাতুর উপর অল্প ধাতুর কলাই কবা হয়। মনে কর কতকগুলি লোহার চামচের উপর বৌপ্য কলাই করিতে হইবে। একটি কাচের বা মাটির পাত্রে সিলভার সায়ানাইডের দ্রবণ (Silver cyanide solution) রাখ। যে চামচ গুলি কলাই করিতে হইবে তাহাদিগকে ঘসিয়া পবিশ্কার ও তৈলমুক্ত করিয়া ধাতুর তাবের সাহায্যে পাত্রে উপর আড়াআড়ি ভাবে স্থাপিত ধাতু দণ্ডের উপর হইতে এমন ভাবে ঝুলাইয়া দাও যেন সেগুলি দ্রবণে সম্পূর্ণরূপে ডুবিয়া যায়। একটি কপার পাত ঠিক ঐরূপ ভাবে পাত্রে উপর হইতে দ্রবণের ভিতর ডুবাইয়া দাও। কপার পাত যে ধাতুর দণ্ড হইতে লম্বিত আছে সেই দণ্ডটিকে কোন একটি ব্যাটারীক নেগেটিভ্ প্রান্তে যোগ কর এবং অপর দণ্ডটি পজিটিভ্ প্রান্তের সহিত যোগ কর। উহাদের মধ্যে তড়িৎপ্রবাহ হইলে দেখা যাইবে চামচ গুলির উপর কপার কলাই ধবিতেছে। সতর্ক হওয়া উচিত যেন তড়িৎপ্রবাহ খুব আস্তে আস্তে হয়।

**তড়িৎ-প্রবাহ** — একটি কাঁটাচুম্বক আনিয়া টেবিলের উপর রাখ। ইহা কিছুক্ষণ এদিক ওদিক ছলিবার পর উত্তর-দক্ষিণে



১১৪নং চিত্র—ধাতুর কলাই

স্থিৰ হইয়া দাঁড়াইবে। একটা লম্বা তামাব তাব লইয়া তাহাব একপ্রান্ত একটা তড়িৎ-কোষেৰ পজিটিভ্ প্রান্তেৰ সহিত সংযুক্ত কর। তাবের কিষদংশ ছই হাতে টানিয়া সোজা কৰিয়া কাঁটাচুম্বকেৰ উপর তাহাব



১১৫নং চিত্র তড়িৎ-প্রবাহ ও কাঁটাচুম্বক

১১৬নং চিত্র - আম্পিয়ারের নিয়ম


সহিত সমান্তরাল ভাবে ধব ( ১১৫নং চিত্র )। এই অবস্থায় তাবের অপবপ্রান্ত তড়িৎ-সেলেৰ নেগেটিভ্ প্রান্তেৰ সহিত সংযুক্ত হইলে তাব দিয়া যেমন তড়িৎ বহিতে আবন্ত কৰিবে, অমনই কাঁটাচুম্বক আব উত্তব-দক্ষিণে স্থিৰ হইয়া থাকিবে না। তাব দিয়া তড়িৎ উত্তব হইতে দক্ষিণ দিকে প্রবাহিত হইলে কাঁটাৰ উত্তবমেক পূর্বদিকে সৰিয়া দাঁড়াইবে। তাবের প্রান্ত ছইটি তড়িৎ-সেলেৰ প্রান্ত ছইটিৰ সহিত অদল বদল কৰিয়া সংযুক্ত কৰ এবং তাবটিকে পূবেৰ মত কাঁটাচুম্বকেৰ উপবে ধব। এখন তড়িৎপ্রবাহ দক্ষিণ হইতে উত্তবদিকে যাইতেছে, কাঁটাচুম্বকেৰ উত্তবমেকও বিপবীত দিকে অর্থাৎ পশ্চিম দিকে যাইতেছে দেখ। তড়িৎবাহী তাবটি কাঁটাচুম্বকেৰ নিচে ধৰিয়াও একপ ভাবে পনীক্ষা কৰা যাইতে পাবে। এই পবীক্ষা দ্বাবা জানা যায় যে, তাবে তড়িৎ-প্রবাহ চলিতে থাকিলে তাহাব চতুর্পার্শ্বে চুম্বকশক্তিৰ লক্ষণ প্রকাশ পায়।

তড়িৎ-বাহী তাব কাঁটাচুম্বকেৰ নিকটে আনিলে উহা কোন্ দিকে ঘুৰিবে, ইহা মনে কৰিয়া বাখিবাব জন্তু আম্পিয়ার ( Ampere ) নামক একজন বৈজ্ঞানিক একটা সহজ নিয়ম বাহিব কৰিয়াছেন। তাহা এই,—মনে কৰ যেন কোন লোক কাঁটাচুম্বকেৰ দিকে মুখ কৰিয়া তড়িৎ-প্রবাহেৰ অক্ষকূলে সাঁতাব দিয়া চলিতেছে। কাঁটাচুম্বকেৰ উত্তবমেক সৰ্বদা তাহাব বাম হস্তেৰ দিকে ঘুৰিয়া যাইবে।

আম্পিয়ার সাহেবেব এই নিয়মেব সাহায্যে, কোনও তাবে তড়িৎ-প্রবাহ চলিতেছে কিনা এবং চলিলে তাহা কোন দিকে চলিতেছে, তাহাও নির্ধারণ কৰা যায়। কাঁটাচুম্বক উত্তৰ-দক্ষিণ দিক হইতে কতটুকু ঘূৰিয়া দাঁড়াইল, তাহা দেখিয়া ছুই বা ততোধিক তাবে তড়িৎ-প্রবাহশক্তিৰ তুলনাও কৰা যায়। অধিকন্তু, এই সিদ্ধান্তেৰ উপৰ নিৰ্ভৰ কৰিয়া ‘তড়িৎ-মাপক’ যন্ত্ৰ (Galvanometer) নিৰ্মিত হইয়াছে।

**তড়িৎ-চুম্বক**—পূৰ্বে চুম্বকীকৰণ প্ৰসঙ্গে বলা হইয়াছে যে, একটা কাঁচা লোহাৰ দণ্ডকে বেশম জড়িত তাৰ দ্বাৰা বেষ্টিত কৰিয়া ঐ তাবেয় মধ্য দিয়া তড়িৎ চালাইলে লোহদণ্ডটি অস্থায়ী চুম্বকে পৰিণত হয় (১১৭নং চিত্ৰ), অর্থাৎ যতক্ষণ তড়িৎ চলিতে থাকে, দণ্ডটিতে চুম্বকধৰ্মও ততক্ষণ থাকে এবং তড়িৎ-প্রবাহ বন্ধ কৰিলে ইহাৰ চুম্বকত্ব লোপ পায়। তড়িৎ-প্রবাহেৰ সাহায্যে চুম্বকীকৃত লোহদণ্ডটিকে **তড়িৎ-চুম্বক** (Electro Magnet) বলে। এইরূপ তড়িৎ-চুম্বকে স্থায়ী চুম্বকেৰ ত্ৰায় দুইটি মেক থাকে।

তড়িৎ-চুম্বক সাধাৰণত অশ্বখুবাকৃতি হয়। তখন উহাৰ দণ্ডটিতে সূতা বা বেশমজড়িত তামাৰ তাৰ জুব পাঁচৰ মত জডান থাকে। তড়িৎ-ঘণ্টা টেলিগ্রাফ, টেলিফোন, তড়িতোৎপাদক ‘ডায়নামো’ (Dynamo) নামক যন্ত্ৰ প্ৰভৃতিতে এইরূপ তড়িৎ-চুম্বক ব্যবহৃত হয়। তড়িৎ-প্রবাহেৰ শক্তি যতই বাডান যাইবে এবং এই তড়িৎবাহী তাবেৰ পাকেৰ সংখ্যা যতই অধিক হইবে তড়িৎ-চুম্বকেৰ শক্তি ততই বাডিবে। বড বড কাৰখানাৰ লোহাৰ ভাবী কডি, বৰগা, চাদৰ প্ৰভৃতি তড়িৎ-চুম্বক




১১৭নং চিত্ৰ—তড়িৎ-চুম্বক

সাহায্যে একস্থান হইতে স্থানান্তরে নীত হয়। যুদ্ধেৰ সময় গোলাগুলিৰ লোহাৰ গুঁড়ো সৈনিকদেৰ চোখে পড়িলে বা লোহাৰ কাৰখানাৰ কাঙ কৰিবাব সময়

কাহারও চোখে লোহাব গুঁড়া পড়িয়া গেলে অত্যধিক-শক্তিসম্পন্ন তড়িৎ চুম্বকের সাহায্যে লোহাব গুঁড়া টানিয়া বাহিব করা হয়।

**তড়িৎঘণ্টা (Electric Bell)**—আজকাল প্রায় সকল অফিসে এবং বড় বড় বাড়ীতে কাহাকেও ডাকিতে হইলে তাড়িৎঘণ্টা ব্যবহার করা হয়। ইহার গঠন কিরূপ ও উহা কিরূপে চালিত হয় দেখ। ১১৮নং চিত্রে চ একটি অশ্বখুবাকৃতি তড়িৎ-চুম্বক। ইহার দুইধাৰে যে বেশমে মোড়া তাব জডান আছে, তাহার একপ্রান্ত খ চিহ্নিত জুব সহিত সংযুক্ত এবং অগ্র প্রান্তটি প চিহ্নিত জুতে লাগানো আছে। প জুব সহিত একটি কাঁচালোহাব ফলক চ এব দুই মেরুব সম্মুখে অবস্থিত। এই লৌহফলকের অপব প্রান্ত একটু বাঁকান এবং তাহার মুখে একটি ছোট লোহাব গুলি হ লাগানো আছে, ঘ একটি ঘণ্টা স একটি স্প্রিং, ইহা লৌহফলকের সহিত সংযুক্ত আছে। ক আব একটি জুব, স্প্রিংটিকে আলাগা ভাবে ছুঁইয়া আছে। ক আবার গ চিহ্নিত জুব সহিত তাব দ্বাৰা সংযুক্ত। খ ও গ জুব-দ্বয় একটি চাবিব



(Bell-pushএব) ভিতব দিয়া একটি তড়িৎ সেলের দুই প্রান্তের সহিত সংযুক্ত। চাবিটি টিপিলে, তাবের মধ্য দিয়া তড়িৎ-প্রবাহ আবন্ত হয়। তখন চএব কুণ্ডলীকৃত তাবের ভিতব দিয়া তড়িৎ চলিবামাত্র ইহার ভিতবকার কাঁচা লোহা চুম্বক হইয়া সম্মুখের লৌহফলককে টানিয়া লয়। ইহার ফলে লোহাব গুলিটি ঘণ্টায় ঘা মাৰিয়া শব্দোৎপাদন করে। কিন্তু এদিকে সেই মুহূর্তে স স্প্রিং ও ক জুব সংযোগ নষ্ট হওয়ায় তড়িৎ-প্রবাহ বন্ধ

১১৮নং চিত্র—তড়িৎ ঘণ্টা

হইয়া যায়। তখন চ এব কাঁচা লোহা চুম্বকশক্তি হাবাইয়া সম্মুখের লৌহফলকটিকে আব টানিয়া বাধিতে না পারিয়া, ছাড়িয়া দেয়। লৌহফলকটি স্বস্থানে ফিৰিণা মাত্র স স্প্রিংটি ক এব সহিত সংযুক্ত

হওয়ার পুনরায় তড়িৎপ্রবাহ আবর্ত্ত হয়। তখন ফলকটিও পুনরায় চ ঘাটা আকৃষ্ট হওয়ার আবে একবার শব্দ হয়। এইরূপে যতক্ষণ চাবি টিপিয়া রাখা হয়, ততক্ষণ ক্রমাগত ঘণ্টার শব্দ হইতে থাকে।

**টেলিগ্রাফ (Telegraph):**—উনবিংশ শতাব্দীর প্রথম হইতেই বৈজ্ঞানিক-গণ দূরবর্তী স্থানে অল্প সময়ে সংবাদ প্রেরণ করিবার উপায় উদ্ভাবন করিবার চেষ্টা করেন। ১৮১১ খৃষ্টাব্দে স্কাটল্যান্ড (Scotlending) সাহেব এক প্রকার যন্ত্র উদ্ভাবন করেন তাহাতে জল বিশ্লেষণ করিয়া সংকেত পাঠাইবার ব্যবস্থা ছিল। ১৮২০ খৃষ্টাব্দে যখন বৈদ্যুতিক চুম্বকের প্রচলন ছিলনা তখন অ্যাম্পিয়াস সাহেব কাঁটা চুম্বকের উপর তাবের সাহায্যে তড়িৎ প্রেরণ করিয়া ঐ কাঁটাচুম্বকের গতির উপর নির্ভর করিয়া সংকেত পাঠাইবার ব্যবস্থা করেন। তাহার পর ক্রমে গস্ (Gauss) ও ওয়েবার (Webber) এবং ষ্টেইনহিল (Steinheil) ও ছইটষ্টোন (Wheatstone) এই যন্ত্রের প্রভূত সংস্কার ও উন্নতি বিধান করিতে সমর্থ হন।

আজ পর্যন্ত সত বর্ষের বৈদ্যুতিক টেলিগ্রাফ যন্ত্র উদ্ভাবিত হইয়াছে তাহাদের মধ্যে সকলকেই প্রধানত তিনটি অংশে বিভক্ত করিতে পারা যায়। প্রথম **বৈদ্যুতিক পথ (Circuit)**, ইহাতে দুইটি স্থানকে ধাতব তাবের সাহায্যে সংযুক্ত করিয়া একস্থান হইতে অপর স্থানে বিদ্যুৎ চালিত করিতে পারা যায়। দ্বিতীয় :—**প্রেরকযন্ত্র (Transmitter)** অর্থাৎ যে যন্ত্রের সাহায্যে সংকেত প্রেরণ করা হয়। তৃতীয় :—**গ্রাহক-যন্ত্র (Receiver)** অর্থাৎ যে যন্ত্রের সাহায্যে সংকেত গ্রহণ করা হয়।

এক একটি অংশ আবার বিভিন্ন প্রণালীতে প্রস্তুত হয়। বিশেষ করিয়া প্রেরক ও গ্রাহক যন্ত্র বহু প্রকারের দেখা যায়। তন্মধ্যে কাঁটা চুম্বক টেলিগ্রাফ (Needle telegraph), চক্র টেলিগ্রাফ (Dial telegraph) এবং মোরস্ সাহেবের আবিষ্কৃত টেলিগ্রাফ (Morse telegraph) প্রধান।

বর্তমান যুগে আমাদের দেশে মোরস্ সাহেবের আবিষ্কৃত যন্ত্রই সর্বাপেক্ষা অধিক প্রচলিত। নিম্নে ঐ প্রকার যন্ত্রের কার্য প্রণালী বর্ণিত হইল।


**প্রথমাংশ—বৈদ্যুতিক প্রবাহ পথ (Circuit) :**—তোমরা সকলেই লক্ষ্য করিয়াছ যে পথে দুই ধাতব কিছুর অন্তর ধাতব খুঁটি প্রোথিত থাকে এবং ঐ সকল খুঁটির মাথায় চিনামাটির গুল বসান থাকে এবং ঐ সকল চিনামাটির গুলের সহিত ধাতব তাব বাঁধিয়া বসাব একস্থান হইতে অন্যস্থান পর্যন্ত ঐ তাব লম্বিত থাকে। চিনামাটির গুলগুলি ব্যবহার করিবার উদ্দেশ্য এই যে টেলিগ্রাফে সংকেত প্রেরণকালে ধাতব তাবে বৈদ্যুতিক প্রবাহ প্রেরণ করা হয়, যদি তাবগুলি ধাতব দণ্ডের সহিত বাঁধা থাকে তবে ধাতব খুঁটি বাহিয়া বৈদ্যুতিক প্রবাহ মাটির ভিতর চলিয়া যাইতে পারে, তাহাতে প্রবাহ নষ্ট হইয়া যায়। এইজন্য বিদ্যুৎদণ্ডের চিনামাটির গুল ব্যবহার করা হয়। এইরূপে এক স্থানের সহিত অন্য স্থানের যোগ হইলে ঐ দুই স্থানে ধাতব তাবের দুই প্রান্ত মাটির ভিতরে অনেক দূর পর্যন্ত পুঁতিয়া দেওয়া হয়। পৃথিবী বিদ্যুৎ পরিবাহী পদার্থ। কাজেই যদি ধাতব তাবের মধ্যে কোথাও তড়িৎসেল সংযুক্ত করা হয় তবে ঐ ধাতব তাবের মধ্য দিয়া তড়িৎপ্রবাহ হইয়া মাটির ভিতর যায় এবং মাটির ভিতর দিয়া উক্ত ধাতব তাবের অন্য প্রান্তে প্রবেশ করিয়া চক্র পথে (Circuit) যাতায়াত করে। ইহাই হইল প্রবাহ পথের (Line) কাষ। মাটির ভিতর দিয়া তড়িৎ যাতায়াত করিলে ধাতব তাবের খবচা বাঁচিয়া যায় বলিয়া এরূপ করা হয়। যন্ত্রাগারে তাবের প্রান্ত এইরূপে ভূমি সংলগ্ন করিতে অস্ববিধা হইলে ঐ দুইটি প্রান্তকে তাবের সাহায্যে যোগ করিয়াও দেখান যাইতে পারে।

**দ্বিতীয়াংশ—প্রেরক যন্ত্র (Transmitter) :**—এক প্রান্তে হাতল ও অপব প্রান্তে স্প্রিং যুক্ত একটি লেভার (Lever) দ্বারা ইহা আব কিছুই নহে। লেভারটির মধ্যে একটি আঁকশলি (Axle) থাকায় হাতল টিপিলে ইহা নাড়িয়া যায় এবং ছাড়িয়া দিলে উঠিয়া যায়। এইরূপ পর্যায়ক্রমে টেপা ও ছাডাব ফলে ইহাতে টক্কা ও টবে এই দুই প্রকার শব্দ উৎপন্ন হয়। লেভারের এক প্রান্ত পথেব সহিত ও অপব প্রান্ত তড়িৎ সেলের সহিত যুক্ত থাকে।

**তৃতীয়াংশ—গ্রাহক যন্ত্র (Receiver) :**—একটি অশ্বখুবাকৃতি বৈদ্যুতিক চুম্বকের সম্মুখে একটি ধাতব লেভার এমন ভাবে আটকান থাকে যে যখন এই

বৈদ্যুতিক চুম্বকের ভিতর দিয়ে তাড়িত প্রবাহ চলে তখন লেভাট আকৃষ্ট হইয়া প্রেরক যন্ত্রের হাতল টিপিলে যে শব্দ উৎপন্ন হয় সেইরূপ শব্দ উৎপন্ন করিতে পারে। এবং যখন তাড়িত প্রবাহ বন্ধ হইয়া যায় তখন লেভাট ছাড় পাইয়া পূর্বস্থানে আসে, ফলে ইহাতেও প্রেরক যন্ত্রের অপব প্রকার শব্দের স্রাব শব্দ হয়।

নিম্নে টেলিগ্রাফ যন্ত্রের ব্যবস্থা চিত্র সাহায্যে বুঝান হইল। প্রেরক যন্ত্রের লেভাটের হাতলটি টিপিলে ইহার সহিত পৃষ্ঠের সংযোগ হয়। ফলে তাড়িত-সেল হইতে প্রবাহ আসিয়া আঁকশলিৰ সহিত সংযুক্ত স্কু দিয়া পথে (Line) বাহির হইয়া যায়। এই পথের তাবের সঙ্গে দুবস্থ একটি গ্রাহক যন্ত্রের লেভাট সংযোগ থাকে। এখান হইতে তাড়িত প্রবাহ একটি বৈদ্যুতিক চুম্বকের মধ্য দিয়া




১১৯নং চিত্র—টেলিগ্রাফ, প্রেরক-যন্ত্র

১২০নং চিত্র—টেলিগ্রাফ, গ্রাহক-যন্ত্র

যাইবার সময় উপরে একটি শব্দ করিবার লেভাটকে আকর্ষণ করে, ফলে প্রেরক যন্ত্রের স্রাব এখানেও শব্দ হয়। বৈদ্যুতিক চুম্বকের অপব প্রাপ্ত পৃথিবীর সহিত সংযুক্ত থাকায় তাড়িত প্রবাহ পৃথিবীর মধ্য দিয়া পূর্বোক্ত তাড়িত সেলে গিয়া পৌঁছে। এইরূপে সমস্ত পথ সম্পূর্ণ হয়। প্রেরকের হাতল ছাড়িয়া দিলে এই যোগ ছিন্ন হয়, পুনরায় টিপিলে আবার পূর্বোক্ত ব্যাপার ঘটে। এইরূপে উৎপন্ন টবে, টক্কা শব্দ গুলি সমাবেশে সমগ্র বর্ণমালাব সংকেত করা হয়; তাহাতেই একস্থান হইতে অন্য স্থানে বার্তা প্রেরণ করিবার ব্যবস্থা হয়। মনে



কবা যাউক 'Ant' কথাটি একস্থান হইতে অন্যস্থানে প্রেবণ কবিতো হইবে। ইহাতে তিনটি অক্ষর A, n ও t পব পব বসান আছে। 'টবে' শব্দ এবং 'টকা'



১২১নং চিত্র—সমগ্র টেলিগ্রাফের ব্যবস্থা

শব্দ দুইটির সমন্বয়ে A অক্ষরটি বুঝান হয়, সেক্ষেপ 'টকা' এবং 'টবে' শব্দ দুইটির সমন্বয়ে n শব্দটির সঙ্কেত বুঝান হয় এবং কেবলমাত্র 'টকা' শব্দ দিয়া t অক্ষরটি বুঝান হয়। অতএব পব পব ঐক্সেপ শব্দ কবিয়া সমগ্র 'Ant' শব্দটি বুঝান হয়।

টবে এবং টকা শব্দগুলির সঙ্কেত লিগিয়া বাখিতো হইলে মাত্র দুইটি চিহ্ন মনে কবিয়া বাখিলেই চলে। টবে একটি বিন্দু দিয়া এবং টকা একটি বেগাব দ্বাৰা সূচিত হয়।

যথা :— A = · —

B = — ...

C = — · — ·

D = — · ইত্যাদি

**সংক্ষেপ :**—তড়িৎ সেল হইতে তড়িৎ প্রবাহেব সৃষ্টি করা যাইতে পারে। বহু প্রকারের তড়িৎ সেল আছে। কতকগুলি পদার্থের মধ্য দিয়া তড়িৎ সহজে যাতায়াত করে, কতকগুলি

মধ্য দিয়া যায় না বলিলেই চলে। প্রথমগুলি তড়িৎ পরিবাহী অপবগুলি বিদ্যুৎস্রব। তড়িৎ-প্রবাহের কালে তাপ, আলো সৃষ্ট হয়, পদার্থে রাসায়নিক পরিবর্তন ঘটে। তড়িৎবাহী তারের চতুর্পার্শ্বে চুম্বক শক্তির লক্ষণ প্রকাশ পায়। আম্পিয়ার এই চুম্বক শক্তির গতি সম্বন্ধে একটি সূত্র বাহ্যিক করিয়াছেন। তড়িৎবাহী তার লৌহদণ্ডে জড়াইয়া ইচ্ছামত শক্তিশালী বৈদ্যুতিক চুম্বক প্রস্তুত করা যায়। তড়িৎ প্রবাহের সাহায্যে তড়িৎ ঘণ্টা, টেলিগ্রাফ, টেলিফোন প্রভৃতি বহু নিনতা ব্যবহার্য প্রয়োজনীয় দ্রব্য নির্মিত হইয়াছে।

### একাদশ প্রশ্নমালা

১। তড়িৎ-সেল কাহাকে বলে? যে কোন একটি তড়িৎ-সেল বর্ণনা কর? (What is an electric cell? Describe any one of such cells.)

২। একটি তারের মধ্য দিয়া তড়িৎ-প্রবাহ চলিতেছে কিনা এবং চলিলে কোন্ দিক হইতে কোন্ দিকে চলিতেছে তাহা কিরূপে পরীক্ষা করিবে? (How would you test whether electric current is flowing through a wire? If it flows, from which direction?)

৩। তড়িৎ-চুম্বক কাহাকে বলে? উহা প্রধানত কোন্ কোন্ কার্যে ব্যবহৃত হয়? কি উপায়ে ইহার চুম্বক-শক্তি বৃদ্ধি করা যাইতে পারে? (What is an electro-magnet? What are its main uses? How its strength can be increased?)

৪। তড়িৎ-ঘণ্টার একটি পরিষ্কার চিত্র দিয়া উহার কাৰ্য প্রণালী বুঝাও। (Describe the principle of an electric bell with the help of a clear diagram.)

[কঃ বিঃ ১৯৪০]

৫। চিত্র সাহায্যে সমগ্র টেলিগ্রাফ যন্ত্রের কাৰ্য প্রণালী বুঝাইয়া দাও। (Describe the whole system of a telegraph circuit by the help of a diagram.)

৬। টেলিগ্রাফ পথের ধাতব তারের দুই প্রান্ত মাটিতে পুঁতিয়া দেওয়ার কি সুবিধা হয়? (What advantage do we derive by earthing the terminals of the telegraph circuit?)

## ৰসায়ন বিজ্ঞা

### প্ৰথম পৰিচ্ছেদ

#### মিশ্ৰ পদাৰ্থ ও দ্ৰবণ

কিছু লৌহচূৰ্ণ ও কিছু গন্ধকচূৰ্ণ একটী পাত্ৰে বাগিয়া ভাল কবিয়া মিলাও । দেখ এটী মিশ্ৰিত পদাৰ্থেৰ বং লোহাৰ কাল বং ও গন্ধকেৰ হব্দে বংএব মানামানি হইযাছে । একটী আভম-কাচ (Magnifying glass) দিয়া পৰীক্ষা কৰিলে দেখিবেনে, লৌহ ও গন্ধকেৰ কণাগুলি পাশাপাশি অবস্থিত বহিয়াছে । মিশ্ৰিত পদাৰ্থে লৌহ এবং গন্ধক উভয়ই গুণ বৰ্তমান থাকে । এটী মিশ্ৰিত পদাৰ্থেৰ বিষদংশ এক টুকুৰা কাগজেৰ উপৰ বাথ, একটী চুম্বক লইয়া তাহাৰ মধ্য দিয়া বান কৰেৰ নাডিলে সমস্ত লৌহচূৰ্ণগুলি ইহাতে আকৃষ্ট হইয়া লাগিয়া যাইবে এবং গন্ধকচূৰ্ণ পড়িয়া থাকিবেনে । মিশ্ৰিত পদাৰ্থেৰ বিষদংশ এৰ টী পৰীক্ষা নলে (Test tube এ) লইয়া কাবন বাই সালফাইড্ নামক তৰলপদাৰ্থ ঢালিলা নাডিলে গন্ধক ইহাতে দৰীভূত হইবে । পৰে পৰিস্ৰুতি কাগজেৰ ভিতৰ দিয়া ছাঁকিয়া লইলে লৌহচূৰ্ণ কাগজেৰ উপৰ আটকাইয়া বাইনে ও গন্ধকেৰ দ্ৰবণ নিচেৰ পাত্ৰে সংগ্ৰহীত হইবে । বাতাসে কাবন বাইসালফাইড্ উৰিয়া গেলে পাত্ৰে গন্ধক পড়িয়া থাকিতে দেখা যায় । এই মিশ্ৰণেৰ ফলে কোন নূতন পদাৰ্থ প্ৰস্তুত হয় নাই । লবণ জলেৰ সহিত মিলায়া গেলে এইকপ মিশ্ৰপদাৰ্থেৰ সৃষ্টি হয় । দুই বা ততোধিক পদাৰ্থেৰ এইকপ মিশ্ৰণেৰ ফলে যে পদাৰ্থ সৃষ্ট হয়, তাহাকে মিশ্ৰ (Mixture) বহে । মিশ্ৰপদাৰ্থেৰ গুণ ইহাৰ উপাদানগুলিৰ গুণেৰ সমষ্টিমাত্ৰ, ইহা কোন নূতন পদাৰ্থ নহে এবং ইহাৰ উপাদানগুলিকে সহজেই পৃথক কৰা যায় ।

এইরূপ কিছু বালি ও কিছু চিনি মিশাইলে দেখা যাইবে মিশ্রিত পদার্থের বং, চিনির বং এবং বালির বংএব মারামারি হইয়াছে এবং বালি ও চিনির দানাগুলি পাশাপাশি বিচ্ছিন্ন বহিয়াছে। ইহাতে যদি পুনরায় কেবলমাত্র বালি মিশান হয় তবে দেখা যাইবে মিশ্রপদার্থের বং ক্রমশ বালির বংএব মত হইয়া যাইবে। এইরূপ যত উচ্চা বালি ইহাতে মিশাইতে পারা যাইবে। যেমন কবিষাই মিশ্রিত করা হউক না কেন এখন যদি এই মিশ্র পদার্থের খানিকটা লইয়া সূক্ষ্মভাৱে পরীক্ষা করা হয় তবে দেখা যাইবে একই মিশ্রপদার্থে উপাদানগুলির পরিমাণের অনুপাত সকল অংশে সমান নহে।

মিশ্র পদার্থ হইতে বিভিন্ন পদার্থ ক্রমশে পৃথক করা যায় দেখা যাউক। বহুবিধ মিশ্র পদার্থ হইতে বিভিন্ন পদার্থের পৃথক করিবার উপায়ও বহুবিধ, তাহাদের মধ্যে কয়েকটি সহজসাধ্য উপায় নিয়ে বিবৃত হইল।

১। হাত বাড়াই- যখন কোন বড় আয়তনের পদার্থ ক্ষুদ্র আয়তনের পদার্থের সহিত মিশিয়া যায়, কিংবা যখন কোন বিভিন্ন বংএব ছুই বা ততোধিক পদার্থ একত্র মিশ্রিত থাকে, তখন হাত বাড়াই দ্বারা সহজেই পদার্থগুলিকে পৃথক করা যায়। মনে কর চালের সহিত চিনির দানা মিশিয়া গিয়াছে। হাত বাড়াই দ্বারা চালের দানাগুলি সহজেই চিনির দানা হইতে পৃথক করা যায়। কিংবা যদি চাল এবং ডাল একত্র মিশাইয়া যায় তখনও হাত বাড়াই দ্বারা ইহাদিগকে পৃথক করা যায়।

২। চালুনি দিয়া ছাঁকা—মোটো দানা ও সূক্ষ্ম দানার মিশ্রণ হইতে একটিকে পৃথক করিবার ইহা সবাপেক্ষা সহজ উপায়। তাম্বা অনেকেরই দেখিয়াছে চাল গুঁড়াইয়া সবেদা প্রস্তুত করিবার সময় চালুনি দিয়া ছাঁকিয়া মোটো দানা গুলি কেমন করিয়া পৃথক করা হয়। চাল গুঁড়াইয়া চালুনির উপর ঢালিয়া নাড়িলে সূক্ষ্ম দানাগুলি চালুনি গলিয়া নিচে পড়িয়া যায়; ইহাই সবেদা, এবং চালুনির উপর বড় দানাগুলি থাকিয়া যায়। তাহাদিগকে পুনরায় গুঁড়াইয়া সূক্ষ্ম করা হয়।


## মিশ্র পদার্থ ও দ্রবণ

৩। চুম্বক সাহায্যে—কিছু গন্ধক ও লোহাচূর্ণ একত্র মিশাইয়া একটি কাচের পাত্রেব উপর ছুড়াইয়া দাও। পবে একটি চুম্বক লইয়া আস্তে আস্তে ঐ মিশ্রিত পদার্থেব উপর বুলাইতে থাক, দেখিবে চুম্বকেব গায়ে লোহাচূব গুলি লাগিয়া যাইতেছে আৰ গন্ধক পড়িয়া আছে।

৭। দ্রব কৰিয়া—মনে কব বালি ও চিনি এক সঙ্গে মিশিয়া গিয়াছে। মিশ্রিত দ্রব্যকে একটি পাত্রেব জলে ঢালিয়া নাড়া চাড়া কব, চিনি জলে গুলিয়া যাইবে কিন্তু বালি গুলিবে না। পবে একটি পাত্রেব উপর ফানেল বসাইয়া তাহাব উপর পৰিস্ফুটি কাগজ ভাঁজিয়া ঠিক ফানেলেব মত কৰিয়া বসাইয়া দাও। পবে উহাতে পূৰ্বোক্ত দ্রবণ ঢালিয়া দাও। দেখিবে বালি ফানেলেব উপর পৰিস্ফুটি কাগজে জমিয়া থাকিবে এবং চিনিব জল নিচেব পাত্রে সঞ্চিত হইবে। এখন বালি বোদে শুকাইয়া বা গৰম কৰিয়া অথবা শুকনা ব্লটিং কাগজেব সাহায্যে শুকাইয়া লইতে পাব। যায এবং চিনিব জল ফুটাইয়া ঘন কৰিয়া পুনৰায় চিনি প্রস্তুত কৰা যাইতে পাবে। তবল পদার্থে অল্প পদার্থ দ্রব কৰিয়া যে দ্রবণ প্রস্তুত কৰা যায় তাহা হইতে পুনৰায় পদার্থগুলিকে পৃথক কৰিবাব অনেকগুলি উপায় আছে। দ্রবণ সম্বন্ধে বলিবাব সময় সেগুলি যথায়থভাবে বৰ্ণিত হইবে।

৫। উর্ধ্বপাতন প্রক্রিয়াব দ্বাৰা—

কিছু বালিব মধ্যে কিছু কপূৰ মিশাইয়া দেওয়া হইয়াছে। ইহাদিগকে পৃথক কৰিতে হইলে একটি লোহাব তেপাষাব উপর লোহাব জাল দিয়া তাহাব উপর একটি বড ঘড়িব কাচ (Watch glass) রাখ। ঐ ঘড়িব কাচেব উপর বালি মিশানো কপূৰ রাখিয়া যাহাতে ঐ বালি মিশানো কপূৰ সম্পূৰ্ণৰূপে ঢাকা পড়ে এমন



১নং চিত্র—উর্ধ্বপাতন

ভাবে একটি কাচের ফানেল উহাৰ উপৰ ঢাকা দাও (১নং চিত্ৰ)। পৰে নিচে একটি স্পিৰিট লম্ফ জালিয়া দাও। যত সময় বাইবে ততই ফানেলেৰ ভিতৰ একপ্ৰকাৰ শাদা বাষ্প উঠিয়া আৰাৰ ফানেলেৰ গায়ে গিয়া শাদা গুঁড়াব মত জমিয়া বাইবে। শাদা ধোঁয়াগুলি কৰ্পূৰেৰ বাষ্প—ফানেলেৰ অপেক্ষাকৃত শীতল গাত্ৰে লাগিয়া জমিয়া পুনৰায় কৰ্পূৰ হইয়া গিযাছে। এইকপ কঠিন পদাৰ্থেৰ উত্তাপ পাঠিয়া তবল না হইয়া একেবাবে গ্যাসীয় আকাৰ ধারণ এবং শীতলতা পাঠিয়া গ্যাসীয় পদাৰ্থেৰ একেবাবে কঠিন আকাৰ ধারণ কৰাকে **উধ্বপাতন** (Sublimation) বলে।

জলে ডুবিয়া যায় অথচ জলে দ্ৰব হয় না এমন পদাৰ্থ, যদি জলে ভাসে অথচ জলে গুলিয়া যায় না এমন পদাৰ্থেৰ সহিত মিশিয়া যায় তবে ঐ মিশ্ৰিত পদাৰ্থগুলিকে জলে ফেলিয়া সহজেই পৃথক কৰা যায়। যোগুলি ভাসে সেগুলিকে ছাঁকিয়া লভেতে হয় এবং যোগুলি ডুবিয়া যায় তাহাদিগকে পৰিস্ফুটি কাগজেৰ ভিতৰ দিয়া চোয়াইয়া লইয়া পৃথক কৰা যায়। আৰও বহুবিধ উপায় মিশ্ৰ পদাৰ্থেৰ উপাদানগুলি পৃথক কৰা না। তাহা ভোমৰা পৰে জানিতে পাবিবে।

### দ্ৰবণ

এক গ্লাস জলে কিছু বালি কিম্বা খড়ি গুঁড়া ফেলিয়া একটি কাঠি দিয়া ভাল কৰিয়া নাডিলে দেখিবে এই জল ধোলা হইয়া গেল। জলক স্থিৰ হইতে দিয়া কিছুক্ষণ পৰে দেখ, সমস্ত গুঁড়া গ্লাসেৰ তলান থিতাইয়া পড়িয়াছ। ইহাতে বুঝা গেল, বালি বা খড়ি জলেৰ সহিত মিশে না।

একটি কাচের ফ্লাস্কে কিছু পৰিস্ফুটি জল লইয়া উত্তে কিছু হুঁতে গুঁড়াইয়া ফেলিয়া দাও এবং একটি কাচ দ গুব দ্বাৰা নাডিতে থাক। দেখিবে জল ক্ৰমশ নীল হইয়া আসিতেছে। কিয়ৎক্ষণ পৰে এমন অবস্থা আসিবে যে সমস্ত জল এককণ নীল হইয়া বাইবে, আৰ যতই নাড না কেন, ইহাৰ বংএৰ পৰিবৰ্তন

হইবে না। কিন্তু যদি আবার কিছু তুঁতে দিয়া নাড়িতে থাক তবে দেখিবে জলের বং গাঢ় নীল হইতেছে। এইরূপ গাঢ়তাবও একটি সীমা আছে। যখন জল ও তুঁতে এইরূপ মিশিয়া যায় তখন আমরা তুঁতের দ্রবণ পাই।

এইরূপ একটি কাচের মােসে পবিকৃত জল লইয়া উহাতে কিছু চিনি ফেলিয়া দিয়া জল নাড়িতে থাক। অল্পক্ষণ পনে এই চিনি আব দেখিতে পাওয়া যাইবে না। মাসের জল একটু মুখে দিয়া দেখ, উহাব স্বাদ মিষ্ট হইয়াছে। এইরূপ এক চামচ লবণ কিঞ্চিৎ জলে ফেলিলে ওই লবণও আব দেখা যায় না এবং জলের স্বাদ কিঞ্চিৎ লোণা হয়। অতএব বলা গেল, চিনি বা লবণ জলে গুলিয়া গিয়া অদৃশ্য হইয়াছে। কোনও জিনিষ জলে গুলিয়া গেলে আমরা বলিয়া থাকি যে, জিনিষটি জলে দ্রব হইয়াছে। এইজন্য জল, চিনি বা লবণের দ্রাবক (Solvent), চিনি বা লবণ জলের দ্রাব (Solute) এবং এই চিনি বা লবণ মিশ্রিত জলকে চিনি বা লবণের দ্রবণ (Solution) বলা হয়। এইরূপ দ্রুকিবি, সোণা, নিশাদল, সীলকস প্রভৃতি দ্রব্য জলে দ্রবণীয়।

জল দেখিতে পবিষ্কার হইলেই যে তাহাতে কোন দ্রব্য মিশ্রিত নাই এ কথা বলা যায় না। কারণ নলরূপ বা বাবণাব জল সাধাবণত বেশ স্বচ্ছ দেখা যায়, কিন্তু ওই জল মুখে দিলে বলা যায় ইহা নির্মল জলের মত স্বাদহীন নহে এবং একটি পাত্রে এই জল লইয়া কিছুক্ষণ পবিয়া কুটাইলে যখন সমস্ত জল উবিয়া যায়, তখন দেখা যায় পাত্রে গুঁড়া গুঁড়া কি পডিযা আছে। তাহা হইলে জলে ঐ গুঁড়া দ্রব্য মিশ্রিত ছিল।

এখন একগ্লাস জলে কিছু গালান গুঁড়া ফেলিয়া নাড়িলে দেখিবে যে, গালান জলে দ্রবণীয় নহে। কিন্তু জলের পবিবর্তে যদি স্পিবিট্ ব্যবহাব বলা যায়, তাহা হইলে গালান তাহাতে গুলিয়া যায়। অতএব গালান জলে অদ্রাব্য হইলেও স্পিবিটে দ্রবণীয়। এইরূপ গন্ধকও জলে দ্রব হয় না, কিন্তু উহা কাৰ্বন্ বাইসাল্-ফাইড (Carbon Bisulphide) নামক তবল পদার্থে সহজেই গুলিয়া যায়। সুতরাং জানা গেল যে, কোন পদার্থ জলে দ্রবণীয় না হইলেও অল্প কোন তবল

পদার্থে দ্রব হইতে পারে। আমরা যে ডাক্তারী ঔষধ সেবন করি, তাহাও অনেকগুলিই স্পিৰিটে দ্রবীভূত থাকে। শরীরের কোন স্থান কাটিয়া গেলে যে টিংচার আইওডিন (Tinc. Iodine) ব্যবহার করা হয়, তাহা স্পিৰিট ও আইওডিনের দ্রবণমাত্র। হোমিওপ্যাথী ঔষধ বিশুদ্ধ স্পিৰিট ব্যতীত প্রস্তুত হয় না। এই সকল দ্রবণের খানিকটা করিয়া, বিভিন্ন পাত্রে লইয়া পরীক্ষা করিলে দেখা যাইবে একটি নির্দিষ্ট পরিমাণ দ্রাবকে একটি নির্দিষ্ট পরিমাণ দ্রাব বিদ্যমান থাকে। নতুবা একই মিছবির দ্রবণের বিভিন্ন অংশ বিভিন্নরূপে মিশ্রিত হইত। এইরূপে যে কোন পদার্থে যদি অপর পদার্থ এমনভাবে মিশ্রিত করা হয় যে মিশ্রিত পদার্থের যে কোন অংশে বিভিন্ন পদার্থের অংশের অনুপাত সমান থাকে তবে ঐ মিশ্রিত পদার্থটিকে পদার্থগুলির দ্রবণ বলা হয়।

পদার্থগুলির মধ্যে একটি তবল হইলেই একটা সংমিশ্রণ সম্ভব হয় বলিয়া দ্রবণ মাত্রই তবল।

খানিকটা জল তুলি অল্প করিয়া ক্রমাগত চিনি ঢালিয়া কাঠি দিয়া বেশ করিয়া নাড়িতে থাক। প্রথমে চিনি বেশ গুলিয়া যাইবে কিন্তু কিছুক্ষণ পরে দেখিবে চিনি আর দ্রবীভূত হইতেছে না। ভাল নাড়া বন্ধ করিলে গ্লাসের তলায় খানিকটা চিনি পড়িয়া থাকে। এই অবস্থায় এই জলকে চিনি দ্বারা **সংপূর্ণ** (Saturated) বলা হয়। জলের পরিমাণ বাড়াইয়া দিলে গ্লাসের তলায় যে চিনি পড়িয়া থাকে, তাহাও ক্রমশ গুলিয়া যায়। অতএব বুঝা গেল যে, নির্দিষ্ট পরিমাণ জলে একটি নির্দিষ্ট পরিমাণ চিনি দ্রবীভূত অবস্থায় ধারণ করিতে পারে। অবশ্য কোন নির্দিষ্ট পরিমাণ জলে সকল বস্তু সমপরিমাণে দ্রবীভূত হয় না। এক সেব জলে যত চিনি গুলিয়া যায়, লবণ তত গুলিবে না। এইজন্য স্থানীয় বলিয়া থাকি জলে চিনির **দ্রাব্যতা** (Solubility) লবণের দ্রাব্যতা অপেক্ষা অধিক।

চিনির দ্বারা সংপূর্ণ জলের তলায় যে চিনি পড়িয়া থাকে, জলের পরিমাণ না বাড়াইয়া উহাতে উত্তাপ দিলেও সেই চিনি ক্রমশ গুলিয়া যাইতে



থাকে। আবার এই জল ঠাণ্ডা হইলে, যে চিনি তাপ দেওয়ায় জলে দ্রব হইয়াছিল, তাহা পুনরায় পাত্রেব তলায় থিতাইয়া পড়ে। অতএব, বস্তুব দ্রাব্যতা উষ্ণতাব সঙ্গে সঙ্গে বর্দ্ধিত হয়।

আবও দেখ, জলে সোবা বা নিশাদল দ্রবীভূত করিলে সেই জল বেশ কিছু ঠাণ্ডা হয়। সাধারণত কঠিন পদার্থ জলে দ্রবীভূত হইলে দ্রবণেব উষ্ণতা কিছু কমাইয়া দেয়।


কেবল যে কঠিন পদার্থই দ্রব হয়, তাহা নহে। তবল বা বায়বীয় পদার্থও কঠিন পদার্থেব ন্যায় দ্রবীভূত হইতে পারে। স্পিবিট ও গ্লিসারিন জলেব সহিত মিশ্রিত হয়, কিন্তু তেল একপ হয় না। তবে তেল স্পিবিটে দ্রব হয়, সেইজন্য হাতে তেল লাগিলে জল দিয়া ধুইলে তেল উঠে না, কিন্তু একটু স্পিবিট দিলেই হাত পরিষ্কার হইয়া যায়। তোমরা বোধ হয় জান, নোড়া ওয়াটারেব বোতল খুলিলেই একটি গ্যাস জোনে বাহির হইতে থাকে। এই গ্যাসটি কার্বন ডাইঅক্সাইড (Carbon Dioxide) নামক গ্যাস। বস্তুত নোড়া-ওয়াটারে সোড়া মোটেই থাকে না, কেবল এই গ্যাস দ্রবীভূত অবস্থায় থাকে। বৃষ্টিব জলও পড়িবাব সময় বায়ুমণ্ডলস্থ কার্বন ডাইঅক্সাইড গ্যাস দ্রবীভূত করিয়া লয়।

এক্ষণে তবল পদার্থেব সহিত মিশ্রিত অন্ত পদার্থ পৃথক করিবাব উপায়গুলি দেখা যাইবে :—

পূর্বে দেখা গিয়াছে বালি, খড়িমাটি প্রভৃতি জলে দ্রবীভূত হয় না, কিন্তু চিনি, মিছরি, লবণ প্রভৃতি পদার্থ জলে দ্রবীভূত হয়। এক একটি তবল পদার্থে কয়েকটি পদার্থ দ্রবীভূত হয় আবার কতকগুলি দ্রবীভূত হয় না। যে সকল পদার্থ তবল পদার্থে দ্রবীভূত না হইয়া উহাতে মিশ্রিত থাকে, তাহাদিগকে সাধারণত থিতাইয়া বা **আস্রাবণ** দ্বারা (Decanting) পৃথক করা যায়। নদীর জল বর্ষাকালে ঘোলা হয়। কার্বন বৃষ্টিব জলে মাটি ও অন্যান্য নানাবিধ পদার্থ ধুইয়া নদীতে আসিয়া পড়ে। ইহাদেব কিয়দংশ জলে দ্রব হইলেও অধিকাংশই ভাসমান অবস্থায় থাকে। এই ঘোলা জল কোন পাত্রে স্থির

ভাবে কয়েক ঘণ্টা বাগিয়া দিলে, ওই ময়লা পাত্রেব তলদেশে কাদাব আঁকাবে জমে ও উপবেব জল অনেকটা স্বচ্ছ হয়। ব্যবহাৰেব জন্য পবিস্কাব জল উপব হইতে আন্তে আন্তে ঢালিয়া লওয়া হয়। কিন্তু স্বচ্ছ দেখাইলেও এই জলেব সমস্ত ময়লা দূবীভূত হয় নাই।

ওই কাদাজল যদি কোন কাপড়ে ছাঁকিয়া যেনা হয় তাহা হইলে অনেক মাটি কাপডেব উপব আটকাইয়া যায়। গিতান জল অপেক্ষা এই জল অনেকটা পবিস্কৃত হইলেও সম্পূর্ণ পবিস্কৃত নহে। কাৰণ, কাপডেব ছিদ্রপথে সমস্ত মাটি আটকাইতে পারে না। পবিস্কৃতি কাগজ (Filter-paper) দ্বাৰা এই



২নং—পবিস্কৃতি


ছাঁকন কাৰ্য সূচাব কাৰ্যে সম্পূর্ণ হইতে পারে। এই পবিস্কৃতি কাগজ ব্লটিং কাগজেব মত সচ্ছিদ্র, তবে উহাৰ ছিদ্রগুলি এত সূক্ষ্ম যে, উহাৰ মধ্যে জল গাইলেও মাটি প্রস্ৰুত কৰা নাইতে পারে না। একটি ব'চৰ কানেল (Funnel) এর মধ্যে একখানি পবিস্কৃতি কাগজ ভাঁজিয়া ঠোঙ্গাৰ মত কানিয়া বসাইয়া দাও। কানেলেব তলাব একটি পাত্ৰ বসাইয়া একটি

কাচদাগুৰ গা বাতিয়া ঘোলা জল পবিস্কৃতি কাগজেব উপব ধীবে ধীবে ঢাল (২নং চিত্ৰ)। দেখ কানেলেব নল দিয়া যে জল চুষাইয়া পড়িতেছে, তাহা বেশ পবিস্কাব ও সমস্ত কাদা পবিস্কৃতি কাগজেব উপব থাকিয়া গিয়াছে।

কোন তবল পদাৰ্থকে ছাঁকিয়া উহাতে ভাসমান পদাৰ্থগুলি হইতে উহাকে পৃথক কৰিয়া লওয়ার প্রক্রিয়াকে **পবিস্কৃতি** বা **পবিস্কাবণ** (Filtration) বলে।

এক্ষণে একবাটি ঘোলাজলে এক চামচ লবণ মিশাইয়া সেই জল উপবিউক্ত উপায়ে ছাঁকিয়া লও। কানেলেব নিচেব পাত্রেব পবিস্কৃত জল মুখে দিয়া দেখ লোণা লাগিবে। লবণ জলে দ্রব হইয়া পবিস্কাবণকালে জলেব সহিত পবিস্কৃতি কাগজেব ভিতৰ দিয়া চলিয়া আসিয়াছে। সুতবাং পবিস্কাবণ প্রক্রিয়া দ্বাৰা দ্রবীভূত পদাৰ্থকে জল হইতে পৃথক করা যায় না, কেবলমাত্র অদ্রব্য পদাৰ্থগুলিই দূবীভূত হয়।

বালি ও কয়লাব মধ্য দিয়া জল চুয়াইয়া গেলে জলে অদ্রবীভূত সমস্ত ময়লা ওই বালি ও কয়লাতে আটকাইয়া যায়। যে স্থানে পবিত্রিত কলের জল পাওয়া যায় না, সেস্থানে এই উপায়ে জল পবিত্রাব করিবার জন্ত ফিল্টার (Filter) ব্যবহৃত হয়। এনং চিত্রে দেখ, একটি কাঠের ফ্রেমে চারিটি কলসী উপর উপর বসান আছে। উপরের তিনটি কলসীর ওলায় ছিদ্র আছে। উপরের প্রথম কলসীতে অপবিত্রিত জল ঢালিয়া দেওয়া হয়, দ্বিতীয় কলসীতে কিছু পবিত্রিত কাঠকয়লা ও তৃতীয়টিতে পবিত্রিত বালি থাকে। কয়লা ও বালিব মধ্য দিয়া জল বাইবার সময় উহাতে ভাসমান ময়লাগুলি কয়লা ও বালিতে আটকাইয়া যায়, স্তব্বাং সর্বনিম্ন কলসীতে স্বচ্ছ জল পাওয়া যায়। ইন্দাবা ও বানগাব জল মাটির ভিতর দিয়া আদিবান সময় এইরূপ পবিত্রিত হয় বলিয়া সকল সময়ই স্বচ্ছ।




এনং চিত্র—ফিল্টার

**পাতন**—দেখা গিয়াছে যে, বালি, খড়ি, মাটি প্রভৃতির দ্বারা যে সকল পদার্থ জলে দ্রবীভূত না হইয়া গিয়া থাকে, পবিত্রাবণ প্রক্রিয়ার দ্বারা তাহা-দিগকে জল হইতে পৃথক করা যায়। কিন্তু চিনি, লবণ, তুঁতে প্রভৃতির দ্বারা যে সকল পদার্থ জলে দ্রবীভূত অবস্থায় থাকে, তাহাদিগকে এই উপায়ে দ্রবীভূত করা যায় না। জল বুটাইলে কেবল বিশুদ্ধ জলকণাগুলিই বাষ্পাকারে উঠিয়া যায় এবং চিনি, লবণ ইত্যাদি মিশ্রিত পদার্থগুলি পড়িয়া থাকে। এই উষ্ণ জলীয় বাষ্পকে শীতল করিয়া জমাইলে আমরা বিশুদ্ধ জল পাইতে পারি। জলের দ্বারা কোন তরল পদার্থকেও, উহাতে দ্রবীভূত পদার্থ হইতে এই উপায়ে বিশুদ্ধ করা যায়। এই শোধন-প্রণালীকে বৈজ্ঞানিক ভাষায় **পাতন (Distillation)** ও চলতি কথায় ‘চোলাই করা’ বলে। তবেই দেখিতেছ যে, পাতন প্রক্রিয়ার প্রথমে বাষ্পীভবন ও পবে

ঘনীভবন হইয়া থাকে। সমুদ্রজল প্রাকৃতিক উপায়ে পাতিত হইয়া বৃষ্টিব জলে পবিণত হয়।

অল্প পবিমাণ জল পাতিত করিতে যে যন্ত্র ব্যবহৃত হয়, ৪নং চিত্রে তাহা প্রদর্শিত হইল। চিত্রটির বাম পার্শ্বে কাচকূপীতে (Flask) কিছু চিনিব জল ফুটান হইতেছে। জল বাষ্প হইয়া পাত্রটির মুখেব নল দিয়া অত্র একটি লম্বা কাচনলের মধ্য দিয়া বাইরাব সমন শীতল হওয়া পুনর্বাষ জমিয়া জল হয়। এই জল উক্ত নলের অপর প্রান্তে বস্তুিত আন একটি পাত্রে আসিয়া জমিতেছে। পাত্রস্থ জল বিশুদ্ধ ও নিমণ। চিত্রে দেখ, এই লম্বা নলটির বাহিরে আবও একটি বড় নল দাঁহিয়াছে এই ছুৎ নলের মধ্যবর্তী স্থান দিয়া শীতল জল




৪ নং চিত্র—পাতন

প্রবাহিত করিবার বন্দোবস্ত বহিয়াছে। বড় নলটির মাঝে উপরের মুখটি দিয়া ঐ জল বাষ্প হইয়া যায়।

বাসায়নিক পরীক্ষার জন্য, দ্রাক্ষারী ঔষধ প্রস্তুত করিতে ও মোটর গাড়ীর ব্যাটারীতে পাতিত জল (Distilled water) যথেষ্ট পবিমাণে ব্যবহৃত হয়।


এতদ্ভিন্ন একটি তরল পদার্থে একটি কঠিন পদার্থ দ্রবীভূত অবস্থায় থাকিলে তাহাকে স্ফটিকীকরণ প্রক্রিয়া দ্বারা পৃথক করা যায়।

**ক্ষটিকীকরণ**—এক টুকুড়া লবণ ভাঙ্গিলে তাহা অনেকগুলি দানায় বিভক্ত হয়। পরীক্ষা করিয়া দেখ, এই দানাগুলি দেখিতে ছোটবড় হইলেও ইহাদেব সকলগুলিবই আকৃতি এককপ। একখণ্ড মিছবি ভাঙ্গিলেও যে দানাগুলি বাহিব হয়, তাহাদেবও আকৃতি পরস্পর একই কপ। কিন্তু দেখ, লবণ-দানার আকৃতি মিছবি-দানার আকৃতি হইতে সম্পূর্ণ বিভিন্ন, লবণের দানা ( ৫নং চিত্র ) ষট্ভলবিশিষ্ট ঘনক




৫নং চিত্র—লবণের দানা


(Cube) এবং মিছবির দানায় ( ৬নং চিত্র ) আটটি ভল দেখি ও পাওয়া যায়। ষট্ভলবিশিষ্ট দানা আটভলবিশিষ্ট বটে, কিন্তু ইহা দেখিতে মিছবির দানার মত নহে। ৮নং চিত্রে তুঁতের দানার আকৃতি বিকল্প হয় দেখ। এইকপে দেখা যায়, বিভিন্ন দ্রব্যের দানাগুলি দেখিতে এককপ নয় এবং প্রত্যেক



৬নং চিত্র  
মিছবির দানা



৭নং চিত্র  
ষট্ভলবিশিষ্ট দানা




৮নং চিত্র  
তুঁতের দানা

দ্রব্যের দানাগুলির আকৃতির একটা বিশেষত্ব আছে। অনেক সময়ে দানার আকৃতি দেখিয়াই ইহা কোন পদার্থের দানা বলিতে পারা যায়।

একটি পাত্রে খানিকটা জল লইয়া উহাতে তুঁতের গুঁড়া মিশাইয়া উহার সংপৃক্ত দ্রবণ প্রস্তুত কর। এই সংপৃক্ত দ্রবণের বিষয়দংশ একটি অগভীর পাত্রে ঢালিয়া পাত্রটি একধারে সবাইয়া রাখ। দ্রবণের

অবশিষ্টাংশ তাপ দিলে দেখা যায়, নীলবর্ণের তুঁতেব দানা বাহির হইতেছে। এই দানাগুলি দেখিতে ক্ষুদ্র, কিন্তু প্রথমোক্ত পাত্রটি দিনেব পব দিন পরীক্ষা করিয়া দেখ, জল যেমন ধীরে ধীরে শুকাইয়া যাইতেছে, পাত্রের তলায় অমনট সুন্দর সুন্দর নীলবর্ণের দানা বাধিতেছে এবং দিনে দিনে দানাগুলি পুষ্ট হইতেছে। যে কোনও দ্রবণে উত্তাপ দিয়া দ্রাবকের পরিমাণ কমাইয়া দিলে উহাতে যে কঠিন পদার্থের কণাগুলি পূর্বে দ্রব অবস্থায় ছিল, তাহারা দানার আকারে পুনরায় দেখা দেয়। এই দানাগুলি জ্যামিতি-সম্মত বিশিষ্ট আকৃতি পায়, ইহাদিগকেই **স্ফটিক (Crystal)** বলে।

উপরে দেখা গিয়াছে, দ্রবণে তাপ প্রয়োগ করিলে যে দানাগুলি বাহির হয়, তাহারা আকারে ক্ষুদ্র, কিন্তু দ্রাবক ধীরে ধীরে বাষ্পীভূত হইলে বৃহদাকারের দানা পাওয়া যায়। জলে মিছবির পরিগর্ভিত দ্রবণ প্রস্তুত করিয়া উহার মধ্য একটি ছোট মিছবির দানা সূতা দিয়া ঝুলাইয়া



৯নং চিত্র—স্ফটিকীকরণ

বাধিলে দেখা যায় যে, জল ধীরে ধীরে উবিয়া যাইবার সঙ্গে সঙ্গে মিছবি দানা বাধিয়া সূতায় পাশ্বে জমিয়া একটি বড় তাল গঠিত করে। দোকানে তোমরা যে মিছবির কুঁদা দেখ, তাহা এই কাপেই প্রস্তুত হয়। ৯নং চিত্র দেখ, এইকাপে সূতায় ঝুলান একটি ফটকিবির দানা

ক্রমশঃ কেমন বড় হইতেছে। স্ফটিক প্রস্তুত করণের এই প্রক্রিয়াকে **স্ফটিকীকরণ (Crystallisation)** কহে।

পূর্বেই দেখিয়াছ যে, পদার্থের দ্রাব্যতা দ্রাবকের পরিমাণ ও উত্তাপের উপর নির্ভর করে। এক সেব ফুটন্ত জলে যে পরিমাণ চিনি দ্রবীভূত হয়, এক সেব

ঠাণ্ডা জলে সে পবিমাণ চিনি দ্রব হয় না। সুতবাং এই কুটম্ব জল শীতল হইলেও চিনি পাত্রেব তলায় দানা বাধিয়া পড়িবে। দানাব আকৃতি সুগঠিত ও বড় কবিত্তে হইলে, লক্ষ্য বাখিত্তে হইবে যেন দ্রবণ দ্রুত শীতল না হইয়া ধীবে ধীবে ঠাণ্ডা হয় ও কোনকপ নাডাচাডা না পায।

দুইটি লবণজাতীয় পদার্থ কোন তবল পদার্থে দ্রবীভূত অবস্থায় থাকিলে স্ফটিকীকরণ-প্রক্রিয়া দ্বাৰা তাহাদিগকে পৃথক কৰা যাইতে পাৰে। কিছু ভুঁতে ও ফটুকিনিচূর্ণ খানিকটা উষ্ণ জলে ফেলিয়া উহাদেব সংপূৰ্ণ মিশ্র-দ্রবণ প্রস্তুত কৰ। ঐ মিশ্র-দ্রবণ শীতল হইলে কিছুক্ষণ পৰে দেখা বাইনে যে ভুঁতেব নীল-দানা ফটুকিবিব শাদা দানা পাশাপাশি জন্মিত্তেছে।

দ্রবণ, পৰিস্রাবণ, পাতন ও স্ফটিকীকরণ প্রণালীগুলি আমবা অনেক সময়ে কাজ লাগাইয়া থাকি। মনে কব কিছু চিনি ধূলাবাণি সষ্টি ও মিশিয়া গিয়াছে। ঐ চিনি অন্যবভায় বলিয়া না ফেলিয়া সজেই তাহা পৰিস্রাব কৰা যাইতে পাৰে। চিনি জলে দ্রব হয়, কিছু ধূলাবাণি তাহা হয় না। সুতবাং কিছু জলে ঐ অপৰিস্কৃত চিনি ফেলিয়া দিয়া জল গৰম কৰ, উষ্ণ জলে চিনি গুলিয়া গেল, এক্ষণে ঐ দ্রবণ পৰিস্রুতি কাগজেব মধ্য দিয়া ছাঁকিয়া লহলে ধূলাবাণি উহাব উপৰ পড়িয়া থাকিবে এবং নিচের পাত্রে পৰিস্কৃত চিনিব জল পাওয়া যাইবে। এই জল শীতল হইলে চিনি দানা বাখিত্তে থাকিবে। দানাগুলি পৃথক কৰিয়া লইয়া বাকী জল কুটাইয়া জলটুকু উৰিয়া যাইতে দিনে, আবও চিনি পাওয়া যাইবে। লবণেব সষ্টিত পাথরকুচা মিশ্রিত থাকিলে উহা হইতে বিশুদ্ধ লবণ এইকপেই পৃথক কৰা যাইতে পাৰে।

**সংক্ষেপ :**—দুই বা ততোধিক পদার্থ একত্র হইয়া যদি স্ব স্ব গুণ বজায় রাখে তবে সকলগুলিব সমষ্টিকে মিশ্র বলে। তরল পদার্থে অন্য পদার্থ একপভাবে মিশ্রিত থাকিলে দ্রবণ কহে। মিশ্র পদার্থ হইতে উপাদান পৃথক করিবার উপায়—হাত-বাহাই, চালুনি দিয়া ছাঁকা, চুম্বকেব সাহায্যে আকর্ষণ, দ্রবণ প্রস্তুত কৰিয়া, উষ্ণপাতন প্রক্রিয়া প্রভৃতি। দ্রবণ হইতে উপাদান পৃথক করিবার উপায়—আস্রাবণ, পৰিস্রাবণ, পাতন, স্ফটিকীকরণ প্রভৃতি। যাহা তরল পদার্থে

দ্রব হয় তাহাদিগকে দ্রাব এবং তবল পদার্থকে দ্রাবক বলে। নির্দিষ্ট উত্তাপে একটি তরল পদার্থে যখন সর্বাধিক পরিমাণ একটি পদার্থ দ্রব থাকে তখন তাহাকে সংপৃক্ত দ্রবণ বলা হয়। উত্তাপ বাড়িবার সঙ্গে সঙ্গে পদার্থের দ্রাব্যতা বাড়ে এবং সংপৃক্ত হইবার জন্ত পদার্থের পরিমাণও অধিক লাগে।

### প্রথম প্রশ্নমালা

- ১। মিশ্র ও দ্রবণ কাকে বলে? উহাদের পার্থক্য কি বুঝাইয়া দাও।  
(What is meant by a mixture and a solution? Tabulate their differences)
- ২। মিশ্র এবং দ্রবণের উপাদানগুলি পৃথক করিবার পাঁচটি সহজ উপায় বর্ণনা কর। (Describe five simple methods of separating the ingredients from a mixture and a solution)
- ৩। দ্রবণ, পরিশ্রাবণ, পাতন ও স্ফটিকীকরণ এই চারটি প্রক্রিয়া সংক্ষেপে বর্ণনা কর।  
(Describe — Solution, Filtration, Distillation and Crystallisation)
- ৪। নিম্নলিখিত শব্দগুলির অর্থ উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও :—  
দ্রবণ, সংপৃক্ত দ্রবণ, দ্রাব, দ্রাবক ও স্ফটিক।  
(Explain the following with example — a solution, a saturated solution, a solute, a solvent and a crystal)
- ৫। বালির সহিত চিনি, লবণের সহিত বালি, পাড়ির সহিত সোরা এবং বালির সহিত কপূর্ব মিশ্রিয়া গেলে উহাদিগকে কিক্রমে পৃথক করা যায়? (How would you separate the ingredients of the following mixtures — sand and sugar, salt and sand, nitre and chalk and sand and camphor)
- ৬। গন্ধকের গুঁড়া হইতে কিক্রমে গন্ধকের দানা প্রস্তুত করা যাইতে পারে?  
(How crystals of sulphur may be made from dust of sulphur?)
- ৭। সোরা, গন্ধক ও কাঠকয়লাব গুঁড়া মিশাইয়া বাকদ প্রস্তুত হয়। বাকদ হইতে কি উপায়ে উহাদিগকে পৃথক পৃথক পাওয়া যাইতে পারে, তাহা বিশদক্রমে বুঝাও।  
(Gun powder is a mixture of nitre, charcoal and sulphur. How each of these can be separated?)
- ৮। জলে দ্রবণীয় কতকগুলি কঠিন, তবল ও গ্যাসীয় পদার্থের নাম কর। স্বভাবজ জল বিশুদ্ধ



অবস্থায় পাওয়া যায় না কেন? (Name some solids, liquids and gases which are soluble in water. Why pure water does not occur in nature?)

৯। জলে তুঁতের দ্রবণ কিরূপে প্রস্তুত করা যায়? চিনির জল হইতে চিনি এবং সমুদ্রের জল হইতে লবণ কিরূপে পাওয়া যায়? (How a solution of copper sulphate in water may be made? How can we recover sugar from a sugar solution and salt from sea water?)

-----

# দ্বিতীয় পরিচ্ছেদ


## মরিচা ধরা ও দহন

লৌহ যদি বেশী দিন ধবিষা বাহিবে পড়িয়া থাকে, তাহা হইলে সেই লোহায় মরিচা ধবে, ইহা তোমরা জান। ছুবি, কাচি, ক্ষুব প্রভৃতি লোহাব জিনিষ অনেকদিন অব্যবহায়. অবস্থায় পড়িয়া থাকিলে ঐগুলিতেও মরিচা ধবে। লৌহ বায়ুস্থ অক্সিজেনের সহিত মিলিত হইয়া একটি নূতন পদার্থের সৃষ্টি করে, তাহা ঐ মরিচা। কিন্তু এই মিলনের ফলে তাপ ও আলোক পাওয়া যায় না বলিয়া, আমরা মনে করি লৌহ দাহ্য নয়। কিন্তু, মরিচা পড়াও একবকর দহন, সাধারণ দহনের সহিত ইহাব প্রভেদ এই যে, একপ দহনে একসঙ্গে তাপ ও আলোক সৃষ্টি হয় না বলিয়েই চলে।

মরিচা ধবিলে লৌহের ওজন বাড়িয়া যায়। কতকটা নূতন উজ্জল লোহাচূব একটি চীনা মাটির মুচিতে লইয়া ওজন কর। ইহাতে অল্প জল ছিটাইয়া দিয়া দুই একদিন রাখিয়া দিলে দেখিবে যে লোহাচূবগুলি আন উজ্জল নাই, তাহাতে মরিচা ধবিয়াছে। এক্ষণে ঐ মুচিটি অল্প গরম করিলে উহাতে যে সামান্য জল আছে, তাহা বাষ্প হইয়া উড়িয়া যাইবে। পরে ওজন করিলে দেখা যাবে যে মরিচা ধবা লোহাচূবের ওজন বেশী হইয়াছে।

লৌহে মরিচা পড়িবার পর উহাতে বায়ব যে একাংশ ব্যয়িত হয়, তাহা নিয়েব পরীক্ষা হইতে বুঝিতে পারিবে। একটি ছোট কাপড়ের খালিতে কিছু নূতন উজ্জল লোহাচূব ভরিয়া উহা উত্তমরূপে জলসিক্ত কর। পরে খালিটি একটি কাচদণ্ডের এক প্রান্তে বাঁধিয়া দণ্ডটি জলপূর্ণ কাচপাত্রের উপর ধর এবং ১০নং চিত্রে প্রদর্শিতভাবে একটি বিস্কৃত মুখবিশিষ্ট কাচের বোতল উহাব উপর চাপা দিয়া দুই একদিন রাখিয়া দাও। বোতলের মধ্যের জল ও নিম্নপাত্রের জল

প্রথমে এক সমতলেই ছিল, কিন্তু কয়েকদিন পবে দেখা গেল, বোতলের জল কিছু উপরে উঠিয়াছে। ইহাতে বুঝা যায় বোতলের মধ্যে এমন কিছু ঘটিয়াছে, যাহাব জন্ত উহাব মধ্যস্থ বায়ুব কিয়দংশ ব্যয়িত হইয়াছে, যে অংশ অবশিষ্ট আছে, তাহাতে জলস্ত কাঠি নিভিয়া যায় বলিয়া উহা প্রজ্জ্বলন-পোষক নহে। এইবাব খলিটি খুলিয়া দেখ, লৌহচূর্ণগুলিতে পূর্বের ঔজ্জ্বল্য নাই এবং সেগুলিতে মরিচা ধবিয়াছে।




১০ নং চিত্র—মরিচা ধরা

তাহা হইলে বায়ুব অপব একটি উপাদান লৌহেব সহিত মিলিত হইয়া মরিচা উৎপন্ন কবিয়াছে। পবে জানিতে পারিবে এই উপাদান সমস্ত বায়ুব প্রায় এক পঞ্চমাংশ। বোতলেব মধ্যে জল উঠিলে দেখিবে এই জল সমস্ত ফাঁকা জায়গাব  $\frac{1}{5}$  অংশ অধিকাব কবিয়া আছে। বায়ুব এই উপাদানটির নাম অক্সিজেন। তুলাদণ্ডেব সাহায্যে প্রমাণ কবিত্তে পাব, মরিচা ধবিবাব পব লৌহচূর্ণগুলিব ওজন বাড়িয়া গিয়াছে। ভাল ছুবি, কাঁচি প্রভৃতি লৌহনির্মিত দ্রব্যে যাহাতে মরিচা না ধবিত্তে পাবে, তজ্জন্ত ব্যবহাবেব পব ইহাদেব গায়ে ভেস্‌লিন (Vaseline) মাখাইয়া রাখিত্তে হয়। কার্বণ, বায়ুব অক্সিজেন ভেস্‌লীন ভেদ কবিয়া লৌহেব সহিত মিলিত হইতে পাবে না। লৌহেব উপর কলাই (Enamel) কবিলেও ইহাতে মরিচা ধবিত্তে পাবে না। এইরূপ কলাই কবা লৌহেব পাতে কেরোসিনের ক্যানেষ্টাৰা, বাল্‌তি, কাবোগেট্‌ টিন, চায়েব কাপ ও কেট্‌লী প্রভৃতি প্রস্তুত হয়।

তামা, সীসা, দস্তা প্রভৃতি উন্মুক্ত বায়ুতে পড়িয়া থাকিলে উহাদেব উপরেও মরিচা পড়ে।

একটি জলস্ত মোমবাতি একটি কাচপাত্রেব মধ্যে বসাইয়া মোমবাতিব

উপর একটি কাচের জাব ( Gas-Jar ) উপুড় কবিয়া রাখ। যাহাতে জ্বাবের ভিতর বাতাস না ঢুকিতে পারে, তজ্জন্তু পাত্রে খানিকটা জল ঢালিয়া দাও



১১ নং চিত্র—প্রজ্বলন

( ১: নং চিত্র )। দেখ বাতির শিখা ক্রমে নিম্নভ ও ছোট হইয়া, একেবারে নিভিয়া গেল। প্রকৃত-পক্ষে বাতাসের মধ্যে এমন একটি পদার্থ আছে, যাহার সহযোগে জ্বলনকার্য চলে এবং তাহা না থাকিলে প্রদীপাদি জ্বলিত না। বায়ুমধ্যস্থ এই পদার্থের নাম অক্সিজেন ( Oxygen )। দহন বা জ্বলন কালে এই অক্সিজেন ব্যয়িত হয়। কাজেই এই পরীক্ষায় জ্বাবের ভিতরে বাতাসের অক্সিজেন ব্যয়িত হইলে নূতন বাতাসের অভাবে বাতি নিভিয়া যায়। এই ব্যয়িত অক্সিজেন ও মোমবাতির অংশ আপাতদৃষ্টিতে নষ্ট হইল বলিয়া মনে হইলেও, তাহা বা কোনও নূতন পদার্থের সৃষ্টি কবিল কিনা দেখা বাউক।


মোমবাতি নিভিয়া যাইবার পর জাবটিকে সোজা কবিয়া ধবিয়া উহাতে খানিকটা পরিষ্কার চূনের জল ঢালিয়া দাও এবং একটি চাকতি দ্বারা গ্লাসের মুখ বন্ধ কবিয়া গ্লাসটি নাড়িলে দেখিবে স্বচ্ছ, চূনের জল দুধের মত শাদা হইয়া গেল। কিন্তু একমাত্র কার্বন-ডাইঅক্সাইড গ্যাসই ( Carbon-dioxide gas ) চূনের জলকে এইরূপ ঘোলাটে কবিয়া দেয়। অতএব মোমবাতি পুড়িয়া কার্বন ডাইঅক্সাইড গ্যাস উৎপন্ন কবিয়াছে। বাতির উপাদানে যে কার্বন ( Carbon ) ছিল তাহা বায়ুর অক্সিজেনের সহিত যুক্ত হইয়াছে।

বাতির কার্বন এইরূপে অক্সিজেনের সহিত সংযুক্ত হওয়ার তাপ ও আলোকের সৃষ্টি হয়। এই প্রক্রিয়াকে মোমবা দহন বা জ্বলন বলিয়া জান। এক্ষেত্রে দহন শীঘ্র হয় কিন্তু মবিচা ধবা মৃদু বা মৃদু দহন।

এতদ্ভিন্ন ম্যাগনেসিয়াম (Magnesium) নামক ধাতু কিংবা গন্ধকের যে অনুরূপ ভাবে দহন হয় তাহাও দেখ।

একটি চীনা মাটির মুচিতে ম্যাগনেসিয়াম ধাতুব কিছু গুঁড়া লইয়া ঐ মুচিটি একটি জলপূর্ণ পাত্রে ভাসাইয়া দাও। এই পাত্রেব উপর একটি ছিপিবদ্ধ কাচের বেলজার (Bell jar) ঢাকা দাও। বেলজারের মুখেব ছিপি খুলিয়া দিলে দেখিবে বেলজারের ভিতরের ও বাহিরের জল এক সমতলে আছে। এইবাব বেলজারের মুখ দিয়া একটি জলস্ত কাঠি প্রবেশ কবাইয়া ম্যাগনেসিয়াম ধাতুতে আগুন ধবাইয়া তাডাতাডি কাঠিটি বাহিব কবিয়া বেলজারের মুখ ভাল কবিয়া ছিপি আঁটিয়া দাও। দেখিবে প্রথমে ম্যাগনেসিয়াম বেশ জলিয়া উঠিবে। কিন্তু ক্রমে নিশ্চল হইয়া নিভিয়া যাইবে। এদিকে জারের ভিতরে

জলতল উঠিয়া যখন পূর্বের ফাঁকা স্থানের  $\frac{1}{5}$  অংশ অধিকাব কবিবে তখন আব জল উপরে উঠিবে না। এইবাব যদি জারের ভিতর একটি জলস্ত কাঠি প্রবেশ কবাও তাহা নিভিয়া যাইবে। সুতবাং প্রজ্বলনের পর বেলজারের মধ্যে যে গ্যাসীয় পদার্থ আছে তাহা প্রজ্বলন পোষক নহে। প্রমাণ দ্বাৰা বন্ধিতে পাৰা যায় ইহা নাইট্রোজেন (Nitrogen)। বায়ব অক্সিজেন অংশ প্রজ্বলন কার্যে ব্যয়িত হইয়াছে। এইবাব যদি মুচিব দগ্ন ম্যাগনেসিয়াম লইয়া সূক্ষ্ম বাসায়নিক তুলাদণ্ডের সাহায্যে ওজন কব দেখিবে ম্যাগনেসিয়ামের ওজন বৃদ্ধি পাইয়াছে। কাবণ



১২নং চিত্র

ম্যাগনেসিয়াম দহন

দহনের ফলে ইহা বায়ব অক্সিজেনের সহিত সংযুক্ত হইয়া ম্যাগনেসিয়াম অক্সাইড প্রস্তুত কবিয়াছে। দহনের ফলে বায়ব অক্সিজেন অংশের সহিত অল্প পদার্থের সংযোগ হইলে যে পদার্থের ওজন বৃদ্ধি হয় তাহা সকল সময়ে প্রত্যক্ষ ভাবে লক্ষ্য করা যায় না। কাবণ তোমবা লক্ষ্য কবিয়াছ কাঠ পোড়াইলে যে কয়লা বা ছাই পড়িয়া থাকে তাহা কাঠের চেয়ে ভারী ত নয়ই অধিকন্তু কাঠের চেয়ে অনেক হালকা। ইহাব কাবণ কাঠের একটি উপাদান কার্বন (Carbon), তাহার সহিত বায়ব অক্সিজেন সংযুক্ত হইয়া যে কার্বন-ডাইঅক্সাইড হয় তাহা

ধূমাকাবে উবিয়া যায়। বাকি ষেটুকু কার্বন বায়ুৰ অক্সিজেনেৰ সহিত মিলিতে পাবিল না তাহা ছাই বা কয়লাকাবে পড়িয়া থাকে।

দেশে সংক্রামক ব্যাধি আসিলে ঘৰে গন্ধক জ্বালান হয়। ফলে এক প্রকাৰ তীব্র গন্ধযুক্ত গ্যাস উৎপন্ন হয়, তাহাৰ নাম সালফাৰ ডাইঅক্সাইড (Sulphur dioxide)। সালফাৰ ডাইঅক্সাইড জীবাণু নাশক ও জলে শীঘ্র দ্রব হয়।

উপবেৰ প্রক্রিয়াটিৰ মত গন্ধক লইয়া পরীক্ষা কবিলে একই কপ ফল পাওয়া যায়। তবে গন্ধক পুড়িয়া যে সালফাৰডাইঅক্সাইড নামক গ্যাসীয় পদার্থ উৎপন্ন হইল তাহাৰ জন্তু জলতলেৰ উন্নতি কিরূপ হয় বলিতে পাব ? সালফাৰ ডাইঅক্সাইড জলে অত্যধিক দ্রবণীয় বলিয়া জলতলেৰ উন্নতি পূৰ্ব প্রক্রিয়াৰ জল তলেৰ উন্নতিৰ মতই হইয়া থাকে।

অতএব আমবা বলিতে পাবি কোন পদার্থেৰ সহিত অক্সিজেনেৰ বাসায়নিক সংযোগেৰ নাম দহন বা প্রজ্বলন। দহন বা প্রজ্বলন কালে সকল ক্ষেত্রেই আলোক ও উত্তাপেৰ উদ্ভব না হইতে পাবে। যখন আলোক ও উত্তাপেৰ উদ্ভব হয় না তখন অক্সিজেনেৰ সংযোগ ধীবে ধীবে হয় বলিয়া সেই প্রক্রিয়াকে আমবা মৃচ্ দহন বলিয়া থাকি। দহনেৰ ফলে অক্সিজেনেৰ সংযোগ হওয়ায় পদার্থেৰ ওজন বৃদ্ধি সকল সময়ে প্রত্যক্ষ ভাবে লক্ষ্য কবা যায় না।

**সংক্ষেপ :**—মরিচা ধরা ও দহন, বলিতে গেলে একই প্রক্রিয়া। উভয় ক্ষেত্রে অক্সিজেন অল্প পদার্থেৰ সহিত সংযুক্ত হয়। প্রথম ক্ষেত্রে আলোক ও উত্তাপেৰ উদ্ভব বৃষ্ণতে পাবা যায় না, দ্বিতীয় ক্ষেত্রে আলোক ও উত্তাপেৰ উদ্ভব হয়। যথেষ্ট পরিমাণ অক্সিজেন সরব্বাহ কৰিবাব উপায় না থাকিলে কোন পদার্থ প্রজ্বলিত হইতে পারে না।

### দ্বিতীয় প্রশ্নমালা

১। মরিচা ধরা কাহাকে বলে ? দহনেৰ সহিত উহাৰ পার্থক্য কোথায় ? (What is rusting ? What are the differences of burning and rusting ?)

২। প্রজ্বলিত বাতির উপর ঢাকা চাপা দিলে বাতির শিখার কি অবস্থা হয় বল এবং কেন হয় বল ? (What happens when the flame of a burning candle is covered with a jar ? State the reasons )

৩। লৌহে মরিচা ধরিলে কি কি পরিবর্তন লক্ষ্য করা যায় লিখ। (Write, what changes are found when a piece of iron gets rusted )

৪। দহন কাহাকে বলে উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও। মরিচা ধরাও এক প্রকার দহন কেন ? (Explain burning with an example Why rusting is also a kind of burning ?)

৫। মরিচা ধরার সহিত বায়ুর কি সংশ্রব আছে বিস্তৃতভাবে বল। (State in detail what connection there is between burning and air )

৬। কি ঘটে তাহার রাসায়নিক ব্যাখ্যা লিখ, যখন—(ক) একটি লৌহ খণ্ড আর্দ্র বায়ুতে রাখা হয় (খ) একটি কেরোসিন লম্ব জ্বলে। (Explain chemically what happens when —(a) a piece of iron is exposed to moist air (b) a kerosene lamp burns )

[কঃ বিঃ ১৯৪১]

৭। কাঠ, কয়লা বা গন্ধক পোড়াইলে ইহাদের ওজন কমিয়া যায়, অথচ ম্যাগনেসিয়াম পোড়াইলে ইহার ওজন বাড়িয়া যায়। সবিস্তার কারণ নির্দেশ কর। (When charcoal and sulphur are burnt they lose weight, whereas magnesium gains weight when burnt Ascertain the reasons in detail )



# তৃতীয় পরিচ্ছেদ

## যৌগিকের বিশেষত্ব


আন্ত্যন্তবিক উপাদান ও তৎসমূহেব বিচ্ছাস প্রণালী অনুসাবে পদার্থ সমূহ তিন শ্রেণীতে বিভক্ত—মূল, মিশ্র ও যৌগিক। বৈজ্ঞানিকগণ স্তিব কবিয়াছেন জগতেব যাবতীয় পদার্থেব মূলে মাত্র কয়েকটি মূল পদার্থ বহিয়াছে। তাহাদেব মিশ্রণে বা বাসায়নিক সংযোগে জগতেব যাবতীয় পদার্থ সৃষ্ট হইয়াছে।

কোন একটি পদার্থকে ক্রমাগত ভাঙ্গিতে ভাঙ্গিতে এমন অবস্থায় পৌছান যাইতে পাবে যে ইহাকে পদার্থেব সমগুণ বিশিষ্ট ক্ষুদ্রতম অংশে আব কোনও প্রকাৰে বিভক্ত কৰা যাইবে না। যদি ভাঙ্গা হয় তবে অংশগুলি আব পূর্ব পদার্থেব সমগুণ বিশিষ্ট থাকিবে না। সমগুণ বিশিষ্ট এই ক্ষুদ্রতম অংশকে উক্ত পদার্থেব **অণু (Molecule)** বলা হয়। অণুকে আবার যদি ভাঙ্গা যায় তবে বিভিন্ন গুণ বিশিষ্ট দুই বা ততোধিক পদার্থ পাওয়া যাইতে পাবে। যখন ইহা-দিগকেও বিভাগ কবিত্তে কবিত্তে এমন অবস্থায় পৌছান যাইবে যে, ঐ বিভক্ত অংশগুলি হইতে আব অন্য গুণ বিশিষ্ট কোন পদার্থেব উদ্ভব একেবারে কল্পনাব অতীত হইয়া পড়িবে সেই অবস্থায় এক একটি ক্ষুদ্রতম অংশকে এক একটি পদার্থেব **পরমাণু (Atom)** বলা হয়। এই পরমাণুৰ সমবায়ে এক একটি মূল পদার্থেব সৃষ্টি হয়। মূল পদার্থেব যে যে গুণ থাকে তাহাব পরমাণুৰও ঠিক সেই সেই গুণ থাকে। আজ পর্যন্ত সমগ্র পৃথবীতে যতগুলি মূল পদার্থ আবিষ্কৃত হইয়াছে তাহাদেব সংখ্যা একশতেব অধিক নহে। এই প্রায় একশত মূল পদার্থেব মিশ্রণে বা সংযোগে জগতে কোটি কোটি পদার্থ সৃষ্ট হইয়াছে।

মিশ্র পদার্থেব কথা পূর্বে বলা হইয়াছে। যৌগিক পদার্থেব কথা এখানে বলিতেছি।



একটি ঢাকনিওয়ালা চীনা মাটির পবিষ্কাব মুচি একটি সূক্ষ্ম বাসায়নিক তুলাদণ্ডে ওজন করা হইল। পরে ইহাতে একখণ্ড পবিষ্কাব ম্যাগনেসিয়াম তাব লইয়া পুনবায় ওজন করা হইল। এই দুইটি ওজনের বিয়োগফল ম্যাগনেসিয়াম তাবের ওজন। এইবাব ঐ মুচিটিকে স্পিবিট্ লাম্ফব শিখায় উত্তপ্ত করা। উত্তপ্ত কবিবাব সময় মাঝে মাঝে যাহাতে মুচিব ভিতব বায়ু প্রবেশ কবিত্তে পাবে সেজন্তু একটু ঢাকনি খুলিয়া দিত্তে হইবে অথচ সাবধান হইতে হইবে যেন এই সময়ে মুচিব ভিতব হইতে




১৩নং চিত্র—ম্যাগনেসিয়াম দহন

শাদা ধোঁযাব ত্রায় পদার্থ বহির্গত হইয়া না যায়। দেখিত্তে দেখিত্তে ম্যাগনেসিয়ামেব তাবটি ছাই হইয়া যাইবে। তখন ইহাকে সাবধানে ঠাণ্ডা কবিয়া (যেন ইহাতে জলীয় বাষ্প না থাকে) ওজন কবিত্তে হইবে। আবাব উত্তপ্ত কবিয়া পূর্বেক্ত উপায়ে শীতল কবিয়া ওজন কবিত্তে হইবে। এইরূপ কয়েকবাব কবিবাব পর যখন দেখা যাইবে এই ওজন কম বেশী হইতেছে না, ঠিক আছে, তখন আব উত্তপ্ত কবিত্তে হইবে না। তখন দেখা যাইবে পূর্বে ম্যাগনেসিয়াম তাবের যে ওজন ছিল, ছাই হইয়া তাহা বাড়িয়া গিয়াছে। ইহাব কাবণ বায়ুতে অক্সিজেন নামক একপ্রকাব গ্যাসীয় পদার্থেব কিয়দংশ উত্তাপেব সাহায্যে ম্যাগনেসিয়ামেব সহিত মিশিয়া গিয়াছে, ফলে ইহাব ওজন বাড়িয়া গিয়াছে।

এক্ষেত্রে কিন্তু বায়ব অক্সিজেনেব সহিত যে ম্যাগনেসিয়ামেব সংযোগ হইয়াছে তাহা ঠিক জলেব সহিত চিনি বা মিছবিব মিশ্রণেব মত নয়, কিংবা বালিব সহিত চিনি অথবা গন্ধকেব সহিত লোহাচূবেব মিশ্রণেব মত নয়। এখানে অক্সিজেন ম্যাগনেসিয়ামেব সহিত মিশিয়াছে বটে কিন্তু ঐ মিশ্রণেব ফলে যে পদার্থেব উদ্ভব হইয়াছে তাহাতে ম্যাগনেসিয়াম বা অক্সিজেন কাহাবও গুণ বর্তমান নাই—একটি সম্পূর্ণ নূতন পদার্থ হইয়াছে। ইহাব গুণ, ইহাব

উপাদান দুইটির গুণ হইতে সম্পূর্ণ ভিন্ন। এখানে একটি নির্দিষ্ট পরিমাণ উপাদানের সহিত কেবল মাত্র আর একটি নির্দিষ্ট পরিমাণ পদার্থের সংযোগ ঘটিয়াছে। অধিক পরিমাণ অক্সিজেন উহাতে সংযুক্ত করিতে পাবা যাইবে না অথবা যে পরিমাণ অক্সিজেন ব্যয়িত হইয়াছে সেই পরিমাণ অক্সিজেনের সহিত যদি অধিক পরিমাণ ম্যাগনেসিয়াম যোগ করা হয় তবে ম্যাগনেসিয়ামের কিয়দংশ পড়িয়া থাকিবে, তাহাব পরিবর্তন হইবে না। এরূপ নির্দিষ্ট পরিমাণ পদার্থের সহিত নির্দিষ্ট পরিমাণ অপর পদার্থের সংযোগে যখন সম্পূর্ণ ভিন্ন পদার্থের সৃষ্টি হয় তখন সমস্ত প্রক্রিয়াটিকে **রাসায়নিক সংযোগ (Chemical Combination)** বলা হয়। যখন যৌগিক পদার্থ হইতে রাসায়নিক ক্রিয়ার ফলে কোন পদার্থ নির্গত হইয়া যায় তখন প্রক্রিয়াটিকে **রাসায়নিক বিয়োগ (Chemical dissociation)** বলা যাইতে পারে। বস্তুত রাসায়নিক সংযোগ বা বিয়োগ উভয়েই রাসায়নিক ক্রিয়া (**Chemical action**)।

একটি কাচের পাত্রে খানিকটা পবিকার চূনের জল লইয়া একটি কাচ নল দিয়া উহাব ভিতর নিঃশ্বাস ত্যাগ করিলে (১৪নং চিত্র) দেখা যায়



১৪নং চিত্র—চূনের  
জলে নিঃশ্বাস ত্যাগ

চূনের জল ঘোলাটে হইয়া গিয়াছে। কার্বন-ডাইঅক্সাইডেই চূনের জল এরূপ ঘোলাটে হয়। আমাদের নিঃশ্বাস-বায়ব সহিত কার্বন-ডাইঅক্সাইড থাকে। চূনের জলের সহিত এই কার্বন-ডাইঅক্সাইডের রাসায়নিক সংযোগ হওয়ায় যে শাদা শাদা পদার্থ উৎপন্ন হইয়াছে তাহা চা-খড়ি। চা-খড়ির গুণ, কার্বন-ডাইঅক্সাইড বা চূনের জলের গুণের সহিত সমান নয়। রাসায়নিক সংযোগে যে পদার্থের উদ্ভব হয় তাহাকে **যৌগিক (Compound)** বলে। যৌগিক পদার্থের গুণ ইহাব উপাদান গুলির গুণ হইতে সম্পূর্ণ ভিন্ন একথা পূর্বে বলা হইয়াছে। এখন যদি ক্রমাগত ঐ চূনের জলে নিঃশ্বাস ত্যাগ করা হয় তবে দেখা যাইবে ক্রমে চূনের জল অধিকতর ঘোলাটে

হইয়া আসিতেছে। কিন্তু এমন এক সময় আসিবে যখন চূনের জল আব ঘোলাটে হইবে না, নিঃশ্বাস-বায়ু নির্গত হইয়া পাত্রের মধ্য দিয়া উড়িয়া যাইবে। তখন বৃষ্টিতে হইবে সমস্ত চূনের জলটিতে যত পরিমাণ কার্বন-ডাইঅক্সাইড দিলে ইহা হইতে সর্বাধিক পরিমাণ চা-থডি প্রস্তুত হইতে পাবে তাহা দেওয়া হইয়াছে এবং এই পরিমাণ নির্দিষ্ট থাকায় অধিক কার্বন-ডাইঅক্সাইড ইহাতে প্রয়োগ করিলেও কোন কাজে আসে না। তাই তাহা বা যেমন আমাদের নিঃশ্বাস হইতে নির্গত হয় তেমনই পাত্র হইতে বহির্গত হইয়া যায়।

এই সঙ্গে পূর্বে বর্ণিত মোমবাতি জ্বলনের কথা লইয়া তিনটি পর্বীক্ষণ আমবা এইরূপ তুলনা করিতে পারি—

প্রথম - ম্যাগনেসিয়াম একটি মূল পদার্থ ও ধাতু, ইহাব সহিত অল্প কোন প্রকার পদার্থ কোন প্রকারে সংযুক্ত ছিল না। অক্সিজেনও তদ্রূপ একটি মূল গ্যাসীয় পদার্থ। উত্তাপ সাহায্যে এই দুইটি মূল পদার্থের বাসায়নিক সংযোগে একটি সম্পূর্ণ নূতন পদার্থের সৃষ্টি হইয়াছে, যাহাব প্রকৃতি ও গুণাবলী ইহাব উপাদানগুলি হইতে সম্পূর্ণ ভিন্ন। যখন ইহাদেব একপ বাসায়নিক সংযোগ ঘটে তখন প্রত্যেক উপাদানটির পরিমাণ নির্দিষ্ট থাকে।

দ্বিতীয়—চূনের জল নিজেই ক্যালসিয়াম নামক একটি মূল ধাতু ও হাইড্রোজেন এবং অক্সিজেন নামক দুইটি মূল গ্যাসীয় পদার্থের সংযোগে প্রস্তুত একটি যৌগিক। তেমনই আমাদের নিঃশ্বাসে যে কার্বন-ডাইঅক্সাইড নির্গত হয় তাহা কার্বন নামক একটি কঠিন মূল পদার্থ ও অক্সিজেন ঘটত একটি যৌগিক। এই দুইটি যৌগিক সংযোগে আবার একটি নূতন যৌগিক সৃষ্টি করিয়াছে, যাহাব প্রকৃতি উপাদানগুলির প্রকৃতি হইতে সম্পূর্ণ ভিন্ন।

তৃতীয়—মোমবাতি কার্বন ঘটত একটি যৌগিক পদার্থ—পুডিয়া বায়ু অক্সিজেনের সহিত সংযুক্ত হইয়া কার্বন-ডাইঅক্সাইড নামক যৌগিক পদার্থ

সৃষ্টি কবিরাছিল। সেই যৌগিক চূনের জলেব সহিত সংযুক্ত হইয়া আব একটি নূতন যৌগিকেব সৃষ্টি করিল।

তাহা হইলে এক্ষণে আমবা বলিতে পাৰি বাসায়নিক সংযোগে—

(১) দুই বা ততোধিক মূল পদার্থ, এক বা একাধিক মূল পদার্থ এবং এক বা একাধিক যৌগিক, অথবা কেবলমাত্র এক বা একাধিক যৌগিক একত্রে সংযুক্ত হইয়া এক বা একাধিক নূতন পদার্থেব সৃষ্টি কবে। তাহাদেব গুণ সম্পূর্ণরূপে ভিন্ন।

(২) যৌগিকেব উপাদানগুলিব পরিমাণেব অনুপাত নির্দিষ্ট থাকে।

(৩) উপাদানগুলি পরিবর্তিত হইয়া যে নূতন পদার্থেব সৃষ্টি কবে তাহাদেব গুণ সম্পূর্ণ ভিন্ন হইয়া যায়।

(৪) যৌগিকেব উপাদান সহজে পৃথক করা যায় না।

(৫) তাপেব অল্পতা কিংবা আধিক্য ঘটে।

পূর্বেক্ত পৰীক্ষা কযটিতে তাপেব অল্পতা কিংবা আধিক্য কি ঘটয়াছে তাহা বিশেষভাবে বৃষ্টিতে না পাবিলেও বিশেষ পৰীক্ষা দ্বাৰা জানা যায় এই প্রক্রিয়াগুলিতে তাপেব তাবতম্য ঘটে।

তাহা হইলে নিম্নলিখিত লক্ষণ গুলি দিয়া আমবা মিশ্র এবং যৌগিক পদার্থেব পার্থক্য স্থির ববিতে পাৰি :—

| মিশ্র   | যৌগিক   |
|---|---|
| ১। উপাদানগুলিব গুণেব কোন বৈলক্ষণ্য দেখা যায় না।  | ১। উপাদানগুলিব গুণ একটিও বর্তমান থাকে না।                   |
| ২। উপাদানগুলি সহজেই পৃথক করা যায়।                | ২। উপাদানগুলি সহজে পৃথক করা যায় না।                        |
| ৩। মিশ্রণকালে তাপেব হ্রাসবৃদ্ধি হয় না।           | ৩। সংযোগকালে হয় তাপ টানিয়া লয়, না হয় তাপ ছাড়িয়া দেয়। |
| ৪। উপাদানগুলিব পরিমাণেব কোন নির্দিষ্ট অনুপাত নাই। | ৪। উপাদানগুলিব গুণেব অনুপাত নির্দিষ্ট থাকে।                 |

ছই বা ততোধিক পদার্থের যেমন রাসায়নিক সংযোগ হইতে পারে এবং ফলে ভিন্ন প্রকৃতির পদার্থ সৃষ্ট হইতে পারে তেমনই একটি যৌগিকের রাসায়নিক বিয়োগ ঘটতে পারে এবং ফলে একাধিক ভিন্ন প্রকৃতির পদার্থ পাওয়া যাইতে পারে। জল একটি যৌগিক—রাসায়নিক বিয়োগ ঘটিলে জল হইতে অক্সিজেন ও হাইড্রোজেন নামক দুইটি মূল পদার্থ পাওয়া যায়, চা-খড়ি হইতে ক্যালসিয়াম নামক মূল পদার্থ ও কার্বনডাইঅক্সাইড নামক যৌগিক পাওয়া যায়।

**সংক্ষেপ :-** মূল পদার্থকে ভাঙ্গিয়া পরমাণু পর্যন্ত ছোট করিলে ইহা হইতে বিভিন্ন পদার্থ পাওয়া যাইবে না। নির্দিষ্ট পরিমাণ পদার্থের সহিত নির্দিষ্ট পরিমাণ অপব পদার্থের সংযোগে যখন সম্পূর্ণ ভিন্ন পদার্থের সৃষ্টি হয় তখন সমস্ত প্রক্রিয়াকে রাসায়নিক সংযোগ বলে। তেমনই রাসায়নিক বিয়োগ হইতে পারে। রাসায়নিক যোগ বা বিয়োগ উভয়ই রাসায়নিক ক্রিয়া। রাসায়নিক ক্রিয়া দ্বারা যৌগিক উৎপন্ন হইতে পারে বা ভাঙ্গিয়া ছই বা ততোধিক মূল বা যৌগিক অথবা মূল ও যৌগিক উভয় পদার্থই সৃষ্ট হইতে পারে। রাসায়নিক ক্রিয়ায় উত্তাপ উদ্ভূত হইতে পারে অথবা উত্তাপ টানিয়া লইতে পারে। যৌগিকের উপাদানগুলির গুণ বর্তমান থাকে না এবং তাহাদিগকে সহজে পৃথক করা যায় না। উপাদানগুলির ওজনের অনুপাত নির্দিষ্ট থাকে।

### তৃতীয় প্রশ্নমালা

১। অণু, পরমাণু ও মূল পদার্থ কাহাকে বলে। (Define —a molecule, an atom and an element )

২। নিম্নলিখিত ব্যাপারগুলিতে কি ফল পাওয়া যায় তুলনা করিয়া বিস্তৃতভাবে বল :-

ম্যাগনেসিয়াম তার একটি মুচিতে রাখিয়া পোড়ান হইল, পরিষ্কার চূনের জলে নিঃশ্বাস ত্যাগ করা হইল। (State by comparison what happens in the following cases —a piece of magnesium wire is burnt in a crucible, the product of exhalation is led into clear lime water ) [ কঃ বিঃ ১৯০ ]

৩। রাসায়নিক সংযোগ কাহাকে বলে উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও। রাসায়নিক সংযোগকালে কি কি ব্যাপার ঘটে বিশেষভাবে বুঝাইয়া বল। (Explain with an example. chemical synthesis What happens when chemical synthesis takes place )

৪। রাসায়নিক সংযোগের ফলে উৎপন্ন যৌগিক ও মিশ্রে কি কি প্রভেদ লক্ষ্য করা যায় লিখ। (Write what are the differences found in a mixture and a chemical compound )

৫। চুনে জল ঢালিয়া দেওয়া হইল। কি দেখিবে? ফল স্বরূপ কি পাওয়া যায় এবং তাহা কি পদার্থ—মিশ্র না যৌগিক? Water is poured into quick lime What will you see? What will be the resultant product and what are they—mixture or compound?)

# চতুৰ্থ পৰিচ্ছেদ

## বায়ুৰ উপাদান

পূৰ্বে তোমৰা দেখিযাছ বায়ুৰ এক অংশ দ্ৰব্যাদিৰ প্ৰজ্বলনকাৰ্যে সহায়তা কৰে, ইহা না থাকিলে প্ৰজ্বলন ক্ৰিয়া চলিতে পাবে না। চিত্ৰে দেখিযাছ, জ্বলন্ত মোমবাতিৰ উপৰ একটা কাচেৰ জাব উপুড কৰিযা দিলে তন্মধ্যস্থ বায়ুৰ এই অংশটুকু ব্যয়িত হইবাব পৰ বাতিৰ শিখা নিভিযা যায়। বায়ুৰ এই প্ৰজ্বলন-পোষক অংশটিকে অক্সিজেন (Oxygen) বলে তাহাও তোমাদিগকে বলা হইযাছে।

বায়ুতে অক্সিজেন ব্যতীত অন্য পদাৰ্থ আৰু কি আছে দেখা যাউক। মৰিচাধৰা প্ৰসঙ্গে ১০ নং চিত্ৰে যে বিৱৰণ দেওযা হইযাছে তাহাতে দেখিযাছ যে, লৌহচূৰ্ণে মৰিচাধৰা কাৰ্যে বোতলমধ্যস্থ বায়ুৰ অক্সিজেন অংশটুকু ব্যয়িত হয় বলিয়া বোতলেৰ ভিতৰেৰ জল পাত্ৰেৰ জলতল অপেক্ষা উচে উঠিয়া যায়। মূপিলে দেখিতে পাইবে যে, বোতলেৰ যতখানি স্থান বায়ু পূৰ্বে অধিকাৰ কৰিয়াছিল তাহাৰ  $\frac{1}{5}$  অংশ এক্ষণে জলপূৰ্ণ হইযাছে, অতএৱ বায়ুৰ  $\frac{4}{5}$  অংশই অক্সিজেন। অবশিষ্ট  $\frac{4}{5}$  অংশ সাধাৰণ বায়ু নয়। বোতলেৰ মুখ একটা কাচেৰ চাক্ৰি দ্বাৰা বন্ধ কৰিযা বোতলটি সোজা কৰিয়া ৰাখ। উহাৰ ভিতৰ একটা জ্বলন্ত দেশালাই কাঠি ফেলিলে উহা তৎক্ষণাৎ নিভিযা যাইবে, অতএৱ ইহা অক্সিজেনেৰ মত প্ৰজ্বলন-পোষক নহে। আৰাব ইহাৰ ভিতৰ চুনেৰ জল ফেলিয়া নাডিলেও চুনেৰ জল ঘোলাটে হয় না, অতএৱ ইহা কাৰ্বন-ডাইঅক্সাইড নহে। বায়ুৰ এই অংশেৰ নাম নাইট্ৰোজেন (Nitrogen)।

মৰিচা ধৰাব পৰীক্ষা কৰিতে কিছু বেশী সময় লাগে, কিন্তু ফস্ফাৰাস (Phosphorus) নামক একটা সহজ-দাহ পদাৰ্থ লইয়া অতি সহজেই এই পৰীক্ষা কৰা যাইতে পাবে। একটা বড পাত্ৰে জল লইয়া তাহাতে একটা ছোট মুচি

ভাসাইয়া দাও। ঐ মুচিব মধ্যে ক্ষুদ্র এক টুকরা ফস্ফবাস্ দিয়া একটি গব্বম্ দণ্ড উহাতে ঠেকাইলে ফস্ফবাস্ জলিয়া উঠিবে। সঙ্গে সঙ্গে একটি কাচের জাব উপুড় কবিয়া ঐ জলন্ত ফস্ফবাসের উপর ঢাকা দাও। জাবটি জলন্ত ফস্ফবাসের উপর ঢাকা দিবামাত্রই শাদা ধূমে পূর্ণ হইয়া যাইবে এবং জলিয়া শেষ হইবার পূর্বেই ফস্ফবাস্ টুকরা নিভিয়া যাইবে। কিছুক্ষণ অপেক্ষা কবিলে দেখা যাইবে, এই ধোঁয়া দ্রবীভূত হওয়ায় পাত্রটি পূর্বে মত পবিকাব হইয়াছে। প্রথমে জাবের মধ্যে ও বাহিরে জল এক সমতলেই ছিল, কিন্তু এখন জাবের মধ্যে জল উঠিয়া গিয়াছে দেখিবে। মাপিয়া দেখিলে পূর্বে পবীক্ষার মতই দেখা যায়, পাত্রের যে অংশ পূর্বে সাধাবণ বায়ুর দ্বারা পূর্ণ ছিল, তাহাব  $\frac{1}{2}$  অংশ জলের দ্বারা পূর্ণ হইয়াছে। ফস্ফবাস্ জলিয়া বায়ুমধ্যস্থ অক্সিজেনের সহিত মিশিয়া শাদা ধূম উৎপন্ন কবিয়াছিল। সেই ধূম জলে দ্রবীভূত হওয়ায় জাবের ভিতরে ও বাহিরে চাপের পার্থক্য হেতু পাত্রের জল জাবে উঠিয়া গিয়াছে।

একটি বাটিতে কিছু পবিকৃত চূনের জল যদি বাতাসে ছুই একদিন বাখিয়া দেওয়া হয়, তবে উহাব উপর ছুধের সবেব মত একটি পদার্থ ভাসিয়া থাকিতে দেখা যায়। উহাও কার্বন-ডাইঅক্সাইড ঘটত যৌগিক পদার্থ। তাহা হইলে বুঝা যায় যে, বাতাসে কার্বন-ডাইঅক্সাইড আছে।

একটি গ্লাসের বাহিরের দিক ভাল কবিয়া মুছিয়া গ্লাসের মধ্যে ববফ জল বাখিয়া দিলে দেখিবে, গ্লাসের বাহিরের গায়ে বিন্দু বিন্দু জল জমিয়া যায়। গ্লাসের পার্শ্বে বাহিরের বায়ুতে যে জলীয় বাষ্প আছে, সেই বাষ্প শীতল গ্লাসের সংস্পর্শে জমিয়া এই জল হইয়াছে। এই পবীক্ষায় বুঝা যায় যে, বায়ুতে জলীয় বাষ্পও আছে।

তাহা হইলে তোমবা দেখিলে যে, মোটামুটি বায়ুর  $\frac{1}{5}$  অংশ অক্সিজেন ও  $\frac{4}{5}$  অংশ নাইট্রোজেন। অক্সিজেন অংশ দহন কার্যে বা মবিচাধবা কার্যে অগ্র পদার্থের সহিত মিশিয়া যায়। ইহা না থাকিলে আলো জলিত না, কাঠ পুড়িত না। নাইট্রোজেন এরূপ কার্যকরী নয়, ইহা প্রজলন-পোষকও নয়। অক্সিজেন ও



নাইট্রোজেন ভিন্ন বায়ুতে অল্প মাত্রায় জলীয় বাষ্প, ধূলিকণা ও কার্বন-ডাইঅক্সাইড বিদ্যমান আছে ; কিন্তু তাহাদের পরিমাণ স্থির থাকে না, কমে বাড়ে । এতদ্ভিন্ন আবও কয়েকটি পদার্থ বায়ুতে মিশ্রিত আছে, তাহাদের পরিমাণ নিতাস্তই অল্প । বায়ুর উপাদানগুলির আনুপাতিক পরিমাণের তালিকা নিচে দেওয়া হইল ।

|                    |       |       |     |
|--------------------|-------|-------|-----|
| নাইট্রোজেন—        | শতকবা | ৭৭.১৬ | ভাগ |
| অক্সিজেন—          | ”     | ২০.৬০ | ”   |
| জলীয় বাষ্প—       | ”     | ১.৪০  | ”   |
| কার্বন-ডাইঅক্সাইড— | ”     | ০.৪   | ”   |
| অন্যান্য বাষ্প—    | ”     | ০.৮   | ”   |

### চতুর্থ প্রশ্নমালা

১। বায়ুর প্রধান উপাদান দুইটির নাম কব, তাহাদের আনুপাতিক পরিমাণ কত ? যে পৰীক্ষা দ্বারা এই আনুপাতিক পরিমাণ প্রমাণ করিতে পার তাহা লিখ । (Name two principal constituents of air, give the percentage of the quantities. State the experiment by which this percentage can be ascertained.)

২। বায়ুর উপাদান কয়টির আনুপাতিক পরিমাণের একটি তালিকা দাও । (Give the table of percentage of the constituents of air.)

— — — — —


## পঞ্চম পরিচ্ছেদ

### অক্সিজেন, নাইট্রোজেন, কার্বনডাইঅক্সাইড ও হাইড্রোজেন

বায়ুমণ্ডলে অক্সিজেন যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। সমগ্র বায়ু মণ্ডলেব প্রায় এক পঞ্চমাংশ অক্সিজেন তাহাও তোমরা দেখিয়াছ। জলের ওজনেব নয় ভাগেব আট ভাগ অক্সিজেন। পৃথিবীমণ্ডলেব (Earth's crust) প্রায় শতকরা ৪৮ ভাগ অক্সিজেন। এতদ্ভিন্ন নানা পদার্থেব সহিত মিশ্রিত বা সংযুক্ত হইয়া অক্সিজেন প্রকৃতিব ভাণ্ডারে প্রচুর পরিমাণে বর্তমান আছে। কাজেই ঐ সকল পদার্থ হইতে অত্র উপাদান গুলি সবাইয়া লইলে অক্সিজেন পৃথক করিতে পাওয়া যায়।

বসায়নাগাবে যত প্রকার উপায়ে অক্সিজেন প্রস্তুত করা হয় তন্মধ্যে নিম্ন-লিখিত উপায়টি অতিশয় সাধাবণ অথচ সহজ।

**পরীক্ষা**—ওজন করিয়া চাবিভাগ পটাশিয়াম ক্লোরেট (Potassium chlorate) এবং এক ভাগ ম্যাঙ্গানিজ ডাই অক্সাইড (Manganese dioxide)



১৫নং চিত্র—অক্সিজেন প্রস্তুতকরণ

একত্র মিশ্রিত করিয়া একটি ছয় ইঞ্চি লম্বা পবীক্ষা নলের প্রায় দুই ইঞ্চি পূর্ণ কর। একটি বাঁকান সর্ব কাচনল ছিপিব মধ্যে প্রবেশ করাইয়া ছিপি সমেত ঐ পবীক্ষানলের মুখে আঁটিয়া

দাও। ছিপিটি পবীক্ষানলের মুখে এমন ভাবে আঁটিতে হইবে যেন কোনরূপে

পৰীক্ষানলের মধ্যে কোন গ্যাসীয় পদার্থ যাতায়াত করিতে না পারে। এইরূপ অবস্থায় পৰীক্ষানলটিকে একটি ক্ল্যাম্প (Clamp) আটকাইয়া একটি খুঁটিতে (Stand) লাগাইয়া রাখ যেন ইহার মুখ তলার দিক হইতে অল্প নিচে থাকে। একটি এনামেলের গামলা কিংবা চীনা মাটির গামলা জলে প্রায় ভর্তি করিয়া তাহার ভিতরে একটি বি-হাইভ্ সেলফ্ (Bee-hive shelf) রাখ। এই সেলফের গর্তের মধ্য দিয়া পৰীক্ষানলের সহিত সংযুক্ত বক্র কাচনলটি এমন ভাবে প্রবেশ করাইয়া দাও যেন ইহার মুগটি উপর দিকে থাকে। এই অবস্থায় একটি জলপূর্ণ গ্যাস-জাব (Gas-jar) উপুড় করিয়া রাখ। এইবার স্পিবিট লম্ফ দিয়া পৰীক্ষানলটিকে উত্তাপ দাও। কিছুক্ষণ পরে জাবের ভিতর হইতে জল বাহির হইয়া আসিতেছে বলিয়া মনে হইবে। যখন সমস্ত জাবটি এইরূপে খালি হইয়া গেল বলিয়া মনে হইবে সেই সময় একটি কাচের প্লেট মুখে ঢাকা দিয়া জলের ভিতর হইতে জাবটি বাহির করিয়া মুখ উপরদিকে করিয়া রাখিয়া দাও। এইরূপ পাচ সাতটি জাব ভর্তি করিয়া লও। প্রমাণ করিয়া দেখান যাইবে জাব গুলি খালি নহে ইহাদের ভিতর অক্সিজেন গ্যাস আছে।

একটি জাবের মুখ খুলিয়া শূন্যকিয়া দেখ ইহার গন্ধ নাই। দেখিয়াই বুঝিতে পারা যায় ইহার বর্ণও নাই। একটি জলস্ত কাঠি জাব একটি জাবের ভিতর প্রবেশ করাইয়া দিলে দেখা যাইবে জলস্ত কাঠিটি অধিক উজ্জ্বল হইয়া জলিতেছে, অথচ ভিতরের পদার্থটি জলিতেছে না। ইহাতে বুঝা যায় অক্সিজেন নিজে জলে না বাটে কিন্তু ইহা প্রজ্বলন পোষক।

অক্সিজেন বায়ু অপেক্ষা ভারী বলিয়া ইহাকে একটি জাব হইতে অপব জাবে জলের মত ঢালিতে পারা যায়। একটি শূন্য জাব লইয়া তাহাতে একটি অক্সিজেন পূর্ণ জাব উপুড় করিয়া ধব। পরে প্রথম জাবটিতে জলস্ত কাঠি ধব। দেখিবে কাঠিটি উজ্জ্বলভাবে জলিতেছে। অথচ যে জাবটি উপুড় করা হইয়াছিল তাহার ভিতর কাঠিটি ধবিলে বিশেষ পরিবর্তন লক্ষ্য করা যাইবে না।

অক্সিজেন জলে দ্রবীভূত হয় না বলিলেই চলে। তাহা না হইলে ইহাকে

জলেব মধ্য দিয়া সংগ্রহ করা হুকহ হইত। কেবলমাত্র অক্সিজেন গ্যাসে জীবগণ বাঁচিয়া থাকিতে পারে। ইহা এত অধিক ক্রিয়াশীল যে দুই একটি ছাড়া প্রায় সকল প্রকার মূল পদার্থের সহিত যুক্ত হইয়া ইহা নানা প্রকার যৌগিক সৃষ্টি করে। অক্সিজেন ঘটিত মূল পদার্থের যৌগিক সমূহ অক্সাইড ( Oxides ) নামে খ্যাত।

মনগোন্মুখ বোগীদিগকে কিছুক্ষণ বাচাইয়া বাথিবাব জন্ত অক্সিজেন প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। ধাতু গলাইবাব জন্ত হাইড্রোজেন ও অক্সিজেন গ্যাসের সহযোগে এক প্রকার শিখা প্রস্তুত করিবাব জন্ত ইহা ব্যবহৃত হয়। অধুনা তড়িৎ শক্তি সাহায্যে ধাতব দ্রব্য গলান হয়।

### নাইট্রোজেন

পূবে জানিয়াছ বায়ুমণ্ডলের শতকরা ৭৭.১৬ ভাগ নাইট্রোজেন ( Nitrogen )। কোন প্রকারে বায়ুর অন্ত উপাদানগুলিকে সবাইয়া লইতে পারিলে নাইট্রোজেন পড়িয়া থাকিবে। বাতি জ্বালাইয়া, ম্যাগনেসিয়াম, ফস্ফরাস, গন্ধক প্রভৃতি পুড়াইয়া বিকস্প অক্সিজেন সবাইয়া লইতে পারা যায় তাহা পূর্ববর্তী কয়েকটি পরীক্ষা হইতে জানিয়াছ। এইরূপে পবিত্যক্ত নাইট্রোজেনে জলীয় বাষ্প থাকিতে পারে। কাজেই এইরূপে নাইট্রোজেন যদি নিজলা সালফিউরিক অ্যাসিডের (Sulphuric acid) মধ্য দিয়া লইয়া যাওয়া হয় তবে ইহার জলীয় বাষ্পকে সালফিউরিক অ্যাসিড শোষণ করিয়া লইতে পারে। ক্রমে অন্যান্য পদার্থগুলিকে ও পৃথক করিতে হয়।

রসায়নাগারে অ্যামোনিয়াম নাইট্রাইট্ (Ammonium nitrite) নামক পদার্থকে গরম করিলে যে গ্যাসীয় পদার্থ উহা হইতে গ্যাসরূপে নির্গত হইয়া যায় তাহাই নাইট্রোজেন। অক্সিজেন প্রস্তুত করিতে যে সকল যন্ত্রের ব্যবস্থা করা হইয়াছিল ইহাতেও তাহাই করিলে চলিবে। পরীক্ষানলে পটাশিয়াম ক্লোবেট এবং ম্যাঙ্গানিজ ডাই-অক্সাইডের মিশ্রণ না লইয়া অ্যামোনিয়াম নাইট্রাইট্ লইতে হয়।

নাইট্রোজেন বর্ণহীন, গন্ধহীন, স্বাদহীন, স্বচ্ছ, গ্যাসীয় পদার্থ। ইহা নিজেও জলে না কিংবা প্রজ্বলন পোষকও নহে। ইহাব ভিতর কোন প্রাণী বাগিলে দমবন্ধ হইয়া শীঘ্রই মবিয়া যায়। ইহা অত্যন্ত নিষ্ক্রিয় পদার্থ সহজে কাহাবও সহিত যুক্ত হয় না। ইহা জলে সামান্য পবিমাণে দ্রব হয়।

সাধাবণ অবস্থায় মানুষ কেবলমাত্র অক্সিজেন গ্রহণ কবিলে সুস্থ থাকিতে পানে না। নাইট্রোজেন ইহাব সহিত মিশ্রিত থাকায় আমাদেব নিঃশ্বাস প্রখাসেব সুবিধা হয়।

### কাব'নডাই অক্সাইড

বায়ু সহিত অল্প পবিমাণে কাব'নডাই অক্সাইড পাওয়া যায়। সনগ্র বায়ু মণ্ডলেব শতকবা ০.০৪ ভাগ কাব'নডাই অক্সাইড। জীবগণেব শ্বাস ত্যাগ কালে এই গ্যাস নির্গত হয়। কাঠ, কয়লা, চুন প্রস্তুত কবিবাব সময় বুটিং, মাবেল পাথর অথবা চা খড়ি পোড়াইলেও এই গ্যাস পাওয়া যায়। বায়ুতে কাব'ন ডাইঅক্সাইডেব অস্তিত্ব কিকপে প্রমাণ কবিত্তে পাবা যায় তাহা বায়ুৰ উপাদান কালে জানিযাচ্চ।


পবীক্ষা কালে চা খড়ি বা মাবেল পাথবেব উপর হাইড্রোক্লোরিক অ্যাসিড (Hydrochloric acid) ঢালিয়া এই গ্যাস প্রস্তুত কবা হয়। একটি চেপ্টা তলা বিশিষ্ট কাচ কৃপীতে (Flask) কিছু চা-খড়ি বা মাবেল পাথবেব খণ্ড লইয়া কাচ কৃপীৰ মুখটি ছিপি দ্বারা বন্ধ কব। এই ছিপিব মধ্য দিয়া একটি দীর্ঘনাল ফানেল (Thistle funnel) ও একটি বাবান সব কাচনল প্রবেশ কবাইতে হইবে। ফানেলেব ডাটাটি যেন চা-খড়ি বা মাবেলেব উপর আসিয়া ঠেকে। কিন্তু কাচনলটি যেন মাত্র ছিপিব নিচেই শেষ হয়। এই বাক্য কাচ নলেব অপব প্রান্ত অক্সিজেন প্রস্তুত কবিবাব যন্ত্ৰেব মত ব্যবস্থায় বাখিত্তে হইবে। এইবাব ফানেলেব ভিতর দিয়া হাইড্রোক্লোরিক অ্যাসিড ঢালিয়া দিলে অল্প নল দিয়া কাব'নডাই অক্সাইড গ্যাস জাবে গিয়া উঠিবে। কয়েকটি জাব এইকপে কাব'ন-ডাইঅক্সাইড গ্যাস পূর্ণ কবিয়া ইহাব গুণাবলী পবীক্ষা কবিবাব জন্ত বাখ।

কার্বনডাই অক্সাইড বর্ণহীন গ্যাসীয় পদার্থ বটে কিন্তু ইহাব অল্প গন্ধ ও অল্প স্বাদ আছে। কার্বনডাই অক্সাইড পূর্ণ জাবে জলন্ত কাঠি নিভিয়া যায় অথচ ঐ গ্যাস নিজে জলে না। চুনের জলে কার্বনডাই অক্সাইড দিলে উভয়েব সংযোগে চা-খড়ি হয় বলিয়া চুনের জল ঘোলাটে হইয়া যায়। ইহা বায়ু অপেক্ষা ভারী বলিয়া ইহাকে জলের ত্রায় এক পাত্র হইতে অন্য পাত্রে ঢালা যায়। এইরূপ ভারী বলিয়া মানুষেব বাস গৃহে বায়ু চলাচলেব বিশেষ ব্যবস্থা বাখা দবকাব, নতুবা মানুষেব নিঃশ্বাস হইতে নির্গত হইয়া নিচে জমিয়া এই গ্যাস ঘবেব বায়ুকে দূষিত কবিয়া বিপদেব কাৰণ হন, একটি বন্ধ পাত্রে জীবন্ত একটি ইঁদুব বাখিয়া দিলে বিচুক্ষণ পবে ইহা মরণোপন্ন হইয়া পড়ে। কাৰণ আন কিছু নহে উহা পাত্রেব অক্সিজেন প্রশ্বাসবায়ুতে টানিয়া লইয়া নিঃশ্বাসেব সহিত কাৰনডাইঅক্সাইড ত্যাগ কবিয়াছে। ফলে পাত্রে কাৰনডাইঅক্সাইড জমিয়া উহাকে ঐরূপ কবিয়াছে। ইহা জলে দ্রব হয়। আমবা সে 'সোডা ওয়াটার' খাই তাহা কাৰনডাই অক্সাইড মিশ্রিত জল ভিন্ন আন কিছু নহে।

সোডা ওয়াটার প্রস্তুত কবিবাব জন্ত এবং আগুন নিভাইবাব যন্তে ইহা প্রচুর পৰিমাণে ব্যবহৃত হয়। কাপড় কাঁচা সোডা প্রস্তুত কবিতো ইহা যথেষ্ট পৰিমাণে ব্যবহৃত হয়।

### হাইড্রোজেন

এইবাব তোমাদিগকে হাইড্রোজেন (Hydrogen) গ্যাসেব কথা বলিতেছি।




১৬নং চিত্র—হাইড্রোজেন বায়ুর নিঃসরণ

(১৬ নং চিত্র)। উহাব এক মুখে ছিপিব মধ্য দিয়া একটি সরু লম্বা নল বিশিষ্ট

এই গ্যাস জলেব অন্ততম উপাদান বলিয়া ইহাব এইরূপ নাম দেওয়া হইয়াছে। ইহা কিকপে প্রস্তুত হয় এবং ইহাব গুণ কি দেখ।

তুইটি মুখ-বিশিষ্ট একটি কাচেব বোতল (Woulf's bottle) লও

ফানেল একপভাবে বসাইয়া দাও, যেন এই নলটির নিম্নপ্রান্ত প্রায় বোতলের তলদেশ পর্যন্ত যায়। বোতলের অপব মুখ দিয়া কতকগুলি দস্তাব টুকুড়া ফেলিয়া একটি ছিদ্রযুক্ত ছিপি দ্বারা ঐ মুখও আঁটিয়া দাও। এই ছিপির ছিদ্রে আব একটি বক্র কাচনলের একপ্রান্ত একপে প্রবেশ কবাও যেন, এই প্রান্ত বোতলের ভিতরে বেশী নিচে না যায়। বাকী নলটির অপবপ্রান্ত একটি গ্যাস-দ্রোণী (Pneumatic trough) জলের মধ্যে ডুবাইয়া রাখ। ফানেল দিয়া জলমিশ্রিত কিছু সান্ফিউবিক অ্যাসিড ঢালিয়া দাও। দস্তাব উপর অ্যাসিডের বাসায়নিক ক্রিয়া হওয়ায় এক প্রকার গ্যাসীয়পদার্থ বাকী নলের ভিতর দিয়া আসিয়া গামলাব জলের ভিতর ব্দব্দ আকারে বাহির হইবে, ইহাই হাইড্রোজেন বায়ু। একটি পবীক্ষানল জলপূর্ণ কবিয়া গামলাব ভিতর উপুড কবিয়া বসাইয়া তাহা এই বায়ু দ্বারা পূর্ণ কব। পরে ঐ পবীক্ষা-নলটির মুখ আঙ্গুল দিয়া বন্ধ কবিয়া কিছু দূবে একটি আলোর নিকটে ধব। ইহাতে সামান্য বিস্ফোবণ শব্দ কবিয়া হাইড্রোজেন জলিয়া উঠিবে। হাইড্রোজেন বাতাসেব সঙ্গে মিশিয়া বিস্ফোবক গ্যাস প্রস্তুত কবে। সুতবাং হাইড্রোজেন প্রস্তুতকালে তাহাব নিকটে উন্মুক্ত দীপশিখা রাখা উচিত নয়। অ্যাসিড ঢালিবাব পর কিছুক্ষণ অপেক্ষা কবিলে বোতলের সমস্ত বায়ু হাইড্রোজেনেব সঞ্চিত বাহির হইয়া যাইবে। তাহাব পর হাইড্রোজেন বায়ু সংগ্রহ কবা নিবাপদ। একটি জলপূর্ণ কাচের জাব (Gas-jar) গ্যাসদ্রোণীব গ্যাস নিঃসবণকাবী নলের উপর উপুড কবিয়া বসাও এবং উহাকে হাইড্রোজেন গ্যাস পূর্ণ কবিয়া গামলাব ভিতর সবাইয়া রাখ। এইকপে আবও কয়েকটি জাব বা বড বোতল হাইড্রোজেন দ্বারা পূর্ণ কব।



১৭নং চিত্র—হাইড্রোজেনের জলন

হাইড্রোজেন পূর্ণ একটি জাব জলের গামলা হইতে মুখ নিচু রাখিয়াই বাহির

কব। একটি বাঁকান তাবের উপর জ্বলন্ত বাতি বসাইয়া ঐ জাবের ভিতর প্রবেশ করাইয়া দিলে (১৭ নং চিত্র) দেখিবে যে, উহা তৎক্ষণাৎ নিভিয়া গিয়াছে, কিন্তু জাবের মুখে হাইড্রোজেন বায়ু ঈষৎ নীল বর্ণের শিখা উৎপন্ন করিয়া জ্বলিতেছে। এই পরীক্ষা দ্বারা বুঝা যায় যে হাইড্রোজেন বায়ু অক্সিজেনের গ্রাষ দহন কার্যে সহায়তা করে না, কিন্তু নিজে একটি সহজদাহ্য পদার্থ।

হাইড্রোজেন গ্যাস জ্বলিয়া কোন পদার্থ উৎপন্ন করে? পূর্ব-বর্ণিত বোতলটির সহিত হাইড্রোজেন গ্যাস নিঃসরণকারী যে বক্র নলটি লাগান আছে, তাহার পবিবর্তে একটি সূক্ষ্মমুখ-বিশিষ্ট সোজা কাচনল লাগাইয়া দাও। বোতলের ভিতরের সমস্ত গ্যাস যখন বাহির হইয়া যাইবে, তখন সনদ নলের মুখে হাইড্রোজেন জ্বলাইয়া উহার নীলাভ শিখার উপর একটি শীতল কাচের গ্লাস উপুড় করিয়া দাও, কিছুক্ষণ পরে দেখিবে গ্লাসের ভিতরের গায়ে জলকণা জমিয়াছে। জাবের হাইড্রোজেন বায়ুস্থ অক্সিজেনের সত্তিও পুড়িয়া এই জল সৃষ্টি করিয়াছে। অতএব জল, অক্সিজেন ও হাইড্রোজেন সংযোগে উৎপন্ন হইয়াছে।

হাইড্রোজেন সাধারণ বায়ু অপেক্ষা লঘু। জানবা এত প্রকারের গ্যাসীয় পদার্থ জানি তন্মধ্যে ইহাই সব অপেক্ষা হালকা। একটি বায়ুপূর্ণ বোতলের মুখ নিচু করিয়া



১৮নং চিত্র—হাইড্রোজেন

ধর পরে একটি হাইড্রোজেনপূর্ণ বোতলের মুখ উপরের বোতলের মুখের সহিত লাগাইয়া ১৮ নং চিত্র প্রদর্শিতভাবে কাৎ করিয়া দাও। হাইড্রোজেন লঘু বলিয়া উর্ধ্বদিক উঠিয়া উপরের বোতলে গাইয়া জ্বলিত থাকিবে। বাহিরের বায়ু আসিয়া নিচের বোতলের শূন্য স্থান পূর্ণ করিবে। কিছুক্ষণ পরে একটি জ্বলন্ত কাঠি নিচের বোতলে ধরিলে উহা আব নিভিয়া যাইবে না, কিন্তু কাঠিটি

উপরের বোতলের মুখে ধরিলে তৎক্ষণাৎ নিভিয়া যাইবে এবং বোতলের মুখে



ঐ গ্যাস জলিতে থাকিবে। ববাবেব বেলুনেব মধ্যে হাইড্রোজেন গ্যাস পুৰিয়া তাহাব মুখ বাঁধিয়া ছাড়িয়া দিলে বেলুনটি সহজেই শূন্যে উঠিতে থাকে, হাইড্রোজেন হাল্কা বলিয়াই একপ হয়। সাবান-গোলা জলে হাইড্রোজেন নিঃসবণকাৰী বক্র নলটি ডুবাইলে হাইড্রোজেনে পূৰ্ণ সাবানেব বুদ্ধদণ্ডলি বেলুনেব মতই উডিতে থাকিবে।

সুতবাং দেখা গেল হাইড্রোজেন বর্ণ বিহীন ও গন্ধহীন গ্যাসীয় পদার্থ। ইহা দহন কাৰ্য্যে সহায়তা কবে না, কিন্তু নিজে দাহ, ইহা অক্সিজেনেব সহিত পুৰিয়া জল উৎপন্ন কবে। ইহা যাবতীয় পদার্থ হইতে লঘু।

**সংক্ষেপ ঃ**—অক্সিজেন বর্ণ, স্বাদ, গন্ধহীন, স্বচ্ছ, গ্যাসীয় পদার্থ, প্রজ্বলন পোষক কিন্তু দাহ নহে, জলে দ্রব্য নহে। নিঃস্বাসে আমরা ইহাট টানিয়া বাঁচিয়া থাকি। চাবিভাগ পটাসিয়াম ক্লোৰেট ও এক ভাগ ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড শক্ত পৰীক্ষানলে উত্তপ্ত কৰিয়া এই পদার্থ পাওয়া যায়।

বায়ু হইতে অণুত উৎপাদন সবাইয়া লইয়া নাইট্রোজেন পৰিতাক্ত হইতে পারে। যানোনিয়াম নাইট্রাইট উত্তপ্ত কৰিলে গ্যাসীয় পদার্থৰূপে ইহা উৎসৃত হইয়া থাকে।

নাইট্রোজেন বর্ণ স্বাদ, গন্ধহীন, স্বচ্ছ, গ্যাস, দাহ বা প্রজ্বলন পোষক নহে। ইহাতে প্রাণী বাঁচে না। সামান্য পৰিমাণে জলে দ্রব হইতে পারে। ইহা অত্যন্ত নিষ্ক্রিয়।

চা-খড়ি বা মার্বেল পাথরে হাইড্রোক্লোরিক অ্যাসিড ঢালিয়া কাৰ্বনডাই অক্সাইড গ্যাস পাওয়া যায়। ইহা বর্ণহীন গ্যাসীয় পদার্থ। ইহাব অল্প গন্ধ ও অল্পস্বাদ আছে। ইহা দাহ বা প্রজ্বলন পোষক নহে। ইহাতে জীবগণ বাঁচিতে পাবে না। ইহা চুনেব জল ঘোলাটে কৰিয়া দেয়। বায়ু অপেক্ষা ভাবী বলিয়া ইহাকে জলেব স্তায় এক পাত্র হইতে অণু পাত্রে ঢালিতে পারা যায়।

দস্তাব টুকবাব উপৰ জলমিশ্রিত সালফিউৰিক অ্যাসিড ঢালিলে ইহা হইতে হাইড্রোজেন বাহিব হয়। ইহা বর্ণ, স্বাদ, গন্ধহীন, গ্যাস, দাহ কিন্তু প্রজ্বলন পোষক নয়। ইহা সকল প্রকাৰ গ্যাসীয় পদার্থেব মৰ্য্যে লঘুতম। ইহা জলে দ্রব হয় না।

## অক্সিজেন, নাইট্রোজেন, কার্বন ডাই অক্সাইড ও হাইড্রোজেনের তুলনা

০০

| অক্সিজেন   | নাইট্রোজেন   | কার্বন ডাই অক্সাইড  | হাইড্রোজেন   |
|--|--|---|--|
| ১। বায়ু শতকরা ২০.৬০ অংশ অক্সিজেন  | বায়ুর শতকরা ৭৭.১৬ অংশ নাইট্রোজেন                      | বায়ুর শতকরা ০.০৪ অংশ কার্বন ডাই অক্সাইড                  | বায়ুতে নাই  |
| ২। পটাশিয়াম ক্লোরেট ও ম্যাঙ্গানিজ ডাই অক্সাইড উত্তপ্ত করিয়া প্রস্তুত হয় | অ্যামোনিয়াম নাইট্রাইট উত্তপ্ত করিয়া প্রস্তুত করা হয় | মার্বেল পাথরে হাইড্রোক্লোরিক অ্যাসিড ঢালিয়া প্রস্তুত হয় | দস্তায় সালফিউরিক অ্যাসিড ঢালিয়া প্রস্তুত করা হয় |
| ৩। বর্ণ, স্বাদ, গন্ধহীন গ্যাস  | বর্ণ, স্বাদ, গন্ধহীন গ্যাস                             | বর্ণহীন, অল্প অম্লস্বাদযুক্ত ও অল্প গন্ধযুক্ত গ্যাস       | বর্ণ, স্বাদ, গন্ধহীন গ্যাস                         |
| ৪। জলে অল্প দ্রব হয়   | জলে অল্প দ্রব হয়                                      | জলে দ্রব হয়  | জলে অল্প দ্রব হয়                                  |
| ৫। বায়ু অপেক্ষা ভারী  | বায়ু অপেক্ষা লঘু                                      | বায়ু অপেক্ষা বেশ ভারী                                    | লঘুতম গ্যাস  |
| ৬। দহন সহায়ক কিন্তু দাহ নয়   | দহন সহায়ক নয়, দাহও নয়                               | দহন সহায়ক নহে, দাহও নহে                                  | দহন সহায়ক নয় কিন্তু দাহ                          |
| ৭। শ্বাসকার্যের সহায়ক   | শ্বাসকার্যের পবোক্ষভাবে সহায়ক                         | শ্বাসকার্যের সহায়ক নয়                                   | শ্বাসকার্যের সহায়ক নয়                            |
| ৮। চুনের জল ঘোলা করে না  | চুনের জল ঘোলা করে না                                   | চুনের জল ঘোলা করে   | চুনের জল ঘোলা করে না                               |

বিজ্ঞান—রসায়ন বিভাগ

পঞ্চম প্রশ্নমালা

১। অক্সিজেন, নাইট্রোজেন, কার্বন ডাইঅক্সাইড বা হাইড্রোজেন প্রস্তুত প্রণালী ও উহার গুণাবলী বিস্তৃতভাবে লিখ। উহা আমাদের কি কি প্রধান ব্যবহারে আসে লিখ। (Describe experiments by which Oxygen, Nitrogen, Carbon-dioxide or Hydrogen may be prepared, state its properties and uses)

২। তিনটি জাবে যথাক্রমে হাইড্রোজেন, কার্বনডাইঅক্সাইড ও নাইট্রোজেন আছে। কিরূপে তাহাদের কোনটিতে কি আছে বুঝিতে পারিবে বল। (How can you detect Hydrogen, Carbon dioxide and Nitrogen, each of which is kept in a separate bottle?)

৩। খেলনাব বেগুনে কি গ্যাস পুরিলে উহা অধিক উচ্চে উঠিতে পাবে লিখ। (Which gas being introduced into toy balloons raises it high up?)

৪। একটি বদ্ধ পাত্রে একটি জীবন্ত ইঁদুর রাখিয়া দিলে কি ঘটে লিখ ও তাহার রাসায়নিক কারণ লিখ। (Explain chemically what happens when a mouse is put in a closed jar?) [কঃ বিঃ ১৯৪১]

৫। কার্বনডাইঅক্সাইড সম্বন্ধে যাহা জান লিখ। শুষ্ক বরফ কাকে বলে? (Write all you know about Carbon dioxide. What is dry ice?) [কঃ বিঃ ১৯৪১]


---

## ষষ্ঠ পরিচ্ছেদ

জলের উপাদান, স্বভাবজ ও বাতাসিত জল, মূত্র ও  
খর জল

### জলের উপাদান

তোমরা দেখিয়াছ, হাইড্রোজেন দাহ পদার্থ ও বায়ুতে উহা জ্বালাইলে জলকণা উৎপন্ন হয়। পূর্বের পরীক্ষায় ইহাও প্রমাণিত হইয়াছে যে, কোন বস্তু জলিবাব সময় উহা বায়ুস্থ অক্সিজেনের সত্তিত যুক্ত হয়। অতএব হাইড্রোজেনও অজ্বলনকালে অক্সিজেনের সহিত মিলিত হয় এবং জলের সৃষ্টি করে। স্ততবাং হাইড্রোজেন ও অক্সিজেন জলের দুইটি উপাদান।



১৯নং চিত্র- জল বিশ্লেষণ

বিশ্লেষণ দ্বারাও জলের উপাদান ও তাহাদের পরিমাণ বাত্বিব বলা যায়। ১৯নং চিত্রে যে কাচের পাত্র দেখিতেছ, উহাৰ তলায় দুইটি ছিদ্র আছে। ঐ ছিদ্রপাথে দুইটি তামার তার গালা দিয়া আঁটা আছে। তামার তার দুইটির যে প্রান্তদ্বয় পাত্রের ভিতরে বহিয়াছে, তাহাদের সত্তিত প্লাটিনাম্ নামক পাত্তুর দুইটি পাত লগান আছে। পাত্রটির ভিতরে জল ঢাশিয়া গ্রাম পূর্ণ কর। বিশুদ্ধ জল তড়িদন্তুবক বলিয়া কয়েক ফোটা সান্ফিকিউবিক অ্যামিড্ ঐ জলে ঢালিয়া দাও। পরে দুইটি সমান্তর একমুখ বন্ধ কাচনল জলে পূর্ণ করিয়া প্লাটিনাম পাত দুইটির উপর উন্টাইয়া বসাও। এক্ষণে তাবের বাহিরের প্রান্ত, দুই বা ততোধিক তড়িৎ-সেলযুক্ত ব্যাটারীর প্রান্তদ্বয়ে সংযুক্ত কর। তড়িৎ-প্রবাহ আবন্ত হইলে দেখিবে, দুইটি প্লাটিনাম্ পাত হইতেই বৃদ্ধ উঠিতেছে এবং নল দুইটির ভিতরে জমিতেছে। ১৫।২০ মিনিট পরে দেখিবে যে, একটি নলে যত গ্যাস সঞ্চিত

হইয়াছে, অপব নলে প্রায় তাহাব দ্বিগুণ গ্যাস জমিয়াছে। কম গ্যাসপূর্ণ নলটির ভিতবে একটি নির্বাচিত প্রায় জলন্ত কাঠি ফেলিয়া দিলে, উহা উজ্জলভাবে জলিতে থাকিবে, অতএব ইহা অক্সিজেন। অপব নলটি একটি দীপশিখার নিকট লইয়া গেলে তন্মধ্যস্থ গ্যাস জলিয়া উঠে, অতএব উহা হাইড্রোজেন। সুতবাং তডিং-প্রবাহকালে পাত্রের জল বিশ্লিষ্ট হওয়ায় অক্সিজেন ও হাইড্রোজেন পাওয়া যায় এবং হাইড্রোজেনের পরিমাণ অক্সিজেনের পরিমাণের দ্বিগুণ।

পরিমাণে দুইভাগ হাইড্রোজেন ও একভাগ অক্সিজেন দ্বারা একটি সোডা ওয়াটারের বোতল পূর্ণ করিয়া উহার মুখটি একটি জলন্ত বাতির শিখার কাছে ধর। তৎক্ষণাৎ একটি ভীষণ শব্দ উৎপন্ন হইয়া গ্যাস দুইটি সংযুক্ত হইলে ও জল উৎপন্ন করিবে।

### স্বভাবজ জল

ভূপৃষ্ঠের প্রায় ৩ অংশ জলে পূর্ণ এবং সমুদ্র, নদনদী, প্রস্রবণ প্রভৃতি নানা আকারে জলবাণি দেখিতে পাওয়া যায়, অবশ্য সব জলই সুপেষ নয়। কোনটি অত্যন্ত লবণাক্ত, কোনটি কষায় বা অগ্ন্যপ্রকার স্বাদযুক্ত। দেখিতেও কোনটি বা ঘোলা, কোনটি বা স্বচ্ছ। জলে দ্রবীভূত ও ভাসমান বহু পদার্থের জন্মই উহাদের একপ পার্থক্য লক্ষিত হয়। বস্তুত, প্রকৃতিতে একেবারে বিশুদ্ধ জল পাওয়া অসম্ভব।

**বৃষ্টির জল**—প্রাকৃতিক জলের মধ্যে বৃষ্টির জল সবাপেক্ষা বিশুদ্ধ। তোমরা পূর্বেই জানিয়াছ সমুদ্রের জল বাষ্পীভূত হইয়া উপরে উঠে এবং পুনর্বার ঘনীভূত হইয়া মেঘ ও পবে বৃষ্টিতে পরিণত হয়। এই প্রাকৃতিক পাতন-প্রক্রিয়ার ফলে বৃষ্টির জল বিশুদ্ধ হইবাবই কথা, কিন্তু বায়ুমাণ্ডলের ভিতর দিয়া বৃষ্টির জল পড়িবার সময় বায়ুর কার্বন-ডাইঅক্সাইড উহাতে দ্রবীভূত হয় এবং বায়ুতে ভাসমান ধূলিকণা প্রভৃতিও উহাতে মিশ্রিত হয়। এইজন্য বৃষ্টির জলকেও সম্পূর্ণ বিশুদ্ধ বলা চলে না। পল্লীগ্রামে অনেকে বৃষ্টির সমস্ত

উন্মুক্ত প্রাক্তনে একটি পবিষ্কাব চাদব খাঁটাইয়া এবং তাহাব নিচে একটি কলসী বসাইয়া বৃষ্টিব জল সংগ্রহ কবেন। প্রথম বৃষ্টিব জল ত্যাগ কবিয়া, অল্পক্ষণ পবে বৃষ্টিব জল ধবিলে অনেকটা বিশুদ্ধ জল পাওয়া যায়। কাৰ্বন-ডাইঅক্সাইডযুক্ত বৃষ্টি-জলে বহু ভূমিজ পদার্থ দ্রব হয়।

**প্রশ্রবণ ও কূপের জল**—কূপ ও ঝরণাব জল বিশুদ্ধতায় বৃষ্টিব জলেব পবে ধবা যাইতে পাবে। এই জল মাটিব নানা স্তব ভেদ কবিয়া আসে বলিয়া উহাতে ভাসমান মযলাগুলি থাকিতে পাবে না, কিন্তু ইহাতে লবণজাতীয় খনিজপদার্থ মথা, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, পটাসিয়াম, সোডিয়াম, লৌহ প্রভৃতি ধাতুসকলেব যৌগিক পদার্থ দ্রবীভূত অবস্থায় থাকে। সেইজন্য ইহাব স্বাদ সাধাবণত একটু কটু হইলেও স্বাস্থ্যেব পক্ষে উপকারী।

**নদীর জল**—নদীব জল সাধাবণত ঘোলা। বৃষ্টিব জল মাটিতে পড়িয়া গড়াতিয়া বাতিবাব সময় ধূলা, বালি, মাটি ও নানাবিধ জৈব পদার্থ ভাসমান অবস্থায় সঙ্গে লইয়া নদীতে পতিত হয়। তাহা ছাড়া লবণ ও লবণজাতীয় পদার্থও নদীব জলে দ্রব থাকে। নদীব জল পানীয়রূপে ব্যবহার কবিত্তে হইলে ফুটাইয়া ও পবে ছাঁকিয়া লওয়া উচিত।

**সমুদ্র-জল**—সমুদ্র-জল অতিশয় লবণাক্ত এবং পানেব অনুপযোগী। বহু নদ-নদী শেষে সমুদ্রে যাইয়া পতিত হয় বলিয়া সমুদ্রে দ্রবীভূত লবণ জাতীয় পদার্থেব পরিমাণ সৰ্বাপেক্ষা অধিক।

### বাতাসিত জল

বিশুদ্ধ জল স্বাদহীন। কিন্তু প্রকৃতিব ভাণ্ডাবে বিশুদ্ধ জল একেবাবে পাওয়া যায় না বলিলেই চলে। এমন কি বৃষ্টিব জল যাহা পাতিত জলেব ত্রায় বিশুদ্ধ, তাহাও পৃথিবীব বুকে পড়িবাব সময় বায়ুমণ্ডলস্থ ধূলিকণা, অক্সিজেন ও কাৰ্বন-ডাইঅক্সাইড দ্রবীভূত কবিয়া আনে। নানা প্রকাব পদার্থ

জলে মিশ্রিত থাকে বলিয়া জলের আমবা কিছু না কিছু স্বাদ পাই। জল ফুটাইয়া লইলে অনেক দ্রবীভূত বাষ্প উবিয়া যায় বলিয়া সিদ্ধজল বিস্বাদ লাগে। বৃষ্টির জলের কতকাংশ মাটির ভিতর প্রবেশ করে। ইহা যতই মাটির ভিতর যায় ততই ইহার সহিত নানাপ্রকার খনিজ পদার্থ দ্রবীভূত হয়, প্রস্রবণ আকাবে এই জল যখন বাহিবে আসে তখন ঐ সকল দ্রবীভূত পদার্থের জন্ম ইহার স্বাদ পাই। যখন প্রস্রবণের জলে কোন পদার্থ অধিক পরিমাণে দ্রবীভূত থাকে এবং তজ্জন্য কোনও একটি বিশেষ স্বাদ পাওয়া যায় তখন ঐ জলকে **খনিজ জল** (Mineral water) বলা হয়। কোন বাষ্প জলে অধিক মাত্রায় দ্রবীভূত থাকিলে তাকে **বাতাসিত (Aerated) জল** বলা চলে—ইহা নামের দ্বারা বুঝা যায়। কিন্তু আমবা সাধারণত যে সোডা জল বা লেমনেড পাই তাহা কার্বন-ডাইঅক্সাইড মিশ্রিত জল ভিন্ন আর কিছু নহে। অধিক তাপে অধিক পরিমাণে কার্বন-ডাইঅক্সাইড জলে দ্রবীভূত করা থাকে। সাধারণত হঠাৎদিকেই আমবা বাতাসিত জল বলি। বোতলে ছিপি খুলিয়া দিলে বোতলের ভিতর হঠাত জোবে একটি বাষ্প নিগত হইয়া যায় বলিয়া বুঝিতে পারা যায়। ইহাই কার্বন-ডাইঅক্সাইড, কার্বন-ডাইঅক্সাইড অধিক মাত্রায় ছিল—চাপ কমিয়া যাওয়ায় বোতল হঠাত কিছু নির্গত হইয়া গেল।

জলে কঠিন, তরল ও গ্যাসীয় পদার্থ দ্রবীভূত থাকিলে অনেক সময় সেই জল খাইয়া আমাদের স্বাস্থ্যান্নতি হয়। আমবা যখন কোথাও জল হাওয়া পরিবর্তনে যাই তখন সেখানকার জলে যে জাতীয় পদার্থ মিশ্রিত থাকিলে আমাদের শরীরের পক্ষে ভাল হইবে দেখি, সেখানেই যাই। এমন অনেক স্থানের জল আছে যাহা ঔষধের গুণ কাঙ্ক্ষিত। মুঙ্গেরের সীতাকুণ্ড, ইউরোপে কার্লসবাদ ও মারিয়নবার্দের জল বাস্তবিকই ঔষধের গুণ উপকারী। সোডা জল বা লেমনেড আমাদের স্বাস্থ্যের পক্ষে কিরূপ উপকারী তাহা আমাদের কাহারও অবিদিত নাই।

## খব ও মৃদু জল

তোমরা বোধ হয় লক্ষ্য করিয়াছ যে, সাবান দিয়া কাপড় পবিকার করিবার সময় কোন জলে বেশ সহজেই ফেনা হয় ও কাপড় শীঘ্র কাটা হয়, আবার কোনও জলে সহজে সাবানের ফেনা হইতে চাহে না, অনেকটা সাবান খরচ হইবার পর সেই জলে ফেনা হয়। কৃপের জলে সাবান অনেক বেশী লাগে কিন্তু অনেক পুকুরের জলে অল্প সাবান লাগে। যে জলে সাবান গুলিলে বেশ সহজে ফেনা হয়, তাহাকে মৃদু জল (Soft water) বলে এবং যে জলে সহজে ফেনা হয় না, তাহাকে খর জল (Hard water) বলে।

জল একটুপ খব না মৃদু হইবার কারণ কি? বৃষ্টির জল ভূমির উপর দিয়া আসিবার সময় অনেক পদার্থকেই দ্রব করিয়া সঙ্গে লইয়া আসে। কৃষা, নদী ও সমুদ্রজলে বহু খনিজ পদার্থ দ্রবীভূত থাকে। নদী বা কৃষার জল কোনও পাত্র লইয়া ফুটাইলে তখন জল উবিয়া যায়, তখন পাত্রের তলয় গুঁড়া গুঁড়া পদার্থ পড়িয়া থাকে। সাধারণত, খব জলে ক্যালসিয়াম-বাইকার্বনেট (Calcium bi-carbonate), ম্যাগনেসিয়াম সালফেট (Magnesium sulphate), ক্যালসিয়াম ক্লোরাইড (Calcium chloride) প্রভৃতি খনিজ পদার্থ থাকে। ইহাবাই সাবানের সহিত যুক্ত হইয়া যায় বলিয়া প্রথম প্রথম জলে ফেনা হইতে দেখে না।

খব জলও আবার দুই প্রকারের দেখা যায়,—অস্থায়ী (Temporary) খব জল ও স্থায়ী (Permanent) খব জল। কেবলমাত্র ফুটাইলে যে জলের খবতা দূর হয়, তাহাই অস্থায়ী খব জল। স্থায়ী খব জলের খবতা একপে দূর করা যায় না।

একটু চুনের জল লইয়া তাহাতে ফুঁ দিলে জল শাদা হইয়া যায়। নিঃশ্বাসবায়ুর কার্বনডাইঅক্সাইড চুনের সহিত মিশ্রিত হইয়া খড়মাটি উৎপন্ন



কবে, উহাই জলে ভাসমান অবস্থায় থাকিয়া জল ঘোলা কবে। জল স্থিৰ হইলে কিছুক্ষণ পবে খড়িগুঁড়া ক্রমশ অদৃশ্য হয়। তাহা হইলে দেখিলে, খড়িমাটি বিশুদ্ধ জলে দ্রবণীয় নয় কিন্তু উহা কাৰ্ব'নডাইঅক্সাইড মিশ্রিত জলে দ্রবীভূত হয়। বাস্তবিক এই খড়িমাটি বা ক্যালসিয়াম্ কাৰ্ব'নেট কাৰ্ব'নডাই-অক্সাইডেৰ সহিত মিশ্রিত হইয়া ক্যালসিয়াম্ বাইকাৰ্ব'নেট্ নামক পদার্থে পবিণত হয়, উহা জলে দ্রবণীয়। ক্যালসিয়াম্ বাইকাৰ্ব'নেট্ ও ম্যাগনেসিয়াম্ বাইকাৰ্ব'নেটেৰ উপস্থিতি জলেৰ অস্থায়ী কৰ্কশতাৰ কাৰণ। বৃষ্টিপাতকালে বায়ুস্থ কাৰ্ব'নডাইঅক্সাইড বৃষ্টিৰ জলেৰ সহিত মিশ্রিত হয় এবং মাটিতে পড়িয়া প্রস্তুতাদিৰ উপৰ দিয়া গাইবাব সময় পাণেৰ কিয়দংশ দ্রব কৰিয়া ক্যালসিয়াম্ বাইকাৰ্ব'নেট্ প্রস্তুত কবে। এইরূপ খবজল ফুটাইলে কাৰ্ব'নডাইঅক্সাইড গ্যাস জল হইতে দ্রবীভূত হওয়ায় খড়িমাটি দ্বিতীয় বস্তু আৰ দ্রবঅবস্থায় থাকে না, নিচ পড়িয়া যায়।

অস্থায়ী খবজলে কিছু চুন মিশাইলেও উহা মূছ হইয়া যায়। কাৰণ, চুনেৰ জল ক্যালসিয়াম্ বাইকাৰ্ব'নেটেৰ সহিত যুক্ত হইয়া উহাকে ক্যালসিয়াম্ কাৰ্ব'নেট্ বা খড়িমাটিতে পবিবৰ্তিত কবে এবং ঐ খড়িমাটি থিতাইয়া জলকে মূছ কবে।

ম্যাগ'নেসিয়াম্ সালফেট্, ক্যালসিয়াম্ কোবাইড্ প্রভৃতি খনিজ পদার্থ বিশুদ্ধ জলে দ্রাব. এইজন্য ইহাৰা যে জলে দ্রবীভূত থাকিয়া উহাকে খব কবে, সে জল ফুটাইলেও ইহাৰা দ্রব অবস্থায় থাকে, সুতবাং জলেৰ খবতা দূৰ হয় না। অতএব ইহাদেৰ উপস্থিতিই জলেৰ স্থায়ী খবতাৰ কাৰণ। জলে কাপডকাচা সোডা বা সাবান দিলে সেই সোডাৰ সহিত ইহাদেৰ বাসায়নিক ক্রিয়া হওয়ায় ম্যাগ'নেসিয়াম্ কাৰ্ব'নেট্ ও ক্যালসিয়াম্ কাৰ্ব'নেট্ প্রভৃতি উৎপন্ন হয়। এইগুলি জলে অদ্রব্য বলিয়া থিতাইয়া পড়িলে জল মূছ হয়। তখন সেই জলে সাবানেৰ যথেষ্ট ফেনা হয়।

এখন তোমবা বুঝিতে পাবিলে বৃষ্টি-জল কি জন্তু সৰ্বাপেক্ষা মূছ।

**সংক্ষেপ :**—তড়িৎশক্তি সাহায্যে জল বিশ্লেষণ করিয়া দেখা যায় ইহার উপাদান, দুই ভাগ হাইড্রোজেন ও একভাগ অক্সিজেন। স্বভাবজ জল বিশুদ্ধ নহে, ইহাতে কোন না কোন পদার্থ দ্রবীভূত অবস্থায় থাকে। স্বভাবজ জলের মধ্যে সমুদ্রের জল সর্বাপেক্ষা অশুদ্ধ এবং বৃষ্টির জল সর্বাপেক্ষা বিশুদ্ধ। জলে কোন বায়বীয় পদার্থ দ্রবীভূত থাকিলে সেই জলকে বাতাসিত জল বলা হয়। যে জলে সাবান গুলিলে সহজে ফেনা হয় না তাহাদিগকে খবজল এবং ষাহাতে ফেনা হয় তাহাকে মুহু জল বলা হয়। খবজল আবার দুই বকম, স্থায়ী ও অস্থায়ী। যে খবজলকে মাত্র ফুটাইয়া লইয়া তাহাতে সাবান গুলিলে সহজে ফেনা পাওয়া যায় তাহাকে অস্থায়ী খবজল বলা হয়। ক্যালসিয়াম বাই-কার্বনেট প্রভৃতি লবণ জাতীয় পদার্থ জলে দ্রবীভূত থাকিলে জল অস্থায়ী খব হয়, ম্যাগনেসিয়াম সালফেট, ক্যালসিয়াম রোবাইড প্রভৃতি থাকিলে স্থায়ী খব হয়।

### ষষ্ঠ প্রশ্নমালা

১। জলের উপাদান কি কি এবং কিরূপে তাহা স্থির করা যায় বিস্তৃতভাবে লিখ। উপাদানগুলি কি অনুপাতে বর্তমান তাহাও লিখ। (Write in detail what are the constituents of water and how they can be ascertained. Write down the percentage composition of water also.)

২। বিশুদ্ধতার দিক দিয়া স্বভাবজ কোন-কোন জল কোন্ পযায় পড়িবে সাজাইয়া লিখ। (Arrange the water occurring in nature according to their purity.)

৩। খনিজ এবং বাতাসিত জল কাহাকে বলে? মুহু, স্থায়ী খব ও অস্থায়ী খব জল কাহাকে বলে লিখ। কিজন্তু জলের একপ অবস্থা হয় ও তাহার প্রতিকার কি? (What are mineral water and aerated water? Write when water is called soft, permanent hard and temporary hard. What are the causes of hardness and how it can be removed.)

৪। কিরূপে খানিকটা স্বচ্ছ জল পাঠিতে পাবা যায়? নদীর জল হইতে একেবারে বিশুদ্ধ জল কিরূপে পাওয়া যায়? (How will you prepare a sample of (a) clear water and (b) very pure water, from river water?)


[কঃ বিঃ ১৯৪০।]

## জ্যোতিবিদ্যা প্রথম পরিচ্ছেদ

### আকাশ ও জ্যোতিষ্ক

মেঘমুক্ত বাত্মিতে খোলা মাঠে, উপর দিকে চাহিলে দেখিতে পাই আমাদের চারিদিক ঘেবিনা এক নীলবর্ণের অসীম গুচ্ছ, তাহাতে যেন কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র কি জ্বলিতেছে। মনে হয় একটি নীল চন্দ্রাতপে কে যেন কতকগুলি হীরকখণ্ড বসাইয়া দিয়াছে। খালি চোখে ইহাদের যতগুলি দেখা যায় তাহাদের সংখ্যা ছয় সাত হাজারেব অধিক হইবে না, দূববীক্ষণ সাহায্যে দেখিলে দেখা যায় ইহাদের সংখ্যা অত্যধিক, কিন্তু প্রকৃত পক্ষে ইহাদের সংখ্যা তদপেক্ষাও অধিক। ব্রহ্মাণ্ডে উহাদের সংখ্যা নির্ণয় কবিবাব মত সাধা আমাদের নাই। আপাত দৃষ্টিতে ইহাদিগকে যত ক্ষুদ্র বলিয়া মনে হয় প্রকৃত পক্ষে ইহাবা তত ক্ষুদ্র নহে। তোমবা শুনিয়া আশ্চর্য হইবে ইহাদের এমন এক একটি আছে যাহাদের আকার আমাদের এই পৃথিবীর আকার হইতে বহু লক্ষ গুণ বড়। কিন্তু বহুদূবে আছে বলিয়া আমাদের এই দৃষ্টি ভ্রম হয়। এই দূবত্বের পরিমাণ নির্ণয় কবাও এক মহাসমস্যার বিষয়। আলোক প্রতি সেকেণ্ডে ১৮৬০০০ একশত ছিয়াশি হাজার মাইল গমন কবে। এক বৎসবে ইহা কত মাইল যাইবে ধাবণা কব, এই দূবত্বকে আলোক বৎসর (Light year) বলে। বস্তুত এক আলোক বৎসর বলিতে বুঝায়  $১৮৬০০০ \times ৬০ \times ৬০ \times ২৪ \times ৩৬৫$  মাইল =  $৫৮৬৫৬৯৬০০০০০০$  মাইল। এমন এক একটি জ্যোতিষ্ক আছে যাহাদের নিকট হইতে আমাদের পৃথিবীর দূবত্ব আলোক বৎসর দিয়া প্রকাশ কবিলেও এত বড় সংখ্যা হয় যাহা কথায় প্রকাশ কবা অসম্ভব হইয়া পড়ে। এমন কি পণ্ডিতেবা

ইহাও বলেন যে জ্যোতিষ্কগুলির এক একটি এত দূরে আছে যে পৃথিবীর জন্ম হইতে আজ পর্যন্ত যত কাল গিয়াছে ইহাব মধ্যেও উহাদের নিকট হইতে



১ নং চিত্র

“Heaven declares the glory of God”

আলোক আমাদের পৃথিবীতে আসিয়া পৌছাইতে পাবে নাই। পৃথিবী হইতে

নিকটতম নক্ষত্রটির নাম **প্রক্সিমো সেন্টরি** (Proximo centauri)। ইহা হইতেও আলোক পৃথিবীতে পৌঁছাইতে সাড়ে চাৰি বৎসৰ লাগে। তবে ভাবিয়া দেখ কিরূপ কল্পাস্তকৰ ব্যাপাব। জ্যোতিৰ্বিজ্ঞান আমাদিগকে কত যে এইরূপ আপাত অসম্ভব ব্যাপাবেৰ বিষয় অবগত হইতে হইবে তাহাৰ ইয়ত্ন নাই। অনেক সময় নিজেদেব এমন কি বিজ্ঞান-বিদগণেৰ গবেষণাৰ সত্যফলকেও বিশ্বাস কৰিবাব প্ৰবৃত্তি আসিবে না। অথচ বিচাৰ ও বিবেক দিয়া গণনা কৰিলে বুঝা যায় তাহাৰা মহাসত্য। এই সকল অসম্ভব ব্যাপাব বিশ্বনিয়ন্তাৰ অনন্ত মহাত্মা অনুভব কৰিবাব সুযোগ আমাদেব কাছে আনিয়া দেয়।

এই যে অসীম নীল গুহ্বজ বা গোলকাধঁ যাহাৰ চাৰিধাৰ, আমবা যে সমতলে দাঁড়াইয়া আছি সেই সমতলে আসিয়া ঠেকিয়াছে বলিয়া মনে হয় ইহাকে আমবা **আকাশ** বলিয়া থাকি। আকাশ পৃথিবীকে এক বিশাল চক্ৰবেথায় স্পৰ্শ কৰিয়া আছে। সেই বেথাই আমাদেব দৃষ্টি পথেৰ সকল দিকেৰ শেষ সীমা বলিয়া ইহাকে **দিগন্ত** বা **ক্ষিতিজ** (Horizon) বেথা বলা হয়। বস্তুত আকাশ নিছক কল্পনা মাত্ৰ। মহাশূন্য আমাদেব চোখে নীলবৰ্ণেৰ আভা আনিয়া দেয় তাই আমবা আকাশ নীল দেখি। কিন্তু যতই উৰ্ধ্বে উঠা যাক না কেন আকাশ এমনই আমাদেব নাগালেৰ বাহিৰে থাকিবেই। প্ৰকৃত পক্ষে আকাশ বলিয়া কোন পদাৰ্থ নাই। আকাশে যে অসংখ্য আলোকেৰ ফুটকি দেখি তাহাদিগকে আমবা সাধাৰণত **জ্যোতিষ্ক** বলি। আমাদেব পৃথিবীও এমনই একটা জ্যোতিষ্ক। অগ্ৰাণ্ণ জ্যোতিষ্ক হইতে আমবা যত দূৰে আছি, পৃথিবী হইতে যদি ঠিক ততদূৰে আমবা থাকিতে পাইতাম তাহা হইলে পৃথিবীকেই আমবা একটা ক্ষুদ্ৰ জ্যোতিষ্কেৰ গ্ৰায় মহাশূন্যে ভাসিতে দেখিতাম।

আকাশে দৃশ্যমান এই ক্ষুদ্ৰ ক্ষুদ্ৰ জ্যোতিষ্কগুলিৰ মধ্যে কতকগুলি বেশ উজ্জ্বল এবং ইহাদেব জ্যোতি স্থিব, ইহাদিগকে **গ্ৰহ** (Planet) বলি, কতকগুলি জ্যোতিষ্ক তত উজ্জ্বল নহে, মিটমিট্ কৰিয়া জলে, ইহাদিগকে **নক্ষত্র** (Star) বলা হয়। বিশেষ কুৰিয়া লক্ষ্য কৰিলে দেখিতে পাওয়া যাইবে জ্যোতিষ্কগুলিৰ

বড় এক বকম নহে। কোনটির আলো লাল, কোনটির হল্‌দে আবার কোনটির বা শাদা। দূর্বীক্ষণ সাহায্যে গ্রহগুলি বৃহত্তর দেখায় কিন্তু নক্ষত্রগুলি যেমন খালি চোখে দেখা যায় দূর্বীক্ষণ সাহায্যেও তেমনই দেখায়।

সূর্য একটি বিরাট জ্যোতিষ্ক—ইহাব চাৰিদিকে যে সকল গ্রহ মহাকর্ষের জগ্ন ঘূৰিষা বেডাইতেছে তাহাবা সূৰ্যেৰ গ্রহ। আৰাব মহাকর্ষেৰ জগ্ন গ্রহেৰ চাৰিদিকে যে সকল জ্যোতিষ্ক ঘূৰিষা বেডায় তাহাদিগকে উক্ত গ্রহেৰ **উপগ্রহ** (Satelite) বলে। পৃথিবী সূৰ্যেৰ একটি গ্রহ এবং চন্দ্র পৃথিবীৰ একটি উপগ্রহ।

নক্ষত্রগুলি সূৰ্যেৰ গ্ৰায় এক একটি জ্বলন্ত অগ্নিপিণ্ড—অনেক দূৰে থাকে বলিষা ঐকপ ক্ষুদ্র দেখায়, কিন্তু গ্রহগুলিৰ নিজেৰ আলোক নাই। ইহাবা যে জ্যোতিষ্কেৰ চাৰিদিকে ঘূৰিষা বেডায় তাহাবই আলোক ইহাবা প্রতিফলিত কৰে। সূৰ্যেৰ আলোক পৃথিবী, মঙ্গল, বুধ প্রভৃতি গ্রহগুলিৰ উপৰ প্রতিফলিত হয় বলিষা আমবা গ্রহগুলিকে উজ্জ্বল দেখি। অতএব ইহা ধাবণা কৰা যাইতে পাবে প্রত্যেক নক্ষত্ৰেবই সূৰ্যেৰ গ্ৰায় গ্রহ ঞ্ৰং উপগ্রহ থাক। সম্ভব।

বহুদিন অন্তৰ এক একবাব আকাশে দীৰ্ঘপুচ্ছবিশিষ্ট ঝাঁটাৰ মুডাব মত জ্যোতিষ্ক দেখা যায়। ইহাদেৰ পৰিব্রমণ পথ অত্যন্ত অধিক বলিষা বহু দিন পবে পবে দেখা যায়। গ্রহেৰ বিপৰীত দিকে ইহাদেৰ গতি। ইহাদিগকে **ধুমকেতু** (Comet) বলে। গ্রহ নক্ষত্র ছাড়া আকাশেৰ কোথাও কোথাও মেঘেৰ মত ছেঁড়া ছেঁড়া আলোক সমষ্টি দেখা যায়। ইহাদেৰ অধিকাংশই **নীহারিকা** (Nebula)। নিৰ্মল আকাশেৰ এক প্রান্ত হইতে অপৰ প্রান্ত পর্যন্ত ববাবব একটি ক্ষীণ শাদা আলোক নিৰ্মিত পথ দেখা যায়। ইহা ক্ষুদ্র ক্ষুদ্র জ্যোতিষ্কেৰ বিচ্ছুবিত আলোক ভিন্ন কিছুই নহে। ইহাকে **ছায়াপথ** (Milky way) বলা হয়। কখনও কখনও আকাশে ঝাঁটাৰ আকৃতি বিশিষ্ট জ্যোতিষ্ক গুলিৰ ভগ্ন অংশ সমষ্টি কিছুদিনেৰ জগ্ন দেখা যায়। পবে ইহাবা অদৃশ্য হইয়া থাকে এবং হয়ত বল্কাল পবে আৰাব দেখা দেয়। ইহাদিগকে **উজ্জ্বা** (Meteor) বলা হয়।

এক একটি বৃহৎ জ্যোতিষ্কের চারিদিকে ভ্রাম্যমান গ্রহ, উপগ্রহ ইত্যাদির সমষ্টি লইয়া এক একটি **সৌরজগৎ** (Solar system)। অনন্ত ব্রহ্মাণ্ডে এইরূপ কত যে সৌরজগৎ আছে তাহার ইয়ত্তা নাই।

নক্ষত্রগুলি আকাশের পূর্বদিক হইতে পশ্চিমদিকে নিয়ত চলিয়াছে। প্রত্যেকেই এক বক্র ভাবে চলিয়াছে বলিয়া ইহাদের পবম্পর্বে মध्ये ব্যবধান এবং অবস্থানের কোন পরিবর্তন পবিলক্ষিত হয় না। ইহারা পূর্বাংশে উঠে ও পশ্চিমাংশে নামিয়া যায়। ইহাদের তথাকথিত উদয়ান্ত লক্ষ্য করিলে দেখা যায় যে, যে কোন দুইটি তারার উদয়কালের ব্যবধান সকল সময়েই এক। ইহারা প্রত্যেকেই ২৩ ঘণ্টা ৫৬ মিঃ ৪ সেকেন্ড মোটামুটি ২৩ ঘণ্টা ৫৬ মিনিট অন্তর আকাশে উঠে বা আকাশ হইতে নামিয়া যায়। যদিও ইহাদের উঠিবার ও নামিবার ঠিক সময় নির্দেশ করা কঠিন তথাপি ইহাদের খ-মধ্য বেথা (Meridian) অতিক্রম করিবার সময় ঠিক করা যায়। একটি তারার পব পব দুইবার খ-মধ্য বেথা অতিক্রম করিবার সময়ের ব্যবধান মোটামুটি ২৩ ঘণ্টা ৫৬ মিনিট। এই সময়কে **নাক্ষত্র দিন** (Sidereal day) বলে। লক্ষ্য করিলে ইহাও বস্মিতে পাবা যায় যে নক্ষত্রগুলি ধ্রুবতাবাকে কেন্দ্র করিয়া তাহার চারিদিকে ঘুরিতেছে। বস্মত ধ্রুবতাবা হইতে পৃথিবীর উত্তর মেরু যোগ করিয়া দিলে যে সরল বেথা পাওয়া যায় সেই বেথাকে **অক্ষ** (Axis) করিয়া পৃথিবী তাহার চারিদিকে ঘুরিতেছে বলিয়া নক্ষত্রগুলিকে ঐরূপ ঘুরিতে দেখা যায়। সূর্য ও তাই ঐরূপ ভাবে ঘুরিতেছে বলিয়া মনে হয়। কাজেই সূর্য এবং নক্ষত্রের পবিত্রমণ পথ সমান্তরাল এবং পৃথিবীর মেরুদণ্ডের সহিত সমকোণ করিয়া আছে।

কতকগুলি নক্ষত্র সকল সময়েই দেখা যাইতে পাবে। তাহার কারণ ধ্রুব-তারার কাছাকাছি কতকগুলি নক্ষত্র পৃথিবীর এই আক্ষিক গতির ফলে কোন স্থানের ক্ষিতিজ তলের নিচে কখনই নামিয়া যায় না, কাজেই তাহাদিগকে সকল সময়ে দেখা যাইতে পাবে।

• নক্ষত্রগুলির আবর্তনের সময় যেমন ২৩ ঘণ্টা ৫৬ মিঃ, সূর্যের আবর্তনের

সময় কিন্তু পূর্বা ২৪ ঘণ্টা। কাজেই প্রত্যেক দিন সূর্য নক্ষত্রগুলির অনুপাতে ৪ মিনিটের পথ পিছাইয়া পড়ে, কিন্তু ২৪ ঘণ্টায় ইহা একবার আবর্তন কবে অর্থাৎ  $360^\circ$  ঘূবে। তাহা হইলে ৪ মিনিটে ইহা  $1^\circ$  ঘূবিত্তে পাবে। অতএব প্রত্যেক দিন  $1^\circ$  কবিয়া সূর্য নক্ষত্রের অনুপাতে পিছাইয়া পড়ে। তাহা হইলে মোটামুটি এক বৎসবে অর্থাৎ ৩৬০ দিনে ইহা নক্ষত্রের অনুপাতে একটি সম্পূর্ণ আবর্তন কম কবিবে। তাহা হইলে দেখা গেল আকাশে সূর্যের পূর্ব দিক হইতে পশ্চিম দিকে আঙ্গিক গতি ছাড়াও নক্ষত্রের অনুপাতে ইহা একটি পশ্চাদগতি আছে তাহাৰ পৰিমাণ প্রতিদিন  $1^\circ$  এবং ইহা পশ্চিম হইতে পূর্ব দিকে।

আমরা সাধাৰণত নক্ষত্র দেখিতে পাই বাত্ৰিকালে অর্থাৎ সূর্য যে সময়ে ক্ষিত্তিজ তলের নিচে নামিয়া যায়। ঐ সময়ে সূর্য ক্ষিত্তিজ তলের যেদিকে থাকে তাহাৰ বিপৰীত দিকে নক্ষত্র দেখা দেয়। সূর্য এবং নক্ষত্রের মধ্যে ব্যবধান প্রত্যেক দিন  $1^\circ$  কবিয়া বাড়িতেছে, এক সময় যদি সূর্য হইতে একটি তাবকাৰ ব্যবধান  $180^\circ$  থাকে, তবে ছয় মাস পবে সে ব্যবধান আৰ থাকিবে না, কাৰণ ঐ সময়েৰ মধ্যে আৰও  $180^\circ$  ব্যবধান বাড়িয়া  $360^\circ$  হইবে, অর্থাৎ আকাশেৰ যে স্থানে সূর্য সেই স্থানেই ঐ নক্ষত্র থাকিবে, তখন ঐ নক্ষত্রটিকে দেখা যাইবে না। তাহা হইলে প্রত্যেক নক্ষত্রই এইকপে প্রত্যেক দিন আকাশে ইহাৰ অবস্থান পৰিবর্তন কবিত্তেছে। অতএব বৎসবেৰ বিভিন্ন সময়ে আকাশে বিভিন্ন তাবকা দেখা যাইবে।


বিবাত নীল আকাশেৰ কোথায় কি গ্রহ নক্ষত্র আছে বা থাকিত্তে পাবে তাহাৰ অবস্থান নির্দেশ কবিত্তে হইলে সমস্ত আকাশেৰ বিভিন্ন অংশেৰ সহিত পৰিচয় থাকা আমাদেৰ যেমন প্রয়োজন তেমনই নক্ষত্র মণ্ডলীৰ সহিত পৰিচয় থাকা দবকাৰ। ভূপৃষ্ঠে যেমন গ্রাম, জেলা ইত্যাদি অক্ষাংশ এবং দ্রাঘিমাংশ সাহায্যে নির্দিষ্ট কবা হয়, আকাশেও ঐকপ কতকগুলি স্থান, বিন্দু ইত্যাদি নির্দিষ্ট কবিয়া লওয়া হয়। পবে ইহাদেৰ তুলনায় অপবগুলি চিনিয়া লওয়া হয়।

দেখা যায় জ্যোতিষ্কগুলিৰ আবর্তনকালে তাহাৰা যে যেখানেই যাউক না



কেন তাহাদের পৰস্পরের মধ্যে ব্যবধান সকল সময়েই ঠিক থাকে। কাজেই ইহাদের দুই একটি চিনিয়া বাখিলে তাহাদের অবস্থানের সহিত তুলনা কবিয়া অপবগুলি বাহিব কবা যায়। নক্ষত্রগুলিকে এক একটি পৃথক ভাবে চিনিয়া বাখা অসম্ভব। কিন্তু যখন কয়েকটি নক্ষত্র মিলিয়া একটি কাল্পনিক চিত্রের গায় অবস্থান কবে তখন তাহাদিগকে চিনিয়া বাখা সহজ হয়। যতগুলি নক্ষত্র মিলিয়া ঐ চিত্রটি প্রস্তুত কবে তাহাদের সমষ্টিকে এক একটি **নক্ষত্রপুঞ্জ** (Constellation) বলা হয়। চিত্রের আকৃতি অনুযায়ী নক্ষত্রপুঞ্জগুলির নামকরণ হইয়া থাকে। কতকগুলি নক্ষত্র লইয়া কুবুবেব আকার সৃষ্টি কনিয়াছে বলিয়া মনে হয়, সেইজন্য ঐ কয়টি নক্ষত্রকে একসঙ্গে **শ্বা** (Dog) নক্ষত্রপুঞ্জ বলা হয়। তেমনই **সপ্তর্ষি মণ্ডল** (Constellation of Great Bear), **প্রশা** নক্ষত্রপুঞ্জ (Constellation of little dog) ইত্যাদি আছে। ইহাদের মধ্যে দুই একটিকে চিনিয়া বাখিলে অপবগুলিকে খুঁজিয়া বাহিব কবা যায়।

পূর্বেই বলা হইয়াছে পৃথিবীর নিজের অক্ষের চতুর্দিকে দৈনিক আবর্তন হেতু তাবাগুলিকে পূর্বদিকে উদিত হইয়া পশ্চিম দিকে অস্ত গাইতে দেখা যায়, কিন্তু পৃথিবীর মেরুদণ্ড ববাবব উত্তর দিকে বর্ধিত কবিলে ধ্রুবতাবা উহাব উপর পড়ে বলিয়া, ধ্রুবতাবাব একপ কোন গতি আছে বলিয়া মনে হয় না। এই ধ্রুবতাবাব কয়েকটি বৈশিষ্ট্য আছে বলিয়া ইহাকে চিনিয়া বাখা যায়, ইহা অপব নক্ষত্রের গায় আকাশের বিভিন্ন স্থানে ঘুবিয়া বেডায় না, এইজন্যই ইহাব নাম ধ্রুবতাবা। অনেকে ইহাকে অচলতাবাও বলে। ইহা খুব বেশী উজ্জ্বল নহে।



২ নং চিত্র

ধ্রুবতারা ও সপ্তর্ষিমণ্ডল


পার্শ্বের চিত্রে কোন এক বাত্রিব পৃথিবী, ধ্রুব নক্ষত্র এবং ধ্রুব নক্ষত্রের চতুর্দিকে ঘূর্ণায়মান অপব একটি নক্ষত্র **ন** এবং

সপ্তর্ষি মণ্ডল নামক নক্ষত্র পুঞ্জের অবস্থান দেওয়া গেল। আমাদের দেশে চৈত্র হইতে আশ্বিন মাস পর্যন্ত উত্তর আকাশের দিকে তাকাইলে লাঙ্গলের ফলাব মত সাজানো সাতটি উজ্জ্বল নক্ষত্র দেখা যায়, উহাদিগকেই **সপ্তর্ষি মণ্ডল** (Great Bear) বলে। এই সপ্তর্ষি মণ্ডলের এক প্রান্তে কেবলমাত্র দুইটি তাবাকে এক রেখায় দেখা যায়। এই বেথাকে বর্ধিত করিলে উহা ধ্রুব তাবাকে প্রায় ছুঁইয়া যায়। ধ্রুবনক্ষত্রের দিক হইতে সপ্তর্ষি মণ্ডলের সাতটি নক্ষত্রের নাম, যথাক্রমে **ক্রতু, পুনহ, পুনস্ত্য, অত্রি, অঙ্গিরা, বশিষ্ঠ ও মরীচি**। বশিষ্ঠের নিকটে যে ক্ষুদ্র নক্ষত্রটি দেখা যায় তাহার নাম **অরুন্ধতী**। সাতটি ঋষির নামে নাম করা হইয়াছে বলিয়া ইহাকে সপ্তর্ষি বলা হয়। কিন্তু ইংবাজেরা এই সাতটি নক্ষত্রে একটি ভল্লকের চিত্র কল্পনা করিয়া ইহান নাম দিয়াছেন **Great Ber** বা **Ursa Major** নিবন্ধ প্রদেশ হইতে যতই উত্তর দিকে যাওয়া যাইবে, ধ্রুব নক্ষত্রকে ততই মাথার উপর উঠিতে দেখা যাইবে। অবশেষে উত্তর মেরুতে উহাকে ঠিক মাথার উপর দেখিতে পাওয়া যায়। আবার যদি উত্তর মেরু হইতে ক্রমাগত দক্ষিণ দিকে আসা হয় তবে উহাকে ক্রমাগত দিগন্তের দিকে নামিতে দেখা যাইবে এবং নিবন্ধ বৃত্তের উপর যাইলে ইহাকে ঠিক দিগন্তে মিশিয়া যাইতে দেখা যাইবে, নিবন্ধ বৃত্তের দক্ষিণে যাইলে ইহাকে আবার দেখা যাইবে না।

চৈত্র বৈশাখ মাসে সন্ধ্যার সময় সপ্তর্ষি মণ্ডলকে উত্তরাকাশে দেখা যায়। জ্যৈষ্ঠ মাস হইতে উহা ক্রমাগত একটু একটু করিয়া পশ্চিম দিকে হেলিয়া অবশেষে কার্তিক মাস হইতে দিগন্তের নিচে নামিয়া যায়। এই সপ্তর্ষি মণ্ডলকে ভাল করিয়া চিনিয়া রাখিলে ধ্রুবতাবা চিনিতে কষ্ট হয় না।

পৃথিবীর অক্ষকে দক্ষিণ দিকে বর্ধিত করিলে উহা ধ্রুব নক্ষত্রের ন্যায় অপব একটি নক্ষত্রে গিয়া পৌঁছবে। ইহার নাম **হ্যাডলীর অক্ট্যান্ট** (Hadley's Octant), ইহা কেবলমাত্র দক্ষিণ গোলার্ধেই দৃষ্ট হইয়া থাকে।


ক্রব তাবার নিকটে ছয়টি নক্ষত্র লইয়া **লঘু সপ্তর্ষি** (The Little Bear) নামে একটি নক্ষত্র মণ্ডল আছে। ইহা সপ্তর্ষি মণ্ডলের দিকে অবস্থিত। ইহাব চারিটি



৩ নং চিত্র—ক্রবতারা, সপ্তর্ষি ও লঘু সপ্তর্ষি মণ্ডল


নক্ষত্র একটি চতুর্ভুজ সৃষ্টি করিয়া অবস্থিত আছে। অপব দুইটি, চতুর্ভুজের এক কোণের একটি তাবকা হইতে ক্রবতাবাব দিকে প্রায় এক সৰল বেথায় অবস্থিত। চিত্রে ক্রব নক্ষত্র, সপ্তর্ষি ও লঘু সপ্তর্ষি মণ্ডল দেখান হইল। লঘু সপ্তর্ষিকে শিশুমাবও বলা হইয়া থাকে। ইংবাজীতে ইহাকে Ursa Minorও বলা হয়।

ক্রব তাবার যেরদিকে সপ্তর্ষিমণ্ডল থাকে তাহান বিপবীত দিকে **ক্যাসি-ওপিয়া** (Cassiopeia) নামে পাঁচ নক্ষত্রের একটি নক্ষত্র মণ্ডল আছে। কাৰ্ত্তিক, অগ্রহাযণ মাসে যখন সপ্তর্ষি মণ্ডল দিগন্তের নিচে নামিয়া যায় তখন ইহাবা দেখা দেয়।



৪ নং চিত্র—ক্যাসিওপিয়া

যখন সপ্তর্ষি মণ্ডল ধ্রুব তাবাব নিচে নামিয়া যায় তখন ক্যাসিওপিয়াব উত্তর পূর্ব দিক হইতে সাতটি নক্ষত্র লেজওয়ালা ঘুঁড়িব মত দেখা যায়। প্রথম



চাবিটি মিলিয়া ঘুঁড়ি ও বাকি তিনটি ঐ ঘুঁড়ির লেজের মত দেখায়। কিন্তু প্রথম চাবিটি নক্ষত্র মিলিয়া পেগাসস (Pegasus) নামক নক্ষত্র পুঞ্জ এবং অপব তিনটি অ্যানড্রোমিডা (Andromeda) নামক পুঞ্জ সৃষ্টি কবিয়াছে। তাবাব অ্যানড্রোমিডাব শেষ নক্ষত্রটিব দুই পাশে দুইটি নক্ষত্র এবং তাবও বয়েকটি নক্ষত্র লইয়া যে মণ্ডল তাহাব নাম পারসুস (Perseus)। চিত্রে একসঙ্গে উক্ত তিনটি মণ্ডলই দেখান হইল।

৫ নং চিত্র—পেগাসস, অ্যান্ড্রোমিডা ও পারসুস


পেগাসস মণ্ডলের তিন কোণেব

তিনটি উজ্জ্বল নক্ষত্রের নাম পূর্বভাদ্রপদ (Markab), গোপদ (Algenib) ও উত্তরভাদ্রপদ (Alpheratz)। যে নক্ষত্রটি পারসুস ও অ্যান্ড্রোমিডা দুই মণ্ডলের মধ্যে আছে তাহাব নাম আলগল (Algol) অর্থাৎ দৈত্য তাবা। ইহাব জ্যোতি প্রতি তিন দিন ধবিয়া হ্রাস বৃদ্ধি হয়। ইহাব বর্ণ ঘোব লাল।

আলগল তাবাব কিছু দূবে একসঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র সাতটি তাবব। মিলিয়া সাতভাই বা ক্লভিকা মণ্ডল (Pleiades) বচনা কবিয়াছে।

পবে কালপুরুষেব চিত্র দেওয়া হইল। অর্জুন (Betelgeux), বাণরাজা (Rigel) এবং কার্তিকেয় (Bellatrix) প্রমুখ তাবও কতক

গুলি নক্ষত্র লইয়া যে মনুষ্যমূর্তি কল্পনা করা হয় তাহাই **কালপুরুষ (Orion)** নামক নক্ষত্র মণ্ডল। কাল্পনিক বেথা দ্বারা ইহাব নক্ষত্রগুলি যোগ করিলে শুধুই একটি মনুষ্য মূর্তি হইবে না, মনে হইবে ঐ মানুষটির কোমরে কোমববন্ধ, যেন তাহাতে তলোয়ার ঝুলান এবং হাতে ধনুক বহিয়াছে। শীতকালে অগ্রহায়ণ পৌষ মাসে সন্ধ্যাব পর্ব পূর্বাকাশে ইহাদিগকে দেখা যায় এবং ভোব বেলা পশ্চিমা-কাশে ডুবিয়া যায়। ঐ সময় কালপুরুষের পায়েব কাছে একটি অতিশয় উজ্জ্বল নক্ষত্র



৬ নং চিত্র—কালপুরুষ, লুক্কক, বোহিনী ও মাতভাই

দেখা যায়, তাহাব নাম **লুক্কক (Sirius)**। আকাশে যে সকল তাবা দেখা যায় তাহাদের মধ্যে এইটি উজ্জ্বলতম। ইহা বৃহৎ কুকুব বা শ্বা মণ্ডলের (Canis-major) নক্ষত্র। এই মণ্ডলটিকে কালপুরুষের কুকুব বলিয়া কল্পনা করা হয়।

কালপুরুষের পূর্বদিকে **সরমা (Procyon)** নামক একটি উজ্জ্বল নক্ষত্র দেখা যায়। ইহা **ক্ষুদ্র কুকুর বা প্রশ্বা (Canis-minor)** মণ্ডলের একটি নক্ষত্র।

প্রশ্বামণ্ডলের দক্ষিণে আছে **আর্গোণ্যাভিস (Argonavis)** মণ্ডল। **অগস্ত্য (Canopus)** ইহাব প্রধান নক্ষত্র।

সপ্তর্ষি মণ্ডলের ক্রতু ও পুলহ নক্ষত্রকে সবল বেথাদ্বারা যোগ করিয়া বাড়াইয়া দিলে ইহা ধ্রুব নক্ষত্রে গিয়া পৌঁছায়। আরও বাড়াইয়া দিলে বেথাটি **লঘু সিংহ (Leo minor)** মণ্ডল নামক ছোট ছোট কতকগুলি নক্ষত্রের একটি মণ্ডলে গিয়া পৌঁছাবে।

এইবার সূর্যের আপাত পবিভ্রমণ পথের কাছাকাছি যে কয়টি নক্ষত্র মণ্ডল পড়ে তাহাদের পবিচয় লওয়া যাউক। আমরা সকলেই জানি সূর্য



৭ নং চিত্র—লঘুসিংহমণ্ডল

প্রতিদিন এক স্থানে খাড়া ভাবে বিবণ দেয় না, প্রত্যহ এক বৃত্ত পথে একটু একটু কবিয়া সবিয়া সাবা বৎসবে ঐ বৃত্ত অতিক্রম করে। বৃত্তটির নাম দেওয়া হইয়াছে **ক্রান্তি বৃত্ত** (Ecliptic)। এই বৃত্ত পৃথিবীর নিবক্ষ বৃত্তের সহিত  $২৩\frac{1}{2}$  ডিগ্রী কোণ কবিয়া অবস্থিত। এই বৃত্তকে বাবটি ভাগে বিভক্ত করা হইয়াছে। তাহা হইলে এক এক ভাগে সূর্য এক এক মাস অবস্থান করে। এই ভাগ গুলিকে এক একটি **রাশি** বলা হয়। বৈশাখ মাসে সূর্য যে বাস্তুতে থাকে তাহাৰ নাম **মেঘ** রাশি। পরে জ্যৈষ্ঠ মাসে **বৃষ** বাস্তুতে, আষাঢ় মাসে **মিথুন** বাস্তুতে এবং পর পর এইরূপ বিভিন্ন মাসে বিভিন্ন বাস্তুতে থাকে। সূর্যের এই পবিভ্রমণ পথে বাবটি রাশির এক একটিতে যে নক্ষত্র মণ্ডল বা নক্ষত্র আছে, তাহাদের সমষ্টিতে যে বস্তুৰ চিত্র কল্পনা করা যায় তাহাদের নামান্তরসাবে রাশিগুলির নামকরণ হইয়াছে। আবার নক্ষত্র মণ্ডল গুলির অন্তর্গত নক্ষত্র গুলিকে যোগ কবিয়া দিলে এক একটি মণ্ডলের যে কাল্পনিক চিত্র পাওয়া যাইবে সেই চিত্রের মূর্তি বিভিন্ন দেশে বিভিন্ন নামে অভিহিত হইয়া থাকে। কিন্তু নামের সহিত চিত্রের সাদৃশ্য অতি অল্পই দেখিতে পাওয়া যায়। তথাপি বহুকাল হইতে তাহারা এই সকল নামে পবিচিত হইয়া আসিতেছে বলিয়া আজিও তাহারা সেই সকল নামেই অভিহিত হইয়া থাকে।

সূর্যের পবিভ্রমণ পথে পূর্বোক্তরূপ সাতাশটি নক্ষত্রমণ্ডল বা সাতাশটি

ভাগ কল্পনা করা হয়। ইহাব এক এক ভাগে অশ্বিনী, ভবণী, কৃত্তিকা, বোহিণী প্রভৃতি এক একটি নক্ষত্রের অবস্থান কাল ধরা হয়। তাহা হইলে

১টি বাশি =  $\frac{3}{2}$  নক্ষত্র

=  $2\frac{1}{2}$  নক্ষত্র। বৈশাখ

মাস যেখান হইতে আবম্ভ

হয় সেখান হইতে মেষ

বাশি এবং অশ্বিনী

নক্ষত্রের আবম্ভ হয়।

বৈশাখ মাসেই সূর্য দুইটি

নক্ষত্র পাব হইয়া আর

একটি নক্ষত্রের  $\frac{1}{2}$  অংশ

চলিয়া যায়। সূর্য বোন্

মাসে কোন্ বাশি এবং কোন্ নক্ষত্রের সম্পূর্ণ ও কোন্ নক্ষত্রের মাত্র

কতক অংশ পাব হইয়া যায় তাহাব একটি তালিকা ১৪শ পৃষ্ঠায় দেওয়া হইল।

পৃথিবীতে কোথায় কোন্ দেশ, নদী, পাহাড়, সাগর, হ্রদ, উপসাগর প্রভৃতি আছে জানিবাব জগৎ ভৌগোলিকগণ যেমন মানচিত্র প্রস্তুত করিয়াছেন,

তেনই আকাশের কোথায় কোন নক্ষত্র বা বাশি আছে তাহা জানিবাব জগৎ জ্যোতির্বিদগণ তাবকা ও নক্ষত্রের মানচিত্র প্রস্তুত করিয়াছেন। এই মানচিত্র


সাহায্যে আকাশের নক্ষত্রগুলি সহজেই ধরা যায়।

পৃথিবীর মানচিত্র এবং আকাশের মানচিত্রে একটু প্রভেদ আছে।

ভৌগোলিক মানচিত্রের ব্যবহার প্রণালী এবং আকাশের মানচিত্র ব্যবহার করিবাব প্রণালী একটু ভিন্ন। ভৌগোলিক মানচিত্র যখন যে ভাবেই রাখা


হউক না কেন দক্ষিণ দিক পূর্ব, বাম দিক পশ্চিম, উপর দিক উত্তর এবং নিচের দিক দক্ষিণ দিক সূচিত হবে। কিন্তু আকাশের মানচিত্রের সঙ্গে

আকাশের তাবাব অবস্থান মিলাইতে হইলে মানচিত্র খানিকে মাথার উপর



৮ নং চিত্র—রুক্ষিক বাশি

বাথিয়া মানচিত্রের লিখিত দিক গুলি যথাক্রমে আকাশের দিক গুলির সঙ্গে মিলাইতে হয়। কিন্তু এ অবস্থায় মানচিত্র দেখা অসুবিধা জনক। কাজেই



৯ নং চিত্র—রাশি চক্র

মানচিত্র থানি চোখেব সামনে ধবিলে আকাশের দিক হইতে ইহাব দিকগুলি অণুক্রম হইয়া যাব। তাই উত্তর আকাশের নক্ষত্র দেখিতে হইলে উত্তর দিকে মুখ করিয়া বসিয়া সামনে মানচিত্র থানি এমন ভাবে ধবিতে হয় যেন মানচিত্রের উত্তর দিক মানচিত্র দর্শকের কোলের দিকে থাকে। এই অবস্থায় মানচিত্রে লিখিত দক্ষিণ, পূর্ব ও পশ্চিম দিকগুলি যথাক্রমে আকাশের উত্তর, পূর্ব ও পশ্চিম দিকের সঙ্গে মিলিয়া যাইবে। এখন মানচিত্রের উপরের অর্ধ দ্বারা দক্ষিণ আকাশ এবং নিচের অর্ধ দ্বারা উত্তর আকাশ নির্দিষ্ট হয়।




| মাস     | রাশির বাংলা ইংরাজী নাম | নক্ষত্র ও আববী নাম  | মাস       | রাশির বাংলা ইংরাজী নাম | নক্ষত্র ও আববী নাম                                       |
|---------|------------------------|---|-----------|------------------------|--|
| বৈশাখ   | মেঘ<br>Aries           | অশ্বিনী<br>ভবণী<br>কৃত্তিকাবহু (Pleiades)                     | কার্তিক   | তুলা<br>Libra          | চিত্রার ১<br>স্বাতী<br>বিশাখাবহু                         |
| জ্যৈষ্ঠ | বৃষ<br>Taurus          | কৃত্তিকাবহু<br>বোহিণী (Hyades)<br>মৃগশিরাব ১                  | অগ্রহায়ণ | বৃশ্চিক<br>Scorpio     | বিশাখাবহু<br>অনুবাধা<br>জ্যোষ্ঠা (Antares)               |
| আষাঢ়   | মিথুন<br>Gemini        | মৃগশিরাব ১<br>আর্জী (Betelgeux)<br>পুনর্বস্বর ১ (Pollux)      | পৌষ       | ধনু<br>Sagittarius     | মূলা<br>পূবামাটা<br>উত্তরাষাটাবহু                        |
| শ্রাবণ  | কর্কট<br>Cancer        | পুনর্বস্বর ১<br>পুষ্যা<br>অশ্লেষা                             | মাঘ       | মকর<br>Capricornus     | উত্তরাষাটাবহু<br>শ্রবণা (Altair)<br>ধনিষ্ঠাব ১           |
| ভাদ্র   | সিংহ<br>Leo            | মঘা (Regulus)<br>পূর্বফাল্গুনী<br>উত্তরফাল্গুনীর ১ (Denebola) | ফাল্গুন   | কুম্ভ<br>Aquarius      | ধনিষ্ঠাব ১<br>শতভিষা<br>পূর্বভাদ্রপদেব ১ (Markab)        |
| আশ্বিন  | কন্যা<br>Virgo         | উত্তরফাল্গুনীর ১<br>হস্তা<br>চিত্রার ১ (Spica)                | চৈত্র     | মীন<br>Pisces          | পূর্বভাদ্রপদেব ১<br>উত্তরভাদ্রপদ<br>(Alpheratz)<br>বেবতী |

১ নং চিত্রে মাস, রাশি ও নক্ষত্রের নাম সাজাইয়া দেখান হইল।

দক্ষিণ আকাশের নক্ষত্র দেখিতে হইলে বিপবীত উপায় অবলম্বন কবিতে হয়।

বৈশাখ মাসের শেষ সপ্তাহ হইতে শ্রাবণ মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত আকাশের সপ্তর্ষি মণ্ডল, শিশুনাভ, লাইবা, হাবকিউলিস, ড্রেকো মণ্ডল,



১০ নং চিত্র—আকাশের মানচিত্র ( বৈশাখের শেষ হইতে শ্রাবণের প্রথম )

বুটিস মণ্ডল, সিংহ বাশি, কন্যা বাশি, তুলা রাশি, বৃশ্চিক বাশি, আর্গোনাভিস,


ধনুবাশি, মকর রাশি প্রভৃতি নক্ষত্রগুলি আকাশে যেকপ দেখা যায় তাহাদের অবস্থান নিম্নলিখিত মানচিত্র হইতে অনুমান কবিয়া লইতে পাৰা যায়।

বৈশাখ মাসেব বাত্ৰিতে আকাশেৰ প্ৰায় মধ্যস্থলে সিংহ বাশি দেখা যায়। সিংহেব মুখেব দিকে মঘা ও লেজে উত্তৰফাল্গুনী নক্ষত্ৰ। সিংহ বাশিৰ পবে কৰ্কট ও মিথুন বাশি। মিথুন বাশিৰ দুইটি উজ্জল নক্ষত্ৰ, একটি ক্যাষ্টৰ (Castor) ও অপৰটি পুনৰ্বসু (Pollux)। সিংহ বাশিৰ যে দিকে কৰ্কট ও মিথুন তাহাব বিপৰীত দিকে কন্যা ও তুলা বাশি। কন্যা বাশিৰ উজ্জল নক্ষত্ৰটিৰ নাম চিত্ৰা (Spica)। সিংহ বাশিৰ নিচেব দিকে হাইড্ৰা (Hydra)



১১ নং চিত্ৰ—মিথুন রাশি


মণ্ডল। ইহাকে দেখিতে অনেকটা সাপেব মত। ইহাব প্ৰধান নক্ষত্ৰ অশ্লেষা।



১২ নং চিত্ৰ—হাইড্ৰামণ্ডল

অবশ্য অশ্লেষা নক্ষত্ৰকৰ্কট বাশিৰ অন্তৰ্গত। কন্যা রাশিৰ উত্তৰ পূৰ্ব দিকে

বুটিস (Bootes) এবং তাহাব উত্তর পূর্বদিকে হার্কিউলিস (Hercules) মণ্ডল। বুটিসেব প্রধান নক্ষত্র স্বাতী (Arcturus)। প্রবাদ আছে স্বাতী নক্ষত্রেব জল বাঁশ গাছেব উপর পড়িলে বংশলোচন নামক পদার্থ এবং সাপেব মাথায় পড়িলে মণি হয়। হার্কিউলিসেব উত্তর পূর্বদিকে লাইরা (Lyra) মণ্ডল, অভিজিত (Vega) ইহাব প্রধান নক্ষত্র। তুলা বাশিব নিচে বৃশ্চিক বাশি এবং ইহাব উজ্জ্বলতম নক্ষত্রটিব নাম জ্যেষ্ঠা (Antares)। জ্যেষ্ঠা নক্ষত্রেব রং একটু লালাভায়ুক্ত। বৃশ্চিক বাশিব দক্ষিণে সেন্টরাস (Centaurus) মণ্ডল। আলফা সেন্টরি (Alfa centauri), বিটা সেন্টরি (Beta centauri) এবং প্রক্সিমা সেন্টরি (Proxima centauri) নামক নক্ষত্রগুলি ইহাব অন্তর্গত। প্রথমোক্ত দুইটি উজ্জ্বল, শেষোক্তটি পৃথিবী



১৩ নং চিত্র - কুম্ভরাশি

ইহাব নিকটতম নক্ষত্র। বৃশ্চিক বাশিব পূর্ব পাশে ধনু-রাশি এবং তাহাব উত্তরে একুইলা (Aquila) মণ্ডল। ইহাব উজ্জ্বল নক্ষত্রটিব নাম শ্রবণা (Altair)। ধনুবাশিব পূর্বদিকে মকর ও কুম্ভ-রাশি, এই বাশি দুইটিতে উজ্জ্বল নক্ষত্র নাই। কুম্ভেব উত্তরে পেগাসস,

ইহাব কথা পূর্বে বলা হইয়াছে। মকর বাশিব দক্ষিণে পিসিস (Pisces) মণ্ডল, ইহাব উজ্জ্বল নক্ষত্রেব নাম ফোমালহট্ (Fomalhaut)। কুম্ভবাশিব পূর্বদিকে মীনরাশি (Pisces), তাহাব উত্তর পূর্বদিকে মেঘ এবং মেঘ বাশিব পূর্বদিকে বৃষ বাশি। মেঘ রাশিব প্রধান নক্ষত্রটিব নাম অশ্বিনী




অপর নক্ষত্রগুলি সূর্যের জ্যোতিব নিকট নিম্প্রভ হইয়া যায় বলিয়া দেখা যায় না।

বৎসরের বিভিন্ন সময়ে আকাশের বিভিন্ন অংশে বিভিন্ন নক্ষত্র দেখা যায়। এবং তাহাদের একটির তুলনায় অপবটির অবস্থান না বদলাইলেও আকাশের বিভিন্ন অংশে তাহারা প্রত্যহই সবিয়া যায় বলিয়া আকাশের মানচিত্র বৎসরের বিভিন্ন সময়ানুসাবে বিভিন্ন হইয়া থাকে।

অগ্রহায়ণের মাঝামাঝি হইতে পৌষ মাসের মাঝামাঝি পর্যন্ত নক্ষত্রগুলির মোটামুটি অবস্থান পূর্ব পৃষ্ঠায় দেখান হইল।

প্রতিদিন যেমন আকাশে নক্ষত্রের অবস্থান পরিবর্তিত হইতেছে, তেমনি পৃথিবী পৃষ্ঠের বিভিন্ন স্থানের আকাশ বিভিন্নরূপে দেখা যাইবে। নিবক্ষ-প্রদেশের আকাশ যেকূপ দেখাইবে মেরুপ্রদেশের আকাশ সেকূপ দেখাইবে না। কোন স্থানের আকাশের চিত্র অঙ্কিত করিতে হইলে নিম্নলিখিতরূপ উপায় অবলম্বন করিতে হয়।

মনে কবা যাউক চিত্রের ছোট বৃত্তটি পৃথিবী, উ এবং দ যথাক্রমে ইহার



উত্তর মেরু এবং দক্ষিণ মেরু এবং ন, ঘ ইহার নিবক্ষবৃত্ত ও ক ইহার কেন্দ্র। ইহার উপর ঘ স্থানের আকাশ অঙ্কিত করিতে হইবে।

কঘ যোগ করিয়া খ পর্যন্ত বর্ধিত করা হইল। ঘ দিয়া ঘখ এবং সহিত সমকোণী ভাবে দগ বেখা টানা হইল।

১৫ নং চিত্র—কোন স্থানের আকাশ অঙ্কিত করিবার প্রণালী

ইহাই ঘ স্থানের দিগন্ত বেখা। এক্ষণে ঘকে কেন্দ্র করিয়া এবং ঘখ—

**দৃষ্টি-ঘটকে** ব্যাসার্ধ লইয়া যে বৃত্ত আঁকা যায় তাহাই ষ স্থানেব আকাশ ।

**উ ক** এব সহিত সমান্তরাল কবিয়া **ঘ** বেখা যেখানে আকাশে ঠেকিয়াছে বলিয়া মনে হয় সেই স্থানে **ধ** তাবাকে দেখা যাইবে ।


তাহা হইলে **ঘ** হইতে আকাশেব মাত্র **দ** অংশ দৃষ্ট হইবে । এইবাব যদি **ন** এব সমান্তরাল কবিয়া আকাশ গোলকে অদৃশ্যাংশ **র্** এবং দৃষ্টাংশ **ষ** দিয়া একটি বৃত্ত কল্পনা করা হয় তাহা **নৈসর্গিক নিরক্ষ বৃত্ত** (Celestial equator) । **ধ** **ধ** অবস্থান নির্দেশ কবিবে ।

ক্রান্তি বৃত্ত **নৈসর্গিক নিরক্ষ বৃত্ত** সহিত সমান্তরাল । দিগ্বলয় এবং নিরক্ষবৃত্ত পর্বত য়েখানে ছেদ কবিয়াছে সূর্য একদিন সেই বিন্দুতে উদিত হইবে । সেদিন ক্রান্তিবৃত্তেব তল এবং নিরক্ষবৃত্তেব তল এক হইয়া যাইবে । সেদিন যতক্ষণ সূর্য ক্ষিতিজ তলেব উপবে থাকিবে ততক্ষণ নিচে থাকিবে । কাজেই সেদিন, দিন, বাত্রি সমান হইবে । তাহাব পব ক্রমে সবিয়া সূর্য একদিন এমন স্থানে আসিবে যেখানে সূর্য কেবলমাত্র ক্ষিতিজ তলেব নিচেই থাকিবে । অতএব তখন সেখান হইতে যত বেশী অক্ষাংশে যাওয়া যাইবে ততই সেখানে কেবল দিন পাওয়া যাইবে । তাহাব পব ফিবিয়া সূর্য পুনবায় পূর্বোক্ত স্থানে আসিবে যেখানে দিন বাত্রি সমান । তাহাব পব ক্রমে আবণ্ড এমন স্থানে যাইবে যেখান হইতে কেবলমাত্র বাত্রি আবণ্ড হইবে ।

চিত্র দেখিলে মনে হইবে সূর্যেব দৈনিক পথ এক একটি আলাদা বৃত্ত , কিন্তু তাহা নহে । প্রত্যহ অল্প অল্প সবিয়া সূর্যেব পথ কুণ্ডলিত (Spiral) আকাষেব হয় ।


**উত্তর মেরুর আকাশ :-** ১৬ নং চিত্রে দেখ এখানে **ধ** **খ** বিন্দু এক হইয়া যায় অর্থাৎ নিরক্ষবৃত্ত এবং ক্ষিতিজ তল বা দিগ্বলয় এক হইয়া যায় । অতএব সূর্য ক্রমাগত ছয়মাস ক্ষিতিজ তলেব উপবে থাকিবে এবং ক্রমাগত ছয়মাস ক্ষিতিজ তলেব নিচে থাকিবে । অতএব এখানে ছয়মাস ক্রমাগত দিন এবং

ছয়মাস ক্রমাগত বাত্মি। এখানে ধ্রুবতাবাকে ঠিক মাথার উপর দেখা যাইবে



১৬ নং চিত্র—উত্তর মেরুর আকাশ

নিরক্ষ প্রদেশের আকাশঃ—এখানে দিগন্ত ধ্রুবতাবার উপর দিয়া



১৭ নং চিত্র—নিরক্ষ প্রদেশের আকাশ

গিয়াছে বলিয়া মনে হয়। তাই নিরক্ষ প্রদেশে ধ্রুবতাবা চক্রবালের ঠিক উত্তর



বিন্দুতে থাকে। সূর্য প্রত্যহই যতক্ষণ চক্রবালের উপর থাকে ততক্ষণ ইহাব নিচে থাকে। কাজেই এই প্রদেশে বাবোমাস দিনবাত্রি সমান।

**সংক্ষেপ :-** আমাদের মাথার উপরে যে অসীম নীল গুচ্ছ চারিদিকে ভূমি স্পর্শ কবিয়াছে বলিয়া মনে হয় তাহাকে আমরা আকাশ বলি এবং ইহাতে যে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র আলোকমালা দেখা যায় তাহাদিগকে সাধারণত জ্যোতিষ্ক বলি। জ্যোতিষ্কগুলির মধ্যে যেগুলি উজ্জ্বলতর এবং স্থির তাহারা গ্রহ এবং যেগুলি মিটমিট করিয়া জ্বলিতেছে বলিয়া মনে হয় সেগুলি নক্ষত্র। গ্রহগুলি দূরবীণে বড় দেখায় কিন্তু নক্ষত্রগুলি খালি চোখে যেমন দেখায় দূরবীক্ষণ সাহায্যে তেমনই দেখায়। গ্রহ বা নক্ষত্র ক্ষুদ্র দেখাইলেও ইহাদের এক একটির আয়তন এমন বড় আছে যে তাহারা পৃথিবী অপেক্ষা বহু লক্ষ গুণ বড়। অত্যধিক দূরে থাকে বলিয়া এত ক্ষুদ্র দেখায়। পৃথিবীর নিকটতম জ্যোতিষ্ক প্রক্সিমা সেন্টাবি আলোক পৃথিবীতে আসিতে ৪-½ বৎসর লাগে। অথচ আলোক প্রতি সেকেণ্ডে ১৮৬০০০ মাইল যায়। এমন জ্যোতিষ্ক আছে যাহার আলো পৃথিবীর জন্মের পূর্বে ইহাতে এখনও পৃথিবীতে আসিয়া পৌঁছিতে পারে নাই। সূর্য একটি বিরাট জ্যোতিষ্ক। মহাকর্ষের বলে ইহা কতকগুলি গ্রহকে টানিয়া আপনার চারিদিকে ঘুরাইতেছে। আবার গ্রহগুলি আপনাপন উপগ্রহগুলিকে আপনার চারিদিকে ঘুরাইতেছে। আকাশে নীহারিকা, ছায়াপথ, উল্কা, ধূমকতু প্রভৃতি দেখা যায়। সূর্য, গ্রহ ও উপগ্রহ লইয়া একটি সৌর জগৎ। ব্রহ্মাণ্ডে একপ কত সৌর জগৎ আছে বলা যায় না। খালি চোখে মাত্র ছয় সাত হাজার জ্যোতিষ্ক দেখা যায়। দূরবীক্ষণ সাহায্যে তদপেক্ষা অধিক জ্যোতিষ্ক দেখা যায়, কিন্তু আবও যে কত অদৃশ্য জ্যোতিষ্ক আছে তাহাব সংখ্যা নাই।

পৃথিবী ঋষ নক্ষত্রকে কেন্দ্র কবিয়া ঘবিত্রছে বলিয়া আপাত দৃষ্টিতে আমবা দেখি নক্ষত্রগুলি ২৩ ঘণ্টা ৫৬ মিঃ ৪ সেকেণ্ডে একবার ঋষ নক্ষত্রের চারিদিকে ঘবে। ইহাদের গতি পূর্ব হইতে পশ্চিমে। সূর্যের পূর্ব দিক হইতে পশ্চিম দিকের আফ্রিক গতি ছাড়াও নক্ষত্রের অনুপাতে ইহাব একটি বিপরীত গতি আছে—তাহা প্রত্যহ ১° ডিগ্রী। এই পশ্চাদ্গতির জন্ত বৎসরের বিভিন্ন সময়ে আকাশে নক্ষত্রগণের অবস্থান এককপ থাকে না। অথচ জ্যোতিষ্কগুলিব পরস্পরের মধ্যে ব্যবধান একই থাকে। তাই একটি নক্ষত্র বা নক্ষত্রপুঞ্জ চিনিয়া স্থির কবিত্তে পারিলে তাহার অনুপাতে আকাশের কোন্ অংশে কোন্ গ্রহ বা নক্ষত্র থাকিবে চিনিয়া লইতে পারা যায়। সপ্তর্ষিমণ্ডলের শেষ দুইটি নক্ষত্র যোগ কবিয়া সেই বেখা বর্ধিত্তে কবিলে ঋষনক্ষত্র স্পর্শ কবে। সপ্তর্ষিব অনুপাতে লঘু সপ্তর্ষি, স্বা, প্রস্বা, কালপুষ্ক

প্রভৃতি মণ্ডল চিনিয়া লওয়া যায়। নক্ষত্র মণ্ডল গুলির অন্তর্গত এক একটি নক্ষত্রেরও আবার নাম বিভিন্ন। অনেক সময় নক্ষত্র মণ্ডলকেও কেবলমাত্র নক্ষত্র বলা হয়। সূর্য সারা বৎসরে যে যে স্থানে খাড়া ভাবে কিরণ দেয় সেই স্থানগুলি যোগ করিয়া যে বৃত্ত কল্পনা করা হয় তাহাকে বাব ভাগ করিয়া এক একটি ভাগকে রাশি বলা হয়। বারটি রাশি আবার ২৭টি নক্ষত্রের সমান। সুতরাং এক রাশি সমান ২৭ নক্ষত্র। সূর্য বৈশাখ মাসে মেষ রাশিতে থাকে এবং বৈশাখ মাসের মধ্যে সে অশ্বিনী, ভবণী নক্ষত্র পাব হইয়া কৃত্তিকার ঠিক অংশ অতিক্রম করে। আকাশের মানচিত্র সাহায্যে কখন কোথায় কোন নক্ষত্র দেখিতে পাওয়া যায় তাহা স্থির কবিত্তে পাওয়া যায়। চিত্রে কোন স্থানের আকাশ আঁকিতে হইলে সে স্থানের অক্ষাংশ জানা দরকার।

### প্রথম প্রশ্নমালা

১। নিম্নলিখিতগুলি বলিতে কি বুঝ লিখ:—আকাশ, জ্যোতিষ্ক, গ্রহ, নক্ষত্র, ছায়াপথ, রাশি। (What do you understand by—The sky, heavenly bodies, planets, stars, milky way and zodiac ?)

২। নক্ষত্রের আকার, দূরত্ব, সংখ্যা প্রভৃতি সম্বন্ধে কি জান লিখ। সৌর জগৎ কাহাকে বলে? (Write what you know about the shape, size and distance from the sun of the stars. What is a solar system ?)

৩। চিত্র সাহায্যে ধ্রুবতারা ও সপ্তর্ষিমণ্ডলের অবস্থান দেখাইয়া দাও। (Show the positions of the Pole star and the Great Bear with the help of a diagram )

৪। নিম্নলিখিত নক্ষত্র বা নক্ষত্রমণ্ডলগুলির অবস্থান আকাশের কোথায় এবং তাহাদের আকৃতি কিরূপ তাহা চিত্র সাহায্যে দেখাইয়া দাও:—কালপুরুষ, ক্যাসিওপিয়া ও লঘুসপ্তর্ষি। (Show by a diagram the position and appearance of the following stars or constellations in the sky.—Orion, Cassiopea and Little Bear. )

৫। রাশিচক্র আঁকিয়া কোন্ রাশিতে সূর্য কোন্ মাসে অবস্থান কবে এবং কোন্ কোন্ নক্ষত্র ও কোন্ নক্ষত্রের কত অংশ লইয়া এক একটি রাশি হয় তাহা বুঝাইয়া দাও। (Draw the zodiacal circle and show the position of the sun in different months with their corresponding stars )

৬। বৎসবেব সকল সময়ে আকাশেব নির্দিষ্ট স্থানে একটি নির্দিষ্ট নক্ষত্র দেখা যায় না কেন তাহার কারণ বিস্তৃত ভাবে লিখ। (Explain in detail why a certain star is not found in a certain fixed place in the sky throughout the year )

৭। নক্ষত্রেব অনুপাতে প্রতিদিন সূর্যেব  $1^\circ$  ডিগ্রী পশ্চাৎগতি বলিতে কি বুঝ লিখ। (What do you understand by the retrograde motion of the earth with respect to the stars at the rate of  $1^\circ$  per day ? )

৮। কলিকাতাব (২২  $5^\circ$  ডিগ্রী উত্তর অক্ষাংশ) আকাশ অঁকিয়া দেখাও। Draw the diagram of the sky of Calcutta (Lat.  $22 5^\circ$  N )



# দ্বিতীয় পরিচ্ছেদ

## গ্রহ চিনিবার জন্য পঞ্জিকা

পূর্ব পরিচ্ছেদে বাশিগুলি চিনিবার উপায় বাণত হইয়াছে। এক্ষণে গ্রহ-গুলি কিরূপে চিনিতে পাবা যায় দেখা যাউক। পঞ্জিকায় প্রত্যেক দিনের গ্রহগুলির অবস্থান নিম্নোক্তরূপে দেওয়া থাকে। মনে কবা যাক সন ১৩৪৭ সালের ১১ই পৌষ তাবিখে গ্রহগুলির অবস্থান পঞ্জিকায় নিম্নলিখিতরূপে দেওয়া আছে।

মং ৬২২।৮।২৩

বু ৮।৩।৫২।১৮

বু ০।১৩।৪।৫৪

শু ৭।১৪।২।১২

শ ০।১৪।২৪।৪৪

ইহাতে বুঝিতে হইবে যে প্রথম সংখ্যাটি দ্বারা গ্রহগুলি মেঘবাশি হইতে আবস্ত কবিয়া ক্রমে বৃষ, মিথুন, কর্কট প্রভৃতি যে বাশি পাব হইয়াছে তাহার ক্রমিক নম্বর, এবং বাকি পব পব তিনটি সংখ্যা, গ্রহটি উক্ত বাশির যথাক্রমে কত ডিগ্রী, মিনিট ও সেকেণ্ড পথ অতিক্রম কবিয়াছে তাহা নির্দেশ কবে।

উপরে মঙ্গলের পাশে ৬ প্রথম সংখ্যা। ইহাতে বুঝিতে হইবে মঙ্গলগ্রহ মেঘ বাশি হইতে ৬টি বাশি পাব হইয়া তুলা বাশিতে অবস্থান কবিতোছে। ক্রান্তি বৃত্ত, ইহার কেন্দ্রে মোট ৩৬০ ডিগ্রী কোণ উৎপন্ন কবিয়া অবস্থিত। ১২ মাসে সূর্য এই পথ অতিক্রম কবে—কাজেই এক মাসে সূর্য ৩৬০ - ১২ = ৩০ ডিগ্রী পথ অতিক্রম কবে। অতএব এক এক বাশি ক্রান্তিবৃত্তের কেন্দ্রে ৩০° ডিগ্রী কোণ উৎপন্ন কবিয়া অবস্থিত। মঙ্গল গ্রহের পাশে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ সংখ্যাগুলি দ্বারা ইহাই সূচিত হইতেছে যে ঐ পর্যন্ত মঙ্গল গ্রহের মোট

৩০° পথেব মাত্র ২৯ ডিগ্রী ৮ মিনিট ও ২৩ সেকেণ্ড পথ মঙ্গল গ্রহ কর্তৃক অতিক্রান্ত হইয়াছে। একটি পবিচিত বাশি পূর্ব পবিচ্ছেদে বর্ণিত উপায়ে বাহিব কবিয়া সহজেই মঙ্গল গ্রহকে খুঁজিয়া বাহিব কবা যাইতে পাবে। এইরূপে অন্যান্য গ্রহগুলিকেও খুঁজিয়া বাহিব কবা যায়।

কিন্তু কোন একদিন সূর্য যে বাশিতে থাকে সেদিন সে রাশিতে যে গ্রহ থাকে তাহাকে দেখিতে পাওয়া যায় না, সূর্যেব ঔজ্জ্বল্য ইহাকে ঢাকিয়া ফেলে। উক্ত তাবিখে ঐ গ্রহকে বাত্রে আকাশে দেখা যাইবে না। কারণ ঐ দিন সূর্য ঐ বাশিতে অবস্থান কবে। এই গ্রহকে আকাশে খুঁজিয়া বাহিব কবিত্তে হইলে কিছুদিন অপেক্ষা কবিত্তে হইবে। যখন সূর্য এবং উক্ত গ্রহেব অবস্থান বিভিন্ন বাশিতে হইবে তখনই গ্রহটিকে দেখা যাইবে। কোন একদিন কোন নক্ষত্র দেখিতে হইলে সেদিন সূর্যাস্তকালে সূর্যেব নিকট যে বাশি থাকে তাহাব পববর্তী যে কয়েকটি বাশি আকাশে দেখা যাইবে তাহাব মধ্যে ইহা থাকিলে তবেই দেখা যাইবে।

জন্ম পঞ্জিকা প্রস্তুত কবিবাব সময় আমবা জাতকেব লগ্ন নিকপণ কবিবাব সময়ে দেখি যে জাতকেব জন্ম সময়ে কোন্ বাশি পৃথিবীর সহিত পূর্বাংশে লগ্ন থাকে, অর্থাৎ উদিত হয়। ঐ সময়ে যে বাশি উদিত হয় তাহাই জাতকেব লগ্ন। জন্ম সময়েব চন্দ্র যে বাশিতে থাকে তাহাই জাতকেব বাশি এবং ঐ সময়ে চন্দ্র যে নক্ষত্রে থাকে তাহাই জাতকেব নক্ষত্র। অতএব দেখা যাইতেছে হিন্দুদিগেব কোষ্ঠিবিচাবে চন্দ্রেব সহিত সম্বন্ধ ঘনিষ্ঠতব। পর্ব বা বর্মান্বষ্ঠানে মুসলমানগণ যে গণনা কবেন তাহাব সম্বন্ধও চন্দ্রেব সহিত অধিক।

**সংক্ষেপ :**—পঞ্জিকায় গ্রহগুলিব এবং চন্দ্রেব পার্শ্বে লিখিত সংখ্যাগুলি হইতে উহাদেব অবস্থান নির্দেশ কবা যায়। প্রথম সংখ্যাব বাশিটি মেমবাশি হইতে এতগুলি বাশি পার হইয়া পববর্তী বাশিতে অবস্থান করিতেছে বুঝিতে হইবে। প্রত্যেক রাশি ক্রান্তি বৃত্তেব কেন্দ্র ৩৬০ - ১২ = ৩৪ ডিগ্রী কোণ করিয়া অবস্থিত। দ্বিতীয় তৃতীয় ও চতুর্থ সংখ্যায় ঐ

৩০ ডিগ্রী পথের কত ডিগ্রী, মিনিট এবং সেকেন্ড পথ উক্ত রাশি কর্তৃক অতিক্রান্ত হইয়াছে তাহাই বুঝায়। ইহা হইতে আকাশে কখন কোন গ্রহ কোথায় থাকিতে পারে খুঁজিয়া বাহির করা যায়। সূর্যের কাছে কোন গ্রহ থাকিলে তাহাকে সূর্যের উজ্জ্বলতার জন্ত দেখা যায় না।

জন্ম সময়ে যে রাশি পূর্বাংশে পৃথিবীর সহিত লগ্ন থাকে তাহাই জাতকের লগ্ন, ঐ সময় চন্দ্র যে রাশিতে থাকে তাহাই জাতকের রাশি এবং চন্দ্র যে নক্ষত্রে থাকে তাহাই জাতকের নক্ষত্র।

### দ্বিতীয় প্রশ্নমালা

১। কোন একদিন পঞ্জিকাতে গ্রহ গণের অবস্থান নিম্নলিখিতরূপ দেখা গেল। ইহাতে কি বুঝা যাইবে :—ব ১০।৪।১৩।৪১ চং ১।১২।৩২।৪৪ মং ০।৬।০২৭ বু ১০।১৮।২০।৩৫ বৃ ১১।১৬।৩৩।১৬ শু ১১। ১৩।৩৫।৪৫ শ ০।২।৩৬।৫২। (On a certain day the positions of the planets written in the Panjika are —Sun 10-4-13-41, M 1-12-32-44, Moon 0-6-0-27, Mercury 10-18-20-35, J 11-16-33-16, V 11-13-35-45, Saturn 0-2-35-5. What is understood by this ? )

২। গ্রহগণকে আকাশে খুঁজিয়া বাহির করিবার সহজ উপায় কি? (What is the easiest method of finding out the planets in the sky ? )

৩। একদিন সূর্যাস্তকালে দেখা গেল শনি গ্রহ পূর্বাংশে পৃথিবীর সহিত লগ্ন আছে। সেদিন শনিগ্রহ আকাশে দেখা যাইবে কি না বল—এবং কারণ লিখ। (On a day at the time of sun set the Saturn was just on the horizon. Say whether the Saturn will be visible in the sky in the night or not, State reason )

৪। জাতকের লগ্ন, রাশি ও নক্ষত্র কিরূপে নির্ণয় করা হয় লিখ। (Write in making a horoscope how the Lagna, Rashi and the Star are determined ?)

# তৃতীয় পরিচ্ছেদ

## সূৰ্য

সূৰ্য এই বিশ্ব ব্রহ্মাণ্ডেৰ অফুবন্ত তাপেৰ প্রধান উৎস। সূৰ্য হইতে অজস্র তাপ মহাশূন্যেৰ চাৰিদিকে বিকিৰিত হইতেছে। পৃথিবীতে তাহাৰ অতি অল্পাংশ মাত্ৰই পৌঁছায়। সূৰ্য ব্যতীত পৃথিবীতে অন্য যাহা কিছু হইতে আমবা তাপ পাই, তাহাও সূৰ্যতাপেৰই রূপান্তৰ মাত্ৰ। সূৰ্যেৰ তাপ ব্যতীত মনুষ্য, জীবজন্তু ও গাছপালাৰ জীবন ধাৰণ অসম্ভব হইত, শস্য-শ্যামল উৰ্বৰ ক্ষেত্ৰগুলি উষৰ মৰুভূমিতে পৰিণত হইত। উপযুঁপৰি কয়েকদিন সূৰ্যতাপ না পাইলে সকলেই যেন শক্তিহীন ও শ্ৰিয়মান হইয়া পড়ে। সূৰ্য-তাপেই বায়ু বহে, জোয়াৰ-ভাঁটা ও বন্যা হয়, মেঘ, বৃষ্টি, কুয়াসা ও শিশিবেৰ উৎপত্তি হয় এবং নদী ও জলপ্রপাত প্ৰভৃতিৰ সৃষ্টি হয়। অতি আদিমকাল হইতেই মানুষ প্ৰত্যক্ষ ও পৰোক্ষ ভাবে তাহাদেৰ কল্যাণ-সাধনে সূৰ্য শক্তিৰ নানাভাবে বিকাশেৰ জন্ম সূৰ্যকে দেবতাজ্ঞানে পূজা কৰিয়া আসিতেছে।

এই সূৰ্যেৰ আয়তন, উষ্ণতা এবং পৃথিবী হইতে ইহাৰ ব্যবধান সম্বন্ধে বখনও চিন্তা কৰিয়াছ কি? ইহাৰ সমস্ত বিষয়গুলি অবগত হইলে তোমবা চমৎকৃত হইবে এবং বিশ্বনিয়ন্তাৰ অসীম সৃষ্টি কৌশল সম্বন্ধে যে আভাষ পাইবে তাহাতে তাহাৰ কাছে স্বতই মাথা অবনত কৰিতে ইচ্ছা হইবে।

জ্যোতিৰ্বিদগণ স্থিৰ কৰিয়াছেন সূৰ্য পৃথিবী হইতে নয় কোটি ত্ৰিশ লক্ষ মাইল দূৰে অবস্থিত। আলো এক সেকেণ্ডে একশত ছিয়াশি হাজাৰ মাইল যায়, সূৰ্য হইতে পৃথিবীতে আসিতে ৮ মিনিট লাগে। এত দূৰ হইতে আসিতেছে তথাপি তাহাৰ উত্তাপ কত প্ৰখৰ তাহা তোমবা জান। চৈত্ৰ বৈশাখ মাসে দুপুৰ বেলায় খোলা মাঠে কয়েক মিনিটেৰ জন্ম বাহিৰ হইলে সৰ্বশৰীৰ যেন পুড়িয়া যায়।

•• থাৰ্মমিটাৰ সাহায্যে দুপুৰেৰ বোদেৰ উষ্ণতা মাপা যায়। পৃথিবীতে

এইরূপ উষ্ণতা হইলে নয় কোটি ত্রিশ লক্ষ মাইল দূরস্থ সূর্য পৃষ্ঠে যে উষ্ণতা তাহা বৈজ্ঞানিকগণ হিসাব করিয়া স্থির কবিয়াছেন  $৬০০০^{\circ}$  ডিগ্রী সেন্টিগ্রেড। ইহাৰ অভ্যন্তরের উষ্ণতা সাত কোটি ডিগ্রী সেন্টিগ্রেড। উনানে কয়লা যখন জলে তখন তাহাৰ উষ্ণতা প্রায়  $১২০০^{\circ}$  ডিগ্রী সেন্টিগ্রেড। গলিত লৌহেৰ উষ্ণতা  $১৬০০^{\circ}$  ডিগ্রী সেন্টিগ্রেডেৰ অধিক নহে। অতএব ভাবিয়া দেখ সূর্য পৃষ্ঠে যে উষ্ণতা তাহা বিরূপ ভয়ঙ্কর এবং ইহাৰ অভ্যন্তরীণ উষ্ণতাৰ তো কথাই নাই। এই উত্তাপে পার্থিব কোন পদার্থই নিজ অবস্থায় থাকিতে পারে না। স্বর্ণ, লৌহ প্রভৃতি সর্বাধিক কঠিন পদার্থগুলিও ইহাপেক্ষা বহু অল্প উষ্ণতায় বাষ্পীকৃত হইবে। সেই হিসাবে পণ্ডিতগণ স্থির কবিয়াছেন সূর্যে সকল পদার্থই বাষ্পীকৃত হইয়াছে। এবং সমস্ত সূর্যটি একটি জলন্ত বাষ্পপিণ্ড। কঠিন পদার্থে সৃষ্ট নয় বলিয়া ইহাৰ পৃষ্ঠ সমতল বা একই রূপ উঁচু নিচু থাকিতে পারে না।

পৃথিবীর ব্যাস প্রায় আট হাজার মাইল, কিন্তু সূর্যেৰ ব্যাস প্রায়  $৮৬৬৫০০$  আট লক্ষ ছয়ষট্টি হাজার পাঁচ শত মাইল অর্থাৎ পৃথিবীর ব্যাসেৰ  $১১০$  গুণ বড়। সেই হিসাবে সূর্য পৃথিবী অপেক্ষা তেৰ লক্ষ গুণ বড়।


বাষ্প গঠিত বলিয়া সূর্য পৃথিবী হইতে তেৰ লক্ষ গুণ বড় হইলেও তেৰ লক্ষ গুণ ভারী নহে। মোটামুটি ইহা পৃথিবী অপেক্ষা  $৩৩৩০০০$  গুণ ভারী। বৈজ্ঞানিকগণেৰ হিসাবে পৃথিবীর ওজন প্রায়  $১৮ \times ১০^{২৩}$  মন। তাহা হইলে সূর্যেৰ ওজন  $১৮ \times ১০^{২৩} \times ৩৩৩০০০ = ৫৯৯৪০০ \times ১০^{২৩} =$  প্রায়  $৬ \times ১০^{২৮}$  মন। আয়তন এবং ওজন হিসাব কবিয়া দেখিলে বুঝা যায় সূর্যেৰ ঘনত্ব পৃথিবীর ঘনত্বেৰ চাৰি ভাগেৰ এক ভাগ।

খালি চোখে সূর্যেৰ দিকে তাকান যায় না। দূরবীক্ষণ যন্ত্রেৰ সাহায্যে ইহাকে নিবীক্ষণ কবিলে ইহাৰ তিনটি মণ্ডলের সন্ধান পাওয়া যায়। প্রথমটি আলোক মণ্ডল, দ্বিতীয় বর্ণমণ্ডল এবং তৃতীয়টি ছটামণ্ডল।

**আলোক মণ্ডল**—সাধারণত সূর্যেৰ সর্বাধিক বাহ্যিক স্তরটিই আমাদের



চোখে পড়ে। ইহাই আলোক মণ্ডল (Photosphere)। দূৰবীক্ষণে দেখিতে পাওয়া যায় মাঝখান অপেক্ষা সূৰ্যেৰ ধাৰেৰ উজ্জ্বলতা অনেক কম। চন্দ্রেৰ কলঙ্কেৰ গ্ৰায ইহাতে কাল কাল অনেকগুলি সৌৰ কলঙ্ক (Sun-spot) দেখা যায়। ইহাদেৰ আকৃতি এবং আয়তন নানা বকমেব। এক একটি কলঙ্ক




১৮ নং চিত্ৰ—সৌৰ কলঙ্ক

আয়তনে আমাদেৰ পৃথিবী অপেক্ষা অনেক গুণ বড। ইহাদেৰ মধ্যভাগ গাঢ় কৃষ্ণবৰ্ণ কিন্তু চাৰিধাৰ অপেক্ষাকৃত কম কাল। একটি নির্দিষ্ট বৎসব হইতে এগাব বৎসব অন্তৰ কলঙ্কগুলিব সংখ্যা এক বৎসবেৰ জন্ম বাড়িয়া যায়। ১৯০৬, ১৯১৭ এবং ১৯২৮ সালে সৌৰকলঙ্কেৰ সংখ্যা বাড়িয়া গিয়াছিল।

বৈজ্ঞানিকগণ স্থিৰ কৰিয়াছেন অত্যধিক চাপে সূৰ্যগৰ্ভস্থ উষ্ণ বাষ্পবাশি আগ্নেয়গিৰিব অগ্ন্যুৎপাতেৰ গ্ৰায জোবে বাহিব হইয়া আসিলে যে গৰ্ভ হয় তাহাব চাৰিপাশে ঐ সকল বাষ্প বাশি ছড়াইয়া পড়ে এবং অপেক্ষাকৃত শীতল হয়, কাজেই ইহাদেৰ জ্যোতিও কমিয়া যায়। সেইজন্ম সৌৰকলঙ্কেৰ মধ্যভাগ অপেক্ষা প্রান্তভাগ কম কাল দেখায়।

কাল কাচেৰ ভিতৰ দিয়া অনেক সময় বড বড সৌৰ-কলঙ্কগুলি দেখিতে পাওয়া যায়। কয়েকদিন উপযুপৰি ঐ কলঙ্কগুলিকে লক্ষ্য কৰিলে দেখা যায়

যেন ইহাব। পূর্ব দিক হইতে পশ্চিম দিকে সবিয়া যায় এবং সাতাশ দিন অন্তর ইহাদের পূর্বেব অবস্থান ফিবিয়া আসে। তাহা হইলে আমবা ইহা অনুমান কবিতে পাবি পৃথিবীর ঞায় সূর্যও ইহাব অক্ষের চারিদিকে ঘুবে। সৌব-কলঙ্ক গুলি ইহাব পৃষ্ঠেব উপব থাকিয়া ২৭ দিনে একবাব আবর্তন কবে বলিয়া মনে হয়—কিন্তু সেই সময়ে পৃথিবীও খানিকটা ঘুবিয়া যায়। তাহা হইলে সূর্যেব নিজেব অক্ষের চারিদিকে ঘুরিতে যে সময় লাগে তাহা ঐ সৌব-কলঙ্কগুলির




১৯ নং চিত্র—সৌর প্রক্ষেপ

আবর্তনের সময়াপেক্ষা কম। বস্তুত বৈজ্ঞানিকগণ স্থির কবিয়াছেন সৌব

কলঙ্কগুলি যদিও ২৭ দিনে একবাৰ আবৰ্তন কৰিতেছে বলিয়া মনে হয় বটে সূৰ্য কিন্তু ইহাৰ অক্ষৰ চাৰিপাশে মাত্ৰ ২৫ই দিনে একবাৰ আবৰ্তন কৰে।

**বৰ্ণমণ্ডল** :—সূৰ্যেৰ আলোক মণ্ডলেৰ ভিতৰে চাৰিদিকে যে বাষ্পময় উজ্জ্বল আবৰণ দেখা যায় তাহাই সূৰ্যেৰ **বৰ্ণমণ্ডল** (Chromosphere)। ইহা নানা প্ৰকাৰ ধাতু-বাষ্পেৰ সমষ্টি এবং ইহাৰ জন্ম সূৰ্যেৰ আলো বা তাপ আমবা কম পাই। এই আবৰণ না থাকিলে আবও অধিক তাপ এবং আলো সূৰ্য হইতে আসিত।

পূৰ্বে বলা হইয়াছে বাষ্পময় পিণ্ড বলিয়া সূৰ্যেৰ পৃষ্ঠ সমতল নহ। সূৰ্যেৰ আভ্যন্তৰীণ উত্তাপেৰ জন্ম ইহাৰ গৰ্ভ হইতে বাষ্পবাশি বাহিৰে উৎক্ষিপ্ত হইয়া ইহাৰ



২০ নং চিত্ৰ—ছটা মণ্ডল

পৃষ্ঠদেশ আলোড়িত কৰিতেছে। ফলে একটি পৰিচলন স্ৰোতেৰ সৃষ্টি

এবং এই পবিচলন শ্রোতের জন্য বর্ণমণ্ডল হইতে সর্বদা জলন্ত বাষ্প উর্ধ্ব দিকে উৎক্ষিপ্ত হইয়া যে বিবার্ট অগ্নিশিখার সৃষ্টি কবে তাহাই **সৌর-প্রক্ষেপ** (Corona)। পূর্ণ-গ্রাস সূর্য-গ্রহণের সময় সূর্যের আবৃত অংশের চাৰিদিকে ইহাদিগকে মুকুট-শীর্ষের আয় দেখা যায় বলিয়া অনল শিখা গুলিকে **ছটামুকুট** এবং সমস্ত মণ্ডলটিকে **ছটামণ্ডল** বলা হয়, বস্তুত সৌর-প্রক্ষেপ ছটামুকুট বা ছটামণ্ডল এক। সূর্যের বাহিবে লক্ষ লক্ষ মাইল ব্যাপিয়া ছটামুকুটের বিস্তৃতি দেখা যায়। সূর্যগ্রহণ না হইলে বর্ণমণ্ডল বা ছটা মণ্ডল কিছুই দেখা যায় না—সূর্যের তীব্র জ্যোতির জন্য ইহা অদৃশ্য হইয়া যায়। বর্ণমণ্ডল বক্রাভ কিন্তু ছটামণ্ডল শাদা।

**সংক্ষেপ :**—সূর্য একটি জলন্ত বাষ্পপিণ্ড—পৃথিবী হইতে ন্যূনকোটি ত্রিশলক্ষ মাইল দূরে অবস্থিত। ইহার পৃষ্ঠের উষ্ণতা ছয় হাজার ডিগ্রী সেন্টিগ্রেড এবং গর্ভের উষ্ণতা সাতকোটি ডিগ্রী সেন্টিগ্রেড। সূর্যের ব্যাস প্রায় আটলক্ষ ছয়শত হাজার পাঁচশত মাইল—পৃথিবীর ব্যাসের একশত দশগুণ বড়। সেই হিসাবে সূর্যের আয়তন পৃথিবীর আয়তন অপেক্ষা তের লক্ষগুণ বড়। কিন্তু ইহা পৃথিবী অপেক্ষা মাত্র তিনলক্ষ তেত্রিশ হাজার গুণ বেশী ভারী। অর্থাৎ সূর্যের ঘনত্ব পৃথিবীর ঘনত্বের চারিভাগের এক ভাগ। সূর্যের ওজন প্রায়  $6 \times 10^{27}$  মন। পৃথিবীর আয় ইহাও নিজ অক্ষের চারি দিকে ঘুরিতেছে এবং একবার ঘুরিতে ২৫½ দিন লাগে। ইহাকে বেষ্টিত করিয়া যথাক্রমে আলোকমণ্ডল, বর্ণমণ্ডল এবং ছটামণ্ডল নামক তিনটি মণ্ডল আছে। বর্ণ-মণ্ডলের চাৰিদিকে অগ্নি শিখার আয় সৌর প্রক্ষেপ দেখা যায়। সূর্যের গায়ে যে কাল দাগ দেখা যায়, তাহাদিগকে সৌর কলঙ্ক বলা হয়। ইহাদের আয়তন বিভিন্ন রকমের।

### তৃতীয় প্রশ্নমালা

১। সূর্যের বিস্তৃত বর্ণনা দাও। সূর্য না থাকিলে পৃথিবীতে জীব থাকা সম্ভব হইত কি? উত্তরের কারণ দাও। (Give a full description of the sun. Would life be possible on the earth without the sun? Give reasons for your answer.)

[ ক: বি: ১৯৪১ ]

২। অনুষ্ঠ পদ পূরণ কর :—সূর্য পৃথিবী হইতে— মাইল দূরে অবস্থিত। ইহার ব্যাস—মাইল, ওজন—মন। ইহার ঘনত্ব পৃথিবীর ঘনত্বের—গুন এবং ইহার আয়তন পৃথিবীর আয়তনের—গুন। (Fill up the gaps :—The sun is at a distance of—miles from the earth Its diameter is—miles, weight—maunds. Its density is—times that of the earth and volume—times that of the earth )

৩। সূর্যের মণ্ডল তিনটির সংক্ষিপ্ত বিবরণ দাও। (Give brief descriptions of the three spheres of the sun )

৪। সংক্ষিপ্ত পবিচয় দাও :—সৌর কলঙ্ক, বর্ণমণ্ডল, ছটামুকুট। (Give short-description of :—Sun spots, Chromosphere, Corona )



# চতুর্থ পরিচ্ছেদ

## গ্রহ জগৎ

একটি সূতাৰ এক প্রান্তে একটি, এবং তাহার পৰ আৰও দু তিনিটি টিল বাঁধিয়া উহাৰ অপৰ প্রান্তে ধৰিয়া ঘূৰাইলে দেখা যাইবে, যে হাতে সূতা ধৰা




আছে সেই হাতকে কেন্দ্ৰ কৰিয়া টিলগুলি বৃত্তাকার পথে ঘূৰিতে থাকিবে। যে টিলটি হাত হইতে দূৰে থাকিবে তাহার ভ্রমণ পথও বড় হইবে এবং হাতের জোৰ সমস্ত টিল গুলিৰ গতি নিয়ন্ত্ৰিত কৰিবে। এই কপ সূৰ্যকে কেন্দ্ৰ কৰিয়া গ্রহগুলি উহাৰ চতুৰ্দ্দিকে ঘূৰিতেছে, অবশ্য গ্রহগুলিৰ সহিত কোন সূত্র, দড়ি বা চেন বাঁধা নাই যাহা ধৰিয়া সূৰ্য গ্রহগুলিকে আপনাৰ চাৰি-দিকে ঘূৰাইতেছে।

২১নং চিত্র—একটি বালক একসঙ্গে কতকগুলি টিল ঘূৰাইতেছে

তাৰ পৰিবৰ্তে আছে মাত্ৰ গ্রহগুলিৰ এবং সূৰ্যেৰ পৰস্পৰ আকৰ্ষণ। এই আকৰ্ষণই গ্রহগণকে আপনাপন পথে অবস্থিত রাখিয়া প্ৰায় বৃত্তাকার পথে

সূর্যের চাৰিদিকে ঘুরাইতেছে। তফাৎ এই যে হাত হইতে টিলগুলি যত দূরে থাকিবে টিলগুলির গতিও তত বেশী হইবে কিন্তু সূর্য হইতে গ্রহগুলি যত দূরে থাকে ততই তাহাদের গতি মন্থব হইয়া থাকে। একে গতি মন্থব, তাহাব উপর পথ অধিক, কাজেই সূর্যের চাৰিদিকে পৰিভ্রমণ কৰিতে দূরস্থ গ্রহগণের সময় অধিক লাগে। বৃধ গ্রহ সূর্যের সৰ্বাপেক্ষা নিকটে, কাজেই ইহাব পৰিভ্রমণ পথ সৰ্বাপেক্ষা ছোট অথচ গতি সৰ্বাপেক্ষা দ্রুত, সে জন্য ভ্রমণ কাল সৰ্বাপেক্ষা কম। আমাদের জানা শোনা গ্রহের মধ্যে প্লুটোই সূর্য হইতে সৰ্বাধিক দূৰে,



২২ নং চিত্র—সূর্য হইতে গ্রহগণের দূরত্ব ও তাহাদের প্রদক্ষিণ কাল

তাই ইহাব গতি বেগ সকল গ্রহের গতিবেগ অপেক্ষা কম এবং ইহার প্রতি

সূর্যের আকর্ষণ অগ্ৰাণ্ণ গ্রহগণের প্রতি আকর্ষণ অপেক্ষা কম। সূর্যের চাৰিদিকে একবার পরিভ্রমণ কৰিতে ইহাৰ সৰ্বাধিক সময় লাগিয়া থাকে। সূৰ্য হইতে গ্রহগণের দূৰত্ব এবং তাহাদের সূৰ্যকে প্রদক্ষিণ কৰিবার সময় চিত্রে দেখান হইল।

আজ পর্যন্ত আমবা নয়টি প্রকৃত গ্রহেৰ সন্ধান পাইয়াছি, বুধ (Mercury), শুক্র (Venus), পৃথিবী (Earth), মঙ্গল (Mars), বৃহস্পতি (Jupiter), শনি (Saturn), ইউরেনাস (Uranus), নেপচুন (Neptune) ও প্লুটো (Pluto)। নিচে ইহাদের সংক্ষিপ্ত বিবৰণ ও পৰিচয় দেওয়া হইল।

**বুধ** :—সূৰ্যের সৰ্বাপেক্ষা নিকটতম গ্রহ, সূৰ্য হইতে তিন কোটি ষাট লক্ষ মাইল দূৰে অবস্থিত এবং সূৰ্যের চাৰিদিকে একবার ঘূৰিয়া আসিতে ইহাৰ তিন মাস লাগিয়া থাকে। বুধ গ্রহ বিশেষ উজ্জ্বল নহ। সূৰ্যের খুব নিকটবর্তী বলিয়া সূৰ্য উঠিবার অল্প আগে ইহাকে উঠিতে দেখা যায় এবং সূৰ্যাস্তের পৰে ইহা অস্ত যায়। অগ্ৰাণ্ণ গ্রহেৰ গ্ৰায় ইহাকে অধিক সময় দেখা যায় না। সন্ধ্যা তাৰা বা উষাতাৰা রূপে ইহাকে বৎসৰে মাত্র আটবার দেখা যায়। পণ্ডিতগণ গবেষণাৰ দ্বাৰা স্থির কৰিয়াছেন যে ইহাৰ উপৰিভাগে পৃথিবীৰ গ্ৰায় বায়ুমণ্ডল নাই।

**শুক্র** :—সূৰ্য হইতে দূৰত্ব হিসাবে বুধের পৰে শুক্র। ইহা সূৰ্য হইতে ছয় কোটি সত্তৰ লক্ষ মাইল দূৰে অবস্থিত এবং সূৰ্যের চাৰিদিকে ঘূৰিয়া আসিতে ইহাৰ ২২৫ দিন লাগে। ইহা সৰ্বাপেক্ষা উজ্জ্বল গ্রহ, আমতনে বুধ অপেক্ষা বড়—প্রায় পৃথিবীৰ মত। ইহাকেও সন্ধ্যাৰ সময় এবং ভোৰেৰ বেলা আকাশে দেখা যায়। ইহাকে সকল সময় মেঘে ঢাক। বলিয়া মনে হয়।

**পৃথিবী** :—শুক্রের পর পৃথিবী। পৃথিবী সম্বন্ধে তোমবা অনেক কথাই জান। ইহাৰ একদিকে শুক্রগ্রহ অগ্ৰদিকে মঙ্গলগ্রহ। মঙ্গলই পৃথিবীৰ নিকটতম গ্রহ। ইহা শুক্র অপেক্ষা দ্বিগুণ বৃহত্তর।



**মঙ্গল**—সূর্য হইতে চৌদ্দকোটি একলক্ষ মাইল দূরে। সূর্যকে প্রদক্ষিণ কবিত্তে ইহাব ৬৮৭ দিন লাগিয়া থাকে। ইহাকে দোঁপিতে ঈষৎ লাল বর্ণের। ইহা পৃথিবী হইতে নিকটতম বলিয়া পৃথিবীর বৈজ্ঞানিকগণ ইহাব সহিত সম্বন্ধ স্থাপন কবিবাব যথেষ্ট চেষ্টা করিয়াছেন। মঙ্গল গ্রহে মানুষ আছে এই সিদ্ধান্তে উপনীত হইবাব পব কেহ কেহ এখান হইতে উজ্জ্বল আলো মঙ্গল গ্রহে পাঠাইতে চেষ্টা কবিয়াছিলেন, কেহ কেহ বেতাব বার্তা প্রেবণ কবিবাব চেষ্টা কবিয়াছিলেন, অবশ্য তাঁহাদেব সকল চেষ্টাই ব্যর্থ হইয়াছে। মঙ্গল গ্রহ কিন্তু আকাবে পৃথিবী অপেক্ষা ছোট। পৃথিবীর ত্রায় ইহা নিজ মেরুদণ্ডেব চাবিদিকে ঘুবিতেছে।

**বৃহস্পতি** :—সূর্য হইতে আটচল্লিশ কোটি দুই লক্ষ মাইল দূবে এবং বাব বৎসবে একবাব সূর্যেব চাবিদিকে ঘুবিয়া আসে। ইহা গ্রহগণেব মধ্যে সর্বাপেক্ষা বড, আকাবে পৃথিবী হইতে প্রায় ১২০০ বাব শত গুণ বড। ইহা আপন মেরুদণ্ডেব চাবিদিকে ঘুবিতেছে।

**শনি** :—ইহাব আকাব একটু বিচিত্র ধবণেব। গোল পিণ্ডকে ঘিবিয়া



২৩নং চিত্র—শনিগ্রহ

একটি বলয় আছে, পিণ্ড এবং বলয় লইয়া শনি গ্রহ। ইহা সূর্য হইতে

চুয়াল্লিশ কোটি চাবি লক্ষ মাইল দূবে অবস্থিত এবং সূর্যকে প্রদক্ষিণ কবিত্তে ইহাব ত্ৰিশ বৎসব লাগে। ইহা নিজেব মেরুদণ্ডেব চাবিদিকে ঘুরিত্তেছে।

**ইউরেনাস** :—১৭৮১ খৃষ্টাব্দে হার্শেল সাহেব এই গ্রহ আবিষ্কাব কবেন। ইহা সূর্য হইতে একশত আটাত্তব কোটি মাইল দূবে। সূর্যকে প্রদক্ষিণ কবিত্তে ইহাব ৮৪ বৎসব ২৮ দিন লাগে। ইহা নিজেব মেরুদণ্ডেব চাবিদিকে ঘূবে।

**নেপচুন** :—সূর্য হইতে ইউরেনাসেব দূবত্ব হিসাব কবিবাব জ্ঞান যে আলোচনা হয় তাহাব ফলে ১৮৪৬ খৃষ্টাব্দে নেপচুন গ্রহ আবিষ্কৃত হয়। ইহা সূর্য হইতে দুইশত আটাত্তব কোটি মাইল দূবে এবং সূর্যকে প্রদক্ষিণ কবিত্তে ইহাব ১৬৬ বৎসব লাগে।

**প্লুটো** :—১৯২৪ সালেব মার্চ মাসে আমেবিকাৰ প্ৰসিদ্ধ বৈজ্ঞানিক কৰ্ত্তক প্লুটো গ্রহ আবিষ্কৃত হয়। ইহা সূর্য হইতে চাবিশত আঠাব কোটি মাইল দূবে এবং সূর্যকে প্রদক্ষিণ কবিত্তে ইহাব ২৪৬ বৎসব ২১৩ দিন লাগে। সূর্য হইতে ইহাই সৰ্বাপেক্ষা দূবতম গ্রহ।

আকাব হিসাব কবিয়া দেখিত্তে গেলে দেখা যায় বৃহৎ হইতে আবন্ত কবিয়া যত সূর্য হইতে দূবে যাওয়া যায় বৃহস্পতি পর্যন্ত ততই গ্রহগণেব আকাব বড হইতে থাকে। মঙ্গল পৃথিবী অপেক্ষা ছোট কিন্তু বৃহস্পতি আকাব সৰ্বাপেক্ষা বড গ্রহ। বৃহস্পতিব পৰ আকাব গ্রহগণেব আকাব কমিত্তে থাকে। প্লুটোব আকাব সৰ্বাপেক্ষা ক্ষুদ্ৰ বলিয়া প্ৰমাণিত হইয়াছে।

সূর্য হইতে গ্রহগণেব দূবত্ব এবং সূর্যকে একবাব প্রদক্ষিণ কবিত্তে যে সময় লাগে, ২২ নং চিত্ৰ সাহায্যে তাহা বুঝান হইয়াছে। সূর্য হইতে গ্রহগণেব দূবত্ব হিসাব কবিবার যে গবেষণা হয় তাহাব ফলে কেপলার যে সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন তাহা নিচে দেওয়া হইল।

সপ্তদশ শতাব্দীৰ প্ৰাবন্তে কেপলার (Kepler) নামক ডেনমার্কবাসী জ্যোতির্বিদ স্থির কবেন, কোন একটি গ্রহেব সূর্যকে প্রদক্ষিণ কবিবাব কালেব বৰ্গকে অপর একটি গ্রহেব সূর্যকে প্রদক্ষিণ কবিবাব কালেব বৰ্গ দিয়া ভাগ কবিলে

যে সংখ্যা পাওয়া যায়, সূর্য হইতে পূর্বেক্ত গ্রহটির দূরত্বের ঘনকে সূর্য হইতে অপব গ্রহটির দূরত্বের ঘন দিয়া ভাগ করিলেও সেই সংখ্যা পাওয়া যাইবে। অর্থাৎ অনুপাত দুইটি সমান। এই নিয়মে হিসাব করিলে দেখা যায় মঙ্গল ও বৃহস্পতির মধ্যে আবও একটি গ্রহ থাকা উচিত। কেপলাবেব প্রায় দুই শত বৎসর পবে মঙ্গল ও বৃহস্পতির মধ্যে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র গ্রহ একত্র গ্রথিত দেখা যায়। ইহাদেব সংখ্যা প্রায় বাব শত হইলেও সকল গুলিব সমবেত আযতন, যে কোন একটি ক্ষুদ্রতম গ্রহেব আযতন অপেক্ষা কম নয়। ইহাই হইল কেপলাবেব পূর্ব কথিত গ্রহ।

কেপলাবেব পব বোড (Bode) আব একটি সূত্র বাহিব করিলেন। ০, ৩ এবং ইহাব পব ক্রমশ দুই গুণ করিয়া কয়েকটি সংখ্যা ধবা হইল। তাহা হইলে আমবা পাইলাম ০, ৩, ৬, ১২, ২৪, ৪৮, ৯৬, ১৯২ ইত্যাদি। প্রত্যেক সংখ্যায় ৪ যোগ দিলে ৪, ৭, ১০, ১৬, ২৮, ৫২, ১০০, ১৯৬ হয়। বৃধ হইতে

২৪নং চিত্র—গ্রহগণেব আপেক্ষিক আকাব গ্রহগণেব দূরত্ব এই অনুপাতে হিসাব করা হয়। এই হিসাবে বৃধেব সংখ্যা ৪, শুক্রেব ৭, পৃথিবী ১০ ইত্যাদি। কোন গ্রহেব সংখ্যাকে ১০ দিয়া ভাগ করিয়া তাহাকে সূর্য হইতে পৃথিবী ১০ দূরত্ব দিয়া গুণ করিলেই সূর্য হইতে সেই



গ্রহের দূরত্ব পাওয়া যাইবে। মনে কবা যাউক সূর্য হইতে শনি গ্রহের দূরত্ব বাহিব কবিত্তে হইবে। বোডেব তালিকা অনুযায়ী শনির সংখ্যা হইল ১০০। ১০০কে ১০ দিয়া ভাগ কবিয়া ৯ কোটি ৩০ লক্ষ মাইলকে সেই ভাগফল দিয়া গুণ করিলে সূর্য হইতে শনিব দূরত্ব পাওয়া যায়।

কিন্তু এই নিয়মেবও ব্যতিক্রম ঘটিল ইউরেনাসেব বেলায়। সূর্য হইতে উক্ত হিসাবে প্লুটোব যত দূবে থাকে উচিত ঠিক তত দূবে থাকে না। কারণ নির্ণয় কবিত্তে গিয়া নেপচুনগ্রহ আবিষ্কৃত হইল। তাহাব আকর্ষণেই সূর্য হইতে ইউরেনাসেব হিসাব মত দূবেবে ব্যতিক্রম ঘটিয়াছে।

সূর্যকে কেন্দ্র কবিয়া গ্রহগণ ঘুরিতেছে, আবার গ্রহগণেব চারিদিকে তাহাদের নিজ নিজ উপগ্রহ ঘুরিতেছে। চন্দ্র পৃথিবীব উপগ্রহ। ইহা ২৯ দিনে পৃথিবীব চারিদিকে একবার ঘুরে। কোন কোন গ্রহেব একেব অধিক উপগ্রহ আছে। যে গ্রহেব আকাব যত বড়, সাধাবণত সেই গ্রহেব উপগ্রহেব সংখ্যা তত বেশী। বৃহস্পতিব নয়টি এবং বলয় ছাড়া শনিবও নয়টি এবং ইউরেনাসেব চারিটি উপগ্রহ আছে।

**সংক্ষেপ :**—সূর্যকে কেন্দ্র কবিয়া গ্রহগণ উহাব চারিদিকে ঘুরিতেছে—আবার গ্রহগণেব চারিদিকে উপগ্রহ ঘুরিতেছে। আজ পর্যন্ত নয়টি গ্রহের সন্ধান পাওয়া গিয়াছে। তন্মধ্যে বৃহ সূর্যের নিকটতম এবং প্লুটো দূরতম গ্রহ। দূবেব গ্রহগুলি সূর্যেব চারিদিকে একবার ঘুরিয়া আসিত্তে দীর্ঘতর সময় লয়। সূর্য হইতে গ্রহগণের দূরত্ব লইয়া কেপলাব যে সূত্র বাহিব করেন তাহার সাহায্যে অজ্ঞাত গ্রহগণেব অবস্থান বা দূরত্ব হিসাব কবিয়া বাহিব করা যায়।

### চতুর্থ প্রশ্নমালা

১। পদপূরণ কর :—সূর্য হইতে গ্রহগণেব দূরত্ব যত . . . . . হইবে, গ্রহগণেব গতি তত .. . . . হইবে, সূর্যেব চারিদিকে একবার ঘুরিষা আসিবার সময়ও তত . . . . . হইবে।

(Fill up the gaps :—The . . . the distance of the planets from the sun, the . . . will be their velocity and the . . . will be the time of its complete revolution round the sun.)

২। সর্বাপেক্ষা বড় এবং ছোট গ্রহ দুইটির নাম কর ও তাহাদের সংক্ষিপ্ত বিবরণ দাও।  
(Give a brief account of the greatest and the smallest planets.)

৩। সূর্য হইতে কোন্ গ্রহের কত দূরত্ব এবং সূর্যকে প্রদক্ষিণ করিতে কাহার কত সময় লাগে তাহাদের একটি ক্রমিক তালিকা প্রস্তুত কর। (Tabulate the distances of the planets from the sun and the period of their complete revolution, in order )

৪। গ্রহানুপুঞ্জ এবং নেপচুন গ্রহ কিরূপে আবিষ্কৃত হইল এবং তাহার মূলে কি কি সূত্র আছে লিখ। অথবা বোড এবং কেপলার সাহেবের সূত্র কি বুঝাইয়া দাও। (Write, how the Asteroids and the Neptune were discovered and state the theory relating to their discovery. Or, Explain the theories of Bode and Kepler )

---


## পঞ্চম পরিচ্ছেদ

### সৌর বৎসর ও ঋতু

আপন মেকদণ্ডেব চাবিদিকে ঘূৰিয়া আসিতে পৃথিবীৰ একদিন বা ২৪ ঘণ্টা লাগে। পৃথিবীৰ এই আবতনেব জগ্ৰ ইহাব উপব দিন বাত্ৰি সৃষ্টি হয়। আমবা আপাত দৃষ্টিতে দেখি সকালে সূৰ্য পূৰ্ব দিগন্ত হইতে উঠিয়া ক্ৰমে দুপুবে মধ্য আকাশে উঠিয়া সন্ধ্যায় আৰাব পশ্চিম দিগন্তে নামিয়া যায়। যতক্ষণ সূৰ্য দিগন্তেব উপব থাকে ততক্ষণ আমবা বোদ পাই, এই সময় দিন। কিন্তু দিগন্তেব নিচে নামিয়া গেলে আমবা বোদ পাই না। ক্ৰমে সূৰ্য যত দিগন্তেব নিচে নামিয়া যায় বলিয়া মনে হয় ততই অন্ধকাৰ পৃথিবীৰ একদিক জুড়িয়া বসে। এই ব্যাপাবটি তোমাদেব সকলেবই জানা আছে। কিন্তু তোমবা সকলেই লক্ষ্য কৰিয়াছ ভাবেব সময় সূৰ্য দিগন্তেব উপব উঠিবাব কিছু আগেই বেশ ফৰীসা হইয়া যায়, কোন অদৃশ্য দেশেব আলো আসিয়া অন্ধকাৰ দূৰীভূত কৰিয়া দেয়। তখন ঐ আলো যে সূৰ্যেব তাহা মোটেই মনে হয় না। ক্ৰমে গাছ পানাব মাথাব উপব বোদেব ঝিকিঝিকি দেখা যায়। পবে এই বোদ ছড়াইয়া পড়ে। তেমনই সূৰ্য অস্ত যাইবাব পব বোদ ক্ৰমে ভূমি হইতে গাছপানাব মাথায় দেখা যায় পবে একেবাবে অদৃশ্য হয়, অথচ তখনও পৃথিবীতে আলো দেখা যায়। সকালে বোদ উঠিবাব পূৰ্বে সূৰ্যেব এই স্তিমিত আলো যতক্ষণ পাই তাহাকে **উষা** এবং সন্ধ্যাব ঠিক পূৰ্বেব ঐরূপ সময়কে **গোধূলি (Twilight)** বলে। বস্তত উষা বা গোধূলি একই কাবণে হইয়া থাকে।

চিত্ৰ দেখিলে বেশ বুঝা যায় গাছটিব মাথায় সূৰ্যেব বশ্মি পড়িলেও উহাৰ পাদদেশে মোটেই সূৰ্যেব বশ্মি পৌছায় নাই। বৈজ্ঞানিকগণ স্থিৰ কৰিয়াছেন দিগন্ত হইতে  $১৮^\circ$  নিচে নামিয়া যাইতে যে সময় লাগে সেই সময় টুকুতে


সূর্যের বশি না পাইলেও আমবা আলোক পাই, অন্ধকার থাকে না—কাজেই



২৫ নং চিত্র—গোধূলির সময় সূর্যের অবস্থান

এই সময় গোধূলি। কিন্তু দিগন্তের নিচে  $18^\circ$  নামিতে সূর্যের সকল দেশে একই সময় লাগে না। কাজেই বিভিন্ন দেশে গোধূলির দৈর্ঘ্য বিভিন্ন।


**নিরক্ষ প্রদেশে গোধূলির দৈর্ঘ্য :**—নিরক্ষ প্রদেশে সূর্যের পথ স প দিগন্ত বেখা দ গ এর সহিত সমকোণী ভাবে থাকে। কাজেই চক্রবাল বা দিগন্ত হইতে এই খাড়াপথ ধরিয়া  $18^\circ$  ডিগ্রী যাইতে সূর্যের যে সময় লাগে তাহা সূর্যের অন্য সকল স্থানে এইরূপ চক্রবালের নিচে  $18^\circ$  পথ যাইবার সময় অপেক্ষা কম।




২৬নং চিত্র—নিরক্ষ প্রদেশে গোধূলির দৈর্ঘ্য

**মেরুপ্রদেশে গোধূলি :**—তোমবা হযত ভূগোলে পড়িয়াছ মেরুপ্রদেশে ছয়মাস দিন ও ছয় মাস রাত্রি। সেখানে দিগন্ত বেখা দ গ ও নিরক্ষ বৃত্ত ন র সমান্তরাল হইয়া যায় এবং সূর্যের পথ উহাদের সহিত  $23\frac{1}{2}^\circ$  কোণ করিয়া অবস্থিত থাকে। কাজেই সূর্য সেখানে ছয় মাস চক্রবালের উপরে  $23\frac{1}{2}^\circ$  পর্যন্ত উঠে উঠে এবং ছয়মাস চক্রবালের নিচে  $23\frac{1}{2}^\circ$  পর্যন্ত নামিয়া যায়। কিন্তু সূর্যের চক্রবালের

১৮° নিচে যাওয়া পর্যন্ত সময় গোধূলি। অতএব যে ছয় মাসে সূর্য চক্রবালের নিচে ২৩½° পর্যন্ত থাকে তাহাব বেশীভাগ সময়ই নিচে ১৮° ডিগ্রীর মধ্যে



২৭নং চিত্র—মেরু প্রদেশে গোধূলি



২৮নং চিত্র—নিবক্ষ প্রদেশ ও মেরু প্রদেশের মধ্যবর্তী প্রদেশে গোধূলি

থাকে। কাজেই সেই সময় গোধূলি। অতএব মেরুদেশে যে ছয়মাস বাত্রি বলিয়া আমবা ধবি তাহাব অধিকাংশ সময়ই গোধূলি। অতএব এত দীর্ঘ বাত্রি বলিয়া আমাদের প্রাণে যে এক অজ্ঞাত আতঙ্কের সৃষ্টি হয় প্রকৃত পক্ষে মেরুপ্রদেশের লোক ততটা আতঙ্ক অনুভব করে না। নিবক্ষ প্রদেশ ও মেরুপ্রদেশের মধ্যবর্তী স্থানে কি হয় দেখুন। সূর্যের পথ স প এবং দিগন্ত দ গ পবম্পব একটি কোণ কবিয়া অবস্থিত। কাজেই সূর্য তির্ঘক পথ দিয়া দিগন্তে নামিয়া যায়। নিবক্ষ প্রদেশ হইতে যতই মেরু দিকে যাওয়া যাইবে এই তির্ঘকতা ততই বাড়িতে থাকিবে। এই তির্ঘক পথে ১৮ ডিগ্রী নামিতে যে সময় লাগে খাড়াপথে সেই ১৮° ডিগ্রী যাইতে তদপেক্ষা অনেক কম সময় লাগে। মেরু প্রদেশে এই তির্ঘকতা সর্বাপেক্ষা অধিক। অতএব এই সকল স্থানে গোধূলি, মেরুপ্রদেশের গোধূলি অপেক্ষা কম অথচ নিবক্ষ প্রদেশের গোধূলি অপেক্ষা দীর্ঘ। তাহা হইলে দেখা গেল নিবক্ষ প্রদেশে গোধূলির স্থায়িত্ব সর্বাপেক্ষা কম, মেরু প্রদেশে সর্বাপেক্ষা অধিক এবং মধ্যবর্তী দেশ সমূহে আত্মপাতিক ভাবে কম বেশী।

**সৌর ও সমক দিন :**—একবার সূর্য আকাশের সর্বোচ্চ স্থান হইতে পুনরায় আকাশের সর্বোচ্চ স্থানে উঠিবার মধ্যবর্তী সময়কে সৌর দিন



(Solar day) বলা হয়। কিন্তু পৃথিবীর আঙ্গিক গতির সহিত সূর্যের চাৰিদিকে ঘূৰিবাব জন্ত ইহাব বার্ষিক গতি থাকায় উপযুক্ত সময়টুকু সমান থাকে না, কখনও ২৪ ঘণ্টা হয় কখনও ২৪ ঘণ্টাব কম আৰাব কখনও বা ২৪ ঘণ্টাব বেশী হইয়া থাকে। বৎসবে এই সমস্ত দিনগুলিব গড় ধৰিষা আগৰা পুৰা ২৪ ঘণ্টায় একদিন ধৰিষা লইয়াছি, ইহাকেই **সমক দিন** (Mean Solar day) বলে। বৎসবেৰ মধ্যে ৮ই আশ্বিন ও ৮ই চৈত্র সৌৰ দিন ও সমক দিন সমান। ঐ দুই দিনেৰ, বাকি ও দিনেৰ স্থায়িত্ব সময় সমান।

**সৌৰ ও লৌকিক বৎসর :**—পূৰ্বে ধাবণা ছিল ৩৬৫ দিনে পৃথিবী একবাব সূৰ্যেৰ চাৰিদিকে ঘূৰিষা আসে। কিন্তু প্রকৃতপক্ষে সূৰ্যেৰ চাৰিদিকে একবাব ঘূৰিষা আসিতে পৃথিবীৰ প্রায় ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৭ই সেকেণ্ড সময় লাগিষা থাকে—এই সময়টুকুই **সৌৰ বৎসর** (Solar year) বলিষা কথিত হইয়া থাকে। এইরূপ খণ্ড দিন সংখ্যা লইয়া বৎসব গণনা কৰিতে হইলে অনেক অসুবিধায় পড়িতে হয়। তাই পণ্ডিতগণ সম্পূৰ্ণ অথণ্ড সংখ্যক দিন লইয়া **লৌকিক বৎসর** (Civil year) গণনা কৰিষা থাকেন। সেই হিসাবে ৩৬৫ সমক দিনে এক লৌকিক বৎসব।

**মল বৎসর :**—খৃষ্ট পূৰ ৪৬ অর্কে বোম সম্রাট জুলিয়াস সীজাব স্থিব কৰিলেন সূৰ্যকে প্রদক্ষিণ কৰিতে পৃথিবীৰ ৩৬৫ দিন ৬ ঘণ্টা লাগে। উপযুক্ত উপায়ে হিসাব কৰিলে দেখা যায় সৌৰ বৎসব এবং লৌকিক বৎসবে মোটামুটি প্রায় ৬ ঘণ্টা তফাৎ হইয়া যায়। তাহা হইলে প্রতি চাৰি বৎসবে একদিনেৰ তফাৎ হইয়া যাইবে। সেইজন্ত কোন একটি নির্দিষ্ট বৎসব হইতে চতুর্থ বৎসবেৰ দিন সংখ্যায় ১ দিন বেশী ধৰিতে হয়। সেই বৎসব মোট দিন সংখ্যা ৩৬৬। এইরূপ বৎসবকে **মল বৎসর** (Leap year বা Bissextile year) বলা হয়। তাহা হইলে পব পব চাৰি বৎসবে দিন সংখ্যা  $৩৬৫ \times ৪ + ১ = ১৪৬১$ । বোম সম্রাটেৰ নামানুসারে এইরূপ দিনপঞ্জিব নাম **জুলিয়ান ক্যালেন্ডার** (Julian calendar)।

কিন্তু ইহাতেও কিছু ভুল থাকিয়া যায়। পূর্বে বলা হইয়াছে প্রায় ৩৬৫ দিনে ৫ ঘণ্টা ৪৭ মিনিট ৪৭ই সেকেন্ড এক সৌর বৎসর হয়। তাহা হইলে ৩৬৫ দিন ৬ ঘণ্টায় এক বৎসর ধরিলে প্রতি বৎসবে ১১ মিনিট বেশী ধরা হয়। ইহাতে প্রতি ৪০০ বৎসবে ৩ দিন বেশী ধরা হয়। এই ভুল সংশোধন করিবার জন্য প্রতি চাবিশত বৎসবে পূর্বোক্ত নিয়মে গণিত দিন সংখ্যা হইতে ৩ বাদ দেওয়া হয়। তাহা হইলে ইংরাজী গণনা দেখা যায়—যে সনকে ৪ দিয়া নিঃশেষে ভাগ করা যাইতে পারে তাহাবাই মল বৎসর, কিন্তু যে সনগুলি শতাব্দী অর্থাৎ যে সনের শেষে দুইটি শূন্য থাকে তাহা ৪০০ দিয়া বিভাজ্য হইলে তবে মল বৎসর হইবে নতুবা নয়। সেইরূপ হিসাব করিলে দেখা যায় ১৮৪০, ১৯৩৬, ১৯৩২, ১৬০০, ১২০০ প্রভৃতি সনগুলি মল বৎসর, কিন্তু ১৯৩৭, ১৯৩৮, ১৯২২, ১৯১৭, ১৯০০, ১৩০০, ৯০০ প্রভৃতি সনগুলি মল বৎসর নয়। মল বৎসরের ফেব্রুয়ারী মাসে একদিন বেশী ধরা হয়। ১৫৫২ খৃষ্টাব্দে পোপ ত্রয়োদশ গ্রীগরী (Pope Gregory XIII) এইরূপ পঞ্জিকা সংস্কার করিয়া বলিয়া এইরূপ দিনপঞ্জীর নাম গ্রীগরীয় ক্যালেন্ডার (Gregorian calendar)।


ভাবতীয় হিসাবে প্রতি মাসের দিন সংখ্যা ইংরাজী মাসের দিন সংখ্যার ন্যায় স্থির নহে। কাজেই ভাবতীয় হিসাবে একপ ভাবে বৎসর গণনা হয় না। এপ্রিল মাসের ১৪ই হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত ইংরাজী সন হইতে ৫৯৩ বিয়োগ করিলে এবং ১লা জানুয়ারী হইতে ১৩ই এপ্রিল পর্যন্ত ইংরাজী সন হইতে ৫৯৪ বিয়োগ করিলে বঙ্গাব্দ পাওয়া যায়।

ভাবতীয় হিসাবে সূর্য এক এক বাশিতে যতদিন অবস্থান করে নির্দিষ্ট মাসগুলি ঠিক তত দিনে হয়। সূর্য যখন এক বাশি ছাড়িয়া অপব বাশিতে প্রবেশ করে তখনই সংক্রান্তি। কিন্তু প্রত্যেক বৎসরের নির্দিষ্ট মাসগুলির দিন সংখ্যা সমান থাকে না। কোন বৎসর বৈশাখ মাস ৩১ দিনে হয় আবার কোন বৎসরের বৈশাখ মাস ৩০ দিনেও হয়।

মনে রাখিও সাধারণ বৎসরের প্রথম দিন যে বার শেষ দিনও সেই বার এবং

মল বীংসরের প্রথম দিন যে বাব, শেষের দিন তাহাব পববর্তী বাব হইবে। ইহাব কাবণ অবশ্য তোমবা নিজেবাই স্থিব কবিতে পাৰ।


**ঋতু পরিবর্তন**—পৃথিবী সূর্যের চাৰিদিকে ঘুবিলেও আমরা লক্ষ্য কবিয়া থাকি ঋব নক্ষত্রের তুলনায় ইহাব অবস্থান অপরিবর্তনীয়। ইহা হইতে আমবা ধবিয়া লইতে পাৰি পৃথিবীর মেরুদণ্ডের (Axis) অবস্থান একই প্রকাৰ। সূর্যের চাৰিদিকে পৃথিবী যখনই যেখানে থাকুক না কেন মেরুদণ্ডের অবস্থান সকল সময়েই পবম্পব সমান্তৰাল। কিন্তু পৃথিবীর পবিভ্রমণ কবিবাব পথ যে তলে অবস্থিত কল্পনা কবা হয় তাহাব সহিত পৃথিবীর বিষুববেথা যে তলে অবস্থিত সেই তলটি ২৩ ডিগ্রী ২৮ মিঃ কোণ কবিয়া অবস্থিত। পৃথিবীর মেরুদণ্ড, বিষুববেথাব তলের উপব লম্বভাবে অবস্থিত। তাহা হইলে পৃথিবীর মেরুদণ্ড সূর্যের পবিভ্রমণ পথের



২৯নং চিত্র—ঋতু পরিবর্তন

তলের সহিত ৬৬ ডিগ্রী ৩২ মিঃ কোণ কবিয়া অবস্থিত। পৃথিবীর মেরুদণ্ড সূর্যের পবিভ্রমণ পথের তলের সহিত তিৰ্যক ভাবে আছে বলিযাই ঋতু পরিবর্তন হয়।


২৯ নং চিত্রে সূর্য, সূর্যের চারিদিকে পৃথিবীর পবিত্রমণ পথ এবং বৎসবেব চারিটি নির্দিষ্ট দিনের পৃথিবীর অবস্থান দেখান হইল। পৃথিবীর উত্তর এবং দক্ষিণ মেরু বৃত্ত দুইটি, ক্রান্তি বৃত্ত দুইটি ও নিরক্ষ বৃত্ত ইহাতে প্রদর্শিত হইল। ক খ গ ও ঘ এই চারিটি অবস্থান।



২১শে ডিসেম্বর (গ) অবস্থান) পৃথিবীর উত্তর মেরু হেলিয়া সূর্য হইতে সর্বাধিক দূরে থাকে। ফলে উত্তর মেরু, পৃথিবীর কেন্দ্র ও সূর্যের কেন্দ্র যোগ করিলে যে কোণ পাওয়া যায় সেই কোণটি ঐদিন বৃহত্তম অর্থাৎ  $৯০^\circ + ২৩^\circ ২৮' = ১১৩^\circ ২৮'$  হয়। ঐদিন সূর্য মকর ক্রান্তিতে (Tropic of capricorn) খাড়াভাবে

কিবণ দেয়। ৩০ নং চিত্রে ব্যাপাবটি বিশদ ভাবে বুঝাবে। চ ছ জ বৃত্তটির অধিকাংশ অন্ধকারময় আছে, অল্পই সূর্য কতক আলোকিত হইয়াছে। ঐদিন সবাপেক্ষা দিন ছোট হয়। ঐদিন উত্তর মেরুর ছয়মাস দীর্ঘ বাত্রির মধ্য বাত্রি এবং দক্ষিণ মেরুতে ছয় মাস দিনের মধ্য দিন।

২১শে জুন (২৯ নং চিত্র ক) ঠিক বিপরীত অবস্থা ঘটে। উত্তর মেরু সূর্যের দিকে হেলিয়া থাকে এবং এই অবস্থায় পূর্বোক্ত কোণ  $৯০^\circ - ২৩^\circ ২৮' = ৬৬^\circ ৩২'$ । এই দিন সূর্য ককট ক্রান্তিব (Tropic of cancer) উপর খাড়াভাবে কিবণ দেয়। এই সময় উত্তর মেরুতে ছয় মাস ব্যাপী দিনের মধ্যদিন এবং দক্ষিণ মেরুতে ছয় মাস বাত্রির মধ্যবাত্রি। ৩১ নং




৩১নং চিত্র—সূর্যের ককট ক্রান্তিতে অবস্থান

চিত্রে দেখে চ ছ জ ঝ ঞ বৃন্তের অধিকাংশ আলোকিত হইয়াছে। এইদিন, দিন সবচেয়ে বড়।

১০ই চৈত্র এবং ১০ই আশ্বিন পূর্বোক্ত কোণ সমকোণ হয়। আলো এবং অন্ধকাবের সীমা এই দুই দিন দুই মেরু দিয়া যায় বলিয়া এই দুই দিন, দিন রাত্রি সমান ( ৩২ নং চিত্র )।

ধৰিতে গেলে ঋতু প্রধানত চারিটি—শীত, বসন্ত, গ্রীষ্ম ও শবৎ। কিন্তু বৃষ্টির জন্ম বর্ষা বলিয়া আমাদের সুবিধামত একটি ঋতু কল্পনা কবিয়াছি এবং সেইরূপ হেমন্তও একটি ঋতু।


তাহা হইলে দেখা গেল ২১শে ডিসেম্বর (১০ই পৌষ) সূর্য মকর ক্রান্তিব উপর খাড়াভাবে কিরণ দেয়। এইদিন উত্তর গোলাধের সকল স্থানেই দিন বৃহত্তম এবং রাত্রি ক্ষুদ্রতম এবং দক্ষিণ গোলাধের দিন ক্ষুদ্রতম ও রাত্রি বৃহত্তম। আবার ২১শে জুন ( ১০ই আষাঢ় ) ঠিক ইহার বিপরীত ব্যাপার ঘটে। এইদিন সূর্য কর্কট ক্রান্তিব উপর খাড়াভাবে কিরণ দেয় এবং এই দিন উত্তর গোলাধের সকল স্থানে দিন ক্ষুদ্রতম এবং রাত্রি দীর্ঘতম অথচ দক্ষিণ গোলাধের সকল স্থানে দিন দীর্ঘতম এবং রাত্রি ক্ষুদ্রতম।



৩২নং চিত্র—সূর্যের নিবন্ধ বৃত্তে খাড়া  
কিরণ দান

ভোমবা সকলেই জান, দুপুরে সূর্য যখন আমাদের মাথার উপরে উঠে তখন তাহার তেজ যেমন প্রখর, সকালে পূর্বাকাশে ইহা যখন উঠিতে থাকে, কিংবা বৈকালে পশ্চিমাকাশে যখন ঢলিয়া পড়ে, তখন তেমন প্রখর নয়। সূর্য যে বিভিন্ন সময়ে বিভিন্ন পরিমাণ তাপ দিতেছে তাহা নহে, ইহা সকল সময়েই সমভাবে তাপ দেয়, কিন্তু পৃথিবী উহার যে অংশ পাইতেছে তাহা সকল সময় সমান নয়। ইহার কারণ দুপুরে সূর্যকিরণ লম্বভাবে কিংবা প্রায় লম্বভাবে

ভূপৃষ্ঠে পড়ে, কিন্তু সকালে ও বৈকালে ইহা তির্যকভাবে পড়ে। চিত্রে দেখ, কখ ভূপৃষ্ঠের অংশ বিশেষে লম্বভাবে আসিলে যে পরিমাণ সূর্য কিরণ পড়ে



৩৩নং চিত্র—ভূপৃষ্ঠে সূর্যকিরণ সম্পাত

শোষণ কবিয়া লয়। চিত্র দেখিলে স্পষ্টই বুঝিতে পারিবে যে তির্যক ভাবে রশ্মি পড়িলে তাহাকে বায়ুমণ্ডল ভেদ কবিয়া আসিতে অধিকতর পথ অতিক্রম কবিতে হয়, কাজে কাজেই ইহাতেও সূর্যরশ্মির তেজ মন্দীভূত হয়। এইজন্য আমরা সকাল ও বৈকাল অপেক্ষা দুপুরে বেশী তাপ পাই।

ঠিক এইপ্রকার কারণেই শীতঋতুতে ও গ্রীষ্মকালে তাপের তারতম্য হয়। গ্রীষ্মকালে সূর্য ঠিক আমাদের মাথার উপর দিয়া চলে, কিন্তু শীতকালে দক্ষিণ দিকে একটু হেলিয়া আকাশপথে যায়, এইজন্য শীতকালে সূর্যকিরণ তির্যকভাবে পৃথিবীতে পড়ে। ইহাব ফলে শীতকালে আমরা সূর্যতাপ কম পাই। ইহা ছাড়া গ্রীষ্মের দিন শীতের দিন অপেক্ষা বড় হয়। আষাঢ় মাসের দিন প্রায় ১৩½ ঘণ্টা, কিন্তু পৌষ মাসের দিন মাত্র ১০½ ঘণ্টা। দিনমান বেশী হওয়ায় গ্রীষ্মকালে মোট তাপ বেশী পাওয়া যায়। এই একই কারণে নিবন্ধপ্রদেশ উষ্ণ, পক্ষান্তরে মেরুপ্রদেশ শীতল, কারণ সারা বৎসরই সূর্যকিরণ প্রায় সোজাভাবে নিবন্ধপ্রদেশে পড়ে, কিন্তু মেরুপ্রদেশে বৎসরের সকল সময়েই তির্যকভাবে পড়িয়া থাকে।

উপরে বলা হইয়াছে যে, পূর্বাহ্ন ও অপরাহ্ন অপেক্ষা মধ্যাহ্নে আমরা

বেশী তাপ পাই। কিন্তু তাই বলিয়া পৃথিবী-পৃষ্ঠ ঠিক মধ্যাহ্নে সর্বাপেক্ষা উত্তপ্ত হয় না। ইহাব কারণ এই যে পৃথিবী সূর্য হইতে যেমন তাপ গ্রহণ করিতে থাকে, তেমনই সঙ্গে সঙ্গে তাপ বিকিরণও করে। পূর্কোহে যে পরিমাণ তাপ শোষণ করে, তাহার তুলনায় অতি অল্প তাপই বিকিরণ করে, এইহেতু উত্তাপ জমিয়া ক্রমেই ভূপৃষ্ঠকে গরম করে। বিকিরণের আৰ একটি নিয়ম এই যে, কোনও বস্তুৰ উষ্ণতা চতুপার্শ্বস্থ বস্তুৰ উষ্ণতা অপেক্ষা যতই অধিক হইবে, উহা হইতে বিকিরিত তাপের পরিমাণ ততই বেশী হইবে। অতএব বেলা পড়িবাব সঙ্গে সঙ্গে ভূপৃষ্ঠ যেমন ক্রমশ গরম হইতে থাকে, উহা ততই বেশী তাপ বিকিরণ করিতে থাকে। বেলা দেড়টা দুইটার সময় পৃথিবীর তাপ-শোষণ ও বিকিরণের হার সমান হয়। তখন তাপ আৰ জমিতে পাবে না, যাহা কিছু জমিবাব তাহা পূর্বেই জমিয়া থাকে। ভূপৃষ্ঠের এই সময়ের উষ্ণতা সর্বাপেক্ষা অধিক। তাহাবপর বিকালের দিকে পৃথিবী যে পরিমাণ তাপ গ্রহণ করে তদপেক্ষা অধিক তাপ বিকিরণ করায় তাহাব তাপক্ষয় হইতে থাকে। বাত্রেও এই তাপ-বিকিরণ-কার্য চলিতে থাকে।

সূর্য্যবশি পৃথিবীতে আসিবাব সময় বিশুদ্ধ বায়ুকে প্রত্যক্ষভাবে মোটেই উত্তপ্ত করে না বলিলেও চলে। উহা বায়ুমণ্ডলস্থ জলীয় বাষ্প, কার্বন ডাইঅক্সাইড্, ধূলিকণা প্রভৃতিকে এবং শেষে পৃথিবীপৃষ্ঠে পড়িয়া পৃথিবীকে উত্তপ্ত করে। এই উত্তপ্ত ভূপৃষ্ঠ এবং উত্তপ্ত জলীয় বাষ্প, কার্বন ডাইঅক্সাইড্ ইত্যাদির সংস্পর্শে আসিয়া, বিশুদ্ধ বায়ু পরিচালনক্রিয়াব দ্বারা উত্তপ্ত হয় ও উপরে উঠিতে থাকে। কিন্তু উপরের বায়ু নির্মল, সেখানে জলীয় বাষ্প এবং ধূলিকণা নাই। তাই পরিচালনক্রিয়াব দ্বারা উষ্ণার্থিত বায়ু ক্রমেই শীতল হইয়া যায়। এই কারণে উষ্ণের বায়ু নিম্নের বায়ু অপেক্ষা শীতল।

\* ভূপৃষ্ঠে আসিতে সূর্য্য বশিকে যে পরিমাণ বায়ুস্তর ভেদ করিতে হয়, পর্বত

শিখবে আসিতে তদপেক্ষা অনেক কম পবিমাণ বায়ুবাশি ভেদ কবিত্তে হয়। এই হিসাবে পৰ্বত শিখৰ ভূপৃষ্ঠ অপেক্ষা গবম হইবাব কথা। কিন্তু তোমাদেব মধ্যে যাহাবা দাৰ্জিলিং গিযাছ, তাহাবা জান দাৰ্জিলিং কলিকাতা হইতে গবম না হইয়া কত ঠাণ্ডা। ইহাব কাবণ কি? তীব্রতব সূৰ্যকিবণে পৰ্বত শিখৰ নিম্নভূমি অপেক্ষা বেশী তাপ পাইলেও চতুর্দিক হইতে শীতল বায়ুবাশি আসিয়া ইহাব তাপ প্রচুব পবিমাণে হবণ কবিয়া ইহাকে শীতল কবে। অবিবন্ধ, ভূপৃষ্ঠে বায়ুমণ্ডলেব জলীয় বাষ্প, ধূলিকণা ইত্যাদি যেমন ভূপৃষ্ঠেব তাপ বিকিবণে বাধা দেয, পৰ্বত শিখবেব নিৰ্মল বায়ু তাপ বিকিবণে সেকপ বাধা মোটেই দেয না। এই দ্বিবিধ কাবণে পৰ্বত শিখৰ অত্যন্ত শীতল।

ভূপৃষ্ঠ যখন সূৰ্যকিবণ দ্বাবা উত্তপ্ত হয়, নিচেব বায়ু তাহাব সংস্পর্শে আসিয়া উত্তপ্ত হয় এবং প্রসাবিত হইয়া লঘু হয়। তখন পবিচলন ক্রিয়া আবন্ত হয়—গবম বায়ু উপেব উঠিয়া যায় এবং পার্শ্ববর্তী শীতল বায়ু ছুটিয়া আসে। ফলে বায়ু বাশিতে বাতাসেব সৃষ্টি হয়।


সূৰ্যকিবণেব তাপেই সমুদ্র, নদনদী ও তডাগেব জল বাষ্প পবিণত হয়। জলীয় বাষ্প বায়ু অপেক্ষা লঘু বলিয়া উপেব উঠিতে থাকে এবং উচ্চস্থবেব শীতল বায়ু সংস্পর্শে আসিয়া জমিয়া মেঘেব উৎপত্তি কবে এবং সেই মেঘ হইতে বৃষ্টি হয়। বৃষ্টিব জল আবাব পবত গাত্ৰ ও ভূপৃষ্ঠ বহিয়া নদনদী পুষ্ট কবে ও শেষে সমুদ্রে আসিয়া পতিত হয়। বৎসবেব যে সময় সর্বাধিক বৃষ্টি হয় সেই সময় আমাদেব বর্ষাকাল তাহা পূর্বেই বলা হইয়াছে।

পৃথিবীব সকল স্থানে বৎসবেব সকল সময় সূৰ্য-একইরূপ কিবণ দেয না। বলিয়া ইহাব পৃষ্ঠে শীতগ্রীষ্মেব তাবতম্য লক্ষিত হয়। এই তাবতম্যাসাবে পৃথিবী পৃষ্ঠকে পাঁচ ভাগে ভাগ কবা হয়।

বিষুব রেখা হইতে  $২৩\frac{১}{২}^{\circ}$  উত্তবে মকব ক্রান্তিবৃত্ত এবং  $২৩\frac{১}{২}^{\circ}$  দক্ষিণে কৰ্কট-ক্রান্তি বৃত্ত। ইহাব মধ্যবর্তীস্থানে সূৰ্য বাবমাসই কোন না কোন ভাবে খাড়াভাবে কিবণ দিয়া থাকে। উক্ত বৃত্ত দুইটিক মধ্যবর্তী যে কোন



স্থানে সূর্য খাড়া ভাবে কিরণ দেয় এবং অন্য স্থানগুলিতে তির্যকভাবে কিরণ পড়ে, কিন্তু তির্যকতা অধিক নহে। সেইজন্য এই অংশ পৃথিবীর অপবাংশ হইতে উষ্ণতর বলিয়া এই স্থানটুকু নাম **উষ্ণমণ্ডল** (Torid zone)। সূর্যমক এবং কুমেরু হইতে  $২৩\frac{১}{২}^{\circ}$  ডিগ্রী দূরে যথাক্রমে **সূর্যমক বৃত্ত** ও **কুমেরু বৃত্ত**। সূর্যমক বৃত্তের উত্তরদিকে এবং কুমেরু বৃত্তের দক্ষিণ দিকে সূর্যবশিষ্ট তির্যকতা সকল সময়ে অধিক বলিয়া এই স্থানগুলি সর্বাপেক্ষা শীতল। এই সকল স্থানে বাবমাসই জল জমিয়া বরফ হইয়া থাকে। তাই ইহাদের নাম **হিমমণ্ডল** (Frigid zones)। ক্রান্তিবৃত্তদ্বয় হইতে মেরু বৃত্তদ্বয়ের মধ্যবর্তী স্থান দুইটিতে সূর্যবশিষ্ট তির্যকতা মাঝামাঝি বলিয়া এই দুই স্থানে শীতের বা গ্রীষ্মের তীব্রতা নাই। সেই জন্য এই দুইটি স্থানের নাম **নাতিশীতোষ্ণ মণ্ডল** (Temperate zones)।



কুমেরু বা দক্ষিণ মেরু

৩৪ নং চিত্র—পৃথিবীর বিভাগ

পৃথিবীর মেরুদণ্ড হেলিয়া থাকার জন্যই পৃথিবীতে শীত গ্রীষ্ম, দিন বাত্রির অধিক স্থায়িত্ব ইত্যাদি এত বৈষম্য সৃষ্টি হইয়াছে। কিন্তু যদি পৃথিবীর মেরুদণ্ড সূর্যের চারিদিকে ঘুরিবার জন্য পৃথিবীর পথের তলের সমকোণী ভাবে থাকিত তবে এ সকল বৈষম্য কিছুই ঘটিত না, পৃথিবীর সর্বত্র দিন বাত্রি সমান হইত এবং শীত গ্রীষ্মের অল্প তাবতম্য হইলেও এত অধিক হইত না।

• সংক্ষেপ :- পৃথিবী আপন মেরুদণ্ডের চারিদিকে ঘুরিয়া দিনরাত্রি সৃষ্টি করে। সূর্যের

চারিদিকে ঘুরিয়া আসিতে ইহাব এক বৎসর লাগে। সৌর বৎসর ও লৌকিক বৎসর এক নহে। সৌরদিন বা সমক দিন উদ্ভূত এক নহে। মল বৎসরের কেন্দ্রীয় মাস সাধারণ বৎসরের কেন্দ্রীয় মাস অপেক্ষা এক দিন বেশী। যে সকল ইংরাজী সালকে ৪ দিয়া নিঃশেষে ভাগ করা যায় তাহারা মলবৎসর এবং যে সকল শতাব্দীকে ৪০০ দিয়া ভাগ করা যায় তাহারাও মল বৎসর। সাধারণ বৎসরের প্রথম দিন যে বার হয় শেষ দিনও সেই বার। পৃথিবী সূর্যের চারিদিকে যে পথে পরিভ্রমণ করে সেই পথের উলের চহিত পৃথিবীর মেরুদণ্ডের তির্যকতার জন্ত ঋতুপরিবর্তন হয়। মেরু-প্রদেশেব দিকে কখনও দিন যেমন রাত্রি অপেক্ষা বড় হয় আবার কখনও তেমনই রাত্রি অপেক্ষা দিন বড় হয়। নিরক্ষ প্রদেশে দিন রাত্রি সমান। নিরক্ষ প্রদেশ উষ্ণতম, কারণ বৎসরের সকল সময়ই সূর্য ইহার কোন না কোন অংশে ঋতু ভাবে কিরণ দেয়। পক্ষান্তরে মেরুপ্রদেশগুলি শীতলতম, কারণ বারমাসই সেখানে সূর্যেব কিরণ তির্যক ভাবে পড়ে। সন্ধ্যা বা সকল অপেক্ষা দুপুরে এবং শীত অপেক্ষা গ্রীষ্মকালে সূর্যরশ্মি তীব্রতর হয়। ঠিক দুপুরে পৃথিবীপৃষ্ঠ অধিকতম উত্তপ্ত হয় না, একটু পরে হয়। উর্ধ্ব বায়ু সূর্যের নিকটতব হইলেও নিম্নেব বায়ু অপেক্ষা শীতল। শীত গ্রীষ্মের তারতম্য অনুসাবে পৃথিবীর পৃষ্ঠ পাঁচ ভাগে বিভক্ত।

### পঞ্চম প্রশ্নমালা

১। গোখুলি বা উষা কেন হয়? কোন দেশে উষা কতক্ষণ স্থায়ী হয় তাহাব কারণ সবিস্তাবে লিখ। অথবা মেরু প্রদেশ অপেক্ষা নিরক্ষ প্রদেশেব গোখুলির দৈর্ঘ্য বেশী কেন?

(Why do the twilights happen? State the reason in detail how it lasts in different countries? or Why the twilights in Polar regions are longer than those in equatorial region?)

২। নিম্নলিখিতগুলি কি বুঝাইয়া দাও:

সৌর দিন, সৌর বৎসর, লৌকিক বৎসর ও মল বৎসর।

(Explain what are the following :—Solar day, Solar year, Civil year and leap year.)

৩। জুলিয়ান ক্যালেন্ডার এবং গ্রীগরীয় ক্যালেন্ডারে প্রভেদ কি বুঝাইয়া দাও।

(Explain what is the difference between the Julian Calendar and the Gregorian Calendar?)

৪। ১৮৫২ খৃষ্টাব্দের মার্চ মাস বাংলার কত সাল ছিল এবং ১৯৮৪ খৃষ্টাব্দের মে মাস বাংলার কত সাল হইবে?

(State the corresponding years of Bengali Calendar in March 1842 and May 1984 )

৫। ঋতুপরিবর্তন কেন হয় চিত্র সাহায্যে বুঝাইয়া দাও।

(Explain the change of seasons by a diagram. )

৬। দিন বাত্রি কোথায় কত পরিমাণ কমে বা বাড়ে এবং কেন কমে বা বাড়ে বুঝাইয়া লিখ।

(Explain with reasons of Variation in duration of days and nights in different countries )

৭। সকাল বা সন্ধ্যা অপেক্ষা দুপুরে এবং শীত অপেক্ষা গ্রীষ্মকালে সূর্য রশ্মি তীব্রতর বলিয়া বোধ হয় কেন? (Why the mid-day is hotter than the morning and the summer than the winter? ( কলি: বিধ: ১৯৪০ )

৮। ঠিক দুপুরে কি পৃথিবীপৃষ্ঠ সর্বাধিক উত্তপ্ত হয়? কারণ কি?

(Is just mid-day the hottest part of the day? State reason )

৯। উর্ধ্ব বায়ু নিম্ন বায়ু অপেক্ষা শীতল কেন? উচ্চ বলিয়া দার্জিলিং সূর্যের নিকট হইলেও কলিকাতা হইতে শীতল কেন?

(Why the upper atmosphere is colder than the lower? Darjeeling is at a higher altitude than Calcutta and nearer to the sun; why it is colder than Calcutta )

১০। শীতগ্রীষ্মব তাবতম্য অনুসারে পৃথিবীপৃষ্ঠ কয়ভাগে বিভক্ত তাহাদের নাম এবং অবস্থান চিত্র সাহায্যে দেখাইয়া দাও।

(Show by a diagram the different zones of the earth with their positions )



# ষষ্ঠ পরিচ্ছেদ

## চন্দ্র, চন্দ্রকলা ও চান্দ্র বৎসর

চন্দ্র পৃথিবীর উপগ্রহ। খালি চোখে ইহাকে আয়তনে প্রায় সূর্যের মত দেখাইলেও ইহাব আয়তন সূর্যের আয়তন অপেক্ষা অনেক ছোট। এমন কি ইহাব আয়তন পৃথিবীর আয়তনের পঞ্চাশ অংশের এক অংশ মাত্র। ইহাব ব্যাস ২১৬০ মাইল অর্থাৎ প্রায় পৃথিবীর ব্যাসের চারি অংশের একাংশ। নভোমণ্ডলস্থ জ্যোতিষ্ক গণের মনো ইহা আমাদের পৃথিবীর নিকটতম বলিয়া ইহাকে এত বড় দেখায়। পৃথিবী হইতে চন্দ্রের দূরত্ব মাত্র দুই লক্ষ চল্লিশ হাজার মাইল। চন্দ্রের ওজন পৃথিবীর ওজনের আশি ভাগের এক ভাগ মাত্র, জ্যোতির্বিদগণ বলেন ইহা পূর্বে পৃথিবীরই অংশ ছিল, কিন্তু জোবে ঘূর্ণনের ফলে পৃথক হইয়া গিয়াছে, সেমন অন্যান্য গ্রহ-উপগ্রহের সৃষ্টি হইয়াছে।

সূর্য যেমন কেন্দ্রে অবস্থিত থাকিয়া মহাকর্ষের নিয়মে গ্রহগণকে আপনার চারিদিকে ঘুরাইতেছে পৃথিবীও সেইরূপ চন্দ্রকে আপনার চারিদিকে ঘুরাইতেছে। চন্দ্র গোলাকার কঠিন বস্তু কিন্তু সূর্যের গ্রায জ্বলন্ত নহে, শীতল। ইহাব নিজের আলোক নাই, সূর্যের আলোক ইহাব উপর পতিত হইয়া প্রতিফলিত হইলে তবেই আমরা ইহাকে উজ্জ্বল দেখিতে পাই। খালি চোখে চন্দ্রকে দেখিলে ইহাব মধ্যে অনেকগুলি কাল দাগ দেখা যায়—ইহাদিগকে চন্দ্রের কলঙ্ক বলে।

বৈজ্ঞানিকগণ মনে করেন চন্দ্রপৃষ্ঠ মসৃণ নহে—অত্যন্ত অসমান এবং ইহাতে বহু বড় বড় পাহাড় পর্বত এবং নির্বাপিত আগ্নেয়গিри আছে। ঐ সকল পর্বতের ছায়া চন্দ্র পৃষ্ঠে পড়ে বলিয়া চন্দ্র পৃষ্ঠে এই কাল দাগ পড়িয়াছে। নির্বাপিত

আগ্নেয়গিবির মুখগুলি বড় বড় গহ্বরেরে গ্রায দেখায়। ঐ সকল মুখ হইতে নিস্রাব নির্গত হইয়া চন্দ্রপৃষ্ঠ ভস্মস্তূপে আচ্ছাদিত হইয়া আছে। চন্দ্রে যে সকল পাহাড় পর্বত আছে তাহাদের কোন কোনটি প্রায় বিশ হাজার ফুট উচ্চ।



৩৫নং চিত্র - চন্দ্র পৃষ্ঠে পাহাড়, পর্বত ও আগ্নেয় গিবি

সে তুলনায় পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ গৌবীশঙ্কর ২৯০০০ ফুট উচ্চ। চন্দ্রের তিনটি বিখ্যাত আগ্নেয় গিবির নাম টাইকো (Tycho), কোপারনিকাস (Copernicus), কেপ্লার (Kepler)। চন্দ্রের গভীরতম গহ্বরটি প্রায় ২০০০০ ফুট গভীর। পূর্বেই বলা হইয়াছে চন্দ্র শীতল। তথাপি ইহাৰ যে দিক সূর্যের দিকে থাকে সেই দিক অত্যন্ত গরম এমন কি সেখানে ঠাণ্ডা জল বাখিয়া দিলে ফুটিয়া উঠিবে। সূর্যের বিপরীত দিকে তাহা অত্যন্ত শীতল এবং এত ঠাণ্ডা যে পৃথিবীর যে কোন পদার্থ ই সেখানে জমিয়া কঠিন হইয়া যাইবে। চন্দ্রে জল

বা বায়ু কিছুই নাই। অতএব যে সকল জীব বা উদ্ভিদ উহাদের উপর নির্ভর করে তাহারা চন্দ্রে অবস্থান করিতে পারে না।


চন্দ্র আয়তনে ছোট এবং ওজনে কম বলিয়া ইহাব অভিকর্ষও (Gravity) কম। তাই পৃথিবীতে যে লোক ৫ ফুট উচ্চ লাফাইতে পারে, চন্দ্রে গিয়া লাফাইতে পাইলে সেই লোকই বহু উচ্চে লাফাইতে পারিবে। এই জন্য যে সকল নিস্রাব আগ্নেয়গিবি হইতে নির্গত হয় তাহারা চন্দ্রেব কেন্দ্রে বেশী আকর্ষিত হয় না বলিয়া সঞ্চিতও হয় না, কাজেই ইহাব স্তূপ বা অন্য পাহাড় পর্বতগুলি এত উচ্চ হইবার সুবিধা পাইয়াছে। এই অভিকর্ষ কম হওয়ায় চন্দ্র পৃষ্ঠে বায়ু থাকিতে পায নাই। চন্দ্র পৃষ্ঠে বায়ুব আমদানি করিলেও তাহারা চন্দ্র পৃষ্ঠ ছাড়িয়া পলাইয়া যাইবে। এই একই কারণে চন্দ্র পৃষ্ঠেব জল সূর্যকিবণে বাষ্পীভূত হইয়া অণুত্রু চলিয়া যাইবে।

চন্দ্রেব নিজের কোন আলোক নাই, পূর্বেই একথা বলা হইয়াছে। সূর্য বিবণ চন্দ্রেব উপর পতিত হইলে তাহাই প্রতিফলিত হইয়া চন্দ্রকিবণরূপে আমাদের চোখে লাগে।

অমাবস্ত্যাব দিন আকাশে চন্দ্র থাকে না, চন্দ্রেব আলো পাই না বলিয়া সেদিন পৃথিবী গাঢ় অন্ধকারমগ্ন থাকে। প্রতিপদ, দ্বিতীয়া তৃতীয়াব চন্দ্র কাস্তেব ফলাব স্রায হইতে ক্রমে সপ্তমী, অষ্টমীতে অর্ধবৃত্তেব স্রায হইয়া পূর্ণমার দিন পূর্ণ বৃত্ত রূপে দেগা দেয়। সে দিন সমস্ত পৃথিবী জ্যাংস্রায় ভবিয়া যায়। প্রতিপদ হইতে পূর্ণমাব দিন পর্যন্ত প্রায় ১৫ দিনকে **শুক্লপক্ষ** বলে। পূর্ণমাব পর পুনবায় প্রতিপদ হইতে কমিতে আবস্ত কবিয়া অবাস্ত্যাব দিন ইহা একেবাবে অদৃশ্য হইয়া যায়। এই পনব দিন **কৃষ্ণপক্ষ**। প্রতিদিন চন্দ্রেব যতটুকু অংশ ক্ষয় পায় বা যতটুকু অংশ বৃদ্ধি হয় তাহাকে **চন্দ্রকলা** (Phase) বলে। চন্দ্রকলাব হ্রাস বৃদ্ধিব কারণ পবে বর্ণিত হইবে।

গ্রহগণের স্রায চন্দ্রও স্বীয় মেরুদণ্ডেব চারিদিকে ঘূবে এবং সঙ্গে সঙ্গে পৃথিবীর চারিদিকেও ঘুরিতেছে। কাজেই চন্দ্রকে আবার সূর্যেব চারিদিকেও

ঘূর্ণিতে হইতেছে, তাহা হইলে চন্দ্র একটি তাবের পাকান স্প্রিংএব ন্যায় পথে সূর্যের চাৰিদিকে ঘূর্ণিতেছে। চিত্র দেখিলেই পৃথিবী ও চন্দ্রের গতিপথ বুঝিতে পারিবে। পৃথিবী যদি স্থির থাকিত তবে পৃথিবীর চাৰিদিকে একবার পরিভ্রমণ করিয়া আসিতে চন্দ্রের প্রায় ২৭৬ দিন লাগিত, কিন্তু ঐ সময়ের মধ্যে পৃথিবী আপন পথে কিছু অগ্রসর হইয়া যায়। পৃথিবীর এই অগ্রগতির জন্য




৩৬নং চিত্র—সূর্যের চাৰিদিকে পৃথিবী এবং তাহাব চাৰিদিকে চন্দ্রের পথ

ইহাকে পরিভ্রমণ করিতে চন্দ্রের আবণ্ড প্রায় দুইদিন অধিক লাগিয়া যায়। তাই প্রায় ২৯½ দিনে চন্দ্র পৃথিবীর চাৰিদিকে ঘূর্ণিয়া আসে বলিয়া মনে হয়। এই ২৯½ দিনে দুই পক্ষ বা একটি **চান্দ্র মাস** (Lunar month)। এই সময় পৃথিবীর তুলনায় চন্দ্র বিভিন্ন অবস্থানে থাকে। কিন্তু সূর্য ইহাব মাত্র অর্ধাংশ আলোকিত করে। পৃথিবী হইতে সকল সময় এই আলোকিত অর্ধাংশের সমস্তটুকু দেখাৰ সুবিধা ঘটে না। কখন এই আলোকিত অংশের কিছু মাত্র দেখা যায় না, কোনদিন বা আলোকিত অংশের অংশ মাত্র, আবার কোনদিন আলোকিত অংশের সম্পূর্ণই দেখা যায়। যেদিন আলোকিত অংশ একেবারে দেখা যায় না সেদিন অমাবস্তা এবং যে দিন সম্পূর্ণ আলোকিত অংশ দেখা যায় সেই দিন পূর্ণিমা এবং মধ্যবর্তী দিনগুলি এক একটি তিথি। কোন তিথিতে চন্দ্রকে কিরূপ দেখায় তাহা চিত্র হইতে বুঝিতে পারা যাইবে।

চন্দ্র যখন ঘূর্ণিতে ঘূর্ণিতে ঠিক সূর্য ও পৃথিবীর মাঝে আসিয়া পৌছায় তখন সূর্য ইহাব যে অর্ধাংশ আলোকিত করে সেই অর্ধাংশ পৃথিবী হইতে দূরে থাকে কাজেই সে অংশ পৃথিবী হইতে দেখা যায় না, অন্ধকারময় অর্ধাংশ দৃষ্টিগোচর হয়—কাজেই তখন অমাবস্তা। কিন্তু চন্দ্র যখন ঠিক বিপরীত অবস্থানে

আসে অর্থাৎ পৃথিবী যখন চন্দ্র ও সূর্যের মাঝামাঝি থাকে তখন বিপরীত ব্যাপাব ঘটে। কাজেই তখন পূর্ণিমা। অপবাপব দিন অণ্ণাণ্ণ তিথি।



৩৭নং চিত্র—চন্দ্রকলা

পৃথিবীর চারিদিকে একবার পবিত্রমণ কবিত্তে চন্দ্রের ২৭৬ দিন (২৭ দিন ৭ ঘণ্টা ৪৩ মিং) লাগে এবং ঐ সময়ের মধ্যেই একবার স্বীয় মেরুদণ্ডের চারিদিকে ঘুবিসা আসে। কিন্তু চন্দ্রের একই দিক চিবকাল পৃথিবীর দিকে থাকে। ৩৮ নং চিত্রে পৃথিবীর চারিদিকে ঘুবিবাব কালে চন্দ্রের দুইটি স্থানের অবস্থান ধবিসা ব্যাপাবটি বুঝান হইল।


মনে কব যেদিন চন্দ্র ১ম স্থানে আছে তাহাব পবদিন ২য় স্থানে যায়। ২৭৬ দিনে চন্দ্র পৃথিবীর চারিদিকে অর্থাৎ  $৩৬০^\circ$  ঘুবে। অতএব একদিনে  $৩৬০ \div ২৭৬ = ১.৩^\circ$  পথ পূর্বদিকে অতিক্রম কবাবে।

যদি চন্দ্র আপনাব মেরুদণ্ডের চারিদিকে না ঘুরিত তাহা হইলে ইহাব ব্যাস কণ্ণ ২য় অবস্থানে ইহাব সহিত সমান্তরালভাবে ৩টি অবস্থানে থাকিত এবং তাহা





ক স্থানেই আসিব, কিন্তু চন্দ্র তখন চ হইতে  $১৩^\circ$  পূর্বে সবিয়া ছ স্থানে অবস্থান করিতেছে। এই  $১৩^\circ$  ডিগ্রী পথ অতিক্রম করিতে পৃথিবীর প্রায়  $৫০\frac{১}{২}$  মিঃ কাল লাগিয়া যায়। তাই প্রত্যহ এই  $৫০\frac{১}{২}$  মিঃ কাল পব পব চন্দ্র উদিত হয়।



৩৯ নং চিত্র—চন্দ্রের বিলম্বে উদয়ের কাৰণ

পূর্বে নক্ষত্র দিনের কথা বলা হইয়াছে। বাবটি বাশি অর্থাৎ সাতাঈশ নক্ষত্র অতিক্রম করিতে সূর্যের এক বৎসব লাগে, কিন্তু এই সাতাঈশটি নক্ষত্র অতিক্রম করিতে চন্দ্রের মাত্র ২৭ দিন লাগে। এই ২৭ দিনে পৃথিবী সূর্যের চারিদিকে ইহার পথে মোটামুটি  $২৭^\circ$  ডিগ্রী চলিয়া যায়। এই ২৭ পথ অতিক্রম করিতে চন্দ্রের আবাব  $২\frac{১}{২}$  দিন লাগিয়া যায়। তাই আপাত দৃষ্টিতে চন্দ্রের ২৭টি নক্ষত্রকে অতিক্রম করিতে মোট  $২৭ + ২\frac{১}{২} = ২৯\frac{১}{২}$  দিন লাগে। এই  $২৯\frac{১}{২}$  দিনে এক চান্দ্রমাস। ইহাও এই পবিচ্ছেদে বলা হইয়াছে। ১২টি চান্দ্রমাসে এক চান্দ্রবৎসর (Lunar year)। পূর্বে সকল দেশে সকল সম্প্রদায়ের মধ্যে চান্দ্রমাস বা চান্দ্রবৎসব প্রচলিত ছিল এবং সেই হিসাবে পার্বনাদি হইত। কিন্তু দেখা যায় সাধারণ বৎসবের তুলনায় চান্দ্রবৎসর ১১ দিন কম! কাজেই কোন

এক নির্দিষ্ট বৎসবেব কোন এক নির্দিষ্ট তিথিতে যে পার্বণ হয় চান্দ্রবৎসব হিসাবে পববর্তী পার্বণ সাধাবণ বৎসবেব সেই দিনেব ১১ দিন আগে পড়িবে। তাহা হইলে যে পার্বণ একবার শীতকালে পড়ে, সময়ে সেই পার্বণই গ্রীষ্মকাল বা অন্য সময়েও পড়িতে পারে। ইহাতে ব্যবহারিক জগতে অনেক অসুবিধা হয় বলিয়া চান্দ্রবৎসব হিসাবে পার্বণাদিব গণনা মুসলমান সম্প্রদায় ভিন্ন অন্য সম্প্রদায়েব মধ্যে দেখা যায় না। তাই তাঁহাদেব পার্বণগুলি সময় ক্রমে বৎসবেব যে কোন ঋতুতে ঘটিতে পারে।

কিন্তু খৃষ্টানদিগেব একপ গণনা নহে। ২১শে মার্চেব পব যে পূর্ণিমা পড়ে এবং তাহাব পব যে সোমবাব, তাহাই তাঁহাদেব **ইষ্টার মন্ডে** (Easter Monday) এবং ঠিক তাহাব পূর্বেব শুক্রবাবটি তাঁহাদেব **গুড্‌ফ্রাইডে** (Good Friday)। বাজেই ববাববই তাঁহাদেব এই পার্বণগুলি শীতকালেই পড়িতেছে এবং পড়িবে। সেইরূপ অন্যান্য পার্বণগুলিও বৎসবেব নির্দিষ্ট সময়ে পড়ে।

দেখা গিয়াছে মোটামুটি ৩৬৫ দিনে এক সৌর বৎসব এবং ৩৫৪ দিনে এক চান্দ্র বৎসব হয়। ঐ দুইটি দিনসংখ্যাব ল. সা. গু. লইয়া যে দিনসংখ্যা হয় তাহাতে পূর্ণ সংখ্যাক সেইবৎসব এবং চান্দ্রবৎসব হইবে। ইহা হইতে গণনা কবিয়া দেখা যায় উনিশ বৎসব অন্তব বাব, তিথি, নক্ষত্র, তাবিখ ইত্যাদি পুনবায় পূর্বেব নিয়মে ঘটিতে আবশ্য করে। এই উনিশ বৎসব অন্তব বাব, তিথি, নক্ষত্র, তাবিখ ইত্যাদিব আবর্তনকে **Mytonic cycle** বলা হয়।

**সংক্ষেপ :**—চন্দ্র পৃথিবীৰ উপগ্রহ, আয়তনে পৃথিবীৰ হ'ত অংশ। ইহাব ব্যাস ২১৬০ মাইল, পৃথিবী হইতে চল্লিশ হাজার মাইল দূরে—ওজনে পৃথিবীর চ'ত ভাগ। চন্দ্রেব কলঙ্ক চন্দ্র পৃষ্ঠে পাহাড়েৰ ছায়া মাত্র। ইহার পৃষ্ঠ অত্যন্ত অসমতল। চন্দ্রেৰ উচ্চতম পর্বতশৃঙ্গেৰ উচ্চতা ২০০০০ ফুট এবং গভীরতম গহবরগুলি ২০০০০ ফুট গভীর। ইহাব যে দিক সূর্যেব দিকে থাকে তাহা এত গরম যে জলও সেখানে টগরগ করিয়া ফুটিতে পারে, অথচ অপর পৃষ্ঠ অত্যন্ত শীতল। চন্দ্রলোকে জলবায়ু নাই, প্রাণীও নাই। চান্দ্রেব অভিকর্ষ অত্যন্ত কম। চন্দ্রেব নিজেব আলো নাই—সূর্যেব আলোক পড়িলে ইহাব পৃষ্ঠ হইতে তাহা প্রতিফলিত হয়। প্রকৃতগণে সাতাশ দিনে

ইহা পৃথিবীর চারিদিকে ঘুরিতে পাবিত, কিন্তু পৃথিবীর বাৎসবিক গতির জন্ত পৃথিবীও আপনপথে অগ্রসর হয় বলিয়া ইহাব আবও  $2\frac{1}{2}$  দিন বেশী লাগে। এই সাড়ে উনত্রিশ দিনে দুই পক্ষ বা এক চান্দ্র মাস। প্রত্যহ চন্দ্রের যেটুকু অংশ কমে বা বাড়ে তাহাকে চন্দ্রকলা বলে। দুই পক্ষের এক এক দিন সাধারণত এক এক তিথি। চন্দ্রের একই পৃষ্ঠ পৃথিবীর দিকে থাকে। তাহাব কারণ চন্দ্র প্রত্যহ আপন মেরুদণ্ডের চারিদিকে মাত্র  $1^\circ$  ঘূবে। প্রত্যহ ইহা  $50\frac{1}{2}$  মিঃ পর পব উদিত হয়। ১২ চান্দ্র মাসে এক চান্দ্র বৎসব, অতএব সাধারণ বৎসর অপেক্ষা ইহা ১১ দিন কম। মুসলমানেরা চান্দ্র মাস বা বৎসব, হিসাবে পার্বণ কবেন, ফলে বৎসবের যে কোন ঋতুতে তাহাদের যে কোন পার্বণ পড়িতে পারে। ২১শে মাচের পব যে পূর্ণিমা তাহার পববর্তী সোমবাব ঋগ্গান-দিগের ইষ্টাব মন্ডে এবং ঠিক তাহার আগেকার শুক্রবাব শুভ্ৰাইডে। উনিশ বৎসব অন্তর বার, তিথি নক্ষত্র, তাবিধ পর পব একই বকম ভাবে ঘটিয়া থাকে।

### ষষ্ঠ প্রশ্নমালা

- ১। চন্দ্রের আকতন, ওজন, পৃথিবী হইতে ইহাব দূরত্ব, ইহাব পৃষ্ঠের উষ্ণতা কত লিখ।  
(Write — The dimensions of the moon, its weight, distance from the earth and the temperature on its surface.)
- ২। চন্দ্রের কলঙ্ক থাকিবার কারণ কি? (What is the reason that Lunar spots are found on its surface?)
- ৩। চন্দ্র পৃষ্ঠে জল, বায়ু বা প্রাণী আছে কি না? যদি না থাকে তবে মোটামুটি তাহার কারণ কি?  
(Are there air, water and living being on the moon? If not, state reason.)
- ৪। চন্দ্র কতদিনে পৃথিবীর চারিদিকে আবর্তন কবে? কেন চন্দ্রের ভ্রাসবৃদ্ধি হয়? চন্দ্রকলা কাহাকে বলে? (In how many days does the moon revolve round the earth? What are the phases of the moon and does it vary in size?)
- ৫। কিরূপে প্রমাণ করিতে পাব চন্দ্রের একই পৃষ্ঠ পৃথিবী হইতে দেখা যায়? (How can you prove that the same surface of the moon is turned towards the earth?)
- ৬। প্রত্যহ চন্দ্রের উদয়কাল  $50\frac{1}{2}$  মিঃ পিছাইয়া যাইবার কারণ কি? (Why does the moon rise  $50\frac{1}{2}$  minutes later every day?)

৭। এক বৎসব মুসলমানদের মহরম ১৯শে ফেব্রুয়ারী পড়িল। ইহাব দুই বৎসর পরে কোন তারিখে মহরম পড়িবে এবং তিন বৎসব আগে কোন তারিখে পড়িয়াছিল লিখ। (In a certain year the Maaharum fell on the 19th February On which day will it again occur for the second time and on which day did it happen three years ago ?)

৮। মোটামুটি কয় বৎসব অন্তর বাব, তিথি, তারিখ ইত্যাদি পুনরায় পব পব ঘটতে পারে এবং তাহার কারণ কি লিখ। অথবা mytonic cycle কাকে বলে বুঝাইয়া লিখ। (At an interval of how many years do the dates days etc reccur in regular succession and state the reason Or, Explain what is called the Mytonic cycle ?)

---

# সপ্তম পরিচ্ছেদ


## চন্দ্র গ্রহণ ও সূর্য গ্রহণ

বৃহত্তর আলোক-উৎসের সম্মুখে একটি ক্ষুদ্রতর অনচ্ছ পদার্থ এবং তাহার পশ্চাতে একটি পর্দা বাথিলে ঐ পর্দায় কখন কি প্রকার ছায়া এবং উপছায়া পড়ে তাহা তোমরা পূর্বে দেখিয়াছ। চন্দ্রগ্রহণ বা সূর্যগ্রহণ এইরূপ ছায়া এবং উপছায়ার জগুই সংঘটিত হইয়া থাকে।

**চন্দ্রগ্রহণ**—সূর্য আলোকের উৎস, ইহার সম্মুখে যখন পৃথিবী থাকে এবং পবে চন্দ্র থাকে এবং সূর্য, পৃথিবী ও চন্দ্র এক সরল রেখায় পড়ে তখন পৃথিবীর ছায়া গিয়া চন্দ্রে পড়ে, কাজেই তখন চন্দ্রকে দেখিতে পাওয়া যায় না, ইহাই চন্দ্রগ্রহণ। কিন্তু সূর্য, চন্দ্র ও পৃথিবীর অবস্থান যখন এইরূপ হয় তখন পূর্ণিমা তিথি। তাহা হইলে ত প্রত্যেক পূর্ণিমা তিথিতে চন্দ্রগ্রহণ হইত—তাহা হয় না কেন? পূর্বে বলা হইয়াছে সূর্য এবং পৃথিবী যে তলে অবস্থান করে চন্দ্র সকল সময় ঠিক সেই তলে থাকে না। ঐ তলের সহিত  $5^\circ$  ডিগ্রী কোণ করিয়া চন্দ্রের পৰিক্রমণ পথ হইয়া থাকে। ঐ পথে পৰিক্রমণ করিতে করিতে যখন সূর্য চন্দ্র ও পৃথিবী প্রায় এক সমতলে আসিয়া পড়ে অথচ পৃথিবী চন্দ্র ও সূর্যের মাঝে থাকে তখনই চন্দ্রগ্রহণ হওয়া সম্ভব। সকল পূর্ণিমা তিথিতে একরূপ সূর্যোগ ঘটে না বলিয়া সকল পূর্ণিমা তিথিতেই চন্দ্রগ্রহণ ঘটে না।

৪০নং চিত্রের ন্যায় সূর্য, পৃথিবী এবং চন্দ্রের অবস্থান হইলে ঘ চ ক এবং ঙ খ গ এর ন্যায় উপছায়ার শঙ্ক (Cone) এবং ঘ ক খ ঙ ছায়া-শঙ্কর অংশ পাওয়া যায়। মনে করা যাক চ ক খ গ চন্দ্রের পথ। কিন্তু এই পথের তল পৃথিবী ও সূর্য যে সমতলে আছে তাহার সহিত একটি


কৌণ কবিয়া অবস্থিত, কাজেই সকল সময় চন্দ্র ঘ ক খ ও এই ছায়াময় অংশে আসিতে পাবে না, কখন উপর দিয়া কখনও বা ইহাব নিচু দিয়া



৪০নং চিত্র—চন্দ্রগ্রহণ

চলিয়া যায়। সে ক্ষেত্রে চন্দ্র গ্রহণ ঘটে না। চন্দ্র যখন ঘ চ ক কিংবা ও খ গ অংশে থাকে তখন ইহাব ঔজ্জ্বল্য কিছু কমিয়া যায় বটে কিন্তু ইহাতে গ্রহণ লাগে না। চন্দ্র যখন সম্পূর্ণরূপে ঘ ক খ ও অংশের মধ্যে থাকে তখন **পূর্ণগ্রাস (Total)** চন্দ্র গ্রহণ এবং যখন ইহাব কিয়দংশ অপব ছই উপচ্ছায়া অংশের কোন এক অংশে এবং অপবাংশ ঘ ক খ ও ছায়ায় থাকে তখন **অংশ বা খণ্ডগ্রাস (Partial)** চন্দ্রগ্রহণ ঘটে।

**সূর্যগ্রহণ**—চন্দ্র যখন সূর্য ও পৃথিবীর মধ্যে আসিয়া পড়ে তখন চন্দ্রের ছায়া পৃথিবীর যে অংশে পড়ে সেই অংশ হইতে সূর্যকে দেখা যায় না।




৪১নং চিত্র—সূর্যগ্রহণ

অবাব কখনও বা অংশ মাত্র দেখা যায়, কিংবা সূর্যকে একটি জলন্ত

বলয়ের মত দেখায়। প্রথম ক্ষেত্রে সূর্যের পূর্ণগ্রাস দ্বিতীয় ক্ষেত্রে অংশ বা খণ্ডগ্রাস এবং তৃতীয় ক্ষেত্রে বলয়গ্রাস (Annular) গ্রহণ ঘটিয়া থাকে।

৪১নং চিত্র দেখিলে বুঝা যায় অমাবস্ত্যাব দিন ব্যতীত সূর্য গ্রহণ ঘটা সম্ভব নয়। কিন্তু চন্দ্র গ্রহণ যেমন সকল পূর্ণিমাতে ঘটে না সূর্য গ্রহণ তেমনই সকল অমাবস্ত্যায় হয় না।

সূর্য, চন্দ্র এবং পৃথিবীর অবস্থান পূর্ব চিত্রের মত হইলে চ ক খ এবং ছ গ ঘ উপছায়াব শঙ্কু দুইটি পৃথিবী পৃষ্ঠে যথাক্রমে ক খ ও গ ঘ অংশে গিয়া পড়ে এবং চ খ গ ছ ছায়াব শঙ্কুটি পৃথিবীর খ গ অংশে গিয়া পতিত হয়। একপ অবস্থায় পৃথিবীর খ গ অংশ হইতে সূর্যকে একেবারেই দেখা যায় না এবং অপব দুই অংশ হইতে আংশিক ভাবে দেখা যায়। কাজেই পূর্বোক্ত অংশ হইতে পূর্ণগ্রাস সূর্যগ্রহণ এবং অপব দুই অংশ হইতে অংশ বা খণ্ডগ্রাস সূর্যগ্রহণ দেখা যাইবে। পৃথিবীর অবস্থান যদি আবও একটু চন্দ্রের নিকটে হইত তবে পৃথিবীর দুই বিপবীত ক্ষিপ্র হইতে সূর্যকে সম্পূর্ণ দেখা যাইত। অতএব সেই স্থান হইতে মোটেই সূর্যগ্রহণ দেখা যাইত না।




৪২নং চিত্র—পূর্ণগ্রাস এবং অংশগ্রাস সূর্য গ্রহণ

যখন সূর্য, চন্দ্র ও পৃথিবী, উপবে অঙ্কিত চিত্রের ন্যায় অবস্থিত হয় অর্থাৎ যখন চন্দ্রের ছায়া পৃথিবীতে গিয়া পৌঁছায় না তখন পৃথিবীর অংশ বিশেষ হইতে সূর্যকে একটি জলন্ত বলয়ের মত দেখায়। তখনই পৃথিবীর সেই স্থানে



বলয় গ্রাস সূর্য গ্রহণ দেখা যায়। ৪২নং চিত্রটি দেখিলে বুঝিবে চন্দ্রের ছায়াব শঙ্কুটি আসিয়া ও বিন্দুতে শেষ হইয়াছে। কিন্তু চ ও ছ ও বেথা বর্ধিত করিলে ঐ ছায়াব বিপরীত দিকে ও খ গ আৰ একটি শঙ্কু হইবে এবং পৃথিবীর খ গ অংশ অধিকার করিবে। এই খ গ অংশ হইতে বলয় গ্রাস দেখা যাইবে। অপব দুই অংশ ক খ ও গ ঘ অংশ হইতে খণ্ড গ্রাস দেখা যাইবে। পৃথিবীর অবস্থান যদি আৰণ একটু ও বিন্দুর নিকটতব হইত তবে পৃথিবীর এমন অংশ থাকিত যে অংশ হইতে সূর্যকে সম্পূর্ণ দেখা যাইত। অতএব এইরূপ অবস্থানে পৃথিবীর কোন কোন স্থান হইতে একেবাবে গ্রহণ দেখা যাইত না, কোন কোন স্থানে খণ্ড গ্রাস এবং কোন কোন স্থানে বলয় গ্রাস দেখা যাইত। আবার খণ্ড বা পূর্ণ গ্রাসের সময়ও কোন কোন স্থান হইতে গ্রহণ দেখা যাইত না।

চন্দ্র ক্ষুদ্র জ্যোতিষ্ক এবং সূর্য হইতে বহু দূৰে বলিয়া ইহার ছায়া বড় হয় না। সেইজন্য পৃথিবী ইহার ছায়াব ভিতর সম্পূর্ণরূপে পড়িতে পায না বলিয়া পৃথিবীর সকল স্থান হইতে একই সময়ে পূর্ণগ্রাসচন্দ্র গ্রহণ দেখিতে পাওয়া যায় না।



৪৩ নং চিত্র—অংশগ্রাস, পূর্ণগ্রাস ও বলয়গ্রাস সূর্যগ্রহণ

অংশগ্রাস, বলয়গ্রাস ও পূর্ণগ্রাসের সময় সূর্যকে যেকূপ দেখায় তাহাদের চিত্র উপবে দেওয়া গেল।

সূর্যের চাৰিদিকে পৃথিবীর পথটি ঠিক বৃত্তাকার নয় এবং পৃথিবীর

চাৰিদিকে চন্দ্ৰেৰ পথও ঠিক বৃত্তাকাৰ নহে। কাজেই চন্দ্ৰ হইতে পৃথিবীৰ কিংবা সূৰ্য হইতে পৃথিবীৰ দূৰত্ব সকল সময় এককপ থাকে না বলিয়া চন্দ্ৰ বা পৃথিবীৰ ছায়াৰ ত্ৰাস বৃদ্ধি হয়। সেইজগ্ৰ চন্দ্ৰ বা সূৰ্যেৰ বিভিন্ন ৰূপ গ্ৰহণ ঘটয়া থাকে।

চন্দ্ৰ যখন পৃথিবীৰ নিকটে আসে এবং সূৰ্য দূৰে থাকে তখন সূৰ্য গ্ৰহণ হইলে পূৰ্ণগ্ৰাস গ্ৰহণ এবং ইহাৰ বিপৰীত ক্ষেত্ৰে বলয় গ্ৰহণ দেখা যায়।

সূৰ্যগ্ৰহণেৰ সময় সূৰ্যেৰ উপৰ যে কাল ছায়া দেখা যায় তাহা অস্বচ্ছ চন্দ্ৰ, কিন্তু চন্দ্ৰগ্ৰহণেৰ সময় চন্দ্ৰেৰ উপৰ যে কাল ছায়া পড়ে তাহা পৃথিবীৰ ছায়া মাত্ৰ।

সূৰ্যেৰ চাৰিদিকে পৃথিবী যে তলে ঘূৰিতেছে এবং চন্দ্ৰ পৃথিবীৰ চাৰিদিকে যে তলে ঘূৰিতেছে, এই দুইটি তল পৰস্পৰ ৫ কোণ কৰিয়া ছেদ কৰিয়াছে। যখন চন্দ্ৰ এই ছেদ বিন্দু দুইটিৰ উপৰ অথবা কাছাকাছি থাকে তখনই গ্ৰহণ হয়। যখন চন্দ্ৰ, সূৰ্য ও পৃথিবীৰ মনো থাকে তখন সূৰ্য গ্ৰহণ এবং যখন পৃথিবী, সূৰ্য ও চন্দ্ৰেৰ মনো থাকে তখন চন্দ্ৰগ্ৰহণ ঘটে।

আমাদেৰ মध्ये প্ৰবাদ আছে গলা কাটা বাহু চন্দ্ৰ এবং সূৰ্যকে গিলিয়া ফেলে বলিয়া গ্ৰহণ হয়। বাহুৰ গলা কাটা বলিয়া চন্দ্ৰ ও সূৰ্য উহাৰ পেট যায় না মুখ দিয়া প্ৰবেশ কৰিয়া গলা দিয়া বাহিৰ হইয়া যায়। তাই চন্দ্ৰ বা সূৰ্যকে বাহু একেবাৰে হজম কৰিতে পাবে না এবং চন্দ্ৰ বা সূৰ্যে স্থায়ী ভাবে গ্ৰহণ হয় না। এখন তোমৰা বুঝিতে পাৰিতেছ ইহা উপকথা ভিন্ন আৰ কিছু নহে।

জ্যোতিৰ্বিদগণ পূৰ্ব হইতে গ্ৰহণেৰ অবস্থা, স্থান, কাল নিৰ্ণয় কৰিয়া পঞ্জিকায় লিখিয়া বাখেন। বৎসবে কতগুলি গ্ৰহণ হইতে পাবে তাহাও তাঁহাৰা স্থিৰ কৰিয়াছেন। একবৎসবে সৰ্বাধিক পাঁচটি সূৰ্যগ্ৰহণ এবং তিনিটি চন্দ্ৰগ্ৰহণ দেখা যাইতে পাবে। এবং ন্যূনকাল দুইটি সূৰ্যগ্ৰহণ হইবেই। চন্দ্ৰগ্ৰহণ বৎসবে একবাৰও না হইতে পাবে।

**সংক্ষেপ :**—সূর্যের সম্মুখে পৃথিবী এবং তাহার সম্মুখে চন্দ্র থাকিলে এবং পৃথিবীর ছায়া চন্দ্রকে ঢাকিয়া ফেলিলে চন্দ্রগ্রহণ হইবার সম্ভাবনা। সূর্য, চন্দ্র এবং পৃথিবীর একপ অবস্থান যেদিন হয় সেদিন পূর্ণিমা, অতএব পূর্ণিমার দিন চন্দ্রগ্রহণ সম্ভব। কিন্তু যখন সূর্য, চন্দ্র এবং পৃথিবী প্রায় এক সরল রেখায় থাকে না বা পৃথিবী হইতে চন্দ্র অনেক দূরে থাকে তখন পৃথিবীর ছায়া চন্দ্রে পতিত হইতে পারে না—তাই সকল পূর্ণিমায চন্দ্রগ্রহণ হয় না। চন্দ্রগ্রহণ দুইপ্রকার—খণ্ডগ্রাস ও পূর্ণগ্রাস। চন্দ্র যখন সূর্য এবং পৃথিবীর মাঝে আসে তখন যদি চন্দ্রের ছায়া পৃথিবীতে পড়ে তবে পৃথিবীর যে স্থানে চন্দ্রের ছায়া পড়ে সেই স্থান হইতে সূর্যগ্রহণ দেখা যায়। চন্দ্র, সূর্য ও পৃথিবীর একপ অবস্থান অমাবস্যার দিন হয়। কিন্তু সকল অমাবস্যার দিন উপবোক্ত কাৰণে চন্দ্রের ছায়া পৃথিবীতে পড়িতে পারে না বলিয়া সকল অমাবস্যায় সূর্যগ্রহণ হয় না। সূর্যগ্রহণ তিনপ্রকার, পূর্ণগ্রাস, খণ্ডগ্রাস ও বলয়গ্রাস। বলয়গ্রাসের সময় চন্দ্রের ছায়া পৃথিবী পযন্ত পৌঁছায় না—মধ্য পথে শেষ হয়। চন্দ্রের ছায়া-শঙ্কুটি বিপ্লবিত ভাবে পৃথিবীর পৃষ্ঠ পৰ্যন্ত বাড়াইয়া দিলে যেখানে যায়, পৃথিবীর সেই অংশ হইতে বলয়গ্রাস দেখা যায়।

### সপ্তম প্রশ্নমালা

১। কিকপে নিম্নলিখিত প্রাকৃতিক ঘটনাগুলি ঘটে চিত্র সাহায্যে বুঝাইয়া দাও :—

(ক) পূর্ণগ্রাস ও খণ্ডগ্রাস চন্দ্রগ্রহণ ( কলিঃ বিঃ ১২৪০ )

(খ) পূর্ণগ্রাস, খণ্ডগ্রাস ও বলয়গ্রাস সূর্যগ্রহণ

(Explain with a diagram how the following natural phenomena happen :—

(a) Total and partial eclipses of the Moon

(b) Total, partial and annular eclipses of the sun )

২। চন্দ্র গ্রহণের সময় পৃথিবীর কোন অংশ হইতে কি প্রকারের চন্দ্রগ্রহণ বা সূর্য গ্রহণের সময় পৃথিবী হইতে কি প্রকারের সূর্যগ্রহণ দেখা যাইতে পারে প্রত্যেকটির ভিন্ন চিত্র দিয়া বুঝাইয়া দাও। (Explain with separate diagrams, from which part of the earth different kinds of solar and lunar eclipses are found )


৩। কোন তিথিতে কোন গ্রহণ সম্ভব এবং কেন লিখ। ঐকপ তিথিব প্রত্যেকটিতে গ্রহণ হয় না কেন তাহাও বুঝাইয়া দাও। (Write on which days different kinds of lunar and solar eclipses may take place. Explain why on all such other days eclipses do not take place.)

# অষ্টম পরিচ্ছেদ

## ধুমকেতু ও উল্কা

গ্রহ নক্ষত্র ছাড়া ধুমকেতু নামে কতকগুলি জ্যোতিষ্ক আকাশে দেখা যায়। ইহাদের আকৃতি বিভিন্ন, ভ্রমণ পথ উপবৃত্তাকার (elliptic) অধিবৃত্তাকার (parabolic) নয়ত পর্বাত্তাকার (hyperbolic)। যে ধুমকেতুগুলি উপবৃত্তাকার পথে ভ্রমণ করে তাহাদের ভ্রমণ পথের নভীতে (Focus) সূর্য থাকে। উপবৃত্তাকার পথে যাহারা সূর্যের চারিদিকে ঘুরে তাহাদিগকে নির্দিষ্ট সময়ান্তর আকাশে দেখা যায়। যেগুলির পথ অধিবৃত্তাকার বা পর্বাত্তাকার তাহাদিগকে একবার কয়েক বারই আকাশে দেখা যায়, তবে তাহারা চিবদিনের জন্ম আমাদের নিকট হইতে অদৃশ্য হইয়া চলিয়া যায়। সাধারণত এই প্রকার জ্যোতিষ্কগুলিকে দেখিতে ঝাঁটার গায়। ইহাদের সমস্ত দেহটির প্রকৃতপক্ষে দুইটি বিভাগ। গোড়ার দিক গোল এবং অপেক্ষাকৃত উজ্জ্বল এবং অপব অংশ লেজ। লেজটি বাষ্পময় এবং এত পাতলা যে ইহাৰ মধ্য দিয়া অগ্ৰাণ্য গ্রহ নক্ষত্র দেখিবাব বিশেষ বাধা পাওয়া যায় না। সূর্যের নিকট আসিলে ইহাদিগকে দেখা যায় নতুবা নয়। ইহারা সূর্যের যত নিকটে আসে ততই ইহাদের গতি বৃদ্ধি পায় এবং লেজটি বর্ধিত হইতে থাকে, কিন্তু সকল সময়েই লেজটি সূর্যের বিপরীত দিকে ফিবান থাকে। লেজ বৃদ্ধি পাইবাব কাৰণ জ্যোতির্বিদগণ স্থিৰ কবিয়াছেন, সূর্যের নিকটবর্তী হইলে সূর্যোত্তাপে ইহারা উত্তপ্ত হওয়ায় ইহাদের চারিদিকে যে বাষ্পময় আবরণ থাকে তাহা লঘু হইয়া উৎক্ষিপ্ত হয় এবং লেজের আকাৰে দেখা দেয়। এই লেজ অনেক সময় বর্ধিত হইয়া লক্ষ লক্ষ মাইল পর্যন্ত ছড়াইয়া পড়ে। এমন কি অনেক গ্রহের উপর দিয়া এই বাষ্পময় পুচ্ছ ছড়াইয়া পড়ে। এক একটি ধুমকেতুব একাধিক পুচ্ছ আছে বলিয়া জানা গিয়াছে। ধুমকেতুব আয়তন অনেক সময় এক একটি গ্রহ অপেক্ষা

অনেকগুণ বেশী, কিন্তু ওজনে ইহা বা অতিশয় লঘু। তাই বৈজ্ঞানিকগণ স্থির কবিয়াছেন ইহা বা বাষ্পপিণ্ড ভিন্ন কিছুই নহে। ইহা বা গ্রহগণের আকর্ষণে



৪৪নং চিত্র—একটি ধূমকেতুর বিভিন্ন অবস্থান

ইতস্তত বিচরণ কবিতোছে। কখন কখন ইহা বা এক সৌর জগৎ হইতে আকর্ষণের ফলে অন্য সৌর জগতে গিয়াও পৌছায়।


পূর্বে জ্যোতির্বিদগণ মনে কবিতেন ধূমকেতু একবার দেখা দিয়া অদৃশ্য হইয়া গেলে আবার দেখা দেয় না। সকলগুলিই যে একপ চিবদিনের জন্য অদৃশ্য হয় না তাহা পূর্বেই বলা হইয়াছে। ১২১০ খৃষ্টাব্দে যে ধূমকেতু দেখা গিয়াছিল তাহা ব সম্বন্ধে বিখ্যাত জ্যোতির্বিদ হ্যালি (Halley) অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে অনেক কথা বলিয়া যান। তিনি বলিয়াছিলেন ১৫৩১, ১৬০৭, ১৬৮২ সালে যে ধূমকেতু দেখা দিয়াছিল তাহাই পুনরায় ১৭৫৭ খৃষ্টাব্দে দেখা দিবে। তাহাই হইয়াছিল। কিন্তু উহা ব উদয়কাল কিছুদিন পিছাইয়া গিয়াছিল। তাহা ব কাবণ ক্লারট (Clarrot) নামক এক জ্যোতির্বিদ ঠিক কবেন যে ঐ সময় বৃহস্পতি গ্রহ ঐ ধূমকেতু ব কাছাকাছি হওয়ায় আকর্ষণে ইহা ব গতি মন্বব কবিয়া দেয়, ফলে ঐ বিলম্ব হয়। হ্যালি ব নামানুসাবে ঐ ধূমকেতু হ্যালির ধূমকেতু (Halley's comet) নামে অভিহিত হয়।

ইহাব দীর্ঘ পুচ্ছ পৃথিবীর উপর দিয়া গিয়াছিল কিন্তু পৃথিবীর কোন ক্ষতি হয় নাই। কিন্তু পূর্বে এই পুচ্ছকে বিষাক্ত বাষ্পপূর্ণ ধারণা কবিয়া অনেকে আশঙ্কা কবিয়াছিলেন। এই ধূমকেতুব উদয়কাল হিসাব কবিলে দেখা যায় ৭৫ বৎসর অন্তর ইহাকে দেখা যায়। সেই হিসাবে আমবা ১৯৮৫ খৃষ্টাব্দে ইহাকে পুনর্বার দেখিতে পাইব বলিয়া আশা কবিতে পারি।

প্রথমে একটি ছোট নক্ষত্রের গায় হালিধ ধূমকেতুকে আকাশে দেখা গিয়াছিল। কিন্তু কয়েক দিনের মধ্যেই ইহা লোকের দৃষ্টির মধ্যে আসিয়া পৌছাইল। তখন ক্রমেই ইহাব লেজটি বাড়িতে দেখা গিয়াছিল। প্রায় ১০।১১ দিনের মধ্যে ইহা পূর্ণাকার প্রাপ্ত হইয়া আবার ক্রমিতে আবৃত্ত কবিল। অবশেষে তিন সপ্তাহের মধ্যে ইহা একেবারে মিলাইয়া গেল।

হালিধ ধূমকেতু ছাড়াও বিয়েলার এবং এনকি ও দোনাতির ধূমকেতু প্রসিদ্ধ।

চন্দ্র যেমন এক সময়ে পৃথিবীরই অংশ ছিল বলিয়া বিজ্ঞানবিদগণ বলেন তেমনই তাহাবা বলেন ঐ সকল ধূমকেতুও এক সময়ে না এক সময়ে সূর্যের অংশ



৪৫ নং চিত্র—উক্সাপিও

মাত্র ছিল। নৈসর্গিক কাবণে তাহাবা বিচ্যুত হইয়া গিয়াছে। আবার সূর্যের আকর্ষণে এই ধূমকেতুও চর্ণ ও ক্ষুদ্রতর হইয়া উন্মাব আকাবে আকাশে ঘূবিয়া বেডায়। এইরূপ ঘূবিতে ঘূবিতে যখন ইহাবা পৃথিবী বা অন্য কোন গ্রহের নিকটে আসিয়া পড়ে তখন ঐ সকল গ্রহ উহাদিগকে আপনাপন বৃকে টানিয়া লয়। পৃথিবীর বৃকে এইরূপ বহু উক্সাপিও আসিয়া পৌছিয়াছে। দেখা গিয়াছে ঐ উক্সাপিওগুলিতে লৌহ, নিকেল প্রভৃতি ধাতু বিচ্যমান—অপার্থিব দ্রব্য ইহাতে কিছু নাই।, পৃথিবীর আকর্ষণে

যখন ইহা বা প্রচণ্ড গতিতে ছুটিয়া আসে তখন ইহাদের সহিত পৃথিবীবক্ষস্থ বায়ুর ঘর্ষণে ইহা বা উত্তপ্ত হইয়া ক্রমে জলিয়া উঠে। তখন ইহাদিগকে দেখা যায় যেন একটি হাউই ছুটিতেছে। আকাশে এইরূপ উল্কাপাত প্রায়ই দেখা যায়। সাধারণত লোকে ইহাকে তাবা খসা বলে। কিন্তু তাবা এইরূপে খসিলে পৃথিবীর নিস্তাব থাকিত না। এক একটি তাবা পৃথিবী অপেক্ষা বহুগুণ বড় এবং ভারী। তাহাদের সহিত পৃথিবীর এইরূপ ঘর্ষণ হইলে পৃথিবী চূবমাব হইয়া যাইত। পৃথিবীতে আসিবাব সময় কোন কোন উল্কাপিণ্ড জলিয়া একেবাবে ছাই হইয়া যায়। তখন এগুলি আব পৃথিবীতে পড়িতে পাবে না। অতএব বায়ু প্রকাবাস্তবে উল্কাপাতেব বিপদ হইতে অনেক পৰিমাণে পৃথিবীকে বক্ষা কবিতেছে। ছোট বড় অনেক উল্কাপিণ্ড পৃথিবীতে পড়িয়াছে। ইহাদের অনেকগুলি কলিকাতাব যাদুঘবে বক্ষিত আছে। উল্কাপিণ্ডেব নিজস্ব কোন জ্যোতি নাই।



৪৬নং চিত্র—উল্কাপাত

১৯০৮ সালে জুন মাসে সাইবেবিয়ায় যে উল্কাপাত হয় তাহাব ওজন কয়েক হাজার টন। ইহা পড়িবাব অনেক কাল পবে পিণ্ডটিকে এক জঙ্গলেব মধ্যে পাওয়া

যায়। শুনা যায় ইহাব পতনকালে ইহাব চতুর্দিকে ৪০।৪৫ মাইল পর্যন্ত ঘববাড়ী পুড়িয়া যায় এবং ৪০০ মাইল দূর পর্যন্ত লোকে ইহাব উত্তাপ অনুভব কবিয়াছিল।

বৎসবের মধ্যে কোন কোন সময় যেমন ২১শে এপ্রিল, ২ই, ১০ই এবং ১১ই আগষ্ট, ১২ই, ১৩ই, ১৪ই নভেম্বর এবং ২৭শে, ২৮শে ও ২৯শে নভেম্বর প্রভৃতি কয়েকটি তাবিখে অত্যধিক উষ্ণপাত হইতে দেখা যায়। কাবণ গ্রহ নক্ষত্রের গায় ইহাবাও নির্দিষ্ট পথে চলে এবং কোন কোনটি ঝাঁক বাঁবিয়া বিচরণ কবে। পৃথিবী যেদিন এমন একটি ঝাঁককে আপনার বুকে 'টানিয়া' লয় সেইদিন অধিক পরিমাণে উষ্ণপাত হয় এবং ঐ সকল দিনে উষ্ণাগুলি পৃথিবী কর্তৃক অধিক জোবে আকৃষ্ট হয়।

সূর্যেও লৌহ এবং নিকেল পাওয়া যায়। অতএব ইহাও অনুমান করা যায় ইহাবা এক সময়ে সূর্যের অংশ ছিল।

**সংক্ষেপ :**—ধূমকেতু ঝাঁটার মত, ভ্রমণ পথ উপবৃত্ত, অবিবৃত্ত বা পরাবৃত্তাকার, গ্রহগণ অপেক্ষা আকারে বহু বড় হইলেও ওজনে বহু কম। মনে হয় ইহাব অধিকাংশই বাষ্পময়। সূর্যের নিকট আসিলে ইহাদিগকে দেখা যায়। তখন গতি বৃদ্ধি হয় ও লেজ বাড়ে। লেজটি সূর্যের বিপরীত দিকে থাকে।

উষ্ণাশিও লৌহ বা নিকেল প্রভৃতি পাথির পদার্থ দ্বারা গঠিত। পৃথিবীর আকর্ষণে পৃথিবীতে আসিবার সময় বায়ুর সহিত ঘর্ষণ উত্তপ্ত ও ক্রমে জলিয়া উঠিলে হাউইএব মত দেখায়। কখন কখন পুড়িয়া ছাই হইয়া যায়। বৎসরের বিশেষ বিশেষ দিনে অধিক উষ্ণপাত হয়। ছোট বড় অনেক উষ্ণা পৃথিবীতে পড়িয়াছে।

### অষ্টম প্রশ্নমালা

১। ধূমকেতু ও উষ্ণার বিবরণ লিখ। Write notes on .—Comets and meteors.

[ কঃ বিঃ ১৯৪১ ]

২। উষ্ণপাত বলিতে কি বুঝায়? (What do you understand by coming down of a meteor.)

৩। বৎসরের কোন কোন সময়ে বেশীমাত্রায় উষ্ণা দেখা যায় এবং কেন লিখ। (In which parts of the year meteors are found in large numbers and state reasons.)



## ভূ-বিজ্ঞান

# প্রথম পরিচ্ছেদ

### পৃথিবীর জন্ম

প্রত্নতাত্ত্বিকগণ মহেন-জো-দডোব ভূগর্ভে বিবাটী সহবেব অবশেষ আবিষ্কাব কবিয়াছেন । ভূতাত্ত্বিকগণ হিমালয় শৃঙ্গে প্রস্তবে কত মাছ এবং অন্যান্য জলীয় জীবব জীবাশ্ম আবিষ্কাব কবিয়াছেন । আমবা দেখিতে পাঈ সাগবে, নদীবক্ষে কত দ্বীপ মাথা তুলিয়া উঠিতেছে । আবা এঈ যে সেদিন বিহাবে ভূমিকম্প হইয়া গেল তাহাতে কত উচ্চ স্থান জলাভূমিতে পবিণত হইয়া গিয়াছে । এঈ সকল বিষয় চিন্তা কবিলে মনে হয় পৃথিবীর উপব দিন দিন কত পবিবর্তনই না সাধিত হইতেছে । পূনে যে পৃথিবী এমন সুন্দব মানুষবেব বাসোপযোগী ছিল না তাহাও বলা যাইতে পাবে । এ বিষয়ে গবেষণা কবিয়া বহু বৈজ্ঞানিক পৃথিবীর জন্ম সম্বন্ধে বহু মত প্রচাব কবিয়া থাকেন । কে বলিতে পাবে তাহাদেব মবো কোন্ মত ঠিক আব কোন্টি বেঠিক !

**জার্মান বৈজ্ঞানিক ক্যান্ট ও ফরাসী বৈজ্ঞানিক লাপলাস** প্রচাব কবিয়াছিলেন সমস্ত সৌবজগৎ প্রথমে নীহাবিকাবস্থায় পিণ্ডাকাবে বহুদূব বিস্তৃত ছিল । এঈ নীহাবিকা অত্যন্ত গবম এমন কি জলন্ত অবস্থায় ছিল বলিয়া বলেন । পিণ্ডাকাব এঈ নীহাবিকা প্রচণ্ড বেগে আপন মেরুদণ্ডেব চাবিদিকে ঘূবিত । কালক্রমে ঘূবিতে ঘূবিতে ইহা তাপ বিকিৰণ কবিতে থাকে । ফলে এঈ পিণ্ডেব মধ্যভাগ শীতল হইয়া চূপসিয়া যাওয়ায় ইহাব মধ্যভাগ হইতে একটি বলয় খসিয়া পৃথক হইয়া যায় । কালক্রমে এঈ বলয়ও চূপসাইয়া গোলাকাব ধাবণ কবে । পুমরায় প্রথম পিণ্ড হইতে এঈকপে আর একটি বলয় বাহিব হয় এবং কালে

তাহাও গোলাকাৰ ধাৰণ কৰে। মূল গোলকটি এইৰূপে যত ছোট হইতে থাকে ততই ইহাৰ ঘূৰ্ণন গতি প্ৰবলতৰ হইতে থাকে। এইৰূপে কয়েকটি অংশ ইহা হইতে পৃথক হইয়া যাইবাব পৰা যে অংশটি বহিল তাহাই আমাদেৰ বৰ্তমান সূৰ্য, এবং যে অংশগুলি ইহা হইতে বাহিৰ হইয়া এক একটি পৃথক গোলক হইয়া বহিল তাহাবা মঙ্গল, বুধ, পৃথিবী ইত্যাদি সূৰ্যেৰ কয়টি গ্ৰহ। যাহাবা পৃথক হইয়া আসিল তাহাবাও মূল গোলকটিৰ আয় একই দিকে স্থায় মেৰুদণ্ডেৰ চাৰি-দিকে ঘূৰিতে ঘূৰিতে মহাকৰ্ষেৰ ফলে সূৰ্যেৰ চাৰিদিকে ঘূৰিতে লাগিল। ক্যান্ট ও লাপলাসেৰ এই মতটি নীহাবিকাৰাদ (Nebular hypothesis) নামে খ্যাত। কয়েকটি কাৰণে শেষ পৰ্যন্ত এই মতবাদ টিকিল না।

বৰ্তমানে পৃথিবীৰ জন্ম সম্বন্ধে জিন্স্ ও জেফ্ৰিসেৰ মতবাদই প্ৰচলিত। তাহাদেৰ মতবাদ জোয়াৰী মতবাদ (Tidal theory) বা গ্ৰহকণিকাৰাদ (Planetesimal hypothesis) নামে খ্যাত। তাহাদেৰ মত এই :—

সৃষ্টিৰ আদিম যুগে সূৰ্য এবং সূৰ্য অপেক্ষা বৃহত্তৰ নক্ষত্ৰগণ বৰ্তমান ছিল। বহু দূৰ হইতে সূৰ্যেৰ পাশ দিয়া সূৰ্যাপেক্ষা বহুগুণ বড় একটি নক্ষত্ৰ চলিয়া যায়। চন্দ্ৰ ও সূৰ্যেৰ টানে পৃথিবীপৃষ্ঠে জলবাণি যেমন একত্ৰিত হইবাব চেষ্টা কৰিয়া জোয়াৰ-ৰূপে ফুলিয়া উঠে তেমনই নক্ষত্ৰটিৰ আকৰ্ষণে সূৰ্যেৰ বিষদংশ ফুলিয়া




১নং চিত্ৰ—নক্ষত্ৰেৰ আকৰ্ষণে সূৰ্যেৰ অংশ বিশেষ বিচ্ছিন্ন হইতেছে

নক্ষত্ৰেৰ দিকে আকৃষ্ট হয়। যখন নক্ষত্ৰটি সূৰ্যেৰ সৰ্বাপেক্ষা নিকটে আসিল তখন

সূর্যে যে অংশ ফুলিয়া উঠিয়াছিল তাহা বিচ্ছিন্ন হইয়া গেল এবং সঙ্গে সঙ্গে নক্ষত্রটি আবার আপন পথে অগ্রসর হইয়া সূর্য হইতে দূবে চলিয়া গেল। সূর্য ও নক্ষত্রের আকর্ষণে সূর্যের ঐ বিচ্ছিন্ন অংশ, দুই দিকে ক্রমশ সর হইয়া পটোল বা চুরুটের মত আকার ধারণ করিল। এই বিবাত বাষ্পীয় চুরুট বা পটোলাকার পদার্থটি কালক্রমে নৈসর্গিক কারণে খণ্ড খণ্ড হইয়া বর্তমানে গ্রহ ও উপগ্রহগণের আকারে বিদ্যমান বহিয়াছে। গ্রহগণের আয়তন ও দৃবত্ব বিচার করিয়া দেখিলে বুঝা যায় পটোলাকৃতি বাষ্পীয় পিণ্ডটির যে অংশ ভাঙিয়া যে গ্রহের জন্ম হইয়াছে সেই অংশের আয়তন অনুসারে গ্রহগণের আয়তন। তাই গ্রহমণ্ডলীর প্রায় মধ্যস্থিত বৃহস্পতি গ্রহ আয়তনে সর্বাপেক্ষা বড় এবং দুই প্রান্তের দিকে গ্রহগণ ক্রমশ ছোট হইয়া গিয়াছে।

নক্ষত্রটি যখন সূর্য হইতে দূবে চলিয়া গেল তখন ইহাদের উপর সূর্যের আকর্ষণই প্রবল হইল। নক্ষত্রটি বাষ্পীয় পটোলাকার পিণ্ডটিতে যে গতি সঞ্চা করিয়াছিল, সেই গতি ও সূর্যের মহাকর্ষের ফলে উহা সূর্যের চারিদিকে ঘূর্ণিতে থাকিল। আজও সে ঘূর্ণনের ব্যতিক্রম ঘটে নাই।

এইরূপে যখন পৃথিবী জন্মগ্রহণ করে তখন ইহা একটি বাষ্পপিণ্ড মাত্র ছিল এবং সেই বাষ্পপিণ্ড অত্যন্ত উষ্ণ ছিল। কালক্রমে তাপ বিকিরণ করিয়া ইহা পৃষ্ঠ শীতল হইতে লাগিল এবং ক্রমে সেই বাষ্প জমিয়া তবল হইল এবং আবও শীতল হইয়া কঠিন হইল। আজও পৃথিবীর চারিদিকে যে বায়ুমণ্ডলের আবরণ, তাহা আদিম যুগের বাষ্পের অংশ ভিন্ন আর কিছু নহে। সমুদ্র, নদ, নদী



২ নং চিত্র—পটোলাকার বাষ্পপিণ্ড হইতে গ্রহগণের জন্ম

প্রভৃতিব জল তবলিত বাষ্প এবং মাটি, পাথৰ প্ৰভৃতি আদিম কালৰ বাষ্পেৰ ঘনীভূত আকাৰ মাত্ৰ। একই উষ্ণতায় সকল দ্ৰব্য একই অবস্থায় থাকিতে পাবে না একথা পূৰ্বেই জানিয়াছ, যেমন  $0^{\circ}$  সেন্টিগ্ৰেডে জল কঠিন অবস্থায় থাকে আৰু  $100^{\circ}$  সেন্টিগ্ৰেডে উহা বাষ্প হইয়া যায়, অথচ লৌহকে তবল কৰিতে হইলে  $1530^{\circ}$  সে: উষ্ণ কৰিতে হয় এবং বাষ্প কৰিতে হইলে  $2500^{\circ}$  ডিগ্ৰী সেন্টিগ্ৰেডে তুলিতে হয়। কাজেই বাষ্পপিণ্ডেৰ যে যে উপাদান, বৰ্তমান পৃথিবী পৃষ্ঠেৰ উষ্ণতায় যে আকাৰে থাকিতে পাবে, তাহাৰা সেইৰূপ আকাৰেই আছে—কেহ বাষ্প, কেহ তবল, কেহ বা কঠিন হইয়া আছে। কিন্তু ইহাৰ গৰ্ভ এখনও অত্যন্ত উষ্ণ—সেখানকাৰ উত্তাপ বিকিৰিত হইতে পায় না। কাজেই ইহাও কল্পনা কৰা যাইতে পাবা যায়, যতই ভূগৰ্ভেৰ নিচে যাওয়া যাইবে ততই উষ্ণতা বৃদ্ধি হইবে। পৃথিবীৰ উপবিস্থ কঠিন আবৰণ নিচৰে দিকে ক্ৰমশঃ তবল হইয়া গিয়াছে। কেন্দ্ৰেৰ নিকট বোধ হয় এখনও বাষ্পই বিদ্যমান বহিয়াছে।

পৃথিবী যখন ঠাণ্ডা হইতে লাগিল তখন প্ৰথমে লৌহ, নিকেল প্ৰভৃতিৰ বাষ্প জমিয়া তবল হইল পৰে জলীয় বাষ্প জমিল। এইৰূপে বিভিন্ন তবল পদাৰ্থ যখন একত্ৰ হইল তখন ভাবীগুলি পৃথিবীৰ কেন্দ্ৰেৰ নিকট সঞ্চিত হইল এবং ক্ৰমে লঘুতৰ তবল পদাৰ্থগুলি ইহাৰ উপৰ সঞ্চিত হইল। এই লঘুতৰ তবল পদাৰ্থগুলি আৰু শীতল হইয়া জমিয়া কঠিন হইয়া গেল।

পৃথিবী প্ৰভৃতি গ্ৰহ এবং ইহাদেৰ উপগ্ৰহগণ এক সময়ে সূৰ্যেৰ অংশ ছিল। তাহা হইলে পৃথিবীৰ উপাদানগুলিও যে সূৰ্যে বিদ্যমান আছে ইহাও বলা যাইতে পাবে।

**সংক্ষেপ :-** ক্যান্ট ও লাপলাসেৰ নীহাৰিকাবাদ মতে ঘূৰ্ণায়মান জলন্ত বাষ্পীয় পিণ্ড হইতে বলয় পৃথক হইয়া সঙ্কুচিত হইয়া পৰ পৰ কয়েকটি গ্ৰহেৰ সৃষ্টি কৰিল। সৰ্বশেষ ১৭ অংশটুকু রছিল তাহাই সূৰ্য। এ মতবাদ এখন প্ৰচলিত নাই। এখন জিন্স ও জেফ্ৰিসএৰ জোয়াৰীবাদ বা গ্ৰহকণিকাবাদ প্ৰচলিত। তাহাদেৰ মতে সূৰ্য অপেক্ষা বহুগুণ বড় একটা নক্ষত্ৰ সূৰ্যেৰ নিকট দিয়া চলিয়া যাওয়ায় সূৰ্যেৰ অংশ বিশেষ ক্ষীণ হইয়া ক্ৰমে নক্ষত্ৰটি নিকটতম হইলে সূৰ্যেৰ

ঐ ক্ষীত অংশ বিচ্ছিন্ন হইয়া যায়। সূর্য ও নক্ষত্রের আকর্ষণে ঐ বিচ্ছিন্ন অংশের দুই দিক  
সক হইয়া যায়। এই পটৌলাকৃতি বাষ্পপিণ্ড খণ্ড খণ্ড হইয়া আবার গ্রহ উপগ্রহাকারে আজিও  
বিচ্ছিন্ন। বিকিরণ হেতু বাষ্পপিণ্ড জমিয়া তবল ও কঠিন হইয়া যাওয়ায় পৃথিবীপৃষ্ঠে মাটি ও জল  
জমিয়া উঠে। যে অংশ এখনও গ্যাসেব মত বহিয়াছে, তাহাই বায়ুমণ্ডল। ভূগর্ভ এখন ভূপৃষ্ঠ হইতে  
বহু উষ্ণ। সেখানে যে তরল পদার্থ আছে তাহা ভূ-পৃষ্ঠেব তরল পদার্থ অপেক্ষা গুরুতর।

### প্রথম প্রশ্নমালা

১। পৃথিবী কিরূপে সৃষ্ট হইল বল। (State how the earth was created)

[ ক: বি: ১৯৪০ ]

২। লাপলাস ও ক্যান্টের মতবাদ কি? অথবা নীহারিকাবাদ বলিতে কি বুঝায় সবিস্তার লিখ।  
(What is Laplas's and Cant's theory? Or write in detail what is meant  
by Nebular hypothesis)

৩। জিন্স ও জেফ্রিসএর মতবাদ কি? অথবা জোয়ারীবাদ বা গ্রহকণিকাবাদ বলিতে কি  
বুঝ লিখ। (What is Jean's and Zefrey's theory? Or state what do you  
understand by tidal theory Or Planetesimal theory)

৪। পৃথিবীর জন্ম সম্বন্ধে কোন্ মতবাদ বর্তমানে প্রচলিত—নীহারিকাবাদ না গ্রহকণিকা-  
বাদ? দুইটি মতের আবিষ্কর্তাদের নাম কব। (What theory is current—Nebular  
theory or Planetesimal theory? Who are the inventors of the theories?)

—————

## দ্বিতীয় পরিচ্ছেদ

### ভূ-ত্বক, শিলা ও পৃথিবীর আভ্যন্তরীণ অবস্থা

ভূ-ত্বক—জন্মেব পব বাষ্পীয় হইতে ক্রমে পৃথিবী তবল গোলকৰূপে যখন সূৰ্য্যেব চাবিদিকে ঘূৰিতেছিল তখন ইহাব তাপ চাবিদিকে বিকিৰিত হইতেছিল। কাজেই শীতল হইয়া কতকগুলি উপাদান জমাট বাঁধিয়া কঠিন হইল। এইকপ জমাট বাঁধিয়া কঠিন হওযাব ফলে সঙ্কোচন আবন্ত হইল। সঙ্গে সঙ্গে পৃথিবী পৃষ্ঠেব কোথাও চাপে ফুলিয়া উঠিল, কোথাও নামিয়া গেল। যে স্থান নামিয়া গেল সে স্থানে তবল পদার্থ আসিয়া জমিল, কাজেই পৃথিবী পৃষ্ঠে কঠিন স্থল ও তবল পদার্থ জলেব, একটা মোটামুটি বিভাগ হইয়া গেল। বাষ্পপিণ্ডে যে জলীয় কণা বিদ্যমান ছিল তাহাবাই জমিয়া জনকপে সঞ্চিত হইল। কিন্তু সঙ্গে সঙ্গে লবণ জাতীয় পদার্থেব বাষ্প ঐ জলেব-মুদো মিশ্রিত থাকিয়া গেল। এখন পৃথিবী পৃষ্ঠেব প্রায় তিন'ভাগ জল এবং এক ভাগ স্থল এবং এই অসীম জলবাশি কেন লবণাক্ত বৃদ্ধিতে পাবি। কিন্তু এই অসীম জলবাশিব নিচেও স্থল। সমুদ্রেব জলতল সীমা ধৰিলে পৃথিবী পৃষ্ঠে পাহাড় পৰ্বতগুলিব সৰ্বাধিক উচ্চতা প্রায় ২৯০০০ হাজাৰ ফিট এবং সমুদ্রেব সৰ্বাধিক গভীৰতা ৩৫০০০ হাজাৰ ফিট। যাহা হউক পৃথিবী পৃষ্ঠেব জলবাশি ভিন্ন যে স্থলভাগ আবৰণকপে বিদ্যমান তাহাব উপাদানও বহু প্রকাৰেব। কিন্তু নৈজ্ঞানিকগণ এই স্থলভাগেব অংশ মাত্ৰকেই শিলা বলিয়া থাকেন। তাহাদেব মতে পাথৰ, স্ফুডি, বঁাকৰ যেমন শিলা তেমনই বালুকণা কাদা মাটি প্রভৃতিও শিলা। বস্তুত খনিজ কঠিন পদার্থ মাত্ৰই শিলা। তবে সমস্ত শিলাগুলিকে তাহাবা তিনটি বিভিন্ন বিভাগে বিভক্ত কৰিয়াছেন, যথা :—**আগ্নেয়, পলল ও পৰিবৰ্তিত শিলা।**

**আগ্নেয় শিলা (Igneous rock) :**—নৈসৰ্গিক কাৰণে উদ্ভূত অবস্থা হইতে

শীতল হইয়া কঠিন অবস্থা প্রাপ্ত হইলে যে শিলা গঠিত হয় তাহারাই আগ্নেয় শিলা। অগ্ন্যুৎপাতের সময় আগ্নেয় গিবির গর্ভ হইতে যে নিস্রাব বহির্গত হয় তাহা বা শীতল হইয়া আগ্নেয় শিলারূপে বিস্তৃতমান থাকে। অনেক সময় আগ্নেয়গিবি নিঃসৃত আগ্নেয় শিলাব ভিতর বায়ু বা বাষ্পীয় পদার্থের জন্ম জ্বালি জ্বালি ফাঁপা হইয়া যায়। আবার ধূলা, বালি, ছোট ছোট পাথর প্রভৃতি নির্গত হইয়া একত্রে জমাট ঝাধিয়া




৩নং চিত্র—আগ্নেয় শিলা

যায়—তাহা বা আগ্নেয় শিলা, তবে ইহা বা **টাফ** (Tuff) নামে অভিহিত হইয়া থাকে। আগ্নেয় শিলা দুই বকর, **প্লুটনিক** (Plutonic) ও **ভলকানিক** (Volcanic)। ভূগর্ভের গলিত পদার্থ ভূগর্ভে আবদ্ধ থাকিয়া শীতল হইয়া কঠিন হইয়া যাওয়ায় প্লুটনিক শিলা সৃষ্ট হইয়াছে, এবং ভলকানিক শিলা ভূগর্ভের বাহিরে আসিয়া জমিয়া থাকে।

**গ্র্যানাইট** (Granite) প্লুটনিক শিলাব উত্তম দৃষ্টান্ত। ইহা বা সাধারণত তিন প্রকার বিভিন্ন উপাদানের সহিত পরস্পর ওতঃপ্রোত ভাবে মিশ্রিত হইয়া থাকে। মাংসের বড়ের মত অল্প লালভায়ুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র কেলাসিত অংশটির নাম **ফেলস্পার** (Felspar)। ইম্পাতের ছবি কাঘাতে ইহাতে দাগ পড়ে। স্বচ্ছ কাচের মত আব একটি উপাদান ইহাতে থাকে তাহা বা উপর ছবিব আঁচড় বসে

না, সে উপাদানটির নাম কোয়ার্ট্‌জ (Quartz)। বাকি তৃতীয় উপাদানটি অম্ল (Mica), ইহা নবম, ছুবিব অঁচডে ইহাব উপব দাগ পডে—দেখিতে কখনও সাদা, কখনও কাল, পর্দায় পর্দায় সজ্জিত। অনেক সময় একপ আগ্নেয় শিলাগুলি ভূসমান্তবাল ভাবে থাকে কখনও বা ফাটলেব মবো খাডা ভাবে জমাট বাঁধিয়া থাকে, পৃথোক্‌গুলি শিল (Sill) শেযোক্‌গুলি ডাইক (Dyke)।

**পলল শিলা (Sedimentary Rock) :**—বায়ু, বৃষ্টি, সূর্যোত্তাপ প্রভৃতি প্রাকৃতিক কাবণে বাসায়নিক বা যান্ত্রিক উপায়ে পৃথিবীর পৃষ্ঠে ক্রমাগত ভাঙ্গন গডন চলিতেছে। ফলে পৃথিবীর এক স্থানেব শিলা বা মৃত্তিকা অগ্ৰ স্থানে চালিত হইতেছে। একটি স্তবেব উপব একটি স্তব ক্রমে আব একটি স্তব সজ্জিত হইয়া



৪নং চিত্র—পলল শিলা

যে শিলা গঠন করে তাহাই পলল শিলা। আমবা নিত্য বাটনা বাটিবাব জন্ম যে শিলা ব্যবহাব কবি তাহা পলল শিলা। যখন শিল কাটাই হয় তখন একটু লক্ষ্য কবিলে দেখিবে, যে শিল কাটে সে কাটিবাব সময় একটি নির্দিষ্ট দিকে আঘাত কবিলে প্রস্তবী-ভূত বালুকণাগুলি সারিবদ্ধ ভাবে ছাডিয়া যায়। চেষ্টা কবিলে ইহাকে

স্তবে স্তবে ছাডাইয়া ফেলা যায়—বালুকণাগুলি এমন স্ৰসংবদ্ধ ভাবে সাজান থাকে। কলিকাতাব ফুটপাথে যে পাথব গাঁথা থাকে তাহা পলল



শিলাব অত্যুৎকৃষ্ট উদাহরণ—ইহাদিগকে **বেলে পাথর (Sandstone)** কহে।

এইরূপ স্তব বিলম্বিত হয় বলিয়া এমনও দেখা যায় পলল শিলাব মধ্যে কত জীব জন্তুব বস্তু বা জীবাশ্ম প্রোথিত হইয়া গিয়াছে। আগ্নেয় শিলা উত্তপ্ত উপাদান হইতে গঠিত বলিয়া কখনও ইহাব মধ্যে জীব থাকিতে পাবে না। তাই আগ্নেয় শিলাব মধ্যে কখনই জীবাশ্ম পাওয়া সম্ভব নয়। জীবাশ্ম থাকা বা না থাকাই পলল শিলা বা আগ্নেয় শিলাব প্রধান বৈশিষ্ট্য। উত্তাপ হেতু কয়লাব জন্ম, তথাপি কয়লা এক প্রকার পলল শিলা।

হিমালয় পর্বতে এমন অনেক পলল শিলা পাওয়া যায় যাহাতে সামুদ্রিক উদ্ভিদ বা জীবজন্তুব জীবাশ্ম বর্তিয়াছে। ইহাতে বলা যায় এক সময়ে ঐ সকল শিলাগুলি সমুদ্রগর্ভে উৎপন্ন হইয়াছিল। এইরূপে জলজ বা স্থলজ, সামুদ্রিক বা হৃদেব গাছপালা বা জীবজন্তুব জীবাশ্ম দেখিয়া কোন্ শিলা কোথায় জন্মিয়াছিল বলা যাইতে পাবে।

**পরিবর্তিত শিলা (Metamorphic rock)**—তাপ ও চাপ ইত্যাদির বৈষম্য হেতু আগ্নেয় বা পলল শিলা হইতে পরিবর্তিত শিলা উৎপন্ন হয়। ইহাদিগকে দেখিলে সহজে কোন্ শ্রেণীভুক্ত ধরা যায় না। চুনা পাথব হইতে মার্বেল পাথবেব জন্ম। দেখিলে কিন্তু মনে হয় না যে কোন দিন মার্বেল পাথব চুনা পাথব ছিল। মনে হয় চুনা পাথব পলল শিলা এবং মার্বেল পাথব আগ্নেয় শিলা। এইরূপ বর্দম হইতে স্লেট পাথবেব জন্ম।

অনেক সময় দেখা যায় জীবাণু বা উদ্ভিজ্জাতীক অবশিষ্ট একত্র হইয়া প্রস্তুত হইয়া গিয়াছে, ইহাদিগকে **জৈব শিলা (Organically derived rock)** বলা হয়। চা-খড়ি এবং স্পঞ্জ জৈব শিলাব উৎকৃষ্ট দৃষ্টান্ত।

ভূপৃষ্ঠেব স্থলভাগে নানা জাতীয় শিলাব আন্তঃবর্ণটিতে আগ্নেয় শিলা এবং পলল শিলা সমপরিমাণে বর্তমান। খনি বা নলকূপ খনন করিবাব কালে

পৃথিবীর অভ্যন্তরস্থ শিলা পর্বীক্ষা করিয়া দেখা গিয়াছে, পৃথিবীর অভ্যন্তরে ভূপৃষ্ঠ হইতে অল্প নিচে আব পলল শিলা নাই, কেবলমাত্র আগ্নেয় শিলা এবং তাহা প্রধানত গ্র্যানাইট জাতীয়। সমুদ্রতলে বা সমুদ্র মধ্যে যে দ্বীপ গুলি আছে তাহারা **বাসাল্ট** (Basalt) জাতীয় শিলাদ্বারা গঠিত। আগ্নেয় গিবি হইতে যে লাভা উৎসর্গ হয় তাহাও বাসাল্ট জাতীয়। বাসাল্ট আগ্নেয় শিলা। গ্র্যানাইট যেমন ভূগর্ভে জমিয়া থাকে—ইহা বা সেকপ নহে। ভূগর্ভ হইতে বাহির হইয়া ভূপৃষ্ঠে জমিয়া থাকে।

এইরূপে বুঝা যায় স্থলভাগ প্রধানত গ্র্যানাইট জাতীয় শিলায় প্রস্তুত। ইহাব নিচে সাগরের তলদেশ দিয়া সমস্ত পৃথিবীব্যাপী আব একটি স্তর আছে তাহা প্রধানত বাসাল্ট দ্বারা গঠিত। বাসাল্ট স্তর হইতে পৃথিবী পৃষ্ঠ পর্যন্ত স্তরগুলিকে আমবা সানাবণত ভূত্বক বলিয়া থাকি। কারণটি প্রাকৃতিক কারণে পৃথিবী কেমন করিয়া পবিবর্তিত হইলেনেছ তাহা নিয়ে বিবৃত হইল।

পাহাড় হইতে প্রস্তুত ও উপলখণ্ড নদী স্রোতে বাহিত হইয়া নিম্ন দিকে গড়াইয়া আসিতেছে। আসিবাব সময় পর্বত পর্বতের সহিত ঘর্ষণে ক্রমে ক্ষুদ্রাকার হইয়া যায়। অবশেষে বড় বড় প্রস্তুত খণ্ড বালুকণায় পবিণত হইয়া যায়। নদী যখন সমতল দেশে আসে তখন উহাব বেগ মন্দীভূত হয়, কাজেই অপেক্ষাকৃত বড় এবং ভারী প্রস্তুত খণ্ড থিতাইয়া পড়ে। যত সমুদ্র নিকটবর্তী হইতে থাকে ততই ইহাব বেগ কমিয়া আসে। আসিবাব সময় পৃথিমধ্য হইতে যে কর্দম বাহিয়া আনিয়া ছিল তাহা বালুকণাব সহিত জমিয়া স্থানে স্থানে সঞ্চিত হয় ও চকের সৃষ্টি কবে। নদীমধ্যবর্তী চব ক্রমশ বিস্তীর্ণ হইয়া নদীকে বিভিন্ন ধাৰায় বিভক্ত কবে। এই চবভূমিব উর্বরতা অতিশয় প্রবল। নদী যখন সাগরে আসিয়া পড়ে তখন উহাব মোহানাব নিকট যে ত্রিকোণাকার চবগুলি সৃষ্টি কবে তাহাদিগকে ব-দ্বীপ বলে। এই ব-দ্বীপে ক্রমে চাষ আবাদ হইতে মানুষের বসতি আবস্ত হয়। এখন ইহা জনপূর্ণ


লোকালয়ে পবিণত হয়। এতদ্বিন্ন পৃথিবীর উপর বায়ু ও তাপের ক্রিয়া দ্বারা কল্পে ইহাব পৃষ্ঠ পবিবর্তিত হইতেছে তাহা পদার্থ বিদ্যাব চতুর্থ পবিচ্ছেদেব শেষে কিছু কিছু পডিয়াছ। ভূচাক্ষুণ্ডে উহার পৃষ্ঠে যে পবিবর্তন সাধিত হয় তাহা পববর্তী পবিচ্ছেদে পাঠ কবিবে।

### পৃথিবীর অভ্যন্তরের অবস্থা

পূর্বে জানা গিয়াছে পৃথিবীর আপেক্ষিক গুরুত্ব ৫ এবং ইহাব ব্যাসার্ধ ৪০০ চাবি হাজাব মাইল। খনি খুঁড়িয়া মানুষ মাত্র দুই মাইল পর্যন্ত ইহাব গর্ভে প্রবেশ কবিত্তে সক্ষম হইয়াছে। সমুদ্রেব গড গভীবতাও ন্যূনাদিক দুই মাইল। বাকি অংশ কি উপাদানে গঠিত তাহা প্রত্যক্ষভাবে পবীক্ষা কবিত্তে মানুষেব সাধ্য হয় নাই। বল্পনা দ্বারা বৈজ্ঞানিকগণ যাহা অনুমান কবিয়াছেন তাহাতেও যথেষ্ট মত ভেদ পবিলক্ষিত হয়। তথাপি মানুষেব মনে অজ্ঞাত জিনিষেব বিষয়ে জানিবাব আকাঙ্ক্ষা চিব প্রজ্জলিত থাকায় তাহারা পৃথিবীর অভ্যন্তরেব অবস্থা জানিবাব জগ্ন কতই না চেষ্টা কবিত্তেছে।

ভূ-ত্বক মাত্র ৪০ মাইল পুক। ইহাব প্রধান উপাদান গ্র্যানাইট ও ব্যাসল্ট জাতীয় শিলা, প্রথম ২৫ মাইল গ্র্যানাইট, পববর্তী ১৫ মাইল ব্যাসল্ট। কিন্তু এতদুভয়েব গড আপেক্ষিক গুরুত্ব ২.৬ বা কিছুদধিক। তাহা হইলে পৃথিবীর অভ্যন্তরে যে পদার্থ আছে তাহাদেব আপেক্ষিক গুরুত্ব ৮ এব কম নহে। এ দিকে আবাব লক্ষ্য কবা গিয়াছে যে, পৃথিবীর কেন্দ্রেব যত নিকটবর্তী হওয়া যায় ততই উষ্ণতা বৃদ্ধি পাইতে থাকে এবং ভূ-পৃষ্ঠেব কাছাকাছি প্রতি ১০০ ফুট গভীবতায় ১° ফাবেনহিট উষ্ণতা বাড়ে। অবশ্য যত কেন্দ্রেব নিকটবর্তী হওয়া যায় ততই এই উষ্ণতা বৃদ্ধি হাব কমিয়া যায়। তখন আব প্রতি একশত ফুটে ১° ডিগ্রী ফাবেনহিট উষ্ণতা বাড়ে না। যাহা হউক কম হাবে বাড়িলেও বৈজ্ঞানিকগণ স্থির কবিয়াছেন কেন্দ্রেব নিকট উষ্ণতা এক লক্ষ ডিগ্রী

ফাভেনহিটের কম হইবে না। এত অধিক উষ্ণতায় পার্থিব কোন পদার্থ ই কঠিন বা তবল অবস্থায় থাকিতে পাবে না, গ্যাসীয় আকার ধারণ কবে। আবার এদিকে ভূ-ত্বক কঠিন হওয়ায় অভ্যন্তরস্থ পদার্থ গ্যাসীয় হইয়া প্রসারিত হইতে না পারিয়া অত্যধিক চাপের মধ্যে থাকে। এই চাপের পরিমাণ হিসাব করিয়া অনেক বৈজ্ঞানিক স্থির করিয়াছেন সমুদ্রপৃষ্ঠে বায়ু মণ্ডলের চাপের ত্রিশ-লক্ষগুণ অধিক। অতএব এত চাপে পূর্বোক্ত উষ্ণতায় থাকিয়াও পার্থিব পদার্থ গুলি কঠিন পদার্থের ন্যায় হইয়া বহিয়াছে। যদি কোনক্রমে পৃথিবী পৃষ্ঠ হইতে পৃথিবীর অভ্যন্তরের একপ কোন এক স্তর পর্যন্ত ছিদ্র করা যায় তবে প্রচণ্ড বেগে গলিত উপাদান বাহিবে আসিয়া উৎক্ষিপ্ত হইবে।



নং চিত্র - ভূ-গর্ভের স্তর

ভূ-ত্বকের পবে প্রায় ৭৫০ মাইল পুরু স্তরটির আপেক্ষিক গুরুত্ব ৩.৫ বলিয়া অনুমান করা গিয়াছে। ইহাও এক প্রকার প্রস্তর জাতীয় পদার্থ দ্বারা গঠিত।

পববর্তী ১২০০ মাইল পুরু স্তরটির আপেক্ষিক গুরুত্ব ৫ হইতে ৬, ইহা প্রধানত অক্সাইড ও সালফাইডময় পদার্থ দ্বারা গঠিত।

কেন্দ্র হইতে ২০০০ মাইল ব্যাসার্ধ লইয়া যে স্তর, তাহার আপেক্ষিক গুরুত্ব ৮, নিকেল

এবং লৌহের আপেক্ষিক গুরুত্বও তাই। কাজেই বৈজ্ঞানিকগণ অনুমান করেন পৃথিবীর কেন্দ্রে লৌহ ও নিকেল আছে। উদ্যায় এই দুইটি ধাতু থাকে।

কাজেই পৃথিবীর কেন্দ্রে যে নিকেল ও লৌহ আছে সে ধারণা আবণ্ড দৃঢ় হইয়া যায়।

আগ্নেয় গিবি হইতে লাভা উদ্গীৰণ, পৃথিবীর বিভিন্ন স্থানে উষ্ণ প্রস্রবন, খনিব ভিতব উষ্ণতা বৃদ্ধি প্রভৃতি ব্যাপাবগুলি পৃথিবীর অভ্যন্তব যে উষ্ণ তাহা প্রমাণ কবিত্তে বিশেষকপে সাহায্য কবে।


পৃথিবীর অভ্যন্তবে কোন এক স্থানে কোন বিশেষ কাবণে চাঞ্চল্য উপস্থিত হইলে সময় সময় ভূপৃষ্ঠে তাহা ভূমিকম্পকপে প্রকাশ পায়। বিস্তীর্ণ ভূমি লইয়া ভূমিকম্পব প্রভাব পবিলক্ষিত হইলেও ইহা একটি কেন্দ্র হইতে উৎপন্ন হইয়া চাবিদিকে ছড়াইয়া পড়ে। এই কম্পন তবঙ্গ দুই প্রকাব। কতকগুলি তবঙ্গ কঠিন, তবল ও গ্যাসীয় পদার্থেব মধ্য দিয়া প্রবাহিত হয়, কতকগুলি কেবল মাত্র কঠিন পদার্থেব ভিতব দিয়া চালিত হয়। কিন্তু উভয় ক্ষেত্রে কঠিন পদার্থেব ভিতব দিয়াই তবঙ্গগুলি দ্রুততব বেগে ছড়াইয়া পড়ে এবং পদার্থ যত স্থিতিশীল হয় ইহাব মধ্যে কম্পনতবঙ্গেব গতিও তত দ্রুত হয়।

পবীক্ষায় জানা গিয়াছে ভূ-ত্বক দিয়া ভূমিকম্পব তরঙ্গ যে সময়ে কোন এক নির্দিষ্ট দূবত্ব অতিক্রম কবে, নিম্নতব স্তব দিয়া তদধিক দূবত্ব অতিক্রম কবিত্তে তাহা অপেক্ষাও অল্প সময় লাগে। অতএব ভূগর্ভেব অভ্যন্তব ভাগ ক্রমেই গুরু হইতে গুরুতব বা অধিক স্থিতিশীল।

ভূ-ত্বককে **শিলামণ্ডল** ( Lithosphere ), নিকেল বা লৌহময় স্থানকে **কেন্দ্রমণ্ডল** ( Centrosphere ) এবং বাকি অংশকে **গুরুমণ্ডল** ( Barysphere ) বলা হয়।

**সংক্ষেপ ঃ**—তাপবিকিরণ হেতু পৃথিবীপৃষ্ঠ গ্যাসীয় হইতে ক্রমে তরল ও কঠিন হইয়াছে। অভ্যন্তর এখনও খুব উত্তপ্ত আছে। ভূপৃষ্ঠ কঠিন হওয়ার চাপে কোথাও উঁচু কোথাও নিচু হইয়াছে, নিচু স্থানে জল জমিয়া সমুদ্ররূপে বর্তমান। সর্বাধিক উচ্চস্থান গুলি পাহাড় পর্বতরূপে বিদ্যমান। লবণ জাতীয় বাষ্প ঐ জলে গুলিয়া যাওয়ার সমুদ্রের জল লবণাক্ত হইয়াছে। পৃথিবীর উপাদানগুলি, কঁকব, বালি, মাটি, কাদা পাথর, বাহাই

হউক না কেন বৈজ্ঞানিকগণের মতে সকলগুলিই শিলা। আগ্নেয়, পলল পরিবর্তিত, তিন বকম শিলা; আগ্নেয় শিলায় জীবাশ্ম নাই এবং স্তরে স্তরে বিস্তৃত নয়—পলল শিলায় জীবাশ্ম দেখা যাইতে পারে এবং ইহার মধ্যে স্তব আছে। আগ্নেয় শিলায় যাহারা ভূগর্ভে জমাট বাঁধে তাহারা গ্র্যানাইট জাতীয়, যাহারা বাহিরে উৎক্ষিপ্ত হইয়া জমাট বাঁধে তাহারা ব্যাস্‌ট জাতীয়। যেগুলি ভূসমাস্তবাল স্তরে জমে তাহারা ডাইক, যাহারা খাড়া ভাবে সঙ্কীর্ণ পথে জমাট বাঁধে তাহারা শিলা। শিলা, কাদা নদীবাহিত হইয়া চর ও ব-দ্বীপের সৃষ্টি করে।



ভূ-ত্বক বা শিলামণ্ডল ৪০ মাইল পুরু—সকলের উপরের অংশ গ্র্যানাইটময়। পরবর্তী ১৫ মাইল ব্যাস্‌ট গঠিত। ভূ-ত্বকের আপেক্ষিক গুরুত্ব ২.৬। পরবর্তী ৭৫০ মাইল প্রস্বেদনময়, ইহার আপেক্ষিক গুরুত্ব ৩.৫, তৎপরবর্তী ১২০০ মাইল অক্সাইড ও সালফাইডময়—আপেক্ষিক গুরুত্ব ৫ হইতে ৬। সর্বসমেত ১৯৫০ মাইল গুরুত্বমণ্ডল। কেন্দ্রের চতুর্দিকে ২০০০ মাইল নিকেল ও লৌহ গঠিত, কেন্দ্রমণ্ডল সর্বাপেক্ষা ভারী, আপেক্ষিক গুরুত্ব ৮।

### দ্বিতীয় প্রশ্নমালা

১। ভূ-ত্বক কিরূপে সৃষ্টি হইল ( কঃ বিঃ ১৯৪০ )? ইহার উপাদান কি কি? ইহার বেধ ও আপেক্ষিক গুরুত্ব কত? কেন ইহার নাম শিলামণ্ডল হইল বল। ( How the earth's crust was formed? What are its constituents? What are its thickness and specific gravity? Why is it called lithosphere? )

২। আগ্নেয়, পলল ও পরিবর্তিত শিলা কাকে বলে উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও। ( Explain with example what are called igneous, sedimentary and metamorphic rocks )

৩। জৈব শিলা, গ্র্যানাইট, ব্যাসাল্ট, ডাইক, সিল, বলিতে কি বুঝ লিখ। ( What do you understand by organic rock, granite, basalt, dyke and sill ?)

৪। পৃথিবীর অভ্যন্তর ভাগের অবস্থা সম্বন্ধে যাহা জান বিস্তারিত ভাবে লিখ। (Write in detail what you know about the interior of the earth )



৫। নিম্নলিখিতগুলি সম্বন্ধে যাহা জান লিখ :—গুরুমণ্ডল ও কেন্দ্রমণ্ডল। (Write what you know of the following – Barysphere and centro-sphere )

-----

# তৃতীয় পরিচ্ছেদ

## ভূ-চাঞ্চল্য

পূর্বে ভূ-ত্বকেব পৰিবৰ্তন সম্বন্ধে কিছু কিছু বলা হইয়াছে। এইবাব ভূ-চাঞ্চল্যেব জন্ম আলোডন বা তজ্জনিত পৃথিবীৰ বহিৰ্গঠন কিকপে পৰিবৰ্তিত হয় দেখা যাউক। যখন পৃথিবী শীতল হইয়া সঙ্কুচিত হইতে লাগিল তখন ভূ-ত্বকে চাপ লাগিল। ফলে কোন স্থান উচু হইয়া উঠিল কোন স্থান নিচু হইয়া গেল। এই উচু নিচু হইবাব একটা দৃষ্টান্ত ধৰা যাইতে পাবে। এক গোছা পাতলা কাগজ উপৰ উপৰ সাজাইয়া বাখিয়া তাহাব উপৰ কোন ভাবী জিনিষ বাখিয়া দুই দিক হইতে চাপ দিলে দেখা যায় দুই পাশেব চাপেৰ মধ্যবৰ্তী স্থানটুকুৰ কোথাও উচু কোথাও নিচু হইয়া গিয়াছে।




৬নং চিত্ৰ—ভূ-ত্বকে ভাঁজ

সমষ্টিকে ভাঁজ (Fold) বলা হয়। ভাঁজেৰ মध्ये কোথাও কোথাও কাঁপা থাকিয়া যাওয়াও স্বাভাবিক। কখনও কখনও এই চাপ হেতু ভূ-ত্বকেব

চিত্ৰ দেখিলে বুঝিতে পাবিবে, যে স্থান উচু হইল সেটি পাহাড় বা পৰ্বত হইল, যেস্থান নামিয়া গেল সেখানে হ্রদ, সমুদ্র আবার কোথাও বা উপত্যকা, অধিত্যকা ইত্যাদি সৃষ্টি কবিল। সঙ্কোচন হেতু পৃথিবীৰ ঐরূপ কয়েকটি উন্নত বা অবনত স্থানেব




শিলাগুলি বাঁকিয়া নত (Tilted) হইয়া যায়। চিত্রে একটি শিলার নতি দেখান হইল। পূর্বে তোমবা কাহাকে ডাইক বা শিল বলে জানিয়াছ। এই ডাইক বা শিল উৎপন্ন হইলে উভাদেব দুই পার্শ্ববর্তী ভূ-স্তবেব মধ্যে আঁট থাকে না, সুযোগ পাইলে অতি সহজেই এক পার্শ্বেব নয় অপব পার্শ্বেব স্তব উঠিয়া বা নামিয়া যায়, ইহাকে **স্তবচ্যুতি**



৭নং চিত্র—নতি

(Fault) বলা হয়। সকল সময়ই যে শিল বা ডাইকের জগুই স্তবচ্যুতি হয়




৮নং চিত্র—স্তবচ্যুতি

এমন নহে। শিল বা ডাইক না থাকিলেও স্তবচ্যুতি হইতে পাবে। চিত্রে একটি স্তবেব চ্যুতি দেখান হইল।

ভূস্তবেব এক অংশেব তিনটি ডাইকেব জগু উহাব পবিণতি দেখান হইল। বামদিকেব স্তবটি মধ্যেব স্বাভাবিক স্তব হইতে উঠিয়া গিয়াছে এবং ডানদিকেব স্তবগুলি নামিয়া গিয়াছে, কিন্তু মধ্যস্থলে একটি ডাইক থাকা স্বত্বেও স্তবচ্যুতি হয় নাই, দুই পার্শ্বেব স্তবগুলি সমান সমান বিগুস্ত বহিয়াছে।

যখন স্বাভাবিক স্তব হইতে একটি স্তব চ্যুত হইয়া নিচে নামিয়া যায় তখন স্বাভাবিক চ্যুতি (চিত্রে ২) এবং যখন উঠিয়া যায় তখন বিপরীত চ্যুতি (চিত্রে ১) ঘটে।

পর্বত গাত্রে যদি শিথিল শিলাস্তব কিংবা পর্বতের ঢালের দিকে ঢালু হইয়া শিলাস্তব থাকে তবে তাহা পৃথিবীর আকর্ষণের জন্য খসিয়া



৯নং চিত্র—ভূমিপাত

পড়িবার সম্ভাবনা থাকে। বিশেষত যখন বৃষ্টিপাত হইয়া উঠার মতো জল প্রবেশ করিতে পায় তখন খসিয়া পড়া আরও সহজ হইয়া যায়। এইরূপ শিলা খসিয়া যাওয়াকে **ভূমিপাত** বা **ধস** (Landslide) বলা হয়। হিমালয়ে প্রায়ই একপ ভূমিপাত হইয়া থাকে। একই বকমে বরফ বা তুষার খসিয়া পড়াকে **বরফনামা** (Avalanche) বলে।

**ভূমিকম্প** :—কোন কাৰণে ভূ-ত্বকে কম্পন হইলেই ভূমিকম্প হয়। আমরা অনেক সময় বোঝাই লরী অথবা বেল গাড়ী চলিয়া যাইবার সময় মৃদু ভূকম্পন অনুভব করি। কিন্তু নৈসর্গিক কাৰণে যে ভূমিকম্প হয় তাহার প্রভাব যেমন বহুদূর প্রসারী হয় তেমনই তাহার ধ্বংস শক্তিও

অসমী—মানবেৰ ধাৰণাৰ অতীত। এই যে সে দিন উত্তৰ বিহাৰ ও কোষেটীষ পৰ পৰ দুইটি ভীষণ ভূমিকম্প হইয়া গেল, ইহাৰ ফলে যে মানবেৰ ক্ষতি হইয়াছে তাহা মানুষেৰ দ্বাৰা এত অল্প সময়ে কখনও সংঘটিত হইতে পাবে না। মানুষ প্ৰকৃতিৰ এ তাণ্ডব-লীলা দেখিবা আপনাব ক্ষুদ্ৰ শক্তি যে কত অকিঞ্চিৎকৰ তাহা বুঝিয়াছে।



•নং চিত্ৰ—ভূমিকম্পেৰ ফলে ফাটল

পূবে মানুষেৰ ধাৰণা ছিল কেবলমাত্ৰ আগ্নেয়গিৰিৰ লাভ। উদ্গীৰণেৰ ফলেই ভূমিকম্প হইয়া থাকে। কিন্তু প্ৰকৃতপক্ষে বহুবিধ নৈসৰ্গিক কাৰণেই ভূ-চাঞ্চল্য উপস্থিত হয় এবং ভূ-চাঞ্চল্যেৰ ফলে ভূমিকম্প হইতে পাবে। বড বড ভূমিকম্প গুলিৰ প্ৰধান কাৰণ স্তৰচ্যুতি বলিয়া ভূতত্ত্ববিদ-গণেৰ অভিমত।

**ভূ-কম্পন লেখন যন্ত্ৰ (Seismograph)** সাহায্যে একস্থানে ভূমিকম্প হইলে পৃথিবীৰ বিপৰীত দিকে আট হাজাৰ মাইল পৰন্ত ভূমিকম্পেৰ তৰঙ্গেৰ গতি পথ, প্ৰকৃতি প্ৰভৃতি নিৰ্ণয় কৰা যায়। আপাত দৃষ্টিতে দেখিলে মনে হয় ইতস্তত বিক্ষিপ্তভাবে ভূমিকম্প হইয়া থাকে। কিন্তু এই যন্ত্ৰ সাহায্যে পৰীক্ষা কৰিবা জানা গিয়াছে পৃথিবীৰ উপৰ ভূমিকম্প হইবাৰ একটি নিৰ্দিষ্ট সীমা আছে—তাহা পৃথিবীৰ চাৰিদিক ঘেৰিবা একটি বটিবন্ধেৰ মত

বহিষ্কারে। তাহাকে **প্রকম্পন কটিবন্ধ** (Seismic belt) বলা হয়। অতএব এই প্রকম্পন কটিবন্ধেব মন্যে যে সকল দেশ পড়ে তথায় ভূমিকম্প অধিক হয়। জাপান এবং বিহার ও কোয়েটা একপ কটিবন্ধেব উপব অবস্থিত।

জলে টিল ছুঁ ডিলে যেমন জলের উপব একটি ক্ষুদ্র স্থান হইতে তবঙ্গ উৎপন্ন হইয়া জলতলেব চাবিদিকে ছড়াইয়া পড়ে—ভূমিকম্পও সেইরূপ একটি ক্ষুদ্র স্থান হইতে উৎপন্ন হইয়া চতুর্দিকে ছড়াইয়া পড়ে। যে স্থান হইতে উৎপন্ন হয় তাহাকে **নাভী** (Focus) বলা হয়। পৃথিবীর অভ্যন্তর এখনও তবল আছে—তবে জলের মত তবল নাও হইতে পারে। এই তবল পদার্থেব অংশ-বিশেষ অধিকতর উষ্ণ হইয়া উঠিলে ভূচাক্ষুণ্য উপস্থিত হইতে পারে। ফলে ভূ-ত্বক ফাটিয়া ভূমিকম্পেব সৃষ্টি কবিত্তে পারে।


ভূমিকম্পেব ফলে অনেক স্থান উচু নিচু হয়—নাটি ফাটিয়া যায় এবং সেই ফাটল হইতে শীতল ও উষ্ণ জল অথবা বাষ্প উথিত হয়। কোথাও বা গন্ধক ও গলিত ধাতু নিঃসৃত হয়। বিহাবেব ভূমিকম্পেব ফলে এইরূপ বহু দীর্ঘ ফাটল উৎপন্ন হইয়াছিল, বালি নিঃসৃত হওয়ায় বহু জমি যে বালি ঢাপা পড়িয়া উর্বরতা হারাইয়া চামের অন্ত্রপযুক্ত হইয়া পড়িয়া আছে—তাহাব ইয়ত্তা নাই।

পৃথিবীর কেন্দ্র ও ভূমিকম্পেব নাভীকে সরল রেখা দ্বারা যোগ কবিয়া ঐ রেখাকে বর্নিত কবিলে ভূপৃষ্ঠে যেখানে আসিয়া পৌছায় তাহাকে **উপকেন্দ্র** (Epicentre) বলে। তাই বলিয়া নাভী বা উপকেন্দ্রকে একটি ক্ষুদ্র বিন্দু বলিয়া মনে কবিও না। অনেক সময় একটি দীর্ঘ বেখাও ভূমিকম্পেব নাভী হইতে পারে। বিহাবেব ভূমিকম্পেব নাভী ছিল কাটামুণ্ড হইতে জামালপুর পর্যন্ত দীর্ঘ।

**আগ্নেয়গিরি**—নাম শুনিয়া কেহ মনে কবিও না আগ্নেয়গিরি হইতে অগ্নি উদ্গীর্ণ হয়। ইহাব দ্বারা ভূগর্ভস্থ দাহ্য বাষ্প, জল, জলীয় বাষ্প, গলিত ধাতু, শিলা বা লাভা, ধূম, ধূলিকণা, বালি, পাথর বণা প্রভৃতি নির্গত হয়। অনেক সময় দাহ্য

বাস্পগুণি বাহিবে আসিয়া জ্বলিয়া উঠে। সকল সময়ে যে আগ্নেয়গিৰিগুণি পাহাড় বা পৰ্বতৰ আকাৰ ধাৰণ কৰিবে তাহা মনে কৰিও না। সমতল ভূপৃষ্ঠেও লাভা উদগীৰ্ণ হয়, তাৰে ঐ সকল লাভা বাহিবে আসিয়া চতুৰ্দ্দিকে জমিয়া পাহাডেৰ আকাৰ ধাৰণ কৰে। যে স্থান দিয়া লাভা প্রভৃতি নিৰ্গত হয় তাহাকে আগ্নেয় গিৰিৰ **জ্বালামুখ** (Crater) বলে। অনেক আগ্নেয়গিৰিৰ একাধিক মুখ দেখা যায়, একটি প্রধান ও বড়, অপৰগুণি ক্ষুদ্রতৰ।

কতকগুণি আগ্নেয়গিৰি হইতে কেবল মাত্ৰ লাভা উদগীৰ্ণ হয়, তাহাৰ



১১নং চিত্ৰ— আগ্নেয়গিৰি

শান্ত প্রকৃতিৰ আগ্নেয়গিৰি, ইহা হইতে মানুষেৰ ক্ষতি হয় না। কিন্তু কতকগুণি হইতে কেবল বাস্প বাহিৰ হয় এবং সেগুলি বিস্ফোৰক ও মানুষেৰ

অনিষ্টকব। এই প্রকার আগ্নেয়গিবি হইতে শিলাচূর্ণ, ধূলা, বালি নির্গত হইয়া উপবে ছড়াইয়া পড়ে। শুণ্ডায় ক্রাকাটোয়া এই জাতীয় আগ্নেয়গিবি।

কোন কোন আগ্নেয়গিবি কিছুকাল **সুপ্ত** (Dormant) থাকিয়া পুনর্বার **সক্রিয়** (Active) হইয়া উঠে—তাহাদিগকে **সবিবাম** আগ্নেয়গিবি বলে। শিশিলি দ্বীপের 'এটনা' এই জাতীয়, যে গুলি হইতে নিয়ত উদ্গীৰ্ণ হয় তাহাদিগকে **অবিবাম** বলা হয়। **ষ্ট্রম্বলা** একটি অবিবাম আগ্নেয়গিবি। কতকগুলি আবার এতদিন নিষ্ক্রিয় অবস্থায় থাকে যে তাহাদিগকে **নির্বাণিত** (Extinct) আগ্নেয়গিবি বলা চলে। পৃথিবীতে একপ মৃত আগ্নেয়গিবি অনেক আছে। কিন্তু একথা কেহই বলিতে পাবেন না, আগ্নেয়গিবি যত দিনের জন্মই নির্বাণিত থাকুক না কেন একদিন তাহা আবার সক্রিয় হইবে না। বহুযুগ নির্বাণিত থাকিয়াও কোন কোন আগ্নেয়গিবির উদ্গীৰ্ণ হওয়া আদৌ বিচিত্র নহে।

ভূ-ত্বকে ঠিক নিচে নবম ব্যাসন্ট শিলা জাতীয় উপাদান আছে। ভূ ত্বকে এমন বড় বড় ফাটল দেখা যায় যে ভূপৃষ্ঠ হইতে তাহারা পৃথিবীর অভ্যন্তরে ঐ শিলা পযন্ত পৌঁছিয়াছে। পার্শ্ববর্তী শিলাব চাপে হটুক বা স্থান বিশেষে লাভা উদ্ভূত হইবার জন্মই হটুক ইহা বা জোবে ভূগত হইতে বাহিরে ছটিয়া আসে। ইহাই আগ্নেয়গিবির উদ্গীৰ্ণ। ১১নং চিত্রে দেখিতে পাইবে প্রধান জ্বালামুখ হইতে লাভা উদ্গীৰ্ণ হইতেছে বটে কিন্তু আবণ্ড কয়েকটি অপ্রধান জ্বালামুখ বহিয়াছে। জ্বালামুখগুলি বাটব মত। যে প্রধান ফাটল হইতে লাভা নির্গত হয় তাহাব পাদদেশে একটি বিশাল গহ্ববে লাভা সঞ্চিত থাকে, তাহাকে **ভূ-বীৰ্য প্রকোষ্ঠ** (Magma chamber) বলা হয়। এই প্রকোষ্ঠ হইতে আবণ্ড ছোট বড় ফাটল ঝাঁকিয়া ঝাঁকিয়া গেলে জ্বালামুখ দিয়া বাহির হয়, কতকগুলি আবার ইহাব গহ্ববেই শেষ হইয়া যায়।

এখানে ওখানে বিক্ষিপ্তভাবে এক একটি আগ্নেয়গিবি আছে বলিয়া মনে হয়। কিন্তু প্রকৃত পক্ষে পর্বতমালাব ন্যায় ইহা বাও শ্রেণীবদ্ধ ভাবে আছে। আফ্রিকাব

পূর্ব ভাগ দিয়া মাদাগাস্কার ও কিউলিয়ান প্রভৃতি দ্বীপ পর্যন্ত একটি আগ্নেয়গিবি শ্রেণী আছে। পশ্চিম দ্বীপপুঞ্জ (West Indies) হইতে আবস্ত কবিয়া ভূমধ্যসাগর, এশিয়া মাইনর প্রভৃতির মধ্য দিয়া সুমাত্রা, জাভা দ্বীপপুঞ্জ এবং প্রশান্ত মহাসাগরের হাউই দ্বীপপুঞ্জ পর্যন্ত আর একটি আগ্নেয় গিবি শ্রেণী অবস্থিত। একপ আরও ছোট খাট আগ্নেয় গিবি শ্রেণী পৃথিবীতে অনেক আছে।

ভূমিকম্পের তুলনায় আগ্নেয়গিবির, মানুষের ক্ষতি কবিরার অধিক ক্ষমতা নাই। আগ্নেয়গিবির প্রভাব অল্প স্থানের মধ্যেই সীমাবদ্ধ থাকে এবং তাহার এক নির্দিষ্ট সীমা আছে। কিন্তু ভূমিকম্পের তাণ্ডব নর্তন কোথায় কি ভাবে কখন ধ্বংসলীলা আবস্ত কবিরে কেহই বলিতে পারে না এবং এই ধ্বংসক্রিয়া হয়ত অনন্ত প্রসারিত হইতে পারে।

**সংক্ষেপ**—পৃথিবীপৃষ্ঠের সঙ্কোচনের ফলে ভূত্বকে ভাঁজ, নতি ও ফাটল হইয়া থাকে—ভাঁজের মধ্যে ফাঁপা স্থান থাকার সম্ভব। ডাইক বা শিলার দুই পার্শ্ববুশিলা পবম্পর দৃঢ় সংবদ্ধ না হওয়ায় স্থাযোগ পাইলে সরিয়া বাইতে পারে, তাহাকে স্তবচ্যুতি বলা হয়। কেবলমাত্র শিল বা ডাইকের জন্মই যে স্তবচ্যুতি হয় এমন নহে। পথতের ঢালু দিয়া ইহার অংশবিশেষ গলিত হওয়ার নাম ভূমিপাত, এইকপ বরফ পড়িলে বরফ নামা বলে। স্তবচ্যুতি, আগ্নেয় গিবির উদ্গীৰ্ণ প্রভৃতি বহুবিধ নৈসর্গিক কাৰণে ভূমিকম্প হয়। একটি নির্দিষ্ট স্থান (নাভী) হইতে উৎপন্ন হইয়া ইহা চতুর্দিকে ছড়াইয়া পড়ে। পৃথিবীর কেন্দ্র ও ভূমিকম্পের নাভী যে রেখায় আছে তাহা পৃথিবীপৃষ্ঠে যেখানে আসিয়াছে তাহা ভূমিকম্পের উপকেন্দ্র। ভূকম্পলেখন যন্ত্র সাহায্যে দেখা গিয়াছে পৃথিবীপৃষ্ঠে প্রকম্পন কটিবন্ধে যে সকল দেশ পড়ে সেখানেই ভূমিকম্প বেশী হইবার সম্ভাবনা।

ভূগর্ভস্থ নরম ব্যাসট শিলা জাতীয় উপাদানের স্তব হইতে একটি ফাটল দিয়া বাষ্প, গলিত শিলা, ধূলা প্রভৃতির উদ্গীৰ্ণকে আগ্নেয়গিবির উদ্গীৰ্ণ বলা হয়। ভূপৃষ্ঠের যে স্থান দিয়া লাভা নির্গত হয় তাহাকে জ্বালামুখ বলে, ইহা বাটির মত হইয়া থাকে। প্রধান ও গৌণ জ্বালামুখ ভূবীর্ষ প্রকোষ্ঠের সহিত সংযুক্ত থাকে, যেগুলি দিয়া কেবলমাত্র লাভা নির্গত হয় তাহারা শান্ত এবং যেগুলি দিয়া বাষ্প বাহির হয় তাহারা বিস্ফোরক। কতকগুলি সুপ্ত থাকিয়া মাঝে মাঝে সক্রিয় হয়, তাহাদিগকে সবিবাম, যেগুলি হইতে নিয়ত উদ্গীৰ্ণ হয় সেগুলিকে অবিবাম এবং যেগুলি হইতে উদ্গীৰ্ণ হইতে দেখা যায় না তাহাদিগকে নির্বাপিত আগ্নেয়গিবি বলা হয়।

কিন্তু নির্বাপিত আগ্নেয়গিরি হইতেও যে সময়ে উদ্গীৰণ হয় না এমন নহে। আগ্নেয়গিরিগুলিও শ্রেণীবদ্ধ ভাবে আছে।

### তৃতীয় প্রশ্নমালা

১। ভাঁজ, নতি, স্তবচ্যুতি, ভূমিপাত, বরফপড়া প্রভৃতি কাহাকে বলে ও কেন হয় বুঝাইয়া দাও। (Explain with reason why the following occur—fold, tilt, landslide and avalanche )

২। ভূমিকম্পের কারণ কি? প্রধানত কি কি কারণে ভূমিকম্প হয়? (What are the causes of Earthquake? What are the principal causes?) (কঃ বিঃ ১৯৪০)

৩। ভূমিকম্পের নাভী ও উপকেন্দ্র কাহাকে বলে? প্রকল্পন কটিক্রম ভূবীষ একোঙ্গ ও জ্বালামুখ কাহাকে বলে? (What are the following —Centre and Epicentre of earthquakes, Scismic belt, magma chamber and crater?)

৪। কেন এবং কিরূপে আগ্নেয়গিরির উদ্গীৰণ হয় লিখ? (Why and how do volcanic eruption takes place?)

৫। স্থপ্ত, সক্রিয় ও নির্বাপিত আগ্নেয় গিরি বলিতে কি বুঝায়? (What are called the dormant, active and extinct volcanoes?)

৬। ভূমিকম্প এবং আগ্নেয় গিরি মানুষের কিরূপ ক্ষতি কবিত্তে পাবে বিস্তারিত ভাবে লিখ। (Write in detail how earth-quake brings mischief to the human beings)





## চতুৰ্থ পৰিচ্ছেদ

### মাটি

পৃথিবী পৃষ্ঠে সূক্ষ্ম শিলাচৰ্ণেৰে যে অগভীৰ আৱৰণ তাহাই মাটি। প্ৰধানত এই মাটিতেই গাছ পানী জন্মিষা থাকে। কিছু মাটি লইয়া পৰীক্ষা কৰিলে ইহাৰ বিভিন্ন উপাদানগুলিৰ পৰিচয় পাওঁয়া যাইবে।

কিছু মাটি গুঁড়া কৰিয়া লইলে প্ৰথমেই দেখা যায় ইহাৰ মন্যে অপেক্ষাকৃত বড় বড় কতকগুলি শক্ত দানা আছে, তাহাদিগকে হাতে কৰিয়া বাছিয়া পৃথক কৰা যায়। ইহাৰা ভীষণ শক্ত, সহজে ইহাদিগকে ভাঙা যায় না। কতকগুলি ইহাপেক্ষাও ক্ষুদ্ৰতৰ দানা আছে, চালুনি দিয়া ছাৰিয়া তাহাদিগকে পৃথক কৰা যায়। ইহাদিগকে **কাঁকৰ** (Gravel) বলে। ইহাদেৰ অপেক্ষা সূক্ষ্মতৰ পদাৰ্থ গুলিকে জল গুলিয়া স্থিৰ হইতে দিলে দেখা যায় জলেৰ বং ঘোলাটে থাকিলেও তদন্যদেৰ বালুকা বণা জন্মিয়া চিকমিক কৰিতে থাকে। জৈব পদাৰ্থ ও কাদা দ্ৰব হইয়া জলেৰ বং ঘোলাটে কৰিয়া দেয়। ফিটাৰ কাগজে ঐ জল ছাৰিয়া লইলে ফিটাৰ কাগজে কাদা ও জৈব পদাৰ্থ পড়িয়া থাকে। এই ছাঁকা জল ফুটাইয়া বাষ্পীভূত কৰিলে পাত্ৰেৰ তলায় চুন ও লবণজাতীয় পদাৰ্থ পাওঁয়া যায়। তন্মন্যে পটাশিয়াম ঘটিত লবণেৰ ভাগই অত্যধিক। তাহা হইলে মাটি মোটামুটি (১) কাঁকৰ, (২) বালি, (৩) কাদা, (৪) জৈব পদাৰ্থ ও (৫) চুন ও পটাশিয়ামেৰ লবণজাতীয় পদাৰ্থেৰ সমন্বয়ে প্ৰস্তুত বৰিয়া বুঝিতে পাৰি। উদ্ভিদ ও জীৱজন্তুৰ দেহ বিশ্লিষ্ট হইয়া মাটিকে জৈব পদাৰ্থগুলি সবববাহ কৰিয়া থাকে, তাহা তোমৰা পূৰ্বে কিছু বুঝিয়াছ এবং পৰে বিশেষৰূপে জানিতে পাৰিবে। উদ্ভিদেৰ দেহ কপাস্তবিত হইয়া ভূগৰ্ভে কয়লাৰ স্তৰ গঠন কৰে তাহা তোমৰা পৰে জানিতে পাৰিবে। এতদ্ভিন্ন মাটিতে অসংখ্য জীৱাণুও থাকে। তাহাৰা বাসায়নিক ক্ৰিয়া দ্বাৰা মাটিৰ উৰ্বৰতা সম্পাদন কৰে, শিলাগুলি বোদ বৃষ্টি

প্রভৃতির দ্বারা ক্ষয়প্রাপ্ত ও কপাস্তবিত হইয়া থাকে। বায়ু, জলপ্রবাহ, ভূমিপাত, হিমবাহ, আগ্নেয়গিবির উদগীবণ, ভূমিকম্প প্রভৃতি নানাপ্রকার নৈসর্গিক কাণ্ড দ্বারা ইহা স্থানান্তবিত হইয়া নানা স্থানে মৃত্তিকার স্তব কবিয়া অবস্থিত থাকে।

পবীক্ষা কবিলে লক্ষ্য কবা যায় ক্রমে বড শিলাগুলি ক্ষয়প্রাপ্ত হইয়া ক্ষুদ্র হইতে ক্ষুদ্রতব হইয়া বালি, ধূলা ও মাটিকপে ভূস্তব গঠন কবিয়াছে।



১০ নং চিত্র—পাথর হইতে মাটি

পাহাডে দেশে কপ খনন কবিলে মাটির অল্প নিচেই পচা পাথর এবং তাহার নিচে কঠিন বৃহত্তব পাথর পাওয়া যায়। কিন্তু বাংলা দেশেব দক্ষিণাংশেব অধিকাংশ

মাটিই নদীৰ স্রোতে পলি পড়িয়া চবভূমি সৃষ্টি কবিবার গ্ৰায় বহুকাল ধবিয়া সঞ্চিত হইয়াছে। তাই এদেশে বহুদব খনন কবিলেও পাথর পাওয়া যায় না। মাটিতে সব সমবেই কিছু না কিছু পবিমাণ জল থাকেই। মাটি হিসাবে কাহাতেও অত্যধিক জল থাকে কাহাতেও বা কম জল থাকে। ক্রমাগত শুকাইলে কিংবা চুল্লীতে পোড়াইলে দেখা যায় মাটি ক্রমশ হালকা হইতেছে। তাহার কাবণ আব কিছুই নহে—একপে উত্তপ্ত কবিলে ইহাৰ জলীয় ভাগ বাষ্পীভূত হইয়া উবিয়া যায়।

ক্রমশ ক্ষয় হেতু কোন এক স্থানেব শিলাৰ উপব তাহাবই বিচ্ছিন্ন অংশ মাটিকপে সঞ্চিত থাকিলে মাটি ও পাথরবেব উপাদান একই প্রকাবেব পদার্থ হয়, একপ মাটিকে **আবাসিক মাটি** (Residual soil) বলা হয়। কিন্তু নৈসর্গিক কাবণে অপব স্থানেব মাটি অগ্ৰ স্থানে সঞ্চিত হইলে তন্নিম্নবর্তী শিলাৰ উপাদান-গুলিব সহিত উক্ত মাটির উপাদানেব পার্থক্য দেখা যায়। একপ মাটিকে **চালিত মাটি** (Transported soil) বলা হয়।

নৌকাযোগে ভ্রমণে বাহিব হইলে দেখা যায় যেস্থানে নদীৰ পাড সত্ত্বে ভাঙ্গিয়া গিয়াছে, সেখানে কত বিভিন্ন বকমেব মাটিৰ স্তৰ যেন একটিৰ উপৰ একটি সাজান বহিয়াছে। কোনটিৰ বং শাদা, কোনটি কাল, কোনটি লাল, কোনটি বা হলুদে কিংবা আবও কত বকমেব, এ সকল বিভিন্ন স্তৰ হইতে মাটি সংগ্ৰহ কৰিলে দেখিতে পাওযা যায় ইহাৰা উপৰিতলেৰ অৰ্থাৎ নদীৰ চৰেব মাটি হইতে ভিন্ন প্ৰকাৰেব। ইহাদেব মধো কোনটি অধিক বালুকাময়, কোনটি অল্প বালুকাময় এবং এমন স্তৰও দেখা যায় যাহা কেবল বালুকা ছাড়া আব কিছু নয়। আমাদেব বাডী তৈয়াৰ কৰিবাব জন্ত্ৰ যে বালিৰ দৰকাৰ হয় তাহা একপ মৃত্তিকাৰ স্তৰ ছাড়া আব কিছু নয়।

**বেলেমাটি (Sandy soil)**—যে মাটিতে অধিক বালি থাকে তাহাকে বেলে মাটি বলে। ইহাতে সাধাৰণত পাঁচ হইতে ১০ ভাগ মাত্ৰ কাদা বাকি সমস্ত বালি। বেলে মাটিতে জল ঢালিলে অল্পক্ষণেব মধো সে জল শুষিয়া লয় এবং ইহাতে জল দিলে মাটি তত আটাৰ মত চিট্‌চিটে হয় না। তবু ইহাৰ উপৰ পলি পড়িলে সবিয়া, তিল, তবমুজ, ফুটি, পটল, খবমুজা প্ৰভৃতি বৰি ফসল বেশ জন্মাইয়া থাকে।

**এঁটেল বা কাদা মাটি (Clay soil)**—ইহাৰ শতকৰা ৫০ হইতে ৮০ ভাগ কাদা, ১ হইতে ১০ ভাগ চুন ও জৈব পদাৰ্থ, বাকি অংশ বালি। ভিজা অবস্থায় ইহা চট্‌চটে আটাৰ মত—শুকাইলে শক্ত হইয়া ফাটিয়া যায়। এঁটেল মাটি দিয়া জল এবং বায়ু সহজে চলাচল কৰিতে পাবে না বলিবা ইহা গাছেব পক্ষে বিশেষ উপযোগী নয়। কিন্তু যে সকল গাছেব জল বেশী দৰকাৰ সেই সকল গাছেব পক্ষে এই মাটি ভাল। জলমগ্ন থাকিলে ইহাতে প্ৰচুব ধান ও যব জন্ম। ইহাতে চুন ছিটাইয়া ইহাকে অগ্ৰ চাষেৰ উপযোগী কৰিয়া লওয়া হয়।

**দো-অঁশ মাটি (Loamy soil)**—উপযুক্ত দুই প্ৰকাৰ মাটিৰ মাঝামাঝি, দো-অঁশ মাটিতে শতকৰা ৩০ হইতে ৫০ ভাগ কাদা ১০ ভাগ চুন জাতীয় ও জৈব পদাৰ্থ এবং অবশিষ্টাংশ বালিকণা।

ধান এবং যব ছাড়া প্রায় সকল গাছের পক্ষে দো-আঁশ মাটিই সর্বোৎকৃষ্ট, কাবণ ইহাতে জল ঢালিলে ছিদ্র পথ দিয়া ছড়াইয়া পড়ে, শিকড় দিয়া গাছ তাহাই শুষিয়া লয়। ইহাব কণার ফাঁকে ফাঁকে বায়ু থাকে তাহাও উদ্ভিদ সহজে গ্রহণ করিতে পায়।

**চুনে মাটি** (Calcareous soil)—ইহাতে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম কার্বনেট বিদ্যমান থাকায় ইহা খুব উর্বর। চুন সকল বকম মাটিতেই অল্প বিস্তর থাকে। এই মাটির চুনের সাহায্যে পাচিত উদ্ভিদ দেহ পরিবর্তিত হইয়া সোবা সোবাব গ্ৰায় সাব উৎপন্ন করে। ইহাতেও প্রায় সকল বকম ফসল হইতে পারে। সিম, মটর ও মটর জাতীয় গাছের পক্ষে ইহা সবিশেষ উপযোগী।

**পিট মাটি** (Peat soil)—ইহাতে প্রচুর পরিমাণে জৈব পদার্থ থাকে। ইহাতে চা ভিন্ন অণু কিছুই চাষ ভাল হয় না।

বাংলা দেশে প্রথমোক্ত তিন প্রকার মাটিই অধিক।

গলিত উদ্ভিদ দেহ মাটির বিশেষ প্রয়োজনীয় অংশ—ইহা যে মাটিতে নাই তাহা সম্পূর্ণ অনুর্বর। ইহা সহজে জল শোষণ করিয়া দেহমধ্যে সংকীর্ণ করিয়া রাখিতে পারে। তাই যে সব মাটিতে গলিত উদ্ভিদ থাকে তাহাব উপর অধিক দিন বৃষ্টি না হইলেও গাছ পানী সতেজ থাকিতে পারে।

**মাটির সহিত উদ্ভিদের সম্পর্ক**—উদ্ভিদ খাওয়ার বতকাংশ মাটি হইতে এবং বতকাংশ বায়ু মণ্ডল হইতে সংগ্রহ করে। মাটি হইতে মূল দ্বারা উদ্ভিদগণ বস ও লবণ জাতীয় পদার্থগ্রহণ করিয়া কলেবর পুষ্ট করে। অতএব মাটির উপাদান ভেদে সেখানকার গাছ পানীর প্রকৃতিও ভিন্ন হইতে পারে। মাটির ভিতর উপযুক্ত পরিমাণ খাদ্য পাঠিলে গাছ যেমন সতেজ হয়, খাওয়ার অভাব হইলে তাহাও তেমনই ক্রমে নিশ্শুভ হইয়া মরিয়া যায়। তাই অল্প পরিমাণ মাটিতে বড় গাছ বাঁচিতে পারে না বা ছোট গাছও অধিক দিন বাঁচে না। অতএব গাছের পক্ষে উপযুক্ত প্রকার মাটি উপযুক্ত পরিমাণে থাকা চাই। মাটি উদ্ভিদের খাদ্যভাণ্ডারের বৃহত্তর অংশ।

মানুষ হইতে আবশ্য কবিয়া কীট পতঙ্গাদি অতি ক্ষুদ্র ইতব প্রাণিগণও প্রত্যক্ষ বা পৰোক্ষভাবে বৃক্ষলতাৰ উপৰ নিৰ্ভৰ কবিয়া জীবন ধারণ কৰে। বৃক্ষলতা জীবগণেৰ আহাৰ, বাসস্থান, বোগে ঔষধ ও পথা দিয়া আসিতেছে। এই বৃক্ষলতা মাটিতেই জন্মায়। বিভিন্ন মাটিতে বিভিন্ন প্ৰকাৰ গাছ জন্মায়। যে বকম মাটিতে গম ভাল হয়, সে বকম মাটিতে আলু, পটল ভাল না হইতে পাবে। এইজন্ম দেখা যায় এক এক দেশে এক এক প্ৰকাৰ ফসল অধিক পৰিমাণে জন্মে। আৰাব অনেক ফসল আদৌ জন্মে না। সাধাৰণত লোণা জায়গায় নাৰিকেল গাছ জন্মায়, এজন্য সমুদ্র তীববৰ্তী কিংবা লোণা জায়গায় প্ৰচুব পৰিমাণে নাৰিকেল জন্মে, কিন্তু পাহাড়িয়া দেশে নাৰিকেল আদৌ জন্মে না। সেখানে নাৰিকেল গাছ লাগাইলে বাঁচিবে না, বাঁচিলে ভাল ফল দিবে না। তেমনই পাহাড়িয়া দেশে যত সহজে একটা শাল গাছ জন্মিয়া সতেজ হইয়া উঠে, আমাদেব দেশে তত সহজে জন্মায় না।

মাটিৰ পাৰ্থক্য চাষেৰ প্ৰণালীও বিভিন্ন হইয়া থাকে। লাঙ্গল দিয়া মাটিৰে চাষিয়া ওলট পালট কবিয়া লওয়া হয়, কোদাল দিয়া গভীৰতৰ কবিয়া এই কাৰ্য সম্পাদন কৰা হয়। মই দিয়া মাটি গুঁড়া ও সমতল কৰা হয়। কোন কোন মাটিতে আগুন বাথিলে আঁলা হইয়া উদ্ভিদ বিশেষেৰ উপযোগী হয়, এইজন্ম হোমবা অনেক ফাল্গন মাসে বাঁশ বনে আগুন লাগাইতে দেখিয়াছ। মাটিতে বোলাৰ (Roller) দিয়া কখন কখনও ঘন বৰিতে হয়। কিন্তু সকল ব্যবস্থাগুলি সময় মত অৱস্থা বৃষ্টিয়া উদ্ভিদ বিশেষেৰ জন্ম কৰিতে হয়। নতুবা ইহা হইতে উপকাৰ না হইয়া অপকাৰও হইতে পাবে। ভিজা এটেল মাটিতে লাঙ্গল কৰিলে মাটি আঁলা না হইয়া বসিয়াই যাইবে।

মাটিৰ প্ৰধান গুণ ইহা আগুনে পুড়ে না এবং ইহাৰ প্ৰধান উপাদান ই অদাহ স্ফল্কণা, জল ও বায়ু। প্ৰত্যেক স্ফল্কণাৰ চাৰিদিকে একটা কবিয়া জল ও বায়ুৰ আবৰণ থাকে। শিকড় দিয়া গাছ, মাটি হইতে এই জল ও বায়ু গ্ৰহণ কৰে। মাটি শুক হইয়া গেলে তাহাৰ মধ্যে বায়ু চলাচলেৰ স্তবিধা নষ্ট

হইয়া যায় বলিয়া জমি কৰ্ষণ কৰিতে হয়, গাছেৰ গোডাব মাটি কোপাইয়া আলগা কৰিয়া দিতে হয়। মাটিতে অল্প পরিমাণে সহজদাহ জৈব পদার্থ বর্তমান থাকে। মাটিৰ অদাহ সূক্ষ্মকণাগুলি আৰাব প্রধানত কাদা, বালি ও চুন জাতীয় পদার্থ প্রভৃতিতে বিভক্ত। ইহাদেব আনুপাতিক পরিমাণেৰ উপৰ মাটিৰ পার্থক্য নির্ভব কবে। মাটিতে জৈব পদার্থ মিশ্রিত হইলে মাটিৰ উৎপাদনী শক্তি বাডিয়া যায়। এইজন্য শিং গুঁড়া, খইল, গোবৰ প্রভৃতি পদার্থ সাব হিসাবে জমিতে ছড়াইয়া দেওবা হয়। তাহা ছাড়া মৃত জীবজন্তুৰ দেহ, উদ্ভিদেব দেহ গলিত হইয়া প্রতিনিয়তই মাটিতে মিশ্রিত হইতেছে।

**সংক্ষেপ ৫—**ভূ-পৃষ্ঠে সূক্ষ্ম শিলাচূৰ্ণেৰ আবৰণ মাটি। ইহাৰ উপাদান কঁকর, বালি, কাদা, জৈব পদার্থ, চুন ও পটাসিয়ামঘটিত লবণ জাতীয় পদার্থ। বড় বড় শিলা ক্ৰমে ক্ৰমে প্রাপ্ত হইয়া সূক্ষ্মতিসূক্ষ্ম স্তরে সজ্জিত হইয়া মাটিৰ স্তরে পরিণত হইয়াছে। স্থানীয় পাথৰ ক্ৰয়প্রাপ্ত হইয়া যে মৃত্তিকা সঞ্চিত হয় তাহা আবাসিক মাটি এবং চালিত হইয়া আসিলে তাহাকে চালিত মাটি বলা হয়। উপাদান হিসাবে মাটি বিভিন্ন নামে কথিত হয়; যথা বেলেমাটি, এঁটেল মাটি দোআঁশ মাটি, চুন মাটি ও পিট মাটি। এক এক প্রকাৰ মাটি এক এক প্রকাৰ উদ্ভিদেব পক্ষে উপকাৰী। যে মাটিতে ধান, যব ইত্যাদি হয় সে মাটিতে আলু, পটল, কুমড়া ইত্যাদি ভাল না হইতে পাবে। মাটিতে উপযুক্ত পরিমাণ বিভিন্ন সার দিয়া মাটিৰ গুণ পৰিবৰ্তিত কৰিয়া উদ্ভিদ বিশেষেৰ উপযোগী কৰিয়া লইতে পাবা যায়। মাটি উদ্ভিদেব পাত্ত ভাঙাৰেৰ বৃহত্তৰ অংশ। চাষেৰ জন্তু মাটিৰ বিভিন্ন প্রকাৰ পাট কৰিয়া লইতে হয়, তবেই ইহা উপযুক্ত পরিমাণ ফসল দেয়।

১। মাটি কিক্রাপ উৎপন্ন হইয়াছে লিখ—ইহাৰ প্রধান উপাদান কয়টিৰ নাম কয় এবং কিকপে তাহাদেব অস্তিত্ব প্রমাণ কৰা যায় লিখ। (Write how the soil has been formed What are its chief constituents and how their presence can be proved ?)

• ২। কয় প্রকারের মাটি আমাদের দেশে সাধারণত দেখিতে পাওয়া যায় এবং তাহাদের সুবিধা ও অসুবিধা কি বল। (How many kinds of soil are found in our country and what are their advantages and disadvantages ?)

৩। আবাসিক ও চালিত মাটি কাহাকে বলে? বেলে মাটি ও কাদামাটির পার্থক্য কি লিখ। (What are the differences between residual soil and transported soil? Write the differences of sandy and clay soil.)

৪। কোন মাটি বৃক্ষ লতার পক্ষে ভাল এবং কেন? (Which kind of soil is suitable for plants and why?)

---

# পঞ্চম পরিচ্ছেদ

## কয়লা ও খনিজ তৈল

মানব সভ্যতার মূলে যে সকল দ্রব্য অতীব প্রয়োজনীয় তন্মধ্যে কয়লা প্রধানতম বলিলেও অত্যুক্তি হয় না। প্রত্যক্ষভাবে কয়লা পুড়িয়া এঞ্জিন চালান, কোল গ্যাস উৎপন্ন করিয়া সহবে পথে আলো জ্বালায়, বিজ্ঞান পরীক্ষাগারে বার্নার (Burner) এবং গৃহে উমান জ্বালাইয়া থাকে। পৰোক্ষ ভাবে ইহা হইতে পিচ, আলকাতলা এমন কি ব°, গ্ৰেইট, স্ফটিক দ্রব্যও কয়লা হইতে প্রস্তুত হয়। কয়লা পুড়াইয়া পাথর হইতে বাতু নিষ্কাশিত করা হয়।

ঘবে কাঠ পুড়াইয়া কাঠ কয়লা পাওয়া যায়, কিন্তু পাথরে কয়লা সহিত কাঠ কয়লাব কতকগুলি সামঞ্জস্য থাকিলেও পাথরক্যাও কিছু দেখা যায়। আবার পাথরে কয়লাও কয়েক প্রকারের আছে। ইন্ডিয়ান বেলেট, ষ্টীমাবেট বা অগ্ন্যাগ্ন কল কাঠখানার এঞ্জিনে যে কয়লা পোড়ান হয় তাহাকে ষ্টীম কয়লা (Steam coal), উনানে পোড়াইবার জন্য যে কয়লা ব্যবহার করা হয় তাহাকে কোক কয়লা (Coke) বলে, অ্যান্থ্রাসাইট (Anthracite) নামক কয়লা সবোৎকৃষ্ট। জলিবার সময় ইহা হইতে ধোঁয়া হয় না বলিলেই চলে।


সকল প্রকার কয়লাব প্রধানতম উপাদান অধ্বাৎ এতদ্ভিন্ন হাইড্রোজেন অক্সিজেনও ইহাতে বর্তমান থাকে—কখনও মৌলিক ভাবে আবার কখনও একটি অপবের সহিত যৌগিক পদার্থ করিয়া। এই তিনটি মূল পদার্থের পরিমাণের পার্থক্য অনুসারে কয়লাব শ্রেণী বিভাগ হইয়াছে।

কাঠ কয়লা পাথরে কয়লা অপেক্ষা কত লঘু, দুইটি পাশাপাশি রাখিয়া দেখিলে পাথরে কয়লাকে পাথরের গাষ মনে হয়। ইহাতে বিভিন্ন স্তর সজ্জিত থাকায় ইহাকে পলল শিলাব অন্তর্ভুক্ত করা হয়। তোমরা শুনিয়া আশ্চর্য হইবে, কাঠ কয়লা যেমন কাঠ হইতে উৎপন্ন হইয়াছে, পাথরে কয়লাও তেমনই কাঠ



হইতে উৎপন্ন হইয়াছে। তবে কাঠ কয়লা অল্প সময়ে পুড়িয়াছে এবং ইহাব অধিকতর উপাদানগুলি অন্য পদার্থের সহিত মিশিয়া গিয়াছে, কিন্তু পাথুরে কয়লা বহুকাল ধরিয়া দক্ষ হইয়াছে এবং এখনও ইহাব উপাদানের অনেকাংশ অন্য পদার্থের সহিত সংযুক্ত হইতে বাকি আছে বলাইয়া ইহা এখনও কাঠ কয়লা অপেক্ষা ভাবী।

তোমাদের মতো বাহাৰা কয়লাৰ খনি দেখিযাছ তাহাৰা নিশ্চয় লক্ষ্য কৰিযাছ ভূগৰ্ভেৰ প্ৰথম হইতে আবন্ত কৰিযা শেষ পৰ্যন্ত অবিচ্ছিন্ন কয়লাৰ স্তৰ নাই। এক একটি কয়লাৰ স্তৰ হাজাৰ হাজাৰ ফুট পৃথক হইলেও কয়লা স্তৰেৰ মাৰো মাটি, বালুকা, প্ৰস্তৰ ও শিলা মাটিও স্তৰে স্তৰে সাজান আছে। চিত্ৰ দুইটি কয়লাৰ স্তৰেৰ উপৰে ও নিচে অন্যান্য যে স্তৰ আছে সেই স্তৰগুলি ১, ২, ৩ ইত্যাদি সংখ্যা দ্বাৰা দেখান হইল। পৰ্যায় ক্ৰমে ইহাবা কেমন সজ্জিত থাকে তাহাও দেখ।



এক একটি খনি ছয় সাত হাজাৰ ফুট গভীৰও হইয়া থাকে। কয়লা উত্তোলনকালে ইহাব উপৰ উদ্ভিদেৰ জীবাশ্ম এবং কয়লাৰ কিয়দংশ অবিৰূত কাঠ-

১৩নং চিত্ৰ—মাটি, বালুকাস্তৰ, শিলা ও কয়লা


পণ্ডে প্ৰভৃতি লক্ষ্য কৰিযা বৈজ্ঞানিকগণ কয়লাৰ জন্ম সম্বন্ধে একটি ধাৰণা কৰিযা লইয়াছেন। তাহাৰা বলেন পৃথিবীতে মানব সৃষ্টি হইবাব পূৰ্বে ইহাতে কেবল

মাত্র উদ্ভিদ জন্মাইত। সূর্যোত্তাপে তাহা বা বর্ধিত হইত কিন্তু কোন কাঞ্চে ব্যয়িত হইত না। ক্রমে পৃথিবীর বহু স্থান জুড়িয়া এই উদ্ভিদ জন্মাইতে থাকে।



১৪নং চিত্র—পত্রাঙ্কিত জীবাশ্ম

অবশেষে হাজার হাজার কি লক্ষ লক্ষ বৎসর পবে পৃথিবীতে মনুষ্য সৃষ্টির বহু পবে, তাহা বা এই অশেষ কল্যাণকর অফুবন্ত শক্তির উৎস কয়লাব সন্ধান কবিয়া



১৫নং চিত্র—গাছের গুঁড়ির জীবাশ্ম

তখন পৃথিবীর সর্বত্র জলাভূমি ছিল এবং বায়ুতে জলীয় বাষ্প এবং কার্বন ডাই-অক্সাইড অধিক পরিমাণে ছিল—ইহাতে সহজে গাছ পালা বর্ধিত হইত। উদ্ভিদ গুলি প্রধানত ফাৰ্ণ জাতীয় ছিল। মানুষ সে যুগেব নাম দিয়াছে

কালক্রমে ভূ-চাঞ্চল্য হেতু উদ্ভিদগুলি স্তবে স্তবে অন্তর্গত পলল শিলার গ্ৰায সঞ্চিত হয়। পুনরায় হযত ইহাব উপর জল মাটি ইত্যাদিব স্তব পড়িয়া যায়। আবার সেই স্তবে উদ্ভিদ জন্মায়। এইরূপে ইহা বা ভূগর্ভে সঞ্চিত হইয়া চাপে প্রস্তুত হইয়া যায়। ভূ-গর্ভেব তাপে ইহা বা ক্রমে দৃঢ় হইয়া কাল হইতে আবস্ত কবে। ভূগর্ভে অক্সিজেনেব আধিক্য না থাকায় এই দহন কার্য অতি মৃচ্ ভাবে চলিতে থাকে।

কত অমানুষিক কাযই না ইহাব দ্বাৰা কবিয়া লইতেছেন। বৈজ্ঞানিক-গণ বলেন, যে যুগে মানুষেব এই প্রয়োজনীয় পদার্থ ভূগর্ভে সঞ্চিত হইতে আবস্ত হয়, তখন পৃথিবীতে কেবল মাত্র উদ্ভিদেব বাজত্ব ছিল।

অঙ্গার যুগ ( Carboniferous age) , কিন্তু সে যে কতকাল পূর্বে তাহা ধারণা অতীত। বার্ণীগঞ্জ ও আসানসোল বাংলা দেশের কয়লাব কেন্দ্র। বিহাবে ঝবিয়া অঞ্চল কয়লার খনিব জন্ম বিখ্যাত। পাঞ্জাব, আসাম এবং মধ্য-প্রদেশেও কয়লাব খনি আছে।

### খনিজ-তৈল


অনেক স্থলে খনিজ তৈলের দ্বারা কয়লাব কাজ চালান হয়। ছোট ছোট সীমাব, মোটর গাড়ী, এবোম্পন প্রভৃতির ইঞ্জিনে কয়লাব পবিবর্তে খনিজ-তৈল ব্যবহার করা হয়।

তৈল সাধারণত তিন প্রকারের (১) জৈব, যথা :—কড মাছের তৈল (২) উদ্ভিজ্জ, যথা :—সবিষা, নাবিকেল, বেডি প্রভৃতির তৈল এবং (৩) খনিজ, যথা :—পেট্রোল, কেবোসিন, ইঞ্জিনের তৈল ইত্যাদি। অনুসন্ধান করিলে বুঝিতে পারিবে খনিজ তৈলও প্রধানত উদ্ভিজ্জ এবং জৈব তৈল, তবে ইহাদিগকে মাটির ভিতর হইতে পাওয়া যায় বলিয়া খনিজ তৈল বলা হয়। মাটির ভিতরে কিরূপে তৈল সঞ্চিত হয় দেখা যাউক।

বিশ্লেষণ করিয়া দেখা গিয়াছে খনিজ তৈলের সহিত যে দাহ্য বাষ্প নির্গত হয় তাহা খনিজ তৈলের ন্যায়ই অঙ্গার এবং হাইড্রোজেন ঘটিত যৌগিক পদার্থ। পূর্বে তামবা জানিয়াছ আগ্নেয়গিরির উদ্গীৰ্ণের সময় ঐকপ সহজ দাহ্য বাষ্প ভূগর্ভ হইতে নির্গত হইয়াই আপনা আপনি জলিয়া উঠে। যেখানে এইকপ সহজ দাহ্য বাষ্প নির্গত হয়, কল্পনা করা যাইতে পারে—তাহার নিকটে কোথাও হয়ত খনিজ তৈল সঞ্চিত আছে।

খনিজ তৈলের উপাদান এবং কয়লাব উপাদান গুলি প্রায় এককপ হওয়ায় অনেকে মনে করেন—কয়লা যেমন উদ্ভিদ দেহের আংশিক দহনের পবিণাম, খনিজ তৈলও সেইকপ ভিন্ন প্রক্রিয়ায় আংশিক দহন উদ্ভিদ দেহের পবিণাম। ভূগর্ভস্থ তাপ এবং চাপের পরিমাণের বিভিন্নতাই ইহাব কারণ, অবস্থা বিশেষে কোথাও কয়লা কোথাও বা খনিজ তৈলরূপে সঞ্চিত হইয়া আছে।

সমুদ্রতীর প্রাণিত হইবার পবে যখন জল নামিয়া যায় তখন স্থানে স্থানে গর্তের মধ্যে মাছ ও অন্যান্য সামুদ্রিক জীব আটকাইয়া পড়ে। এই সামুদ্রিকজীব-পূর্ণ গর্তগুলি যখন ভূ-চাকল্য হেতু বসিয়া যায় তখন উহাব উপরে শিলাস্তর জন্মিতে থাকে। প্রাণিগুলিব দেহে তৈলাক্ত পদার্থ বর্তমান এবং তাহা হইতে একপ্রকার জীবাণু (Bacteria) জন্মে। ভূগর্ভস্থ তাপ এবং চাপের দ্বারা এই ব্যাকটিবিয়ার বাসায়নিক ক্রিয়ার ফলে উক্ত জীবদেহ হইতে তৈলাক্ত পদার্থ গুলি খনিজ তৈলে পবিণত হয়। এইজন্য ইহাকে সমুদ্রোপকূলে উৎপন্ন পলল শিলাব অন্তর্নিহিত হইয়া থাকিতে দেখা যায়।



১৬নং চিত্র—তৈলের খনি

খনি হইতে তৈল দুই প্রকারে উত্তোলন করা যায়। ভূগর্ভে যে স্তরে এই খনিজ তৈল সঞ্চিত হয় সেই স্তর বালুকাপ্রস্তুবময় এবং উহাব উপরে ও নিচে অপ্রবেশ (Impervious) শিলা থাকিলেই সেখান হইতে তৈল উত্তোলন করা সম্ভব হয়।

যখন তৈল শিলারাশি হইতে পৃথক হইয়া পুকুরের দলের দ্বারা একস্থানে

সঞ্চিত থাকে তখন ভূপৃষ্ঠ হইতে সেই স্থান পর্যন্ত একটি ছিদ্র করিয়া দিলে চাপে তৈল আপনা আপনি খনি হইতে একেবারে ভূ-পৃষ্ঠে প্রস্রবণের ন্যায় বাহিব হইয়া আসে। ক্রমে চাপ কমিয়া গেলে পাম্প করিয়া তৈল টানিয়া লইতে হয়। এরূপ ক্ষেত্রে যেখানে তৈল সঞ্চিত থাকে সেখানে তিনটি স্তর প্রায়ই দেখা যায়। তিনটি স্তরে যথাক্রমে জল, তৈল এবং দাহ্য বাষ্প পব পব সঞ্চিত থাকে। সর্বনিম্নে জল, তাহাব পর তৈল এবং সর্বোপরি দাহ্য বাষ্প থাকে। ভূগর্ভ হইতে বিভিন্ন স্তর পর্যন্ত নল প্রোথিত করিয়া পাম্প দ্বারা তিনটি পদার্থই বাহিব করা যায়।

অনেক সময় তৈল এইরূপে সঞ্চিত হইয়া থাকে না। পৃথিবীর অভ্যন্তরস্থ শ্লেট জাতীয় শিলাব মধ্যে নিসিক্ত থাকে। তখন ঐ শিলা ভাঙ্গিয়া কোন একটি দৃঢ় পাত্রে প্রথমে উত্তাপ প্রয়োগ করিলে ঐ তৈল নির্গত হয়। খনি হইতে যে বাষ্প বাহিব করিয়া লওয়া হয় তাহা, জ্বালাইবার জন্ত ব্যবহৃত হয়। খনিজ তৈল পাতিত করিয়া উহাকে বিভিন্ন অংশে বিভক্ত করা হয় এবং তাহারা বিভিন্ন কার্যে লাগিয়া থাকে। অল্প উত্তাপেই যে তৈল পাতিত হইয়া আসে তাহা পেট্রোল। ইহাব স্ফুটনাক ৭০° হইতে ১২০° ডিগ্রী মধ্য। পেট্রোল প্রধানত মোটর ইঞ্জিন চালানোর জন্ত, গবম কাপড় কাচিবার জন্ত (Dry Washing) এবং ববার প্রস্তুত করিবার জন্ত ব্যবহৃত হয়। পেট্রোলের পবেই কেবোসিন—ইহাব স্ফুটনাক ১৫০° হইতে ৩০০° ডিগ্রী। কেবোসিনের আলো পাড়া গাঁয়ে প্রত্যেক গৃহেই ব্যবহৃত হয়। ইহাতে কলকাবখানার এঞ্জিন চালিত হয়, পুকুরে ছড়াইয়া ইহাব দ্বারা মশাব ডিম নষ্ট করা হয়। ৬০০ ডিগ্রী বেসী স্ফুটনাক বিশিষ্ট অংশের নাম এঞ্জিন তৈল (Engine oil)।

এঞ্জিন তৈল হইতে আবার ভ্যাসেলিন (Vaseline) পাওয়া যায়। খনিজ তৈল হইতে মোম পাওয়া যায়। মোমের বাতি জ্বালাইয়া আমবা আলো পাই।

ব্রহ্মদেশ, আসাম এবং পাঞ্জাব তৈল খনিব জন্ত বিখ্যাত, আমেবিকাব যুক্ত প্রদেশে অত্যধিক পরিমাণে খনিজ তৈল পাওয়া যায়।

**সংক্ষেপ :-** কয়লা মানুষের নানাবিধ কাষে সহায়তা কবে। বলিতে গেলে ইহা সবপ্রকার শক্তির উৎস। পৃথিবীর জন্মের বহুযুগ পরে ইহার বহু স্থানে অনেক উদ্ভিদ জন্মাইয়াছিল। কালক্রমে ভূ-চাপল্য বশত ঐ সকল উদ্ভিদ মাটি চাপা পড়িয়া পৃথিবীর তাপে ও চাপে আংশিক ভাবে দক্ষ হইয়া কয়লাব কপ ধারণ কবিয়াছে। কয়লার মধ্যে অবিকৃত কাঠ এবং উদ্ভিদের জীবাণু উপযুক্ত ধারণার সহায়ক। কয়লাব উপাদান ও প্রকৃতিগত পাথক্য হিসাবে ইহাৰা বিভিন্ন শ্রেণীতে বিভক্ত। পাথুবে কয়লা পলল শিলা জাতীয়, ভূগর্ভে স্তবে স্তবে সঞ্চিত থাকে। এক একটি স্তব হাজার হাজার ফুট পুরু। ইহাদের মধ্যে বালুকা, প্রস্তর, মাটি ও শিলামাটির স্তবও পযাধক্রমে সঞ্চিত থাকে। কয়লা, পোড়াইয়া কোলগ্যাস, পিচ, আলকাতরা, রং এবং নানাপ্রকার ঔষধ ও সুগন্ধি দ্রব্য পাওয়া যায়। আসানসোল, বাণীগঞ্জ কবিয়া, পাঞ্জাব প্রভৃতি স্থানে কয়লাৰ খনি আছে।

কয়লাব গ্যাস খনিজ তৈলও বহুবিধ জ্বালানি কাজে ও এঞ্জিন চালাইবার কাজে লাগে। উদ্ভিদ এবং জৈব পদার্থ হইতে ইহা উৎপন্ন হইয়াছে। ভূ-চাপল্য হেতু সামুদ্রিক প্রাণী এবং উদ্ভিদ মাটি চাপা পড়িয়া কালক্রমে ভূগর্ভে চাপ ও তাপ তৈলময় পদার্থে পরিণত হয়। ঐ তৈল বালুকাপ্রস্তরের সহিত নিসিক্ত থাকে। ইহাৰ উপরে ও নিচে অপ্রবেশ্য শিলাস্তর থাকে। চূষাইয়া তৈল যখন একটি স্তবে সঞ্চিত হয় নলী দিয়া তখন উহাকে বাহির কবিয়া লওয়া হয়। কখনও কখনও তৈলময় শিলাগুলিকে অত্যধিক উত্তপ্ত কবিয়াও তৈল বাহির করা হয়। ক্ষুটনাক প্রভেদে ঐ তৈল পেট্রোল, কোবাসিন এবং এঞ্জিন তৈল নামে অভিহিত হইয়া থাকে এবং বিভিন্ন কাজে লাগে। এঞ্জিন তৈল হইতে ডায়েসেলিন এবং খনিজ তৈল হইতে মোম পাওয়া যায়। ব্রহ্মদেশ, আসাম এবং পাঞ্জাব তৈলেৰ খনি আছে।

### পঞ্চম প্রশ্নমালা

১। কয়লা কিক্রমে ভূ-গর্ভে সঞ্চিত হইয়াছে এবং উহা কি কি কাজে লাগে বিস্তৃত ভাবে লিখ। অথবা প্রমাণ কব কয়লা উদ্ভিদ হইতে উৎপন্ন পলল শিলা জাতীয় পদার্থ। (Write how the coal was formed and state its uses. Or Prove, coal is a kind of sedimentary rock.)

২। জন্ম হইতে আবস্ত কবিয়া মানুষের কাজে লাগা পর্যন্ত কয়লাব জীবনোত্হাস লিখ।

(Write down the history of formation of coal upto its uses.)

৩। খনিজ তৈলেৰ উৎপত্তি কিক্রমে হইল? কিক্রমে ইহাদিগকে খনি হইতে তোলা হয় এবং ইহাৰা কি কাজে লাগে বিস্তৃত ভাবে লিখ। (Write in detail how mineral oils are formed, how they are drawn out and their uses.)

## উদ্ভিদ-বিজ্ঞান

### প্রথম পরিচ্ছেদ

#### উদ্ভিদের শ্রেণীবিন্যাস

দেহের আকৃতি ও প্রকৃতিগত পার্থক্য অনুসারে জীবগণ কত বিভিন্ন শ্রেণীতে বিভক্ত। মানুষের দেহের আকৃতি ও প্রকৃতি, সিংহ ব্যাঘ্রের আকৃতি ও প্রকৃতি ইত্যাদি কত ভিন্ন, অথচ মানুষও প্রাণী, সিংহ ব্যাঘ্রাদি পশুগণও প্রাণী। আবার মশা, মাছি, পিপীলিকা প্রভৃতি কীট পতঙ্গও প্রাণী। ইহাদের সহিত মানুষের তুলনা করিতে গেলে কত পার্থক্য পবিলক্ষিত হয়। তথাপি প্রাণী হিসাবে মানুষের সঙ্গে ইহাদের অনেক সাদৃশ্যও আছে।

এইরূপ সাদৃশ্য এবং পার্থক্য উদ্ভিদ জগতেও বিদ্যমান। একটি বিশালকাষ বট বৃক্ষের সহিত ছবি। ঘাসের তুলনা করিতে গেলে মনে হয় না যে ইহারা এক জাতীয় জীব,—উদ্ভিদ। একটি নির্দিষ্ট জাতীয় উদ্ভিদের সকল গুলির আকার সমান নয়, তাহাদের পাতা সমান আকার বা আয়তনেও নয়, সকল গুলির ফল এক একম আকারের নয়। ধান, আম, ছবি, শেওলা, ফনি মনসা, ব্যাঘ্রের ছাতা প্রভৃতি উদ্ভিদের মধ্যে যে পার্থক্য তাহা কেবল মাত্র আমাদের সৃষ্টি বহুশ্রেণী বৈচিত্র্য বৃদ্ধিবার সুযোগ দিয়া থাকে।

এই সকল বিভিন্ন প্রকার উদ্ভিদের সহিত পরিচিত হইতে হইলে ইহাদের শ্রেণী বিভাগ প্রয়োজন। জগতের সকল প্রকার উদ্ভিদের সহিত পরিচিত হওয়া মানুষের একটি জীবনে ঘটয়া উঠা সম্ভব নয়, অথচ মানুষ নানা কারণে সর্বাপেক্ষা বেশী নির্ভর করে উদ্ভিদের উপর। উদ্ভিদ তাহাদের আহাৰ যোগায়, বোগে ঔষধ ও পথ্য যোগায় এবং আহাৰ ও ঔষধপথ্য প্রস্তুত করিবার নিমিত্ত নিজে দক্ষ হইয়া উত্তাপরূপ শক্তি যোগায়। এইরূপে

মানুষের জীবনে কখন কোন্ উদ্ভিদের প্রয়োজন হইবে কে বলিতে পারে ? তাই অজানা। উদ্ভিদের আকৃতি ও প্রকৃতিগত পার্থক্য অনুসারে তাহাদের বংশ পবিচয় সম্বন্ধে আমাদের কিছু জ্ঞান থাকা উচিত।

তোমরা শুনিয়া আশ্চর্য হইবে পুকুরের ঘাটে যে শেওলা জন্মে, পচা খড়ের উপর যে ব্যাঙের ছাতা জন্মে, এমন কি গাছের গায়ে যে ছাতা পড়ে অথবা কয়েকদিনের ভিজা জুতায় কিংবা অন্য দ্রব্যে যে ভাবনা পড়ে তাহাও উদ্ভিদ। এখন আম, জাম, কাঁটাল প্রভৃতি গাছের সহিত তুলনা কবিত্তে গেলে ইহাদিগকে উদ্ভিদ বলিয়া বিশ্বাস কবিত্তে প্রবৃত্তি হয় না, অথচ প্রকৃতই ইহাও উদ্ভিদ। কিন্তু আম, জাম, কাঁটাল প্রভৃতি গাছ যেমন বীজ হইতে জন্মায় ইহারা সেকণ বীজ হইতে জন্মায় না। যে সমস্ত উদ্ভিদ বীজ হইতে



১নং চিত্র—পাইন গাছ

জন্মায় তাহাদিগকে **বীজজ** (Phanerogams) এবং যাহারা বীজ হইতে জন্মায় না তাহাদিগকে **অবীজজ** (Cryptogams) বলে। বীজজ উদ্ভিদের ফুল হয় কিন্তু অবীজজের ফুল হয় না। বীজজের মধ্যে আবার কতকগুলি উদ্ভিদের বীজ ফলের মধ্যে লুকান থাকে, ইহাদিগকে **আবৃত বীজ** (Angiosperm) বলা হয়। আবার পাইন প্রভৃতি এমন কতকগুলি উদ্ভিদ আছে যাহাদের ফল হয় না, কেবলমাত্র নগ্ন বীজ হয়, তাহাদিগকে **নগ্নবীজ** (Gymnosperm) উদ্ভিদ বলিয়া থাকি। ফলবান উদ্ভিদের, বীজের মধ্যে অনেক পার্থক্য দেখা যায়। ধান, গম প্রভৃতি উদ্ভিদের বীজের একটি কবিত্তা দানা বা বীজপত্র থাকে। আবার ছোলা, মটর, তেঁতুল, আম, জাম প্রভৃতির বীজে দুইটি কবিত্তা বীজপত্র থাকে। যাহাদের বীজে মাত্র একটি কবিত্তা বীজপত্র থাকে তাহাদিগকে **একবীজপত্রী** (Monocotyledonous) এবং যাহাদের বীজে দুইটি কবিত্তা বীজপত্র থাকে তাহাদিগকে **দ্বিবীজপত্রী** (Dicotyledonous) বলা হয়।



অবীজজ উদ্ভিদেব সকলগুলিব দেহের পবিপূর্ণতা লাভ হয় নাই— এইজন্য ইহারা নীচ জাতীয় উদ্ভিদ। শেওলা, ছাতা প্রভৃতি জাতীয় উদ্ভিদেব দেহেব বিভিন্ন অংশ নির্ধারিত কবিত্তে পাবা যায় না—ইহাদের মূল, কাণ্ড বা পত্র কিছুই বিশেষরূপে স্থনির্দিষ্ট নহে, এই-জন্য ইহাদিগকে সমাজ দেহীবর্গ (Thallophyta) বলা হয়। এমন কতকগুলি অবীজজ উদ্ভিদ আছে যাহাদেব কাণ্ড ও পত্র থাকে—



২নং চিত্র—ব্যাঙের ছাতা



৩নং চিত্র—মস ও ফাৰ্ণ

অথচ মূল থাকে না, তাহাদিগকে মসবর্গ (Bryophyta) বলা হয়। অনেক সময় মসবর্গেব কাহাবও কাহারও আবাব ঐ দুইটি অঙ্গ বিশেষ পরিপুষ্টতা লাভ কবে না। অবীজজ উদ্ভিদেব মধ্যে যাহাদেব কাণ্ড, পত্র ও মূল বিশেষরূপে পবিফুট তাহাদিগকে ফাৰ্ণ বর্গেব (Pteridophyta) মধ্যে ফেলা হয়।


দেহেব গঠন, আয়ু, ফল প্রসবেব

নিয়ম, মূল, কাণ্ড, পাতা, ফুল ও ফলেব ধর্ম

এবং সাধাবণ জীবন যাত্রাব পদ্ধতি অনুসাবে উদ্ভিদদিগকে আরও কয়েকটি বিশিষ্ট শ্রেণীতে বিভক্ত করা যাইতে পাবে। তন্মধ্যে বৃক্ষ, লতা, বীক্ষপ, গুল্ম, পবজীবী পবাশ্রয়ী, মাংসাশী, মৃতজীবী ও জলজ প্রধান। ইহাদের কয়েকটির বৈশিষ্ট্য সম্বন্ধে ইহাদের দেহাংশেব বর্ণনা প্রসঙ্গে পরবর্ত্তী পরিচ্ছেদ কয়েকটিতে বলা হইবে।

**সংক্ষেপ :-** বহু প্রকারেব উদ্ভিদ আছে। জুতায় যে ছাতা পড়ে তাহাও যেমন এক প্রকার উদ্ভিদ, ব্যাঙেব ছাতা, শেওলা, ছুৰ্বা, আম এবং জাম প্রভৃতিগেব গাছ তেমন উদ্ভিদ। এই উদ্ভিদেব মধ্যে বহু পার্থক্য ও সাদৃশ্য লক্ষিত হয়। ইহাদিগেব সকলকে চিনিয়া বাখা

অসম্ভব। তাই শ্রেণী বিভাগ করিয়া ইহাদের মোটামুটি একটা পরিচয় মনে রাখা যায়। সেই হিসাবে উদ্ভিদ এক বীজ পত্রী, দ্বিবীজ পত্রী, সমাজ দেহী বর্গ, মসবর্গ ও ফার্নবর্গভুক্ত। এতদ্ভিন্ন বৃক্ষ, লতা বীক্ষপ, গুল্ম, পবজীবী, পবাশ্রয়ী, মাংসালী, মৃতজীবী ও জলজ এই কয় শ্রেণীর আবৃতবীজ উদ্ভিদ আছে।



### প্রথম প্রশ্নমালা

১। নিম্নলিখিত শ্রেণীর কয়েকটি গাছের নাম বল এবং কেন তাহাদিগকে একপ নাম দেওয়া হইয়াছে বল :—একবীজ পত্রী, দ্বিবীজ পত্রী, অবীজজ ও সমাজদেহী বর্গ।

(Name some plants which belong to the following group stating reasons Monocotyledonous dicotyledonous, cryptogams and (Thallophyta )

২। ফল, পুষ্প ও বীজ অনুসারে গাছের যে শ্রেণীবিভাগ করা হয় তাহাব একটি তালিকা প্রস্তুত কর। (Tabulate to classify the plants which has been grouped according to their fruits, flowers and seeds )

৩। নিম্নলিখিত উদ্ভিদগুলি কোন শ্রেণীর বল :—


মটর, শেওলা, বেগুন ছাতা ও ধান। (To which group do the following belong—Pea, moss, fungi and paddy ? )

## দ্বিতীয় পরিচ্ছেদ

### অঙ্কুরোদগম

পরিমিত রস, উত্তাপ এবং বাতাস না পাইলে কোন বীজ অঙ্কুরিত হয় না, একথা হয়ত তোমরা সকলে জান। বস্তা বস্তা ধান, বস্তা বস্তা ছোলা বা অণু কলাই, দোকানে কতদিন পড়িয়া থাকে, কিন্তু তাহা হইতে অঙ্কুরোদগম হয় না। আবার যদি বীজ গরম জলে ফুটাইয়া লওয়া হয় অথবা নবফ ঢাকা দেওয়া হয় তবে তাহা অঙ্কুরিত হয় না। কিন্তু ঐ সকল বীজের কাষকটি লইয়া যদি উপযুক্ত মাটিতে বপন করা হয় তবে তাহা হইতে গঙ্কুরোদগম হয় এবং পরে কেমন সুন্দর স্পুষ্ট চাষা জন্মে। এই চাষা হইতে বড় বড় গাছ, ফুল ও ফল হইয়া থাকে। গাছের জীবনে পরিমিত আলোর প্রয়োজন। আলোক না পাইলে বীজ অঙ্কুরিত হয় নটে, কিন্তু পরে আলো না পাইলে গাছ স্তব্ধ থাকে না, এমন কি অধিক দিন আলো না পাইলে গাছ মরিয়া যায়।


একটি কাষ্ঠ ফলকেব ঠিক মাঝে একটি ও দুই পাশে দুইটি ছোলা আল্পিন দিয়া আটকাইয়া কাষ্ঠ ফলকটিকে একটি পাত্রের জলে এমন ভাবে ডুবাইয়া রাখ যেন একটি ছোলা সম্পূর্ণরূপে জলে ডুবিয়া থাকে, মধ্যবর্তি যেন অর্ধেক জলে এবং অর্ধেক উপবে এবং অপবর্তি সম্পূর্ণরূপে জলের উপবে থাকে। কয়েকদিন পরে দেখা যাইবে, যে ছোলাটি সম্পূর্ণরূপে জলে ডুবিয়া ছিল এবং যে ছোলাটি সম্পূর্ণরূপে জলের বাহিবে ছিল, তাহাদের অঙ্কুরোদগম হয় নাই, অথচ মধ্যবর্তি ছোলা হইতে অঙ্কুর বাহিবে হইয়া ছোলার চাষা কেমন ধীরে ধীরে বাড়িতে থাকিবে। ইহার কাৰণ আব কিছুই নহে—জলের ছোলাটি রস পাইলেও বায়ু ও উত্তাপ



৪নং চিত্র—অঙ্কুরোদগম

পায় নাই, এবং উপরেব ছোলাটি বায়ু ও উত্তাপ পাইলেও বস পায় নাই বলিয়া অঙ্কুরিত হয় নাই। কিন্তু মাঝেব ছোলাটি পবিমিত বস এবং বায়ু পাওয়ায় অঙ্কুরিত হইয়াছে। মনে বাখিও সাধাবণ জলে বায়ু মিশ্রিত থাকে। গবম করিয়া ফুটাইয়া লইলে উহা হইতে বায়ু বহির্গত হইয়া যায়। এইরূপ ফুটান জল লইয়াই উপবোক্ত পবীক্ষাটি করা উচিত।

ছোলার বীজ হইতে গাছ জন্মাইতে হইলে ছোলা গুলিকে একদিন জলে ভিজাইয়া রাখা হয়। যখন ছোলা গুলি ফুলিয়া মোটা হইতে থাকে তখন হইতে ইহার ভিতবে শিশু গাছেব জন্ম হয়। পবে আলুগা মাটিতে ছডাইয়া দেওয়া হয়




নং চিত্র—ছোলাব অঙ্কুরোদগম

এবং আন্তে আন্তে মাটি নাড়িয়া চাডিয়া দেওয়া হয় যাহাতে বীজগুলি অল্প মাটি চাপা পড়ে। মধ্যে মধ্যে জল ছিটাইয়া মাটি সবস রাখা হয়। কয়েকদিন পবে মাটি ভেদ কবিয়া ছোলা গাছ উপবদিকে বাড়িতে থাকে। ভিজা ছোলা হইতে আবস্ত কবিয়া ছোলাব গাছ হওয়া পর্যন্ত লক্ষ্য করিলে ইহার বিভিন্ন অবস্থাব পবিচয় পাওয়া যাইবে। ভিজা ছোলা লইয়া একটু টিপিলেই দেখা যায় ইহার মাঝামাঝি বীজাববণ ফাটিয়া যায় ও দুইটি দানা বাহিব হইয়া পড়ে। মাটিতে পুঁতিবাব পব যখন ভ্রণ ক্রমে বাড়িতে থাকে তখন এইরূপে বীজাববণ ফাটাইয়াই অঙ্কুর বহির্গত হয়। একটি ভিজা

সরু মুখেব দিকের ঠিক মাঝে একটি ক্ষুদ্র ছিদ্র বহিয়াছে। টিপিলে এইখান দিয়া বস নির্গত হয়। এই ছিদ্রটিকে ডিম্বকনাসী (Hilum) বলে। এইখানেই বীজপত্র দুইটি ভ্রূণের সহিত সংযুক্ত থাকে। ঠিক ইহাব উপবে একটি কাল দাগ দেখিতে পাওয়া যায়। ইহাকে বীজরন্ধ্র (Micropyle) বলে। সময়ক্রমে ভ্রূণ বাড়িয়া বীজাববণ ফাটাইয়া দেয় এবং ভ্রূণমূল বহির্গত হইয়া মাটির ভতবে প্রসারিত হইতে থাকে। ইহাই ছোলায় প্রধান মূল। কিন্তু বীজাববণযুক্ত বীজপত্র মাটির ভিতর আটকাইয়া পড়ে বলিয়া বক্রাকাবে এই মূল বাড়িতে থাকে। দুই তিন দিন পবে বীজাববণযুক্ত বীজপত্র মাটি হঠতে উপবে উঠিয়া পড়ে। ক্রমে বীজাববণ খুলিয়া বীজপত্র ছড়াইয়া পড়ে। এই বীজপত্র জীর্ণ হইয়া খসিয়া পড়ে এবং নূতন কচি সবুজ পাতা বাহির হয়। এই বীজপত্রই ছোলা গাছেব প্রথম খাণ্ড ভাগ্য। বীজপত্রেব সঞ্চিত খাণ্ড ফুবাইয়া গেলে শুকাইয়া ঝবিয়া যায় এবং কাণ্ডের গাঁট হইতে নূতন পাতা এবং মূল দ্বাৰা আহাৰ্য সংগ্রহ কবিয়া গাছটি বাড়িতে থাকে। বীজপত্র প্রথমে কত মোটা এবং ফ্যাকাসে হলে বংএব থাকে, কিন্তু যত শীর্ণ হয় তত সবুজ হইতে থাকে। অন্য পত্রগুলি কিন্তু বীজপত্র হইতে সম্পূর্ণ ভিন্ন আকৃতিব এবং ভিন্ন বংএব।

ভুট্টার দানা কিন্তু ছোলাব দানা হইতে সম্পূর্ণ ভিন্ন। ইহাব ভিতর একটি মাত্র দানা থাকে এবং সে দানাটিও উপরেব আবরণেব সহিত দৃঢ় ভাবে সংবদ্ধ থাকে। এই এক একটি দানা বীজ নহে, এক একটি ফল। ছোলাব মত ভুট্টাব দানা জলে ভিজাইয়া বাখিবাব পব ফুলিয়া উঠিলে আল্গা মাটিতে পুঁতিয়া দেওয়া হয়। ভুট্টা দানাব মুখেব শাদা অংশ হইতে ভ্রূণমূল বহির্গত হইয়া বাড়িতে থাকে, কিন্তু কিছুদিন পবে নষ্ট হইয়া যায়। পূর্ব হইতেই এই ভ্রূণমূলেব গোড়া হইতে এবং বীজ পত্রেব পার্শ্ব হইতে কতকগুলি সরু সরু শিকড় বাহির হয়। পবে এত অধিক পৰিমাণে এই শিকড় জন্মায় যে একটি গোছার মত দেখায়। এইজন্য

ভুট্টার মূল গুচ্ছমূল ( Fibrous Root )। ধান, পিঁয়াজ প্রভৃতি একবীজ পত্রী উদ্ভিদেবও এইরূপ গুচ্ছ মূল হয়। ভুট্টাব বীজে একটি মাত্র বীজ থাকে, তাহা



৬নং চিত্র—ভুট্টার অঙ্কুর

কখনও আবরণের বাহিবে আসে না এবং ভুট্টাব দানাও কখনও ভ্রূণ কাণ্ডের (Shoot) বৃদ্ধির সঙ্গে মাটির বাহিবে উঠে না। ভ্রূণমূল নিচে যাইবার পথ ভ্রূণকাণ্ড একটি আবরণে আবৃত হইয়া উপর দিকে উঠিতে থাকে এবং পবে ঐ আবরণ ভেদ করিয়া বাহিবে আসে ও সবুজ পত্রযুক্ত কাণ্ডে পরিণত হয়।

ছোলাব ন্যায় প্রথমে ভুট্টাও ইহার বীজপত্রস্থ খাদ্য গ্রহণ করে। পবে বীজ পত্রের খাদ্য ফুসাইয়া গেলে সবুজ পত্র, মূল ও আস্থানিক মূল দিয়া ইহার খাদ্য সংগ্রহ করে। ভুট্টা গাছেব গাঁটে গাঁটে মাটির উপরেও যে সকল শিকড় দেখা যায় তাহাদিগকে আস্থানিক ( Adventitious ) মূল বলা হয়। প্রথম অঙ্কুরোদগম হইতে আবস্ত করিয়া ভুট্টাব গাছেব চাৰিটি শিশু অবস্থা চিত্রে দেখান হইল। ক খ গ ও ঘ যথাক্রমে ইহার কাণ্ড, মূল, গুচ্ছ মূল ও বীজপত্র। ইহাদেব ক্রমবৃদ্ধি লক্ষ্য কর। কতকগুলি বীজ মাটিতে অঙ্কুরিত হইয়া মাটি ভেদ করিয়া উঠে। ক্রমে কাণ্ডের বৃদ্ধির সহিত বীজপত্র কিছুদিন মাটির উপর হইতে ক্রমাগত উপরে উঠিতে থাকে। ইহাদিগকে মূর্ধ্বদী (Epigeal) বীজ বলে। অপর পক্ষে কতকগুলি বীজ মাটির নিচেই থাকিতে চায়। ইহার মূর্ধস্তর্গত (Hypogeal) বীজ। তেঁতুল, সিম, লাউ, কুমড়া প্রভৃতির বীজ মূর্ধ্বদী বীজ, কিন্তু মটর, ছোলা প্রভৃতির বীজ মূর্ধস্তর্গত বীজ। আবার ছোলা, মটর, সিম প্রভৃতি গাছেব ভ্রূণের খাদ্য বীজপত্রের মধ্যে থাকে, কিন্তু রেডি, ধান, তাল নাবিকেল, খেজুর, সুপারি, যব, ভুট্টা প্রভৃতির ভ্রূণের খাদ্য বীজপত্রের বাহিবে থাকে। পূর্বোক্ত বীজ গুলিকে অস্বঃসার (Ex-albuminous) এবং দ্বিতীয় প্রকার বীজগুলিকে স্বঃসার (Albuminous) বীজ বলে।

দৈহিক গঠন, ফুল ও ফল দান করিবার রীতি ও শক্তি, মূল, কাণ্ড ও পত্রের বিভিন্নতা এবং সাধারণ ধর্মের পার্থক্য অনুসারে, সমস্ত উদ্ভিদকে বৃক্ষ, লতা, গুল্ম, ওষধি প্রভৃতি কয়েক শ্রেণীতে বিভক্ত করা হয় পূর্বে জানিয়াছ। তন্মধ্যে বৃক্ষই সর্বাপেক্ষা আকারে বিশাল এবং সর্বাপেক্ষা পূর্ণাঙ্গ।

সমূল আকন্দ, হুডহুডে বা এইরূপ জাতীয় একটি ছোট গাছ উপডাইয়া পরীক্ষা করিলে দেখা যায়, একটি গাছের প্রধানত দুইটি অংশ—মূল (Root) ও কাণ্ড (Shoot)। প্রথম অংশটি সাধাবণত মাটির নিচে এবং অপরটি মাটির উপরে থাকে। মূলের ধর্ম মাটির নিচে প্রসার লাভ করা, কিন্তু কাণ্ডের ধর্ম ঠিক বিপরীত—ইহা উপর দিকে বাড়িতে চায়।


এইবার একটি বড় গাছের কথা ভাবিয়া দেখিলে বুঝিতে পারিবে ইহাবও একেদুইটি প্রধান অংশ আছে। ইহাব মূল মাটির নিচে শাখা প্রশাখা বিস্তার করিয়া মাটি আঁকড়াইয়া ধবে তাতে গাছটি খাড়া হইয়া থাকে, পড়িয়া না যায়। এই মূল দিয়া গাছ মাটি হইতে বস সংগ্রহ করিয়া আপনার খাদ্য আহরণ করে। প্রধান মূল হইতে শাখা প্রশাখা বাহির হইয়া মাটির ভিতর চতুর্দিকে ছড়াইয়া পড়ে, গাছের কাণ্ড হইতেও সেইকপ শাখা প্রশাখা বাহির হইয়া উপরের চারিদিকে ছড়াইয়া পড়ে। এই শাখা প্রশাখায় গাছের পাতা, ফুল ও ফল ধবে এবং পবে আমরা ফল হইতে বীজ পাই। ফুল ও ফল, সকল গাছে সকল সময় পাওয়া যায় না—ইহাবা গাছের অপ্রধান অংশ। গাছের প্রধান অংশ হইল তিনটি—মূল, কাণ্ড এবং পাতা। পাতার সাহায্যেও গাছ খাদ্য আহরণ করে, কিন্তু পাতার প্রধান কার্য নিঃশ্বাস প্রশ্বাস গ্রহণ ও ত্যাগ করা। গাছকে বাঁচিতে হইলে মূল, কাণ্ড ও পাতার বিশেষ প্রয়োজন, এইজন্য ইহাদের যে কোন একটিকে যদি নষ্ট করিয়া ফেলা হয় তবে গাছ নিশ্চয় হইয়া পড়ে, নয়ত একেবারে মরিয়া যায়। কিন্তু ফুল ফল তুলিয়া লইলে গাছের তত ক্ষতি হয় না।

• মূল ও পাতা দিয়া গাছ আপনার খাদ্য আহরণ করে এবং অনেক সময়

সেই খাচ সঞ্চিত করিয়াও রাখে; মূলা, গাজর প্রভৃতিব মূলেব কথা মনে কবিলে এবং ঘৃতকুমাবী ও হিম সাগরের পাতার কথা মনে কবিলে আমবা বেশ বুঝিতে পারি পূর্বোক্তগুলিব মূলে ও শেষোক্তগুলিব পাতায় খাচ সঞ্চিত থাকে।

বীজ হইতে প্রথম মূল বাহিব হয়। মূলের সর্বপ্রথম অবস্থা **ক্রমমূল** (Radicle) এবং কাণ্ডেব অনুরূপ অবস্থাব নাম **ক্রম মুকুল** (Plumule)। বীজ অঙ্কুবিত হইবার সর্বপ্রথম অবস্থায় আমবা ক্রমমূলেই দেখিতে পাই, পবে ক্রমমুকুল বাহিব হয়।

গাছের একটি শাখা লইয়া পরীক্ষা কবিলে দেখা যাইবে, ঠিক যে অংশ হইতে পাতা বাহিব হয়, শাখা বা উপশাখাব ঠিক সেই অংশ অপব অংশ অপেক্ষা কিছু




৭নং চিত্র—সন্ধি, পর্ব ও মুকুল

হয়, - ইহাকে **পার্শ্বস্থ মুকুল** (Axillary bud) বলে। প্রত্যেক শাখা প্রশাখাব শীর্ষদেশেও এইরূপ মুকুল জন্মায়। তখন তাহাদিগকে **অন্তস্থ মুকুল** (Terminal bud) বলে। সাধারণত এই অন্তস্থ মুকুল হইতে ফুল ধরে। ৭নং চিত্রে দেখ (১) গাছটির অন্তস্থ মুকুল, (২) পার্শ্বস্থ মুকুল (৩) সন্ধি (৪) পর্ব।

একটি খুব ছোট তেঁতুল চারা লইয়া পরীক্ষা কবিয়া দেখ—ইহাব বীজপত্র (Cotyledons) দুইটি কেমন মাটির উপর গাছের সহিত যুক্ত হইয়া



বহিয়াছে। কিছুদিন পরে এই বীজপত্র দুইটি ক্রমে শীর্ণ হইয়া নষ্ট হইয়া যায়। তখন গাছকে আর ইহাতে সঞ্চিত খাদ্যের উপব নির্ভর কবিত্তে হয় না। গাছ যত বাড়িতে থাকে ততই তাহার ডালপালা, পাতা গজায়, এদিকে নিচে শিকড়ও ঐরূপ শাখাপ্রশাখা বিস্তার কবিত্তে থাকে। ঝাড়ে উপডান একটি বৃহৎ তেঁতুল গাছ যদি কেহ কখনও দেখিয়া থাক তবে বুঝিতে পাবিবে ইহাব মাটির উপবেব অংশ যেমন বিস্তার লাভ কবে মাটির নিচেব অংশও প্রায় সেইরূপ বিস্তার লাভ কবে। কিন্তু ইহা মাটির নিচে থাকে বলিয়া আমবা মোটে টেব পাইনা। লক্ষ্য কবিলে বেশ দেখা



৮নং চিত্র—তেঁতুল চাৰা

নিচে প্রধান শিকড়টি ক্রমাগত সোজা নিচেব দিকে নামে, ইহাকে প্রধান (Tap) মূল বলে। ইহাব পাশে যে সমস্ত শিকড় বাহিব হয়


ক্রমে সেই সকল শিকড়ের পাশ দিয়াও আবার শিকড় বাহিব হয়; ইহাদিগকে শাখা মূল বলে। মূলগুলি মাটির নিচে অঙ্ককাবে থাকে বলিয়া ইহাদেব বং শাদ।



৯নং চিত্র—তেঁতুল ফুল

এবং সরু সরু তেঁতুল ফল দেখা দেয়। বাবমাস সকল গাছেব পাতা দেখা যায় না। অশ্বখ, নিম প্রভৃতি গাছেব পাতা বসন্তকালে একবাবে খসিয়া যায় ও নূতন পাতা গজায়। তেঁতুল গাছে বারমাসই পাতা দেখা যায়। মধ্যে মধ্যে উহার কিছু পাতা পাকিয়া ঝবিয়া পড়িয়া যায় এবং নূতন পাতা

গজায়। ভাদ্র আশ্বিন মাসে ইহাব নূতন পাতা অধিক পরিমাণে হয় এবং নূতন পাতা হইবার পবেই তেঁতুল ফুল ধবে। এই ফুল হইতে ফল হইয়া বাডিতে



১০নং চিত্র—পূর্ণাঙ্গ গাছ

থাকে এবং সেই ফল পাকিতে প্রায় চৈত্র, বৈশাখ মাস পর্যন্ত সময় লাগিয়া

থাকে। অধিকাংশ গাছেব নূতন পাতা গজাইবাব, ফুল ও ফল ধবিবাব যেমন সময় নির্দিষ্ট থাকে তেঁতুল গাছেবও ঠিক একটি নির্দিষ্ট সময়ে ফুল ও ফল হয়। তেঁতুল ডালের প্রত্যেক সন্ধি হইতে একটি কবিয়া প্রধান পাতা বাহিব হয়। একটি সন্ধিব যদিকে এই প্রধান পাতা বাহিব হয় পববর্তী সন্ধিতে ঠিক তাহাব বিপবীত দিক পাতা বাহিব হয়। প্রধান পত্রেব গায়ে আবার জোড়া জোড়া ছোট ছোট পাতা বাহিব হয়। এই পাতাগুলি এক এক স্থানে দুইটি দুই দিকে বিস্তৃত হইয়া থাকে। কিন্তু নিমপাতাব মত পাতাব নাম একক পাতা থাকে না। ১০ নং চিত্রে একটি পূর্ণাঙ্গ গাছ ও তাহাব মূল, কাণ্ড, পত্র, পুষ্প ও ফল দেখান হইল। উদ্ভিদেব প্রতি অংশেব উপকাৰিতা, বায় ও পাবিপায়িক অবস্থাব সঠিত সংগ্রাম কবিবাব জগৎ দেহাংশ বিশেষেব কপান্তর প্রভৃতি পববর্তী পবিচ্ছেদ বণিত হইবে।

**সংক্ষেপ ৩**—পবিত্ত বস, বাতাস ও উত্তাপ না পাইলে অঙ্কুবোদগম হয় না। বীজেব উষ্ণক ন্যূন ও বাতবন্ধ আছে। উদ্ভিদেব প্রধান দুইটি অংশ - মূল এবং কাণ্ড, অবশ্য উভাদেব প্রত্যেকেব নানা কপ আছে। কাণ্ড এবং মূলেব যেমন পার্থক্য তেমনই মূলেও দেখা যায়। কাণ্ডে থাকে শাখা, প্রশাখা পত্র, নক্ষি, মুকুল, ফল, ফুল ইত্যাদি।

### দ্বিতীয় প্রশ্নমালা

১। একটি পরীক্ষা বর্ণনা কব যাহাতে প্রমাণ কবা যায় উপযুক্ত বস, বায়ু এবং উত্তাপ না পাইলে বীজ অঙ্কবিত্ত হয় না। (Describe an experiment which will prove that a seed will not germinate unless it gets adequate amount of water, air and heat)

২। ছোলা ও ভুটাব অঙ্কুবোদগম ককপে হয লিখ। (Write how gram and maize germinate)

৩। ভুটাব ও ছোলাব অঙ্কুবোদগম বালে কি কি পার্থক্য পবিলক্ষিত হয়? (What differences are noticed in the germination of a gram and a maize)

৪। গাছেব প্রধান অংশ দুইটির বিবরণ দাও। (Give an account of the two main parts of a plant.)


- ৫। কাণ্ড এবং মূলের মধ্যে প্রধান প্রধান সাদৃশ্য এবং পার্থক্যগুলি বুঝাইয়া দাও।  
(Explain the chief similarities and differences of a root and a shoot)
- ৬। ফল ও ফুল গাছের অপ্রধান অংশ কেন? (Why fruits and flowers are minor parts of a plant?)
- ৭। পর্ব, সন্ধি, অস্তম্বমুকুল, ও পার্শ্বমুকুল কাহাকে বলে চিত্র অঙ্কিয়া বুঝাইয়া দাও।  
(Explain with a diagram —antinode node terminal bud and axillary bud)
- ৮। আম ও তেঁতুল গাছের জীবন বৃত্তান্ত লিখ। (Write life histories of a mango tree and of a tamarind tree)
- ৯। তেঁতুল গাছে কোন সময়ে ফুল ধবে? (When is the time of inflorescence of a tamarind tree?)
-

## তৃতীয় পরিচ্ছেদ

### মূল, কাণ্ড, পাতা, ফুল, ফল ও বীজ

#### মূল

পূর্বেই বলা হইয়াছে ভ্রূণ হইতে বাহির হইয়া যে অংশ মাটির ভিতর দিকে যায় তাহাই শিকড় এবং যাহা উপর দিকে উঠে তাহা কাণ্ড। এই শিকড় কখন প্রধান মূল (Tap root) রূপে ক্রমাগত নিচে নামিতে থাকে এবং সঙ্গে সঙ্গে ইহার পাশ হইতে শাখা এবং ক্রমে প্রশাখা বহির্গত হয়। আবার কখনও বা প্রধান মূল বধিত না হইয়া মরিয়া যায়




১১ নং চিত্র

ধানগাছের গুচ্ছমূল

এবং ঐ স্থান হইতে গুচ্ছ মূল (Fibrous root) বাহির হইয়া মাটির চারিদিকে ছড়াইয়া পড়ে। অধিকাংশ এক-বীজপত্রী উদ্ভিদের গুচ্ছমূল হয়। মূলের রং এক বকম শাদা, কিন্তু কাণ্ডের বড় বিভিন্ন। শিকড় হইতে পাতা, ফুল, ফল বা বীজ হয় না। কিন্তু

প্রত্যেক শিকড়ের মাথায় একটি করিয়া মূলত্রা (Root cap) থাকে—ইহা সূক্ষ্মাব মূলাগ্রভাগকে দুর্ঘটনা হইতে



১২ নং চিত্র--মূলত্রা ও মূলরোম

শিকড়ের চারিদিকে অতি সূক্ষ্ম সূক্ষ্ম চুলের মত কতকগুলি মূলরোম (Root hair) বাহির হয়। কাণ্ডের ন্যায় মূলের সন্ধি বা পর্ব নাই।

কাণ্ডের বিভিন্ন অংশে অবস্থান অনুসারে মূলকে সাধারণত দুইভাগে ভাগ করা হয়, তন্মধ্যে কাণ্ডের নিচে প্রধান মূলকে প্রকৃত (True) মূল

এবং কাণ্ডের অন্যান্য অংশে অবস্থিত মূলকে **আস্থানিক** ( Adventitious ) মূল বলা হয়। কাণ্ডের বিভিন্ন স্থানে অবস্থান অনুসারে উহাদের কার্যের বিভিন্নতা পবিলক্ষিত হয়। আম, জাম, তেঁতুল প্রভৃতি গাছেব মূল প্রকৃত মূল, কিন্তু বটের ঝুবি, কেয়া বা ভুট্টা গাছেব উপরকার শিকড়, পান, কুমড়া, বাস্মা প্রভৃতি গাছেব শিকড় আস্থানিক মূল। আস্থানিক মূল আবার কার্য অনুসারে বা অবস্থান অনুসারে কয়েকটি ভাগে বিভক্ত, যথা :—

( ক ) **স্তম্ভ** ( Prop ) মূল—বট বা ববাব গাছেব বড় বড় শাখা প্রশাখা হইতে



১৩ নং চিত্র—বটের ঝুবি

ঝুবি নামিমা মাটির ভিতরে প্রধান মূলের মত প্রবেশ কবে। কালক্রমে উহা বা

পুষ্ট হইয়া এক একটি স্তম্ভের মত হইয়া দাঁড়ায়। তখন বড় গাছটির শাখাটির গোড়া কাটিয়া দিয়া প্রধান গাছ হইতে পৃথক কবিলে শাখা প্রশাখা গুলি এক একটি পুৰাদস্তব গাছ হইয়া দাঁড়ায়। এইকপ মূলকেই **স্তম্ভমূল** (Prop root) বলা হয়।

(খ) **ঠেশ** (Stilt) মূল :—কেয়াগাছ বাহাতে সহজেই মাটিতে পড়িয়া না যায় সেইজন্য উহার গুঁড়ির মাটির উপবেব অংশ হইতেও বড় বড় শিকড় বাহির হইয়া গাছটিকে শক্ত কবিয়া ধরিয়া রাখে। ইহাদিগকে **ঠেশ** মূল বলে। ভুট্টা, আখ, বান প্রভৃতি গাছের গোড়ার দিক অনেকগুলি গাঁট হইতে এইকপ ঠেশমূল বাহির হইতে দেখা যায়, তবে তাহারা কেয়াগাছের ঠেশমূলের মত বড় ও মজবুদ নহে।



১৪নং চিত্র—কেয়াগাছের ঠেশমূল

(গ) **আরোহী** (Climbing) মূল—পান, গজপিপুল প্রভৃতি কতকগুলি লতা গাছ আপন কাণ্ডের দুর্বলতার জন্য ঝড় ঝাপটাব হাত হইতে আপনাদিগকে বন্ধা কবিবার জন্য একটি শক্ত গাছে আবোহণ কবিয়া আশ্রয়বন্ধা কবে, কিন্তু ইহা আশ্রয়দাতার নিকট হইতে আপনাদের আহাৰের প্রত্যাশা রাখে না। মূলের সাহায্যে ইহা বালবান একটি আশ্রয়ে আবোহণ কবে বলিয়া ইহাদিগকে **আরোহী** (Climbing) মূল বলা হয়। অনেক লতাগাছের আকর্ষ (Tendrils) এবং কাণ্ডেবদ্ধাও এই কাৰ্য সাধিত হয়। তাই বলিয়া উল্লিখিত মূল গুলিকে আকর্ষ মনেকবিও না অথবা আকর্ষগুলিকে আরোহী মূল কলিয়া ভুল কবিও না।

( ঘ ) শ্বাসমূল (Breathing roots বা Pneumatophores)—লোনা জলাভূমিতে কতকগুলি গাছ জন্মে, তাহাদের মূল জলমগ্ন থাকে বলিয়া মাটি হইতে পরিমিত বাতাস পায় না, তাই উহাদের শাখামূল বা প্রশাখা মূল হইতে কতকগুলি শঙ্কুর মত মূলেব বধিত অঙ্গ মাটির উপরে খাড়া ভাবে উঠিয়া স্ব স্ব গাত্রস্থ ছিদ্র দিয়া বায়ুমণ্ডল হইতে বায়ু গ্রহণ কবে এবং শ্বাস কার্য চালায়। ইহাদিগকে শ্বাস (Breathing) মূল বলে।

সুন্দর বন অঞ্চলে সূঁদবী, বেগুড়া, গবান, গঁও প্রভৃতির এইরূপ শ্বাসমূল দেখিতে পাওয়া যায়।

( ঙ ) বায়বীয় (Aerial) মূল—বান্সা, গুলঞ্চলতা বা গুড়ুচি প্রভৃতি বৃক্ষরূহা গাছের (Epiphytes) কাণ্ড হইতে আস্থানিক মূল বাহির হইয়া, কতকগুলি আশ্রয়দাতাকে জড়াইয়া ধরে এবং কতকগুলি বাতাসে ঝুলিতে থাকে। যে গুলি বাতাসে ঝুলিতে থাকে তাহাদিগকে বায়বীয় মূল বলা হয়। বায়বীয় মূলেব গায়ে ব্লটিং কাগর্জেব ন্যায় এক রকম পাতলা আবরণ (Velamen) থাকে। তাহা দ্বারা ইহারা বায়ু হইতে আহার সংগ্রহ কবে। পবে দেখিবে পত্রের একটি কাজ বায়ু হইতে আহার সংগ্রহ করা। এখানে দেখিতেছ গাছের মূল ও পত্র উভয়েই বায়ু হইতে গাঢ় সংগ্রহ কবে।

( চ ) পত্রমূল (Leaf root) পাথবকুঁচির পাতা কয়েকদিন ভিজা মাটিতে পড়িয়া থাকিলে উহাব কিনাবা হইতে মূল বাহির হইতে দেখা যায়। ক্রমে পাতাটির ঐ স্থানে একটি পাথবকুঁচিব চাবার জন্ম হয়। পাথব কুঁচিব পত্রের এইরূপ মূলকে পত্র-মূল (Leaf-root) বলা হয়। এখানে পাথবকুঁচিব পাতা বীজের ন্যায় কার্য করিতেছে

( ছ ) ভাসমান (Floating) মূল—কোবদাম বা কোঁচড়া গাছের কাণ্ডের গাঁট হইতে ভিজা তুলাব ন্যায় গোছা গোছা একপ্রকার মূল বাহির হয়। ইহাবা গাছটিকে ভাসাইয়া বাধিবার পক্ষে যথেষ্ট সাহায্য করে বলিয়া ইহাদিগকে ভাসমান মূল বলা হয়।



( ক ) শোষকমূল (Haustoria) স্বর্ণলতা বা আলোকলতার সবুজ পাতা নাই। ইহা বা অন্য একটি গাছে জন্মিয়া তাহার দেহেব মধ্যে চুলেব মত সৰু মূল প্রবিষ্ট কবাইয়া দিয়া খাণ্ড শোষণ কবে বলিয়া ইহাদেব ঐপ্রকার মূলকে শোষকমূল বলে।


কতকগুলি উদ্ভিদ অপব একটি গাছেব উপব বাস কবে। তাহাদেব মধ্যে কেহ কেহ আশ্রয় বৃক্ষেব বন্ধ শোষণ কবিয়া খাণ্ড গ্রহণ কবে, যেমন স্বর্ণলতা অন্য গাছ হইতে আপনাব শিকড় দিয়া আহাৰ সংগ্রহ কবে। ইহাদিগকে পরভোজী (Parasite) বলা হয়।

পবভোজী উদ্ভিদ দুই বকম—আংশিক পরভোজী (Partial parasite) এবং সম্যক পরভোজী (Total parasite)। বড বড আম গাছেব শাখায় একপ্রকাব লতা জন্মাইতে দেখিমাছ কি ? ইহাব ছোট ছোট লাল ফুল হয়। ইহাদেব নাম লোবেন্থাস (Lorenthus)। ইহাবা আশ্রয় বৃক্ষে মূল প্রবিষ্ট কবাইয়া উহাকে আঁকড়াইয়া থাকে, কিন্তু পাতাব দ্বাৰাই খাণ্ড সংগ্রহ কবিয়া লয়। ইহাবা আংশিক পবভোজী। পবে জানিতে পাবিবে বৃক্ষেব প্রায় প্রত্যেক অঙ্গ প্রত্যঙ্গই অপব অঙ্গ প্রত্যঙ্গেব কাজ কিছু না কিছু কবিতে পারে বা কবিয়া থাকে। আলোক লতার পাতা নাই। গোছা গোছা সূতাব মত দল বাধিয়া বাবলা প্রভৃতি গাছেব উপব ইহাবা বসিত হয়। ইহাবা আশ্রয় বৃক্ষ হইতেই আপনাদেব খাণ্ড শোষণ কবিয়া লয়। ইহাবাই সম্যক পবভোজী। তাহা হইলে বৃক্ষিতে পাবিতেছ একটি গাছ অপব একটি গাছে উঠিলে উহাব তেজ কমাইয়া দিতে পারে—কেবলমাত্র তাহাব আহাৰে ভাগ বসাইয়া নহে—তাহাকে আঁকড়াইয়া তাহাব স্বচ্ছন্দতাব প্রতিবন্ধক হইয়াও বটে। কোন গাছেব উপব একপ আগাছা হইলে আগাছাটি নষ্ট কবিয়া ফেলা উচিত।

অবস্থান এবং পাবিপান্থিক অবস্থাভেদে মূলেব কার্যেব বিভিন্নতা লক্ষিত হইলেও মূলেব প্রধান কার্য দুইটি—(১) গাছেকে মাটির সহিত শক্ত কবিয়া আটকাইয়া খাড়া বাগা এবং (২) মাটি হইতে খাণ্ডেব জন্ম বস ও কাঁচা মাল

সংগ্রহ কবা। মূল রোমই মাটি হইতে কাঁচা মাল সংগ্রহ করিয়া থাকে। তাহা ছাড়া মূল, গাজব, শালগম, শতমূলী প্রভৃতির মূলের গাষ অনেক গাছেব মূলে খাড়া সংগৃহীত থাকে।

ইহাদেব মনো এক এক বকন মূলেব এক একটি বিশিষ্ট আকৃতি আছে। মূলাব মত মনো মোটা ও ঢই দিক সৰু হইলে **মূলাকৃতি (Fusiform)**, শালগমেব মূলেব



মত গোলাকাব মূলেব ঠিক নিচ হইতে একটি লম্বা সৰু লেজেব মত বাহিব হইলে তাহাকে **শালগমাকৃতি (Napiform)** এবং গাজবেব মত উপব দিকে মোটা এবং নিচেব দিকে ক্রমাগত সৰু হইলে তাহাকে **গাজবাকৃতি (Conical)** মূল বলা হয়। কোন কোন গাছেব গুচ্ছ মূলও খাড়া সংগৃহ কবিয়া মোটা হয়। তখন তাহাদিগকে **কন্দাল (Tuberous)** মূল বলা হয়। শতমূলী শাকালু প্রভৃতি কন্দাল মূল।

১৫ নং চিত্র—মূল, শালগম, গাজব ও

শতমূলী

মূলেব চাপ দিয়া শোষিত খাড়া কাণ্ড

ও পাতাব চালান দেওয়া, শ্বাসপ্রশ্বাসেব কাষ কবা, আবোহণ কবা, পানাব মত গাছেক জলে ভাসমান বাষ্পও মূলেব কয়েকটি অপ্রধান কাষ। পটোল, কুঁদবি প্রভৃতিব মূলে বংশ বৃদ্ধিব কাষও হয়।

পবীক্ষা কবিয়া জানা গিয়াছে গাছেব জীবন বক্ষাব জন্ত প্রধানত দশটি মূল পদার্থেব প্রয়োজন, যথা :—অক্সাব, হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন, ক্যালসিয়াম, পটাশিয়াম, ম্যাগনেসিয়াম, লৌহ, গন্ধক ও ফস্ফরাস। ইহাদেব মধ্যে কেবলমাত্র অক্সাব পাতাব সাহায্যে সংগৃহীত হয়। বাকি নয়টি পদার্থ মূল দ্বাৰা কাঁচা মাল রূপে সংগৃহীত হয়। এই নয়টি পদার্থ গাটিতে লবণরূপে বর্তমান

থাকে। মাটির সহিত দ্রবণ প্রস্তুত কবিয়া যে বস প্রস্তুত হয় তাহাই গাছেবা মূলদ্বারা শোষণ করে। কোন পদার্থ সহজে মাটির জলে দ্রব না হইলে মূল বোম হইতে একপ্রকার বস নির্গত হইয়া উহাদিগকে দ্রব কবিয়া বসে পবিণত করে। তখন গাছ মূল দিয়া ঐ বস শোষণ করে।

### কাণ্ড

গাছেব দৃশ্যমান প্রধান অঙ্গ কাণ্ড। মূলের সহিত ইহাব সম্বন্ধ অবিচ্ছেদ্য। অনেক গাছেব মূল ও কাণ্ডেব সংযোগস্থল নির্ণয় করা কঠিন। কাণ্ডেব নিকটতম মূলেব খানিকটা অংশকে কাণ্ড বলিয়া মনে হয় এবং মূলেব নিকটতম কাণ্ডেব খানিকটা অংশকে মূল বলিয়া মনে হয়। কিন্তু কাণ্ডে শাখা, প্রশাখা, পত্র, ফুল, ফল প্রভৃতি জন্মায়, মূলে এসব কিছুই জন্মায় না। কাণ্ড হইতেই পত্র, সন্ধি, পার্শ্ব মুকুল এবং অন্তস্থ মুকুল প্রভৃতি বাহির হয় একথা পূর্বে জানিয়াছ।

কাণ্ডেব আকৃতি (Cross section), কাঠিন্য এবং কার্যকাৰিতা হিসাবে ইহাবা বহুবিধ শ্রেণীতে বিভক্ত হইতে পারে। তাল, নারিকেল, খেজুর ও বাঁশ প্রভৃতি গাছেব কাণ্ড গোল হইলেও মক্ষণতাব দিক দিয়া বিচার কবিত্তে গেলে ইহাদেব মন্যে কত পার্থক্য দেখা যায়, ইহাদেব পবিধি কম বেশী তো আছেই। তেঁশিবা মনসা, হোগলা এবং মুখা গাছেব কাণ্ড ত্রিকোণাকাৰ, আৰাব হাড়ভাঙ্গা ও তুলসী গাছেব কাণ্ড চতুষ্কোণ কিন্তু কুমড়া গাছেব কাণ্ড কেমন টেউ খেলান গোছেব। কাণ্ডেব পরিধিৰ আয়তন ও আকাৰ অনুসাবে এইরূপ কত প্রভেদ দেখা যায়। ধান গাছেব কাণ্ড ফাঁপা, গোল এবং গাঁট গাঁট হইলেও বাঁশের মত শক্ত নয়।

কতকগুলি গাছেব কাণ্ড বেশ শক্ত, তাহাবা খাড়া থাকে। কিন্তু কতকগুলিৰ কাণ্ড দুর্বল তাহাবা খাড়া হইয়া থাকিত্তে পারে না—হয় মাটিতে লতাইয়া যায় নতুবা কোন একটি শক্ত জিনিষ আশ্রয় কবিয়া তাহাতে চড়িয়া থাকে। এই প্রকার গাছেকে সাধাবণত লতা (Creeper) বলা হয়। সিম, তরুলতা, অপবাজিতা প্রভৃতি লতা আপনাব কাণ্ড দ্বাবাই অপর আশ্রয়কে জড়াইয়া

ধরে। কিন্তু লাউ, কুমড়া, আঙ্গুর প্রভৃতি লতা আকর্ষ সাহায্যে আশ্রয়কে জড়াইয়া ধরে। বস্তুত এই সকল লতার আকর্ষ কাণ্ডেবই রূপান্তর।

সম্পূর্ণ উদ্ভিদ দিগকে কাণ্ডেব আকৃতি অনুসারে তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। যথা :—( ১ ) ওষধি (Herb), ( ২ ) গুল্ম (Shrub) ও ( ৩ ) বৃক্ষ (Tree)।

ওষধির কাণ্ড নবম, বসাল এবং ছোট। ধান, দোপাটী, মূলা, গাজর, কলা, আদা প্রভৃতি ওষধি। দোপাটী, ধান প্রভৃতি এক বৎসর জীবিত থাকে, মূলা, গাজর প্রভৃতি ভূনিম্নস্থ কাণ্ডে খাণ্ড সঞ্চয় কবিয়া দুই বৎসর জীবিত থাকে, কিন্তু কলা, আদা প্রভৃতির কাণ্ড মাটির নিচে থাকিয়া প্রতি বৎসরই তাহা হইতে নূতন গাছেব সৃষ্টি কবে।

জবা, করবী প্রভৃতি গুল্ম। ইহাদেব কাণ্ড খুব শক্ত কিংবা খুব নবম নহে। ইহাদেব একটি প্রধান কাণ্ড নাই। মনে হয় গোড়া হইতেই যেন কতকগুলি ডাল পালা বাহিব হইয়াছে। ইহারা দুই বৎসরের অধিক কাল বাঁচিতে পারে।

বৃক্ষের কাণ্ড যেমন বড় তেমন শক্ত হয়। বৃক্ষ বহুদিন বাঁচে, কিন্তু প্রতি বৎসর ইহাদেব কাণ্ড খোলস ত্যাগ কবে এবং সঙ্গে সঙ্গে কাণ্ডে একটি পর্দা পড়িয়া যায়। সুতরাং একটি গাছেব গুঁড়িকে চাকা কবিয়া কাটিলে ইহাতে প্রায় চক্রাকার যে বেখা দেখা যায় তদ্বাৰা গাছেব কাণ্ডে কতগুলি পর্দা পড়িয়াছে বুঝিতে পাৰা যায় এবং সে হিসাবে গাছেব আনুমানিক বয়সও নির্ধারণ কবিত্তে পাৰা যায়। তাল, নাবিকেল, খেজুর প্রভৃতির গুঁড়িতে একরূপ পর্দা বুঝিতে পাৰা যায় না। ইহাদেব গুঁড়িতে শাখা প্রশাখাও জন্মায় না।

কাণ্ড সাধারণত মাটির উপর থাকে, কিন্তু হলুদ, আদা, ওল, পেঁয়াজ, আলু প্রভৃতির কাণ্ড মাটির নিচে থাকে বলিয়া অনেকে ইহাদিগকে মূল মনে করেন, প্রকৃত পক্ষে তাহাৰা রূপান্তরিত কাণ্ড। এই সকল কাণ্ডে গাছগুলি খাণ্ড সঞ্চয় কবিয়া রাখে এবং ইহা হইতে সময় গত নানা অঙ্গে বস ও খাণ্ড সঞ্চালিত কবিয়া দেয়।

আলু, ওল, হলুদ প্রভৃতির মত ভূনিম্নস্থ কাণ্ডদ্বিগকে মূল না বুঝিবাব কয়েকটি লক্ষণ এই—( ১ ) ইহাদের গায়ে পাতলা আঁশের মত ছাল ও কুঁড়ি থাকে ( ২ ) ইহাদের মূলত্রা থাকেনা ( ৩ ) ইহাদের গা হইতে মূল ও কাণ্ড বাহির হয় ।

ভূনিম্নস্থ কাণ্ড সাধারণত চারি প্রকার ; যথা :—

( ১ ) রাইজোম (Rhizome)—ইহারা মাটিতে শায়িত অবস্থায় থাকে, মোটা ও শাঁসাল হয় , উপরদিকে পাতা বাহির হয় এবং মাটির উপর ঐ পাতা গুলি বর্ধিত হয়, নিচের দিকে মূল চলিয়া যায় । প্রতিবৎসব সময় ক্রমে পাতাগুলি শুকাইয়া যায় তখন ইহাদের বৃদ্ধি থাকে না । ই পর্ববর্তী বৎসবে আবার সময় মত পাতা গজায় । বাংলায় বিজ্ঞান লেখক স্বনামধন্য জগদানন্দ বায় মহাশয় কিছুকাল গাছের এরূপ নিষ্ক্রিয় থাকার ব্যাপারকে গাছেব ঘুম বলিয়া বর্ণনা কবিয়াছেন , তাঁহার সে প্রবন্ধ পড়িলে আবও কত গাছেব এরূপ ঘুমের কথা জানিতে পারিবে । ইহাদের গায়ে গাঁট ও পর্বগুলি আঁশের মত পাতলা পাতা দিয়া ঢাকা থাকে । আদা, হলুদ, কলাগাছ প্রভৃতি ইহাব উদাহরণ ।



১৬ নং চিত্র—আদা

( ২ ) ফীতকন্দ (Tuber)—ভূনিম্নস্থ কাণ্ডের যে ফীত অংশ প্রায় গোলাকায় বা প্রায় ডিম্বাকায় হয় ইহাতে খেতসাব জাতীয় খাত্ত সঞ্চিত থাকে । ইহাব গায়ে যে চোখ থাকে সেই চোখগুলি কাটিয়া মাটিতে পুঁতিলে তাহা হইতে নূতন গাছ হয় । গোল-আলু ইহাদের দৃষ্টান্ত ।



১৭ নং চিত্র—গোল আলুর গাছ

( ৩ ) কন্দ (Bulb)—ইহাবা দেখিতে

ছোট একটি শঙ্কু (Cone) বা থালাব (Disc)

অ্যায়-। ইহাদের উপর হইতে কতকগুলি মোটা মোটা শঙ্কপত্র একটি একটি

কবিয়া কাণ্ডকে ঘেবিয়া গুচ্ছাকাবে মাটিব বাহিরে আসে। এই স্থানে প্রচুব



১৮ নং চিত্র - গুল ও পেঁয়াজ

খাণ্ড সঞ্চিত থাকে এবং এই সকল মোটা শঙ্ক-  
পত্রের ডগা মাটিব উপর যাইয়া সবুজ বর্ণ ধারণ  
কবে, তাহাবাই আমাদের চোখে পড়ে।

কন্দ সাধারণত তিন প্রকারেব—( ক )  
আবৃতকন্দ (Tunicated bulb)। ইহাব শঙ্ক  
পত্রগুলি একটি আর একটিকে এমন ভাবে

জড়াইয়া আডাল কবিয়া বাগে বে ভিতবেবটিকে দেখা যায় না। বাহিবের শঙ্ক-  
পত্রগুলি ভিতবেব গুলি অপেক্ষা পাতলা। পিঁয়াজ, বসন্ত ইহাদের দৃষ্টান্ত।


( খ ) নগ্নকন্দ (Naked বা Imbricate bulb) ইহাদের কাণ্ডেব গায়ে  
পাতাব বোঁটাগুলি একটির পর একটি লাগিয়া থাকে মাত্র এবং কেহ কাহাকেও  
চাকিয়া বাগেনা, পদ্ম, শালুক ইহাদের দৃষ্টান্ত।

( গ ) উপকন্দ (Pseudo bulb) যে সব কন্দের পাবগুলি স্ফীত হয়  
তাহাদিগকে উপকন্দ ব'ল। উদাহরণ—বাম্বা, মানকচু ইত্যাদি।

কাণ্ডেব প্রধান কার্য ইহাব সর্বাঙ্গ বস ও খাণ্ড সবববাহ কবা, সবুজ পত্র ধারণ  
কবা—যাহাতে সকল পত্রগুলিই অতি সহজে সূর্যালোক পাইতে পাবে, এবং  
পত্রে প্রস্তুত খাণ্ড বিভিন্ন অংশে প্রেবণ কবা। কিন্তু অনেক সময় রূপান্তর পবিগ্রহ  
করিয়া ইহাবা অন্তবিধ কার্যও কবিয়া থাকে। কুমড়া ও কুমকা লতাব আকর্ষ  
এইরূপ কাণ্ডেব রূপান্তর। এই আকর্ষ সাহায্যে ইহারা অন্ত একটি শক্ত আশ্রয়কে  
জড়াইয়া থাকে। বেলের কাঁটাও রূপান্তরিত কাণ্ড; ইহা ছাবা বেলগাছ শত্রুব  
আক্রমণ হইতে আপনাকে রক্ষা কবে। ফণীমনসাব কাণ্ড চেপ্টা হইয়া যাওয়ায়  
পাতাব কার্য কবিয়া থাকে।

মাটিব নিচে আদা, হলুদ, গুল, পেঁয়াজ, আলু প্রভৃতি খাণ্ড সঞ্চয়  
কবিয়া রাখে, গোলাপ, বেলফুলেব গাছ, হাসনা হেনা প্রভৃতির কাণ্ড বংশ  
রক্ষিও করে।

গাছ পাতা দিয়া আহার্য প্রস্তুত করিয়া দেহেব সর্বত্র সঞ্চালিত কবে। তাহা হইলে নিশ্চয় ইহাদের দেহে খাণ্ড সঞ্চালনেব দুই বকম পথ আছে। একরকম পথ দিয়া পত্র হইতে খাণ্ড আসিয়া সর্ব দেহে সঞ্চালিত হয়। এই পথ গুলিকে ফ্লোয়েম (Phloem) বলে। অন্য রকম পথ দিয়া মূল হইতে খাণ্ড উদ্ভিদেব সর্ব শরীবে ছড়াইয়া পড়ে। ইহাদিগকে জাইলেম (Xylem) বলে। যে কোন একটি নবম গাছেব—এব কচুগাছেব শিকড়েব দিক কাটিয়া বড়িন্ জল ডুবাইলে পাতাগুলিব শিবা পযন্ত বড়িন হইয়া উঠে। পাত্রেব বড়িন্ জল ঐ জাইলেম দিয়া শরীবেব সর্বত্র ছড়াইয়া পড়ে। ইহাতে জাইলেমেব অস্তিত্ব বুঝা যায়।



১৯ নং চিত্র—ফণীমনসা

বীজ পত্রেব পাথকো উদ্ভিদেব কাণ্ডেব যে পার্থক্য সচবাচব পবিলক্ষিত হয় তাহা নিম্ন দেখান হইল।

### একবীজপত্রী

- ১। কাণ্ডে শাখা প্রায় হয় না।
- ২। আগাগোড়া প্রায় সমান মোটা হয়।
- ৩। অপেক্ষাকৃত বড় পাতা হয়।


### দ্বিবীজপত্রী

- কাণ্ডে শাখা প্রায়ই থাকে।
- আগা সূক্ষ ও গোটা মোটা হয়।
- পাতা সাধারণত খুব ছোট এবং সংখ্যায় অধিকতর হয়।

### পত্র

গাছেব পাতা কাণ্ড, শাখা বা প্রশাখাব পার্শ্ব হইতে বাহির হইয়া সূর্যেব দিকে ইহাদের অধিকতর অংশ প্রসাৰিত কবিয়া থাকে। সাধাবণত অধিকাংশ পাতা সবুজ বর্ণের পাতলা এবং চওড়া পাত্রেব ন্যায়। একটি পবিপূর্ণ পাতাব সাধাবণত তিনটি অংশ যথা :—ফলক (Blade), বৃন্ত (Stalk বা Petiole)

এবং বৃন্তমূল (Base) ।




যে অংশ ঠিক কাণ্ডের সহিত লাগিয়া থাকে তাহা বৃন্তের অপরাংশ অপেক্ষা ক্ষুদ্রতর হইলেও কিছু স্থূল । এই অংশকে (১) বৃন্তমূল ( Base ) বলা হয় । ফলকের ও বৃন্তমূলের মধ্যবর্তী অংশ (২) বৃন্ত ( Petiole ) । সকল সময়ে সকল পত্রে বৃন্ত নির্ধারিত করা যায় না—মটরের গাঁটে যে পাতা হয় তাহা ঠিক বৃন্ত বুঝা যায় না । কলাগাছ প্রভৃতির বৃন্তমূল ও খুঁজিয়া বাহিব কবা কঠিন । পত্রের সর্বাধিক অংশ সাধারণত পাতলা ও চওড়া হয়, ইহাই (৩) পত্র ফলক । এতদ্বিন্ন চিত্রে একটি পত্রের (৪) মধ্য-শিরা (৫), সাধারণ-শিরা (৬) কিনারা ও (৭) পত্র-শীর্ষ দেখান হইল । ক একটি পার্শ্বমুকুল এবং খ একটি সন্ধি ।

২০ নং চিত্র—পত্রের বিভিন্ন অংশ

পত্র ফলকের আকার, শীর্ষ এবং কিনারাগুলি আবার বহুবিধ হইয়া থাকে । ঝাড়, বন ঝাড়, পাইন প্রভৃতি গাছের পাতার সন্ধে পদ্ম পাতা বা কলা পাতার তুলনা করিলে একটিকে পত্র বলিলে অপরটিকে আর পত্র বলিয়া মনে হয়না । অথচ প্রকৃত পক্ষে তাহা বা সকলেই পাতা । খালকুড় ও পদ্ম পাতার শীর্ষগুলি কেমন গোল । কিন্তু পান, কলমি বা কচু পাতার অগ্রভাগ কেমন সূচাল । অশ্বখ পাতার অগ্রভাগ আবার ইহাদের অপেক্ষা কেমন সূচাল হইয়া খানিকটা বাড়িয়া গিয়াছে । কাঞ্চন পাতা আবার ঠিক বিপরীত । দেবদারু পাতার কিনারাগুলি কেমন ঢেউ-খেলান, আমগাছের পাতা কেমন নিটোল, আনারসের পাতা কাঁটায়ুক্ত, অথচ জবা পাতার কিনারা কেমন কাটা কাটা । ২১ নং চিত্রে কয়েকটি বিশেষ বিশেষ আকারের পাতা দেখান হইল । ধান গাছের মত লম্বা ফলক পাতাকে লম্ব ( Linear ) পত্র, বট পাতার মত আকৃতি বিশিষ্ট পাতাকে



ডিম্বাকৃতি (Egg-shaped বা Ovate), পানকে হরতনাকৃতি (Hart shaped), খালকুড়ের বা কাঞ্চন পাতাকে বৃক্ষাকৃতি (Kidney shaped বা Reniform), লাউকুমড়ার পাতাকে হংসপদাকৃতি (Crisped), কচু পাতার




২১ নং চিত্র—বিভিন্ন রকমের পাতা

আয় পাতাকে বাণাকৃতি (Sagittate), আম জামের পাতাকে বল্লমাকৃতি (Lanceolate), পাইন গাছের পাতাকে সূচাগ্র (Ocular), পদ্মপাতাকে

চক্রপত্র ( Round leaf ) বলা হয়। হাতের চেটোর মত পাতা, যথা :—সিমুল ভেরেণ্ডা প্রভৃতির পাতাকে **হস্তাকৃতি** ( Palmate ) পাতা বলে।

পাতার ডগা ( Apex ) হিসাবেও ইহাদিগকে বিভিন্ন শ্রেণীতে ফেলা হয়। খেজুর ও পাইন পাতার ডগা সূচের মত তাই ইহা **সূচাগ্র** ( Mucronate ) অশ্বখপাতা **দীর্ঘশীর্ষ** ( .Accuminate ), আম, জাম পাতা **তীক্ষ্ণাগ্র** ( Accute ) ইত্যাদি।


বৃন্ত বা কাণ্ডে কিংবা শাখা প্রশাখায় পত্রবিণ্যাস কত বিভিন্ন বকমের দেখা যায়। কলাগাছের পাতা, কাণ্ডে যেমন ভাবে লাগিয়া থাকে আমগাছের পাতা ঠিক সেরূপ ভাবে থাকে না। জবা গাছের প্রতি গাঁটে বিপবীত দিকে পত্র বাহির হয়, বঙ্গন গাছে একটি গাঁটে দুটি পাতা বিপবীত দিকে নির্গত হয় এবং কববী গাছের প্রত্যেক গাঁটে কেমন ঘূবিয়া ঘূবিয়া পাতা বাহির হয়। একটু লক্ষ্য করিলে বুঝিতে পারিবে যে গাছের একটি গাঁটে যত বেশী পাতা বাহির হয়, পাতা আকারে তত ছোট হয়।



২২ নং চিত্র—তেঁতুল, সজনী ও নিম পাতা

আমের একটি বৃন্তে মাত্র একটি পাতা থাকে কিন্তু বেল, গোলাপ, নিম তেঁতুল প্রভৃতি গাছের একটি বৃন্তে একাধিক পত্র থাকে—কখনও জোড় সংখ্যক কখনও বিজোড় সংখ্যক। নিম, গোলাপ, বেলের একাধিক বিজোড় সংখ্যক

পত্র একটি বৃন্তে থাকে। কিন্তু তেঁতুল, কৃষ্ণচূড়া প্রভৃতির বৃন্তে জোড় সংখ্যক




২৩ নং চিত্র—বেলপাতা

পত্র থাকে। যে সকল গাছের একটি বৃন্তে একটি পাতা হয় তাহাদের পাতাগুলি **সরলপত্র** (Simple leaf) এবং একটি বৃন্তে একাধিক পত্র থাকিলে তাহাকে **যুক্তপত্র** (Compound leaf) বলা হয়। আম, কাঁটাল প্রভৃতির পাতা সরলপত্র, কিন্তু নিম, শিমূল, গোলাপ, তেঁতুল, শজন প্রভৃতির যুক্ত পত্র। এইরূপ এক একটি যুক্তপত্রের ফলককে **অনুফলক** (Leaflet) বলে। এক একটি

অনুফলককে পৃথক করিলে এক একটি পত্রের মত দেখায়।


আকৃতি অনুসারে পত্রে শিবাবিণ্যাস কত বিভিন্ন বকমেব হইয়া থাকে। কখনও একটি পাতায় একটি প্রধান শিবা, কখনও বা একাধিক প্রধান শিবা থাকে। ইহা ছাড়া প্রত্যেক পাতায় অসংখ্য সূক্ষ্ম সূক্ষ্ম শিরাও থাকে। আম, জাম, কাঁটাল প্রভৃতির একটি **মধ্যশিরা** (Mid-rib) হইতে আবার সূক্ষ্মতর শিবা এবং সে গুলি হইতে আবার কত সূক্ষ্মতর শিবা চারিদিকে জালের মত ছড়াইয়া আছে। ইহারা **জাল শিরা**। বাণ, আনারস, আখ, ধান প্রভৃতির



২৪ নং চিত্র—গোলাপ পাতা

পাতার শিরাগুলি একরূপ নহে। ইহাদের মধ্যশিবা বলিয়া কিছু নাই—সব শিরাগুলি

সমান অথচ প্রায় সমান্তরাল (Parallel)। সমান্তরাল শিবা দুই বর্ধম-  
কলাপাতার শিবা সমান্তরাল পালক শিবা (Parallel pinnate), আর-  
বীশ ইত্যাদির পাতার শিবা, সমান্তরাল করতল (Parallel palmate)।  
শিবা। লাউ কুমড়ার শিবা জাল করতল শিবা (Reticulate palmate)।



২৫ নং চিত্র—শিমুল পাতা

এই শিবির জন্ম পাতা শক্ত হয়। অশ্বখ পাতা পচিয়া গেলেও ইহার শিবা-  
গুলি কেমন জালের মত দেখিতে হয় তাহা তোমাদের অনেকেই দেখিয়া থাকিবে।  
তাহা হইলে শিবাগুলি পাতার অন্য অংশ হইতে শক্ত বলিয়া ইহা পাতাকেও শক্ত


কবে। এই শিরার জগুই কোন পাতাকে ইচ্ছামত যে কোন দিক হইতে সহজে ছিঁড়িয়া ফেলা যায় না। ইহা ছাড়া এই সকল শিবা দিয়া উদ্ভিদ পাতায় প্রস্তুত খাদ্য দেহেব অন্ত্র পাঠাইয়া দেয় এবং মূল দ্বারা আহৃত খাদ্যও এই শিরা সকল দিয়া পাতা পর্যন্ত ছড়াইয়া দেয়।



২৬ নং চিত্র—ভেবেণ্ডা পাতা

প্রায় সকল পাতারই উপর দিক অর্থাৎ যে দিক সূর্যের দিকে থাকে তাহা মসৃণ এবং নিচের দিক অপেক্ষাকৃত খসখসে। পাতার নিচের দিকে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র রন্ধ থাকে তাহাদের নাম ষ্টোমা (Stoma)। এই ষ্টোমাই ইহাদের নালিকার কার্য চালায়—অবশ্য গাছের প্রত্যেক কোষ দিয়া খাদ্য কার্য চলিতে

পারে। ষ্টোমাগুলি বন্ধ হইয়া গেলে শ্বাসপ্রশ্বাসেব কষ্ট হয়—অবশেষে গাছ



২৭ নং চিত্র—ষ্টোমা

নিশ্বেজ হইয়া মরিয়া যাইতে পারে। তাই পাতায় ধূলা কাদা লাগিলে পাতাগুলি ধুইয়া দেওয়া উচিত। আমাদের দেহের লোমকূপেব মতই ষ্টোমাগুলি অতিকৃদ্র—খালি চোখে দেখা যায় না। অণুবীক্ষণ যন্ত্রে ইহাদিগকে দেখিতে পাওয়া যায়।

ষ্টোমাব দুই পাশে দুইটি কোষ থাকে

তাহাবা সূর্যালোকে প্রসারিত অথবা তাহাব অভাবে সংকুচিত হইয়া ষ্টোমাব আয়তন যথাক্রমে বাড়াইতে ও কমাতে পারে বলিয়া ইহাদিগকে রক্ষীকোষ (Guard cell) বলা হয়। রক্ষী কোষেব মধ্যে নিউক্লিয়াস ও এক প্রকাব সবুজ কণা থাকে। সবুজ কণাগুলিকে পত্র-হরিৎ (Chlorophyll) বলা হয়।

পাতাব প্রধান কাজ তিনটি—(১) অঙ্গার আত্মকরণ (Carbon assimilation) বা আলোক সংশ্লেষ (Photo Synthesis), (২) শ্বাসকার্য (Respiration) ও (৩) প্রস্বেদন (Transpiration)।

অঙ্গার আত্মকরণ প্রক্রিয়াটিকে বন্ধনেব সহিত তুলনা করা যাইতে পারে। পূর্বে বলা হইয়াছে মূল দিয়া গাছ আহাৰ্যেব কাঁচা মাল বস সংগ্রহ করিয়া কাণ্ড মধ্যস্থ নালী এবং পত্রের শিবা দিয়া পত্রে ছড়াইয়া দেয়। এইখানে ষ্টোমা দিয়া পাতাগুলি বায়ু হইতে কার্বন ডাই অক্সাইড সংগ্রহ করে এবং রক্ষী কোষের দ্বারা সূর্যালোক টানিয়া লয়। সূর্যালোক এবং ক্লোরোফিলেব বর্তমানে রস ও কার্বন-ডাই-অক্সাইডে যে বাসায়নিক ক্রিয়া ঘটে তাহাব ফলে ফরম্যালডিহাইড (Formaldehyde) নামক পদার্থ ও অক্সিজেন উৎপন্ন হয়। অক্সিজেন রক্ত পথে নির্গত হইয়া যায়। ফরম্যালডিহাইড শর্কবায় পরিণত হয় ও জীবিত কোষ পুষ্ট করিবার জন্য দেহেব বিভিন্ন অংশে প্রেরিত হয়। বাকি ফরম্যালডিহাইড

প্রোটোপ্লাজম সাহায্যে খেতসারে পরিবর্তিত হয়। রাতে ঐ খেতসার কিছু পুনরায় শর্করায় পরিবর্তিত হয় এবং বিপরীত প্রক্রিয়া চলে।

তাহা হইলে এখানে যদি পাতাকে উদ্ভিদের রক্তন শালা ধরা হয় তবে টোমাগুলি উহার জানালা, সূর্যালোক আশুন, ক্লোরোফিল বাধুনী এবং রস ও কার্বন-ডাই-অক্সাইড খাওয়ার উপকরণ।


শশা, ডুমুর, কুমড়া প্রভৃতির পাতায় দেখিয়াছ কেমন ক্ষুদ্র ক্ষুদ্র শূঁয়া থাকে। অথচ আম, জাম, কাঁটাল, অশুখ, বটের পাতা কত মসৃণ। এই শূঁয়া থাকায় ইহার শত্রুর হাত হইতে আত্মরক্ষা করে। বিছুটির শূঁয়া কিরূপ যন্ত্রণাদায়ক তোমরা অনেকেই জান। আনাবস, ঘুতকুমারী প্রভৃতির পাতার কাঁটাও আত্মরক্ষার পক্ষে বিশেষ উপযোগী। অনেক সময় পাতার বসণ গাছকে শত্রুর আক্রমণ হইতে রক্ষা করে। লেবু, কালমেঘ প্রভৃতির পাতা এ জন্ত উল্লেখযোগ্য। গাঁদাল পাতার তীব্র গন্ধেও ইহার নিকটে শত্রু আসিতে পাবে না। ওল, কচু প্রভৃতির পাতা এত কুটকুটে যে মানুষের গায়েব চামড়ায় ইহাদের বস লাগিলে গা পর্যন্ত কুটকুট করে।

পাতা রূপান্তরিত হইয়া অল্প অনেক কাজ করিয়া থাকে। ফণীমনসা গাছেব কাঁটাগুলি ইহার রূপান্তরিত পাতা ছাড়া আর কিছুই নয়—ইহার দ্বারা ইহা আত্মরক্ষা করে। মটর গাছেব আকর্ষ পাতার রূপান্তর, ইহা দ্বারা ইহা আশ্রয়কে আঁকড়াইয়া ধরে। বাঁঝিব পাতায় পোকা থাকড ধবিবার ফাঁদের বন্দোবস্ত আছে। পাথর কুঁচিব পাতায় চারা জন্মায়।



পত্রহরিৎ সূর্যকিবণেব সাহায্যে কার্বন-ডাই-অক্সাইড হইতে কার্বনটুকু গ্রহণ করিয়া সংগৃহীত রসেব সাহায্যে গাছেব দেহ পুষ্ট করে এবং অক্সিজেন- ২৮ নং চিত্র—মটরের আকর্ষ বাষ্প বায়ুতে ছাড়িয়া দেয়। উদ্ভিদ যে কার্বন-ডাই-অক্সাইড গ্রহণ করিয়া অক্সিজেন ত্যাগ করে, তাহা নিম্নলিখিত পরীক্ষা হইতে বুঝা যায়।

একটি বড় কাচের পাত্রে কিছু সবুজ শেওলা রাখিয়া উহার উপর একটি কাচের ফানেল উপুড় করিয়া দাও। কাচের পাত্রটি কার্বন-ডাই-অক্সাইড্ বাষ্প মিশ্রিত জল (বাজারেব সোডা ওআটার) দিয়া প্রায় পূর্ণ করিয়া দাও, যেন ফানেলটি সম্পূর্ণ ভাবে ঐ জলে ডুবিয়া থাকে। পরে একটি জলপূর্ণ পরখ-নলী ফানেলের নলের উপর এরূপভাবে বসাইয়া দাও, যেন ইহাতে কোনরূপে বাতাস না প্রবেশ করে। পাত্রটিকে এই অবস্থায় কয়েক ঘণ্টা বোঁজে রাখিয়া দাও। পরে



২৯ নং চিত্র—উদ্ভিদ ও বায়ু

দেখিতে পাইবে যে, শেওলা হইতে বুদ্ধুদ বাহির হইয়া পরখ-নলীর ভিতর জমিতেছে এবং উক্ত নলীর জল নিচে নামিয়া যাইতেছে (২৯ নং চিত্র)। পরখ-নলীটি এরূপে বায়ুপূর্ণ হইলে নলীর মুখ আঙ্গুল দিয়া বন্ধ করিয়া উহাকে বাহিরে আন। উহাব মধ্যে একটি নির্বাচিত-প্রায় দেশালাই কাঠি ফেলিয়া দিলেই তাহা উজ্জ্বল হইয়া জলিবে। অতএব পরখ-নলীর মধ্যস্থিত বায়ু অক্সিজেন ভিন্ন আব কিছু নহে।

তাহা হইলে পত্রগুলি বুদ্ধুদরূপে অক্সিজেন ত্যাগ করিতেছিল।

অন্ধকার স্থানে এই পরীক্ষা করিলে এরূপ কোনও বুদ্ধুদ উঠে না। অর্থাৎ যে ক্রিয়ায় উদ্ভিদ বায়ুস্থ কার্বন-ডাই-অক্সাইড্ বাষ্পব কার্বন গ্রহণ করত অক্সিজেন ছাড়িয়া দিয়া কার্বনাংশের দ্বারা স্বীয় দেহ পুষ্ট করে, তাহা সূর্যের আলো ও তাপ ব্যতীত হইতেই পাবে না। এইজন্য সূর্যকিবণ উদ্ভিদ জীবনের পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। দেখ, রৌদ্র ও উত্তাপ পাইলে গাছ যেমন সজীব থাকে, অন্ধকারে সেরূপ থাকে না। ঘাসের উপর একটি পাত্র উপুড় করিয়া রাখিলে কয়েক দিন পরে আলো না পাইয়া ঘাসগুলি সাদা হইয়া যাইবে।


প্রাণিগণের ন্যায় উদ্ভিদগণের শরীরেও ভাঙ্গাগড়া কার্য নিয়তই চলিতেছে। তাহার ফলে উদ্ভিদগণও ক্রিয়ৎপরিমাণ কার্বন-ডাই-অক্সাইড্ ত্যাগ করে। দিবা-ভাগে উদ্ভিদেব যে পরিমাণ কার্বন-ডাই-অক্সাইড্ ত্যাগ করে, নিজেদের অঙ্গপুষ্টির জন্ত তাহা অপেক্ষা অনেক বেশী কার্বন-ডাই-অক্সাইড্ বায়ু হইতে গ্রহণ করত



উহার অক্সিজেন ছাড়িয়া দেয়, কিন্তু বাত্রিকালে সূর্যকিরণের অভাবে এরূপভাবে অক্সিজেন ছাড়িতে পারে না, কেবলমাত্র কার্বন-ডাই-অক্সাইড্ ত্যাগ কবে। এই জন্ত রাত্রে বৃক্ষতলে শয়ন করিলে শরীর অস্বস্থ হইতে পারে।

এখন তোমবা দেখিলে, প্রাণী ও উদ্ভিদ দ্বারা বায়ুস্থ অক্সিজেন ও কার্বন-ডাই-অক্সাইডেব পরিমাণ-সামঞ্জস্য কিরূপে বক্ষিত হইতেছে। প্রাণিগণ অক্সিজেন গ্রহণ কবিয়া কার্বন-ডাই-অক্সাইড্ বাতাসে ছাড়িয়া দিয়া বায়ুকে সর্বদা দূষিত কবিতোছে, আর উদ্ভিদগণ সূর্যকিরণেব সাহায্যে সেই কার্বন-ডাই-অক্সাইড্ গ্রহণ কবত অক্সিজেন ছাড়িয়া দিয়া বায়ুকে পবিকৃত বাখিতোছে এবং গৃহীত কার্বনাংশ দ্বারা স্বীয় শরীরেব পুষ্টিসাধন কবিতোছে। এই বিনিময়েব ফলেই প্রাণী ও উদ্ভিদেব জীবন রক্ষিত হইতেছে।

গাছেব শ্বাসকার্য (Respiration) পবীক্ষা করিবাব জন্ত একটি ফ্লাস্কে কতকগুলি বোঁটাকাটা টাটকা ফুল ঢুকাইয়া দাও। ফ্লাস্ক উপুড করিলে ফুলগুলি যেন পডিযা না যায়। একটি বড খালার মত পাত্রেব উপব একটি গভীর পাত্রে কিছু পাবদ লও। ঐ পাবদেব উপব ফ্লাস্কটি উপুড কবিয়া দাও। এইবাব একটি ববাবেব নলেব সাহায্যে খানিকটা কষ্টিক পটাশেব ঘন দ্রবণ ফ্লাস্কেব মধ্যে প্রবেশ করাইয়া কয়েক ঘণ্টা অপেক্ষা কর। পবে দেখিবে ফ্লাস্কেব মধ্যে পারা উঠিয়া যাইবে। ফ্লাস্কেব মধ্যে পূর্বে যে বায়ু ছিল তাহা হইতে ফুল অক্সিজেন গ্রহণ কবিয়া কার্বন ডাই-অক্সাইড্ ত্যাগ করে, কিন্তু কষ্টিক পটাশ দ্রবণ ঐ কার্বন-ডাই-অক্সাইড্ শোষণ




৩০ নং চিত্র—পাতার শ্বাসকার্য

করায় পারা ভিতরে উঠিয়া যায়। মনে রাখিও উদ্ভিদ দিনেব বেলায় অক্সিজেন ত্যাগ কবে ও কার্বন-ডাই-অক্সাইড্ টানিয়া লয় কিন্তু রাত্রে ইহার বিপরীত প্রক্রিয়া চলে। টোমা দ্বারা উদ্ভিদগণ কার্বন-ডাই-অক্সাইড্ পাতার ভিতরে টানিয়া লয়।

প্রশ্বাস (Transpiration)—গাছেব পাতা আরও একটি কাজ কবিয়া

থাকে। শিকড় দিয়া খাদ্য গ্রহণ কালে ইহারা মাটি হইতে প্রয়োজনাত্মিক জল টানিয়া লয়। পবে পাতার সাহায্যে উহাকে বাষ্পীভূত অবস্থায় বায়ু মণ্ডলে ছাড়িয়া দেয়।

একটি ছোট গাছের চাবাব গোড়ার দিক একটি ববারের চাদরের ভিতর ঢুকাইয়া গোড়াটি একটি ছোট গামলায় বন্ধিত মাটিতে পুঁতিয়া দাও। কয়েক



৩১ নং চিত্র—প্রশ্বেদন

দিন পবে গাছটি লাগিয়া গেলে ববারের চাদরটি গামলায় দড়ি বা সূতা দিয়া বাঁধ। যদি ববারের ছিদ্র বড় হওয়ায় গাছের পাশে ববারের চাদরের মধ্যে ফাঁক থাকিয়া যায় তবে তুলনা দিয়া বন্ধ কর। পবে একটি বড় কাচের প্রেটের উপর গামলাটি বাখিয়া গাছ ও গামলাকে একটি বড় বেলজাবে চাপা দিয়া বাখিয়া দাও। পবদিন দেখিবে বেলজাবে গায়ে জল বিন্দু জমিয়া যাওয়ায় বেলজাবে কাচ ঈষদচ্ছ হইয়া উঠিয়াছে। ঐ জলবিন্দু নিশ্চয়ই ঐ গাছটির পাতা হইতে নির্গত হইয়াছে। ইহাকে গাছের প্রশ্বেদন প্রক্রিয়া বলে। যদি মাটি হইতে কোন জলীয় বাষ্প উঠিয়া থাকে তবে তাহা ববারের ভিতর আটকাইয়া যাইবে।

**কলস উদ্ভিদ** (Pitcher plant) নামে এক প্রকার গাছের পাতার মধ্যশিবা সূতার মত লম্বা হইয়া শীর্ষে একটি কলসী মত পাত্রেব আকার ধারণ করে। পাত্রটির মধ্যে মিষ্ট বস থাকে এবং উহার মুখ রঙিন আবরণ দ্বারা ঢাকা থাকে। কীট পতঙ্গ লোভে পড়িয়া ঐ বস পান করিতে আসিলে উহার পাত্রেব মধ্যে পিছলাইয়া পড়ে এবং প্রাণ হারায়। তখন ঐ কলসের এক প্রকার বস নির্গত হয়, উহা কীট পতঙ্গদিগকে জীর্ণ করিয়া ফেলে এবং উদ্ভিদ ঐ পতঙ্গের দেহ হইতে নাইট্রোজেন সংগ্রহ করে। এইরূপ উদ্ভিদদিগকে **পতঙ্গভুক** (Insectivorous) বলে। আমাদের দেশের পুকুরেব এক প্রকার কাঁবি অমুরূপ উপায়ে নাইট্রোজেন সংগ্রহ করে।

## ফুল

আমাদের দেশে সাধারণত শরৎ এবং বসন্ত কালে অনেক রকমের ফুল ফুটিয়া থাকে। গাছ যখন বেশ সবল ও পরিপুষ্ট হইয়া উঠে তখন নির্দিষ্ট ঋতুতে নির্দিষ্ট গাছে ফুলের কুঁড়ি দেখা দেয়। কিন্তু এমন অনেক গাছ আছে যাহাতে বাব মাস ফুল ফুটে। ফুলের সুগন্ধ এবং সৌন্দর্য আমাদের আকৃষ্ট করে। ফুল বিবাহতাব এক অপূর্ব সৃষ্টি। ইহার গায় মনোমুগ্ধকর সুন্দর জিনিষ জগতে আর নাই। ফুলের সৌন্দর্য পাপড়িতে। বিচিত্র বর্ণ সম্পদে সজ্জিত হইয়া কুঁড়ি হইতে যখন পাপড়িগুলি আত্মপ্রকাশ করে তখন কেবল মানুষ নহে কত ইতর প্রাণীও আকৃষ্ট হইয়া মুগ্ধভাবে ইহার পাশে ঘুবিয়া বেড়ায়।

একটি বোঁটা হইতে কোন প্রকার গাছে একটি ফুল হয় আবার কোন প্রকার গাছে একটি বোঁটা হইতে বহু ফুল ধরে। শেষোক্ত প্রকারের ফুলের সমগ্র বোঁটাকে **মঞ্জরী** (Inflorescence) বলে।


একটি ফুল লইয়া পর্যবেক্ষণ করিলে বুঝা যাইবে কেবল মাত্র পাপড়িই ফুলের সমস্ত অংশ নহে। একটি ফুলের সাধারণত চারিটি অংশ, যথা :—( ১ ) কুণ্ড বা **বৃত্যংশ** (Sepal), এবং **কুণ্ডসমষ্টি** বা **বৃতি** (Calyx), (২) **পাপড়ি** (Petal) এবং পাপড়ির সমষ্টি **অন্তরাবরণ** বা **পুষ্প মুকুট** (Corolla), (৩) **পরাগ কেশর** বা **পুং কেশর** (Stamen) ও ( ৪ ) **গর্ভকেশর** বা **স্ত্রী কেশর** (Carpel)।

একটি ফুলের বোঁটা ধরিয়া উপর দিকে ধরিলে ফুলের সবচেয়ে নিচের অংশটি অর্থাৎ ঠিক বোঁটার উপরকার অংশটিই বৃতি। ইহার বর্ণ সাধারণত সবুজ। যখন ইহা খণ্ডে খণ্ডে বিভক্ত থাকে তখন এক একটি খণ্ডকে **বৃত্যংশ** (Sepal) বলে। যখন ফুল কুঁড়ি অবস্থায় থাকে তখন এই বৃতিরূপ কোঁটার মধ্যে সমগ্র ফুলটি আপনাকে গুটাইয়া আত্ম গোপন করিয়া থাকে। তখন ফুলের মনোহাবিহীন বা নূতন বর্ণ থাকে না। যত দিন যায় তত বৃতির মুখ ফাটিয়া যায় এবং ফুলের পাপড়ি বাহির হয় এবং বর্ণ সম্পদে ও সৌরভে সমৃদ্ধ হইয়া উঠে। বহু ফুলের বোঁটা ও বৃতির সংযোগ স্থলে ছোট ছোট পাতার মত এক প্রকার অংশ দেখিতে

পাওয়া যায়—ইহাদের বর্ণ সাধারণত বৃতির বর্ণের ন্যায়। ইহাদিগকে **বৃন্তপত্র** (Bract) বলে।

লক্ষ্য করিলে দেখিবে একটি জবা ফুলের ঠিক বোটার উপরেই খুব ছোট কতগুলি পাতার মত জিনিষ ছড়াইয়া আছে; ইহা বৃন্তপত্র। ইহাদের উপর হইতে ফুলের আরম্ভ। ইহার উপর সবুজ বর্ণের একটি বাটির মত জিনিষ থাকে যাহার ভিতর কুঁড়ি অবস্থায় ফুল ঢাকা থাকে। কাল ক্রমে এই বাটি ফাটিয়া গেলে বড়িণ পাপড়ি বাহির হয়; ইহাই জবা ফুলের বৃতি।

বৃতির পরেই ফুলের (২) **পাপড়ি** (Petal), বা পাপড়ির সমষ্টি **অন্তরাবরণ** বা **পুষ্প মুকুট** (Corolla)। পাপড়িগুলি কখনও কাটা কাটা হয়, কখন কখন একসঙ্গে যুক্ত হইয়া বৃতির মত একটি হইয়া থাকে। কাটা কাটা এক একটি অংশকে **পাপড়ি** (Petal) এবং উহাদের সমষ্টিকে **দল** বা **পুষ্প মুকুট** (Corolla) বলে। ফুলের এই অংশই সর্বাপেক্ষা সুন্দর। বর্ণ সম্পদই বল আৰ



৩২ নং চিত্র—পদ্ম ও চাপা

সৌভাই বল, সকলই পাপড়িতে। দিনের বেলায় যে সকল ফুল ফুটে, তাহাদের বর্ণ সাধারণত শাদা হইলেও উহাদের গন্ধ তীব্র। কখন কখন পাপড়িগুলি এক স্তরে কখনও বা বহুস্তরে সজ্জিত থাকে। কুম্ভাভাব ফুলের পাপড়ি এক থাক কাটা কাটা, কিন্তু ধূতুবা, কল্কে প্রভৃতি ফুলের এক থাক পাপড়ি একসঙ্গে সংযুক্ত হইয়া তামাক খাইবার কলিকার মত

দেখায়। জবা এবং মালতী ফুলে পাঁচটি, সরিষা ফুলে চারিটি, আতা ও কাঁটাল ফুলে তিনটি করিয়া পাপড়ি থাকে। আবার গোলাপ ফুলে এক থাকে পাঁচটি করিয়া দুই তিন থাক এবং চাপা ফুলে তিনটি করিয়া দুই থাক পাপড়ি সাঙ্গান

থাকে। পদ্মে ঐরূপ অনেকগুলি পাপড়ি থাক থাক সাজান আছে, তাই পদ্মের  
আব এক নাম শতদল।

ফুলের তৃতীয় স্তরক (৩) **পুং কেশরচক্র** ( Androecium )। পাপড়ির পর  
ফুলের ভিতরে লম্বা ভাবের মত কতকগুলি জিনিষ দেখা যায়, তাহাদের নাম **পুং  
কেশর** (Stamen)। ইহাদের মাথায় একটি করিয়া চ্যাপ্টা খলি থাকে, তাহাতে  
হলুদ বঙের ফুলের **রেণু** বা **পরাগ** (Pollen) থাকে। খলিটিকে **পরাগকোষ**  
( Anther ) বলা হয়। তাহা হইলে প্রত্যেক পুং কেশরের দুইটি অংশ। নিচের  
সূত্রাকার অংশের নাম **সূত্র** ( Filament ) এবং উপরের অংশ **পরাগকোষ**।

সর্বশেষে ফুলের অন্তরতম প্রদেশে থাকে ( ৪ ) **গর্ভকেশর চক্র**  
( Gynacoeum ), ফুলের ভিতরে ইহাব এক একটি অংশকে বলে **গর্ভকেশর**  
( Carpel )। গর্ভকেশরের সর্ব নিম্নে ক্ষীত অংশকে **গর্ভকোষ** বলে। এই  
গর্ভকোষের সঙ্গ উপর দিকে একটি সৰু নল সংযুক্ত থাকে, তাহাকে **গর্ভ দণ্ড**  
(Style) এবং এই গর্ভদণ্ডের শীর্ষদেশকে  
**গর্ভমুণ্ড** ( Stigma ) বলা হয়। গর্ভ-  
কোষের ভিতর থাকে **ডিম্বকোষ**  
( Ovule ) এবং তাহাব ভিতর থাকে  
**ডিম্বক** ( Ovum )। গর্ভকোষ ধীরে  
ধীরে বাড়িয়া ফলের আকার ধারণ  
করিতে থাকিলে এদিকে ফুলের অগ্র  
অংশ শুকাইয়া যাইতে থাকে, শেষে  
পাপড়ি ও কেশরগুলি নিশ্চিহ্ন হইয়া



৩৩ নং চিত্র—মাঝামাঝি কাটা জবাফুল

যায়। গর্ভকোষ, গর্ভদণ্ড ও গর্ভমুণ্ড  
লইয়াই ফুলের গর্ভকেশর। ৩১ নং চিত্রে একটি মাঝামাঝি কাটা জবাফুলের  
বিভিন্ন অংশ দেখ—(১) পরাগকেশর, (২) পরাগকোষ, (৩) পাপড়ি,  
(৪) গর্ভদণ্ড, (৫) রুতি (৬) গর্ভকোষ ও (৭) বৃন্তপত্র।

সকল পুষ্প পূর্বোক্ত চারিটি অংশ সুপরিষ্কৃত নহে। যাহাদের এই চারিটি অংশ আছে তাহাদিগকে **পূর্ণাঙ্গ** (Regular) এবং যাহাদের এই চারিটি অংশের সকলগুলিই সুপরিষ্কৃত নয় তাহাদিগকে **অপূর্ণাঙ্গ** (Irregular) ফুল বলে।

ধূতুবা, গোলাপ, বেল প্রভৃতি পূর্ণাঙ্গ পুষ্প, কিন্তু লাউ কুমড়া, বিদ্রো, শশা তরমুজ, ফুটি, তাল, পেঁপে প্রভৃতি ফুলে তিনটি অংশ দেখা যায়। কোন কোনটির পুং কেশব থাকে, কিন্তু গর্ভকেশব থাকে না, আর যেটির গর্ভ-কেশব থাকে তাহার পুংকেশব থাকে না। ইহাদিগকে **এক-লিঙ্গ** (Unisexual) ফুল




৩৪ নং চিত্র—কুমড়ার স্ত্রী-পুংপুষ্প

বলে। ফুলের মধ্যে সে হিসাবে স্ত্রী ও পুরুষ ভেদ আছে। **স্ত্রী-পুষ্প** (Female flower) হইতে ফল জন্মায়, কিন্তু **পুরুষ-পুষ্প** (Male flower) হইতে ফল জন্মায় না। আবার এমন ফুলও আছে যাহার মধ্যে পুং-কেশব এবং গর্ভ-কেশব দুইই থাকে, তাহাদিগকে **উভলিঙ্গ** (Hermaphrodite বা bisexual) ফুল বলে। তাল, খেজুর, পেঁপে প্রভৃতি এমন গাছ আছে


সাধারণত যাহাদের যে গাছে স্ত্রীপুষ্প হয় সে গাছে পুরুষ পুষ্প জন্মায় না এবং যে গাছে পুরুষ পুষ্প জন্মায় সে গাছে স্ত্রী পুষ্প জন্মায় না। এই সকল গাছকে **এক-লিঙ্গ-পুষ্পক** (Dioecious) গাছ বলে; কিন্তু লাউ কুমড়ার একই গাছে দুই রকম ফুল ফুটিয়া থাকে। ইহাদিগকে **উভলিঙ্গ-পুষ্পক** (Monoecious) গাছ বলে। লাউ, কুমড়া, তরমুজ প্রভৃতির স্ত্রী পুষ্পের একটু বিশেষত্ব দেখা যায়। প্রথম হইতেই ইহাদের স্ত্রী পুষ্পের বোটার উপবেই ফল দেখা যায়। বোটার যেখানে বৃতি, দল, পুংকেশব ও গর্ভকেশব বসান থাকে তাহাকে

পুষ্পাধার (Thalamus) বলে। কলিকা, ভেবেণ্ডা প্রভৃতি কতকগুলি ফুলের এই স্থানে মধু-গ্রন্থি (Nectar) থাকে।

ফুলের আকৃতি লক্ষ্য করিয়া দেখিলে বেশ বৃষ্টিতে পাবা যায় বিভিন্ন ফুলের আকৃতি বিভিন্ন হইলেও পাতার দ্বারা ইহাদিগকে কয়েকটি শ্রেণীতে ফেলিতে পারা যায়। কাটা কাটা পাপড়ি দিয়া গঠিত ফুলের আকার সাধারণত দুই প্রকার—(১) ক্রুশাকৃতি (Cruciform) ও (২) প্রজাপতি আকৃতি (Papilionaceous)। সবিসা, মূলা প্রভৃতির ফুল দেখিলে বৃষ্টিতে পাবিবে ইহাদের পাপড়ি চারিটি আড়া আড়ি ভাবে অবস্থিত, অনেকটা ক্রুশের মত—তাই ইহাদিগকে প্রথম শ্রেণীভুক্ত করা হইয়াছে। আবার মটর, বক, শঙ্কনা



৩৫ নং চিত্র—বলিকা ফুল



৩৬ নং চিত্র—রক্তনী পদ্মা

প্রভৃতি ফুলে পাঁচটি পাপড়ি একটি চলন্ত পাল তোলা নৌকা অথবা উডন্ত প্রজাপতির আকারে অবস্থিত বলিয়া ইহাদিগকে দ্বিতীয় শ্রেণীভুক্ত করা হইয়াছে। ইহাদের সবচেয়ে বড় পাপড়িকে ধ্বজা (Standard), দুই পাশের পাখীর ডানার মত পাপড়ি দুটিকে পক্ষ (Wing) এবং ভিতরের একজোড়া পাপড়িকে নৌকা (Keel) বলা হয়।

সংযুক্ত পাপড়ি দিয়া গঠিত ফুলের আকার সাধারণত নিম্নোক্ত প্রকারের হয়।

(১) ফানেলাকৃতি (Funnel shaped)

—ধূতুরা, কলমী, বাঙ্গালু, ছোট গোয়লা প্রভৃতি

- (২) **ঘণ্টাকৃতি** ( Campamulate )—কুমড়া, কল্কে প্রভৃতি  
 (৩) **চক্রাকৃতি** ( Rotate )—বেগুন, লঙ্কা, আকন্দ প্রভৃতি  
 (৪) **ওষ্ঠাকৃতি** ( Bilabiate )—তুলসী, বাসক, দণ্ডকলস ইত্যাদি  
 (৫) **নলাকৃতি** ( Tubular )—রজনী গন্ধা, সূর্যমুখীর ভিতরের ফুল ইত্যাদি  
 (৬) **ফিতাকৃতি** ( Ligulate ) সূর্যমুখীর বাহিরের ফুল

**ফুলের কার্য** :—বংশ বক্ষা ও বংশ বৃদ্ধি কবাই ফুলের প্রধান কাজ , কাবণ ফুল হইতে ফল এবং ফল হইতে বীজ এবং বীজ হইতে গাছেব জন্ম । একটি গাছে বহু ফুল হয় আবার এক একটি ফুল হইতে বহু বীজেব জন্ম হয় । পূর্বে দেখিয়াছ স্ত্রী পুষ্প হইতে ফল জন্মায় । কিন্তু স্ত্রী পুষ্পের পবাগেব সহিত পুং পুষ্পেব পবাগ সংযোগ ( Pollination ) না হইলে কেবলমাত্র স্ত্রী পুষ্প হইতেই ফলের জন্ম হয় না ।

একটি ফুলের পবাগ যখন কোন প্রকারে অন্য একটি গর্ভমুণ্ডে লাগিয়া যায় তখন পবাগগুলি গর্ভমুণ্ড হইতে রস পায় এবং আপন দেহ হইতে ছোট ছোট পরাগ নল ( Pollen tube ) উৎপন্ন কবিয়া গর্ভদণ্ডের ভিতর দিয়া গর্ভকোষে এবং তথা হইতে ক্রমে ডিম্বক বন্ধ দিয়া ডিম্বকোষেব মধ্য প্রবেশ করে । এখানে দুইটি বিভিন্ন বকম কোষের মিলনেব ফলে কালক্রমে গর্ভকোষটি ফল এব° ডিম্বকোষটি বীজে পবিণত হয় । এই প্রক্রিয়াকেই নিষিক্তকরণ বা গর্ভাধান ( Fertilisation ) বলে ।

এই সমস্ত ব্যাপাবটি বুঝাইবার জন্য সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র ফুলেব বিবাহ শীর্ষক প্রবন্ধে যাহাবা ফুলের পরাগ সংযোগ কবাইয়া দেয় তাহাদিগকে ঘটক বলিয়া বর্ণনা করিয়াছেন । আমবা ঐকপ চারি প্রকাব ঘটকেব সন্ধান জানি । যথা :—

(১) কীট পতঙ্গ । ইহারা ফুলেব বর্ণ ও গন্ধে আকৃষ্ট হইয়া মধু আহরণ করিতে গিয়া পুষ্প হইতে পুষ্পান্তরে উড়িয়া পরাগ সংযোগ কার্য করিয়া থাকে । গোলাপ, মটর, সরিষা, বেগুন প্রভৃতি ফুলের এইরূপে পরাগ সংযোগ হয় ।



সাধারণত এই রকম ফুলের আকার বৃহৎ, রঙ উজ্জ্বল হয় ও ইহা বা সুগন্ধযুক্ত হয়। ইহাদের গর্ভদণ্ড চট্‌চটে আর্টায়ুক্ত, পবাগ ডাবী কাঁটায়ুক্ত ও আটাল হয়। ইহাদের পরাগ কোষ গর্ভমুণ্ডের আগে গুপ্ত হয়।

(২) বায়ু। বায়ুভাবে ফুলসহ গাছেব শাখা প্রশাখা আন্দোলিত হইবার কালে ফুলের পরাগগুলি খসিয়া অপব ফুলে ছড়াইয়া পড়ে তাহাতেই পরাগ সংযোগ কার্য হইয়া থাকে। নাবিকেল, পাইন, পিটুলি পান প্রভৃতিব বায়ু সাহায্যে পরাগ সংযোগ হয়। সাধারণত এই ফুলের আকার ছোট হয় বা ইহাতে গন্ধ থাকে না, কিন্তু পরাগ প্রচুব পবিমাণে জন্মে।

(৩) জল। কাঁকি বা পাটা শেওলা গাছেব পবাগ সংযোগ জলের দ্বাৰা ঘটয়া থাকে।

(৪) প্রাণী। শিমূল, কদম, কৃষ্ণচূড়া প্রভৃতি ফুলের পরাগ সংযোগ কাব, শালিক, বাহুড প্রভৃতি প্রাণীব দ্বাৰা ঘটয়া থাকে।

## ফল


একটি ধান ও একটি তবমুজ, লাউ বা পেঁপে পাশাপাশি বাধিলে সহসা মনে হয় না যে তবমুজ যেমন একটি সমগ্র ফল ধানও তেমনই একটি সমগ্র ফল। মনে হয় ধান, তবমুজের বীজের ন্যায় একটি বীজ। আবার যখন পাকা কাঁপাস ফল কাটিয়া তুলা বাহিব হইতে থাকে তখন মনে হয় না যে কাঁপাস ফলও তবমুজের মত এক প্রকার ফল। আবার আতা, নোনা, আনাবস, কাঁটাল প্রভৃতি ফলের গঠন বিচার করিয়া দেখিলে বুঝিতে পারা যায় ইহারা অনেকগুলি ফলের সমষ্টি মাত্র। এইরূপে ফলের মধ্যে পার্থক্য বিচার করিয়া ফলকে তিন শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে, যথা—(১) মৌলিক ফল, (২) গুচ্ছ ফল ও (৩) যৌগিক ফল।

(১) মৌলিক ( Simple ) ফল :—একটি ফুল হইতে একটি ফল উৎপন্ন হইলে, ফলটিকে মৌলিক ফল বলে। মৌলিক ফল দুই প্রকার—রসাল ও অরসাল।

দেখা যায় কতকগুলি ফলে রস অধিক থাকে এবং কতকগুলিতে অল্প থাকে। ধান, মটর, কার্পাস, নাটা প্রভৃতি যে সকল ফলে রসাল শাঁস অধিক থাকে না তাহাদিগকে **অরসাল (Dry)** এবং আম, জাম, পেয়ারা, পেঁপে তরমুজ প্রভৃতি যে সকল ফলে রসাল শাঁস অধিক থাকে তাহাদিগকে **রসাল (Fleshy বা Succulent)** ফল বলা হয়।

লিচু কিন্তু রসাল ফল নয়; ইহার যে শাঁস আমরা খাই উহা ফলের অংশ নয়; উহা বীজের একপ্রকার বিশিষ্ট আবরণ (Aril)।

অরসাল ফল দুই প্রকার—(ক) মটর, সিম, নাটা, সরিষা, দোপাটি প্রভৃতি যে সকল ফল শুকাইয়া ফাটিয়া যায় এবং তাহা হইতে বীজ ছড়াইয়া পড়ে



তাহাদিগকে **স্ফোটক (Dehiscent)** ফল এবং

(খ) ধান, যব, ভুট্টা প্রভৃতি যে সকল অরসাল ফলের আবরণ কখনও ফাটে না তাহাদিগকে **অস্ফোটক (In-dehiscent)** ফল বলে।

স্ফোটক জাতীয় ফলের ফাটিবার ভঙ্গি অনুসারে তাহাদিগকে আবার দুই শ্রেণীতে বিভক্ত করা হয়, যথা—(ক) শিম জাতীয় (Legume)—উহাদের ফল মাঝামাঝি দুই ভাগে ফাটিয়া যায়, উদাহরণ—শিম, মটর, বরনটি ইত্যাদি।

(খ) সরিষা জাতীয় (Siliqua)—উহাদের

ফল লম্বালম্বি ভাবে কয়েকটি বিভিন্ন অংশে ফাটিয়া থাকে। উদাহরণ—সরিষা, মুলা, কার্পাস, ঢেঁড়স, ইত্যাদি।

খোসা, শাঁস ও বীজের পার্থক্য অনুসারে রসাল ফল পাঁচ প্রকার, যথা—(ক) **স্ফটিক (Drupe)**, (খ) **বেগুন জাতীয় (Berry)**, (গ) **শশা জাতীয় (Pepo)**, (ঘ) **লেবু জাতীয় (Hesperidium)** ও (ঙ) **আপেল জাতীয় (Pome)**।

(ক) **স্ফটিক ফল (Drupe)**—লক্ষ্য করিলে আম, আমড়া, প্রভৃতি

রসাল ফলের তিনটি স্তর দেখা যায়। সর্বোপরি যে আবরণ তাহাকে (১) খোসা (Epicarp) বলি, ইহা (২) মধ্যস্তর (Mesocarp)—শাঁসের চেয়ে শক্ত। (৩) তৃতীয় স্তর (Endocarp) হইল আঁটি। খেজুর, নারিকেল এই জাতীয় ফল।

(খ) বেগুন জাতীয় ফল (Berry)—বেগুন, টেঁপারি, পেয়ারা প্রভৃতি ফলের খোসা তত পুরু নয়, ইহাদের সমস্ত অংশই প্রায় শাঁস এবং এই শাঁসের মধ্যে অনেক খানি স্থান লইয়া অনেকগুলি ছোট ছোট বীজ ছড়ান থাকে। ইহাদিগকে



৩৮ নং চিত্র—বেগুন জাতীয় ফল

বেগুন জাতীয় ফল বলে। ইহাদের প্রায় সকল অংশই আমবা খাইয়া থাকি।

(গ) শশা জাতীয় (Pepo)—শশা, ফুটি, তবমুজ, পেঁপে, লাউ, কুমড়া



৩৯ নং চিত্র—পেঁপে

প্রভৃতি ফলের বাহিরের স্তর অপেক্ষাকৃত শক্ত এবং ইহাদের শাঁসের পবিমাণ যথেষ্ট—বীজের সংখ্যাও যথেষ্ট। ইহাদের মধ্যস্তরই আমবা সাধারণত

খাই। কিন্তু লাউ বা শশার শাঁস এবং বীজও আমবা খাইয়া থাকি।

(ঘ) লেবু জাতীয় (Hesperidium)—কমলা, পাতি, কাগজি, জামিবা প্রভৃতি ফলের বাহিবের স্তর বেশ একটু পুরু এবং মধ্যস্তর পাতলা থলির মধ্যে আবদ্ধ। এই থলির মধ্যে আবদ্ধ কোষা কোষা মধ্যস্তরের ভিতরেই কয়েকটি করিয়া বীজ এবং অসংখ্য রসাল শাঁসের দানা থাকে। এই রকম একটি শাঁসের দানা আবার এক একটি অপেক্ষাকৃত পাতলা পর্দার মধ্যে আবদ্ধ। ইহাদের এক একটিকে পৃথক করা যায়। ইহাদের শাঁস অপেক্ষা রসই আমাদের বিশেষ প্রয়োজনীয়।

(৬) **আপেল জাতীয় (Pome) ফল**—আপেল, নাসপাতি প্রভৃতি ফলের খোসা অনেকটা শশা জাতীয় ফলের খোসার মত ; মধ্যস্তরও উহাদের মধ্যস্তরের মত কিছু শক্ত। ইহাদের ছোট ছোট বীজ, সংখ্যায় তিন চারিটির অধিক নয়। বীজগুলি ফলটির মধ্যস্থলে একত্রে থাকে।

(২) **গুচ্ছ ফল (Aggregate fruit)**—একটি ফুল হইতে অনেকগুলি ফল হইয়া একত্রিত হইলে তাহাকে **গুচ্ছফল** বলা হয়। টাঙ্গা ও কাঁটালি টাঙ্গা ফল গুচ্ছ ফল। আতা, নোনা প্রভৃতিও এক প্রকার গুচ্ছ ফল। ইহাদের এক একটি গর্ভকেশর হইতে এক একটি ফল জন্মায়, কিন্তু উহা একসঙ্গে দল বাঁধিয়া থাকে বলিধা বাহিব হইতে বুঝা যায় না। তথাপি কাঁটা অবস্থায় ইহাদিগকে কাটিলে বুঝিতে পাওয়া যায় খোসার একটি ঢাকার ভিতর এক একটি কোষা ও কোষার বাহিবেব আবরণ লইয়া এক একটি ফল, পাকিলে ঐ কোষাব নবম আবরণ একত্রিত হইয়া সমস্ত কোষাগুলির একটি আবরণের মত দেখায়।

চালতাও এক প্রকার গুচ্ছ ফল। চালতা ফুলের বৃত্যংশগুলি স্ফীত ও বসাল হইয়া চালতাব এক একটি বাখড়া হয়। এই বাখড়াগুলি একত্রিত হইয়া একটি ফলের আকার ধারণ কবে বটে, কিন্তু প্রকৃত ফলই বাখড়ার মধ্যে লুক্কায়িত থাকে। চালতাব গৌড়াই চালতার প্রকৃত ফল। চালতা এই সব কারণে **অপ্রকৃত ফল**।

(৩) **যৌগিক (Multiple) ফল**—বহু ফুল হইতে একটি ফল জন্মাইলে ফলটিকে **যৌগিক ফল** বলা হয়। কাঁটাল, আনারস, ডুম্ব, তুঁত ইহাব দৃষ্টান্ত, কিন্তু ইহাদের প্রত্যেকটির কিছু কিছু বৈশিষ্ট্য আছে।

**আনারস**—আনারসের গায়ে যে ছয় কোণা চোখ দেখা যায় উহা এক একটি পৃথক ফুল হইতে উৎপন্ন। ইহাদের শাঁশ, গর্ভকেশরগুলির নিম্ন অংশ হইতে উৎপন্ন। শাঁশের মধ্যস্থলের দণ্ডাকার অপেক্ষাকৃত শক্ত অংশ ফুলের মঞ্জবী দণ্ড।


**কাঁটাল**—কাঁটালের এক একটি কাঁটা এক একটি ফুলের গর্ভদণ্ড হইতে উৎপন্ন। ইহাদের এক একটি কোষ ফুলের গর্ভকেশর হইতে উৎপন্ন, পাতুড়ি-গুলি অনির্দিষ্ট ফুলের আবরণ—মধ্যস্থলের ভুতুড়ি অর্থাৎ মোটা দণ্ডটি মঞ্জবী শীর্ষ।

' ডুমুর—ডুমুর ফুলের মঞ্জরী দণ্ড ফাঁপা হইয়া গোলাকার একটি ফলের আকার ধারণ করে, ইহাই ডুমুর ফল। ইহার ভিতরে অনেকগুলি ছোট ছোট ফুল থাকে সেইগুলিই বীজরূপে ফলের ভিতর থাকে।

এই পরিচ্ছেদের শেষে ফলের শ্রেণীবিভাগ করিয়া একটি তালিকা দেওয়া গেল।

একটি ফলে সাধারণত তিনটি অংশ দেখা যায়—খোসা, শাঁস ও বীজ। কিন্তু সকল ফলে এ তিনটি সমান অংশে থাকে না। পেঁপে, আম, শশা, তরমুজ প্রভৃতি ফলে খোসা কত অল্প কিন্তু শাঁস কত অধিক। নাট্য ফলে শাঁস নাই বলিলে চলে, কেবল খোসা ও বীজ। আম, জাম, খেজুর প্রভৃতি ফলে একটি করিয়া বীজ দেখা যায়, তাহা সমস্ত ফলটির মাঝখানে থাকে। কিন্তু লাউ তরমুজ শশা প্রভৃতি ফলে বীজ অনেক এবং সমস্ত ফলটির মধ্যে শাঁসেব সহিত সারি সারি থাকে। কুমড়া, পেঁপে, ফুটি প্রভৃতি ফলের মাঝখানে খানিকটা ফাঁকা স্থান থাকে। সেই ফাঁকা স্থানেই শাঁসের উপরে বীজগুলি দেখিতে পাওয়া যায়। যে ফলে বীজ যত কম, ফলেব আকাবের অনুপাতে সে ফলেব বীজ তত অধিক বড় হইয়া থাকে। যে সকল ফলে বীজ মাত্র একটি, যেমন, আম, জাম, নাবিকেল প্রভৃতি তাহাদেব বীজ খুব বড় হইয়া থাকে।

ফুটি, পেঁপে, আম, জাম, প্রভৃতি ফল পাকিলে কত নরম হয়, কিন্তু লাউ পাকিলে তাহার খোসা এত শক্ত হয় যে তাহাকে শাঁস বাহিব করিয়া দিবাব পর ঘটি বাঁটির মত ব্যবহার করা চলে। কুমড়া, তরমুজ, বেগুন, শশা প্রভৃতি ফল কাঁচা অবস্থায় যেরূপ থাকে পাকিলেও প্রায় সেরূপ থাকে। বিজা, পুরুল প্রভৃতি কতকগুলি ফল আছে, পাকিলে তাহাদের শাঁস কমিতে আরম্ভ হয় এবং সঙ্গে সঙ্গে ভিতরে জালি প্রস্তুত হইতে থাকে। বিজা বা পুরুলের জালি আমবা গাত্র মার্জনী হিসাবে সাবান মাখিবার সময় ব্যবহার করি। লেবু শাঁস সাধারণ ফলের শাঁসের মত থাকে না। খোসাব ভিতরে ইহার শাঁস ক্রমান্বয়ে কেমন একটির পর একটি আবরণের মধ্যে ঢাকা থাকে। বেলেব খোসা কত শক্ত কিন্তু ভিতরে শাঁস পাকিলে কাদার মত নরম হইয়া থাকে।



৪০ নং চিত্র—কতকগুলি বসন্ত ফল

আতা বা নোনা ফলের স্বাদ কাঁচা অবস্থায় কিরূপ বিত্ৰী ; কিন্তু পাকিলে ইহাই কিরূপ সুস্বাদু হয় । কুমড়া পাকিলে ইহাব স্বাদের বিশেষ তার-তম্য হয় না । আম কাঁচা অবস্থায় টক থাকে, পাকিলে মধুর হয় । কলা কাঁচা অবস্থায় কষায় এবং কতই না বিস্বাদ থাকে , কিন্তু পাকিলে ইহাই আবার কেমন সুস্বাদু হইয়া দাঁড়ায় । পূর্ব পৃষ্ঠায় একটি রসাল ফলের চিত্র দেওয়া হইয়াছে, তাহাদের বৈচিত্র্য লক্ষ্য কর ।

আম, জাম, বেমুজ, সৈকুল, মাকাল, তেলাকুঁচা প্রভৃতি ফল পাকিলে ইহাদের রং বদলাইয়া যায় । আম, কাঁটাল, আনারস প্রভৃতি পাকিলে ইহাদের গন্ধে মানুষ এবং ইতর প্রাণী আকৃষ্ট হয় । নাটা, মটর, দোপাটি প্রভৃতি ফল পাকিলে আপনা আপনি ফাটিয়া যায়, সেইজন্য ইহাদের বীজগুলি আপনা আপনি ছড়াইয়া পড়ে । কাপাস, শিমূলের ফলও ফাটিয়া থাকে , কিন্তু বীজে তুলা লাগিয়া থাকায় ইহাবা হাওয়ায় অনেক দূর পর্যন্ত উড়িয়া যাইতে সমর্থ হয় ।

### বীজ

চাল, সরিষা, মটর, ছোলা, আমের আঁটি, তালের আঁটি, নারিকেলের খোল এসকল গুলি এক একটি বীজ । বীজের সাধারণত তিনটি অংশ—আবরণ, বীজ-পত্র ( Cotyledon ) যাহা দানার মত বীজের ভিতর দেখা যায়, ও অঙ্কুর বা ক্রম ( Embryo ), ইহাদের মধ্যে কতকগুলি আবরণ খুব শক্ত কতকগুলির আবরণ অপেক্ষাকৃত কম শক্ত । কতকগুলির মধ্যে মাত্র একটি দানা থাকে, কতকগুলির মধ্যে দুইটি । প্রথমোক্ত বীজগুলিকে একবীজ পত্রী ( Monocotyledonous ) ও শেষোক্ত গুলিকে দ্বিবীজ পত্রী ( Dicotyledonous ) বীজ বলে । আসাম প্রভৃতি অঞ্চলে চমরী ঝাউ প্রভৃতির বীজে অনেকগুলি দানা দেখা যায় । মুগ, মসুর, অড়হর, ধান, যব, ভুট্টা প্রভৃতি বীজ মানুষের খাওয়ার জন্য যত অধিক পরিমাণে লাগিয়া থাকে এত অধিক পরিমাণে মানুষের খাচ্ছে অল্প কিছু লাগে না , বলিতে গেলে মানুষ এই সকল বীজের উপর নির্ভর করিয়াই জীবন ধারণ করে ।

অস্বঃসার ( Exalbuminous বা Non-endospermic ), স্বঃসার ( Albuminous বা Endospermic ), মূঃসারী ( Epigeal ) ও মূঃসারগত

( Hypogeal ) বীজ কাহাকে বলে তাহা পূর্বে জানিয়াছ। পাইন বন্যবীজ ( Gymnosperms ) হইতে জন্মায় ইহাও জানিয়াছ।

বীজের বিস্তুতি কিরূপে হয় দেখ। মাটিতে এক স্থানে বহু বীজ পড়িলে যে সকল চারা উৎপন্ন হয় তাহারা খেসা খেসি থাকিয়া বড় হইতে পারে না। গাছে বীজ পাকিলে যদি তাহাদিগকে স্থানান্তরে লইয়া না যাওয়া হয় তবে গাছের গোড়ায় বীজ হইতে এক জায়গায় বহু চারার জন্ম হইতে পারে। সেজন্য বীজ ছড়াইয়া দিতে হয়। বীজ নানা প্রকারে ছড়াইয়া পড়িতে পারে। তন্মধ্যে প্রধান কয়টি উপায় নিচে বলা হইল :—

( ১ ) বাতাস দ্বারা—তুলা, সিকোনা প্রভৃতির বীজ হালকা এবং ইহাদের কাহারও কাহারও গায়ে তুলাব আঁশেব মত নূন্য আঁশ আটকাইয়া থাকে বলিয়া বাতাসে ভাসিয়া স্থানান্তরে নীত হইতে পারে এবং তাহা হইতে গাছ জন্মাইতে পারে।



( ২ ) জীবগণ দ্বারা :—চৌরকাঁটা, বাঘানখা প্রভৃতি গাছের ফল মানুষের কাপড়ে বা জীব জন্তুর গায়ে লাগিয়া আটকাইয়া যায় এবং তাহাদের দ্বারা স্থানান্তরে নীত হয়। মাটিতে পড়িয়া গেলে তাহা হইতে গাছ হয়। বাদুড় পেয়ারা, বাদাম, ডুম্ব প্রভৃতি ফল খাইয়া ইহাদের বীজ স্থানান্তরে ফেলিয়া যায়। শূগালবা খেজুর, কুল প্রভৃতি ভক্ষণ করিয়া ইহাদের বীজ হজম করিতে পারে না। মলত্যাগ কালে ঐ বীজগুলি স্থানান্তরে পরিত্যক্ত হয় এবং তাহা হইতে গাছ হয়। বট, অশ্বখের বীজ পাখীরা খায় এবং বিষ্ঠা ত্যাগ কালে ইহাদের বীজগুলি পরিত্যক্ত হয়, তাহা হইতে গাছ জন্মে। কয়েদ বেলের বীজও মানুষের বিষ্ঠার সহিত এইরূপে পরিত্যক্ত হয় এবং তাহা হইতে গাছ জন্মাইতে দেখা যায়। কুঁচ খাইয়াও পাখীরা ইহাকে বিষ্ঠার সহিত ত্যাগ করিলে তাহা হইতে গাছ জন্মে।

( ৩ ) জল দ্বারা—ভাল নারিকেল প্রভৃতি হালকা ফল জলে ভাসিয়া স্থানান্তরে নীত হয় এবং কোথাও মাটিতে আটকাইয়া গেলে ইহাদের গাছ হয়।

( ৪ ) স্ফোটন দ্বারা—নাটী, দোপাটী, করম চা, অপরাজিতা, মটর প্রভৃতির ফল ফাটিয়া ছিটকাইয়া পড়ে। তবে এই উপায়ে ইহারা বহুদূরে বিস্তুত হইতে পারে না।



(৫) মানুষের দ্বারা—বহুবিধ উপায়ে এক স্থান হইতে বীজ অন্য স্থানে নীত হয় কখনও জ্ঞাতসারে কখনও বা অজ্ঞাতসারে। ঔষধ পথ্যের জন্য প্রয়োজনীয় হিসাবে বা সৌখিনতার উপাদান স্বরূপে ইহাদিগকে ব্যবহার কবিবার জন্য কত যত্ন করিয়া মানুষ পৃথিবীর এক প্রান্তের বৃক্ষ অন্য প্রান্তে লইয়া তাহাদের চাষ করে।



**সংক্ষেপ :-** গাছের প্রধান অংশ দুইটি, মূল ও কাণ্ড। মূল মাটির নিচে থাকে কাণ্ড মাটির উপরে থাকে। অবশ্য অনেক কাণ্ড আছে বাহ্যিক মাটির নিচে থাকে—যেমন হলুদ

আদা, কচু ইত্যাদি। মূলের কাজ—আহার্যের জন্তু কাঁচা মাল সংগ্রহ করা এবং মাটির উপকৃত্ত্বকে খাড়া রাখা। বিভিন্ন আকারের মূল দেখিতে পাওয়া যায় এবং তাহারা অল্প কাজও করে। সেই হিসাবে ইহাদের নামও ভিন্ন হইয়া থাকে। কাণ্ডের কার্য খাড়া সর্বদেহে চালান দেওয়া এবং শাখা প্রশাখা হইতে পাতা ফুল ফল ধারণ করা। ইহাতে পর্ব, সন্ধি, পত্র, মুকুল প্রভৃতি থাকিতে পারে। ইহা বা বহুবিধ আকারের হয়। পাতার আকার যেমন বহু প্রকারের ইহাদের শিবা বিস্তারিতও তেমনই বহু প্রকারের। একটি বৃন্তে যদি কেবলমাত্র একটি ফলক থাকে তবে তাহাকে মৌলিক পত্র বলে, কিন্তু যদি একাধিক পত্র থাকে তবে তাহাকে যৌগিক পত্র বলে। পাতায় স্টোমা আছে। পাতার দ্বারা বায়ু হইতে গাছ আহার গ্রহণ করিতে পারে এবং দেহের অতিবিস্তৃত বস নির্গত করিয়া দিতে পারে। ফুল সৌন্দর্যের আকর—ইহার সৌন্দর্যে মানুষ ও জীবজন্তু আকৃষ্ট হয়। ইহা গাছের অপ্রধান অংশ। ফুলের চারিটি অংশ—বৃতি, পাপড়ি, পবাগকেশব ও গর্ভকেশব। সকল ফুলে সকল অংশগুলি থাকে না। ফল এবং বীজ গাছের অপ্রধান অংশ। নানাবকম ফলের আকার ভিন্ন, স্বাদ ভিন্ন, বর্ণ ভিন্ন। বীজের সংখ্যা বেশী হইলে উহারা আকারে ছোট হয়।

### তৃতীয় প্রশ্নমালা

- ১। মূল, কাণ্ড, পাতা, ফুল, ফল ও বীজ কত বিভিন্ন প্রকারের হইতে পারে লিখ। (Write down the different forms of —Roots, stems, leaves, flowers, seeds and fruits )
- ২। ওল, আদা, আলু এবং মূলা :—ইহারা কাণ্ড কি মূল বল। (Say whether the following are stem or root ,—corm, ginger, potatoes and radish).
- ৩। নিম্নলিখিতগুলি প্রকৃত পক্ষে গাছের কি এবং ইহা বা কিসের কার্য করে? বেলের কাঁটা, মটরের আকর্ষ, পিঁয়াজ ও ধান। (Say what part of a plant the following are and what their functions are :—The thorn of a 'Bel', tendrils of a pea, onion and paddy.)
- ৪। কার্যকারিতা সম্বন্ধে আলোচনা কর—(ক) মূল ও (খ) ফলের। (Discuss the functions of (a) the root and (b) the fruit ) ( ক: বি: ১২৪০ )

## চতুর্থ পরিচ্ছেদ

### ধান ও মটর গাছের জীবনেতিহাস

ভাত বাঙ্গালীদের প্রধান খাদ্য। অবাঙ্গালীগণ তাই 'ভেতো' বলিয়া বাঙ্গালীদের কলঙ্ক বটাইয়া থাকেন। কিন্তু খাদ্য শস্য হিসাবে উৎপন্ন শস্যের পরিমাণেব হিসাবে জানা গিয়াছে এত অধিক পরিমাণে আর কোন শস্য মানুষের খাদ্য হিসাবে উৎপন্ন হয় না। কাজেই বাঙ্গালী ছাড়া বহু অবাঙ্গালীও ইহা খাইয়া জীবন ধারণ করেন। ধান হইতে চাউল এবং চাউল সিদ্ধ করিয়া ভাত হয়। ধানকে অন্ন সিদ্ধ করিয়া সিদ্ধ ধানকে রোজে শুকাইয়া, ঐ শুষ্ক ধানকে ভানিয়া লইলে যে চাউল হয় তাহা সিদ্ধ চাউল এবং ধানকে কেবলমাত্র শুকাইয়া ভানিয়া লইলে যে চাউল হয় তাহা আতপ চাউল। বাঙ্গালীবা খাইবাব জন্ম বেশীৰ ভাগ সিদ্ধ চাউল ব্যবহার করিয়া থাকেন এবং পূজা পৰ্ব্বাণে আতপ চাউল ব্যবহার করিয়া থাকেন, কিন্তু ভারতের অন্যান্য প্রদেশে আতপ চাউলই সমধিক প্রচলিত।

যে দেশে প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয় সেই দেশের জলাভূমিতে ধান জন্মায়। সেজন্য পাহাড়ে দেশে ধান জন্মে না। জমি ও আবাদের সময় ভেদে ধান মোটামুটি তিন রকম। ভাদ্র আশ্বিন মাসে যে ধান পাকে তাহাকে আউশ বা আশু ধান বলা হয়। অধিকাংশ ধান অগ্রহায়ণ, পৌষ মাসে পাকিয়া থাকে—ইহারা আমন বা হৈমন্তিক ধান। যে সকল ধান বর্ষাকালে বা শীতের শেষে পাকে তাহারা বোরো ধান। সাধারণত আউশ ধান উচু জমিতে জন্মায়, আমন ধান তদপেক্ষা নিচু জমিতে জন্মায় এবং বোরো ধান তদপেক্ষা নিচু জমিতে জন্মায়। লম্বা গুঁয়াযুক্ত এক প্রকার ধান আবাদী ধানের মধ্যে আর্পনি জন্মায়। তাহারা সুপক্ক হইবার আগেই ঝরিয়া পড়ে

বলিয়া মানুষের কোন কাজে আসে না। অথচ ইহার গাছ অতি সহজে আবাদী ধানের মধ্যে আগাছার যত জন্মাইয়া আবাদী ধান নষ্ট করিয়া ফেলে। সেইজন্য চিনিতে পারিলেই এবং সুবিধামত চাষীরা ঐ গাছগুলিকে তুলিয়া ফেলিয়া দেয় অথবা কাটিয়া ফেলে। ইহাদিগকে ঝাড়া বা উড়ি ধান বলে।

উচু জমিতে যে ধান হয় তাহার দানা সরু হয় এবং নিচু জমিতে যে ধান হয় তাহাদের দানা মোটা হয়। সেই হিসাবে আউশ ধানের দানা সরু হওয়া উচিত; কিন্তু প্রকৃতপক্ষে আউশ ধানের দানা প্রায় বোরো ধানের দানার তায়ই মোটা হইয়া থাকে। হৈমন্তিক ধানের মধ্যে সীতাশাল, বাঁকতুলসী, দাদখানি প্রভৃতি ধানের দানা সর্বাপেক্ষা সরু। সরু ধানের চাল যেমন দেখিতে সুন্দর এবং খাইতে সুস্বাদু তেমনই সহজপাচ্য। এইজন্য রোগীদিগকে সরু চালের ভাত খাইতে দেওয়া হয়। ধান যত পুৰাতন হয় ইহাব চালও তত উপকারী হয়, কোন কোন চাউলে সুগন্ধ পাওয়া যায়—পায়স প্রভৃতি প্রস্তুত করিবার পক্ষে তাহা অত্যন্ত উপযোগী। ধান হইতে চিঁড়া, খই এবং মুড়কী এবং চাউল হইতে ভাত, মুড়ি প্রস্তুত হয়। দোকান হইতে খাবার কিনিয়া খাইতে হইলে চিঁড়া, মুড়ি ও মুড়কীর তায় নিবাপদ আহার্য্য আব নাই। চাল গুঁড়া হইতে পিঠা, কুটি প্রভৃতি হয়। জিলাপী প্রস্তুত করণের ইহা অন্যতম প্রধান উপাদান।

ধানের খোসা ছাড়াইলে যে চাল পাওয়া যায় তাহা লক্ষ্য করিলে বুঝা যায় ইহা একদলবীজ। কাজেই ধানের অঙ্কুর হইতে প্রথমে মাত্র একটি পাতা বহির্গত হয়। অতি সাবধানে ধানের খোসা ছাড়াইলে দেখা যায় চাউলের সমস্ত দেহ একটি পাতলা আবরণে আবৃত; চাউলের একমুখে একটি ক্ষুদ্র গর্তের মধ্যে অঙ্কুরটি ঘুমাইয়া থাকে বস পাইলে এই অঙ্কুর বর্ধিত হয় এবং ইহার এক অংশ মাটির নিচে যায়, অপর অংশ কাণ্ডরূপে মাটির উপরে উঠিতে থাকে। তখন সমস্ত বীজ বা চাউলটি ঐ ভ্রূণ মূল বা ভ্রূণ কাণ্ডের আচ্ছাদ্য যোগাইয়া থাকে। এই আচ্ছাদ্যের অধিকাংশই খেতসার জাতীয়।

জমিতে পর পর তিন চারিবার লাঙ্গল করিবার পর মই দিয়া মাটি ভাঙ্গিয়া



৪১ নং চিত্র—ধানগাছ ও তাহার বিভিন্ন অংশ

গুঁড়া করিয়া দিলে ঐ জমি চাষের উপযুক্ত হয়। তখন ইহাতে ধান ছড়াইয়া যাহাতে ঐ ধান আবার মাটি ঢাকা পড়ে তজ্জন পুনরায় উহার উপর দিয়া মই টানা হয়; ইহাকে ধান বপন করা বলে। কয়েকদিন পরে মাটির রস পাইয়া ধান অঙ্কুরিত হয়। ক্রম কাণ্ড মাটি ভেদ করিয়া উপরে উঠে এবং ক্রমশঃ মাটির ভিতর চলিয়া যায়। ক্রমশঃ পাশ দিয়া ধানের গুচ্ছমূল বাহির হয় এবং অল্পদিন মধ্যে ক্রমশঃ মরিয়া যায়। গাছ যত বড় হইতে থাকে তত ইহার কাণ্ড বর্ধিত হয় ও কাণ্ডের প্রতি গাঁট হইতে পাতা বাহির হয়, প্রতি পাতার গোড়া কাণ্ডটিকে বেঁটন করিয়া থাকে। একটি পত্রের ফলক যে দিকে প্রসারিত থাকে তাহার পরের পাতার ফলকটি ঠিক তাহার বিপরীত দিকে প্রসারিত থাকে। এইরূপে যত দিন যায় কাণ্ড তত বড় হয় এবং পাতার সংখ্যা বৃদ্ধি পায়। আমন ও বোরো ধানের গাছকে ২০।২৫ দিন পরে শিকড় সমেত তুলিয়া অন্য একটি পূর্বোক্ত প্রকারে লাঙ্গল করা এবং মই দেওয়া জমিতে গোছা গোছা করিয়া পুঁতিয়া দেওয়া হয়। ইহাকে ধান রোপণ করা বলে। অনেক সময় বৃষ্টির সুবিধা এবং অসুবিধা বুঝিয়া চাষীরা কেবলমাত্র ধান বপন করিয়াই দেয়, নাড়িয়া রোপণ কবে না।

ধানগাছের পাতার ফলক তলোয়ারের ফলকের মত লম্বা। ইহার গা মসৃণ নহে, শক্ত লোমযুক্ত করুক'রে। নরম চামড়ার উপরে ঐ পাতা টানিলে চামড়া ছিঁড়িয়া যাইতে পারে। পাতা যত পাকিয়া উঠে ততই ইহা অধিক করুক'রে হয়। খড় সর্বাংশে অধিক করুক'রে। কাঁচা বেলায় ধান গাছ সবুজ; কোন কোন ধান গাছের পাতা কাল বা বেগুণেও হয় পাকিলে ইহাদের সোণার মত রং হয়। ধানগাছের কাণ্ড ফাঁপা নলের গায়, মাঝে মাঝে গাঁইট বা সন্ধি (Node)। প্রতি সন্ধি ঘেরিয়া এক একটি পাতা বাহির হয়। ধান গাছের গোড়ার দুই চারিটি সন্ধি হইতে আস্থানিক মূল বাহির হইয়া থাকে।

গাছ বড় হইলে ধানের ফুল হয়। বোটার উপরে (৪১ নং চিত্রে গ) পাতার গায় যে দুটি সরু সরু পদার্থ থাকে ইহারা এবং তদুপরি শক্ত আবরণ দুই ভাগে

বিভক্ত খোসা দুইটি মঞ্জরী পত্র (Bract) নামে অভিহিত। ধানের পাতার  
 ত্রায় খোসাগুলি কব্কে'রে কাঁটায়ুক্ত। কালক্রমে খোসা যত শক্ত হয় ইহার গায়ের  
 কাঁটাগুলিও তত শক্ত হয়। কোন কোন ধানের খোসার ভগায় লম্বা এবং শক্ত  
 শুঁয়া থাকে। জটাকন্মা ধানে ঐরূপ শুঁয়া থাকে। মঞ্জরী পত্রের মধ্যে থাকে  
 গর্ভকোষ। গর্ভকোষের চারিদিক ঘেরিয়া দুইটি লডিকিউলের (Lodicule)  
 উপর দুইটি আবর্ত (Whirl) থাকে। ঐ আবর্ত হইতে ছয়টি পুরুষ কেশর  
 (Stamen) বাহির হয়। পুরুষ কেশরের পরাগদণ্ডগুলি (Filaments)  
 খুব সরু ও লম্বা হয় এবং ইহাদের মাথায় অপেকাকৃত স্থূল ও ভারী পরাগস্থলী  
 (Anthers) থাকায় বুলিয়া পড়ে এবং বাতাসে নড়িতে থাকে। ৪১ নং চিত্রে য  
 দেখা যাইবে পুরুষ কেশরগুলি কিরূপ বুলিয়া পড়িয়াছে এবং পরাগস্থলী হইতে  
 পরাগ ঝরিয়া পড়িতেছে। গর্ভকোষ পূর্বাশ্রয় বর্ধিত হওয়ায় এক্ষণে বিশেষ-  
 রূপে দৃষ্টিগোচরে আসে। গর্ভকোষের ভগায় দুইটি লোমযুক্ত চামবের মত দণ্ড  
 থাকে এবং গর্ভকোষে একটি মাত্র ডিম্বক থাকে। পরাগ পতনের ফলে ডিম্বক  
 হইতে বীজ জন্মায়। তখন লডিকিউল সমেত পুরুষ কেশর শুকাইয়া পড়িয়া যায়  
 এবং চাউল পূর্বোক্ত চারিটি মঞ্জরীপত্রে আবৃত থাকে। চাউল প্রথমাবস্থায়  
 দুধের মত শাদা তরল পদার্থরূপে দেখা দেয়। ধানগাছের মাথায় একটি শীষে  
 এমন অনেকগুলি ফুল ধরে এবং ঐ ফুলগুলি সময়ে ধানে পবিণত হয়।

আউশ ধান সাধারণত বৈশাখ জ্যৈষ্ঠ মাসে বপন করা হয়। এবং ভাদ্র  
 আশ্বিন মাসে গাছ সমেত ধান পাকিয়া সোণার বর্ণ ধারণ করিলে চাষীবা  
 ধানগাছ কাটিয়া আঁটি আঁটি বাধিয়া শুকাইতে দেয়, শুকাইলে ঝাড়িয়া ধান ও  
 গাছ পৃথক্ করা হয়। ধানের শুষ্ক গাছকে খড় বলা হয়। খড় গৃহপালিত  
 গবাদি জন্তুর প্রধান খাদ্য। অনেক সময় একই জমিতে আউশ ধান কাটিয়া  
 লইবার পর আমন ধান বোপণ করা হয়। আমন ধান সাধারণত অগ্রহায়ণ  
 পৌষ মাসে পাকিয়া থাকে। কোন কোন আমন ধান আশ্বিনের শেষ হইতেও  
 পাকিতে আরম্ভ করে। মাঠে অত্যধিক জল থাকিলে খড় ভাল হয় না বলিয়া


বোরো ধানের খড় অনেক সময় অকর্মণ্য হয়, তাই চাবীরা কেবলমাত্র ধানের শীষ কাটিয়া আনিয়া তাহাই ঝাড়িয়া ধান বাহির করে। পশ্চিমবঙ্গের মেদিনীপুর ও বর্ধমানে, উত্তরবঙ্গের বীমভূমে এবং পূর্ববঙ্গের বরিশালে প্রচুর পরিমাণে ধান জন্মাইয়া থাকে। উড়িষ্যায়ও যথেষ্ট ধান চাষ হয়।

### মটর

ভাতেব মত ডালও আমাদের নিত্য ভোজ্য। ভাত যেমন কেবল মাত্র বাঙ্গালীর প্রধান খাদ্য, ডাল কিন্তু সমগ্র ভাবতবাসীর নিত্য ভোজ্য পদার্থ। বাঙ্গালীর ‘ভাত ডাল’ যেমন নিত্য ভোজ্য ভাবতের প্রায় অন্ত সকল জাতির কাছে ‘ডাল রুটি’ তেমনই নিত্য ভোজ্য। বহুপ্রকার ডালের মধ্যে ছোলা ও মটর জাতীয় ডালই ভারতেব অগ্ণাণ জাতীয় মধ্যে বিশেষকপে ব্যবহৃত হয়।

শীতকালে শুষ্ক মাটিতে মটর চাষ হয়। উপযুক্ত কপে চাষ করিলে অসময়েও মটর গাছ জন্মায়। নদীর চরে ইহাবা প্রচুর পরিমাণে জন্মাইয়া থাকে। অসময়ের মটর শুঁটিতে মটর দানা বেশ পুষ্ট হয় না, গাছে শুঁটিও অধিক জন্মায় না।

শুষ্ক মটরকে দুই একদিন ভিজাইয়া রাখিলে ইহার কলা বাহির হয়। এই সময়ে মাটিতে ছড়াইয়া মাটি চাপা দিলে শিকড় মাটির ভিতর চলিয়া যায় এবং কাণ্ড উপর দিকে বাড়িতে থাকে। মটর দ্বিবীজপত্রী বীজ এবং অমৃদ্বন্দী, কাজেই বীজটি মাটির উপর থাকিতে চায় না। ইহার প্রধান মূল ক্রমাগত নিচে নামিতে থাকে এবং কালক্রমে তাহা হইতে শাখা প্রশাখা নির্গত হয়।




৪২নং চিত্র—মটর ও মটরের ফল

এদিকে মাটির উপরেও প্রধানকাণ্ড হইতে ক্রমে শাখা প্রশাখা বাহির হয়।



মটর গাছ লতা বলিয়া ইহারা খাড়া হইয়া থাকিতে পারে না। অনেক সময় লতাইয়া ইহারা বেড়ার গায়ে কিংবা অন্য গাছে পালায় উঠিয়া বাড়িয়া



৪৩ নং চিত্র—মটর গাছ


থাকে ; কিন্তু যেখানে প্রচুর পরিমাণে চাষ হয় সেখানে ইহারা মাটিতেই লতাইয়া বাড়িতে থাকে। আশ্রয়কে জড়াইয়া ধবিবার জন্য ইহাদের পাতার অগ্রে আকর্ষ (Tendrils) আছে। চিত্র দেখিলে বুঝিতে পারিবে প্রতি সন্ধি হইতে পত্র নির্গত হয়। কিন্তু ঐ সন্ধিতে কাণ্ডকে ঘেরিয়া এক জোড়া উপপত্র (Stipules) বাহির হয়। ঐ সন্ধি হইতে মটরের ফুল এবং শাখা প্রশাখা বাহির হয়। এক বোঁটায় কখন একটি কখন বা একগোছা ফুল হয় তাহা হইতে এক গোছা শুঁটি বা ফল হয়।

মটর ফুল সাধারণত বেগুনী এবং সাদা রংএ

বিশিষ্ট ; কখনও বা লাল আভাষুক্ত হয়। গাছে ফুল ফুটিলে দেখিতে মনোরম

হয়। মটর ফুলের একটি বিশেষত্ব আছে। ইহার পাঁচটি বৃতি একত্র জুড়িয়া একটি পদ্মকাটা বাটির মত দেখায়। কুঁড়ি অবস্থায় ফুল এই বৃতির মধ্যে লুকাইয়া থাকে এবং যত বড় হয় ততই এই বৃতি ফাটিয়া কুঁড়ির বাহিব হইবার পথ প্রশস্ত কবিয়া দেয়। তখন পাপড়িগুলি বৃতির চারিদিকে ছড়াইয়া পড়ে। ইহার পাঁচটি পাপড়ি একরূপ ভাবে গঠিত যে সমস্ত ফুলটিকে একটি পাল তোলা নৌকার মত দেখায়। দুটি পাপড়ি

জুড়িয়া নৌকার খোল (Keel) প্রস্তুত করে, তদুপরি পাখীর ডানার মত যে দুইটি পাপড়ি থাকে তাহা-দিগকে পক্ষ (Wing) এবং ফুলের মধ্যবর্তী সর্বাংশে বড় পাপড়িটিকে ধ্বজা (Standard) বলা হয়। ইহার পব দশটি পুরুষ কেশব। পুরুষ কেশবের দণ্ডগুলিব



৪৪ নং চিত্র—মটর ফুল

মাথায় থাকে পবাগধানী এবং পবাগধানীর মধ্যে থাকে দুইটি পবাগ পূর্ণ থলি। গোড়ার দিকে নয়টি পুরুষ কেশর মিলিত হইয়া একটি নলের মত আকার ধারণ করে এবং একটি পৃথক থাকে। পুরুষ কেশবের পর থাকে গর্ভকেশর। গর্ভকেশবের গোড়ার দিক অপেক্ষাকৃত মোটা ও ফাঁপা—তাহার পববর্তী অংশ একটি দণ্ডের মত এবং মাথাটি গোল বলের গায়। পুরুষ কেশর হইতে পরাগ আসিয়া এই অংশে লাগিলে তাহা গর্ভ কেশরের গোড়ায় পৌঁছাইয়া বীজের সৃষ্টি করে। গর্ভকেশরের গোড়ার অংশ এইভাবে বড় হইয়া শুঁটিতে পরিণত হয় এবং হইার মধ্যস্থ বীজগুলিই মটর

দানা। ইহা বা গুঁটির ভিতর সারিবদ্ধভাবে গুঁটিব একপাশে এক একটি বোটার সাহায্যে ঝুলিতে থাকে। একটি ফুলের পুরুষ কেশরের পরাগ ঐ ফুলের গর্ভকেশবে আসিয়া পড়িলে কিন্তু ফল হইবে না। ফুলের বর্ণে, গন্ধে ও বিচিত্র শোভায় আকৃষ্ট হইয়া কীট পতঙ্গাদি যখন একটি ফুলের পুরুষ কেশরের পরাগ দেহে লাগাইয়া আনিয়া অন্য ফুলের গর্ভকেশবে পৌছাইয়া দেয় তখনই ফল ধবে।

মটব গুঁটি বা দানা কাঁচা বেলায় দেখিতে সবুজ, পাকিয়া শুকাইয়া গেলে হলুদে হইয়া যায়। মটব গুঁটি বেশ শুকাইয়া গেলে আপনা আপনি ফাটিয়া যায় ও ইহার ভিতর হইতে মটর দানা ছিটকাইয়া যায়। তাই চাষীবা পাকা গুঁটি সমেত গাছ উপড়াইয়া আনিয়া জমা করে এবং বোদ্রে শুকাইয়া গরুছা বা মাড়িয়া ইহা হইতে মটব কড়াইএব দানাগুলি পৃথক কবে।

মটবের কচি নবম গাছ শাক হিসাবে আমবা খাই। মটব ডাল আমাদের ভোজ্য। ইহাব খোসা গরব খাও। শুকনা ডাল গুঁড়া কবিয়া ব্যাসন প্রস্তুত হয়। ভিজা ডাল বাটিয়া নানাকপ মুখবোচক খাও প্রস্তুত করা যায়।

## ধান ও মটরের তুলনা

| ধান   | মটব  |
|---|--|
| ১। একবীজ পত্রী  | ১। দ্বিবীজপত্রী  |
| ২। প্রধান মূল কিছুদিন পবে শুকাইয়া যায়। শুষ্কমূল ইহাকে সজীব রাখে।  | ২। প্রধান মূল ববার নিচে নামিতে থাকে এবং তাহা হইতে শাখা প্রশাখা বাহিব হয় |
| ৩। কাণ্ড ফাঁপা এবং তাহাতে পর্ব ও সন্ধি পর পর থাকে।                  | ৩। কাণ্ড ফাঁপা নয়—পর্বসন্ধি আছে।  |
| ৪। পাতা মৌলিক, লম্বা এবং হুচাল, শিরা সমান্তরাল                      | ৪। যৌগিক পাতা—পাতার ডগার আকর্ষ, শিরা জালের মত                            |
| ৫। কাণ্ডের ডগায় একটি শীষে ফুল ও ফল ধরে। বৃতি ও পাপড়ি পরিষ্কট নয়। | ৫। বৃতি পদ্মকাটা বাটির মত। পাঁচটি পাপড়ি জুড়িয়া নৌকার আকার ধারণ করে।   |
| ৬। গাছ ঘাস জাতীয়।  | ৬। গাছ লতা জাতীয়  |

**সংক্ষেপ :**—ধান বিভিন্ন প্রকারের—সর ও মোটা ইত্যাদি। চাষের সময় হিসাবে তিন রকম ধান—আশু, আমন ও বোরো। জমি যত নিচু হয় সেখানে তত মোটা ধান জন্মায়। ধানের গাছ কাপা। খাদ্য হিসাবে কোন শস্ত পৃথিবীতে এত অধিক পরিমাণে জন্মায় না। মটরও ধানের স্তার ভারতবাসীর নিত্য ভোজ্য। ইহার শুষ্ক ভূমিতে শীতকালে জন্মায়। মটরের গাছ লতানে, পাতা পোল—গাছে আকর্ষ আছে; ইহার ফুল দেখিতে মনোরম। গুঁটির ভিতর অনেকগুলি দানা সারিবদ্ধভাবে পৃথক পৃথক বোঁটার ঝুলিতে থাকে।

### চতুর্থ প্রশ্নমালা

- ১। ধান বা মটর চাষ বৎসবে কোন সময় হয়? অঙ্কুরোদগম হইতে পাকা ধান বা শুষ্ক মটর পর্যন্ত উহাদের গাছের যে পরিবর্তন হয় তাহা লিখ। (What are the times for the cultivation of Paddy and Pea? Describe different stages of a Paddy plant or a Pea plant from the germination up to their harvesting time.)
- ২। 'ধান গাছের জীবন' বা 'মটর গাছের জীবন' সম্বন্ধে একটি রচনা লিখ। (Write an essay on life history of 'Paddy' or 'Pea'.)
- ৩। ধান বা মটর ফুল বিকাশ লাভ করিয়া কিরূপে ফলে পরিণত হয় লিখ। (Write what you know of inflorescence of Paddy and Pea.)
- ৪। ধান ও মটর কি কাজে লাগে লিখ। (State the uses of Paddy and Pea.)
- ৫। ধান বা মটরের আবাদ কিরূপে হয় লিখ। (Write the process of cultivation of Pea and Paddy.)
- ৬। ধান ও মটরের পার্থক্য পাশাপাশি লিখিয়া দেখাও। (Tabulate the distinction between Paddy and Pea.)

## প্রাণী-বিদ্যা

### প্রথম পরিচ্ছেদ

#### জীব ও জীবন লক্ষণ

কলেব সাহায্যে বেল গাড়ী, মোটর গাড়ী, ষ্টীমার, উডোজাহাজ প্রভৃতি কেমন দ্রুতবেগে ছুটিয়া চলে। মানুষ, পশুপক্ষীও এরূপ ছুটিয়া চলিতে পারে। মানুষ, পশু, পক্ষী প্রভৃতির জীবন আছে কিন্তু রেল গাড়ী, মোটর গাড়ীর, ষ্টীমারের কিংবা উডোজাহাজের জীবন নাহি। যাহাদের জীবন আছে তাহাদিগকে আমরা জীব (The Living) এবং যাহাদের জীবন নাই তাহাদিগকে জড় (The Non-living) বলি। আবার দেখ, গাছপালা মানুষের মত পশুপক্ষীর মত বাড়ে কিন্তু তাহাদের মত চলাফেরা কবিতো পাবে না। মানুষ যেমন আহাৰ্য গ্রহণ করিয়া তাহার কলেবর পুষ্ট করে গাছ পালাও সেরূপ মৃত্তিকা হইতে তাহার আহাৰ্য সংগ্রহ কবিয়া কলেবর পুষ্ট করে। আমরা জানি মানুষের মত গাছ পালার জীবন আছে। আবার একটি মিছরীর দানাকে ঘন মিছরীর জলে ডুবাইয়া রাখিলে সে দানাটি বড় হইতে থাকে, কিন্তু তাই বলিয়া মিছরীর দানার জীবন নাই, একথা আমরা সকলেই স্বীকার করি। এখানে রেল গাড়ী, মোটর, ষ্টীমার, উডোজাহাজ, মিছরীর দানা প্রভৃতি জড়, কিন্তু মানুষ, পশু, পক্ষী, উদ্ভিদ প্রভৃতি জীব। তাহা হইলে জড় ও জীবের লক্ষণ কি ?

বিশেষ লক্ষ্য কবিলে দেখা যায় জীব মাত্রেই নিম্নলিখিত লক্ষণ গুলি আছে :—

- ১। জীবকোষ ( Cell )—জীবের দেহ জীবকোষ দ্বারা গঠিত।
- ২। পুষ্টি ( Nutrition )—আহাৰ্য গ্রহণ করিয়া জীবের দেহ ক্রমশ পুষ্ট হয়।
- ৩। বৃদ্ধি ( Growth )—সময় সহকারে অঙ্গ প্রত্যঙ্গের বৃদ্ধি হয়।
- ৪। শ্বাসপ্রশ্বাস ( Respiration )—শ্বাস প্রশ্বাস গ্রহণ ও ত্যাগ করে।

৫। নিঃসরণ (Secretion)—শরীর হইতে অপ্রয়োজনীয় অংশ ত্যাগ করে।

৬। চলাফেরা (Locomotion)—শরীর নাড়িতে পারে ও শরীরকে একস্থান হইতে অন্যস্থানে লইয়া যাইতে পারে।

৭। সংবেদনী শক্তি (Response to stimuli)—আছে ও পারিপার্শ্বিক অবস্থায় নিজেকে চালাইয়া লইতে (Adaptability to environments.) পারে।

৮। বংশবৃদ্ধি (Propagation)—কবিত্তে পারে।

৯। মৃত্যু (Death)—জীবের মৃত্যু অবশ্যজ্ঞাবী।

জীবকোষের বিষয় দেহতত্ত্বে বিশেষরূপে বলা হইবে। যে সকল জীবকোষ প্রাচীর দ্বারা ঘেবা নহে তাহাদের দ্বারা গঠিত দেহ নবম হয় কিন্তু যে দেহ প্রাচীর বেষ্টিত কোষ দ্বারা গঠিত তাহা শক্ত হয়। প্রাচীর বেষ্টিত কোষ দ্বারা উদ্ভিদ-দেহ এবং প্রাচীরহীন কোষ দ্বারা জীবদেহ গঠিত তাই প্রাণী দেহ অপেক্ষা উদ্ভিদেব দেহ কঠিন।

এইখানে একটি কথা বলিয়া রাখি। তোমরা আট দশ দিন পূর্বে জন্মিয়াছে এমন খুব ছোট তেঁতুল চাবাব সহিত একটি বড় তেঁতুল গাছেব তুলনা করিলে দেখিবে ইহা একই বংশজাত হইলেও ইহাদের শরীরেব পার্থক্য কত অধিক। তেঁতুল চাবার পাতা, কাণ্ড, শিকড় এবং বড় তেঁতুল গাছেব পাতা, কাণ্ড, শিকড় প্রভৃতির মধ্যে কত পার্থক্য। চারা গাছটিব পাতাগুলি বড় গাছেব পাতা হইতে কত ভিন্ন। ইহার কারণ বয়ো-বৃদ্ধিসহকারে এবং পারিপার্শ্বিক অবস্থায় পড়িয়া বড় গাছেব সম্যক বিকাশ লাভ ঘটিয়াছে, কিন্তু চারা গাছেব এমন সর্বাঙ্গীন বিকাশ লাভ ঘটে নাই, তাই এই পার্থক্য। শিশু সন্তান ও পূর্ণাঙ্গ মানুষের মধ্যেও এমন অনেক পার্থক্য দেখা যায়।

এইবার আমরা সমস্ত জীব জগতকে দুইটি প্রধান অংশে বিভক্ত করিয়া তাহাদের সাদৃশ্য বা পার্থক্য গুলি বিচার করিয়া দেখিব। তাহাদের মধ্যে একটি প্রাণি-জগৎ অপরটি উদ্ভিদ-জগৎ।

প্রাণী এবং উদ্ভিদের মধ্যে সাদৃশ্য বা পার্থক্য :—

| প্রাণী   | উদ্ভিদ  |
|--|---|
| ১। দেহ আবৃত্ত জীবকোষ দ্বারা গঠিত।  | ১। দেহ আবৃত্ত জীবকোষ দ্বারা গঠিত।   |
| ২। খাদ্য খাইয়া শবীবের পুষ্টিসাধন করে।   | ২। জল, মাটি ও বাতাস হইতে বিচিত্র প্রণালী দ্বারা খাদ্য প্রস্তুত করিয়া সেই খাদ্যদ্বারা শবীব পুষ্ট করে।                   |
| ৩। আহাৰ্হ আহারোপযোগী হইলে তবে উদবস্থ কবে।  | ৩। কাঁচা মাল দেহমধ্যে লইয়া স্বীয় শক্তি দ্বারা আহারোপযোগী করিয়া গ্রহণ করে।  |
| ৪। খাদ্যের সাহায্যে শরীর বৃদ্ধি করে ও শরীরের অপচয় নিবারণ করে।                                   | ৪। অশুকপ কার্য কবে।   |
| ৫। বায়ু হইতে অক্সিজেন গ্রহণ কবে ও অক্সিজেন বাষ্পত্যাগ করে। (পরে বলা হইবে)                       | ৫। অশুকপ কার্য কবে।   |
| ৬। শরীর হইতে অপ্রয়োজনীয় অংশ ত্যাগ করে।   | ৬। অশুকপ কার্য কবে।   |
| ৭। শরীর নাড়িতে পাবে ও ইচ্ছামত চলাফেরা করিতে পারে।   | ৭। শরীর নাড়িতে পাবে—বড় বড় উদ্ভিদ চলাফেরা করিতে পাবে না বটে, ছোট ছোট জলজ উদ্ভিদ চলাচল করিতে পাবে।                     |
| ৮। সংবেদনী শক্তি আছে। চিমটি কাটিলে বেদনা পায়। চতুষ্পার্শ্বের সহিত সামঞ্জস্য রক্ষা কবিত্তে পারে। | ৮। সংবেদনী শক্তি আছে। লজ্জাবতী লতা ছুঁইলে যেন লজ্জায় মুস্টিয়া যায়। চতুষ্পার্শ্বের সহিত সামঞ্জস্য রক্ষা কবিত্তে পারে। |
| ৯। বংশ বৃদ্ধি করিতে পারে।  | ৯। বংশ বৃদ্ধি করিতে পারে।   |
| ১০। বুদ্ধি বলে ও শরীর মধ্যস্থ নাড়ের সাহায্যে কার্য নিৰ্বাহিত করিতে পারে।                        | ১০। বুদ্ধি আছে বলিয়া জানা যায় না। নাড়ের সন্ধান পাওয়া যায়।  |
| ১১। মৃত্যু আছে।  | ১১। মৃত্যু আছে।   |

এতস্তিন্ন প্রাণিগণ যেমন ঘুমায় অনেক গাছও তেমনই ঘুমায়। তেঁতুল, কৃষ্ণচূড়া, ধিরিশ, বাবলা প্রভৃতি গাছের পাতা রাত্ৰিকালে একত্র হইয়া যেন ঝিম্‌ঝিম্‌ পড়ে, ইহা ইয়ত অনেকেই লক্ষ্য করিয়া থাকিবে।

এই সমস্ত বিষয় আলোচনা করিলে বুঝা যায়, জীব জগতেব মধ্যে মানুষই চবম বিকাশ ও সৃষ্টি রহস্যের সর্বাঙ্গীন উৎকর্ষতা লাভ করিয়াছে—তাই সে জীবজগতেব উন্নততম জীব ।

জীবের লক্ষণ বিচার করিয়া দেখিলেও আমবা বুঝিতে পারিব, সকল লক্ষণ গুলিই সকল জীবের মধ্যে সম্যকরূপে বিকাশ লাভ করিতে পারে নাই । মানুষের মধ্যে যতগুলি লক্ষণ পূর্ণতা লাভ করিয়াছে ইতব প্রাণিদের মধ্যে ততগুলি লক্ষণ পূর্ণতা প্রাপ্ত হয় নাই । আবার ইতব প্রাণিদের মধ্যে যতগুলি লক্ষণ পূর্ণতা প্রাপ্ত হইয়াছে, উদ্ভিদের মধ্যে হয়ত ততগুলি লক্ষণ পূর্ণতা প্রাপ্ত হয় নাই ।

জড় পদার্থের মধ্যে উপরোক্ত জীবন লক্ষণের কোনটি দৃষ্ট হয় না । উদ্ভিদ তাহাদের বিভিন্ন দেহাংশ দ্বারা কার্যগুলি সম্পন্ন কবে দেখিয়াছ । যখন প্রাণিদের ঐ সকল দেহাংশের বিষয় বলা হইবে তখন তাহাদের কার্য কবিবার প্রণালী গুলিও বর্ণিত হইবে ।

**সংক্ষেপ :-**—যাহাদের জীবন আছে তাহারা জীব, যাহাদের জীবন নাই তাহারা জড় ; উদ্ভিদ সেই হিসাবে জীব । জীবদেহ কোষ দ্বারা গঠিত . ইহারা খাদ্য খাইয়া দেহ পুষ্টি কবে ও অপচয় নিবারণ করে, শ্বাস লয়, অপ্রয়োজনীয় অংশ ত্যাগ করে ও বংশবৃদ্ধি কবে , ইচ্ছামত অনেকে চলাফেরা কবিত্তে পারে , সংবেদন শক্তি আছে ।

### প্রথম প্রশ্নমালা

১। জীবনের কি কি লক্ষণ থাকা চাই ? লক্ষণগুলির সম্বন্ধে আলোচনা কর । (What are the signs of life ? Give an account of those signs.)

২। উদ্ভিদকে জীব বলা হাইতে পারে কি ? যদি পারে যায় তবে কেন ? (Have the plants life ? How can it be proved ?)

৩। প্রাণী ও উদ্ভিদের মধ্যে কি কি সাদৃশ্য ও কি কি বৈষম্য দেখা যায় পাশাপাশি লিখিয়া দেখাও । (Distinguish between a plant and a living being.)

৪। কি কি বৈশিষ্ট্য দ্বারা জীব ও জড়ের পার্থক্য বুঝা যায় ? (What are the characteristics which distinguish between the living from the non-living ?)

( ক: বি: ১৯৪০ )



## দ্বিতীয় পরিচ্ছেদ

### প্রাণীদের শ্রেণী বিভাগ

পৃথিবী জুড়িয়া যেমন অসংখ্য প্রকাবের উদ্ভিদ আছে, তেমনই স্থল, জল ও আকাশ জুড়িয়া কত যে বিভিন্ন প্রকাবের জীব বিচরণ করিতেছে তাহার সংখ্যা নির্ণয় কবিতে কে পাবে? ইহাদেব দেহ গঠন হইতে আরম্ভ কবিয়া আচার ব্যবহার ও জীবন যাত্রাব প্রণালী এত বিভিন্ন যে চিন্তা কবিয়াও তাহাদেব ধাবণা কবা যায় না। এক ফোঁটা জল অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যে দেখিলে তাহাতে যে অসংখ্য জীবাণু দেখা যায় তাহাবা যেমন প্রাণী, পূর্ণাঙ্গ মানুষ, গরু, মহিষ, সিংহ, হাতী ইত্যাদিও তেমনি প্রাণী। ইহাদেব প্রত্যেকটির পবিচয় লওয়া মানুষেব সাধ্যাতীত। কিন্তু শ্রেণী বিভাগ করিয়া কোন্ জীব কোন্ শ্রেণীৰ অন্তর্গত ইহা নির্ণয় কবিতে পাবিলে তাহাদেব প্রকৃতিগত সাদৃশ্য বা বৈষম্য হইতে তাহাদেব সম্বন্ধে অনেক কিছু ধাবণা কবিতে পাবা যায়।

মানুষ, সিংহ, ব্যাঘ্র, গরু, ছাগল, কুকুব, বিড়াল, পাখী, সাপ, ব্যাঙ ও মাছ— এই সকল জীবদেহে হাড় দেখিতে পাওয়া যায়, কিন্তু প্রজাপতি, পিপীলিকা, মৌমাছি, মাকডসা, কেঁচো, জেঁক, শামুক এবং বিমুক প্রভৃতি জীবের দেহে হাড় নাই। শবীবের সমস্ত হাড়ের মধ্যে শিরদাঁড়া বা মেরুদণ্ডই সর্বাপেক্ষা প্রয়োজনীয় এবং প্রধান। এই মেরুদণ্ড আছে বলিয়াই মানুষ খাড়া হইয়া চলিতে পাবে; গরু, ঘোড়ার দেহগঠন এই মেরুদণ্ডেব জন্তাই সুদৃঢ় থাকে। কিন্তু এই মেরুদণ্ড একখানি হাড় নহে, একসঙ্গে দৃঢ়ভাবে আবদ্ধ বহু সংখ্যক হাড় দিয়া ইহা গঠিত। এইজন্ত মেরুদণ্ডবিশিষ্ট প্রাণিগণ স্ব স্ব দেহ অল্লাধিক পবিমাণে বাঁকাইতে সমর্থ হয়।

• সাপ, গিরগিটি, কুমীর প্রভৃতি সবীম্প, কুকুব, ঘোড়া, গরু সিংহ, ব্যাঘ্র

প্রভৃতি পশু, কাক, চিল, শকুন, সালিক প্রভৃতি পক্ষী, ক্রই, কাতলা প্রভৃতি মাছ, এবং মানুষ প্রভৃতি জীবের দেহগঠন তুলনা করিলে দেখা যায় ইহাদের সকলের দেহ একটি লম্বা হাড়ের কাঠামোর উপর নির্মিত। এই লম্বা কাঠামোর প্রধান হাড়টি মেরুদণ্ড। যে সকল জীবের মেরুদণ্ড আছে তাহাদিগকে **মেরুদণ্ডী (Vertebrata)** বলা হয়। আবার এই মেরুদণ্ডের শাখার ন্যায় কতকগুলি হাড় বাহির হইয়া জীব-গণের হস্ত পদাদির কাঠাম ঠিক করে। মানুষের হাত পা যতটা প্রত্যক্ষ, ইতর প্রাণীদের হাত পা তত প্রত্যক্ষ নহে। চতুষ্পদ জন্তু এবং গিবগিটি ও টিকটিকি প্রভৃতি চতুষ্পদ সরীসৃপের দুইটি হাত বা দুইটি পা, চারিটি পায়ের মতই দেখায়, এবং সেইরূপ কাজও করিয়া থাকে। কিন্তু যদি এই সকল প্রাণী খাড়া হইয়া চলিতে পাবিত তাহা হইলে ইহাদের সম্মুখের পা দুইটি উহাদের হাত বলিয়া মনে হইত। কুকুর, বিড়াল, ব্যাঘ্র, সিংহ প্রভৃতি জানোয়াবদিগকে দেখা যায় একটি পায়ের কোন বস্তু চাপিয়া ধরিয়া অল্প পায়ের তাহা ছিঁড়িয়া ফেলে। এস্থলে পা দিয়া তাহারা হাতের কাজই করিয়া থাকে। হুমান, বনমানুষ প্রভৃতি প্রাণীদিগকে সামনের দুইটি পা দিয়া হাতের কাজ করিতে বিশেষরূপে দেখা যায়। কিন্তু সাপের একরূপ হাত পা দেখা যায় না।

পক্ষীদের মধ্যে চতুষ্পদ জানোয়াবদের মত সামনে দুইটি পা দেখিতে পাওয়া যায় না বটে, দুইটি ডানা তৎপরিবর্তে তাহাদের হাতের ন্যায় অনেক প্রয়োজনীয় কাজ করিয়া থাকে। মাছের একরূপ হাত পা কিছুই নাই। কিন্তু পরিবর্তে আছে দুই জোড়া পাখনা—যাহার দ্বারা ইহারা জলে সাঁতার দিয়া থাকে। প্রকৃত প্রস্তাবে ইহারা হাত পায়েরই কাজ করে। গাছপালার কথায় আমরা দেখিয়াছি কোন কোন গাছের কোন এক বিশেষ অঙ্গ কোন এক বিশেষ কাজ করিবার জন্য যেরূপ রূপান্তরিত হয়, মেরুদণ্ডী প্রাণীদের হাত পা প্রভৃতি অঙ্গ প্রত্যঙ্গও তেমনই নানারূপে প্রকাশ পায়। কাজ করিবার পক্ষে মানুষের হাত পা'ই যথেষ্ট। কিন্তু অন্যান্য প্রাণীকে লেজ দিয়াও অনেক কাজ করিতে হয়। তাহা হইলে সকল মেরুদণ্ডী প্রাণীর দেহ দুইটি প্রধান ভাগে বিভক্ত করা যাইতে পারে, যথা—মুণ্ড ও

ধড়। কোন কোন প্রাণীর ধড়ের পাশ হইতে হাত, পা, ডানা, লেজ ইত্যাদি শাখা বাহির হয়, কাহারও হয় না। মুণ্ডে সাধারণত চোখ, মুখ, নাক, কান, ইত্যাদি এবং ধড়ে কাঁধ, পেট, পিঠ, হাত, পা, লেজ থাকে। বৃকে মেরুদণ্ড হইতে কতকগুলি শাখা হাড় বাহির হইয়া একটি খাঁচা প্রস্তুত করে। এই খাঁচার ভিতর থাকে তাহাদের সর্বাঙ্গের প্রয়োজনীয় যন্ত্র হৃদপিণ্ড, ফুস ফুস ইত্যাদি। ইহারা অতিশয় স্বকুমার বলিয়া ভগবান ইহাদিগকে ঐ খাঁচার ভিতর স্থান দিয়া সুবক্ষিত কবিয়াছেন। হাত, পা ও লেজ সাধারণত লম্বা হাড় দিয়া প্রস্তুত। হাতে এবং পায়ে প্রশাখার মত যে আঙ্গুল বাহির হয় তাহাও কতকগুলি ছোট লম্বা হাড়ের সমষ্টি মাত্র। মাথায় যে আমাদের যন্ত্র আমাদের সকল কর্ম নিয়ন্ত্রিত কবিতোছে তাহা অতীব স্বকুমার এবং সর্বাধিক প্রয়োজনীয়। সেজন্য ইহা হাড়ে প্রস্তুত একটি কোঁটায় কোঁশলে সুবক্ষিত।

যে সকল প্রাণীর মেরুদণ্ড নাই তাহাদিগকে **অমেরুদণ্ডী** ( Invertebrata ) প্রাণী বলা হয়। মেরুদণ্ডী প্রাণীও যেমন অসংখ্য প্রকারের অমেরুদণ্ডী প্রাণীও তেমনি অসংখ্য প্রকারের। তাই আবার উক্ত দুই প্রকার প্রাণীকেই আরও বিভিন্ন প্রকার পর্বের অন্তর্ভুক্ত করা হয়।

মেরুদণ্ডী প্রাণীদিগকে, মাছ, সর্পীশ, পাখী, চতুষ্পদ ও মানুষ প্রভৃতি শ্রেণীতে বিভক্ত করা হয়। তন্মধ্যে মাছের সম্বন্ধে তোমাদিগকে কিছু বলা হইয়াছে এবং পবে কিছু বলা হইবে। চতুষ্পদ জন্তুদের মধ্যে গরু, ছাগল, ভেড়া প্রভৃতি পশুর দুধ খাইয়া আমাদের শিশুগণ পুষ্টিলাভ করে। আমাদের মাতৃবক্ষে দুধ এত প্রচুর পরিমাণে পাওয়া যায় না যাহাতে কেবলমাত্র সেই দুধ খাইয়া আমাদের শিশুগণ বাঁচিতে পারে। তাই আমরা ইতর প্রাণীর দুধ সংগ্রহ করিয়া থাকি। চতুষ্পদ প্রাণিগণ তাহাদের সন্তানদিগকে স্তন্যপান করাইয়া বাঁচাইয়া রাখে, কিন্তু সকল ইতর প্রাণী তাহাদের শিশুদিগকে স্তন্যপান করায় না। যে সকল প্রাণী স্তন্যপান করাইয়া শিশুদিগকে বাঁচাইয়া রাখে তাহাদিগকে **স্তন্যপায়ী** (Mammal) বলা হয়। মানুষ এবং পশু স্তন্যপায়ী প্রাণী।

অন্যান্য প্রাণী হইতে স্তন্যপায়ীর অনেক পার্থক্য দেখা যায়। স্তন্যপায়ীদের গর্ভ হইতে একেবারে সম্ভান ভূমিষ্ট হয়; কিন্তু অন্য প্রাণীর ডিম হয়। তাই যে সকল প্রাণীর ডিম হয় তাহাদিগকে অনেক সময় দ্বিজ বলা হয়। পাখীরা দ্বিজ। সমস্ত স্তন্যপায়ী জীবের দাঁত আছে বলিয়া ইহারা খাদ্য চিবাইয়া খায়।

স্তন্যপায়ী প্রাণীর মধ্যে আবার দুই বকম প্রাণী দেখা যায়—মাংসাশী (Carnivorous) ও নিরামিষাশী (Vegetarian)। মাংসাশী প্রাণী সাধারণত হিংস্র। ইহাদের দেহগঠন শিকাবের উপযুক্ত বলিয়া অপেক্ষাকৃত হাল্কা; ইহাদের পেট ছোট, পাগুলি দৌড়াইবার পক্ষে অতিশয় সুবিধাজনকভাবে গঠিত; দাঁত ও নখ অতিশয় ধারাল এবং ভয়ঙ্কর অস্ত্রের কাজ করে। নিরামিষাশী প্রাণীদের দেহ অপেক্ষাকৃত স্থূল এবং ভারী। দাঁত তত তীক্ষ্ণ নয়, ইহাদের উদর বৃহৎ। ইহাদের নখ নাই; তৎপবিততে খুব আছে।

শিশুদিগকে স্তন্যপান করাইবার জন্য স্তন্যপায়ী জীব অধিক দিন আপন সম্ভানেব সংস্রবে থাকে বলিয়া ইহাদের সম্ভান বাৎসল্য অতীব প্রবল। ইহাদের দৃষ্টিশক্তি, স্রাবশক্তি এবং শ্রবণশক্তি অন্যান্য প্রাণীদের অপেক্ষা অধিকতর প্রবল। স্তন্যপায়ী জীবগণের স্বভাব এবং দেহ গঠন প্রণালী অনেকটা মানুষের স্বভাব এবং দেহগঠন প্রণালীর মত।

মেরুদণ্ডী প্রাণীদের সকলগুলির বিষয়ে তোমাদের অল্প বিস্তর জানা আছে। কিন্তু অমেরুদণ্ডী প্রাণীদের বিষয় শুনিলে তোমরা আশ্চর্যান্বিত হইয়া যাইবে। এক্ষণে মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণীদিগকে পর্বানুক্রমে (Phyla) সাজাইয়া তাহাদের সম্বন্ধে নিচে বলা হইল।

প্রথম পর্ব—প্রোটোজোয়া (Protozoa) বা আত্মপ্রাণী :—এই পর্বের প্রাণিগণ এক কোষ (Cell) বিশিষ্ট। ইহারা এত ক্ষুদ্র যে অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ছাড়া ইহাদিগকে দেখা যায় না। মানুষ বা অন্য প্রাণীর দেহে থাকিয়া ইহারা রোগ জন্মায়। অ্যামিবা নামক প্রোটোজোয়া হইতে আমাশয় এবং গ্যালেব্রিয়ার বীজাণু হইতে ম্যালেরিয়া রোগ হইয়া থাকে। ইহারা জলময় পদার্থে

বা স্থলে ভালভাবে থাকিতে পারে। কিন্তু ইহারা জলে স্থলে শূণ্ণে সকল জায়গায় থাকে। একটি কোষের সাহায্যে ইহারা হাত, পা, মুখ, নাক প্রভৃতি ইঞ্জিয়ার কাজ করিয়া থাকে। ইহাদের একটি প্রাণীর দেহ ডাঙ্গিয়া একটি ক্রমে আর একটি প্রাণী জন্মায়। এইরূপে ইহাদের বংশ বৃদ্ধি হয়।


দ্বিতীয় পর্ব—পরিষ্কেরা (Porifera) বা ছিজাল প্রাণী :—ইহারা সমুদ্র গর্ভে অধিক পরিমাণে থাকে। ইহারা জলেই বাস করে। দেখিতে সবুজবর্ণের বলিয়া ইহাদিগকে উদ্ভিদ বলিয়া ভ্রম হয়। স্পষ্ট এই সকল প্রাণীর দেহাবশেষ ছাড়া আর কিছুই নহে। ইহাদের দেহে বহু ছিদ্র আছে। ইহারা জলমিশ্রিত খাদ্য এই ছিদ্র দিয়া গ্রহণ করে আবার দূষিত পদার্থও ঐ সকল ছিদ্র দিয়া বাহির করিয়া দেয়। ইহাদের দেহ দুইস্তরে সজ্জিত।

তৃতীয় পর্ব—সিলেন্টারেটা (Coelenterata) বা একনালী দেহী :—ইহারাও জলচর প্রাণী এবং ইহাদের দেহও দুইস্তরে গঠিত। ইহাদের দেহে একটি মাত্র ছিদ্র আছে তাই দিয়া ইহারা আহার গ্রহণ ও দূষিত পদার্থ ত্যাগ করে। ইহাদের অনেকের শুঁড় (Tentacle) আছে। তদ্বারা ইহারা শক্রব আক্রমণ হইতে আত্মরক্ষা করে। হাইড্রা (Hydra), জেলি-মাছ (Jelly-fish), সাগর কুমুম (Sea anemone) প্রভৃতি এই জাতীয় জীব, সমুদ্র গর্ভস্থ প্রবাল ইহাদের দেহাবশেষ। তোমরা প্রবাল দ্বীপের কথা নিশ্চয় শুনিয়াছ।

চতুর্থ পর্ব—প্ল্যাটিহেল্মিন্থেস—(Platyhelminthes) বা চ্যাপ্টা কৃমি :—ইহাদের দেহ চ্যাপ্টা। মানুষ এবং পশু প্রভৃতি উচ্চশ্রেণীর প্রাণীর যকৃতে ইহারা জন্মিয়া থাকে বলিয়া ইহাদিগকে যকৃত কৃমি (Liver Fluke) বলা হয়। ইহারা অধিকাংশ উভয় লিঙ্গ।

পঞ্চম পর্ব—নিমাথেল্মিন্থেস (Nemathelminthes) গোল কৃমি-মানুষ বা উচ্চশ্রেণীর প্রাণীদের দেহে ইহারা বাস করে। ইহারা স্ত্রীতাব মত লম্বা এবং ইহাদের স্বয়ং স্বচ্ছ। মলের সহিত যে কৃমি বাহির হয় তাহারা এই জাতীয়

জীব, ইহাদের মুখ, পৌষ্টিক নালী ও পায়ু আছে। ইহাদের দেহের আবরণ অপেক্ষাকৃত পুরু অথচ স্বচ্ছ। ইহাদের বেশীর ভাগ জীবের স্ত্রী ও পুরুষ জন্মায়।



১নং চিত্র—প্রোটোজোয়া, স্পঞ্জ ও সাগর কুম্ভ

ষষ্ঠ পর্ব—আনেলিডা (Annelida) বা অঙ্গুরী মাল :- পর পর্ব কতকগুলি আংটি সাজাইয়া লম্বা কবিলে যেরূপ দেখায় ইহাদের দেহ দেখিতে সেইরূপ, ইহাদের দেহ স্বচ্ছত্বক (Cuticle) দ্বারা আবৃত। কেঁচো এবং জেঁক প্রভৃতি জীব এই পর্বভুক্ত। ইহাদের কাহারও কাহারও গায়ে কিটা (Chaeta) আছে। ইহারা উভয় লিঙ্গ।



২ নং চিত্র—ভাঙ্গা মাছ ও জেঁক

সপ্তম পর্ব—একাইনোডার্মাটা (Echinodermata) কণ্টকত্বক :-


ইহাদের দেহ চূন জাতীয় পদার্থ দ্বারা গঠিত এবং সারা দেহ কণ্টকময়। ইহাদের রূপের বৈচিত্র্য ইহাদিগকে মনোরম করিয়া তুলে। সমুদ্র জলে ইহারা বাস করে। তারা মাছ (Star fish) এবং শুঁয়াযুক্ত তারা মাছ এই পর্বভুক্ত প্রাণী। ইহাদের জী-পুরুষ ভেদ আছে। ইহারা মন্থরগামী প্রাণী।

অষ্টম পর্ব—অর্থ্রোপোডা (Arthropoda) সন্ধিপদ :—ইহাদের



৩নং চিত্র—কয়েকটি সন্ধিপদ প্রাণী

দেহে জোড়া জোড়া পা থাকে বলিয়া এইরূপ নাম হইয়াছে। চিংড়ি, কেরো,



৪নং চিত্র—কেরো

পিপীলিকা, বিছা, মাছি, মশা, কাকড়া প্রভৃতি প্রাণী এবং অন্যান্য কীট পতঙ্গাদি এই পর্বভুক্ত। ইহাদের দেহ অপেক্ষাকৃত কঠিন একটি আবরণে আবৃত এবং দেহ-

গুলি খণ্ড খণ্ড অঙ্গুবীর সমাবেশেব গ্ৰায়। চিংড়ির মুখের দুইধাৰে ঠোঁটেব গ্ৰায় যে পাতলা অংশ আছে তাহাকে ইহাদের প্রবর্ধন (Appendage) বলে। এই জাতীয় অনেক প্রাণীরই এইরূপ প্রবর্ধন আছে। ইহাদের দেহ এমনভাবে গঠিত যে মাঝামাঝি কাটিলে দুইটি অনুরূপ অংশে ইহারা বিভক্ত হইতে পারে। ইহাদের মধ্যেও জী-পুরুষ আছে।

নবম পর্ব—মলাস্কা (Mollusca) শঙ্কু :—ইহারা মন্থরগামী এবং ভীক-স্বভাব জীব। ইহাদের দেহও একটি চূন জাতীয় কঠিন আবরণে আবৃত থাকে ,

মাংসল দেহ ইচ্ছামত ঐ খোসার ভিতরে লইয়া যাইতে ও বাহিরে আনিতে




৫নং চিত্র—শামুক

পারে। ইহাদের শ্বাস গ্রহণ, রক্ত সঞ্চালন প্রভৃতি ক্রিয়া মেরুদণ্ডী প্রাণীর মতই হইয়া থাকে। ইহাদের দেহের কঠিন আবরণ পোড়াইয়া চূন প্রস্তুত করা যায়। ইহাদের মধ্যে কোন কোন জীবের স্ত্রী ও

পুরুষ জন্মায় আবার কোন কোন জাতীয় উভয় লিঙ্গ। শামুক, বিলুক, শাঁখ, প্রভৃতি এই পর্বভুক্ত জীব।

দশম পর্ব—কর্ডাটা (Chordata) মেরুদণ্ডী :—ইহাই প্রাণীদের মধ্যে উচ্চতম শ্রেণীর জীব। অস্থ সকল জীব হইতে ইহাদের প্রধান বিশেষত্ব এই যে ইহাদের মেরুদণ্ড ও মস্তিষ্ক আছে। ইহাদের কথা পূর্বে ই বলা হইয়াছে।

নিম্নে প্রাণীদের শ্রেণী বিভাগেব একটি তালিকা প্রস্তুত করিয়া দেওয়া হইল।



### মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণীদের তুলনা

#### অমেরুদণ্ডী

- ১। মেরুদণ্ড নাই
- ২। বাহাদের নার্ভ আছে, তাহাদের পেটের দিকে নার্ভ আছে।
- ৩। ক্যারিংসে ছিদ্র নাই, শ্বাসকার্যের অস্থ ব্যবস্থা আছে
- ৪। অনেকের চক্ষু নাই, বাহাদের চক্ষু আছে তাহাদের অধিকাংশের পৃষ্ঠাঙ্গি
- ৫। বাহাদের হৃদয় আছে তাহাদের হৃদয় পিঠের দিকে অবস্থিত

#### মেরুদণ্ডী

- ১। মেরুদণ্ড আছে
- ২। সকলের নার্ভ আছে এবং তাহা পিঠের দিকে
- ৩। ক্যারিংসে ছিদ্র আছে তদ্ব্যতী বাস কার্যের ব্যবস্থা আছে
- ৪। সকলেরই সরল চক্ষু আছে।
- ৫। সকলের হৃদয় আছে তাহা পেটের দিকে



সংক্ষেপ—পৃথিবীতে অসংখ্য প্রকারের জীব বর্তমান, জলের জীবাণু, আমাশয়, ম্যালেরিয়া প্রভৃতি রোগের বীজাণু যেমন প্রাণী, কৃষি, কীট পতঙ্গ হইতে গরু, মহিষ প্রভৃতি জন্তু ও মানুষ তেমনই প্রাণী। কিন্তু প্রত্যেক প্রকার জীবদেহের গঠন, জীবন ধারা, আকার অবয়ব প্রভৃতি বিভিন্ন, সেই হিসাবে সমস্ত প্রাণীদিগকে দশটি পর্বে বিভক্ত করা হয়।

### দ্বিতীয় প্রশ্নমালা

- ১। প্রাণী-জগতের বিভিন্ন শ্রেণীগুলির বর্ণনা কর। (Write down general classification of the living)
  - ২। একমালীদেহী এবং অঙ্গুরীমাল প্রাণীদের পার্থক্য কি? (What are the peculiarities of the following phyla—Cœlenterata and Annelida )
  - ৩। মেরুদণ্ডী এবং অমেরুদণ্ডী প্রাণীদের তুলনা কর। (Compare vertebrata with invertebrata )
-

# তৃতীয় পরিচ্ছেদ

## কয়েকটি কীট পতঙ্গ

### কেঁচো


কেঁচো অঙ্গুরীমাল পৰ ভুক্ত উভয়লিঙ্গ অর্থাৎ ইহাদেব প্রত্যেকটিকে স্ত্রী বা পুরুষ দুই বলা যায়। ইহাদেব দেহেব কিছু অংশ কাটিয়া দিলে আবার তাহা বাড়িয়া যায়। ইহাবা মাটির নিচে বাস কবে। আহার অন্বেষণ কালে ইহাবা মাটির উপরে আসে—কার্য সিদ্ধ হইলে আবার মাটির নিচে চলিয়া যায়। সাধারণত দিনের আলোতে ইহাবা বাহিবে আসে না। কেঁচো অতি ভীক প্রাণী এবং জগতে কাহারও অনিষ্ট কবে না বলিলেই চলে। ইহাবা মাটি ও গাছেব পাতা খাইয়া বাঁচিয়া থাকে। কিন্তু বিষ্ঠা রূপে যাহা ত্যাগ কবে তাহা দেখিতে মাটির সরু দড়ির মত। এইরূপ মাটির দড়ি যেখানে দেখা যাইবে অনুমান কবিত্তে পারা যায় সেখানে মাটিতে কেঁচো আছে। কেঁচো মাটির নিচে যাইবার সময় মাটিতে যে গর্ত হয় তাহাতে নিকটবর্তী উদ্ভিদেব প্রভূত উপকার হয়। ঐ পথে বায়ু প্রবেশ করিয়া গাছেব উপকার সাধন কবে। কেঁচো নিবীহ প্রাণী এবং উদ্ভিদেব উপকারী বটে কিন্তু মাছ ব্যাড হইতে আবস্ত করিয়া এমন কি পিপীলিকা ও পতঙ্গ ইহাদেব শত্রু। সুবিধা পাইলে সকলেই কেঁচো খাইয়া থাকে। ইহারা সাধারণত ভিজা মাটিতে থাকিতে ভালবাসে। তাই বর্ষাকাল অপেক্ষা শীতকাল এবং গ্রীষ্মকালে ইহাবা মাটির বহু নিচে যেখানে অধিক ভিজা মাটি আছে সেখানে নামিয়া যায়। ইহাদেব যাইবার সময় মাটিতে যে গর্ত হয় তাহা অধিকাংশ আঁকা বাঁকা হয় না। প্রথমে মাটির উপর হইতে খানিকটা দূর পর্যন্ত নিচে নামিয়া পরে আপন সুবিধা মত বাঁকিয়া ভিজা মাটিতে বাস করে। ভিজা মাটি না পাইলে ইহারা পাঁচ ছয় ফুট নিচেও নামিয়া যায়। কেঁচোর স্পর্শ শক্তি অতীব ভীক। কোনরূপে ইহার গায়ে কিছু লাগিলেই ইহারা সিটকাইয়া

উঠে। ইহাদের চোখ নাই কিন্তু কয়েকটি বিশিষ্ট আংটিতে আলো পড়িলে চমকিয়া উঠে। ইহাদের শ্রবণেন্দ্রিয়ও নাই। ইহারা যখন মাটির নিচে থাকে তখন তাহাদের আবাস-গতের মুখ ঢিল বা পাতা দিয়া বন্ধ করিয়া রাখে। ঐ পাতা আবার প্রয়োজনমত খাইয়া থাকে।

জীবিত অবস্থায় কেঁচোব ব্যবচ্ছেদ করা যায় না। কারণ ছুঁলেই ইহা বা দেহ সঙ্কুচিত করিয়া লয় তাহা পূর্বেই শুনিয়াছ। তাই ইহা বা দেহেব যন্ত্রাদি কিরূপে বিস্তৃত তাহা জানিবাব জ্ঞান ব্যবচ্ছেদ করিবাব পূর্বেই ইহাদিগকে মাঝিষা ফেলিতে হয়। যাহাতে ইহাদের দেহ প্রসারিত করিয়া ব্যবচ্ছেদের উপযোগী করিয়া মারিতে পাওয়া যায় তজ্জ্ঞান এক ভাগ মেথিলেটেড স্পিবিটে দশ ভাগ জল দিয়া ইহাদিগকে সেই মিশ্র জলে কিছুক্ষণ ডুবাইয়া রাখিতে হয়। মরিয়া গেলে একটি ব্যবচ্ছেদ থালে (Disecting tray) মোমের উপর ইহা বা দুই, প্রান্তে দুইটি পিন দিয়া মোমে পুঁতিয়া ইহাকে লম্বা করিয়া রাখিতে হয়। পবে আন্তে আন্তে

চিমটার দ্বারা উপরের আবরণটি টানিয়া কাঁচি দিয়া বরাবর লম্বাভাবে কাটিয়া ঐ আবরণটির দুই দিকে পিন পুঁতিয়া প্রসারিত করিয়া রাখিতে হয়। ব্যবচ্ছেদের জ্ঞান বড় কেঁচো লওয়াই সুবিধাজনক। তাহাতে ইহাদের দেহযন্ত্রেব বিস্তার দেখিতে সুবিধা হয়। আমাদের দেশে নানা রকম কেঁচো পাওয়া যায়। কিন্তু

১ কেঁচো ( পুঁতিবেশ হইতে )




৬নং চিত্র—কেঁচোর অবয়ব

তাহাৰা আকাৰে তত বড় হয় না। দক্ষিণ আফ্রিকায় এমন কি সাপেৰ মূৰ্ত চাৰি পাঁচ ফুট দীৰ্ঘ লম্বা কেঁচো দেখিতে পাওয়া যায়। ব্যবচ্ছেদের সময় আমাদেৰ দেশেৰ ফেবেটিমা (Pheretima) জাতীয় কেঁচো লওয়া হয়। ইহাৰা দৈৰ্ঘ্যে আট ইঞ্চি পৰ্যন্ত হইয়া থাকে।

কেঁচোৰ দেহ যন্ত :—পূৰ্বোক্ত প্ৰকাৰে একটা কেঁচোৰ দেহ পরীক্ষা কৰিলে দেখিবে প্ৰত্যেক কেঁচোৰ দেহ এক শত হইতে একশত কুড়িটি

২ কেঁচোৰ  
(উপৰদেশ হইতে)




১ নং চিত্ৰ—কেঁচোৰ সমুখ ভাগ  
(Chaetapoda) বলা হয়।

অঙ্গুরীৰ সমাবেশে গঠিত, মুখ হইতে ক্ৰমে মোটা হইয়া আবার সৰু হইয়া যায়। মুখ হইতে প্ৰায় ১৩টি অঙ্গুরী পৰে একটা অপেক্ষাকৃত চওড়া অঙ্গুরীৰ নাম ক্লাইটেলাম (Clitellum)। ইহা তিনিটি অঙ্গুরীৰ সমাবেশে গঠিত বলিয়া মনে হয়। প্ৰথম আংটিটিৰ উপৰ দিকে একটা মাংসল পিণ্ড কেঁচোৰ ওষ্ঠ (Prostomium)। ওষ্ঠেৰ মध्ये যে ছিদ্র আছে তাহাই কেঁচোৰ মুখ এবং অপর প্ৰান্তেৰ অঙ্গুরীৰ ছিদ্রটি ইহাৰ পায়ু। বুকেৰ দিক অপেক্ষা ইহাৰ পিঠেৰ দিক অধিকতর কৃষ্ণবৰ্ণ। ইহাৰ দেহেৰ উপৰ এক বকম কূৰ্চ (Bristle.) আছে তাহাকে কিটা বা সিটা (Chaeta বা seta) বলে। এই কিটা প্ৰথম ও শেষ অঙ্গুরী ছাড়া সকল অঙ্গুরীতে আছে। স্বস্থমে বলিয়া হাত বুলাইয়া এই কিটাৰ অস্তিত্ব অনুভব কৰা যায়; কিন্তু চোখে দেখা যায় না। এই কিটাৰ অন্ত ইহাকে কিটাপদ

**দেহাবরণ :—**কেঁচোর এইরূপ একটি আংটি আড়াআড়ি লইয়া অণুবীক্ষণ যন্ত্র সাহায্যে ইহাব দেহাবরণ লক্ষ্য কর, চিত্র দেখিলে বুঝিতে পাবিবে ইহাদেব দেহেব প্রাচীর চাবি স্তবে গঠিত। উপবে কিউটিকুল (Cuticle),

৩ কেঁচোর অনুপ্রস্থচ্ছেদ




৮ নং চিত্র—কেঁচোব দেহাবরণ

পবে ছক (Skin), তাহাব পবে চক্র ও লম্বপেশী স্তর এবং ভিতবে প্রাকারাবরণ (Coelomic epithelium)। চলিবাব সময় ইহাদেব কিটা মাটিতে ঠেকিয়া থাকে এবং পেশীগুলি সঙ্কুচিত ও প্রসারিত হইয়া থাকে।

**পৌষ্টিকনালী ( Alimentary canal ) :—**ইহাদেব খাচ নালী মুখ হইতে পায়ু পর্যন্ত বিস্তৃত। এই নালীর চাবিদিক ঘেবিয়া যে গহ্বর আছে তাহাকে সিলোম ( Coelom ) বলে। যে প্রাচীর দ্বারা এই গহ্বর বহু প্রকোষ্ঠে বিভক্ত তাহাদিগকে সেপ্টা ( Septa ) বলে। অণুবীক্ষণ জীবের এইরূপ সেপ্টা আছে। মুখ হইতে খাবার পূর্বোক্ত নালী দিয়া লাটিমাকারের প্রকোষ্ঠ ফ্যারিংসএ (Pharynx) যায়। তাহার পর ইসোফেগাস (Esophagus)। ইসোফেগাসের মন্বো ডিমের মত গোলাকার স্থানটিকে গিজার্ড ( Gizzard ) বলে। দুইটি

প্রকোষ্ঠ মিশিয়া ইহা গঠিত। এইখানে আসিয়া উহাদের খাণ্ড পিষ্ট হয়। গিজার্ডের



৯নং চিত্র—কেচোর পৌষ্টিক নালী

পবেব অংশ অন্ত্র (Intestine)। অন্ত্র, পায়ু (Anus) পর্যন্ত বিস্তৃত। অন্ত্রের ভিতরে উপর দিকে একটি লম্বালম্বি ভাঁজেব মধ্যে অনেকগুলি সূক্ষ্ম বক্তবহা নালী আছে। ঐ ভাঁজটির নাম টিপলোসোল (Typhlosol)। টিপলোসোল কিন্তু সকল অন্ত্রের আংটিগুলিতে দেখিতে পাওয়া যায় না। এই টিপলোসোল দ্বারা অল্প ফুলাইয়া ইহারা খাণ্ড শোষণ করে।

ইহাদের ফুসফুস নাই। হৃকেব মধ্য দিয়া যে সূক্ষ্ম বক্তবহা নালী আছে তাহা ইহাদের শ্বাসকার্য সম্পাদিত হয়।

কেচোর রক্ত শাদা, কাবণ ইহাদের বক্তে শ্বেত কণিকা ভিন্ন লোহিত কণিকা নাই। ইহাদের বক্তেব তরলাংশ প্লাসমাব (Plasma) মধ্যে হিমোগ্লোবিন (Haemoglobin) থাকে। ক্রাইটেলাম হইতে মুখের দিকে ৫।৬টি অঙ্গুরী পর্যন্ত স্থানের মধ্যে ইহাদের হৃদয় (Heart) থাকে। ইহাদের হৃদয় পূর্বোক্ত রক্তবহা নালীর অংশ ভিন্ন আর কিছুই নহে। ইহাদের অবস্থান কিন্তু

পূর্বোক্ত রক্তবহা নালীর সহিত লম্বভাবে। ইহাদের আকার বক্রবহা নালী অপেক্ষা কিছু অধিক ক্ষীত। কেঁচো এই হৃদয় দিয়া রক্ত সঞ্চালনের কার্য চালাইয়া থাকে। হৃদয় হইতে কতকগুলি সূক্ষ্ম সূক্ষ্ম রক্ত সঞ্চালক নালী বহির্গত হইয়া সমস্ত দেহে ছড়াইয়া আছে। তন্মধ্যে দুইটি প্রধান, একটি পিঠের দিকে অপবটি পেটের দিকে। হৃদয়ের সংকোচন ও প্রসারণ ফলে নালীগুলি দিয়া বক্র প্রবাহিত হয়।

### পিপীলিকা

পিপীলিকা একপ্রকার পতঙ্গ। অগ্ৰাগ্র পতঙ্গের গায় ইহাদের দেহ মধ্যে মাথা, গলা, বুক, কোমর ও পেট এই কয়টি ভাগ আছে।

ইহাদের মাথা গোলাকায়, তাহার সম্মুখেই এক জোড়া **শুঁয়া** (Antenna)। ইহাব দ্বারা উহাবা গন্ধ পায় এবং পথ চিনিয়া লয়। তাহাব পাশেই দুইটি **পুঞ্জাক্ষি** (Compound eye)। বৃকে তিন জোড়া পা আছে, প্রত্যেক পা কয়েকটি গাঁটে বিভক্ত। পিঠের উপর দুই জোড়া **পাখা** (Wing) আছে, এক জোড়া বড় ও এক জোড়া ছোট। বড় জোড়াটির নিচে ছোট জোড়া আছে। আমরা যে পিপীলিকা সাধারণত দেখি তাহাদের পাখা নাই। ইহাবা শ্রমিক। সমাজ বদ্ধ ভাবে ইহাবা বাস কবে। তাই ইহাদের কার্যের বিভাগ আছে, ইহাদের মধ্যে কেহ শ্রমিকের কাজ করে—আবাব কেহ যোদ্ধার কাজ, কেহ বা পাহারাওয়ালার কাজ কবিয়া থাকে। ইহাবা শত্রুকে পবাজিত কবিয়া তাহাদের ডিম এবং বাচ্ছা কাড়িয়া লয়—এবং তাহাদিগকে প্রতিপালন করিয়া আপনাদের শ্রেণীভুক্ত করিয়া লয়। খাবাব পাইলে ইহারা প্রথমে পেট ভবিয়া খাইয়া পবে অপবের জন্ত বাসায় লইয়া যায়।

সারি দিয়া পিপীলিকা যাইতে নিশ্চয়ই দেখিয়াছ। কেমন শৃঙ্খলাবদ্ধ ভাবে ইহাবা কাজ কবিতে পাবে ইহাতেই বুঝা যায়, কেমন নিঃশব্দে একসঙ্গে শত শত পিপীলিকা কাজে শ্বাহিব হয়, কোন প্রকার গোলমাল নাই। কিন্তু যদি কোনকপে

তোমরা ইহার সারি একটু ভাঙ্গিয়া দাও তবে ইহা বা বিশৃঙ্খল হইয়া উঠিবে—  
ভয়ে নহে, ইহা বা সঙ্গীদের গন্ধ পাইয়া সারিবদ্ধভাবে যাইতে ছিল। এখন ঐ  
সারি ভাঙ্গিয়া দেওয়ায় তাহারা বন্ধুদের গন্ধ না পাইয়া পথভ্রান্ত হইয়া পড়ে।  
পিপীলিকাকে কেহ কখনও শব্দ করিতে দেখে না। কিন্তু লোবোপেল্টা  
( Lobopelta ) নামে এক প্রকার পিপীলিকা শব্দ করিতে পাবে।


পিপীলিকা নানা প্রকারের—ছোট, বড়, কাল, হলদে ইত্যাদি। হলদে ক্ষুদ্র  
ক্ষুদ্র যে পিপীলিকাগুলি আমবা দেখি ইহা বা সাধারণত মাটির নিচে বাস করে।  
বড় কালগুলিও মাটির নিচে থাকে। যেখানে থাকে সেখানকার মাটি সূক্ষ্ম সূক্ষ্ম  
দানারূপে বাহিব করিয়া গর্ত করে এবং সেই গর্তে বাস করে। কোথাও ঐকপ  
মাটি দেখিলে বুঝিতে হইবে সেখানে পিপীলিকা বাস করে। মাছ ধরিবার জন্ত  
এক প্রকার পিপীলিকার ডিম তোমরা গাছের পাতা হইতে সংগ্রহ কর। গাছের  
পাতাকে জুড়িয়া ইহা বা কেমন সুন্দর বাসা করে দেখিয়াছ। তাহাতে ঐ জাতীয়  
পিপীলিকা বাস করে। ইহাদের বর্ণ হলদে। ‘কাঠ পিপড়ে’ জাতীয় পিপীলিকা,  
কাঠে, গাছের কোঠে বাস করে।

পিপীলিকার ডিম অতিশয় ক্ষুদ্র ও তাহাদের বর্ণ সাদা। এই ডিম হইতে  
প্রথমে লম্বা কৃমির মত শূককীট বাহিব হয়। এই শূককীটই মাছ ধরিবার ‘টোপ’  
বাবহার করা হয়। ইহার পরবর্তী অবস্থা মৃক কীট। মৃক কীট অবস্থায় ইহারা  
প্রায় পূর্ণাঙ্গ হইয়া ডিমের মধ্যে থাকে। তখন একটি কঠিন আবরণ দেহকে  
ঢাকিয়া ফেলে। কয়েকদিনের মধ্যে ডিম ফাটিয়া যায় ও পূর্ণাঙ্গ পিপীলিকা বাহির  
হয়। স্ত্রী ও পুরুষ পিপীলিকার ডানা থাকে—ডিম হইতে বাহির হইয়া উড়িতে  
পাবে; কিন্তু শ্রমিকদের ডানা নাই, ইহা বা উড়িতেও পাবে না।

পিপীলিকা সমাজে তিন প্রকার পিপীলিকা, পুরুষ, স্ত্রী ও শ্রমিক। স্ত্রী  
পিপীলিকার মধ্যে একটি বাণী থাকে। তাহাব কাজ ডিম প্রসব করা কিন্তু সন্তান  
পালন করে শ্রমিকেরা, পুরুষরা অলস কোন কাজ করে না। বাণী পিপীলিকার  
দেহ সকল পিপীলিকা হইতে একটু বড়। পিপীলিকা ক্ষুদ্র জীব, কিন্তু ইহারা



অত্যন্ত পবিত্রমী এবং সঞ্চয়ী। বর্ষায় ইহারা বাহিবে আসিতে পারে না। সেইজন্য দারুণ শীতে পবিত্রম কবিয়া বর্ষার জন্ত ইহারা খাণ্ড সঞ্চয় করিয়া বাখে।




১০নং চিত্র—পিপীলিকার বিবর্তন

আমেরিকায় এক প্রকার পিপীলিকা দেখা যায়, তাহারা দলেব কয়েকটি শ্রমিকেব হজম শক্তি নষ্ট কবিয়া তাহাদেব পেটে মধু সঞ্চিত কবিয়া বাখে—প্রয়োজন হইলে এই মধু তাহারা নিজ নিজ কাজে লাগায়।

ইহারা দলবদ্ধভাবে থাকিলেও একদল অপর দলকে স্বেযোগ পাইলে আক্রমণ কবিত্তে ছাড়ে না। এমন কি তখন দুই পক্ষে যুদ্ধ বাধিয়া

যায়। অনেক সময় এই যুদ্ধে দিনের পর দিন কাটিয়া যায়। চিত্রে দেখ দুইটি পিপীলিকা একটি কীট লইয়া কলহ করিতেছে। এই কীট উহাদের খাণ্ড।




১১নং চিত্র—পিপীলিকার কলহ

## মৌমাছি

তোমরা মৌমাছির চাক দেখিয়াছ কি? মৌমাছির ফুল হইতে মধু সংগ্রহ করিয়া সেই চাকেব মধ্যে বাথিয়া দেয়। ফুলের মধু বড় মিষ্ট, মৌমাছি উহা নিজের জন্ম সংগ্রহ করিয়া আনে। অন্য জন্তুবাও মধুর লোভে চাক নষ্ট করিতে আসে, নান্নুঘেরাও চাক ভাঙ্গিয়া ঐ মধু চুবি করিয়া লয়। কেহ চাকের নিকট উৎপাত করিলে এক ঝাঁক মাছি চাক হইতে বাহিব হইয়া তাহাকে আক্রমণ করে এবং তাহার গায়ে ছল ফুটাইয়া বিষ ঢালিয়া দেয়। মৌমাছিতে যাহাকে কামড়াইয়াছে, সেই জানে এ বিষের কেমন জ্বালা।

একটা চাকে হাজার হাজার মৌমাছি থাকে। তাহাদের সকলের কাজ সমান নহে। উহাদের মধ্যে কাজের ভাগ আছে। কাজ হিসাবে উহাদের তিন শ্রেণী। শ্রেণীভেদে উহাদের আকৃতিবও একটু প্রভেদ আছে।

এক চাকে একটিমাত্র স্ত্রী মাছি কর্তৃত্ব কবে। চাকেব আব সকল মাছি যেন তাহার আজ্ঞাধীন হইয়া থাকে। সমস্ত চাকটা যেন তাহারই রাজ্য, এইজন্য ইহাকে 'বাণী মাছি' বা 'কর্ত্রীমাছি' (Queen) বলা হয়। ইহার প্রধান কাজ ডিম পাড়া।



১২নং চিত্র—পুরুষ, মজুব ও স্ত্রী মৌমাছি


বাণীমাছি কেবল চাকের ঘবে ঘরে ডিম পাড়িয়া বেড়ায়। এই মাছির পিছনটা লম্বা, সরু ও সূচাল। আবও অনেক পুরুষ মাছি থাকে, ইহারা কোন কাজই কবে না; খাষ দায় ও বসিয়া থাকে। ইহাদের ছল পর্যন্ত নাই। ইহাদের পেটটা মাটা। এই অকর্মী পুরুষ মাছিগুলিকে 'বাবু মাছি' বলা যাইতে পারে।

তাহা ছাড়া হাজার হাজার মাছি থাকে। ইহারা আকাবে ছোট খাট,

চালাক ও চটপটে। ইহারা মধু আনে, ইহারা চাক বানায। ইহারা শিশু মাছিদিগকে খাওয়ায় ও লালন পালন কবে এবং কেহ চাকের নিকটে আসিলে তাহার গায়ে ছল ফুটাইয়া চাক বন্ধাব চেষ্টা করে। ইহারা সর্বদাই চাকের যাবতীয় কাজে ব্যস্ত। ইহারা চাকের 'মজুব বা কুলি মাছি' (Worker)।

মৌমাছির ডিম হইতে ছোট ছোট রুমিব মত বাচ্চা বাহিব হয়। এই বাচ্চাব দুইটি অবস্থা অর্থাৎ শূককীট ও মুককীট। এই দুইটি অবস্থা অতিক্রম কবিবাব পৰ পূর্ণাঙ্গ হয়। কিছুদিন পবে বাচ্চাগুলিব ডানা বাহির হইলে মূর্তি বদল করে। তখন তাহারা মাছি হয়। অধিকাংশ মাছিই মজুব মাছি হয়, কতকগুলি বাবু মাছি হয়, আব গোটাকতক বাচ্চা হইতে কণ্ঠমাছি হয়। এই কণ্ঠাগুলি ভাল খাইতে পায় এবং খুব যত্নে পৃথক বড ঘবে লুকান থাকে। বুড়া বাণী চাক ছাডিয়া অণু কোথাও চাক বাঁধিতে গেলে একটি কণ্ঠা ঘব হইতে বাহিব হইয়া চাক দখল কবিয়া চাকের কত্রী হয়। যেটি কত্রী হয় সে আপনাব ছোট ভগিনীগুলিকে মারিয়া ফেলে। এক চাকে দুইজন কত্রী কবিত্তে পাবে না।

মধু আনিবাব সময় ফুলেব রেণু কুলিমাছিদেব গায়ে লাগিয়া যায়। যবে আসিয়া বেণু ও মধু একত্ৰ মাখাইয়া খাবাব তৈয়াব কৰিয়া বাখে। ডিম হইতে




১৩ নং চিত্র—মৌমাছির চাক

বাচ্চা বাহিব হইলে বাচ্চাদিগকে সেই খাবাব দেয়। কুলিমাছিদেব পেটেব তল হইতে মোম বাহির হয়, সেই মোম দিয়া তাহারা চাক তৈয়াব কবে। চাকের

কুঠারিগুলি ছয় কোণা। এই কুঠারি তৈয়ার করিতে খুব কারিগরি লাগে। এত অল্প জিনিসে এত অল্প জায়গাব মধ্যে এতগুলি কুঠারি তৈয়ার করিতে আব কোন জীব পাবে না।

চাকে যখন আর মাছি কুলায় না, তখন বুড়াবাণী একদিন চাক ছাড়িয়া চলিয়া

যায়। এক পাল কুলি মাছি ঝাঁক বাঁধিয়া তাহাব সঙ্গে চলে এবং অল্প কোথাও গিয়া আবার নূতন চাক তৈয়ার কবে।



মোমাছিব দেহও তিন ভাগে বিভক্ত—মস্তক, বক্ষ ও উদর। মস্তকেব অগ্রভাগে দুইটি লোমযুক্ত 'শুঁয়া' থাকে তাহাব নাম লেবিয়া (Labia)। ইহার দ্বারা ফুলেব মধু খায় এবং ঐ মধু মধুসঞ্চয় থলিতে অল্প অল্প করিয়া জমা করে। লেবিয়ার পরে দুইটি পুঞ্জাক্ষি (Com-

১৪ নং চিত্র—মোমাছিব পৌষ্টিক নালী

pound eye)। মুখ হইতে গুহ্বার পর্যন্ত লম্বিত পৌষ্টিক নালীব একটি অংশই মধুসঞ্চয় থলি। পৌষ্টিক নালীব অপরাংশে আমশয়, অন্ত্র, বৃহদন্ত্র প্রভৃতি চিত্রে দেখ।

### মশা

সাধারণত দুই শ্রেণীব মশা দেখিতে পাওয়া যায়—অ্যানোফেলিস্ (Anopheles) ও কিলেক্স্ (Culex)। এই অ্যানোফেলিস্ মশা ম্যালেরিয়ার


বীজাণু বহন করিয়া আমাদের দেহে প্রবেশ করাইয়া দেয়। ফলে আমাদের ম্যালেরিয়া জ্বর হয়। ম্যালেরিয়ার কারণ এক ক্ষুদ্র বীজাণু—মন্ডু বক্তে মিশ্রিত হইলে ইহা বা বাড়িতে থাকে। এই মশা কোন ম্যালেরিয়াগ্রস্ত রোগীকে দংশন করিয়া তাহাব রক্ত হইতে বীজাণুকে নিজদেহে গ্রহণ কবে। তখনই সেই বীজাণু মশকদেহে পবিপুষ্ট হইতে থাকে।

অতএব ইহারা কোথায় জন্মায় ইহাদের দেহ কিরূপে পুষ্ট হয় ইত্যাদি জানিয়া বাখিলে সময় মত ব্যবস্থা কবিয়া ইহার আক্রমণ হইতে আত্মরক্ষা করিতে পারিবে। ইহা অন্য শ্রেণীর মশা হইতে স্বতন্ত্রভাবে উপবেশন করিয়া থাকে। ইহারা ষট্পদ, ইহাদের লোমযুক্ত শুণ্ড দুইটি মুখাগ্রে অবস্থিত। বসিবাব সময় চাবি পায়ে ভব দিয়া দেহ এবং আসনের মধ্যে প্রায় ৪৫° কোণ নির্মাণ করিয়া মস্তক নিচু কবিয়া ইহারা বসে।

পিপীলিকা বা মধুমক্ষিকাব মত মশাব দেহও তিন ভাগে বিভক্ত—মস্তক, বক্ষ ও উদর। উদরটি নয় ভাগে বিভক্ত, এক একটি ভাগ এক একটি আঙটির মত। ইহাদের দুইটি পক্ষ, মস্তকে দুইটি পুঞ্জাক্ষি, বক্ষে তিন জোড়া পা। ইহাদের শুণ্ডদ্বয়ের মধ্যে একটি সূচব মত শোষণনালী অবস্থিত আছে। স্ত্রীপুরুষ ভেদে ইহাদের প্রকৃতিতেও যথেষ্ট প্রভেদ লক্ষিত হয়। পুরুষজাতি দিনের বেলায় বিচরণ করে। মন্ডুদেহ দংশনে পুরুষ মশার খুব বেশী প্রবৃত্তি দেখা যায় না। কিন্তু স্ত্রীজাতি অতিশয় বক্তপিপাসু। তাহাবা অন্ধকাবে থাকিতে ভালবাসে। যে গৃহ পর্যাপ্ত আলোক বাতাস প্রাপ্ত হয়, সেখানে স্ত্রী-মশক বাস করিতে চায় না। সন্ধ্যাব সময় ইহারা দলে দলে মানুষের রক্তপান করিবাব জন্য বহির্গত হয়। ইহারা যে কেবল রক্ত শোষণ করে তাহা নহে; ইহাদের এক অদ্ভুত প্রকৃতি, এই যে নালিকাপথে রক্তশোষণ করিয়া পুনরায় সেই পথেই বক্ত উদগীরণ কবে। এইরূপে অ্যানোফেলিসের দেহের ম্যালেরিয়া বোগেব জীবাণু মানবদেহে প্রবেশ লাভ কবে।

• ইহা ব্যতীত• কিউলেক্স মশকও সচরাচর দেখিতে পাওয়া যায়। ইহাদের

পক্ষ কৃষ্ণবর্ণ বিন্দুযুক্ত বলিয়া মনে হয়। কিউলেকসেব উপবেশন প্রথাও অন্তরূপ



১নং চিত্র—মশার বিবর্তন

ইহারা দেহকে ভূ-সমান্তবাল করিয়া উপবেশন কবে। ইহাদের শুণ্ড বা শুঁয়া (Antenna) দুইটি।





প্রজাপতি



অ্যানোফেলিস্ মশকের জীবন আলোচনা কবিলে মানুষ ম্যালেরিয়া রোগ বীজাণু হইতে আত্মরক্ষার উপায় বাহিব কবিত্তে পারিবে। সমস্ত মশাই পচা জলের সন্নিহিতে, ক্ষুদ্র বৃক্ষ পত্রের নিম্নে একসঙ্গে বহু সংখ্যক ডিম প্রসব কবে। সেই ডিম দুই এক দিন জলে পড়িয়া শূককীট অবস্থায় ( Larva ) পরিণত হয়। এই শূককীট দেখিয়াও মশকের শ্রেণী নির্ধারণ কবা যায়। অ্যানোফেলিসেব শূককীট জলের তলদেশে ইহাব সহিত সমাস্তুরাল করিয়া দেহ বিস্তৃত কবে, আব কিউলেক্স-শূককীট তাহাব মস্তক জলের নিম্নদেশে নিচু কবিয়া ঝুলাইয়া বাখে। শূককীটেব পুচ্ছদেশে একটি বায়ুকূপ (Air-tube) বহুসংখ্যক সূক্ষ্ম গুঁয়া দ্বারা আবৃত থাকে। মধ্যো মধ্য সেই পুচ্ছদেশ দিয়া বায়ুগ্রহণ কবে। এই বায়ুকূপ সকল সময় আচ্ছাদিত থাকে ও শূক কীট প্রয়োজন মত পুচ্ছ উত্তোলন কবিলেই আবরণ খুলিয়া যায়, তখনই ইহাবা বায়ুগ্রহণ কবে। সবাক বোমে আবৃত এই শূককীটকে গুঁয়া পোকা বলিয়া মনে হয়। ইহাবা জলে ছিটকাইতে ছিটকাইতে এক স্থান হইতে অন্য স্থানে চলিয়া বেড়ায়। যেইখানেই অগভীর জলপূর্ণ খাত থাকে সেইখানেই ইহাবা জন্মায়। চৌবাচ্চা বা কলসীতে দু এক দিন জল সঞ্চিত থাকিলেই মশা সেইখানে ডিম পাড়ে। এবং ক্রমে তাহা হইতে শূককীট জন্মায়। শূককীট মাছেব প্রিয় খাদ্য।

ইহাব পরেই ইহাদেব তৃতীয় অবস্থা মুককীট। এই অবস্থায় ইহাদেব আকৃতিব অনেক পরিবর্তন হয়। দেহ প্রায় লোমশূণ্য ও কুণ্ডলাকৃতি হইয়া মস্তক ও পুচ্ছ পরস্পর প্রায় স্পর্শ করিয়া থাকে। ক্রমে শূককীট হইতে একদিন পূর্ণাবয়ব মশক নির্গত হয়। চিত্রে ১, ২ ইত্যাদি অ্যানোফিলিস এবং ১ক ২ক ইত্যাদি কিউলেক্স।

জলে কেরোসিন ছড়াইলে ইহার উপর যে পাতলা সর পড়ে তাহাতে মশা ডিম পাড়িতে পারে না।

### প্রজাপতি

প্রজাপতি এক প্রকার পতঙ্গ। সৌন্দর্যেব দিক দিয়া দেখিতে গেলে পতঙ্গের মধ্যে এরূপ প্রাণী নাই বলিলেও চলে। তবে ইহাদেব মধ্যে যে কদাকার প্রজাপতিও নাই এমন নহে।

কোন কোন প্রজাপতি দিনেব বেলা চরিত্তা বেড়ায় এবং কোন কোন গুলি রাতে বাহির হয়। বাত্রে যেগুলি বাহির হয় তাহাদের নাম মথ (Moth) এবং যাহারা দিনের বেলায় বাহিব হয় তাহাদিগকেই আমরা প্রকৃত প্রজাপতি (Butterfly) বলি। প্রজাপতিই দেখিতে সুন্দর, কিন্তু মথ দেখিলে ইহাদিগকে হিংস্র প্রাণী বলিয়া মনে হয়। ইহাবা দেখিতে সুন্দর নহে, কিন্তু হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ। প্রজাপতি বা মথের দেহ এক প্রকার অতি সূক্ষ্ম পদার্থে আবৃত; ঐ সূক্ষ্ম পদার্থগুলি কতকটা ফুলের বেণুব মত কিন্তু অনুবীক্ষণ যন্ত্রের সাহায্যে ইহাদিগকে আঁশের মত দেখায়।

অন্যান্য পতঙ্গের ন্যায় ইহাদের দেহে তিনটি ভাগ, মস্তক, বক্ষ ও উদর। মাথায় এক জোড়া শুঁয়া, এই শুঁষাব অগ্রভাগ ভোঁতা। কাজেই ইহা দ্বারা কোন প্রাণীকে ইহাবা আক্রমণ কবে না। শুঁয়ার পাশে দুইটি পুঞ্জাক্ষি, পিঠে দুই জোড়া ডানা, এক জোড়া বড় ও এক জোড়া ছোট। ছোটগুলি পেটের দিকে ও বড়গুলি মাথার দিকে থাকে। বসিলে এক সঙ্গে এক এক জোড়া জুড়িয়া একত্রিত হয়। পুরুষ প্রজাপতির দেহে গন্ধ পাওয়া যায়।

প্রজাপতির একসঙ্গে অনেকগুলি ডিম হয়—ডিম হইতে ফুটিয়া ইহারা শুঁয়া




১৬নং চিত্র—প্রজাপতির ডিম

পোকায় মত গাছের পাতায় পাতায় ঘুরিয়া আহায সংগ্রহ কবে। ডিম ফুটিতে দশ বাব দিন লাগে। ডিম হইতে বাহির হইয়া আপনাপন ডিমের খোসা খাইয়া ফেলে। শুঁয়া পোকায় অবস্থায় ইহাদের ক্ষুধা অত্যন্ত


অধিক। এই অবস্থাতেই দুই চারিবাব খোলস ত্যাগ করিয়া ইহারা পুনরায় দেহের চারিদিকে এক আবরণ প্রস্তুত করিয়া তাহার মধ্যে বাস করে। সে সময় কিছু খায় না, ইহাই হইল গুটি (Cocoon)। এই অবস্থার নাম মুক-

কীট ( Pupa ) । এই গুটি হইতে কয়েক দিন পরে পূর্ণাঙ্গ প্রজাপতি বাহির হইয়া উড়িয়া যায় । শুঁয়া পোকা হইতে গুটি এবং গুটি হইতে প্রজাপতির জন্ম এক অদ্ভুত ব্যাপার । কোন অবস্থার সহিত কোন অবস্থার সম্বন্ধ নাই । এক অবস্থার জীবের সহিত অন্য অবস্থার জীবের কোন সামঞ্জস্য নাই বলিলেই চলে অথচ ইহারা একই জীব ।

গুটি হইতে রেশম, এণ্ডি ইত্যাদি প্রস্তুত হয়, ইহা তোমাদের জানা আছে ; কিন্তু কেবলমাত্র মথের গুটি হইতেই ঐ সকল বেশম পাওয়া যায় । সেই জন্তু আসাম প্রভৃতি অঞ্চলে রেশম প্রজাপতির চাষ হয় । যখন খাওয়া দাওয়া বন্ধ করিয়া ইহা গুটির মধ্যে অবস্থান কবে সেই সময় দেহ হইতে বেশমের সূতা বাহির করিয়া গায়ে জড়াইতে থাকে । চার পাঁচ দিনের মধ্যে এই গুটি আমাদের মত বড় হয় এবং এক একটি গুটি হইতে প্রায় চারি পাঁচ শত গজ সূতা বাহির হয় । এই গুটি হইতে বাহির হইবার সময় ইহা গুটি কাটিয়া বাহির হয়, ইহাতে অনেক খানি বেশম নষ্ট হইয়া যায় বলিয়া বেশম




১৭নং চিত্র  
প্রজাপতির শূককীট



১৮নং চিত্র—দুইটি শূককীট

চাষীরা গুটি হইতে যথ বাহির হইবার আগেই গুটির উপর গবন জল ঢালিয়া উহাদিগকে মারিয়া ফেলে ।

রেশম পতঙ্গের কতকগুলি বংশের একবার ডিম পাড়ে, কতকগুলি বংশে বহুবার ডিম পাড়ে। মুশিদাবাদে দ্বিতীয় প্রকার রেশম গুটির চাষই অধিক।



১নং চিত্র—গুটিপোকা

২নং—গুটিপোকাকার ভিতর

চিত্রে এক এক কবিয়া ডিম হইতে গুটি পর্যন্ত অবস্থার বিবর্তন দেখান হইল। রঙিন চিত্রখানি হইতে প্রত্নপতির সৌন্দর্য কিরূপ মনোমম তাহা বুঝিতে পারিবে।

### মাকড়সা

মাকড়সার অধ্যবসায়ের কথা তোমরা নিশ্চয় শুনিয়াছ। একদিন এই মাকড়সার অধ্যবসায় দেখিয়া রবার্ট ক্রস পুনরুজ্জ্বলিত আপনার হৃত রাজ্য উদ্ধার কবিবার জন্য প্রাণপণে যুদ্ধে লাগিয়া যান। অগ্ৰাণ অনেক পতঙ্গ ষষ্ঠপদ, কিন্তু মাকড়সা অষ্টপদ। ইহার গুণ্ড (Antenna) বা পক্ষ নাই, কিন্তু ইহার মুখাগ্র হইতে চারিটি সূত্রাকার প্রত্যঙ্গ নির্গত হইতে দেখা যায়। ইহাদের দুইটির দ্বারা মাকড়সা হাতের কাজ চালায় এবং অপর দুইটির সাহায্যে তাহার জালে আবদ্ধ পতঙ্গের প্রাণবধ করে। শেষোক্ত প্রত্যঙ্গ দুইটিকে আমরা মাকড়সার দস্ত বলিতে পারি। এই দস্তের সহিত উহার শরীরস্থ বিষম্বালীর সংযোগ আছে, এই দস্ত সাহায্যেই ইহারা পতঙ্গের দেহরস শোষণ করে। সাধারণত পতঙ্গের দুইটি পুঞ্জাক্ষি দেখা যায়, কিন্তু মাকড়সার আটটি সাধারণ চক্ষু। ইহার দেহের গঠনও পতঙ্গ হইতে সম্পূর্ণ ভিন্ন। ইহার কণ্ঠদেশ নাই, মস্তক


ও বক্ষ যেন একত্র হইয়া গিয়াছে। বক্ষদেশ হইতেই আটটি পা নির্গত হইয়াছে।

প্রত্যেক পায়ে সাতটি কবিয়া গাঁইট।

মাকডসাব একটি উদব আছে তাহা

তোমবা জান। ইহাদের দেহ

ক্ষুদ্র ক্ষুদ্র লোম দ্বাৰা আবৃত।




২১নং চিত্র—মাকডসা



২২নং চিত্র—মাকডসার দাঁত

ইহাবা জালেব ত্রায় ফাঁদ প্রস্তুত কবিয়া কিকপে কীট পতঙ্গকে ফাঁদে ফেলিয়া বধ কবে তাহা তোমবা অনেকে দেখিয়াছ। ইহাদের পেটের নিচে এক প্রকাব বসস্থালী আছে। যখনই ইচ্ছা হয় মাকডসা তখনই উহা হইতে বস নিঃসরণ কবিতে পারে। এই বস নির্গত হইবাব সময় জলের মত বেশ পাতলা থাকে কিন্তু বায়ুস্পর্শে অল্পক্ষণেই উহা গঁদেব মত শুকাইয়া যায়। মাকডসা প্রথমে এক ফোঁটা বস নির্গত করিয়া কোন স্থানে আটকাইয়া দেয় পরে ঘুবিয়া ঘুবিয়া মুখেব ঐ বস আবও কয়েকটি স্থানে লাগাইয়া জাল বুনে। এই জাল কিরূপ সূক্ষ্ম তাহা তোমবা জান। মাকডসার জালনির্মাণ কার্ঘে নিপুণতা এবং সৌন্দর্য দেখিয়া বিস্মিত হইতে হয়। এই জাল প্রস্তুত করিবাব সময় সে ইতস্তত লাগাইয়া এবং একটি সূক্ষ্ম সূত্রে ভর করিয়া বুলিয়া জালটি শক্ত হইয়াছে

কিনা পবীক্ষা কবে। ইহার নাভী হইতে এইরূপে বস নিঃসৃত হয় বলিয়াই মাকডসার আব এক নাম উর্ণনাভ। জালের কেন্দ্রেব নিকটে আটা তত থাকেনা। কিন্তু বাহিবের অংশ বেশ আটান, এই অংশই যথার্থ পতঙ্গ ধবিবার ফাঁদ। মশা, মাছি বা অন্য কোনও পতঙ্গ এই জালে পড়িলে প্রথমেই তাহার পক্ষ আটায় আটকাইয়া যায়। মাকডসা কিন্তু সেই সময় জালের উপর থাকে না,



২৩নং চিত্র—মাকডসার জাল

পাছে তাহার শিকারগুলি তাহাকে দেখিলে দূর হইতে পলাইয়া যায়, সেজন্য মাকডসা নিকটবর্তী কোন স্থানে ঐ জালের সূতা ধরিয়া লুকাইয়া থাকে। ঐ সূতায় টান পড়িলে জালে শিকার পড়িয়াছে স্থির করিয়া বাহিরে আসে এবং দস্ত দিয়া কাটিয়া শিকারকে খণ্ড খণ্ড করে এবং বিষস্থালীর বিষ উদগীরণ করিয়া শিকারটিকে নিশ্চেষ্ট করিয়া ফেলে। সেই মৃত শিকারকে লইয়া একটু আড়ালে

গিয়া মাকডসা তাহাব দেহবস শোষণ কবে ও ক্ষুণ্ণিবৃত্তি না হইলে অন্য শিকারের জন্ত অপেক্ষা কবে। এক শিকার শেষ না হইতে যদি অন্য শিকার আসিয়া পড়ে তবে ইহা প্রথমটিকে অর্চতন্ত্র কবিয়া ফেলিয়া দিয়া দ্বিতীয়টিকে আক্রমণ করিতে যায়। আহাব শেষ হইলে অনেক সময় শিকাবেব দেহাবশেষ তাহাব জ্বালেব উপবেই ফেলিয়া দেয়। মাকডসাব জ্বাল পর্যবেক্ষণ কবিলে তাহাতে মাছি ও অন্যান্য পতঙ্গেব দেহাবশেষ দেখিতে পাওবে। পূর্বে প্রজাপতি হইতে সম্ভূত যে বেশম সূতাৰ কথা বলা হইয়াছে তাহাব সহিত মাকডসাব সূতাৰ যথেষ্ট সাদৃশ্য আছে। ইহাবা ভীষণ হিংসাপৰাষণ, একা বাস করিতে ভালবাসে। স্বজাতীয় অন্য আব একটিকে দেখিলেই তাহাকে মাৰিয়া ফেলিতে চেষ্টা কবে। মাকডসাব সূতা বহুদূৰ বিস্তৃত হয়।

মাকডসাব শ্বাসপ্রণালী পতঙ্গেব শ্বাসপ্রণালী হইতে ভিন্ন। ইহাব দেহে ফুস্ফুস না থাকিলেও তাহাবই অনুরূপ বহুসুত্ব-যুক্ত যন্ত্র আছে। প্রাণিতত্ত্ববিদগণ এই যন্ত্রেব নাম দিয়াছেন **বায়ু-গ্রন্থ** (Lang book)। দেহেব উপবেব কয়েকটি ছিদ্রেব সহিত এই যন্ত্র সংযুক্ত। বায়ুনল-পথ ও ঐ যন্ত্র সাহায্যে ইহাব শ্বাস ক্রিয়া সম্পাদিত হয়।

ইহাবা সমাজ বদ্ধ ভাবে বাস করিতে চায় না। স্ত্রী মাকডসা পুরুষ মাকডসা অপেক্ষা আকৃতিতে বড় ও অধিক বলশালী। উহাবা এক সঙ্গে অনেকগুলি ডিম প্রসব কবে ও তাহাদিগকে বক্ষা কবিবার জন্ত এক প্রকাৰ সূক্ষ্মসূত্রে গঠিত থালি ব্যবহার কবে। এই থালি তোমবা দেখিয়া থাকিবে। উহাব নিম্নদিকে একটি চান্দিও থাকে। অনেক সময় মাকডসাকে ঐ থালি পেটেব নিচে লইয়া ইতস্তত ভ্রমণ কবিত্তে দেখা যায়। পতঙ্গেব মত ইহাব দেহের বিভিন্ন ক্রম বিকাশ হয় না। পূর্ণাবয়ব প্রাপ্ত হইবাব পবেও মাকডসা দুই তিন বাব খোলস ত্যাগ কবে।

মাকডসা শুধু যে স্থলে ভ্রমণ কবে, তাহা নহে। জলচৰ মাকডসাও দেখিতে পাওয়া যায়। আহাব স্থলচাবী অত্যন্ত হিংস্র প্রকৃতিব নানা শ্রেণীব মাকডসাও

আছে। দেহের আকৃতি বর্ণ ইত্যাদি প্রভেদে ইহারা নানা জাতির হইয়া থাকে।  
কতকগুলি মাকড়সা আছে, তাহাদের দেহের আকার দেখিলে ভয়ঙ্কর

### ৫ ডিম্বের খালিসহ স্ত্রী মাকড়সা



২৪নং চিত্র— ডিম্বের খালিসহ স্ত্রী মাকড়সা

বলিয়া মনে হয়। শোনা যায় ইহারা মানুষের গায়ে ঘা চাটিলে খাগুলি বিষাক্ত

### ৩ লাইকোসা



২৫নং চিত্র—জলচর মাকড়সা

হইয়া উঠে। স্বজাতীয়ের মধ্যে অত্যধিক হিংসাপ্রবণ হইলেও মানুষকে



দেখিলে ইহা বা দূবে পলাইয়া যায়। পিপীলিকা মানুষকে কামড়াইয়া থাকে, কিন্তু মানুষকে মাকডসা কামড়াইতে দেখা যায় না। কতকগুলি মাকডসাব দেহ বেঁটে হইলেও পা গুলি অপেক্ষাকৃত বড় এবং অধিক লোমযুক্ত।

জলচর মাকডসাগুলি **লাইকোসা** ( *Licosa* ) নামে অভিহিত হয়। তদ্বিন্ন **এপিরা** ( *Apura* ), **মিমুমেনা** প্রভৃতি আবও বহু জাতীয় মাকডসা আছে।

সংক্ষেপে — পিপীলিকাব দেহ তিন ভাগে বিভক্ত, ইহাদের চয়টি পা। ইহা বা সমাজবদ্ধভাবে থাকে তাই স্ত্রী পুরুষ ও শ্রমিক বিভাগ আছে। ইহাদের সকলে শব্দ প্রায় কবিত্তে পাবে না। পুরুষ ও বাণীর দুই জোড়া পাতলা ডানা আছে। স্ত্রীগুলি আকাবে সর্বাপেক্ষা বড়, পুরুষগুলি সকলের ছোট। মাটিতে বা গাছের কোটে বাস করে। প্রায় ২০ বৎসর বাচে। মৌমাছির তিনটি শ্রেণী—বাণী সর্বাপেক্ষা লম্বা এবং শ্রমিক সর্বাপেক্ষা ছোট। তিন বৎসর অধিক বাচ না। পৌষ্টিক নালীর একাংশে মধু সঞ্চয় ধরী। আত্মরক্ষার জন্য বা শত্রুকে আক্রমণ করিবার জন্য শ্রমিকদের হল আছে। বাণীর হল ছোট, পুরুষের হল নাই। ইহাদেরও চয়টি পা। মশা দুই জাতীয় আ্যানোফিলিস ও কিটলেজ, আ্যানোফিলিসের স্ত্রী ও পুরুষের মধ্যে স্ত্রীগুলি ভয়ঙ্কর এবং বহু পিপাসু। ইহা বা বাত্রে বাহির হয়। আ্যানোফিলিস আসনের সহিত আপন দেহ ৪৫° ডিগ্রী কোণ কবিত্তা বসে। প্রজাপতির সবদেহে ফুলের রেণুব স্থায় এক প্রকার পদার্থ থাকে। দেহ তিন ভাগে বিভক্ত, চয়টি পা, দুই জোড়া পুঞ্জাঙ্কি, মুখের সম্মুখে শৃংগা। ইহা বা দুই জাতীয়—প্রজাপতি ও মথ। মথের শৃংগা সব কিন্তু প্রজাপতির শৃংগা মোটা কাহাকেও কামড়াইতে পাবে না। মাকডসাব দেহ দুই ভাগে বিভক্ত, মাথা ও পেট। ইহাদের আটটি পা, চাবি জোড়া সরল চক্ষু। ইহা বা বড় হিংস্র, সমাজ বদ্ধভাবে বাস কবিত্তে চায় না। যে জানে ইহা বা শিকার ধবে তাহা ইহাদের লালা দ্বারা প্রস্তুত।

### তৃতীয় প্রশ্নমালা

১। কেঁচো কোন্ পর্বভুক্ত জীব? ইহা বা খাত্ত এবং বাসস্থান সম্বন্ধে কি জান লিখ। (To which phylum does earthworm belong? Write what you know of its food and where it lives.)

২। কেঁচোর বহির্দেহের বিবরণ দাও। (Describe the different parts of the body of an earthworm.)

৩। চিত্র সাহায্যে কৌচোর দেহের ভিতরের শারীর যন্ত্রগুলির পরিচয় দাও। (Show by a diagram the location of different organs of an earthworm in its body.)

৪। কিউটিকুল, টিপলোসোল ও কিটা সম্বন্ধে সংক্ষিপ্ত পরিচয় দাও। (Write short notes on —Cuticle, typhlosol and chæta )

৫। পিপীলিকার জীবন বৃত্তান্ত লিখ। (Narrate the life history of an ant )

৬। পিপীলিকার সামাজিক জীবন কেমন লিখ। (Write how the social life of an ant is )

৭। পিপীলিকার দেহেব কি কি বিভিন্ন অংশ এবং তাহাদের সংক্ষিপ্ত বিবরণ দাও। (Write short notes on the different parts of the body of an ant )

৮। মৌমাছির বহির্গঠন ও পৌষ্টিক নালী বর্ণনা কর। (Describe the external feature and alimentary canal of a bee.)

৯। শ্রমিক এবং বাণী মৌমাছির কি কাজ? (What are the functions of a worker and a queen bee ?)

১০। পিপীলিকা ও মৌমাছির তুলনা কর। (Compare an ant with a bee )

১১। মশার জীবনী লিখ। (Describe the life history of a mosquito)

১২। দুই প্রকার মশার তুলনা কর। (Compare two kinds of mosquitos )

১৩। প্রজাপতির বিবর্তন সম্বন্ধে যাত্রা জান লিখ। (Write the different stages of a butterfly or moth.)

১৪। বাবসার দিক দিয়া বেশম পোকার উপকারিতা কি? কিরূপ বেশম পাওয়া যায় লিখ। (Write down the commercial utility of a silk worm and how we get silk )

১৫। মাকড়সার জীবনী লিখ। (Write the life history of a spider )


১৬। মাকড়সা কিরূপে শিকার ধরে লিখ। (Write how the spider catch their victims )

# চতুর্থ পরিচ্ছেদ

## মাছ ও ব্যাঙ

### মাছ

জল, বায়ু এবং পারিপার্শ্বিক অবস্থার প্রভাব প্রত্যেক প্রাণীর আকৃতি ও প্রকৃতির উপর দেয়া দেয়, এবং সেইরূপ পারিপার্শ্বিক অবস্থার সহিত যুদ্ধ করিবাব পক্ষে যাহাতে সুবিধা হয় সেজন্য ভগবান প্রত্যেক প্রাণীর দেহগঠনও বিভিন্ন করিয়াছেন। স্ত্রীমাব, জাহাজ, নৌকা প্রভৃতি জলযানগুলি গঠন করিবাব সময়




২৬নং চিত্র - মাছ

আমবা ইহাদের আকার রেল গাড়ীর বা ঘোড়ার গাড়ীর চতুষ্কোণ কামরার মত গঠন করি না। একটি মাঝা মাঝি কাটা পটোলের মত উহাদের খোল নির্মাণ করা হয়। তাহাতে সুবিধা এই হয় যে চলিবাব কালে জল ইহাদের গতি পথে অধিক বাধা দিতে পারে না। তোমবা দেখিয়াছ প্রত্যেক মাছের দেহ ঠিক ঐরূপ ভাবে গঠিত—দুইদিক সরু এবং মধ্যভাগ অপেক্ষাকৃত মোটা। ইহাতে, জলে সাঁতার দিবাব পক্ষে ইহারা অনেক সুবিধা পায়। পাখীদের যেমন পাখা এবং পালক থাকে, স্ত্রী-পায়ী জীবদের যেমন লোম থাকে, মাছ মাত্রেরই তেমনই জোড়া পাখনা আছে এবং প্রায় সকলের দেহে আঁশ আছে। ইহা বা মেরুদণ্ডী প্রাণীদের নিম্নতম শ্রেণীর জীব।


সকল মাছের দেহে এক পিচ্ছল পদার্থ রাখান আছে বলিয়া মনে হয়; সেজন্য ইহাদের দেহ অতিশয় পিচ্ছল, ধরিতে গেলে পিচ্ছলাইয়া যায়। ইহাতে তাহাদের আততায়ীর হাত হুইতে বক্ষা পাইবাব বিশেষ সুবিধা হয়। ট্যাংরা, মাগুর,

শিল্পি প্রভৃতি কয়েকটি মাছ ছাড়া সকল মাছের শবীর আঁশে ঢাকা। যাহাদের আঁশ নাই সে সকল মাছের লম্বা লম্বা গোঁফ দেখা যায়, অবশ্য বড় হইলে কুই



২৭ নং চিত্র—শিল্পি মাছ ও মাগুব মাছ

মাছেরও গোঁফ ছন্নাইতে দেখা যায়। সকল মাছের দেহ একটি প্রধান হাড় দ্বারা গঠিত—উহাই মাছের মেরুদণ্ড। মেরুদণ্ড হইতে কতগুলি লম্বা লম্বা কাঁটা বাহির হইয়া মাছের দেহের কাঠামু প্রস্তুত করে এবং তাহাতেই মাছের বিভিন্ন আকার




২৮ নং চিত্র—মাছের হাড়

বিশেষ রূপে নির্দিষ্ট থাকে। পেটের কাঠামু ঠিক করিবার জন্য যে বড় বড় কাঁটাগুলি আছে তাহাদিগকে মাছের জঙ্ঘাস্থি বলা চলে। বড় মাছের পেট খাইবার সময় তোমরা যে বড় বড় কাঁটা ফেলিয়া দাও তাহাই মাছের জঙ্ঘাস্থি। মাছের

কানকোব দুই পাশে দুইটি, বুকেব দুই পাশে দুইটি, পেটের তলায় দুইপাশে দুইটি, সমস্ত পিঠের উপর লম্বা একটি এবং লেজ অপেক্ষাকৃত আয়তনে বড় একটি করিয়া পাখনা (Wing) আছে। এই পাখনার সাহায্যেই ইহাবা জলে সাঁতাব দেয় এবং আপনাদের গতি পথ ঠিক রাখিতে পাবে। ইহাই মাছের হাত পা বলিলে চলে। লেজের পাখনাটি নৌকায় হালের সঙ্গে তুলনীয়। মাছের কানকোব নিচে ফুলকা (Gill) থাকে, সেই ফুলকায় সাহায্যে ইহারা অক্সিজেন গ্রহণ করে। ফুলকাকে ঢাকা দিয়া ইহাব উপর একটি গুচ্ছ আবরণ থাকে তাহাকে মাছের কানকুয়া (Operculum) বলে। ইহাদের নাক আছে বটে কিন্তু নাক দিয়া নিঃশ্বাস গ্রহণের কাজ চলে না, তাহাব দ্বারা ইহারা ভ্রাণ লইয়া থাকে। এই ক্ষুদ্র জল হইতে তুলিলে মাছ বেশীক্ষণ বাঁচে না। ইহাদের চোখ আছে বটে কিন্তু চোখের পাতা নাই বলিয়া ইহাদিগের ঘুমন্ত অবস্থায় চোখ খোলা থাকে।


ইহাবা ইহা কবিয়া মুখে জল টানিয়া লয়, পবে চোখাল তুলিয়া ধবে। ফলে জলে চাপ লাগে। সেই চাপে খানিকটা জল ফুলকায় মধ্যে চলিয়া যায়। জলের



২৯নং চিত্র—মাছের শ্বাসক্রিয়া

অক্সিজেন ফুলকাস্থিত সূক্ষ্ম সূক্ষ্ম বস্তুবহা নালীর ভিতর প্রবেশ করে। এইবাব

মুখ বন্ধ কবিয়া দিলে জলে আবণ্ড বেনী চাপ পড়ে । কাজেই তখন কানকুয়া খুলিয়া যায় সেই পথে জল বাহিব হইয়া যায় । হয়ত লক্ষ্য কবিয়াছ পুকুবে কাঁকে কাঁকে মাছ ভাসিয়া এইরূপ ভাবে অক্সিজেন গ্রহণ করে । ইহাকেই মাছেব খাবি খাওয়া বলে । ভেটকী মাছের কানকুয়াতে একটি করাত থাকে । কানকুয়ার



৩০ নং চিত্র—পোনামাছের ফুলকা


নিচে উহাদের অত্যাৱশ্যকীয় খাস-বস্তু ফুলকা থাকে বলিয়া তাহা স্ববক্ষিত বাখিবাব জন্য কানকুয়া দুইটি শক্ত চেপ্টা হাডে গঠিত । বলিতে গেলে সকল মাছেব মাথাটিই একপ শক্ত হাড দ্বাৰা গঠিত । মাছেব মুডা খাইবাব সময় ইহাদেব মাথায় ঘি কোথায় থাকে দেখিয়াছ । ইহাই মাছেব মস্তিষ্ক । মাথায় একটি প্রকোষ্ঠে ইহা বক্ষিত হয় । আবণ্ড অনেকগুলি প্রকোষ্ঠ মাথায় আছে দেখিয়া থাকিবে । তাহাতে অগ্নান্ন শবীৰ যন্ত্র বক্ষিত হয় ।

মাছের গলায় ফ্যারিংস আছে । সেইখানে দাঁতেব গ্নায় এক বকম পেষণ যন্ত্র আছে তাহা দিয়া মাছ খাচ খাচ চিৰাইয়া থাকে । বোয়াল বা ঐ জাতীয় মাছেব দাঁত কিন্তু চোয়ালের উপব সন্নিবিষ্ট থাকে । বোয়াল, প্রভৃতি কতকগুলি মাছেব মুখবিবব অত্যন্ত প্রশস্ত । আবার কালবোস মাছেব মুখ দেহেব তুলনায় ছোট । কালবোস বা কই জাতীয় মাছেব মুখেব সামনে দুইটি মাংসেব গদি থাকে উহাদিগকে উহাদেব অধরোষ্ঠ বলিলে চলে । বঁডশীতে মাছ ধরিলে দেখিবে অধিকাংশ মাছেব ঠিক ঐ গদির নিচে একটি নরম ড্রাগায় বঁডনী আটকাইয়া থাকে ।

ফ্যারিংস পার হইয়া মাছেব দীর্ঘ পৌষ্টিক নালী কুণ্ডলীকৃত হইয়া পেটে থাকে ; ইহাব অপব প্রান্তই ইহাদের মল নালী । ফ্যারিংসের পব যথাক্রমে ইসোফেগাস, আমাশয় বা পাকস্থলী ও অন্ত্র । বস্তুত সকলগুলিই পৌষ্টিক নালীর অংশ মাত্র । পাকস্থলীকে জড়াইয়া বন্ধ থাকে । এই বন্ধতই মাছের মেটলি । ইহাদেব পিত্ত-

খলীটির মুখ সরু এবং পিছন দিক মোটা যেন একটি গদা। ইহা সর্বদাই একপ্রকার সবুজবর্ণ তবল পদার্থে পূর্ণ থাকে। আবরণটি অতিশয় পাতলা বলিয়া একটু নাড়িলে ইহা গলিয়া যায় এবং উক্ত তবল পদার্থ যদি মাছে পড়ে তবে মাছ তিক্ত হইয়া যায়। তাই সাবধানে মাছ কুটিতে হয় যেন খলিটি গলিয়া না যায়। যকুৎ ও পিত্তথলী উহাদের হজমী যন্ত্র।

মাছের পেটে আব একটি যন্ত্র আছে। তাহা তোমাদের সকলের পবিচিত পটকা। পটকায় দুইটি কক্ষ। দুইটি কক্ষ একত্র হইলে ইহাও একটি গদার




৩১ নং চিত্র - মাছের পৌষ্টিক নালী

মত দেখায়—মাঝখানটি যেন কোন কারণে চূপসিয়া গিয়াছে। মাছের পটকায় যখন বাতাস ভরা থাকে তখন ইহাকে ফোড়াইয়া তোমরা অনেকে কৌতুক কর। মাছ এই পটকা ইচ্ছামত ফুলাইয়া ইহাতে বাতাস ভরিতে পারে। তাহাতে ইহাদের ভাসিবার সুবিধা হয়।

**রক্তসঞ্চালন প্রণালী (Circulatory system):**—অণ্ডাণ্ড মেরুদণ্ডী প্রাণীর গায় ইহাদের রক্ত সঞ্চালন যন্ত্র আছে। ফুলকা দুইটির মাঝে একটু নিচে হৃদয়। হৃদয়ের প্রধান দুইটি ভাগ অলিঙ্গ (Auricle) ও নিলয় (Ventricle)। হৃদয় হইতে দূষিত রক্ত, শিরা (Vein) দিয়া ফুলকায় নীত হয়। সেখানে ফুলকা দ্বারা জল হইতে অক্সিজেনের সাহায্যে ঐ দূষিত রক্ত বিশুদ্ধ

হইয়া সমস্ত শরীরে ছড়াইয়া পড়ে। আবার সমস্ত শরীরের দূষিত রক্ত ধমনী ( Artery ) দ্বারা বাহিত হইয়া হৃদয়ে পৌঁছায়। পুনরায় ঐ রক্ত বিশুদ্ধ হইয়া দেহ মধ্যে ছড়াইয়া পড়ে। হৃদয় সঙ্কুচিত হইলে রক্ত বাহিবে যায় এবং বিস্তারিত হইলে বাহিবের রক্ত হৃদয়ে ছুটিয়া আসে। মাছের রক্ত লাল—ইহাতে নিউ-ফ্লিয়ারসমূহ শ্বেত কণিকা ও লোহিত কণিকা দুই-ই আছে।

মাছ জলের শেওলা ও ছোট ছোট পোক মাকড় এবং ছোট ছোট মাছ খাইয়া বাঁচিয়া থাকে। অনেক মাছ আপন সমস্তান দিগকে কাঁকে কাঁকে লইয়া ঘুরিয়া বেড়ায়। বর্ষাকালে ল্যাটা, শোল প্রভৃতি মাছের এইরূপ কাঁক পুকুরে দেখিতে পাওয়া যায়। হিংস্র এবং শিকারী মাছের বড় বড় দাত দেখা যায়। বোয়াল মাছ তিংস্র—ইহাব দাত অগ্ৰাণ্ড মাছের চেয়ে বড় বড় এবং সংখ্যায় অধিক। কতকগুলি ছোট ছোট মাছ আছে তাহারা জলের উপরে থাকিতে ভালবাসে। কিন্তু অনিকাংশ বড় মাছ গভীর জলে বাস করিয়া থাকে। বান,




৩০ নং চিত্র—কাতলা মাছ

পাঁকাল প্রভৃতি মাছ পাকের ভিতর থাকিতে ভালবাসে। সকল মাছই ঘোলা জলের গন্ধে সেই দিকে ছুটিয়া যাইতে চায়। প্রত্যেক মাছ উজান ঠেলিয়া আনন্দ পায়। নদীর ঘোলা ও স্রোতের জল ছাড়া ইলিশ মাছ বাঁচিতে পাবে না



মাছ যে কত প্রকারের আছে তাহা বলা যায় না। তবে তোমরা যে চিংড়ি খাও তাহা প্রকৃত পক্ষে মাছ নয় জলের পোকা, ইহা হযত জান। মাছের সহিত ইহাদেব কোন সাদৃশ্য নাই কিন্তু পোকাব সহিত আছে। কই, শিঙি, চিতল প্রভৃতি কতকগুলি মাছ আছে তাহাবা জলে ফুট খায় দেখিয়াছ। ইহাবা অধিকক্ষণ জলে ডুবিয়া থাকিতে পাবে না। কারণ জলের সঙ্গে যে অক্সিজেন আছে তাহা তাহাদেব শ্বাস-কার্যের পক্ষে যথেষ্ট নয়। তাই মাঝে মাঝে তাহাদিগকে জলের উপবেব বায়ু হইতে অক্সিজেন গ্রহণ করিতে হয়। এই সকল মাছেব অক্সিজেন গ্রহণ কবাকেই মাছেব খাবি খাওয়া বলা। কই, কাতলাব খাবি




৩৩ নং চিত্র—চিতল মাছ

খাওয়া এবং ঐ সকল মাছের ফুট খাওয়ার উদ্দেশ্য এক হইলেও উহাদেব কার্যপদ্ধতি বিভিন্ন বলিয়া মনে হয়।

কতকগুলি মাছেব তেল এত অধিক হয যে তাহাদিগকে তৈল দিয়া তো রাখিতেই হয় না অধিকন্তু ভাজিলে তাহাদেব দেহ হইতে যে তৈল নির্গত হয় তাহাতে অন্য কার্যও চলিতে পারে। উদাহরণ স্বরূপ ইলিশ মাছ ও কড মাছেব কথা বলা যাইতে পারে। ইলিশ মাছের মত সুস্বাদু মাছ নাই বলিলেই চলে। কড মাছেব তৈল ঔষধরূপে প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়।

মাছ একসঙ্গে বহু ডিম প্রসব করে। এমন কি একেবারে লক্ষ লক্ষ ডিম প্রসব করে। তাহা হইতে বাচ্চা বা পোনা হয়। কুই, কাতলা প্রভৃতি



৩৪ নং চিত্র—কইমাছ

মাছের ডিম পুকুরে বা সকল নদীতে হয় না। সেইজন্য আমাদের দেশের জেলেবা স্বর্ণবেথা হইতে মাছের ছোট ছোট পোনা আনিয়া পুকুরে ছাড়ে। মাছের ডিমও আমাদের একটি সস্বাদ খাদ্য।


মাছ সাধারণত জলের জীব, তাই প্রত্যেক প্রকার মাছ সম্ভবণে পটু। কিন্তু ইহাদের মধ্যে এমন অনেক মাছ আছে যাহা অগ্ন্যান্ত অবয়ব দিয়া যাতায়াত করিতে পারে। কইমাছ কেমন কানকোয়া বাহিয়া মাটি বাহিয়া যায় হয় ত তোমরা দেখিয়াছ। পাকাল ও বান মাছ সাঁতার দেওয়ার চেয়ে পাক কাটিয়া যাঠিতে পটু।

### ব্যাঙ

ব্যাঙ মাছের পবেব স্তবেব জীব। মাছ জলে না থাকিলে মরিয়া যায়—ব্যাঙ বিস্তৃত উভচর। স্থলচর প্রাণীদের সঙ্গে ইহাদের যথেষ্ট সাদৃশ্য আছে। অথচ ছোট বেলায় যখন ইহারা ব্যাঙাচি থাকে তখন দেখিলে ইহারা যে কালে ব্যাঙ

হইবে একথা বিশ্বাস করা যায় না। তখন ইহাদিগকে মাছ বলিয়াই মনে হয়।

চিত্রে ১, ২ কবিয়া ব্যাঙের ডিম হইতে বাচ্চা অবস্থা পর্যন্ত পৰিণতি দেখান হইল। বর্ষাকালে কয়েক পশলা বৃষ্টি হইবার পবে ইহাৰা পুকুৰেৰ ধারে ডিম



৩৫ নং চিত্র—ব্যাঙের পরিবর্তন

পাড়ে। প্রথমে গঁদের আটার মত চটচটে একটি পিণ্ডের মত ডিমগুলি একত্র হইয়া থাকে তন্মধ্যে কাল কাল দানাগুলিই উহাদের ডিম। যতদিন যাঘ জলের সংস্পর্শে ততই ডিমগুলি আকাৰে বাড়িতে থাকে। পবে ক্রমে লম্বা হয়। তাহাব পরে দুই পাশে দুইটি ডানা বাহির হয় এবং মাথাৰ দিক চেপ্টা ও প্রায় গোলাকাৰ হয় এবং তাহার পিছনে লেজ দেখা দেয়। এই অবস্থায় কাল কাল পোকা হিসাবে আমবা পুকুৰেৰ ছলে ব্যাঙএর বাচ্চা দেখি। ইহাৰাই ব্যাঙাচি নামে পৰিচিত।

সোনা ব্যাঙএব ব্যাঙাচিব লেজ বেশ বড় হয়। ডিম হইতে বাহির হইয়া প্রায় ১৫ দিন পর্যন্ত তাহাদের মুখবিবর খোলে না বলিয়া তাহাদিগকে কিছু খাইতে হয় না। তখন ইহাবা দেহেব অংশ বিশেষ হইতে খাণ্ড গ্রহণ করিয়া বাঁচিয়া থাকে।

প্রথমে ব্যাঙাচিব ফুলকা থাকে না। একটু বড় হইলে মুখে ফুলকা জন্মে, তাহাব দ্বারাই প্রথম প্রথম ইহাবা খাস কার্য চালায়। পরে মাছেব গ্ৰায় ইহাদের কানকুয়া গজাইয়া উঠে এবং ফুলকা কানকুয়াব নিচে ঢাকা পড়িয়া যায়। তখন আবাব মাছেব মত মুখ দিয়া জলশোষণ করিয়া কানকুয়া দিয়া বাহিব কবিয়া দেয়। সঙ্গে সঙ্গে ফুলকা দিয়া জলের অক্সিজেন গ্রহণ কবে। এই সময় হইতে উহাদের ফুস্ফুস জন্মাইতে আরম্ভ কবে। সোনা ব্যাঙেব ব্যাঙাচি অপেক্ষা কুনো-ব্যাঙেব ব্যাঙাচিব আগে কানকুয়া গজায়।

ন্যূনাধিক এক মাসের মধ্যে ব্যাঙএর দেহে আমূল পরিবর্তন ঘটে। কানকুয়াব নিচে দুই পাশে দুইটি পা বাহির হয়। পরে ঠিক লেজ ও দেহেব সংযোগস্থলেব একটু অগ্রভাগে দুইটি পিণ্ড দেখা দেয়, তাহাবাই বর্ধিত হইয়া কালক্রমে উহাদের পিছনেব পা গঠিত কবে। কানকুয়াব সামনেব পা চাপা থাকে বলিয়া মনে হয় যেন পিছনেব পা আগে বাহিব হয়। এই সময় হইতে ইহাদিগকে ব্যাঙেব বাচ্চা বলিয়া মনে হয়, তবু তখনও ইহাদের লেজ থাকে। যতদিন যায় তত লেজ খসিয়া যায় এবং দেহ ক্রমশ সুলতর হয়, পাগুলিও বড় হয়। ব্যাঙাচি অবস্থায় ইহাদের লেজ বা দুই পাশেব ডানা কাটিয়া দিলে উহাবা পুনর্বায গজাইয়া উঠে। কিন্তু বড় অবস্থায় ইহাদের ডাত পা কাটিয়া গেলে আব বড় হয় না।

ব্যাঙ নানা জাতীয়। সকলগুলিব আকার মুখ্যত একইরূপ হইলেও পার্থক্যও যথেষ্ট আছে। কোন কোন ব্যাঙ আকাবে অনেক বড়, কোন কোন গুলিব মুখটি লম্বা, চোখ ছোট আবার কোন কোনগুলিব বা মুখ খ্যাবড়া এবং চোখ বড়। কতকগুলি ব্যাঙেব গায়ে টিপ টিপ কাল রঙের বিন্দু থাকে এবং চামড়া অমসৃণ হয়; আবার কোন কোন ব্যাঙএর চামড়া মসৃণ এবং তাহাতে হলুদে রঙএর ডোরা দেখা যায়।

বর্ষাকালে জলে সবুজবর্ণের এক প্রকার ব্যাঙ দেখা যায়। ইহাদের আকার বড়, পিঠে কাল ডোরা, চামড়া মসৃণ। ইহাদিগকে সোনা ব্যাঙ (Rana)



৩৬নং চিত্র—সোনা ব্যাঙ

বলে। এক পশলা বৃষ্টি হইলে ইহাদের আনন্দ আর ধবে না। মাঠে ঘাটে ইহাদের গ্যা গো শব্দে কান ঝালাপালা হইয়া উঠে।

আর এক প্রকার ব্যাঙ দেখা যায়—ইহারা ঝোপে ঝোপে বা গতে লুকাইয়া থাকে, ইহাদের আকার বিশেষ বড় হয় না, দেখিতে অত্যন্ত কদাকার। ইহাদিগকে কুনো ব্যাঙ (Bufo) বলে।

পূর্ণাঙ্গ ব্যাঙের শরীর যন্ত্রের সহিত অগ্ন্যাগ্ন স্থলচর মেরুদণ্ডী জীবের অনেক সাদৃশ্য আছে। ইহাদের সর্বশরীর শক্ত চর্মাবৃত, মাথা এবং বুক বা পেট এক একটি বড় পিণ্ডের মত, খড় হইতে চারিটি পা বাহির হইয়াছে। মুখের উপর মাথায় দুইটি নাকের ছিদ্র আছে, তাহাতে দুইটি কপাটিকা আছে। কপাটিকাগুলি তাহাবা ইচ্ছামত খুলিতে বা বন্ধ করিতে পারে, চোখ দুইটি উপর ও নিচেব পাতা দিয়া

বন্ধ করিতে পারে, কিন্তু আর একটি পর্দা ছাড়া ইহা বা চোখ বন্ধ না করিয়াও ঢাকিয়া রাখিতে পারে। চোখের পাশেই দুইটি কান পাতলা চামড়া দিয়া ঢাকা থাকে। ইহাদের ঘাড় বলিয়া কিছু নাই। খড এবং মাথা এক সঙ্গে থাকে। সম্মুখের পায়ে ৪টি এবং পশ্চাতের পায়ে ৫টি করিয়া আঙ্গুল আছে।




৩৭নং চিত্র—কুনো ব্যাঙ

পিছনেব পা গুলি সাধাবণত গুটাইয়া এবং সম্মুখেব পা উঁচু করিয়া ইহারা মাথা উঁচু করিয়া বসিয়া থাকে। ছুটিবার সময় পিছনেব পায়ে জোব দিয়া প্রসারিত ও সঙ্কুচিত করিয়া লাফাইয়া যায়।

সোনা ব্যাঙএব উপব পাটিতে দাঁত আছে কিন্তু কুনো ব্যাঙের নাই। মুখ বিববে একটি জিহ্বা আছে। এই জিহ্বাব সম্মুখ ভাগ চোয়ালের সহিত জোড়া কিন্তু পশ্চাভাগ আলাগা বলিয়া উহাদিগকে জিভটিকে উল্টাইয়া বাহির করিতে হয়।

ইহা বা বেশীকণ ইঁা করিয়া থাকিতে পারে না, কাবণ ইঁা করিলে উহাদেব শ্বাস কার্ধের অসুবিধা ঘটায় উহা বা ইঁাপাইয়া মবে। শ্বাস লইবার সময় মুখ বন্ধ করিয়া নাকের ঢাকা খুলিয়া বায়ু গ্রহণ কবে। পবে নাকের ঢাকা বন্ধ করিয়া মুখবিবর

সঙ্কুচিত করে। ইহাতে মুখ গহ্বরস্থ বায়ু, চাপ পাইয়া ফুস্ফুসে চলিয়া যায়। নিশ্বাস ত্যাগকালে মাংসপেশীর চাপ দিয়া ফুস্ফুস সঙ্কুচিত করে। তখন ফুস্ফুসের দূষিত বায়ু মুখে চলিয়া আসে এবং এখান হইতে বাহিরে চলিয়া যায়। এইরূপে ইহাদের শ্বাস কার্য চলে। ব্যাঙএব ত্বক সচ্ছিন্ন এবং পাতলা বলিয়া ত্বকের সাহায্যে ইহারা বায়ুমণ্ডলেব বায়ু এবং অল্প জলও শোষণ করিতে পারে। সে হিসাবে ইহাদের ত্বকও অনেকটা নাকের কাজ করিয়া থাকে।



৩৮নং চিত্র—ব্যাঙের পিঠে ডিম

এক প্রকার ব্যাঙ আছে তাহা বা ডিম পাড়িয়া তাহাব উপর বসিয়া থাকে, পৃষ্ঠের নিম্নভাগে ঐ ডিমগুলি আটকাইয়া থাকে, সেই অবস্থায়ও ইহা বা যাতায়াত করিয়া থাকে।

ফরাসী বা ব্যাঙএর মাংস খাইয়া থাকে। ব্যাঙের চামড়া হইতে মনিব্যাগ প্রভৃতি ছোট সোখীন চামড়ার দ্রব্য প্রস্তুত হয়। ব্যাঙ ছোট খাটো পোকাকাদ খাইয়া জীবন ধারণ কবে, সাপ ইহাব প্রধান শত্রু।

**সংক্ষেপ :-** মাছ মেরুদণ্ডী প্রাণীদের নিম্নতম শ্রেণীর জীব। ইহাদের শরীর সাধারণত চেপ্টা, দুই দিকে সরু এবং মধ্যস্থল মোটা। ইহাতে উহাদের জলে সাঁতার দিবার সুবিধা হয়। হাত পাযের পরিবর্তে উহাদের পাখনা থাকে, তদ্বারা উহা বা সাঁতার দেয় ও আপনাদের গতিপথ ঠিক বাধে। চোখের পাতা নাই তাই ঘুমাইবার সময়ও ইহাদের চোখ খোলা থাকে। খাবি খাইবার সময় উহারা মুখ দিয়া জল শোষণ করিয়া কানকুরা দিয়া ঐ জল বাহির করিয়া দেয়—কলে কুলুকা দিয়া জলের অক্সিজেন শরীরে টানিয়া লয়। কতকগুলি মাছ অধিক দিন জলে বাস কবিলেও তাহাদের অক্সিজেনের

অভাব ঘটে না, কিন্তু কই, শিঙি প্রভৃতি মাছের অধিক অক্সিজেন গ্রহণের জন্য উহাদিগকে মাঝে মাঝে জলের বাহিরে উঠিয়া বায়ু হইতে অক্সিজেন গ্রহণ করিতে হয়, ইহাই মাছের ফুট খাওয়া। ইহাব পরের স্তরের জীব ব্যাঙ। ইহারা উভচর—কাজেই ইহাদের সহিত জলচর এবং স্থলচর উভয় শ্রেণীর প্রাণীর কিছু না কিছু সাদৃশ্য আছে। একটি ডিম হইতে বহুপ্রকার বিবর্তনের পর তবে একটি পূর্ণাঙ্গ ব্যাঙ হয়। প্রথমে ইহাদিগকে পোকা, তাহার পর মাছ বলিয়া ভ্রম হয়। এই সকল অবস্থা বিবর্তনের পর পূর্ণাঙ্গ ব্যাঙ হয়। ইহাদের শরীর শক্ত চর্মাবৃত, মাথা এবং বুকের মাঝে গলা নাই। মাথায় দুইটি চোখ, তাহাতে তিনটি পাতা আছে; দুই পাতা দিয়া চোখ বন্ধ করিতে পারে এবং অপবটি দিয়া চোখ বন্ধ না করিলেও ঢাকা দিতে পারে। চোখের পাশে দুইটি কান পাতলা চামড়া দিয়া ঢাকা থাকে। সামনের পায়ে ৪টি করিয়া এবং পিছনের পায়ে ৫টি করিয়া আঙ্গুল আছে। ব্যাঙ বহু প্রকারের আছে।

### চতুর্থ প্রশ্নমালা

১। অন্যান্য প্রাণীর তুলনায় মাছের প্রধান প্রধান বৈশিষ্ট্য কি? (What are the special characteristics of a fish as compared with other classes of the living?) (কঃ বিঃ ১২৪০)

২। মাছের বিভিন্ন দেহ-যন্ত্রের বর্ণনা দাও। (Describe different organs of a fish.)

৩। মাছের পৌষ্টিক নালী সম্বন্ধে যাহা জান লিখ। (Write what you know of the alimentary canal of a fish.)

৪। মাছ আমাদের কি কি উপকাবে আসে। (What utility we get from a fish?)

৫। ব্যাঙের জীবন-ইতিহাস লিখ। (Write down the life history of a frog.)

৬। মাছ ও ব্যাঙের তুলনা কর। (Compare a fish with a frog.)

৭। ব্যাঙের চোখে কি বৈশিষ্ট্য আছে লিখ। (Write what peculiarity there is in the eye of a frog?)

৮। ডিম হইতে পূর্ণাঙ্গ ব্যাঙ হওয়া পর্যন্ত ইহার অবস্থান্তরের বিবরণ লিখ। (Write down different stages of a frog beginning from the egg.)



## পঞ্চম পরিচ্ছেদ

প্রাণী ও উদ্ভিদের পরস্পর নির্ভরশীলতা ও  
পারস্পরিক অবস্থার সহিত সামঞ্জস্য রক্ষা

### নির্ভরশীলতা

তোমরা হয়ত শুনিয়া থাকিবে জীব সৃষ্ট হইবার বহু পূর্ব হইতেই পৃথিবীর  
বুকে উদ্ভিদ জন্ম লাভ করে। ইহাও ভগবানের অপার করুণার একটি নিদর্শন।  
কাবণ অনুসন্ধান করিলে বুঝিতে পাবা যায় বৈচিত্র্যময় সৃষ্টি রহস্যের আব একটি  
গূঢ়তম অভিসন্ধি ইহার মধ্যে নিহিত আছে। মানব শিশু জন্মাইবার বহু পূর্বে  
যেমন তিনি মাতৃ বক্ষে সুধাব সঞ্চয় করিয়া রাখেন তেমনি আদিম যুগে জীব শিশুর  
জন্ম জীব জননী ধবিত্রীর বুকে শিশুর ভবিষ্যৎ আহাররূপে উদ্ভিদের সৃষ্টি করেন।  
প্রত্যক্ষ বা পরোক্ষ উপায়ে এই উদ্ভিদই জীবগণের প্রাণ ধারণের একমাত্র মঞ্চল,  
তাই আমরা দেখিতে পাই মরুভূমি প্রভৃতি যে সকল অঞ্চলে উদ্ভিদের আধিক্য  
নাই সে সকল অঞ্চলে প্রাণীও নাই বলিলেই চলে।

প্রাণিগণ উদ্ভিদের নিকট ঋণী বলিয়া তাহাদিগকে উদ্ভিদগণের সুখ স্বাচ্ছন্দ্য  
বৃদ্ধি করিয়া তাহাদের বংশ বিস্তারের সুযোগ আনিয়া দিতে হয়, উদ্ভিদগণও  
অন্য দিকে শক্তি অনুসারে আপনাপন দেহ পাত করিয়া অথবা দেহাংশ ত্যাগ  
করিয়া জীবগণের উপকার সাধন করিয়া থাকে।

ধান, যব, গম, আম, লিচু, প্রভৃতি উদ্ভিদগণ প্রভূত পরিমাণে মানবের আহার্য  
যোগ্যইয়া থাকে। ইউক্যালিপটাস, সিকোনা, বেলেডোনা, অশোক, বাকস হইতে  
আরম্ভ করিয়া মুখা, কালমেঘ, ব্রাহ্মী প্রভৃতি অগণন উদ্ভিদ রোগে ঔষধ এবং  
মাগু, বলি, এরাকট প্রভৃতি উদ্ভিদ আমাদের পথ্য যোগায়। চা, কফি, কোকো  
আমাদের আরাম দায়ক পানীয়, আলু, বেগুন, পটোল, পিঁয়াজ, লাউ, কুমড়া প্রভৃতি

আনারাজ, নটে, পালম, পুঁই প্রভৃতি আমাদের নিত্য ব্যবহার্য সজ্জী, লঙ্কা, হলুদ, ধনে সরিষা, এলাচ, লবঙ্গ, দারুচিনি, হরিতকী, বয়ড়া, আমলকী, জায়ফল, কিসমিস্ পেস্তা, বাদাম এ সকলই উদ্ভিদের দান। নীলবড়ি, কিশোরী রঙ, মেহেদী, হলুদ, প্রভৃতি রঞ্জক, বাঁশ, খড় প্রভৃতি কাগজের জায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উপাদান, চন্দন, তুলসী প্রভৃতি সুগন্ধি সকলই উদ্ভিদ হইতে পাই। অশোক, বকুল, মালতী, যুঁই বেলা, চাঁপা গোলাপ প্রভৃতি গাছের ফুল আমাদের সুগন্ধ ও সৌন্দর্য দান করে, দেবার্চনায় আত্মাহুতি দেয়। শাল, সেগুন, সুঁদরী, গরাণ, মেহগ্নি, আম জাম, কাঁটাল, লোহা, চাকুন্দা, পিয়াল, বাবলা, তেঁতুল প্রভৃতি বৃক্ষ হইতে জালানী কাঠ, কাঠ কয়লা, তক্তা প্রভৃতি পাওয়া যায়, গাছের ছাল ও আঁশে সূতা, দড়ি এবং তাহা হইতে কাপড়, চট প্রভৃতি আবশ্যকীয় নিত্য প্রয়োজনীয় দ্রব্য প্রস্তুত হয়। এতদ্বিন্ন আবণ্ড কত যে উপকার উদ্ভিদ হইতে জীবগণ পাইয়া থাকে তাহার ইয়ত্তা নাই। মাটি হইতে নাইট্রোজেন লইয়া নিজদেহে প্রোটিন জাতীয় এবং কার্বন ঘটিত মানবের খাদ্য সঞ্চয় করা ও আদিমকাল হইতে আবণ্ড কবিয়া আজ পর্যন্ত বৃক্ষ শাখায় বা কোঁটরে মানুষকে আপনাদের আবাস বচনা কবিত্তে দেওয়াও গাছের মানব সেবার নিদর্শন।

কীট পতঙ্গগণ পুষ্পের লইয়া পুষ্পাস্তবে ছড়াইয়া দিয়া—পুষ্পের বীজ সঞ্চালিত করিবাব সহায়তা করে। অশ্বখ, বট প্রভৃতি ফল খাইয়া পক্ষিগণ বহুদূবে বিষ্ঠা-ত্যাগ করিলেও তাহা হইতে ঐ সকল গাছের চারা জন্মায়, ইহাতে উহাদের বংশ বিস্তার হয়। চোর কাঁটা আমাদের কাপড়ে লাগিয়া স্থানান্তরে নীত হয়, ওকড়া কাঁটা গরু, বাছুর, ছাগল, ভেড়া প্রভৃতির লোমে আটকাইয়া স্থানান্তরে নীত হয়, ইহাতেও ঐ সকল গাছের বংশ বিস্তার হয়। গভীর বনে যেখানে মানুষ সমাগম হইতে পারে না সেখানে কেঁচো গোপনে গাছের গোড়া খুঁড়িয়া দিয়া ইহার প্রভূত উপকার সাধন করে। মানুষ যে কার্বন-ডাই-অক্সাইড দেহান্তর হইতে দূষিত বলিয়া ত্যাগ করে তাহাই আবাব উদ্ভিদগণ স্ব স্ব শরীরে শোধন করিয়া অক্সিজেন ফিরাইয়া দেয়। এই অক্সিজেন আবাব প্রাণিগণের জীবনের প্রধানতম সম্বল,

ইহা তোমরা পূর্বেই জানিয়াছ। ঝাঁঝি, কলস উদ্ভিদ প্রভৃতি উদ্ভিদ কিরূপে কীট পতঙ্গ, খাইয়া জীবন ধারণ করে তাহাও পূর্বে জানিয়াছ। গোবর প্রভৃতি জীব-গণের বিষ্ঠা, শিংগুঁড়া, হাড় গুঁড়া প্রভৃতি উদ্ভিদের উৎকৃষ্ট সার। ব্যাঙেব ছাতা প্রভৃতি কয়েক প্রকার উদ্ভিদ মাংস বা চামড়া খাইয়া বৃদ্ধি লাভ করে।

এইরূপে উদ্ভিদ এবং জীবগণ একে অন্যের উপর যেমন নির্ভর করে তেমনই উহাবা পরস্পর পরস্পরের উপকার সাধনও করিয়া থাকে।

প্রত্যক্ষভাবে উদ্ভিদও প্রাণীর পরস্পরের নির্ভরতার কথা কিছু বলা হইল। কিন্তু পরোক্ষ ভাবেও এই পরস্পর নির্ভরশীলতা বিদ্যমান আছে। আলকাতরা বং, কতিপয় সুগন্ধি ও আবও বহু পদার্থ আপাত দৃষ্টিতে অন্য পদার্থ হইতে প্রাপ্ত মনে হইলেও ইহাদের জন্ম বিষয়ে অনুসন্ধান করিলে বুঝিতে পাওয়া যায় ইহাবাও উদ্ভিজ্জ এবং প্রাণিগণের বিশেষ উপকাৰী।

### সামঞ্জস্য রক্ষা

মানুষ যে দিন প্রথমে পৃথিবী দেখিল সেইদিন হইতে তাহাকে সুখ দুঃখের আবর্তনে পড়িয়া আপনাব ঝাঁঝি খািকিবাব উপায় খুঁজিয়া লইতে হইল। আদিম যুগে মানুষ গাছেব শাখায় তীব ও লতায় ধমুক প্রস্তুত কবিয়া আত্মরক্ষার্থ শত্রু আক্রমণে ব্যবহাব কবিত, কিন্তু আজ সে অস্ত্র শস্ত্র নির্মাণে ক্রমশ অভিজ্ঞতা লাভ কবিয়া বন্দুক, কামান, টরপেডো প্রভৃতি সাংঘাতিক আগ্নেয়াস্ত্রের আবিষ্কার কবিয়াছে। স্বল্প পবিসব পবত গুহায় বা বৃক্ষ কোটেবে তাহাব আদিম বাস ছিল, বহু যুগ ব্যাপী চেষ্টা ও পবিশ্রমে আজ সে তাহাব বাসেব জন্ম আমেরিকাব এম্পায়াব অব ষ্টেট বিল্ডিং এর মত সুরম্য গগনস্পর্শী হর্ম্যরাজি প্রস্তুত কবিয়াও তৃপ্ত নহে। কে জানে এই মহাসমবেব অবসানে জগতেব বৃকে আবও কত অলৌকিক কাণ্ড সামান্য ব্যাপার হইয়া দাঁড়াইবে। পাবিপাশ্বিক বিরুদ্ধ অবস্থার সহিত সে এইরূপে সংগ্রাম কবিয়া আসিতেছে এবং ভবিষ্যতে আসিবে, ফলে তাহাব আচার

ব্যবহার, আকৃতি, প্রকৃতি সকল বিষয়েই একটি ক্রমিক পরিবর্তন সাধিত হইতে থাকিবে। এই পরিবর্তন কেবল মানুষের নহে, সমস্ত জীব জগৎ লইয়া এই ক্রমিক পরিবর্তন চলিতেছে। ডারউইনের বিবর্তন কাহিনী ( Darwin's theory of Evolution ) তোমবা গুনিয়াছ। তাঁহার মতে মানুষের পূর্বপুরুষ বানর জাতীয় জীব ছিলেন—কৃষ্টি এবং পারিপার্শ্বিক অবস্থার সহিত সামঞ্জস্য বিধানের ফলে তাঁহারা আজ “দীর্ঘকায় গৌর কাষ্টি”।

তোমবা জ্ঞান সাগর, হ্রদ ও নদী তীববর্তী অধিবাসিগণের জীবিকা সাধাৰণত মাছ ধরা, নৌকা চালনাও শুল্কি সংগ্রহ করা ; তাহাদের আচার, ব্যবহার, চাল, চলন, আকৃতি এবং প্রকৃতিতেও একটা বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। সমতলবাসিগণ চাষ, পশুপালন প্রভৃতি দ্বারা ও বন্তোবা শিকার দ্বারা জীবিকার্জন করে, এইজন্য পাহাড়িয়া, শীতপ্রধান দেশের অধিবাসি, মরুবাসী, বন্য এবং সমতলবাসী লোকদের আচার ব্যবহার, চাল-চলন এবং আকৃতিও প্রকৃতিতে কত বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। কেবলমাত্র আকৃতি দেখিয়া তাই অনেক লোকের বাসভূমি ও প্রকৃতি বলা যাইতে পারে। এই সব বৈশিষ্ট্যের প্রধানতম কারণ পারিপার্শ্বিক অবস্থার সহিত সামঞ্জস্য বক্ষা।

এখন যদি কোন নাতিশীতোষ্ণ প্রদেশের সমতল বাসীকে তুন্দ্রাঞ্চলে বা কোন শীত প্রধান দেশে গিয়া বাস করিতে হয় তবে তাহাকে সেখানকার অধিবাসীদের পোষাকের ন্যায় গরম পোষাক ব্যবহার করিতে হইবে, সেখানে সহজ প্রাপ্য বা সেখানকার জল বায়ুতে সহজ পাচ্য খাদ্য খাইতে হইবে। ফলে ভিতরে ভিতবে তাহার শরীর এবং মনেরও পরিবর্তন ঘটিয়া যাইবে। তেমনই শীতপ্রধান দেশের লোক গ্রীষ্ম প্রধান দেশে আসিলে পরিবর্তিত হইবে। একরূপ পরিবর্তন তোমবা প্রত্যহই দেখিতে পাইবে।

এইবার মনুষ্যের প্রাণীদের বিষয় ধরা যাউক। শিকারী পশুদিগকে ছুটিতে হয় বলিয়া তাহাদের দেহ হালকা, পেট পাতলা, পা লম্বা, নখ এবং দাঁত তীক্ষ্ণ, ধারাল অস্ত্রের কাজ করে। ইহারা মাংসাসী। নিরামিষাসীদের দেহ অপেক্ষাকৃত স্থূল,

পেট মোটা। ইহাদের ধারাল নখ ও দাঁত থাকে না, অনেকের খুর থাকে, শত্রু আক্রমণে সাহায্য করিবার জন্ত শিঙ থাকে। ইহাদের হাত নাই বটে তবে তাহাদের অনেক কাজ লেজেব-ঘাৰা করে।

শিকারী পশু মাত্রই উগ্র এবং হিংস্র, কিন্তু নিরামিষাসী প্রাণিগণ সাধারণত হিংস্র নহে, ইহাদের স্বভাব তত উগ্রও নহে। শীতাতপ হইতে দেহ রক্ষা করিবার জন্ত ইহাদের দেহ অধিক বা অল্প লোমাবৃত। যাহাৰা শিকার করিয়া খায় তাহারা সাধারণত বন জঙ্গলে বাস কবে, কিন্তু অধিকাংশ নিরামিষাসী জন্তু সমতল দেশে বাস কবে। বহুরূপী বা গিরগিটি আপনাদিগকে শত্রুর আক্রমণ হইতে বক্ষা করিবার জন্ত অথবা শিকার করিবার জন্ত আপন শবীবের বড় কিরূপে পৰিবর্তন কবে তাহা বোধ হয় তোমরা দেখিয়াছ। লাউডগা সাপের বড় একেবাবে সবুজ—গাছেব পাতায় বা কচি শাখায় থাকিলে সহজে ইহাদিগকে চিনিতে পাৰা যায় না। প্রজাপতির সবুজ শূককীটগুলি পাতাব উপব ষখন বসিয়া থাকে তখন ইহাদিগকে সহসা চিনিতে পাৰা যায় না—পাতাবই অংশ বলিয়া মনে হয়। মাকডসার শিকার প্রণালী সম্বন্ধে পূর্বে জানিয়াছ। এই সকল দিক বিচাৰ কবিলে বুঝা যায় মনুষ্যেতর প্রাণীও পারিপাশ্বিক অবস্থার সহিত সামঞ্জস্য রাখিয়া চলিবার যথেষ্ট প্রয়াস কবে। তাহাব ফলে, তলে তলে ইহাদেরও বিবর্তন ঘটিতেছে। পাখীৰ যদি পাখা না থাকিয়া মানুষের মত হাত, পা বা পশুর মত চারিটি পা থাকিত তবে তাহাদের কতই না অস্ববিধা হইত। সেইরূপ মাছেব পাখা ইহাদিগকে জলে সাঁতরাইবার স্বেবিধা দেয়, ইহাদের পাও এই কাৰণে ইহাদের উপকারী। আৰাব দেহ গঠনেব দিক দিয়া বিচাৰ করিলে দেখা যাইবে তাহাৰ মধ্যেও একই তথ্য বিদ্যমান—পারিপাশ্বিক অবস্থাব সহিত সামঞ্জস্য বক্ষা। মনে কব সকল মাছেব শবীর পটোলের মত মধ্যে মোটা ও দুই দিক সরু না হইয়া যদি স্থূলকায হস্তীর চেহাৰার মত হইত তবে তাহাদের জল কাটিয়া সাঁতাব দিতে কত না অস্ববিধা হইত। তেমনই পাখীদিগকে বায়ু কাটিয়া শূন্যে উড়িতে হয় বলিয়া তাহাদের মাথার ও লেজের দিক সরু ও মধ্যে পেট মোটা।

এইবার উদ্ভিদের কথা ধরা যাউক। সাধারণত মরু বা পার্বত্য অঞ্চলের উদ্ভিদগণের পাতা সমতল সবস ভূমির উদ্ভিদগণের পাতা অপেক্ষা পুরু ; কারণ বলিতে পার কি ? পার্বত্য বা মরু অঞ্চলে বস সুলভ নহে ; তাই গাছ পাতায় বস সংগ্রহ করিয়া বাখে, যাহাতে বহুদিন অনাবৃষ্টি হেতু রসের অভাব হইলেও ঐ সকল গাছ পাতা হইতে খাওয়ার অভাব অনেকটা মিটাইয়া লইতে পারে। অনেক গাছের কাঁটা, তীব্র গন্ধ, বিষাক্ত রস, কুটুফটে গুঁয়া তাহাদিগকে শত্রুর আক্রমণ হইতে রক্ষা কবে। তেমনই কাহাবও কাহাবও ফুলের সুগন্ধ ও সৌন্দর্য উহাদের পবাগ সংযোগ ঘটাইবার জন্য ঘটকদিগকে আকৃষ্ট কবে। ইহাদের বিভিন্ন অবস্থায় বিভিন্ন অঙ্গ রূপান্তরিত হইয়া বিভিন্ন কাজ করে। অবস্থা পড়িয়া মূল বা কাণ্ড পাতার কাজ করে, পাতাও সময় বিশেষে মূল বা কাণ্ডের কাজ কবে। এক এক গাছের আকর্ষণ নূতন প্রত্যঙ্গ গজাইয়া গাছের একটি বিশিষ্ট উপকার কবে। ঐ সব গাছের আকর্ষণ না থাকিলে উহাদের বাঁচা দুর্ঘট হইত। কলস উদ্ভিদ বা বাঁঝিব শিকার কবিবার কৌশল প্রভৃতিও পূর্বেই পড়িয়াছে। তাহা হইলে এই সকল বিচার কবিয়া বুঝিতে পারিতেছ পারিপার্শ্বিক অবস্থার সহিত উদ্ভিদদিগকেও সংগ্রাম কবিয়া নিজেদের দেহ বা প্রকৃতিকে বিকৃত করিয়াও খাপ খাওয়াইয়া লইতে হইতেছে। সমস্ত জীব জগৎ জুড়িয়া এই ব্যাপার চলিতেছে। অতএব পারিপার্শ্বিক অবস্থার সহিত সামঞ্জস্য বিধান জীব জগতের একটি প্রধানতম কর্তব্য এবং জীবনের একটি প্রধানতম লক্ষণ।

### পঞ্চম প্রশ্নমালা

১। পারিপার্শ্বিক অবস্থার সহিত জীবগণ কিরূপে সামঞ্জস্য রক্ষা করিয়া চলে তাহার একটি সংক্ষিপ্ত বিবরণ দাও ( Give a brief account of how the livings adopt themselves to environments )


২। কোন্ কোন্ ক্ষেত্রে পারিপার্শ্বিক অবস্থার সামঞ্জস্য রক্ষা কবিতে গিয়া মানুষ, ইতর প্রাণী ও উদ্ভিদ আপনাদের সাধারণ প্রকৃতির পরিবর্তন করিয়াছে উদাহরণ দিয়া বুঝাইয়া দাও ( Show by examples where the human beings, inferior animals and the plants change their respective natures under different circumstances )

## শারীর-বিদ্যা

### প্রথম পরিচ্ছেদ

#### মানবদেহের উপাদান

শুধু মানুষ নয় কীট, পতঙ্গ ও উদ্ভিদ প্রভৃতি জীবমাত্রেয়ই মূল উপাদান সূক্ষ্ম কোষ (Cell)। এই সূক্ষ্ম কোষ একত্র হইয়া জীবের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ সৃষ্টি করে। প্রতি কোষে প্রোটোপ্লাজম (Protoplasm) নামক এক প্রকার তরল পদার্থ এবং তন্মধ্যে অপেক্ষাকৃত ঘনতর নিউক্লিয়াস (Nucleus) নামক একটি পদার্থ থাকে। নিউক্লিয়াস ও কোষ আপনা হইতেই ভাগ হইতে থাকে এবং এইরূপে একটি কোষ হইতে বহু কোষের সৃষ্টি হয়। জীবের দেহে দুই প্রকার কোষ দেখা যায়। এক প্রকার কোষের চারিদিকে প্রাচীর থাকে অন্য প্রকারের কোষের চারিদিকে অনাবৃত। যে সকল কোষের চারিদিকে প্রাচীর বেষ্টিত সেই সকল কোষ দ্বারা গঠিত দেহ কঠিন এবং অপর প্রকার কোষ দ্বারা গঠিত দেহ সাধারণত নরম হয়। উদ্ভিদের দেহ প্রথম প্রকার কোষ দ্বারা গঠিত এবং মানুষের দেহ অনাবৃত কোষ দ্বারা গঠিত বলিয়া উদ্ভিদের দেহ কঠিন এবং মানুষের দেহ নরম। চিত্রে একটি



১নং চিত্র—জীবকোষ


প্রাচীরবেষ্টিত কোষ দেখান হইল। ক ইহার প্রাচীর খ প্রোটোপ্লাজম ও গ নিউক্লিয়াস। এই কোষসমূহ একত্রিত হইয়া বহু প্রকারের তন্তু (Tissue)

সৃষ্টি করে। এই সকল তত্ত্ব হইতে আমাদের দেহের যাবতীয় যন্ত্রাদি ও অঙ্গ-প্রত্যঙ্গ নির্মিত হয়। মানবের দেহে সাধারণত চারি শ্রেণীর তত্ত্ব দেখা যায়, যথা—**আচ্ছাদক তত্ত্ব** (Epithelial tissue), **সংযোজক তত্ত্ব** (Connective tissue), **পেশীতত্ত্ব** (Muscular tissue) এবং **বাতর্বিহ তত্ত্ব** (Nervous tissue)

**আচ্ছাদক তত্ত্ব**—দেহের অনাবৃত স্থান সমূহে উপর এবং গহ্বববিশিষ্ট অংশের ভিতবেব দিকে এই প্রকার তত্ত্ব পর্দাব গ্ৰায় লাগিয়া থাকে।

**সংযোজক তত্ত্ব**—এই তত্ত্ব দ্বারা বিভিন্ন অংশ বিভিন্ন যন্ত্রাদিব সহিত সংযুক্ত থাকে। অবস্থান বিশেষে ইহাদেব ভিন্ন ভিন্ন নাম হইয়াছে।

**পেশীতত্ত্ব**—এই তত্ত্ব প্রয়োজনানুসাবে সঙ্কুচিত হইতে পারে। কিন্তু কতক-



২নং চিত্র—পেশী তত্ত্বের সঙ্কোচন ও প্রসারণ

গুলি তত্ত্ব মানুষেব ইচ্ছামত সঙ্কুচিত ও প্রসারিত হয় আবার কতকগুলি হয় না। চোখেব পাতা আমরা ইচ্ছা করিলে খুলিতে ও বুজাইতে পাৰি। কিন্তু বক্তবহা ধমনীকে আমরা ইচ্ছামত বন্ধ করিতে পাৰি না।

চোখেব পাতাব পেশী মানুষেব আজ্ঞাধীন কিন্তু রক্তবাহা নালীব পেশী মানুষেব আজ্ঞাধীন নহে। দেহের সর্বত্র বিভিন্ন পেশী অস্থির সহিত সংযুক্ত থাকে।


**বাতর্বিহ তত্ত্ব**—মানবদেহের সমস্ত অনুভূতি এই তত্ত্ব সাহায্যে ঘটিয়া থাকে। ইহা দ্বারা জীবের যাবতীয় ক্রিয়া নিয়ন্ত্রিত হয়। মস্তিষ্কই ইহার কেন্দ্র-স্থল। মস্তিষ্ক হইতে দেহেব বিভিন্ন যন্ত্রে এবং অন্যান্য অবয়বে, অথবা এই সকল



যন্ত্র বা অবয়ব হইতে মস্তিষ্কে সর্বপ্রকার অনুভূতি, এই প্রকার তন্ত্র সাহায্যেই প্রেরিত হয়।

**রক্ত (Blood)**—জীবদেহের শ্রেষ্ঠ উপাদান। দেহের সর্বত্র ইহা বিভিন্ন নালী বা নাড়ির (Vessels) ভিতর দিয়া ছুটিয়া বেড়ায়। ইহা তরল এবং উজ্জ্বল লোহিত বর্ণ বস্তু। ইহা প্রতি তন্ত্র মধ্যে গিয়া তন্ত্রগুলি পুষ্ট করে এবং তথা হইতে দূষিত পদার্থ টানিয়া দেহের বাহিবে ফেলিয়া দিতে সাহায্য কবে। রক্ত পরীক্ষা করিলে

দেখা যায় যে, ইহাতে প্রধানত রক্তরস (Plasma), শ্বেত কণিকা (White corpuscles) ও লোহিত কণিকা (Red corpuscles) নামক পদার্থ বিদ্যমান। স্বাভাবিক অবস্থায় বক্ত যখন দেহের মধ্যে ধাবিত হয়, তখন তাহা তবল থাকে, কিন্তু এই বক্ত কোনও



৩নং চিত্র—বক্ত কণিকা

প্রকারে দেহের বাহিবে পড়িলে জমাট বাঁধিয়া যায়। এইজন্মই দেখা যায় যে, রক্তপাত হইলে সেই স্থানে অল্প সময়ে বক্ত জমাট বাঁধিয়া উঠে। এই প্রকার জমাট রক্তে শ্বেত ও লোহিত রক্তকণিকাগুলি পিণ্ডের গায় দলা পাকাইয়া থাকে এবং তাহা হইতে এক প্রকার তরল রস নির্গত হয়। এই তরল রসের বর্ণ ঈষৎ লোহিত। এই রসকে **রক্তরস** (Serum) বলা হয়। রক্ত জমাট বাঁধিলে উহার রক্তরস হইতে সরু সূতার গায় **ফাইব্রিন** (Fibrin) নামক একটি পদার্থ নির্গত হয়, এই ফাইব্রিন ও রক্তকণিকাগুলি মিলিত হইয়া জমাট বাঁধে। চিত্রে দেখ ক খ গ প্রভৃতি কয়েকটি রক্ত কণিকা ও ছ জ উহার অন্তস্থ উপাদান।

**রক্তরস ( Plasma )**—দেখিতে হরিদ্রাভ । ইহাতে জল, লবণ, অ্যালবুমেন ( Albumen ) ও ফাইব্রিনোজেন প্রভৃতি থাকে । কলেবা প্রভৃতি রোগীর যখন নাড়ী বন্ধ হয় তখন তাহাদের রক্তের জলীয় অংশ কমিয়া যাওয়ায় রক্ত জমাট বাধিয়া যায় কাজেই চলাফেরা করিতে পারে না । তাই হুন জল ইন্জেকসন দিয়া রক্ত তরল করিতে হয় ।

**লোহিত কণিকা ( Red corpuscles )**—ইহারা গোলাকার অতি ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ । মধ্যস্থানে কিছু চাপা । ইহাদের মধ্যে লোহিত রঙ বিশিষ্ট হিমোগ্লোবিন ( Haemoglobin ) থাকায় ইহাদিগকে লাল দেখায় । এই হিমোগ্লোবিনের সহিত অক্সিজেন দেহের বিভিন্ন কোষে চালিত হয় এবং কার্বন ডাই অক্সাইড উক্ত কোষ হইতে হিমোগ্লোবিনের সহিত মিলিত হইয়া ফুস্ফুসে নীত হয় ।

**শ্বেত কণিকা ( White corpuscle )**—ইহা বা বর্ণহীন এবং লোহিত কণিকা অপেক্ষা অনেক বড় । বক্তের মধ্যে ইহাদের সংখ্যা লোহিত কণিকা অপেক্ষা অনেক কম । কিন্তু রোগ বীজাণু ধ্বংস করিবার সময় ইহা বা যোদ্ধার কাজ করে । কোন প্রকারে রোগ বীজাণু দেহে প্রবিষ্ট হইলে ইহা বা তাহাদের সহিত যুদ্ধ করিয়া তাহাদিগকে মাঝি ফেলে । ইহা বা যুদ্ধে পরাজিত হইলে আত্মাদিগকে বোগাক্রমণ করে । অস্থির মধ্যস্থিত লোহিত মজ্জা ( Red marrow ), লসিকা গ্রন্থি ( Lymph glands ), টনসিল ( Tonsil ) প্রভৃতি হইতে প্রাপ্ত বয়সে শ্বেত কণিকার জন্ম হয় ।

**রক্তবহা নাড়ী ( Blood vessel )**—আকৃতি ও কার্যের বিভিন্নতা হিসাবে ইহাদিগকে তিন ভাগে ভাগ করা যায়, যথা :—শিরা ( Vein ), ধমনী ( Artery ) ও কৈশিক নাড়ী ( Capillary ) ।

(১) শিরা—ইহা বা দেহের বিভিন্ন স্থান হইতে হৃদয়ের দিকে রক্ত বহন করিয়া লইয়া যায় । একটি শিরা দেহের নিম্ন এবং একটি শিরা দেহের উপরের অংশ হইতে অপরিষ্কার রক্ত হৃদয়ে লইয়া যায় । ইহা ছাড়া ফুস্ফুস হইতে চারিটি

বৃহৎ শিরা এবং হৃৎপিণ্ডের পেশীর মধ্য হইতে কতিপয় শিরা হৃদয়ে রক্ত লইয়া যায়। শিরার গাত্র পাতলা এবং ইহার ভিতবে মাঝে মাঝে কপাটিকা ( Valve ) আছে। এই কপাটিকা থাকার জন্তু ইহার মধ্যে প্রবাহিত রক্ত এক দিকেই যাইতে পারে, দুই দিকে যাইতে পাবে না। মৃত্যুব পব দেখা যায় যে, শিরার উভয় গাত্র জুড়িয়া গিয়াছে, কারণ শিরার স্থিতিস্থাপক শক্তি নাই। চিত্রে শিরার মধ্যে রক্তের গতি দেখান হইয়াছে।

(২) ধমনী—শিরাদ্বারা দেহেব বিভিন্নস্থান হইতে নীত অপবিষ্কার বস্তু ফুস্ফুসে আসিয়া পবিকৃত হইয়া হৃদয়ে আসে। ধমনী সেই পবিকৃত রক্ত দেহেব বিভিন্ন স্থানে সববরাহ কবে।

(৩) কৈশিক নাড়ী—শিরা ও ধমনী কৈশিক নাড়ী দ্বারা সংযুক্ত। ধমনী ও শিরাব সূক্ষ্মতম অংশ যেখানে শেষ হইয়াছে, তথায় এই কৈশিক নাড়ীব জাল বিস্তৃত। এই কৈশিক নাড়ী অতীব সূক্ষ্ম ও উহাব দেহ অতি পাতলা।

গঠনানুসাবে অস্থি চাবি প্রকার :—

(১) লম্বা অস্থি (Long bones)—দ্বারা আমাদের দেহের কাঠামো প্রস্তুত হইয়াছে। ইহাবা প্রধানত চাবি প্রকার, ইহাবা হস্তপদাদিব কাঠামো তৈয়াব করিয়া থাকে।

(২) ক্ষুদ্রাস্থি (Short bones)—এই সকল অস্থি, হস্ত পদের অঙ্গুলি ও অন্যান্য অংশে পরপব জুড়িয়া থাকে এবং তাহাদের পরিচালনার সহায়তা কবে।

(৩) চ্যাপ্টা অস্থি (Flat bones)—ইহাবা মাথাব খুলি, বক্ষোগহ্বর ও উদরগহ্ববেব খাঁচা বচনা করিয়া থাকে।

(৪) অসমগঠন অস্থি (Irregular bonees)—ইহা হস্ত ও পদে থাকে।

ইহা ছাড়া অস্থিব সহিত অনেক স্থানে সংলগ্ন তরুণাস্থি (Cartilage) থাকে। অস্থির প্রায় অর্ধেকাংশ জল এবং বাকি অংশ জৈব এবং অজৈব লবণ। তন্মধ্যে ক্যালসিয়াম ও ফস্ফরাস প্রধান। ক্ষয় রোগে এজন্য রোগীকে ক্যালসিয়াম খাওয়াইবার জন্তু ব্যবস্থা করা হয়।

**সংক্ষেপ :**—মানব দেহের প্রধান উপাদান জীব কোষ। এই জীবকোষগুলি প্রাচীর বেষ্টিত নয় বলিয়া মানবদেহ নরম। জীবকোষে প্রোটোপ্লাজম ও নিউক্লিয়াস আছে। জীবকোষগুলি আমাদের দেহে চাবিপ্রকার তন্তু সৃষ্টি করে—আচ্ছাদক, সংযোজক, পেশী ও বাতাবহ তন্তু। বক্ত মাংস, হাড়, মেদ, মজ্জা ইত্যাদিও দেহের এক একটি উপাদান। বক্তে শ্বেতকণিকা, রক্ত কণিকা, বক্ত রস ও রক্ত মণ্ড থাকে। রক্ত বহা নাড়ীর কার্যের বিভিন্নতা হিসাবে, ইহারা শিবা, ধমনী ও কৈশিক নামীতে বিভক্ত। অস্থিও বিভিন্ন প্রকারের হয়—যথা, লম্বাঅস্থি, কুড়াঅস্থি, চ্যান্টা অস্থি ও অসমগঠন অস্থি।

### প্রথম প্রশ্নমালা

১। মানবদেহের প্রধান উপাদানগুলির সংক্ষিপ্ত বিবরণ লিখ। ( Give a short account of chief constituents of a human body. )

২। দেহে কত প্রকার রক্তবহা নাড়ী এবং অস্থি আছে লিখ। ( Write how many kinds of blood vessels and bones there are in our bodies )

৩। রক্তের এবং জীবকোষের বিভিন্ন উপাদান কি কি? ( What are the chief ingredients of a cell and blood ? )

—

## দ্বিতীয় পরিচ্ছেদ

### নবদেহের বিভিন্ন যন্ত্র


#### কক্ষাল

জাহাজ, রেলগাড়ী, উডো জাহাজ কলেব সাহায্যে কেমন মানুষের ইচ্ছামত চলিয়া বেড়ায়, গ্রামোফোনে কথা কয়, গান গায়, ছায়াচিত্রে জীবন্ত মানুষের মত চিত্র চলাফেরা কবে, কথাবার্তাও কহিয়া থাকে। এ সকল বৈজ্ঞানিক তথ্যের বিষয় আলোচনা করিলে আমরা বিশ্বয়ে অভিভূত হই, ইহাদের আবিষ্কারের প্রতি আমাদের আশ্চর্য্যিক ধন্যবাদ স্বতই উৎসাহিত হইয়া উঠে, কিন্তু ভাবিয়া দেখ দেখি মানুষের দেহযন্ত্র এবং তাহার সৃষ্টি কৌশল আবও কত বিস্ময়কর, অভাবনীয়। যুগ যুগ সাধনার বলে মানুষ বহু অপূর্ব ব্যাপার সাধন করিতেছে। কিন্তু এমন দিন কি কখনও আসিবে যখন মানুষ জাহাজ, গাড়ী, উডোজাহাজের মত কারখানায় মানুষ সৃষ্টি করিবে ?

আপাত দৃষ্টিতে জীবের দেহযন্ত্র অতীব জটিল ও সূক্ষ্ম হইলেও ইহাতে যে সাধারণ বিজ্ঞান সম্মত উপায়ে বহু কার্যই সংসাধিত হইয়া থাকে তাহাতে সন্দেহ মাত্র নাই। বস্তুত নবদেহও একপ্রকার এঞ্জিন—ইহার নির্মাণ কৌশল মানুষের আঘত্রে না থাকিলেও মেবামতি কাজ যে মানুষের দ্বারা একেবাবেই অসম্ভব একথা বলা যায় না। অতএব এ যন্ত্রটি বহুদিন স্থায়ী এবং নির্দোষ করিতে হইলে ইহার বিভিন্ন অংশের সহিত পরিচিত হওয়া দরকার। তবে তাহাদিগকে কিরূপে কার্য-ক্ষম রাখা যাইতে পারে তাহা দেখা যাইবে।

নবদেহ সাধারণত তিন ভাগে বিভক্ত—(১) মস্তক (২) ধড় ও (৩) হস্তপদ।

প্রত্যেক অংশেই কিন্তু অস্থি, মাংস, পেশী, মেদ, মজ্জা, রক্ত ইত্যাদি বহিয়াছে।



৪নং চিত্র—নবকঙ্কাল


হাডেব কাঠামোর উপর মাংস পেশী লাগাইয়া তাহাতে চর্ম ঢাকা আছে।

মস্তক—জীব দেহেব সর্বাপেক্ষা প্রয়োজনীয় অংশ। ইহার ভিতর নব-দেহেব সর্বাপেক্ষা সাব বস্তু মস্তিষ্ক (Brain) বহিয়াছে। মস্তিষ্ক মানব দেহেব সর্বাধিক প্রয়োজনীয় বলিয়া পাছে ইহাতে কোনরূপ আঘাত লাগে তাই ভগবান ইহাকে শক্ত হাডেব দ্বাৰা স্তবক্ষিত বাগিয়াছেন। মোট ২২খানি হাডে একটি কোটা প্রস্তুত কবিয়া তাহাব মধ্যে মস্তিষ্ক বক্ষিত হইয়াছে। মস্তকে আমাদেব কৰ্ণ-দ্রিয়েব অধিকাংশগুলি আছে, সেই হিসাবেও মস্তক আমাদেব সর্বাপেক্ষা প্রয়োজনীয় সম্পদ। মস্তকেব সর্বোপরি অংশে মস্তিষ্ক জল সিক্ত একখণ্ড স্পঞ্জেব মত বিদ্যমান। মস্তিষ্কেব বিষয় পবে শিখিবে।

চক্ষু, বর্ণ, নাসিকা, মুখ ঠোঁট ইত্যাদি সকলই মস্তকে আছে, ইহাদেব এক একটির বিষয় কিছু কিছু বলিতে গেলেও অনেক কিছু

বলিতে হইবে। মস্তক গোলাকার একটি বলেব মত বলিলেও চলে

দেহ কাণ্ড বা ধড়—ইহা মস্তক অপেক্ষা অধিকতর লম্বা, চওড়া এবং পুরু। দেহের অপেক্ষাকৃত সরু অংশ গলার দ্বারা ইহা মাথাব সহিত সংযুক্ত আছে। হাত, পা এবং মাথা কাটিয়া দিলে ধড়টি প্রায় কুমডার আকার ধারণ কবে। এই ধড়কেও মোটামুটি তিন অংশে বিভক্ত করা যাইতে পারে, গ্রীবা, বক্ষ ও উদর। মস্তকের মস্তিষ্কেব মতই ধড়ের সর্বাপেক্ষা মূল্যবান সম্পদ হৃদয় (Heart), বক্ষ



নং চিত্র—মাথাব হাড়

গহ্ববে অবস্থিত। এঞ্জিন যেমন সমস্ত ট্রেনটিকে চালাইয়া লয় আমাদের দেহ যন্ত্রেব এঞ্জিন হৃদয় সেরূপ আমাদের দেহ যন্ত্রকে চালাইয়া থাকে। এই এঞ্জিন যে কি উপায়ে চলিতেছে তাহা এখনও মানুষের জ্ঞানেব অতীতই রহিয়াছে। মস্তিষ্ক এবং হৃদয় দুই-ই সমান প্রয়োজনীয়, একটির অভাবে অপরটি বাঁচিতে পাবে না। তাই দেহ যন্ত্রেব মস্তক যেমন প্রয়োজনীয়, দেহ কাণ্ড ঠিক তেমনই প্রয়োজনীয়। ইহাদের কোনটি নষ্ট হইলে আমাদের দেহ নষ্ট হইতে বাধ্য হয়। কিন্তু হস্তপদাদি সেরূপ মূল্যবান অংশ নুহে। ইহাদিগকে বাদ দিলেও আমরা বাঁচিতে পারি। দেহযন্ত্রে

বাহ্য প্রয়োজন সরবরাহ করিবার জন্য ইহারা ভূত্বক গ্ৰায় কার্য করে। চক্ষু কর্ণাদি আছে বলিয়া মস্তক তবু কিছু আমাদের বাহ্য কাজ কবিয়া থাকে, কিন্তু সে দিক দিয়া ধডকে একেবারে নিষ্ক্রিয় বলা যাইতে পারে।


মস্তিষ্ক যেমন কতকগুলি চণ্ডা হাড়ের কোটার মধ্যে বক্ষিত হৃদয়ও সেইরূপ বক্ষ গহ্বরে হাড়ের খাঁচায় স্থবক্ষিত। এখানকার যে হাড়গুলি খাঁচা প্রস্তুত কবিয়াছে তাহারা কিন্তু মাথার হাড়ের মত চেপ্টা নহে। ইহারা কাঠির মত সরু এবং লম্বা। এই খাঁচাটিও মাংস ইত্যাদি দ্বারা আবৃত। বাহির হইতে আক্রান্ত হইলে সহজে হৃদয় যাহাতে আঘাত পাইতে না পারে তজ্জন্ম গহ্বরটি আয়তনে বেশ বড় বাখা হইয়াছে। মেরুদণ্ডই দেহের প্রধান অস্থি। ইহাব জন্য দেহের কাঠাম স্তম্ভ অথচ খাড়া থাকে, মেরুদণ্ড না থাকিলে সমস্ত দেহকাণ্ডটি পাকাইয়া পিণ্ডাকার হইয়া যাইত। তথাপি এই মেরুদণ্ডকে অল্প বাঁকাইতে পারা যায়। তোমাদের মধ্যে অনেকেই কুজ হইয়া বসিবার জন্য শিক্ষক মহাশয়ের বমক খাইয়া থাক। মেরুদণ্ডের হাড় যদি নমনীয় না হইত তবে মানুষ কখনও পিঠ বাঁকাইয়া কঁজা হইয়া বসিতে পারিত না। তোমরা বড় বড় মাছ কুটিবায় সময় দেখিয়াছ মাছের শিবদাড়ার হাড় কেমন খণ্ডে খণ্ডে বিভক্ত, যেন মনে হয় কতকগুলি খণ্ড হাড় মালাব মত গ্রথিত বহিয়াছে। আমাদের মেরুদণ্ডের হাড়ও ঐরূপ খণ্ড খণ্ড, একত্র গ্রথিত হইয়া সমস্ত মেরুদণ্ডটিকে সাজাইয়া বাখিয়াছে, এক একটি খণ্ডকে কশেরুক (Vertebra) বলা হয়। এই কশেরুকের সংখ্যা তেত্রিশ। এই তেত্রিশখানি কশেরুকের সাতখানি গলদেশীয় (Cervical), বাবখানি পৃষ্ঠদেশীয় (Dorsal), পাঁচখানি কটিদেশীয় (Lumbar), পাঁচখানি বস্ত্রদেশীয় (Sacral) এবং নিচের দিকে চারিখানি পুচ্ছদেশীয় (Coccygeal)। কশেরুকের প্রত্যেকটি ফাঁপা, এক একটিকে পৃথক কবিলে বেশ একটি আংটির মত দেখায়। সমস্ত কশেরুকাগুলি যখন একত্র সংবদ্ধ থাকে তখন ইহাব ভিতর যে একটি নর্দমার মত নালী প্রস্তুত হয় তাহার ভিতর মেরুমজ্জা (Spinal cord) পূরা থাকে। এই মেরুমজ্জা এই নালীর ভিতর একটি মোটা দড়ির



মত লক্ষ্যমান থাকিয়া নালীটি বন্ধ করিয়া রাখে। এই মেরুমজ্জা কতকটা ঘূতের  
 গায় পদার্থ। তোমরা বড় মাছের শিবের কাঁটার  
 ভিতর এইরূপ পদার্থ দেখিতে পাইবে। কশেককা-  
 গুলির সন্ধিস্থলে এক একটি তরুণাস্থির (Cartilage)  
 গদি থাকে। আমাদের কানের পাতাও তরুণাস্থি  
 দিয়া গঠিত। তাই আমরা কানের পাতা অনেকটা  
 ছুঁড়তে পারি।


৪নং চিত্রে একটি নবকঙ্কাল দেখান হইয়াছে।  
 ১, ২, ৩ ইত্যাদি সংখ্যা দ্বারা নবকঙ্কালে কত ভিন্ন  
 প্রকারের হাড় হইতে পারে দেখান হইয়াছে। স্মরণ  
 রাখিও প্রত্যেক নম্বরের হাড় সংখ্যায় একাধিক হইতে  
 পারে। চিত্রটি লক্ষ্য করিলে স্পষ্ট বুঝিতে পারিবে  
 এক প্রকারের প্রত্যেক হাড়ে ভিন্ন নম্বর দেওয়া নাই।  
 ৫নং চিত্রে মাথার খুলির মোট ২২ খানি হাড়ের ১১  
 খানির নম্বর দেওয়া আছে। বাকি ১১ খানি হাড়  
 প্রত্যেক হাড়টির বিপরীত দিকে অবস্থিত।

গল দেশ :—মুখ গহ্বরের নিচে চোয়াল,  
 তাহার নিম্নদেশ হইতে গলদেশ। গলদেশে যেমন  
 মেরু মজ্জার পথ লক্ষ্যমান সেইরূপ আবণ্ড কয়েকটি  
 নল বর্তমান। তাহাদের মধ্যে দুইটির কথা এখানে বলি। একটি অন্ননালী  
 (Oesophagus), অপবটি শ্বাসনালী (Trachea)। নাসিকা গহ্বর হইতে  
 যে নালী আবণ্ড হয় তাহা মুখ গহ্বরে মিলিত হয় বটে কিন্তু মুখ গহ্বর হইতে  
 বাহির হইয়া পুনরায় ইহা দহ কাণ্ডের দিকে চলিয়া যায়। আবার মুখ-গহ্বর  
 হইতে অন্ননালী নির্গত হইয়াছে। শ্বাসনালী ও অন্ন নালীর সংযোগ স্থানকে  
 ফ্যারিংস (Pharynx) বলা হয়। তাহা হইলে মুখ গহ্বর যেন একটি হৃদ এবং



৬নং চিত্র—মেরুদণ্ড ও  
 কশেককা

শ্বাসনালীর নিচের অংশ ও অন্ননালী যেন দুইটি নদী। ইহাদের সংযোগ স্থলে অধি-জিহ্বা (Epiglottis) একটি কপাটিকা (Valve) কাজ করে। মুখের গহ্বরের উপবিভাগ তালু (Palate)। তালুর কোমলাংশ (Soft palate) একটি কপাটিকার মত শ্বাসনালীর পথ খুলিয়া দেয় ও বন্ধ করে। শ্বাসনালীর দ্বারা আমাদের দেহে বায়ু চলাচল করে এবং অন্ননালী দ্বারা ভুক্ত



৭নং চিত্র—বুকের হাড়

দ্রব্য উদবে চলিয়া যায়। বায়ু ও ভুক্ত দ্রব্যের যাতায়াতের সময় গোল বাধে ফ্যাংসে। এককালে যদি শ্বাসের কার্য এবং ভোজন কার্য চালান হয় তবে ভুক্ত দ্রব্য অনেক সময় উপবে উঠিয়া শ্বাসনালীতে চলিয়া যায়। এই সময় আমাদের বিষম লাগে। তাই একসঙ্গে শ্বাস কার্য ও ভোজন কার্য চালান যায় না। বিষম লাগিলে এইজন্য অনেক সময় নাক দিয়া ভুক্তদ্রব্য বাহির হইয়া থাকে।

উক্ত দুই প্রকার নালী ছাড়াও শিবা, বমনী প্রভৃতি গলদেশ দিয়া প্রবাহিত, ইহাদের বিষয় পরে বলা যাইবে।

বক্ষ গহ্বরের খাঁচাটি বাব জোড়া পঞ্জরাস্থি (Ribs) দ্বারা নির্মিত হইয়াছে। বাবটি কশেরুকার দশটির দুই পাশ হইতে ঐ বাব জোড়ার দশ জোড়া পঞ্জরাস্থি বাহির হইয়া সম্মুখের বক্ষফলকে (Sternum) মিলিত হইয়াছে এবং দুই জোড়া বাকি দুইটি কশেরুকা হইতে বাহির হইয়া অর্ধ পথে শেষ হইয়াছে,

বক্ষ ফলক পর্যন্ত পৌঁছায় নাই। এই সকল অস্থিগুলি একটু চেপ্টা ধবণের। চিত্রে দেখ ক দুইটি ভিন্ন কশেরুকা ( Vertebra ), খ দুইটি ভিন্ন পঞ্জবাস্থি, গ বক্ষফলক এবং ঘ একটি অর্ধপঞ্জব।


**উদর ( Abdominal cavity )** :—অন্ননালী গলদেশ হইতে নামিয়া উদবে অনেকগুলি পাক খাইয়া অবশেষে গুহ্র দেশ পর্যন্ত গিয়াছে। উদরেই অন্ন নালীব আকার নানা বকম হইয়াছে, কোথাও মোটা কোথাও সরু কখনও বা উর্ধ্বগামী কখন নিম্নগামী। ইহাব অংশ বিশেষ আবার বিভিন্ন কার্যও করিয়া থাকে। সেই হিসাবে ইহাব বিভিন্ন নামও হইয়াছে। উদবেই প্লাহা ( Spleen ), যকৃত ( Liver ), বৃক্ক ( Kidney ) ইত্যাদি আছে।

**হাত ও পা** :—ইহাবা প্রত্যেকেই তিন অংশে বিভক্ত। প্রগণ্ড ( Upper arm), প্রকোষ্ঠ ( Fore arm ) ও চেটো ( Palm ) যেমন হাতের তিন অংশ, উরু ( Thigh ), জঙ্ঘা ( Shank ) ও পদতল ( Foot ) তেমনই পায়ে তিন অংশ। এই দুই অংশের অস্থি বিস্তার প্রায় সমান। প্রগণ্ড ও উরুতে একখানি কবিয়া লম্বা অস্থি, প্রকোষ্ঠে ও জঙ্ঘায় দুইখানি কবিয়া অস্থি আছে। হাতের চেটোতে ২৭টি কিন্তু পদতলে ২৬টি কবিয়া অস্থি আছে।

## নার্ভ-তন্ত্র ( Nervous System )

আমাদের মস্তিষ্কে যদি কেন্দ্রীয় টেলিগ্রাফ অফিস ধরা যায় তবে নার্ভ-তন্ত্রগুলি বিভিন্ন প্রদেশ হইতে আগত তাবের সহিত তুলনীয় হইবে। তড়িৎ বহনই যেমন টেলিগ্রাফ তাবের কার্য, তেমনই দেহের আনন্দ বা বেদনা ইত্যাদি অনুভূতি বহন কবিয়া মস্তিষ্কে পৌঁছাইয়া দেওয়াই ইহাদের কার্য। মনে কব আমাদের দেহের কোন স্থানে পিন ফুটিয়া গেল, আমরা কিন্তু তৎক্ষণাতঃ বেদনা অনুভব কবি না। পিন ফুটিবার পর এই নার্ভ মস্তিষ্কে গিয়া খবর দিলে তবে আমরা বেদনার অনুভূতি পাইব। অবশ্য একথা ঠিক যে এই সংবাদ মস্তিষ্কে বহন করিয়া লইয়া গিয়া

আমাদের অনুভূতি জাগাইতে যে সময় যায় তাহা অতি অল্প, এমন কি কাজ দুইটি একসঙ্গে হয় বলিলেও চলে।



৮নং চিত্র—নার্ভ-তন্ত্র

মস্তিষ্ক এবং মেরু-মজ্জা নার্ভতন্তুগুলি হইতে উদ্ভূত হইয়া দেহের চারিদিকে বিস্তৃত হইয়া আছে। শুধু যে নার্ভ বাতাবিহেব কার্য কবে তাহাই নহে। ইহাবা শরীরের যন্ত্রাদি শাসনাধীনে বাথে এবং দেহ যন্ত্রের প্রত্যেকটির কার্য নিয়ন্ত্রিত কবে বা প্রত্যেকটিকে কাজের নির্দেশ দিয়া থাকে।

সুখাত্ত সম্মুখে আসিলে চোখের নার্ভ গিয়া মস্তিষ্কে খবর পাঠায়, অমনই আব একটি নার্ভ মস্তিষ্ক হইতে আসিয়া একটি গ্যাণ্ডকে লাল নিঃসরণ কবিত্তে বলে, অমনই আমাদের জিহ্বায় জল আসে। অন্য নার্ভ আসিয়া হাতকে কাজ কবিত্তে বলিলে হাত পেশী সঙ্কোচন ও প্রসারণ কবিয়া ঐ খাবাব মুখে তুলে এবং দাঁত চিবায়, এইরূপে পববর্তী কার্য সকল সাধিত হয়। কিন্তু

প্রতি মুহূর্তের কার্যই নার্ভ মস্তিষ্কে পাঠাইয়া দেয় এবং কাহাকে কি করিত্তে

হইবে প্রতি অঙ্গে প্রতি মুহূর্তে নির্দেশ আনিয়া দেয়। তাহা হইলে নার্ভ দুই বকম—এক বকম বাহিবের অনুভূতি মস্তিষ্কে লইয়া যায়, অপবগুলি মস্তিষ্ক হইতে নির্দেশ আনে। প্রথম প্রকারের নার্ভকে **অন্তর্বাহী** ( Affferent ) এবং দ্বিতীয় প্রকারকে **বহির্বাহী** ( Efferent ) বলা হয়।

মস্তিষ্ক বাজাব মত থাকিয়া নার্ভগুলি দ্বারা আপনার প্রভাব সমস্ত দেহেব উপর ছড়াইয়া বসিয়াছে। দেহেব সকালব খবব লইয়াই মস্তিষ্ক নিষ্ক্রিয় থাকে না, যাহাতে প্রতি অঙ্গ ক্রিয়াশীল হয় তাহাব ব্যবস্থা করে।

নিউক্লিয়াসযুক্ত নার্ভকোষ দ্বারা নার্ভসূত্র গঠিত। কোন অঙ্গেব ঐ নার্ভকোষগুলি মবিয়া গেলে নার্ভগুলিও মবিয়া যায়। তখন যে অঙ্গ ঐ নার্ভগুলি থাকে সে অঙ্গ নিষ্ক্রিয় হইয়া যায়। তোমবা পক্ষাঘাত বোগী দেখিয়াছ। তাহাদেব অঙ্গগুলির পবিবর্তন কিছুই বুঝা যায় না—কিন্তু সেই সকল অঙ্গেব নার্ভ মৃত বলিয়া অঙ্গগুলি অকর্মণ্য হইয়া থাকে।


## পাচন-তন্ত্র (Digestive System)

মুখ হইতে গুহৃদ্বাব পর্যন্ত লম্বিত দীর্ঘ নালী পথকে পচন তন্ত্র ধরা হয়। ইহার বিভিন্ন স্থানে বিভিন্ন ক্রিয়া হইয়া থাকে।

(১) **মুখের মধ্যে ক্রিয়া**—খাদ্য-দ্রব্য মুখে পুবিয়া দন্ত, জিহ্বা ও লালাব সাহায্যে উত্তমরূপে চিবাইয়া শক্ত ও কঠিন খাদ্য-দ্রব্য নবম কবিত্তে হয়।

মুখের এক এক দিকে তিনটি কবিয়া দুই পার্শ্বে ৬টি **লালাগ্রন্থি** (Salivary-gland) আছে। খাদ্য-দ্রব্য চিবাইবাব সময় এই সকল গ্রন্থি হইতে প্রচুব পবিমাণে **লালা** নিঃসৃত হয় এবং এই লালাই কঠিন খাদ্য-দ্রব্যকে নরম ও সবস কবিয়া গিলিবাব সুবিধা কবিয়া দেয়। খাদ্য-দ্রব্য যত কঠিন হয়, প্রযোজন অনুসারে লালার তত বেশী বাহিব হয়। খাদ্যদ্রব্য নবম ও তবল কবাই লালাব একমাত্র কার্য নয়। উহার **টায়ালিন্** ( Ptyalin ) নামক একটি পদার্থ আছে, তাহা খেতসার-জাতীয় খাদ্যকে পরিপাক করাইতে সাহায্য করে।

(২) পাকস্থলীর মধ্যে ক্রিয়া—খাদ্য-দ্রব্য গিলিবার পব উহা পাক-



৯ নং চিত্র—পাচন-তন্ত্র

স্থলীতে যাইয়া সঞ্চিত হয়, কিন্তু পূর্বেই শ্বেতসাব-জাতীয় খাদ্যের কিয়দংশ টায়ালিন দ্বারা পবিপক হয়। খাদ্য-দ্রব্য পাকস্থলীতে পৌঁছিয়া-মাত্রই পাকস্থলী হইতে একপ্রকার বস নিঃসৃত হইয়া ভুক্ত বস্তুব সঙ্গে মিশ্রিত হইতে থাকে। পেপসিন-হাইড্রোক্লোরিক অ্যাসিড ( Pepsin-hydrochloric Acid ) এই বসেব প্রধান উপাদান। এই বসেব নাম পাকস্থলী-রস। সুতরাং ইহা অম্লগুণবিশিষ্ট ও জীবাণু-নাশক এবং প্রোটিন জাতীয় পদার্থকে পবিপাক কবিত্তে পাবে। ইহাদেব জন্ম খাদ্য-বস্তুব সঙ্গে কোন প্রকাব অনিষ্টকর জীবাণু শরীরে প্রবেশ কবিয়া রোগোৎপাদন কবিত্তে পাবে না।

পাকস্থলী-রসের মধ্যে যে

পেপসিন আছে, তাহা প্রোটিন-জাতীয় পদার্থকে হজম কবিত্তে বিশেষ সাহায্য

করে। পেঁপেব আটায় পেপ্‌সিন যথেষ্ট পরিমাণে থাকে। সেই জন্তু মাংস রান্ধিবাব সময় উহাতে পেঁপেব আটা দিলে সহজেই উহা সিদ্ধ হয়।

পাকস্থলী-বসে আব একটি পদার্থ আছে। উহার নাম **রেনেট্ বা রেনিন** (Rennet বা Rennin)। ইহা দুধকে দধিতে পরিণত কবে। দুধ আমাদের একটি অতি উৎকৃষ্ট খাদ্য বটে; কিন্তু উহা পাকস্থলীতে গিয়া বেনেটেব সাহায্যে প্রথমত দধিতে পরিণত হয়, পবে হজম হয়। এইজন্তুই দেখা যায় যে, দুধ খাওয়াইবাব অল্প পবে বমি কবিলে শিশু দধিই বমি কবে।

(৩) **ক্ষুদ্রান্ত্রের মধ্যে ক্রিয়া**—পাকস্থলীতে ভুক্ত দ্রব্যেব অংশ মাত্র পরিপক হয়। এইরূপে পাচিত ভুক্ত দ্রব্য তাহার পব ক্ষুদ্রান্ত্রে নীত হয়। এইখানেই পরিপাক-ক্রিয়া প্রায় সম্পূর্ণ হয়। এই স্থানে যকৃত হইতে পিত্তরস, অগ্ন্যাশয় হইতে **ক্লোমরস** (Pancreatic Juice) এবং ক্ষুদ্রান্ত্র হইতে **ক্ষুদ্রান্ত্র-রস** নির্গত হইয়া ভুক্ত দ্রব্যেব সঙ্গে সম্পূর্ণরূপে মিশ্রিত হয় এবং উহাকে সম্যকরূপে পরিপাক কবিতে সাহায্য কবে।

ক্লোম-বসেব মধ্যে অন্যান্য পদার্থেব সহিত প্রধান তিন প্রকার বস আছে। উহাবা অন্যান্য পাচক-বস হইতে অত্যধিক কার্যকরী। এই বস নিজেই শ্বেতসাব, স্নেহ ও প্রোটিন জাতীয় পদার্থকে সম্পূর্ণরূপে জীর্ণ করাইতে সক্ষম। সূতবাং পরিপাক-ক্রিয়াব জন্তু অগ্ন্যাশয়েব স্থান অতি উচ্চে। অগ্ন্যাশয়স্থ বস উপযুক্ত পরিমাণে নিঃসৃত না হওয়া অজীর্ণ বোগেব একটি প্রধান কাবণ।

অগ্ন্যাশয় হইতে **ইনসুলিন** (Insulin) নামক একপ্রকার অত্যাবশ্যকীয় অন্তঃস্রাব (Internal secretion) নির্গত হয়। আমরা যে সকল শ্বেতসাব-পদার্থ খাওঁেব সঙ্গে খাই, উহা প্রথমত চিনিতে পরিণত হয়। ইনসুলিনই এই চিনিকে জল ও কার্বনডাই-অক্সাইড্ বাষ্পে পরিণত কবিয়া জীবদেহে তাপ সৃষ্টি কবে।

**যকৃত** (Liver) একটি অতি প্রয়োজনীয় গ্রন্থি। উহা শরীরেব বহু কার্য সম্পাদন কবিয়া থাকে। যকৃত হইতে পিত্তরস নিঃসৃত হইয়া পিত্তকোষে সঞ্চিত হয়। পিত্তকোষ হইতে উক্ত পিত্তবস ক্ষুদ্রান্ত্রে যাইয়া ভুক্ত দ্রব্যেব সঙ্গে মিশিয়া

স্নেহ-জাতীয় পদার্থকে হজম করাইয়া দেয়। ক্ষুদ্রান্ত্রে খেতসার জীর্ণ হইলে উহা চিনিতে পরিণত হইয়া রক্তের সঙ্গে মিশ্রিত হয়। যকৃৎ দেহস্থিত চিনির আধার। দেহেব প্রয়োজন অনুসারে সঞ্চিত চিনি দেহ কর্তৃক ব্যবহৃত হয়।

দেহস্থিত চিনিকে শবীরূপ বাষ্পীয়পোতেব কয়লা বলা যাইতে পারে, কাবণ, কয়লা পুড়িয়া যেমন তাপে পরিণত হয়, চিনিও বাসায়নিক ক্রিয়াব ফলে দেহেব মধ্যে তাপ উৎপাদন করে। আবার, কয়লা পুড়িলে যেমন জল ও কার্বনডাই-অক্সাইড উৎপন্ন হয়, চিনিও দেহেব মধ্যে এই দুই পদার্থই উৎপন্ন করে।

ভুক্ত দ্রব্যেব স্নেহ-জাতীয় পদার্থ যকৃৎ-নিঃসৃত পিত্তবসেব সহিত মিশ্রিত হইয়া অগ্ন্যাশয়স্থ বসেব সাহায্যে সাবান জাতীয় পদার্থে পরিণত হয় এবং দ্রবীভূত হইয়া বাক্তেব সহিত মিশ্রিত হয় ও শবীবেব মেদ-স্তবে সঞ্চিত হয়।

মেদ-স্তব পেশী-স্তবেব উপবে বর্তমান থাকিয়া শবীবে স্নগোল করে ও শবীবেব সৌন্দর্য বৃদ্ধি করে। মেদ তাপেব সুপরিবাহী নহে বলিয়া শবীবেব অভ্যস্তবে উৎপন্ন তাপকে বাহির হইতে দেয়না, ইহাতে শবীবে গরম থাকে। সর্বোপরি, দেহে খেতসার-জাতীয় পদার্থেব অভাব হইলে মেদ-ই জল ও কার্বনডাই-অক্সাইডে পরিণত হইয়া শবীবে তাপ এবং শক্তি (Energy) সঞ্চার করে। শক্তি ও তাপ উৎপন্ন করিতে খেতসার অপেক্ষা মেদ অনেক বেশী ক্ষমতা-শালী। মেদকে ঘনীভূত শক্তি (Condensed Energy) বলা হয়।

প্রোটিন-জাতীয় পদার্থেব কিছু অংশ পাকস্থলীর পেপসিন দ্বারা পরিপক হয়। কিন্তু অগ্ন্যাশয়স্থ বসেব পেপসিন্ নামক পদার্থ দ্বারাই প্রোটিন-জাতীয় পদার্থেব বাকি প্রায় সম্পূর্ণ অংশেব পরিপাক হয়। এই জীর্ণ পদার্থ দ্বারাই জীব-শবীবেব ক্ষয় পূরণ হইয়া থাকে ও নূতন জীব-কোষ তৈয়াবী হইয়া শবীরেব ত্রীবৃদ্ধি সাধন করে। সুতরাং আমবা খাদ্যদ্রব্যেব সহিত যে প্রোটিন-জাতীয় পদার্থ খাই, উহাই জীর্ণ হইয়া শবীরেব জীব-কোষ প্রস্তুত করে।

খাদ্য হইতে দেহ গঠনেব উপযোগী উপাদানগুলি গ্রহণ করিবার পব অনেক



অপ্রয়োজনীয় জিনিস পড়িয়া থাকে। এই অপ্রয়োজনীয় পদার্থের কতক অংশ যকৃততে আসিয়া নির্দোষ হইয়া ইউরীয়া ( Urea ) এবং ইউরিক অ্যাসিডে ( Uric Acid ) পরিণত হয় এবং বৃক্কের ( Kidney ) মধ্য দিয়া মূত্রাকারে ও চর্মের মধ্য দিয়া ঘর্মাকারে শবীব হইতে বাহির হইয়া যায়। অপ্রয়োজনীয় অংশগুলিকে তাহাদেব বিভিন্ন নির্গমন পথে পাঠানই বৃহদন্তেব প্রধান কাজ।

## রক্তসংবহন তন্ত্র ( Circulatory System )


বক্ত আমাদেব শবীবের প্রধানতম উপাদান। যতক্ষণ বক্তশ্রোত আমাদেব দেহে প্রবাহিত, ততক্ষণ আমাদেব দেহে জীবন—বক্তশ্রোত বন্ধ হইলেই আমবা মবিষা যাই। হাত টিপিয়া আমবা যে নাড়ী দেখি তাহা দ্বাৰা আমবা বুঝিতে চাই আমাদেব দেহে ঠিকমত বক্ত সঞ্চালিত হইতেছে কিনা। বক্ত আমাদেব শবীবের শক্তিব উৎস; আমাদেব দেহ হইতে কোন কাৰণে অধিক বক্তশ্রাব হইলে আমবা অবসন্ন হইয়া পড়ি।

আমবা যে খাচ্ছ খাই তাহাব অপ্রয়োজনীয় অংশ বিষ্টাকপে ত্যাগ কবি, বাকি অংশ দেহের বিভিন্ন উপাদান গঠন কাৰ্যে লাগিয়া যায়। সেই হিসাবে সমস্ত দেহেব বিভিন্ন অংশে বক্ত প্রস্তুত হইতেছে, কিন্তু তাহাব সহিত দূষিত পদার্থ থাকে। বক্ত সঞ্চালন ক্রিয়া দ্বাৰা ঐ দূষিত বক্ত বিশুদ্ধ হইয়া পুনৰায় আমাদেব দেহেব বিভিন্ন অংশে ছড়াইয়া পড়ে। এই সমস্ত প্রক্রিয়াটি রক্তসঞ্চালন প্রক্রিয়া।

সমস্ত বক্তসঞ্চালন প্রক্রিয়াব মূলে আমাদেব হৃদয়। মানবেব ধাবণাতীত কোশলে এই হৃদয় এক শক্তি বলে তালে তালে সঙ্কচিত ও প্রসারিত হইতেছে। ইহাব ফলে হৃদয়ের স্ফীতি এবং সঙ্কোচনের ফলেই সমস্ত দেহেব বক্তসঞ্চালন ক্রিয়া সাধিত হইতেছে।

বক্তগহ্বরে দুইটি ফুস্ফুসের মধ্যে হৃদয় অবস্থিত। সমস্ত হৃদয়টি প্রত্যেক মানুষেব স্ব স্ব মূষ্টির সমান—দেখিতে নোনা আতাব মায়, ইহা দুইটি প্রকোষ্ঠে বিভক্ত। প্রকোষ্ঠ দুইটি আবার প্রত্যেকে দুই ভাগে বিভক্ত। উপরে একটি

ভাগ, নিচে একটি ভাগ। হৃদয়ের উপবিস্তৃত্ত্ব ভাগকে **অলিন্দ** (Auricle)।




১০নং চিত্র—রক্তসংবহন তন্ত্র

এবং নিম্নস্থ অপেক্ষাকৃত বৃহত্তর ভাগকে **নিলয়** (Ventricle) বলে। হৃদয়ের প্রধান দুই ভাগের যেটি বাম দিকে অবস্থিত সেইটির উপবিস্তৃত্ত্ব অলিন্দ অর্থাৎ বাম অলিন্দটি হইতে বহির্গত হইয়া একটি শিরা আসিয়া ফুস্ফুসে বহু কৈশিক নালিব (Capillaries) দ্বারা উহাব সহিত যুক্ত হইয়াছে। আবার দক্ষিণ নিলয় হইতে একটি প্রধান ধমনী আসিয়া ঐরূপ কৈশিক নালী দ্বারা ফুস্ফুসেব সহিত যুক্ত হইয়াছে। উহাদিগকে যথাক্রমে ফুস্ফুসীয় (Pulmonary) শিরা ও ধমনী বলে। যে মাংসল প্রাচীর দ্বারা অলিন্দ গঠিত তাহা নিলয় বেষ্টনকারী প্রাচীর অপেক্ষা পাতলা। সমস্ত হৃদয়টি **পেরিকার্ডিয়াম** (Pericardium)

নামক আবরণে আবৃত, ইহা পরপর দুইটি পাতলা পর্দার দ্বারা নির্মিত।


উর্ধ্ব মহাশিরা (Superior Venacava) এবং নিম্ন মহাশিরা (Inferior Venacava) নামক দুইটি প্রধান শিরা দক্ষিণ অলিন্দ হইতে বাহিব হইয়া একটি মাথায় এবং হাতে বা উর্ধ্বদেহের সর্বত্র ছড়াইয়া আছে এবং অপরটি নিম্নাঙ্গের সর্বত্র ছড়াইয়া আছে। তেমনই বাম নিলয় হইতে একটি প্রধান ধমনী বাহিব হইয়া পথে দুইভাগে বিভক্ত হইয়া একটি উর্ধ্বাঙ্গে এবং অপরটি নিম্নাঙ্গে ছড়াইয়া পড়িয়াছে। উক্ত প্রধান ধমনীটির নাম এওর্টা (Aorta)। হৃদয়টি এমন স্বকোশলে



১১নং চিত্র—হৃদয়

গঠিত যে দুইটি অংশের সরাসরি কোন সংযোগ নাই। দক্ষিণ অলিন্দে মহাশিরা দুইটি দ্বারা সমস্ত দেহের দূষিত রক্তশ্রোত আসিয়া একটি কপাটিকা পাব হইয়া দক্ষিণ নিলয়ে পড়ে। এখানে আসিলে উক্ত কপাটিকা আপনা আপনি বন্ধ হইয়া যায় এবং সেখান হইতে আর একটি কপাটিকা পার হইয়া ফুস্ফুসীয় ধমনী (Pulmonary artery) নামক শিরা পথে রক্তশ্রোত ফুস্ফুসে চালিত হয়।

এখানে কৈশিক নালী দ্বারা বায়ুর অল্পজ্ঞান রক্ত মধ্যে প্রবেশ করিয়া রক্ত সংশোধিত করে। অতঃপর বিশোধিত রক্ত ফুসফুসীয় শিবা (Pulmonary



১২নং চিত্র—রক্ত সঞ্চালন


veins) দিয়া বাম অলিন্দে আসে, সেখান হইতে এওটা বাহিত হইয়া সাবা দেহে ছড়াইয়া পড়ে। ১২নং চিত্রে রক্ত সঞ্চালন প্রণালী দেখান হইল। ই হৃদয়, ইহাব চাৰিটি কক্ষ ৩, ৪, ৫ ও ৬ যথাক্রমে বাম অলিন্দ, দক্ষিণ অলিন্দ, বাম নিলয় ও দক্ষিণ নিলয়। ১ ও ২ ফুসফুসীয় শিবা ও ধমনী, ক ফুসফুস, গ অস্থ ও ঘ যক্লং। উপর দিকে বড় কাল নালীটি উপর মহাশিবা ও বড়শাটা এওটা এবং নিম্নদিকে বড় কাল নালীটি নিম্ন মহাশিবা। মস্তকে, ফুসফুসে, হস্ত ও পদাদিতে ঐ বৃহৎ বৃহৎ শিবা ও ধমনীগুলি কৈশিক নালীতে

পরিবর্তিত হইয়া পরস্পর মিলিত হইয়াছে।

তাহা হইলে দেখা গেল দক্ষিণ হৃদয়াংশে তিনটি কপাটিকা এবং বাম হৃদয়াংশে দুইটি কপাটিকা বক্তের গতিপথ নিয়ন্ত্রিত করিতেছে। তিনটি কপাটিকার সমাবেশকে তিনপাল্লা কপাটিকা (Tricuspid Valve) এবং দুইটি কপাটিকার সমাবেশকে দুইপাল্লা কপাটিকা (Bicuspid Valve) বলা হয়। চিত্রে ইহাদের পৃথক পৃথক দেখ ; তাঁরের সাহায্যে বক্তের গতিপথও দেখান হইল।


শরীরের প্রতি অংশেই শিবা ও ধমনী জালের মত ছড়াইয়া আছে। যে যে স্থান হইতে কৈশিক শিবা দ্বারা রক্ত হৃদয়ে আসে, হৃদয় হইতে ক্রমে কৈশিক

ধমনী দ্বারা বিপুল রক্ত ঠিক সেই সেই স্থানে সঞ্চালিত হয়। ১৪ নং চিত্রে দেখ একটি শিরা বা একটি ধমনীর শাখা-প্রশাখা বাহির হইয়া কিরূপে রক্ত একপথ হইতে অন্তপথে চালিত হইতে পারে।



১৩নং চিত্র—কপাটিকা

আমাদের শরীরের কোন স্থান কাটিয়া গেলে রক্ত বাহির হয়। এই রক্ত শিরা বা ধমনীর হইতে পাবে। রক্ত শিরা কিম্বা ধমনী হইতে নির্গত চিনিবাব লক্ষণ—শিরা হইতে নির্গত রক্ত অবিপুল বলিয়া ইহাব বড় একটু কাল মত



১৪নং চিত্র—শিরা ও ধমনীর শাখা

কিন্তু ধমনীর রক্ত জ্বাফুলের ন্যায় লাল অথচ শিবাব রক্ত অপেক্ষা ফিকে। দ্বিতীয়ত শিবাব রক্ত অল্প অল্প চুষাইয়া পড়ে বলিয়া মনে হয়, কিন্তু হৃদয় হইতে নির্গত হয় বলিয়া ধমনীর রক্ত ফিনিক দিয়া পড়ে।

অতএব কোন অংশের শিরা বা

